Volume XXXIV

328BLc/89A

Council Debates

Official Report

Acc. No. 172
10.3.69
328BLc/89A
Rs 24.00

West Bengal Legislative Council

Thirty-fourth Session

(July-October, 1964)

(From 29th July to 8th October, 1964)

The 29th, 30th, 31st July, 5th, 6th, 17th, 18th, 19th August, 3rd, 8th, 9th, 16th, 17th, 18th, 21st, 23rd, 24th, 25th, 28th, 29th, 30th September, 1st, 6th, 7th and 8th October, 1964.

Published by authority of the Council under Rule 234 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council

GOVERNMENT OF WEST BENGAL

GOVERNOR

SHRIMATI PADMAJA NAIDU

MEMBERS OF THE COUNCIL OF MINISTERS

The Hon'ble PRAFULLA CHANDRA SEN, Chief Minister, Minister-in-charge of the General Administration, Political, Police, Defence, Special, Anti-Corruption and Enforcement Branches of the Home Department and the Departments of Food and Supplies, Agriculture, Community Development excluding the Community Development Branch, and Development and Planning.

The Hon'ble KHAGENDRA NATH DAS GUPTA, Minister-in-charge of the Department of Public Works including Roads and Construction Board, and the Housing Department.

The Hon'ble ISWAR DAS JALAN, Minister-in-charge of the Department of Excise and Judicial and Legislative Departments.

The Hon'ble TARUN KANTI GHOSH, Minister-in-charge of the Departments of Commerce and Industries, Cottage and Small-scale Industries, Forests, and Co-operation.

The Hon'ble PURABI MUKHOPADHYAY, Minister-in-charge of the Department of Health.

The Hon'ble SYAMADAS BHATTACHARYYA, Minister-in-charge of the Departments of Land and Land Revenue, and Irrigation and Waterways.

The Hon'ble JAGANNATH KOLAY, Minister-in-charge of the Jails, Press and Passport Branches of the Home Department and of Parliamentary Affairs.

The Hon'ble SAILA KUMAR MUKHERJEE, Minister-in-charge of the Transport Branch of the Home Department and the Department of Finance.

The Hon'ble ABHA MAITI, Minister-in-charge of the Social Welfare, and Constitution and Elections Branches of the Home Department and the Departments of Refugee Relief and Rehabilitation, and Relief.

The Hon'ble S. M. FAZLUR RAHAMAN, Minister-in-charge of the Departments of Animal Husbandry and Veterinary Services, Fisheries, and Local Self-Government and Panchayats excluding the Panchayats Branch.

The Hon'ble BIJOY SINGH NAHAR, Minister-in-charge of the Publicity Branch of the Home Department and the Department of Labour.

*The Hon'ble RABINDRALAL SINHA, Minister-in-charge of the Department of Education.

---

*Member of the West Bengal Legislative Council

The Hon'ble SOURINDRA MOHAN MISRA, Minister of State-in-charge of the Panchayats Branch of the Local Self-Government and Panchayats Department and also Minister of State for the Department of Education

The Hon'ble TENZING WANGDI, Minister of State-in-charge of the Department of Tribal Welfare and also Minister of State for the Department of Co-operation, Animal Husbandary and Veterinary Services, and Fisheries.

The Hon'ble SMARAJIT BANDYOPADHYAY, Minister of State-in-charge of the Community Development Branch of the Department of Agriculture and Community Development and also Minister of State for the Department of Agriculture and Community Development.

The Hon'ble ARDHENDU SEKHAR NASKAR, Minister of State for the Police and Defence Branches of the Home Department and the Departments of Excise, Commerce and Industries, Cottage and Small-scale Industries and Forests.

WEST BENGAL LEGISLATIVE COUNCIL

PRINCIPAL OFFICERS AND OFFICIALS

The Chairman	... The Hon'ble Dr. Suniti Kumar Chatterji.
Deputy Chairman	... Dr. Pratap Chandra Guha Ray.

SECRETARIAT

Secretary to the Council	... Shri Prititosh Roy, M.A., LL.B., Higher Judicial Service.
Deputy Secretary	... Shri A. K. Chunder, B.A. (Hons), (Cal), M.A., LL.B. (Cantab), LL.B. (Dublin), Barrister-at-law.
Deputy Secretary	.. Shri Symapada Banerjea, B.A., LL.B.
Additional Assistant Secretary.	... Shri Rafiqul Haque, B.A.
Additional Assistant Secretary.	... Shri Khagendranath Mukherjee, B.A., LL.B.
Committee Officer and Assistant Secretary (ex-officio).	... Shri Bimal Chandera Bhattacharyya, B.A., LL.B.
Registrar	... Shri Anil Chandra Chatterji.
Editor of Debates	... Shri Sankar Prosad Mukherji, B.A.
Chief Reporter	... Shri Prafulla Kumar Banerjee.
Gazetted Personal Assistant to Chairman.	... Shri Sisir Kumar Banerjee, B.A.

A

(1) Abdul Halim, Shri (Elected by M.L.As.)

(2) Abdullah Rasul, Shri (Elected by M.L.As.)

(3) Acharyya, Shri Snehangshu Kanta (Elected by M.L.As.)

(4) Ahmad Hossain, Shri (Nominated)

B

(5) Bagchi, Shri Nirmalya (West Bengal South-West Graduates)

(6) Banerjee, Dr. Anil Chandra (Nominated)

(7) Banerjee, Dr. Srikumar (Nominated)

(8) Banerjee, Shri Sudhir Kumar (Elected by M.L.As.)

(9) Barman, Shri Upendranath (Elected by M.L.As.)

(10) Bhattacharya, Shri Dhirendra Nath (Purulia Local Authorities)

(11) Bhattacharyya, Dr. Janaki Ballabha (24-Parganas Local Authorities)

(12) Bhattacharyya, Shri Nirmal Chandra (Calcutta Graduates)

(13) Bhattacharyya, Shri Santosh Kumar (West Bengal South-East Teachers)

(14) Bhattacharyya, Shri Sreepada (Murshidabad Local Authorities)

(15) Bisi, Shri Promotho Nath (Nominated)

(16) Bose, Shri Nirmal (Elected by M.L.As.)

C

(17) Chakrabarty, Shri Amar Prasad (Elected by M.L.As.)

(18) Chakravarti, Shri Byomkesh (West Dinajpur Local Authorities)

(19) Chakraverty, Shri Rajkumar (24-Parganas Teachers)

(20) Chakravorty, Shri Jatin (Elected by M.L.As.)

(21) Chatterjee, Shrimati Abha (Elected by M.L.As.)

(22) Chatterjee, Shri Krishna Kumar (Elected by M L.As.)

(23) Chatterjee, Shri Lalit Mohan (Howrah Local Authorities)

(24) Chatterji, The Hon'ble Dr. Suniti Kumar (Howrah Local Authorities)

D

(25) Das, Shri Narendra Nath (Elected by M.L.As.)

(26) Debi, Shrimati Anila (Calcutta Teachers)

(27) Dhandhania, Shri Kishori Lal (Elected by M.L.As.)

(28) Dhara, Shri Hansadhwaj (24-Parganas Local Authorities)
(29) Dutt, Shrimati Labanyaprova (Nominated)
(30) Dutta, Shri Sukumar (Elected by M.L.As.)

E

(31) Esmail Ebrahim, Dr. (Elected by M.L.As.)

G

(32) Ghatak, Shri Bibhuti Bhusan (Bankura Local Authorities)
(33) Ghose, Shri Kali Charan (Hooghly Local Authorities)
(34) Ghose, Shri Nanda Kishore (Calcutta Graduates)
(35) Ghose, Shri Pijush Chandra (24-Parganas Local Authorities)
(36) Ghosh, Shri Ashutosh (Elected by M.L.As.)
(37) Ghosh, Dr. Rudranath (Burdwan Local Authorities)
(38) Guha Ray, Dr. Pratap Chandra (Elected by M.L.As.)
(39) Gupta, Shri Manoranjan (Elected by M.L.As.)
(40) Gurung, Shri Nar Bahadur (Elected by M.L.As.)

H

(41) Haldar, Shri Gopal (Calcutta Graduates)

J

(42) Jha, Shri Pashu Pati (Malda Local Authorities)

K

(43) Khaitan, Shri G. N. (Nominated)

M

(44) Majumdar, Shri Rajendranath (Calcutta Local Authorities)
(45) Maliah, Shri Pashupati Nath (Burdwan Local Authorities)
(46) Manna, Shri Rebati Raman (West Bengal South-East Graduates)
(47) Mohammad Jan, Shri Shaikh (Nominated)
(48) Mohammad Sayeed Mia, Shri (Elected by M.L.As.)
(49) Mohanta, Shri Ramdas Ramanujdas (Midnapore Local Authorities)
(50) Moitra, Shri Dhirendra Nath (Jalpaiguri Local Authorities)
(51) Moitra, Shri Mohit Kumar (Calcutta Local Authorities)
(52) Mondal, Shri Dhajadhari (Elected by M.L.As.)

(53) Mukherjee, Shri Biswanath (Elected by M.L.As.)
(54) Mukherjee, Shri Sudhindra Nath (Hooghly Local Authorities)
(55) Mukhopadhay, Shri Debendra Kumar (Birbhum Local Authorities)
(56) Musharruf Hossain, Shri (Nominated)

P

(57) Pal, Dr. Ras Behari (Midnapore Local Authorities)
(58) Paul, Shri Suresh Chandra (24-Parganas Local Authorities)
(59) Prasad, Shri R. S. (Darjeeling Local Authorities)
(60) Prodhan, Shri Lakshman (Elected by M.L.As.)

R

(61) Rai Choudhuri, Shri Mohitosh (Elected by M.L.As.)
(62) Rezaul Karim, Shri (Elected by M.L.As.)
(63) Roy, Dr. Biswaranjan (Nadia Local Authorities)
(64) Roy, Shri Chittaranjan (Midnapore Local Authorities)
(65) Roy, Shri Satya Priya (Calcutta Teachers)
(66) Roy Chowdhury, Shri Sarat Chandra (Cooch Behar Local Authorities)

S

(67) Sanyal, Dr. Charu Chandra (West Bengal North Graduates)
(68) Sanyal, Shri Sasanka Sekhar (Murshidabad Local Authorities)
(69) Sarawgi, Shri Dharamchand (Elected by M.L.As.)
(70) Sen, Shrimati Reba (Nominated)
(71) Sen, Shri Subodh (Elected by M.L.As.)
(72) Sen Gupta, Shri Manoranjan (West Bengal South-West Teachers)
(73) Singh, Shri Ram Lagan (Elected by M.L.As.)
(74) Singha, Shri Jatindra (West Bengal North Teachers)
(75) Sinha, The Hon'ble Rabindralal (Calcutta Local Authorities)

COUNCIL DEBATES

Wednesday, the 29th July, 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 29th July, 1964, at 3 p.m. being the first day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

[3-00—3-10 p.m.]

Obituary

Mr. Chairman: I would ask the Leader of the House to inaugurate today's proceedings by his speech.

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, ভারতবর্ষের পক্ষে এক নিদারুণ শোকাবহ ঘটনা ঘটে যাবার পর এই প্রথম আমরা মিলিত হচ্ছি। স্বাধীনতা সংগ্রামের অগ্রণী নায়ক এবং স্বাধীনতা উত্তর দিনের নেতা নব ভারতবর্ষ গঠন যজ্ঞের প্রধান ঋত্বিক শ্রীজহরলাল নেহেরু জীবনের শেষ দিন পর্যন্ত দেশ ও জাতির সেবা করে আজ লোকান্তরিত হয়েছেন। সমস্ত দেশ আজ বেদনা ব্যথিত, ব্যথা বিক্ষুব্ধ হৃদয় নিয়ে তার স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করছে। আজ বিশ্ব বিভক্ত এবং বিদ্বেষ-বিষে সমস্ত বিশ্ব জর্জরিত। এই সময়ে শ্রীনেহরু আন্তর্জাতিক ক্ষেত্রে শান্তি ও মৈত্রী স্থাপনের যে আপ্রাণ প্রচেষ্টা করে গেছেন তা বিশ্বের সকল শান্তিকামী মানুষ আজ শ্রদ্ধাবনত চিত্তে স্বীকার করছেন। শ্রীনেহেরুর মানবিকতা বোধের জন্য তিনি বিশ্ব নায়কদের মধ্যে প্রধানতম ছিলেন বলে আমি মনে করি। মানব জীবনের মহান মূল্যবোধ এবং মানুষের মর্যাদা রক্ষাই তাঁর মহান জীবনের আদর্শ ছিল। স্বাধীনতা-পূর্ব দিনে যখন এই মর্যাদা ধূলায় লুণ্ঠিত হয়েছিল, যেমন সমাজতান্ত্রিক স্পেন যখন বিপন্ন হয়েছিল, যখন জাপানী জঙ্গীবাজ রথচক্র মথিত করে চলছিল চীনের হৃদয় তখন পরাধীন দেশের নায়ক হয়ে শ্রীনেহরুর কম্বুকণ্ঠ গর্জন করে উঠেছিল এবং সহানুভূতি দিয়েছিলেন সেই সমস্ত বিপন্ন মানুষকে। স্বাধীনতার দিনে স্বাধীকার প্রতিষ্ঠার প্রচেষ্টায় সকল জাতিকে শ্রীনেহরু সমর্থন জানিয়ে গেছেন। দুই শতাব্দী পরাধীনতার পর ভারতবর্ষ যখন স্বাধীন হল প্রথম ১৭ বছর প্রধান মন্ত্রীর গুরুদায়িত্ব তিনি বহন করেছেন। কিন্তু দেশ পরাধীনতার অভিশাপের ফলে পশ্চাৎপদ, রিক্ত ও দরিদ্র, তার উপর দেশ সদ্য বিভক্ত হয়েছে, বিপণ্ন উদ্বাস্তুরা ভারতবর্ষে চলে আসতে বাধ্য হয়েছেন আইন শৃঙখলা বিপন্ন হয়ে উঠেছিল ঠিক সেই সময় শ্রীনেহরু প্রধান মন্ত্রীর গুরুদায়িত্ব গ্রহণ করেন। পাকিস্তানে সংখ্যালঘু বিতাড়ন এবং তাদের উপর অত্যাচার করার ফলে যে প্রতিক্রিয়া ভারতবর্ষে দেখা দেয় তাতে ভারতের মধ্যে সেই সময় সাম্প্রদায়িকতার উত্তাল তরঙ্গ উঠেছিল। শ্রীনেহরু অসাম্প্রদায়িক ধর্মনিরপেক্ষ এবং গণতান্ত্রিক রাষ্ট্র প্রতিষ্ঠায় তাঁর জীবনের শেষ মুহূর্ত্ত পর্যন্ত ব্যয়িত করে গেছেন।

আজকে যখন দেখতে পাচ্ছি দ্বিতীয় যুদ্ধের অবশ্যম্ভাবী ফল স্বরূপ পৃথিবীর অনেক পশ্চাদপদ দেশ স্বাধীনতা লাভ করেছেন। কিন্তু ধীরে ধীরে গণতন্ত্র অপসারিত হচ্ছে এই সমস্ত দেশের বুক থেকে। আজকে দেখতে পাচ্ছি বহু ক্ষেত্রে এক নায়কতন্ত্র প্রতিষ্ঠিত হয়েছে, তা না হলেও গণতন্ত্রের পক্ষচ্ছেদ করা হয়েছে অন্যান্য দেশে। ভারতবর্ষে গণতন্ত্রের পূজারী শ্রীনেহেরু প্রধান থাকার ফলে ভারতবর্ষের গণতন্ত্রের অগ্রগতি অব্যাহত থাকে। এক নায়ক হবার জন্য যে যে সম্পদের প্রয়োজন শ্রীনেহেরুর পেছনে এবং মধ্যে তা পর্যাপ্ত পরিমাণে ছিল, তাঁর ছিল অসীম মণীষা, অপূর্ব বাগ্মিতা, অতুল পরিশ্রম ক্ষমতা ও কর্মক্ষমতা, তাঁর জনপ্রিয়তার সীমা ছিলনা ; সঙঘবদ্ধ এবং শৃঙখলাবদ্ধ রাজনৈতিক দলের তিনি ছিলেন অবিসম্বাদী নেতা।

এই সব নিয়েই সাধারণত এক নায়কতন্ত্র গড়ে ওঠে, কিন্তু শ্রীনেহেরুর গণতন্ত্রের প্রতি সুগভীর বিশ্বাস এবং আস্থার ফলে তিনি চিরদিন গণতন্ত্রের পূজারী হিসাবে কাটিয়ে গেলেন। অনেকে এই কথা বলেছেন যে তিনি তাঁর উত্তরাধিকার নির্বাচন করেন নি। করেননি সত্য, কারণ তিনি গণতন্ত্রের পূজারী হিসাবে বিশ্বাস করেছিলেন যে গণতান্ত্রিক মানুষের অধিকার হচ্ছে রাষ্ট্রের পুরোধা নির্বাচন করবার। তিনি তা করে যাবেন না কারণ মানুষের প্রতি তাঁর দরদ ও বিশ্বাস ছিল সীমাহীন। করাচী কংগ্রেসে যখন মানুষের অধিকার স্বীকার করে নিয়ে যে প্রস্তাব গৃহীত হয়েছিল—মাননীয় পরিষদপাল মহাশয়, আপনি জানেন যে, শ্রীনেহেরুর দান তাতে কতখানি ছিল। স্বাধীনতার পরে তিনি এই দরিদ্র দেশের বৈষয়িক উন্নতির জন্য শিল্পায়নে সর্বশক্তি নিয়োগ করেছিলেন, এবং শিল্পায়নের মাধ্যমে ভারতবর্ষ যাতে বিশ্বের দরবারে যথাযোগ্য মর্য্যাদার আসন পায়, তার বৈষয়িক পবিত্রতা যাতে দূরীভূত হয় তারজন্য তাঁর প্রচেষ্টার বিন্দুমাত্র ত্রুটী ছিলনা। স্বাধীনতার পরে দেশের উন্নয়নের জন্য ও দেশ গঠনের জন্য তিনি পরিকল্পনার মাধ্যমে সে কাজ সুরু করে দিয়েছিলেন এই কথা মাননীয় পরিষদপাল মহাশয় আপনিও জানেন। ভারতবর্ষের শান্তি ও শৃঙখলা যা আজ দীর্ঘ ১৭ বৎসর ধরে অব্যাহত এবং নিরবচ্ছিন্ন আছে তারজন্য পণ্ডিত নেহেরুর অনুসৃত নীতিই প্রধান সম্পদ। ভারতবর্ষ বহু ভাষা ও বহু লিপির দেশ। কিন্তু সমগ্র ভারতবর্ষের সংহতির ও ঐক্যের তিনি ছিলেন শ্রেষ্ঠ ধারক এবং বাহক।

আজ তাঁর তিরোধানে এই সঙ্কল্প গ্রহণ করতে হবে যাতে ঐ সংহতি এবং ঐক্যকে আমরা অব্যাহত রাখতে পারি। আজকে শ্রীনেহেরু আর আমাদের মধ্যে নেই, কিন্তু তাঁর মহান আদর্শ আমাদের মধ্যে আছে। এই মহান আদর্শকেই তিনি জীবনের শেষ দিন পর্যন্ত ভারতের কল্যাণে তথা বিশ্বমানবের কল্যাণে ব্যবহার করে এসেছেন। আজকে শোকাহত চিত্তে ব্যথা বিক্ষুব্ধ মনে শ্রীনেহেরুর পরলোকগত বিদেহী আত্মার প্রতি আমি আমার শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছি।

Mr. Chairman: I now ask representatives of the different parties to speak. Shri Satya Priya Roy.

Shri Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে গভীর শোকাবহ ঘটনার পর আমরা মিলিত হয়েছি, এবং আমরা আমাদের গভীর শ্রদ্ধা নিবেদন করছি ভারতের মহান নেতা শ্রীনেহেরুর প্রতি। কৈশোর থাকতেই ভারতের স্বাধীনতা সংগ্রামে অগ্রণী হিসাবে তাঁকে আমরা দেখেছি। তারপরে ভারতের স্বাধীনতার পর থেকে আজ পর্যন্ত তাঁকে আমরা গণতন্ত্রের ধারক এবং বাহক হিসাবে দেখতে পেয়েছি। আমার বক্তব্য হচ্ছে রাজনীতির চেয়ে মানুষ হিসাবে তিনি অনেক বড় ছিলেন, এবং তাঁর ব্যক্তিত্ব ও স্বাতন্ত্র তাঁকে তাঁর দলের বহু উর্দ্ধে তুলে ধরেছিল। এবং যে সমস্ত মহান আদর্শ তিনি পৃথিবীর সামনে রেখে গেছেন সে আদর্শ মানুষকে চিরকাল অনুসরণ করে চলতে হবে, বিশেষ করে তার মধ্যে রয়েছে ধর্ম নিরপেক্ষতা গণতন্ত্রবাদ, সমাজতন্ত্রবাদ এবং আরো রয়েছে বিশ্বশান্তি ও বিশ্বমৈত্রীর বাণী।

[3-10—3-20 p.m.]

এই সমস্ত তাঁর স্বল্পকালীন জীবনের মধ্যে তিনি বাস্তবে পরিণত করে যেতে পারেন নি। তাঁর কথা বলতে গিয়ে আমার মনে হচ্ছে

"তোমার কীর্ত্তির চেয়ে তুমি যে মহৎ"

কবি যে বলেছিলেন, আজকে শ্রীনেহেরু স্মৃতির প্রতি শ্রদ্ধা নিবেদন করতে গিয়ে সেই কথাই আমার মনে পড়ছে। তিনি যা করে গেছেন তাই দিয়ে বিচার করলে তাঁর প্রতি সুবিচার করা হবে না। তিনি যে আদর্শ রেখে গিয়েছেন তাই দিয়ে তাঁকে বিচার করতে হবে এবং দীর্ঘকাল ভারতবর্ষকে সেই আদর্শ অনুসরণ করে চলতে হবে।

আমি আন্তরিক দুঃখবোধ ও ক্ষতিবোধ এই মহান নেতার তিরোধানে প্রকাশ করছি আমাদের নিখিলবঙ্গ শিক্ষক সমিতির পক্ষ থেকে।

Shri Abdullah Rasul :

মাননীয় সভাপতি মহাশয়, পণ্ডিত জওহরলাল নেহরুর মৃত্যুর পর দুমাসের উপর কেটে গেছে এবং সেই ঘটনার পর আমরা এই পরিষদে প্রথম আজকে বসেছি। আজ আমার বিশেষ-ভাবে মনে পড়ছে সেই যুগের কথা যখন ভারতবর্ষ স্বাধীন হয়নি, কিন্তু স্বাধীনতা সংগ্রাম প্রচ শক্তিতে অগ্রসর হয়ে যাচ্ছিল, সেই সময়ে এই স্বাধীনতা সংগ্রামে যাঁরা নেতৃত্ব দিয়েছিলেন তাঁদের মধ্যে অন্যতম পুরোধা ছিলেন পণ্ডিত নেহরু। বিশেষভাবে তাঁর নেতৃত্বের মধ্যে একটা দিক ছিল, সেই দিকটাকে আমরা সাধারণত কংগ্রেসের বামপন্থীদলের—তাঁকে নেতা বলে স্বীকার করতাম এবং সেইদিক থেকে তাঁর জনপ্রিয়তা ছিল অত্যন্ত অসাধারণ পরবর্তী যুগে অর্থাৎ দেশ স্বাধীন হবার পর তিনি ভারতবর্ষের প্রধান মন্ত্রী হিসেবে মৃত্যুর দিন পর্যন্ত কাটিয়ে গেছেন। এই সময়ে যদিও আমাদের সঙ্গে বিভিন্ন বিষয়ে নীতিগত ব্যাপারে তাঁর সঙ্গে বহু মতভেদ ছিল, তাহলেও একথা অস্বীকার করবার কোন উপায় নাই যে তিনি কংগ্রেসের নীতি অনুসারে নিজে যেভাবে ভেবেছিলেন, সেই ভাবে দেশকে অগ্রসর করে নেবার চেষ্টা করেছিলেন এবং সেই সঙ্গে একথাও আমি বলবো আমাদের সঙ্গে মতভেদ থাকা সত্ত্বেও ব্যক্তিগতভাবে আমার অন্ততঃ তাঁর বিরুদ্ধে বক্তব্য কিছু নাই। তিনি যেভাবে দেশকে চালিয়ে গিয়েছিলেন, দেশকে যেভাবে গঠন করেছিলেন, তাঁর সঙ্গে যতই আমাদের মতভেদ হোক, একথা আমি স্বীকার করবো—তিনি অক্লান্ত পরিশ্রমে নিজের যে প্রচেষ্টা তাকে কার্যকরী করবার জন্য শেষ মুহূর্ত পর্যন্ত সংগ্রাম করে গেছেন এবং তার ফলাফলে দেশ আজকে যে অবস্থায় এসেছে আশা করি তার চেয়ে অগ্রসর ও উন্নত হতে পারবে।

আমি এই কথা কয়টি বলে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করছি।

Shri Sasanka Sekhar Sanyal :

মাননীয় সনৎ-সভাধীপ, আজকে যে স্মৃতিতর্পণ করা হচ্ছে, তাতে আমি যোগদান করছি। পণ্ডিত জওহরলাল নেহরু প্রধান মন্ত্রী হিসেবে যা করেছেন সবই ভাল করেছেন একথা বলে স্তাবকতা করতে আমি চাই না এবং এই রকম স্তাবকতা তিনিও পছন্দ করতেন না। তিনি নিজে যে কথা বলতেন অনেক বিষয় আমাদের চারিপাশে অনেক জিনিষ যা ভাল, অনেক জিনিষ যা ভুল। আমরা অনেক কিছু করি যা ভাল এবং ভুলে মেশান। তিনি যা করে গেছেন তার মধ্যে অনেক ভাল আছে, অনেক হয়ত ভুলও আছে অনেক ভাল ও ভুল মিশিয়ে আছে। সেটা আজকে প্রাসঙ্গিক নয়। আজকে তিনি যখন আমাদের বিচার ও বিতর্কের উর্দ্ধে তখন তাঁর ব্যক্তিত্বের আয়তন এবং সেই আয়তনের প্রতিফলনের ফলে আমাদের জাতি বিশ্বের সমাজে যে আয়তন অর্জন করেছিল, আজকে তাঁর অভাবে সেটা বিশেষভাবে ক্ষতিগ্রস্ত হচ্ছে, এটাই আমার বেশী করে মনে হচ্ছে এবং আমি সেটা প্রাণে প্রাণে অনুভবও করছি।

১৯৪২ সালের পর থেকে ভারতবর্ষের বাইরে বিশ্বের রাজনৈতিক মানচিত্রে ২টি লোক বিশেষ স্থান অধিকার করেছিল ভারতবর্ষের মধ্যে সুভাষ চন্দ্র বোস এবং পণ্ডিত জওহরলাল নেহেরু। পণ্ডিত জওহরলাল নেহেরু বড় হয়ে জন্মেছিলেন এবং বড় হয়েই মারা গিয়েছেন। তিনি বিরাট পিতার সামগ্রিক ঐশ্বর্যের প্রায় একমাত্র অধিকারী হয়ে জন্মেছিলেন এবং ভারতবর্ষের জনকে বাঞ্ছিত তাঁর বাছাই করা একমাত্র ওয়ারিশ হিসাবে কংগ্রেসে স্থান নিয়েছিলেন এবং স্বাধীন ভারতের প্রথম প্রধান মন্ত্রী হিসাবে সিংহাসনে বসেছিলেন এবং তিনি যখন মারা গেলেন তখন সমস্ত বিতর্কের বাইরে, প্রত্যেক ভারতবাসীর অত্যন্ত নিজস্ব লোক মারা গিয়েছেন একথা সকলেই অনুভব করেছেন। আপনি মাফ করবেন—আমি একটা ব্যক্তিগত কথা বলছি। তিনি যখন অন্তর্বর্তী সরকারের প্রধান মন্ত্রী দিল্লীতে, আমি তখন কংগ্রেসের একজন পশ্চাৎসারী সদস্য ছিলাম। যে মিটিংয়ে বাংলা ভাগ সিদ্ধান্ত হয়ে গেল সেই সভাতে আমি চোখের জল ফেলে, চোখের জল নিয়ে কংগ্রেস থেকে এবং কেন্দ্রীয় আইনসভা থেকে পদত্যাগ করে বেরিয়ে আসি তখন অনেক কংগ্রেসনেতা আমার বিহ্বল অবস্থা দেখেছিলেন—পণ্ডিত জওহরলাল নেহেরু দেখেছিলেন কিনা আমি জানি না। যাহোক আমার চোখের জল পড়েছিল—যেটা খুবই অস্বাভাবিক। আমার বাসায় আমি ফিরে আসার পর দেখলাম পণ্ডিত জওহরলাল

নেহেরুর নিজস্ব সচিব একটি গাড়ী করে এসে বল্লেন যে আপনাকে প্রধান মন্ত্রী সেলাম দিয়েছেন—এমন সময় টেলিফোন পেলাম—পণ্ডিত নেহরু নিজেই বলছেন যে স্যানিয়েল আজকে রাত্রে তুমি আমার এখানে এসে আমার সঙ্গে খাওয়া-দাওয়া করবে। আমি বল্লাম যে পণ্ডিতজী আমার খাবার মত দৈহিক বা মানসিক অবস্থা নেই—আমাকে মাফ করবেন তারপর তিনি নিজে এসে আমাকে নিয়ে গেলেন। যে কথা বলছিলাম—অতবড় বিরাট ব্যক্তির মধ্যে যে ব্যক্তিগত সৌজন্য এবং অনুভূতি সেটা আমাকে অভিভূত করেছিল। আমি অনেক অপ্রিয় কটু কথা বলেছিলাম। তিনি বল্লেন আমি যদি বাঙ্গালী হোতাম আজকে তুমি যে কথা বলছো এবং তোমার যে মনের ভাব তা আমি এইভাবে অভিব্যক্ত করতাম সেই বিরাট পুরুষ আন্তর্জাতিক দরবারে ভারতবর্ষকে অনেক উঁচু স্থানে নিয়ে গেছেন। সেই উঁচু স্থান ভারতবর্ষের রক্ষা করা একটা প্রকাণ্ড দায় এবং দায়িত্ব। আমাদের রাজনৈতিক মতভেদ আছে, থাকবে, থাকা সম্ভব ও সংগত, থাকা স্বাভাবিক এবং প্রয়োজন—কিন্তু যে বিষয়ে কোন রাজনৈতিক মতদ্বৈধ থাকবে না সেটা হচ্ছে যে ভারতবর্ষ যে আয়তন পেয়েছে বিশ্বের দরবারে, সেই আয়তনকে রাখবার সকলের সামগ্রিক চেষ্টার করার প্রতি এবং তাতেই তাঁর প্রতি শ্রদ্ধা এবং তাঁর প্রতি স্মৃতিতর্পন সার্থক হয়ে দাঁড়াবে। ভারতবর্ষের প্রধান মন্ত্রী মারা গেছে—মন্ত্রী আসবে, মারা যাবে—সেই রকম প্রধান মন্ত্রী মারা গেছে। কিন্তু আমাদের ভারতবর্ষের যে বৈপ্লবিক কংগ্রেস প্রতিষ্ঠান এবং তারই মনিকোঠার জওহরলাল—তিনি দীর্ঘজীবী হবেন এবং দীর্ঘজীবী হোক।

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে পণ্ডিত জওহরলাল নেহেরুর মহাপ্রয়াণ উপলক্ষে যে শোক প্রকাশ করা হচ্ছে আমি তার সাথে আমার কণ্ঠ মেলাচ্ছি। যখন আমি ছাত্র ছিলাম সেই সময় পণ্ডিত জওহরলাল নেহরু স্বাধীনতা সংগ্রামের একজন নেতা হিসাবে তিনি সুপ্রতিষ্ঠিত ছিলেন। পরাধীনতার শৃঙ্খল মোচনের বিদেশী সাম্রাজ্যবাদ শাসনের বিরুদ্ধে যে সংগ্রাম, তার তিনি মহান নেতা ছিলেন। তার সেই সংগ্রামী আদর্শ ছাত্র হিসাবে আমি তাতে উদ্বুদ্ধ হয়েছিলাম। অনেক নেতা স্বাধীনতা সংগ্রামে আমরা দেখেছি যে মাঝে মাঝে পশ্চাত অপসরণ করেছিলেন, আপোষ করেছিলেন—কিন্তু তিনি আপোষহীন এবং কোন সময়ই তিনি পশ্চাত অপসরণ করেননি। নেতা হিসাবে তার পৃষ্ঠে অস্ত্র লেখা ছিল না।

[3-20—3-33 p.m.]

স্বাধীনতার যুগে স্বাধীনতার পর তিনি দেশের পরিচালনা ভার গ্রহণ করেছিলেন। নানা বিষয়ে তাঁর সঙ্গে হয়ত আমাদের মতবিরোধ হয়েছে, আমরা বিরোধীদল বহু সময়ে তাঁর সমালোচনা করেছি। কিন্তু একটা বিষয়ে সকলের কাছে দলমতনির্বিশেষে অনস্বীকার্য সেটা হল এই যে দক্ষিণ পূর্ব এশিয়াকে যখন এর একটা করে গণতান্ত্রিক দেশগুলিতে পরিষদীয় গণতন্ত্রের সমাধির উপর একনায়কত্ব গঠিত হচ্ছে ভারতবর্ষের চারিদিকে যখন আমরা একনায়কত্ব দেখছি তখন পার্লিয়ামেণ্টারী ডেমোক্রেসী বা পরিষদীয় গণতন্ত্র প্রদীপটিকে তিনি নানা প্রতিকূল অবস্থা ও পরিবেশের মধ্যে জ্বালিয়ে রেখেছেন। এই পরিষদীয় গণতন্ত্রকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠা করবার জন্য তাঁর যে অবদান সেই অবদান দলমতনির্বিশেষে সকলের কাছে অনস্বীকার্য। যাঁরা লোকসভা বা রাজ্যসভায় অধিবেশন চলাকালীন দেখেছেন যা আমার অনেকবার দেখার সৌভাগ্য হয়েছে তাতে দেখেছি যে কি ভাবে বিরোধীদলের বক্তব্যকে যতটুকু মর্যাদা দেবার দরকার সেই মর্যাদা তিনি দিয়েছেন, স্পীকার বা চেয়ারম্যান এর প্রতি তিনি শ্রদ্ধা দেখিয়েছেন। অর্থাৎ এজন্য যে পরিষদীয় গণতন্ত্রকে যদি বাঁচাতে হয় তাকে যদি দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠা করতে হয় তাহলে নেতা হিসাবে তাঁর যা করণীয় ছিল তা তিনি জীবনের শেষ দিন পর্যন্ত অক্লান্ত পরিশ্রম করে পালন করে গেছেন। তাঁর কাছে তাঁর যা আদর্শ ছিল তাকে বাস্তবে রূপায়িত করবার জন্য, যাকে বলে ডাইং ইন হারনেশ জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত তিনি অক্লান্ত পরিশ্রম করে গেছেন। সেদিন থেকে তাঁর অক্লান্ত পরিশ্রম করবার যে ক্ষমতা তাঁর যে ঐকান্তিক নিষ্ঠা, তাঁর নিজের আদর্শ যা তিনি ভাল বলে মনে করেছেন তাই তিনি করে গেছেন। পৃথিবীর সমগ্র মানব গোষ্ঠীর শান্তির জন্য যে কামনা যাতে সংগ্রাম না হয় যাতে বিশ্ব যুদ্ধ না বাধে ভারতবর্ষের নেতা হিসাবে আন্তর্জাতিক

শান্তি প্রতিষ্ঠা করার যে মহান প্রচেষ্টা ভারতবর্ষের পক্ষ থেকে তা তিনি করে গেছেন। ভারতবর্ষের যে ঐতিহ্য সেই ঐতিহ্যের ধারা অনুসারে শান্তির বাণী তিনি প্রচার করে গেছেন। পরিষদীয় গণতন্ত্রকে দৃঢ় ভিত্তির উপর প্রতিষ্ঠা করবার জন্য তিনি জীবনের শেষ মুহূর্ত পর্যন্ত সংগ্রাম করে গেছেন। আমি আজ সকলের সঙ্গে আমার যে শ্রদ্ধাঞ্জলি সেই শ্রদ্ধাঞ্জলি অর্পণ করছি।

Shri Narendra Nath Das:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, শ্রীনেহেরুর তিরোধানে আমরা সকলেই মর্মাহত। আজকে তাঁর গুণাগুণ আলোচনা করবার সময় নয়, গুণাগুণ আলোচনা করবে ইতিহাস। ইতিহাসের গতি বিচিত্র—সে মহাকালের আঙ্গিনায় তাঁর যে অবদান বা তিনি যে স্বাক্ষর রেখে গেছেন তা কতটা ভাস্বর হবে বা হবেনা তার বিচার ইতিহাসের উপর। আমি একথা বলব একটা ভাঙ্গা গড়ার যুগসন্ধিক্ষণে তিনি ভারতবর্ষে এসেছিলেন। সেই ভাঙ্গাগড়ার যে আয়োজন বা যজ্ঞ তাতে তিনি নিজেকে কোথাও কখনই রেহাই দেননি।

তাঁর সঙ্গে নিবিড় ভাবে জড়িত ছিলেন। তাঁর সমস্ত জীবনের যে ছবিটি আমার সামনে উজ্জল হয়ে দেখা দেয় তা হচ্ছে ইণ্ডিপেণ্ডেন্স ফর ইণ্ডিয়া লিগ-এর সাধারণ সম্পাদক জহরলাল, লক্ষ্ণৌ কংগ্রেসের সভাপতি জহরলাল, খয়েরপুর কংগ্রেসের সভাপতি জহরলাল ও আগষ্ট প্রস্তাবের প্রস্তাবক জহরলাল। এবং সবচাইতে আই. এন. এ. ট্রায়াল এ বহুদিন যাবত তিনি কখনও উকিল হিসাবে বা কখনও কৌশলী হিসাবে তিনি যান নি। কিন্তু শাওনয়াজ ও ধীলনের কেসে তিনি সেখানে কৌঁশলী হিসাবে উপস্থিত ছিলেন। ১৯২৮ থেকে ১৯৪৬ সাল পর্যান্ত তার এই যে ছবি আমরা দেখেছি তাতে আমার মনে হয় এই ছবিই সবচেয়ে উজ্বল ও ভাস্বর হয়ে থাকবে।

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পণ্ডিত নেহেরুর মৃত্যুতে সবারের সাথে আমার দলের তরফ থেকে আমি তাঁর প্রতি শ্রদ্ধা জানাচ্ছি। আজকে এই যে শোকাবহ ঘটনা ঘটেছে, তাঁর মৃত্যুতে যে অবস্থার সৃষ্টি হয়েছে তা সম্বন্ধে বিশেষ পর্যালোচনা না করেও আমি ভারতের স্বাধীনতা আন্দোলনের অন্যতম নায়ক হিসাবে তাঁকে শ্রদ্ধাঞ্জলি অর্পণ করছি। এখানে তার মত এবং পথ হিসাবেও আমাদের যিনি নেতা—নেতাজী সুভাষ চন্দ্র বোস—তাঁর সাথে অঙ্গাঙ্গিভাবে জড়িত ও কংগ্রেসের প্রগতিশীল মনোভাবের সৃষ্টি করার সহায়ক হিসাবে তাঁর যে দান এবং সাহায্য আছে তাও আমি এখানে স্মরণ করছি। কিন্তু তাঁর মত এবং পথ কতদূর সফলতা আনতে পেরেছে ইতিহাস তাঁর সাক্ষ্য দেবে, আমি সে সম্বন্ধে এখানে কোন দীর্ঘ আলোচনা রাখতে অনিচ্ছুক। আমি আবার স্বাধীনতা আন্দোলনের অন্যতম নায়ক হিসাবে তাঁকে আমার শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন করছি।

Mr. Chairman: Honourable Members, just two months and two days have passed since our country met with a great calamity through the passing away of our Prime Minister, Pandit Jawaharlal Nehru. Ever since our independence he was at the helm of our national affairs, and under his leadership India made her progress through the path of parlimentary democracy towards the attainment of socialism; and at the same time through his policy of peaceful co-existence and mutual benefit combined with non-alignment, he helped to create for our country a special place of honour in international affairs. I need not speak to you about the manifold services which Shri Jawaharlal Nehru did to his people and to the world, nor need I speak before you at length on his personal qualities and his integrity of purpose, as well as his great love for his people and his earnest desire to make them happy and prosperous. At this critical juncture in the history of the world, his loss has been deplored by most of the nations who want peace and amity without sacrificing the legitimate

interests of any group of men, whether big or small. The sorrow of the Indian people at Jawaharlal's passing away is profound and heartfelt, and we also as Indian nationals participate in it. We can only place on record our sense of very deep grief at Jawaharlal Nehru's death, and send our condolences to his bereaved family, his daughter Shrimati Indira Gandhi and his two grandsons, Shri Sanjay Gandhi and Shri Rajiv Gandhi. May his soul rest in peace, and may his example be an inspiration for India.

The Hon'ble Rabindralal Sinha : Sir, with your leave, I beg to move that the West Bengal Legislative Council, meeting at the commencement of the present session on the 29th July, 1964, records its sense of profound sorrow and irreparable loss at the passing away of Shri Jawaharlal Nehru, the first Prime Minister of India and the beloved of millions, and expresses its firm resolve to pursue the ideals of international peace, progress and humanism and of national integrity, prosperity and secularism, for which he lived, worked and died.

The motion was then put and agreed to.

Mr. Chairman : The motion is accepted unanimously.

Ladies and Gentlemen, let us express our homage to the memory of Shri Jawaharlal Nehru in the time-honoured way by standing in silence in our seats for two minutes.

(Honourable Members then rose in their seats and stood in silence for two minutes.)

Thank you, Ladies and Gentlemen. The Secretary will take necessary steps in sending our sincere condolences to the members of Pandit Nehru's family.

Adjournment

The Council was then adjourned at 3-33 p.m. till 3 p.m. on Thursday, the 30th July, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shrimati Labanyaprova Dutt.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Shri Manoranjan Gupta.
Shri R. S. Prasad.
Shri Lakshman Prodhan.
Dr. Charu Chandra Sanyal.

COUNCIL DEBATES

Thursday, the 30th July, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 30th July, 1964, at 3 p.m. being the second day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (the Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

[3-00—3-10 p.m.]

Obituary Reference

Mr. Chairman: Honourable members, before taking up the business of the House today, I would like with your permission to make a reference to the passing away of Principal Dr. W. S. Urquhurt of the Scottish Church College, Calcutta. A veteran educationist, he was connected not only with educational and cultural affairs of Bengal and India for a long number of years, but was also a very sympathetic supporter of India's political aspirations. We should remember that he was the first European in India to come out with a strong condemnation of the Jallianwallah Massacre and of the Punjab atrocities. He was connected with the University of Calcutta as a Member of the Senate and the Syndicate for over a quarter of a century, and was its Vice-Chancellor for 1928-1930. He was immensely popular among his students, and was a genuine friend of Bengal and India.

Ladies and Gentlemen, I request you to stand in your seats for two minutes to show our respect to his memory and to adopt a resolution of condolence for Mrs. Urquhurt, who was in Calcutta all through with her husband, and she has always been regarded with great respect and affection by her husband's students and colleagues.

(Honourable Members then rose in their seats and stood in silence for two minutes.)

Thank you, Ladies and Gentlemen, the Secretary will do the needful in sending our message of condolence to Mrs. Urquhurt.

Panel of Presiding Officers

Mr. Chairman: In accordance with the provisions of Rule 7 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council I nominate the following members of the Council to form a panel of 4 Presiding Officers for the current session:—

1. Shri Nirmal Chandra Bhattacharyya.
2. Shri Abdul Halim.
3. Shrimati Labanyaprova Dutt.
4. Shri Satya Priya Roy.

Resignation of Membership

Mr. Chairman: Honourable Members, I am to inform you that Shri Dwijendralal Sen Gupta having been elected to the Rajya Sabha, had resigned his membership from the West Bengal Legislative Council with effect from 15th April, 1964.

Announcement relating to use of new mikes in the Council Chamber

Mr. Chairman : Honourable members may have noticed that the Council Chamber has now been equipped with fixed microphones. I would request you to please note that whenever you will speak, you will please speak through the mikes nearest to you. Every mike has been provided with a push-button switch, and immediately before you begin to address, the push-button of the particular mike from where you want to address the House may be pushed.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, there is one inconvenience. Members who have bodies like us are squeezed here so much that it is very difficult to speak through the mike unless the mouth is also put into the mike. This is a peculiar geometrical position. I am on diet for the last six years.

Mr. Chairman : We should all try to grow to the same size and the same height.

Shri Jatin Chakravorty :

স্যার, আমিই ইউনিয়ন-এর প্রেসিডেণ্ট, যা কিছু হয় আমাকে বলবেন আমি ব্যবস্থা করে দেব।

Mr. Chairman : So, as soon as the red-light indicator is on, you begin your speech.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Milk depots in municipal areas

***1. Shri Sasanka Sekhar Sanyal :** Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Services Department be pleased to state—

(a) whether Government have any contemplation for opening Milk depots in the municipal areas (outside Calcutta) similar to those in Calcutta with a view to making milk available to residents of such areas ;

(b) whether Government have any scheme for opening dairies for feeding each of such municipal areas ; and

(c) what is briefly the milk policy of the Government ?

The Hon'ble S. M. Fazlur Rahman : (a) Yes.

(b) Yes, the requirement of some of the municipal areas is proposed to be met from the Milk Collecting-cum-Chilling Stations to be established in the districts and from the dairies to be established at Durgapur, Burdwan, Kharagpur and Matigurah (near Siliguri).

(c) The policy of the Government is to supply milk to urban areas with a population of 50,000 and above through Government-sponsored Milk Supply Schemes.

Shri Sasanka Sekhar Sanyal :

মন্ত্রী মহাশয়ের জেলা সদর নদীয়ার কৃষ্ণনগর-এর আমবল-এর মুশিদাবাদ জেলা সদর। বহরমপুর ও কৃষ্ণনগর শহরে দুগ্ধ সরবরাহ করবার জন্য গাভীর যাতে সংখ্যা বাড়ে তার কোন ব্যবস্থা করা হচ্ছে কি ?

The Hon'ble S. M. Fazlur Rahman :

হ্যাঁ করা হচ্ছে।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনি কি জানেন যে তাঁর জেলা কৃষ্ণনগর এবং আমার জেলা বেলডাঙ্গা বা তার পার্শ্ববর্তী এলাকার যে সমস্ত গোয়ালারা কারবার করে তারা স্থানীয় বাজারে দুধ বিক্রি করে না, তাদের দুধ হরিণঘাটা মারফৎ কোলকাতায় সরবরাহ করা হয়।

The Hon'ble S. M. Fazlur Rahman :

আপনার কথাটা ঠিক বুঝতে পাচ্ছি না, যে হরিণঘাটার দুধ হরিণঘাটা থেকে টেনে নিয়ে এসে কোলকাতায় বিক্রি করা হয়।

Shri Sasanka Sekhar Sanyal :

কৃষ্ণনগর, বহরমপুরের আসেপাশে বেলডাঙ্গা ইত্যাদিতে যে সমস্ত গোয়ালা আছে তারা সাধারণতঃ আগে স্থানীয় বাজারে দুধ বিক্রি করত তাতে দেশের লোক দুধ পেত। এখন হরিণঘাটার ভ্যান গিয়ে সেখান থেকে দুধ নিয়ে এসে হরিণঘাটার মারফৎ সেই দুধ কোলকাতায় সরবরাহ হয়। অতএব নদীয়া কৃষ্ণনগরের আসেপাশের গ্রাম থেকে দুধ নিয়ে আসে বলে সেখানকার দুধ সঙ্কোচন হয়ে কি যাচেছ না ?

The Hon'ble S. M. Fazlur Rahman :

একথা ঠিক নয়। যে সব দুধ নদীয়া জেলায় বেলডাঙ্গা, বেথাডোর ও ফুলিয়া থেকে সংগ্রহ করা হয়, আর যেগুলো চিলিং প্ল্যাণ্টএ নেওয়া হয় সেগুলো মার্কেটেবিল সারপ্লাস বলা যায়।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনার কি কোন স্টেটিসটিক্স আছে যে নদীয়া জেলা ও বহরমপুর শহরে কত প্রয়োজন এবং সেখানে কত সারপ্লাস হতে পারে ?

The Hon'ble S. M. Fazlur Rahman :

যে অঞ্চল থেকে দুধ সরবরাহ করা হয় সেখানকার খরিদদার না থাকলে সেই দুধ চিলিং প্ল্যাণ্টে যায় এবং সেটাকেই ধরা হয় সারপ্লাস।

Shri Sasanka Sekhar Sanyal :

তাহলে এটা কি তাঁদের ধনতন্ত্রের একমাত্র নিয়ম যে অন্য জায়গায় বেশী দাম পেলে অপর জায়গায় দুধ থাকবে না ?

The Hon'ble S. M. Fazlur Rahman :

আমরা যে দাম দিই এবং আনুসাঙ্গিক যে সব সাহায্য করি তাতে তারা ইকনমিক ইনসেনটিভ পেয়ে আমাদের চিলিং প্ল্যাণ্ট এ দুধ দেয়।

Shri Sasanka Sekhar Sanyal :

তাহলে বেলডাঙ্গার দুধ বহরমপুরে না গিয়ে চিলিং প্ল্যাণ্টএর মারফৎ অন্য জায়গায় যায় কেন ?

The Hon'ble S. M. Fazlur Rahman :

যেহেতু প্রডিউসাররা বহরমপর বাজারে ইকোনোমিক ইনসেনটিভ পায় না।

Shri Sasanka Sekhar Sanyal:

ইনসেনটিভ না পেয়ে দুধ যদি অন্য জায়গায় চলে যায় তাহলে বহরমপুরের দুধ যেটা সঙ্কুচিত হচেছ সেই সঙ্কোচ দূর করার জন্য কি ব্যবস্থা করা হচেছ ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

সেজন্য আমার ৪র্থ ফাইভ ইয়ার প্ল্যানএ

'During the Fourth Plan period, the Government have contemplation to open similar milk distribution depots in the district towns of Berhampur, Krishnagar, Hooghly, Burdwan, Kharagpur, Darjeeling, Siliguri and Jalpaiguri as well as in the industrial townships of Durgapur, Asansol and Chittaranjan.'

Shri Narendra Nath Das:

আপনি কি বলবেন যে ৫০ হাজারের উপর অধিবাসী যে সমস্ত শহরে যেমন দুর্গাপুর ইত্যাদিতে আছে সেখানে যখন দুধ সরবরাহের বন্দোবস্ত হবে তখন সেখানে কি হরিণঘাটার পুনরাভিনয় হবে—অর্থাৎ গ্রামের দুধ টেনে নিয়ে এসে শহরের লোককে খাওয়ান হবে ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

হরিণঘাটার দুধ বলতে সরকারী ফার্মে যে দুধ আছে সেই দুধ এবং মার্কেটেবল সারপ্লাস যেখানে প্রডিউসাররা ঠিকমত পায়, সুযোগমত পায় তাদের সেগুলি কালেকশান করা যে দুধ হয় তাই দেওয়া হয়।

[3-10—3-20 p.m.]

Shri Narendra Nath Das:

এখন প্রশ্ন হচেছ যদি আপনারা নূতন গরু আমদানী না করেন তাহলে মার্কেটেবেল সারপ্লাস হওয়া কি করে সম্ভব ? যদিও আমি এটা জানি না যে বাংলা দেশে দুধ মার্কেটেবিল সারপ্লাস আছে কিনা ? তাহলেও তর্কের খাতিরে জেনে নিলেও প্রশ্ন দাঁড়ায় এই যে মফঃস্বলে দুধের বেশী দামের প্রলোভন দেখিয়ে এই ভাবে তাদের শিশু এবং বৃদ্ধকে বঞ্চিত করা হবে ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

তাহলে কি প্রডিউসারদের পাওনা থেকে বঞ্চিত করবেন ?

Shri Narendra Nath Das:

এজন্য আমাদের গরু বাড়ান দরকার। এবং গরুর সংখ্যা বাড়ানর জন্য ভাল গাভী দেওয়া দরকার। সুতরাং যে দুধ চলে যাচেছ তা অতিরিক্ত দাম দিয়ে নেওয়া ও গ্রামের শিশুকে দুধ থেকে বঞ্চিত করাই কি নীতি ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

তা কখনও নয়।

Shri Santosh Kumar Bhattacharyya:

মন্ত্রিমহাশয়, ৪র্থ পরিকল্পনার কথা আমাদের জানিয়েছেন, কিন্তু এই অন্তর্বর্তীকালীন সময়ে দুধ দিতে পারবেন এরূপ কোন চিন্তা কি করেছেন ?

The Hon'ble S. M. Fazlur Rahman:

অন্তর্বর্তীকালীন সময়ে দুধ যাতে পাওয়া যায় তার ব্যবস্থা হচেছ এবং সেজন্য গরু বাড়ান এবং যে অঞ্চলে গাভীর বেশী দুধ পাওয়া যায় তা আনার ব্যবস্থাও ব্রিডিং বুল করে গরু বাড়ানো ব্যবস্থা করা হচেছ।

Shri Jatin Chakravorty :

আমি একটা ছোট সাপ্লিমেণ্টারী এখানে রাখছি। এখানে বহরমপুরের কথা উঠেছে। সেখান থেকে দুধ সারপ্লাস হয়ে চলে আসে। আমার প্রশ্ন হচ্ছে বহরমপুরের অনেকে আছেন, এবং এখানে একজন মাননীয় সদস্য বহরমপুর সহরে থাকেন। সেখানে তাঁর বাড়ীতে অনেক বেশী দুধ হয়ে থাকে তা কনসামপশন হয় না। সে দুধ কলকাতায় আনবার ব্যবস্থা করবেন?

Shri Sasanka Sekhar Sanyal :

আমার বাড়ীতে ১৬।১৭ সের দুধ হয়। এবং পারপ্লাস যা থাকে তার মিল্ক প্রোডাকটস থাকে এবং যতীনবাবু আমার বাড়ী গিয়ে তা প্রায়ই খেয়ে আসেন।

The Hon'ble S. M. Fazlur Rahman :

যদি কোন উৎপাদনকারী বেশী দুধ আমাদের চিলিং প্ল্যাণ্টএ দিতে চান তা আমরা নিশ্চই নেবো।

Shri Abdullah Rasul :

যে দুধ কলকাতা শহরে সরবরাহ করা হয় সেটা যাতে বিশেষ ভাবে বৃদ্ধ এবং শিশুদের জন্য ব্যবস্থা করা যায় সেটার দিকে মন্ত্রী মহাশয় কি দৃষ্টি দেবেন? এবং সন্দেশ রাবড়ী কমিয়ে যাতে ঐ শিশু এবং বৃদ্ধদের দুধ বাড়ান যায় তার ব্যবস্থা কি করবেন?

The Hon'ble S. M. Fazlur Rahman :

দুগ্ধ সরবরাহ বৃদ্ধি করার জন্য নিশ্চয়ই ব্যবস্থা করা হচ্ছে।

Shri Abdullah Rasul :

আমার কথা হচ্ছে যাতে সমস্ত শিশু ও বৃদ্ধ দুধ পেতে পারে তার ব্যবস্থা করা, এবং বড়রা ঐ সন্দেশ রাবড়ী খাবার পূর্বে শিশুরা যাতে সে দুধ পেতে পারে তার ব্যবস্থা করবেন কি?

The Hon'ble S. M. Fazlur Rahman :

মূল্যে না বিনামূল্যে? যদি মূল্যে হয় তাহলে শিশুর পিতা যাঁরা দুধ কেনেন তাঁরা কিনে তা যদি শিশুদের খাওয়ান তাহলে শিশুরা নিশ্চয়ই দুধ পাবেন আর তা না করে নিজেরা খেলে কি করে দুধ পাবেন?

Shri Mohit Kumar Moitra :

আমি একটা অতিরিক্ত প্রশ্ন মন্ত্রীমহাশয়ের নিকট রাখছি। মন্ত্রীমহাশয় কি এটা জানেন যে হরিণঘাটা থেকে যে দুধ সরবরাহ করা হয় তা কমে গেছে।

The Hon'ble S. M. Fazlur Rahman :

এ প্রসঙ্গে এ প্রশ্ন আসে না।

Shri Mohit Kumar Moitra :

কলকাতায় কম হবার প্রশ্ন হচ্ছে এই জন্য যে আর একটি বিজ্ঞপ্তি সম্প্রতি বেরিয়েছে যে সাপ্লাই কমে গেল বলে আগষ্ট মাসের ৮ তারিখ থেকে সেটা বন্ধ করে দেওয়া হবে। তাহলে মার্কেটেবল সারপ্লাস যে দুধ জোগান দেওয়া হচ্ছে সেখানে কি এর দাম মার্কেটেবল সারপ্লাস অনুযায়ী কমে গেল?

The Hon'ble S. M. Fazlur Rahman :

আলাদা প্রশ্ন করবেন, জবাব দেব।

Shri Monoranjan Sen Gupta ;
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে স্কুলেতে ফ্রি মিল্ক সাপ্লাই করবার কোন স্কীম তাঁদের আছে কিনা ?

The Hon'ble S. M. Fazlur Rahman :
এডুকেশান ডিপার্টমেণ্ট-এতে অল্পদিন হলো দুঃস্থ প্রাথমিক বিদ্যালয়ের ছাত্রদের দুগ্ধ সাপ্লাই করবার ব্যবস্থা হয়েছে।

Shri Upendranath Barman :
মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে নেক্সড ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান এ, কোন কোন ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্স এর নাম তিনি করলেন, যেখানে মিল্ক সাপ্লাইএর ব্যবস্থা করা হবে আমার যতটা মনে আছে, তিনি সব ডিস্ট্রিক্টএর নাম করেন নাই কুচবিহারের বিশেষ করে ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান এর ভিতর কি সমস্ত ডিস্ট্রিক্ট হেড কোয়ার্টার্স এ যেখানে পপুলেশান ফাইভ থাউজেণ্ডএর উপর এই রকম সব জায়গায় কি ঐ স্কীম প্রবর্তিত হবে, না, আরো দেরী হবে ?

The Hon'ble S. M. Fazlur Rahman :
যে নামগুলি আমি করেছি, এগুলি ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান এ ইনক্লুডেড হবে। আর যদি প্রয়োজন হয় বাকীগুলোও নিশ্চয়ই হবে।

(এ ভয়েস : কোন জায়গাতেই হবে না।)

Setting up of "Committee of Enquiry" and "Sadachar Committee"

***2. Shri Jatin Chakravorty :** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state—

(a) whether the State Government has finalised the consideration of setting up—

(i) a Committee of Enquiry on the basis of the recommendations of the "Santanam Committee' to enquire into the corruptions amongst high Government officials, and

(ii) a "Sadachar Committee" on the lines suggested by the Home Minister, Government of India, to root out corruption amongst the ministers and members of political parties ;

(b) if so, what are the names of the persons of such proposed committees and their terms of reference and the dates when the respective committees will start functioning ; and

(c) if the answer to (a) is in the negative, what is the present stage of the proposal ?

The Hon'ble Prafulla Chandra Sen : (i) The question of setting up a Vigilance Organisation on the model of the Central Vigilance Commission as recommended by the Santhanam Committee is now under the active consideration of the State Government in Consultation with the Government of India.

(ii) Similarly, the question of forming a Sadachar Samity is also under the active consideration of this State Government. The Government of India have been written to for certain clarifications.

(b) Does not arise as both the matters are still under our consideration in consultation with the Government of India.

(c) Our schemes regarding a Vigilance Organisation and a Sadachar Samity for the State are in the process of finalisation.

Shri Jatin Chakravorty :

এই যে এক্‌টিভ কনসিডারেসান এ রয়েছে, কত দিন পর্যন্ত সেই কনসিডারেসান চলবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমাদের সঙ্গে যা পত্র ব্যবহার হচেছ কেন্দ্রীয় সরকারের, তাতে আমি মনে করি আগষ্ট মাসের মধ্যে আমরা এটা করতে পারবো।

Shri Jatin Chakravorty :

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয়, একটা সংবাদ দেখেছেন কিনা ২৭এ তারিখে স্টেটস্‌ম্যানে বেরিয়েছিল যে কংগ্রেসের একজন এম পি শ্রীমতী সুভদ্রা যোশী এখানে এসে একটি কংগ্রেস ফোরাম ফর সোসালিস্ট, সেখানে তিনি বলেছেন কংগ্রেসের কিছু কিছু লোক নন্দজীর এই যে পরিকল্পনা যে তিনি করাপসান দূর করবেন দু' বছরের মধ্যে, কিছু ফোরসেস 'ওয়ার্ক' করছে বাধা দেবা জন্য যাতে তিনি তাঁর সঙ্কল্পে সাফল্যকাম হতে না পারেন, সেই ফোরসেসগুলি কি আপনাকে বাধা দিচেছ যার জন্য ইতিমধ্যে সেই কমিটি আপনি এখানে তৈরী করেন নি?

The Hon'ble Prafulla Chandra Sen :

পশ্চিমবঙ্গে কোন কংগ্রেসকর্মী সদাচার সমিতি তৈরীর ব্যাপারে বাধা দিচেছন না।

Shri Jatin Chakravorty :

একথা মুখ্য মন্ত্রী মহাশয় জানাবেন কি—এই যে সব কংগ্রেস নেতারা বা বড বড় কংগ্রেস লীডারর মাঝে মাঝে কলকাতায় আসেন এবং তখন তাদের যে টাকা দেওয়া হয়, সেই সম্পর্কে কারা কারা টাকা দিচেছ, পার্স দিচেছ এই কন্ট্রিবিউসান দিচেছ এগুলিও কি তার টার্মস অব রেফারেন্স এর মধ্যে থাকবে?

The Hon'ble Prafulla Chandra Sen :

প্রয়োজন হলে থাকবে। তবে মাননীয় অধ্যক্ষ মহাশয় যদি আমাকে সময় দেন আমি একথা বলতে পারি বর্তমানে এই যে ভিজিল্যান্স কমিশান গঠিত হয়েছে কেন্দ্রে এবং রাজ্যে, এবং যা গঠিত হবে তার কাজ হচেছ পাবলিক সার্ভিসে যাঁরা আছেন, তাদের সম্বন্ধে তদন্ত করে ব্যবস্থা অবলম্বন করা। কাজে কাজেই যদি এখানে রাজনৈতিককর্মী বা মন্ত্রী বা কংগ্রেস, আর. এস. পি, পি. এস. পি. কম্যুনিস্ট এদের বিরুদ্ধেও যদি করতে হয়, তাহলে নিশ্চয়ই আমরা করবো।

Shri Jatin Chakravorty :

আমার ৮-নম্বর কোশ্চেনের এ(২)তে সদাচার কমিটির কথা আছে তাতে বলেছেন মিনিস্টার ও মেম্বার অব দি পলিটিক্যাল পার্টি তাঁদের সম্পর্কেও তদন্ত করা হবে টু রুট আউট করাপসান।

The Hon'ble Prafulla Chandra Sen :

সদাচার কমিটি করা হলে সবার সম্বন্ধে করা হবে।

Shri Jatin Chakravort :

মাননীয় মুখ্যমন্ত্রী কি এটা বলবেন—এই যে কিছুদিন আগে যখন কংগ্রেস সভাপতি কামরাজ নাদার এখানে এসেছিলেন তখন তাঁকে যে সওয়া দু'লক্ষ টাকার তোড়া দেওয়া হয়, সেই সম্পর্কে তিনি একটু বিস্ময় প্রকাশ করেছিলেন—এত অল্প সময়ের মধ্যে এই টাকাটা কি করে এলো এবং তিনি রাজ্য কংগ্রেসের সভাপতি তাঁর কাছেও তিনি এটা জানতে চেয়েছিলেন। এটাও কি যে সদাচার সমিতি হবে—তার তদন্তের মধ্যে থাকবে?

[3-20—3-30 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রথম কথা হচ্ছে যে শ্রীকামরাজ এই রকম কোন প্রশ্ন আমাদের পশ্চিমবাংলার প্রদেশ কংগ্রেস কমিটির সভাপতিকে করেন নি—আমি শ্রীকামরাজের সঙ্গে সব সময় ছিলাম—তবে যদি কেউ দুর্নীতিপরায়ণ হয়ে থাকে, যদি কারও অন্যায়ভাবে চাঁদা আদায় করে থাকে—সদাচার সমিতি হলে নিশ্চয়ই তার কাছে তদন্তে যাবে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে আমাদের এই বিধান পরিষদের কোন সদস্য শ্রীনন্দজীর কাছে এই সম্পর্কে একটি চিঠি দিয়েছেন এবং নন্দজী ইতিমধ্যে শ্রীকামরাজ নাদারের কাছে এ সম্পর্কে লিখেছেন, এবং এ সম্পর্কে ইনি তদন্তের সুপারিশ করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

যদি করে থাকেন ন্যায়সঙ্গত কাজই করেছেন—আমাকে এখনও কিছু জানান নি।

Shri Sasanka Sekhar Sanyal:

এই যে সদাচার সমিতি বা ভিজিলেন্স কমিশন যেটা হবে—তার জন্য মাননীয় মন্ত্রিমহাশয় যে সমস্ত একটিভ কনসিডারেশন করছেন—এ নিয়ে তো আলাপ-আলোচনা হচ্ছে—এই আলাপ আলোচনা কি শুধু গভর্নমেণ্ট লেভেলে হচ্ছে—না যে পার্টি গভর্নমেণ্টের পেছনে আছে তার সঙ্গে হচ্ছে—বাইরের লোকের সঙ্গে আলোচনা সম্ভব বা সঙ্গত বলে মনে করেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

না এটা কোন প্রাইভেট অরগানাইজেসনের সঙ্গে হচ্ছে না, কোন রাজনৈতিক দলের সঙ্গেও হচ্ছে না—আমার সঙ্গে এবং ইণ্ডিয়া গভর্নমেণ্টের হোম মিনিস্ট্রির সঙ্গে হচ্ছে।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি দিল্লীতে গিয়ে সম্প্রতি শুনে এলাম—কথাটা সত্য কি মিথ্যা জানি না—কিন্তু খুব দায়িত্বপূর্ণ লোকের কাছে শুনে এলাম যে সেখানে সদাচার সমিতির কাছে যে সমস্ত অভিযোগ হয়, সেই অভিযোগগুলি স্তূপাকারে পড়ে থাকে—সেগুলি ত্বরান্বিত করার জন্য অলিখিত ৫ টাকা করে কোর্ট ফি দিতে হয়। আশা করি মাননীয় মুখ্য মন্ত্রী বলবেন কি যে এখানেও সে রকম কোর্ট ফি দিতে হবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

না, এখানে কোন কোর্ট ফি দিতে হবে না।

Shri Narendra Nath Das:

মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয় বল্লেন যে ভিজিলেন্স কমিশন সম্বন্ধে এখানকার পশ্চিমবাংলার কোন রকম আপত্তি নেই—কিন্তু মুখ্য মন্ত্রী মহাশয় বলবেন কি যে ভারতবর্ষের প্রায় ৭।৮টি স্টেটেই ভিজিলেন্স কমিশন গঠিত হয়েছে—পশ্চিমবাংলায় এতো দেরী হোল কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো বলেছি যে কোন কোন বিষয় নিয়ে আমাদের সঙ্গে কেন্দ্রীয় হোম মিনিস্ট্রির সঙ্গে আলোচনা চলছে। একটি কথা মাননীয় সদস্যকে আমি বলতে পারি যে ভারতবর্ষের আর দু-একটি প্রদেশ বাদে পশ্চিমবাংলায়ই এক মাত্র এণ্টি করাপসন ডিপার্টমেণ্ট আছে। সেই

ডিপার্টমেণ্টের কাজ, আমার যতদূর সম্ভব ধারণা, খুব সন্তোষজনক। সেইজন্য আমাদের এই পশ্চিমবাংলার কাজের সঙ্গেও অন্যান্য ব্যাপারে যা আমি এখানে বলতে পারি না এ নিয়ে আলোচনার দরকার আছে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে দিল্লীতে যেমন একটি ভিজিলেন্স কমিশনার আছে এখানে এই যে শান্তানাম কমিটির রিপোর্ট অনুযায়ী ভিজিলেন্স কমিশন বা ভিজিলেন্স কমিশনার যদি হয় তাহলে এর কি কোন ঠিক আছে যে তারা সব সময় পুলিশ কর্মচারী হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য বোধ হয় জানেন, শান্তানাম কমিটির সুপারিশ হচ্ছে যে একজন রিটায়ার্ড হাই কোর্ট জাজ ভিজিলেন্স কমিশনার হবে—এ নিয়ে নানা রকম তর্ক আছে—আমি তার মধ্যে এখন যেতে চাই না। আমি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এ নিয়ে অনেক কিছু আলোচনা করছি এবং আগষ্ট মাসের মধ্যে আমি ভিজিলেন্স কমিটি বা কমিশনার নিয়োগ করতে পারবো—সদাচার সমিতি প্রবর্তন করতে পারবো।

Shri Jatin Chakravorty:

আমার এই শেষ প্রশ্ন—যে প্রস্তাব মন্ত্রী মণ্ডলীর কাছে এসেছিল যে যে কমিটি হবে—তাতে ভূতপূর্ব প্রধান বিচারপতি কলিকাতা হাইকোর্টের এবং যিনি কিছু দিনের জন্য অস্থায়ী গভর্নর ছিলেন শ্রী পি. বি. চক্রবর্তী, তাতে তাঁর নাম প্রস্তাব করা হয়েছিল—কিন্তু সেই প্রস্তাব আপনাদের মন্ত্রী মণ্ডলীর কোন কোন সদস্য না কি আপত্তি করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ বিষয়ে আমরা আলোচনা করি নাই—কাজে কাজেই আপত্তির অবসর নাই।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে সদাচার সমিতির সভ্য হতে হলে যে তিনটি সর্ত রয়েছে —প্রথম সর্ত হচ্ছে তিনি কোন ঘুষ দেবেন না—দ্বিতীয় হচ্ছে তিনি কোন ঘুষ নেবেন না—তৃতীয় সর্ত হচ্ছে ঘুষ দেওয়া বা নেওয়া এই ধরণের লোকের সঙ্গে কোন সম্পর্ক থাকবে না—এই ধরণের লোক আপনারা পশ্চিমবাংলায় অনুসন্ধান করছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই রকম ধরণের লোক পশ্চিমবাংলায় বহু আছে।

Shri Narendra Nath Das:

এই সদাচার সমিতির ভেতরে কংগ্রেস পার্টি ছাড়া বাহিরের লোক নেবার কি কোন পরিকল্পনা রয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

অন্য পার্টিতে কত ভাল লোক আছে আমি জানি না, কংগ্রেস পার্টিতে বহু ভাল লোক আছে।

Shri Narendra Nath Das:

শ্রদ্ধেয় সতীশ চন্দ্র দাশগুপ্তকে এই সদাচার সমিতির সভ্য করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি কাকে করব তা এখানে বলতে চাই না।

Shri Sasanka Sekhar Sanyal :

সরকারের এণ্টি করাপসান ডিপার্টমেণ্ট সরকারী অফিসারদের বিরুদ্ধে রিপোর্ট করলে সেটা দণ্ডবিধি আইন অনুসারে তার বিচার হয়। কিন্তু বেসরকারী নেতৃস্থানীয় লোক—তার মধ্যে মন্ত্রীরাও পড়তে পারেন, আমিও পড়তে পারি—আমরা তো কেউ সরকারী কর্মচারী নই যাদের প্রাইভেট পারসন ঘুষ দিচ্ছে সে ক্ষেত্রে তার প্রতিকার এবং প্রতিরোধের কি ব্যবস্থা করছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

মন্ত্রিমহাশয়দের সম্বন্ধে বা শশাঙ্কবাবু সম্বন্ধে যদি কোন অভিযোগ থাকে নিশ্চয় আমরা তার তদন্ত করে বিশেষ করে মন্ত্রীদের সম্বন্ধে থাকলে শ্রীনন্দ হোম মিনিস্টার নিজেই তার তদন্তের ব্যবস্থা করবেন।

Shri Sasanka Sekhar Sanyal :

আইন অনুসারে যদি কোন মন্ত্রী ঘুষ নেন বা মন্ত্রীর পশ্চাতে দাঁড়িয়ে আছেন যিনি মন্ত্রীর চেয়ে উন্নত পজিসান এর তিনি যদি টাকা নেন বা মন্ত্রীর কাছ থেকে কাজ করিয়ে নেন এই রকম বলে যদি ঘুষ নেবার রিপোর্ট এণ্টি করাপসান ডিপার্টমেণ্ট এ থাকে তাহলে তার বিরুদ্ধে কোন আইন অনুসারে প্রসিডিং করা হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যে আইন অনুসারে করা উচিত সেই আইন অনুসারে করা হবে।

Shri Sasanka Sekhar Sanyal :

কোন আইনে নেই বলেই বলছি যে প্রসিকিউসান হবে না। আজ যদি আমি এবং প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় বারান্দায় গিয়ে কোন লোকের কাছ থেকে ঘুষ নিই তাহলে কোন প্রসিকিউসান হয় না।

The Hon'ble Prafulla Chandra Sen :

আপনি যখন বলছেন হয় না, তখন আমার কিছু বলার নেই।

Shri Sasanka Sekhar Sanyal :

আইনটা কি পরিবর্তন করা হবে ?

The Hon'ble Prafulla Chandra Sen :

যতদিন কোন মন্ত্রী এ সম্বন্ধে আবিস্কার না হয় ততদিন এ সম্বন্ধে কোন কিছু করার নেই।

Shri Sasanka Sekhar Sanyal :

আপনার সেক্রেটারী যদি ঘুষ নেন তাহলে তাঁকে প্রসিকিউসান করা যাবে। আপনি ঘুষ নিলে প্রসিকিউসন করা যাবে না—কাজেই সেখানে আইনের কি ব্যবস্থা করবেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

আমার সেক্রেটারী যদি ঘুষ নেন তার প্রমাণ হলে প্রসিকিউসন করা যাবে।

Shri Sasanka Sekhar Sanyal :

প্রমাণ হলে আপনাকে যে প্রসিকিউসান করা যাবে না তার ব্যবস্থা কি করছেন ?

The Hon'ble Prafulla Chandra Sen :

নিশ্চয় করা যাবে।

Shri Sasanka Sekhar Sanyal:

কোন আইনে তা নেই সেটা কি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তা জানি না।

Shri Sasanka Sekhar Sanyal:

মন্ত্রীদের মধ্যে যাঁরা আইনজ্ঞ আছেন তাঁরা জানেন যে ১৬১, ১৬১(এ) ধারায় এই সমস্ত ঘুষ নিবার জন্য প্রাইভেট পারসন মন্ত্রী বা মন্ত্রী স্থানীয় কেউ প্রসিকউটেড হয় না—এটা কি জানেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই প্রশ্নের সঙ্গে এটা আসতে পারে না।

Shri Sasanka Sekhar Sanyal:

এঁরা বলছেন জানিয়ে দিলাম কেন কারণ আগে ভয় ছিল এখন আর তা থাকবে না।

Shri Santosh Kumar Bhattacharyya:

সদাচার কমিটি সম্বন্ধে কোন ডেফিনেসান কি করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যদি এ সম্বন্ধে নোটিশ দেন তাহলে বলব।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি বলছি সদাচার হীন, কদাচার লীন।

Retail-price of mustard oil in the State

***3. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to State—

(a) if it is a fact that retail price of mustard oil in the State was first fixed at Rs. 3 per kg. and eventually at Rs. 3.25 per kg.;

(b) if the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the factors determining the price on the first occasion and also the changed factors determining price on the second occasion,

(ii) whether mustard oil is available at controlled price; and

(iii) if so, names of the places where it is available?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Yes.

(b) (i) The retail selling price of mustard oil was fixed at Rs. 3.00 per kg. on the first occasion taking into consideration the ruling prices of mustard oil and mustard seeds in the producing/importing States. Subsequently on receipt of reports about their increased prices the retail price was revised and fixed at Rs. 3.25 per kg.

(ii) Yes. But the article is in short supply.

(iii) It is available in the open market from the dealers dealing in mustard oil.

[3-30—3-40 p.m.]

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে, ৩ টাকা যখন ধার্য্য করা হ'লো এবং পরে ৩.২৫ পয়সা যখন ধার্য্য করা হলো, এর ভেতরে সময়ের ব্যবধান কতটা রয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রথম ধার্য্য করা হয় ৭ই মে ১৯৬৪ ও ২য় বার করা হয় ২০এ জুন ১৯৬৪তে। এই ধার্য্যের সময়ের ব্যবধান হচ্ছে ১ মাস ১৩ দিন।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় এই
the factors determining the price on the first occasion.
সম্বন্ধে কোন জবাব দেন নি। আমি বলছি এই ফ্যাক্টারস-এর কথা। যদি তিনি একটু অনুগ্রহ করে দেখেন তাহলেই বুঝতে পারবেন।

At Deoganga the Sil Torsa had two channels—one hugging its right bank and the other its left bank. There was heavy accumulation of fallen trees on the right channel which increased the pressure on the left channel resulting in spilling of the flood flows over the left bank which inundated villages on the left bank. It appears that the villagers made a cut with local road which was acting as an embankment, and the water passing through the bridge spilled over N.H. 31. The situation has been kept under close watch and attempts are being made to reduce the spill flow as far as practicable so that the rivers itself may not be diverted through this course. The trees have been removed but in the mean time there has been heavy accumulation of gravel.

Jaldhaka

At Jaldhaka bridge construction the N.F. Railway authorities has closed a spill channel by railway embankment and to prevent the water of Jaldhaka flooding the country they had constructed a closing bundh at the entrance of the said spill channel. Owing the afflux at the Jaldhaka bridge this closure work was outflanked and since water could not pass through the spill channel, which was blocked by the railway embankment, it spilled over to the next spill channel inundating the countryside to an extent of about 3 sq. miles. The matter has been taken up by the Deputy Commissioner with the railway authorities.

Flooding in Naxalbari (River Mechi)

The position is this: The river Mechi has its catchment locally in the Himalayan hills and, therefore, the floods are of flashy nature. It comes at short notice, and the duration of flood is usually short. As usual in all

the numerous North Bengal rivers the bed level of the river Mechi is fairly high, the bank being not much higher than the bed level. Accordingly there is spilling whenever there is any flood in the river. The spilling of Naxulbari is, therefore, a common affair and a scheme was drawn up for constructing a flood embankment on the bank of the river Mechi. This scheme is not include in the Third Plan. Collection of data is proceeding and a scheme is under preparation so that it may be included in the Fourth Plan.

There has been high flood in all the rivers of North Bengal this year, viz., the rivers which I have already mentioned and also in the rivers Kaljani, Punarbhaba, Torsa, etc., but the situation so far is not alarming.

The Hon'ble Rabindralal Sinha: So far as my Calling Attention is concerned I shall make my statement on Wednesday next.

The Hon'ble Jagannath Kolay: The statements with regard to other Calling Attention Notices will also be made on Wednesday next.

Point of Order

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, আমি এবার বলব ।

Mr. Chairman: Do you raise it as a point of order?

Shri Sasanka Sekhar Sanyal:

মিঃ চেয়ারম্যান স্যার, আমি আপনার অনুমতি নিয়ে একটা বিশেষ গুরুত্বপূর্ণ জিনিষের অবতারনা করতে চাই। এটা পয়েন্ট অব অর্ডার আপনি যা বলেন তাই নেবো। তবে এটাতে পয়েন্ট অব প্রিভিলেজ এবং পয়েন্ট অব কনটেম্পটও আছে। এই বিষয়ে আমি আপনার কাছে বলি, যে আমরা দুই জাতিতত্বকে কবর দিয়েছিলাম আনুষ্ঠানিকভাবে। আগে কমিউন্যাল এ্যাওয়ার্ড ছিল—মুসলমান এবং অমুসলমান। আমরা যখন প্রথম এই সংবিধান গ্রহণ করলাম, তখন তার প্রিএ্যাম্বেলে বল্লাম,

Equality of status and of opportunity and to promote fraternity assuring the dignity of the individual and the unity of the Nation.

এবং ফান্ডামেন্টাল রাইট, আর্টিক্যাল ১৫(১) এবং ১৬(১) তাতে বলা হয়েছে যে কোন রেস, রিলিজিয়ান, ইত্যাদির জন্য কোন পার্থক্য কোন বিষয়ে করা হবে না। এখন এ্যাডাল্ড ফ্রানচাইস, এবং সেকুলার ইলেক্টরেট, যাদের রিপ্রেজেন্ট করে সকলেই ভোট দেন হিন্দু মুসলমান নির্বিশেষে। কিন্তু মাইনরিটি কমিশন বলে একটা জিনিষ সৃষ্টি হয়েছে। সেই মাইনরিটি কমিশনে মুসলমানকে মাইনরিটি বলা হয়েছে এবং নন-মুসলিমকে মেজরিটি বলা হয়েছে। মুসলমানরা মুসলমানকে নমিনেট করবে বা ভোট দিবেন আর বাকী যারা থাকবেন তাদের অমুসলমান অমুসলমানকে নমিনেট করবে বা ভোট-দিবেন। এই রকম ভিত্তিতে আমাদের দুই বিধান মন্ডলীর সমস্ত লোকের সামনে দুটো ইলেকটোর‍্যাল কলেজ তৈরী হয়েছে। এবং আপনি জানলে আশ্চর্য হবেন যে গভর্নমেন্ট অব ইন্ডিয়া আমাদের এই সেক্রেটারিয়েটকে লিখলেন যে এইভাবে ইলেকসন করতে হবে। সেই বেশিসে যখন এলো তখন আমাদের এম এল এ জ্যোতি বসু তিনি নমিনেশন দিলে সৈয়দুল্লা সাহেবকে কিন্তু গভর্নমেন্ট-এর ইন্টারপ্রিটেসন অনুসারে যেটা দাখিল করা হোল রিটার্ণিং অফিসার তাকে বাধ্য হয়ে ক্যানসেল করিলেন। তাহলে স্যার, আজকে আমরা দাঁড়িয়ে কোথায়? দাঁড়িয়ে আছি সেকুলার ডেমোক্রাসির ভিত্তিতে কনষ্টিটিউসন-এর যেখানটায় ইকোয়ালিটি

সব জায়গায় মাইনরিটি বলে কোন জিনিষ ডিফাইন কোথাও নাই, মাইনরিটি কমিশন-এর কোন প্রভিসন নাই অথচ আমরা রিপ্রিজেন্টেটিভ অব দি পিপল যাদের হিন্দু মুসলমান সবাই রিপ্রেজেন্ট করেছেন সেই রিপ্রেজেন্টেটিভ আমরা দুটো কম্পার্টমেন্টে ভাগ হয়ে গেলাম।

মুসলমান গিয়ে মুসলমানকে নমিনেট করে ভোট দিচ্ছে এবং অমুসলমান বাকীদের করছে। এর প্রভিসন এল কোথা থেকে সেটা জানা দরকার এবং সেটা আইনানুগ ভিত্তিতে আমাদের আলোচনা করা দরকার যে আমরা কোথায় চলেছি?

The Hon'ble Rabindralal Sinha: Is it a point of order? If so, what is the point of order?

Shri Sasanka Sekhar Sanyal: It is a point of order which involve the privilege and also contempt of the House. I hope the Leader of the House will not lightly treat a serious matter because we have been drenched in communalism and the Government of Bengal have deceived us into taking a step which is inconsistent with the Constitution and thereby the House has been debased into taking an absolutely murderous step.

"In order to assist in the implementation of this agreement, the two Governments have decided, apart from the deputation of their Ministers referred to in E, to set up Minority Commissions, one for East Bengal, one for West Bengal and one for Assam," but not for the rest of India.

মাইনরিটি বলে রেষ্ট অব ইন্ডিয়াতে কোথাও কিছু নাই।

'East Bengal, Assam and West Bengal
-এ তাদের কি করতে হবে?

"One minority representative to be elected jointly by and from among the Muslim members of the West Bengal Legislative Assembly and the West Bengal Legislative Council and one majority representative to be elected jointly by and from among the rest of the members of the West Bengal Legislative Assembly and the West Bengal Legislative Council."

আপনি তো একজন লিঙ্গুইষ্টিক, আপনার কাছে একটা জিনিষ প্লেস করি এগ্রিমেন্ট (এ) তে বলেছেন

"Each Commission will consist of one Minister of the Provincial or State Government concerned who will be Chairman and one representative each of the majority and minority communities from East Bengal, West Bengal and Assam chosen by and from among their respective representatives in the Provincial or State Legislatures as the case may be." Respective

মানে কি?

এটা ইষ্ট বেঙ্গল-এ প্রযোজ্য হতে পারে, কেননা, তখন ইষ্ট-বেঙ্গল-এ যে ইলেকটোরেট ছিল সেটা কমিউন্যাল ইলেকটোরেট ছিল। কাজেই মুসলমান রেসপেকটিভ ইলেকটোরেট-এ মুসলমান, হিন্দু বা নন-মুসলিম রেসপেকটিভ ইলেকটোরেট-এ নন-মুসলিম। এখন আমাদের যে ইলেকটোরেট এ্যাসেম্বলী এবং কাউন্সিল-এ সেটা রেসপেকটিভ নয়।

'I represent both Hindu and Muslim voters' 'My friend Shri Abdullah Rasul represents both Hindu and Muslim voters. So, there is no point in saying that we represent only one community and, therefore, we shall also elect a member of our own community only.'

Mr. Chairman: Two-nation theory.

Shri Sasanka Sekhar Sanyal: Is Shri Abdullah Rasul incompetent and unable to represent a Hindu? Am I incompetent and unable to represent

a Muslim? It cuts at the root of secularism of our Constitution and the non-communal character of our democracy. It is a dangerous thing and the Government of West Bengal have deceived us into this position by creating the impression that there is a constitutional provision for this. Is it not contempt of the legislature?

এতে সাংঘাতিক অবস্থা দাঁড়িয়ে গেল, এর ফলে হচ্ছিল আমাদের দ্বিজাতিতত্ত্ব যেটাকে আমরা টু-নেশন থিওরি বলি তাহলে কোশ্চেন হচ্ছে যে

Abdullah Rasul is incompetent and unable to represent a Hindu

মাইনরিটিকে এক কথায় ডিফাইন হয়েছে যে ওয়েস্ট বেঙ্গল মুসলমান মাইনরিটিজ আসামে মুসলমান মাইনরিটিজ? এটা বলার কি ফাউণ্ডেসন আছে? রেষ্ট অব ইণ্ডিয়া-য় কোথাও মাইনরিটিজ নেই।

[4-30—4-40 p.m.]

একটা জিনিস দেখবেন এই মাইনরিটি ব্যাপারে যদি কন্সিডারেশন-এ সেখানে আর্টিকেলস ৩৩৯, ৩৪০, ৩৪১-এ সেখানে বলেছে কমিশন বসবে সিডিউলড ট্রাইবস-এর জন্য আর আর্টিকেল ৩০-তে বলেছে লিঙ্গুষ্টিক আর রিলিজিয়াস মাইনরিটিজ-এর জন্য এডুকেশন্যাল ইনষ্টিটিউশন রাখতে হবে। কিন্তু সেজন্য এখান থেকে ১৯৫২-তে আপনার সেক্রেটারিয়েট থেকে রেফারেন্স করে-ছিলেন সেন্ট্রাল-কে যে, মাইনরিটি কে হবে? প্রেসিডেন্ট-এর কোন ডেফিনিসন নাই, কোন অর্ডার নাই, পার্লামেন্ট-এর কোন অর্ডার নাই বা লেজিস্লেসন-এর কোন অর্ডার নাই। এক্সটারন্যাল এ্যাফেয়ার্স মিনিষ্ট্রি একটা টেলিগ্রাম করলেন

Election to Minority Commission under clause (f)(i)

আপনার অফিস-এর ফাইল থেকে বার করলে তাতে দেখবেন যে কারুর সই নাই, ঐ একটা কোড টেলিগ্রাম সিগনেচারলেস সেখান থেকে এলো।

10-4-50; Election to Minority Commission under clause (f)(i) of agreement. Minority representative should be chosen by only the Muslim members of the Legislature and the majority representative by the rest of the members. This is the position.

এই এ্যাট্রোসিয়াস পজিসনে আমাদের নিয়ে যাওয়া হচ্ছে। বলা হচ্ছে কথায় কথায় আমাদের যে কমিউন্যাল ডিসটারবান্স ও রিলিজিয়াস ডিসটারবান্স থামাতে হবে। কিন্তু

This Government of West Bengal is guilty of misguiding itself by an unauthenticated telegram from the Centre whereby minority was defined, adumbrated and accepted by them, and this Government of West Bengal has corrupted this legislature, corruted the legislative Secretariat by blindfolded transmission to them and compelling them to vote which is absolutely cutting at the root of secularism and supporting the two nation theory. I want a ruling whether or not this is a matter in which the Government of West Bengal should be committed for contempt.

Mr. Chairman: Does any member from the Government side want to speak on it?

The Hon'ble Saila Kumar Mukherjee: This is a matter on which there should be a full-dress debate. It is not a point of order or a point of privilege. The proper procedure is to be table a non-official resolution in which the Government side also can take part.

Shri Sasanka Sekhar Sanyal: I shall table a special motion.

Mr. Chairman: If it is necessary, there will be a special debate, and I will speak to the Parliamentary Minister to fix a date.

Shri Nirmal Bose:
মাননীয় সভাপতি মহাশয়, আপনার অনুমতি নিয়ে একটী গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি এবং আপনার মাধ্যমে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আপনি জানেন স্যার, বর্তমানে বিভিন্ন কলেজে ভর্তি হবার ব্যাপারে একটা ভয়ানক অবস্থার সৃষ্টি হয়েছে। হাজার হাজার ছাত্র-ছাত্রী কলেজে ভর্তি হতে পারছে না। বিভিন্ন পরীক্ষার ফল বেরিয়েছে, অথচ তারা ভর্তি হতে পারছে না। কেবলমাত্র সায়েন্সে না, আর্টসে, কমার্সে পর্যন্ত ছেলে-মেয়েরা ভর্তি হতে পারছে না। থার্ড ডিভিসনের তো কথাই নাই, সায়েন্সে সেকেণ্ড ডিভিসনে পাসকরা ছাত্র-ছাত্রীরাও কলেজে ভর্তি হতে পারছে না, এই সব ছাত্র-ছাত্রী এখন যাবে কোথায়? এম-এ, এম-এস-সি ক্লাসে, শতকরা ৫০ জনের বেশী যারা অনার্স পেয়েছে, তারাও নাকি ভর্তি হতে পারবে না। এই কথা কয়েকদিন আগে উপাচার্য্য মহাশয় জানিয়েছেন।

গতবার কলকাতার বড় বড় কলেজগুলিতে যে পরিমাণ ছাত্রদের গ্রহণ করা হতো.................

Mr. Chairman: Please do not make a speech. Be very short.

Shri Nirmal Bose:
এবার নাকি তারচেয়ে আরো তারা কমাবে এবং আজকে সংবাদপত্রে যে সংবাদ আমরা দেখেছি তাতে আমরা অত্যন্ত বিচলিত বোধ করছি যে ছাত্ররা শৃঙ্খলা পর্যন্ত নষ্ট করতে বসেছে। আমরাও হতাস হয়ে পড়েছি। ছাত্রদের মধ্যে এই রকম একটা অবস্থা সৃষ্টি হচ্ছে, সমস্যাটা এত গুরুতর আকার ধারণ করেছে যে এই পরিষদের সদস্যরা পর্যন্ত তাঁদের ছেলেমেয়েদের কলেজে ভর্তি করতে পারছেন না। তাই এই সময় সমস্ত অভিভাবক উৎকণ্ঠিত হয়ে রয়েছে, আমরা চিন্তিত হয়ে পড়েছি, হাজার হাজার ছাত্র-ছাত্রী চিন্তিত হয়ে পড়েছে এখন আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীকে জিজ্ঞাসা করছি তিনি বলুন—আমাদের কাছে এই সমস্যার সমাধানের জন্য সরকার কি করছেন? আরো নূতন কলেজ কলকাতা এবং তার আশেপাশে স্থাপন করা হবে কিনা? স্পোনসর্ড কলেজের নূতন সীট করা হবে কিনা? বড় কলেজে আরো নূতন ছাত্র নেওয়া হবে কিনা? এই বিষয়ে আমি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি তিনি একটা কিছু বলুন, সবাই যাতে এই উৎকণ্ঠার হাত থেকে বাঁচেন।

The Hon'ble Rabindralal Sinha:
আপনারা এ সম্বন্ধে একটা কলিং এ্যাটেনশন-এর নোটীশ দিলে আমি তার জবাব দিব।

Shri Nirmal Bose:
কলিং এ্যাটেনশন দিলে অনেক বেশী সময় লেগে যাবে। এক্ষুণি একটা কিছু বলুন এ সম্বন্ধে। ছাত্ররা অপেক্ষা করতে পারছে না, তাদের অভিভাবকরাও অপেক্ষা করতে পারছে না। কবে আবার আমরা বলবো, কবে কলিং এ্যাটেনশন দেব, এতে করে অনেক দেরী হয়ে যাবে।

Shri Jatin Chakravorty: Point of order, Sir.
আপনার কাছ থেকে অনুমতি নিয়ে উনি একটা প্রশ্ন উত্থাপন করেছেন এবং কিছুক্ষণই আগে আপনার প্রতি সম্মান দেখাবার জন্য শিক্ষামন্ত্রী আমাদের একটু উপদেসামৃত বিতরন করছিলেন, এখন যদি তাঁর আপনার প্রতি কোন শ্রদ্ধা থাকে, উনি এমন একটি জটিল প্রশ্ন উত্থাপন করেছেন যাতে সমস্ত অভিভাবকরা উদ্বিগ্ন আছেন, তার তিনি জবাব দিন। সামান্য কিছুদিন আগে তিনি নূতন শিক্ষামন্ত্রী হয়েছেন, আমাদের হাউসের লীডার হয়েছেন, একটা টেকনিক্যাল গ্রাউন্ডে উনি এই সম্পর্কে তাঁর বক্তব্য রাখতে পারবেন না?

The Hon'ble Rabindralal Sinha: This is no technical ground.
উনি একটা প্রশ্ন করেছেন, সেটা কলিং এ্যাটেনশন-এর আকরে হলে একটা লেখা পেতাম এবং সেটা দেখেশুনে যথাযথ উত্তর দেওয়া সম্ভব হত। হঠাৎ উইদাউট নোটিশ-এ, উনি একটা কথা বলে দিলেন, আর আমি সঙ্গে সঙ্গে তার জবাব দেব এ কখনো সম্ভব নয়।

Mr. Chairman: He has taken note of it and he will do the needful as far as it lies within his power.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি—উনি যখন বলছেন শিক্ষামন্ত্রী মহাশয় যথাযথভাবে ভেবেচিন্তে এর উত্তর দেবেন। কিন্তু ব্যাপারটা আপনি জানেন স্যার, খুব জরুরী ভেরী আর্জেন্ট আমি ডিটেলস-এ যাচ্ছি না। উনি একটু এ্যাসিওর করুণ আমাদেরকে যে হাজার হাজার ছেলেমেয়ে যারা ভর্তি হতে পারছেনা কলেজে তাদের ভর্তি হওয়া সম্বন্ধে একটা ব্যবস্থা অবলম্বন করবেন সত্বর—এই এ্যাসিওর করুন। আমি আর ডিটেলস-এ যাচ্ছি না।

Mr. Chairman: He has said that he will do his best.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, উনি এইটুকু আশ্বাস দিন যে এ সম্বন্ধে তিনি ব্যবস্থা করবেন, চেষ্টা করবেন এই কথাটা উনি বলুন। আমাদের ছেলেমেয়েরা ভর্তি হতে পারুছেনা— তিনি এডুকেশন মিনিষ্টার হয়েছেন কেন?

The Hon'ble Rabindralal Sinha:

আমি বলেছি তো এ বিষয়ে লিখিতভাবে পেলে যথাযথ উত্তর দেব, তবে সরকারের পক্ষে যা করণীয় তা করা হচ্ছে। কিন্তু উনি যে প্রেমিসেস বলেছেম, সেটা আমি স্বীকার করে নিচ্ছিনা কিন্তু ছাত্রভর্তির ব্যাপারে যে সমস্যার উদ্ভব হয়েছে ছাত্র যাতে সব সময় ভর্তি হতে পারে তার ব্যবস্থা করবো, বিচার করে দেখব আমি।

[4-40—4-50 p.m.]

Dr. Srikumar Banerjee: Sir, before the Bills are taken up, may I, with your permission, make a suggestion about the conduct of business in this House? We find that a very small trickle of business comes over to this House because the other House has not been able to finish consideration of the Bills, and the other House has also taken up the debate on the food policy and also the no-confidence motion for the next few days, and so we cannot expect any business to be transacted in the course of the next few days. What is the harm, Sir, if we are given the right to initiate the discussion on certain Bills? In the past, certain important Bills were first initiated in this House. I remember that the Bill on Secondary Education was first discussed in this House.

The Hon'ble Saila Kumar Mukherjee: That cannot be a precedent.

Dr. Srikumar Banerjee: May I, therefore, suggest for the consideration of the Leader of the House and the Chief Whip that in order to provide for a more equitable distribution of business and in order to create in us a belief that we do not depend upon the precarious and casual bounty of the other House we shall be able to introduce debates and discussions on certain measures in this House. I should like you to consider whether discussion on certain measures can be initiated in this House so that we might have ample business from day to day and do not depend upon the rate of progress in the other House.

Mr. Chairman: Of course it is the right of the Ministers to initiate a Bill in whichever House they want.

Dr. Srikumar Banerjee: I would request you to convene a conference of the Leader of the House, the Chief Whip and our friends on the other side to consider whether this House could take the initiative in respect of discussion on certain Bills and not wait for certain Bills to be passed on to us by the other House. This is my submission.

The Hon'ble Rabindralal Sinha: This is absolutely in the discretion of the Government they can move or initiate a Bill in either House and the question of convening a conference does not arise here. However, we are taking note of what our honourable friend Dr. Banerjee has stated.

Mr. Chairman: All right, you give your best thought in the matter.

FINANCIAL

The West Bengal Cess (Amendment) Bill, 1964.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Cess (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, বর্তমানে যে সেস্ আইন আছে, সেস্ আইন অনুযায়ী কোলীয়ারীর নীট মুনাফার উপরে একটা সেস্ ধার্য হয়। এই পদ্ধতি অনুসারে আমরা অনেক সময় যতটা সেস আদায় করবো বলে ভাবি ততটা আদায় করতে পারি না। কারণ বিভিন্ন কোলিয়ারীতে বিভিন্ন রকম হিসাব রাখার পদ্ধতি আছে এবং কোন কোন হিসাব নিকাশের মধ্যে দেখা গেল তারা খরচের দিকটা এতো বেশী করে দেখিয়েছেন যেটা অযৌক্তিক বলে মনে হয়। মোটের উপর বর্তমান পদ্ধতি অনুসারে এই সেস ব্যর্থ যা হয় বা যা ব্যর্থ হওয়া উচিত তা ইভেট করবার অনেক সুযোগ সুবিধা আছে বলে আমাদের ধারণা। সেইজন্য এই সেস সংশোধন বিধেয়কামী আনা হয়েছে এবং এতে বলা হয়েছে এই যে যতখানি কয়লা উঠবে ততটার উপর নয় যত কয়লা ডেসপ্যাচ করা হবে তার উপর সেস ধার্য করা হবে। আগে নীট মুনাফার উপর সেস ধার্য করা হোত এখন যতখানি ডেসপ্যাচ করা হবে তার উপর যে সেস ধার্য হবে তার পরিমাণ ৫০ নয়া পয়সার বেশী হবে না। এইটা এই সেস সংশোধনী বিধেয়কের মূল কথা, আশা করি মাননীয় সদস্যগণ এটা গ্রহণ করবেন।

The motion was then put and agreed to.

Clauses 2 to 12.

The question that clauses 2 to 12 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and the Title.

The question that clause 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Cess (Amendment) Bill, 1964, be returned.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, of course we support the Bill that has been placed before us by the Hon'ble Minister, but I have an enquiry to make and I hope that the Hon'ble Minister will be good enough

to reply to it. Sir, I wonder if there has been any prosecution up till now for evading the section that has been referred to viz., section 6 read with section 72 of the Cess Act of 1880. Sir, has there been any prosecution for evasion of the cess that is payable? He has said in course of his speech that sometimes the account that are placed for the purpose of assessment of cess are not properly made. Now, for such evasion, has there been any prosecution?

Shri Mohit Kumar Moitra:

মাননীয় সভাপতি মহাশয়, এই যে বিল আমাদের সামনে আনা হয়েছে এতে মন্ত্রিমহাশয় স্পষ্ট ভাষায় বলেছেন তাঁরা যে সেস আদায় করেন সেই সেস অনেক সময় আদায় করতে ফাঁকি পড়ে বলে সেই ফাঁকি বন্ধ করবার জন্যই তিনি এই বিল এনেছেন। এই বিলে তাঁরা বলেছেন যে আগে উৎপাদনের পর বিক্রিতে যে লাভ হোত সেই লাভের উপর সেস আদায় করা হোত। সেই লাভের উপর না হয়ে কয়লা খনি থেকে যে সমস্ত কয়লা অন্য জাগায় প্রেরণ করা হবে তার একটা হিসাব নিয়ে তার উপর তাঁরা এখন সেস ধরবেন এবং সেটা কোন ক্ষেত্রে ৫০ নঃ পঃ বেশী হবে না। কিন্তু একথা কোথাও লেখা নেই যে আজ দোকানে এক মণ কয়লা নিতে গেলে পর আমাদের ৩৭ কিলো কয়লার জন্য ২৷৷/ দাম দিতে হয়। তার ওপর আর দাম বাড়বে না। এই বিল এনেছেন এতে মালিক পক্ষের বিশেষ কিছু অসুবিধা হবে না—হয়ত তাঁরা সেস লাভের উপর দিতেন, সেই জায়গায় ডেসপ্যাচ-এর উপর দেবেন। সুতরাং তাঁদের ট্যাক্স বাড়বে না, কিন্তু এই সুযোগ তাঁরা কনজিউমার-এর কাছ থেকে দাম বেশী নেবার সুযোগ পাবেন।

দ্বিতীয় হচ্ছে ডেসপ্যাচ কত হল, রাত্রির অন্ধকারে লরী করে কয়লা পাচার হয়ে গেল কিনা সেটা দেখবার কি ব্যবস্থা হবে এটা স্পষ্ট ভাষায় বলা নেই? ডি-এম-এর কাছে একটা রিটার্ণ দেওয়া হবে সেই রিটার্ণ অনুসারে ডি-এম সব ঠিক করবেন। রিটার্ণ যদি না দেওয়া হয় তাহলে একটা সাস্তির ব্যবস্থা হবে। কিন্তু আজকে আমরা যে পরিস্থিতির সম্মুখীন হয়েছি তাতে আমরা দেখতে পাচ্ছি যে চাল পর্যন্ত পাচার হয়ে গেছে। তেমনি কয়লা পাচার হতে খুব অসুবিধা হবে না। সুতরাং ডেসপ্যাচ-এর উপর যে ভাবে সেস ধরবার কথা তিনি বলেছেন তার সেস ফাঁকি দেওয়া বন্ধ করার যে উদ্দেশ্য নিয়ে তিনি বিলটি এনেছেন সেই উদ্দেশ্য সফল হবে কিনা সে বিষয় যথেষ্ট সন্দেহ আছে।

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, what I wanted to say in my introductory speech was this that there is scope for evasion. The accounts are kept in different ways in different collieries and that gives rise to scope for evasion. In that way we have found certain persons actually guilty of evading cess. So, when we find any person evading cess, we certainly bring the weight of law to bear upon him. There have been a number of cases in which we went to court to punish persons who were guilty of offending the Cess Act.

The next point that has been raised is this that it is likely that the imposition of cess at the enhanced rate would lead to enhancement of the price of coal. I think that was the point made out by my friend, Mr. Moitra. I may say in this connection that the Bihar Government amended the Cess Act some time back and imposed cess on the basis of annual despatch and not on the basis of annual profit, but that did not lead to any rise in the price of coal or cock in Bihar and we have learnt from the example of Bihar that we might also impose cess on the basis of annual despatch of coal and not on the basis of annual profit, to the advantage of West Bengal Government. I might inform the House that our Government earn about Rs. 11 lakhs from this source of cess on collieries. We expect

to have an income of about Rs. 37 lakhs if imposition is made at the rat of twenty-five paise, and if we impose it at the rate of fifty paise, whic is the maximum limit to which we can go, the income will be about Rs. 7 lakhs. That is a very sizable income which our Finance Minister readil looks forward to. I hope the House will accept the motion.

[4-50—5-10 p.m.]

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Wes Bengal Cess (Amendment) Bill, 1964, be returned was then put and agree to.

Mr. Chairman: There is no recommendation to make. This mone Bill goes back to the other House.

THE INDIAN STAMP (WEST BENGAL AMENDMENT) BILL, 1964

The Hon'ble Saila Kumar Mukherjee: I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

I need not make a long speech. When in the last Budget session I presented the budget I said that this slight increase in stamp duty by way of surcharge on transfer of some immovable properties would yield us a revenue of over Rs. 40 lakhs.

The present Bill seeks to make three amendments. One amendment is that the maximum rate of stamp duty on Declaration of Trust is being changed from Rs. 25.8 to Rs. 25, it is being reduced, just to correct a mistake in the previous Act of 1963—an omission in the process of decimalisation of rates of stamp duty. The second amendment is this; at the time of passing the 1963 Act we excluded under a misapprehension one item, viz., article of agreement relating to Bill of Exchange, promissory note, etc., in the belief that they were under the scope of the Government of India and we could not levy tax on them. But since the Government of India have written to us that the State Government are competent to levy it, we have provided for it. The third amendment is an administrative necessity, because there are some items of stamp duty which do not work out to multiples of five paise. Even the Nasik Press does not print any stamps which are not multiples of five paise. We have sought for an amendment to the effect that all rates which are not multiples of five paise are to be rounded off to the next higher multiples of five paise.

The main amendment is to levy a surcharge on transfer of mainly immovable properties, raising it to one-fifth of the basic rates of stamp duty on those instruments. Maharastra (Bombay) have been raising stamp duty on various articles from 1958. We did not follow Maharastra except only in respect of certain matters which did not affect the poor people. To bring into line with Maharastra level of taxation somewhat—it is less than the Maharastra rate we have brought this bill. The money is payable only by the purchaser, not by the people who sell. As honourable members know, prices of land all over the State have gone up by leaps and bounds not only in Calcutta but also in rural areas where the land which used to be formerly sold at Rs. 100 per bigha now sells at Rs. 1,000 per bigha. When the rich can pay higher price for their land, they should pay higher stamp duty for it. This is a tax on the rich.

Shri Amar Prasad Chakrabarty:

আপনি শুধু মাদ্রাজ ও মহারাষ্ট্রের কথা বলেছেন। কিন্তু অন্যান্য রাজ্যে অনেক কম আছে।

The Hon'ble Saila Kumar Mukherjee: We want to bring it up to be at par with what is contained in the Maharastra Act. West Bengal is comparable with Maharastra. It is equally an industrial State in all respects.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, I support the Bill but I would like to know if the Hon'ble Minister has estimated the amount of additional revenue that the imposition of tax will bring us.

The Hon'ble Saila Kumar Mukherjee: We have estimated that the imposition will bring an additional revenue of something between 40 and 50 lakhs.

Shri Sukumar Dutta:

কিন্তু এটাও ঠিক যে বড় বড় প্রপার্টি যেমন হয়—৫ হাজার, ৪ হাজার, ৩ হাজার টাকা কিছু নয়—সেই পোরসনটুকু যদি বাদ দেওয়া যায় এনহ্যানস থেকে তাহলে আমার মনে হয়—যারা নিম্ন মধ্যবিত্ত, তারা উপকৃত হবে।

The Hon'ble Saila Kumar Mukherjee: Nimnaya Madhyabarti will also get the benefit of increased land values. In a village today one bigha of land which was formerly sold at Rs. 200 or Rs. 250 cannot be had today on less than Rs. 1,000 per bigha,

Shri Sasanka Sekhar Sanyal:

বিপদে পড়ে তাদের বিক্রি করতে হয় তো? কাজেই ওখান থেকে একটু ক্ষমা ঘেন্না করতে বলছি।

The Hon'ble Saila Kumar Mukherjee:

কিন্তু বিপদে যে পড়ে সে তো আর দিচ্ছে না, যার বিপদ নাই, যার টাকা আছে—জমি কিনতে যাচ্ছে—তাকে দিতে হচ্ছে

It is a tax payable by the purchaser and not by the vendor. Poor people will not suffer. Sir, I submit that the Bill, as passed by the Assembly, be taken into consideration.

The motion was then put and agreed to.

Clauses 2 to 5.

The question that clauses 2 to 5 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and Title.

The question that clause 1, the Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1964, be returned.

Shri Chittaranjan Roy: It would be only limited to the question of transfer or sale of immovable property, including gift, including lease, including exchange, including mortgage and including sale, and so on.

The Hon'ble Saila Kumar Mukherjee: As you will find in the Bill, the surcharge shall be levied on all instruments mentioned in Articles 18, 23, 31, 32, 33, 35, 40, 54, 58 and 63, in Schedule 1A to the said Act, a surcharge which shall be one-fifth of the stamp-duty chargeable in respect of any of such instruments. The honourable member knows what are the immovable properties with which these Articles deal.

Mr. Chairman: There is no recommendation. The Bill will be returned.

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Indian Stamp (West Bengal Amendment) Bill, 1964, be returned, was then put and agreed to.

Mr. Chairman: The House is adjourned till half past two on Wednesday next. There will be no questions on that day.

Adjournment.

The Council was accordingly adjourned at 5.01 p.m. till 2.30 p.m. on Wednesday, the 5th August, 1964, in the Legislative Buildings, Calcutta

Members absent

Shri Suchaugshu Kanta Acharyya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shrimati Anila Debi.
Shrimati Labanyaprova Dutt.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Manoranjan Gupta.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Sheikh Mohammad Jan.
Dr. Ras Behari Pal.
Shri R. S. Prasad.
Shri Satya Priya Roy.
Dr. Charu Chandra Sany-'

COUNCIL DEBATES

Wednesday, the 5th August, 1964

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 5th August, 1964, at 2-30 p.m. being the fourth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

[2-30—2-40 p.m.]

Help to poor people for conducting Court cases

13. Shri Nirmal Bose :

বিচার বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) দরিদ্র ব্যক্তিদের মামলা পরিচালনার সাহায্য করার জন্য বর্তমানে কি সরকারী ব্যবস্থা রহিয়াছে ;

(খ) যাহারা এইরূপ সাহায্য চায়, তাহাদের সকলকেই কি সাহায্য দেওয়া হয় ;

(গ) "খ"এর উত্তর "না" হইলে, সাহায্য প্রদানের সময় কোন্ কোন্ বিষয় বিবেচনা করা হয় ;

(ঘ) ১৯৬৩-৬৪ সালে এইরূপ সাহায্যপ্রাপ্ত ব্যক্তির সংখ্যা কত ; এবং

(ঙ) যে সব আইনজীবী এই সাহায্য পরিকল্পনা অনুযায়ী ১৯৬৩-৬৪ সালে পশ্চিমবা সরকারের নিকট হইতে অর্থ পাইয়াছেন, জেলাগতভাবে তাহাদের নাম ও প্রা অর্থের পরিমাণ জানাইবেন কি ?

Minister for Judicial (The Hon'ble Iswar Das Jalan):

(ক) কলিকাতা ও শহরতলী অঞ্চলের দরিদ্রদিগকে লিগাল এইড সোসাইটির মাধ্যমে মামল পরিচালনার সাহায্যের ব্যবস্থা রহিয়াছে। বিভিন্ন জেলায়ও দরিদ্র ব্যক্তিদের মামলা পরিচালন সাহায্যের জন্য লিগাল এইড কমিটি গঠিত হইয়াছে, তবে ঐ কমিটি এখনও তাহাদের কায আরম্ভ করে নাই। আশা করা যায় যে শীঘ্রই উক্ত জেলা কমিটিগুলিও তাহাদের কার্য আরম্ভ করিবে।

(খ) না।

(গ) সাহায্যপ্রার্থীদের অর্থনৈতিক অবস্থা, মামলার গুণাগুণ ও গুরুত্ব বিবেচনা করা হয়।

(ঘ) কলিকাতা ও শহরতলী অঞ্চলে ১৯৬৩-৬৪ সালে লিগাল এইড সোসাইটি কর্তৃক ৫২টি মামলা পরিচালনায় সাহায্য করা হইয়াছে ও ১৫০ জন দরিদ্র ব্যক্তিকে আইন সংক্রান্ত উপদেশ দেওয়া হইয়াছে।

(ঙ) সরকার কোন আইনজীবীকে সরাসরি কোন অর্থ দেন না। লিগাল এইড সোসাইটিকে বাৎসরিক যে অর্থ সাহায্য মঞ্জুর করা হয় তাহা হইতে উক্ত সোসাইটি সংশ্লিষ্ট আইনজীবীদে নামমাত্র পারিশ্রমিক দিয়া থাকেন।

Vacant posts of teachers in sponsored colleges

14. Shri Nirmal Bose :

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এ কথা কি সত্য যে সরকারী স্পনসর্ড কলেজসমূহে কোন কোন বিষয়ে নির্দিষ্ট পদ থাকা সত্ত্বেও অধ্যাপক নাই;

(খ) 'ক' এর উত্তর হাঁ হইলে, কলেজ ও বিষয়ের নামসহ তাহার একটি বিবরণ দেবেন কি;

(গ) এই সব পদগুলি কতদিন খালি আছে; এবং

(ঘ) এরূপ খালি থাকিবার কারণ কি?

Minister for Education (The Hon'ble Rabindra Lal Sinha):

(ক) কয়েকটি সরকারী স্পনসর্ড কলেজে বিশেষত কলিকাতার বাহিরে, কোন কোন বিষয়ে নির্দিষ্ট পদ থাকা সত্ত্বেও অধ্যাপকের পদ খালি আছে।

(খ) এবং (গ) বিবরণ সংগ্রহ করা হইতেছে।

(ঘ) কতকগুলি বিষয়ে যথা ইংরাজী, অর্থনীতি, অঙ্ক, বিজ্ঞান ইত্যাদিতে উপযুক্ত সংখ্যক যোগ্য প্রার্থীর অভাব এবং অনেক ক্ষেত্রে কলিকাতার বাহিরে দূরবর্তী কলেজে কাজে যোগ দিতে নির্বাচিত প্রার্থীদের অনিচ্ছা।

Separation of the Judiciary from the Executive in the public services of the State

15. Shri Nirmal Bose :

আইন বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) শাসন বিভাগ হইতে বিচার বিভাগকে বিচ্ছিন্ন করার জন্য কি কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(খ) সর্বস্তরে রাজ্যের মধ্যে বিচার বিভাগের পৃথকীকরণের কাজ সমাপ্ত করিতে আর কত দিন সময় লাগিবে?

Minister for Judicial (The Hon'ble Iswar Das Jalan):

(ক) পৃথকীকরণের জন্য সরকার যে পরিকল্পনার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন, তদনুযায়ী ভারতীয় ফৌজদারী কার্যবিধি আইনটি সংশোধনের একটি খসড়া বিল প্রণয়ন করা হইয়াছে। উহা হাইকোর্টের মতামতের জন্য পাঠান হইয়াছে ও এখন হাইকোর্টের বিবেচনাধীন আছে।

(খ) কোনও নির্দিষ্ট তারিখ এখন দেওয়া সম্ভবপর নয়। হাইকোর্টের মতামত পাওয়ার পর যথাসত্বর প্রয়োজনীয় ব্যবস্থাদি অবলম্বন করিয়া পরিকল্পনাটি রাজ্যে চালু করা হইবে।

Emoluments for the Librarians of the district libraries

16. Shri Nirmal Bose :

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জেলা গ্রন্থাগারের গ্রন্থাগারিকদের বেতনের স্কেল কত;

(খ) বেতন ছাড়া অন্য কোন ভাতা তাঁহারা পান কি;

(গ) গ্রন্থাগারিক ছাড়া গ্রন্থাগারের অন্যান্য কর্মচারীদের বেতন ও ভাতা কত; এবং

(ঘ) গ্রন্থাগারিক ও গ্রন্থাগারের অন্যান্য কর্মচারীদের বেতন ও ভাতা বৃদ্ধির কোন প্রস্তাব কি সরকারের বিবেচনাধীন আছে?

শিক্ষা বিভাগের মন্ত্রী (মাননীয় রবীন্দ্রলাল সিংহ):

(ক) মাসিক ২৫০ টাকা (নির্দিষ্ট)।

(খ) না।

(গ) অন্যান্য কর্মচারী নিম্নলিখিত নির্দিষ্ট বেতন পান—

(১) সহকারী গ্রন্থাগারিক মাসিক ১২৫ টাকা (কেবল পশ্চিম দিনাজপুর জেলা গ্রন্থাগারের জন্য)।

(২) গ্রন্থাগার সহায়ক মাসিক ৭৫ টাকা।

(৩) গ্রন্থাগার পরিচালক মাসিক ৬০ টাকা।

(৪) মোটর গাড়ীর চালক মাসিক ১২৫ টাকা।

(৫) গাড়ী পরিষ্কারক মাসিক ৫০ টাকা।

(৬) দারোয়ান মাসিক ৫০ টাকা।

(৭) নৈশ রক্ষক মাসিক ৫০ টাকা।

(৮) পিওন মাসিক ৫০ টাকা।

উপরি-উক্ত কর্মচারীরা কোন ভাতা পান না।

(ঘ) আছে।

Literate persons in West Bengal

17. Shri Nirmal Bose :

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমানে পশ্চিমবঙ্গের অক্ষরজ্ঞানসম্পন্ন ব্যক্তির সংখ্যা কত;

(খ) মোট জনসংখ্যার হিসাবে ইহার শতকরা পরিমাণ কত;

(গ) ১৯৪৭ সালে স্বাধীনতার পর পশ্চিমবঙ্গে অক্ষর জ্ঞানসম্পন্ন ব্যক্তিদের শতকরা হিসাব কত ছিল;

(ঘ) ১৯৫৭ সাল হইতে ১৯৬৩ সাল পর্যন্ত প্রতি বৎসর এই শতকরা হিসাব কত ছিল; এবং

(ঙ) এই বিষয়ে অন্যান্য রাজ্যের শতকরা হিসাবের পাশাপাশি পশ্চিমবঙ্গের হিসাব তুলনামূলকভাবে দেখাবেন কি?

শিক্ষা বিভাগের মন্ত্রী (মাননীয় রবীন্দ্রলাল সিংহ):

(ক) ১৯৬১ সালের আদমসুমারির হিসাব অনুযায়ী পশ্চিমবঙ্গে অক্ষরজ্ঞানসম্পন্ন ব্যক্তির সংখ্যা ১,০২,২৫,৬৬৪।

(খ) ২৯.৩ পারসেণ্ট।

(গ) ১৯৫১ সালে আদমসুমারিতে হিসাব অনুযায়ী অক্ষরজ্ঞানসম্পন্ন ব্যক্তির শতকরা হার ছিল ২৪.৬।

(ঘ) এইরূপ তথ্য বর্তমানে সরকারের হাতে নাই।

(ঙ) এই বিষয়ে একটি তালিকা উপস্থাপিত করা হইল

বিধান পরিষদের ১৭ নং প্রশ্নের (ঙ) অংশের উত্তর।

রাজ্য	অক্ষরজ্ঞানসম্প ব্যক্তির শতকর হার। (১৯৬১ সেন্সা
কেরালা	৪৬.৮
মাদ্রাজ	৩১.৪
গুজরাট	৩০.৫
মহারাষ্ট্র	২৯.৮
পশ্চিমবঙ্গ	২৯.০
আসাম	২৭.৪
মহীশূর	২৫.৪
পাঞ্জাব	২৪.২
উড়িষ্যা	২১.৭
অন্ধ্রপ্রদেশ	২১.২
বিহার	১৮.৪
নাগাল্যাণ্ড	১৭.৯
উত্তর প্রদেশ	১৭.৬
মধ্যপ্রদেশ	১৮.১
রাজস্থান	১৫.২
জম্মু, কাশ্মীর	১১.০

Secretaries of sponsored colleges

18. Shri Nirmal Bose :

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী স্পনসর্ড কলেজগুলির মধ্যে কোন্ কোন্ কলেজে বর্তমানে অধ্যক্ষ অন্য ব্যক্তি সেক্রেটারী আছেন;

(খ) সেক্রেটারীদের নাম সহ সেই সব কলেজগুলির নাম জানাইবেন কি; এবং

(গ) অধ্যক্ষ ছাড়া অন্য ব্যক্তিদের সেক্রেটারী থাকার কারণ কি?

শিক্ষা বিভাগের মন্ত্রী (মাননীয় রবীন্দ্রলাল সিংহ):

(ক) এবং (খ) বিবরণী এতদ্‌সহ উপস্থাপিত করা হইল।

(গ) (১) কলেজ প্রতিষ্ঠায় যাঁহারা উদ্যোগী এবং কর্মকুশল, যাঁহাদের সংযোগ কলে ভবিষ্যৎ উন্নতি হইতে পারে, ক্ষেত্রবিশেষে তাঁহাদের সম্পাদক পদে মনোনয়ন সর

সমর্থন করেন। ভবিষ্যতে পরিচালক সমিতি পুনর্গঠনের সময় এ বিষয়ে যথাযথ বিবেচনা করা হয়।

(২) শ্রীরামকৃষ্ণ মিশন ও বিভিন্ন অছি পরিষদ (ট্রাস্ট) দ্বারা পরিচালিত স্পনসর্ড কলেজগুলির ক্ষেত্রে সম্পাদক সাধারণতঃ উক্ত মিশন ও পরিষদ কর্তৃক মনোনীত হন।

১৮নং প্রশ্নের (ক) ও (খ) অনুচ্ছেদের উত্তরে উল্লিখিত বিবরণী।

কলেজের নাম ও সম্পাদকের নাম।

১। হুগলী মহিলা কলেজ, হুগলী—শ্রীএন, ধর।
২। আচার্য প্রফুল্লচন্দ্র কলেজ, নব ব্যারাকপুর—শ্রীহরিপদ বিশ্বাস।
৩। ভিক্টোরিয়া ইনষ্টিটিউশন, কলিকাতা—শ্রী পি, সি, মিত্র ও শ্রীসুকুমার রায়, যুগ্ম সম্পাদক।
৪। প্রসন্নদেব মহিলা কলেজ, জলপাইগুড়ি—শ্রীকিরণ রায়।
৫। বহরমপুর মহিলা কলেজ, বহরমপুর—শ্রী এস, এন, সিংহ।
৬। রানাঘাট কলেজ, রানাঘাট—ডাঃ এন, এন, দত্ত।
৭। কান্দী রাজ কলেজ, কান্দী—শ্রীজগদীশ সিংহ।
৮। রামকৃষ্ণ মিশন আবাসিক কলেজ, নরেন্দ্রপুর—স্বামী লোকেশ্বরানন্দ।
৯। মতিঝিল কলেজ, দমদম—শ্রী বি, কে, সেন।
১০। শ্রীচৈতন্য কলেজ, হাবরা—অধ্যাপক সুদেব ঘোষ।
১১। বিবেকানন্দ শতবার্ষিকী কলেজ, রহড়া—স্বামী পূর্ণানন্দ।
১২। বোলপুর কলেজ, বোলপুর—শ্রীহংসেশ্বর রায়।
১৩। বিধানচন্দ্র কলেজ, আসানসোল—শ্রীশিবদাস ঘটক।
১৪। শ্যামসুন্দর কলেজ, শ্যামসুন্দর, বর্ধমান—শ্রী এস, এম, বসু।
১৫। বিজয়নারায়ণ মহাবিদ্যালয়, ইটাচনা—শ্রীইন্দ্রনারায়ণ কুণ্ডু;
১৬। রামকৃষ্ণ সারদা মিশন বিবেকানন্দ বিদ্যাভবন, দমদম—প্রব্রাজীকা গীতাপ্রাণা।

Villages with free and compulsory primary education

19. Shri Rajkumar Chakraverty : Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the number of villages in West Bengal;

(b) the number of villages in West Bengal—

(i) where free primary education has been introduced, and

(ii) where free and compulsory primary education has been introduced?

Minister for Education (The Hon'ble Rabindra Lal Sinha): (a) Number of inhabited villages in West Bengal—38,530.

(b) (i) and (ii) Notifications under section 56 of the Bengal (Rural) Primary Education Act, 1930, have been issued covering the entire rural area of the State except for the district of Purulia where the Act of 1930 was introduced recently on April 1, 1964.

Toll Tax on the Mayurakshi Bridge at Tilpara

20. Shri Narendra Nath Das : Will the Minister-in-charge of the Public Works (Roads) Department be pleased to state—

(a) whether Toll Tax on Cycle, Rickshaw and Bullock Carts on the Mayurakshi Bridge at Tilpara in Birbhum has been discontinued, and

(b) if not, under what authority such Toll Tax is being collected?

Minister-in-charge of the Public Works (Roads) Department (The Hon'ble Khagendra Nath Das Gupta) : (a) Toll tax on Cycle, Rickshaw and loaded bullock carts has not been discontinued, but unloaded carts are exempted from payment of toll tax.

(b) Tolls are collected as levied under the provisions of the Indian Tolls Act, 1851.

Point of order

Mr. Chairman : Now we take up replies to some of the Calling Attention notices.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, before you proceed to the days' business, may I have the indulgence of the House to raise a matter which amounts to a point of order leading to a constitutional crisis, arising out of the no-confidence motion having not been faced by the Council of Ministers yesterday in the other House and also other things. If it is your desire that I should raise this matter today. I shall do so, but if you think that I should wait, then I shall do it.

Mr. Chairman : You better raise it tomorrow and it would help us if you put down in writing some of the points that you would like to raise and had them over to me.

Shri Sasanka Sekhar Sanyal : I shall do so.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, should we as members of this House take up a matter which took place in another House? That is a point for you to decide.

Shri Sasanka Sekhar Sanyal : I hope Professor Nirmal Chandra Bhattacharyya from whom we used to take lessons, does not forget that the entire Legislature is a big composite thing and certainly I am raising this thing because what happened elsewhere will have a constitutional bearing upon this House also, otherwise Sasanka Sanyal would not have raised this matter here.

Shri Nirmal Chandra Bhattacharyya : It is for the Chair to decide. None of us should think that he is absolutely infallible.

Mr. Chairman : I hope Mr. Sanyal will send his points in writing.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Chairman : Replies to some of the Calling Attention notices are due today. If the Ministers concerned are ready, they might give the replies.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, since questions have not been taken up today it is better that we do not take up these Calling Attention matters also.

The Hon'ble Rabindra Lal Sinha : I am ready with my answers.

Mr. Chairman : Then these Calling Attention matters will be taken up after Questions tomorrow.

Shri Nirmalaya Bagchi : I have also given notice of a Calling Attention matter.

Mr. Chairman : Since this matter has been postponed, we shall take it up tomorrow.

Shri Satya Priya Roy :

টুমরো কি ৬টা কলিং এ্যাটেনসান নেবেন আজকের তিনটা পোস্টপণ্ড থাকলে ?

The Hon'ble Rabindra Lal Sinha :

আপনার তিনটা থাকলে উনি একটা নিতে পারেন।

Shri Satya Priya Roy : It is my request to the Chair.

Mr. Chairman : Replies to Five Calling Attention motions are due today—they will be given tomorrow. There will be three more tomorrow—they will be taken up later on. We now take up the debate on the food situation.

Debate on Food Situation

Shri Abdullah Rasul :

মাননীয় সভাপতি মহাশয়, আজ একটা বিশেষ অবস্থার মধ্যে আমরা এই খাদ্য পরিস্থিতি সম্পর্কে আলোচনা আরম্ভ করেছি। বিধানসভায় এ বিষয়ে যতটুকু আলোচনা হয়েছে তার উপর আরও বলবার কথা ছিল, কিন্তু সেটা আপাততঃ বন্ধ হয়ে আছে। সমগ্র দেশের অবস্থা যদি বিবেচনা করা হয় তাহলে এক কথায় এইটুকু বলতে পারা যায় যে পশ্চিম বাংলার জনজীবনকে বর্তমানে সঙ্কট বিপর্যস্ত জর্জরিত করে তুলেছে এবং সেই সঙ্কট দূর করবার জন্য যে ব্যবস্থার হওয়া প্রয়োজন তা এখনও পর্যন্ত হয়নি বা তার কোন সূচনাও দেখতে পাওয়া যাচ্ছে না।

সঙ্কট এই বৎসর আরম্ভ হয়েছে, অন্যান্য বৎসরের তুলনায় অনেক পূর্বেই। মাঘ মাস থেকে খাদ্য সঙ্কটের লক্ষণ দেখা গিয়েছিল, কিন্তু পরে যে মাসে অবস্থা সঙ্কটাপণ্ন হয়ে উঠলো। গত বৎসর খাদ্য শষ্য উৎপাদন কম হয়েছিল এই বৎসরের তুলনায়, প্রায়ই বলা হয় এ বৎসরে বাম্পার ক্রপ যথেষ্ট হয়েছে। তা সত্ত্বেও দেখা গেল যে যে মাসের পূর্বেই রীতিমত খাদ্য সঙ্কট আরম্ভ হয়েছে। গত বৎসর যে মাসে খাদ্যের দর যা ছিল এ বৎসর তার চেয়ে বেশী। এই অবস্থা কি করে হতে পারে বাম্পার ক্রপ হওয়া সত্বেও? এটাই আমাদের বুদ্ধির অগম্য হয়ে পড়েছে। অবস্থা দেখে মনে হয় সঙ্কট যেভাবে এসেছে তাতে গভর্নমেণ্ট এর জন্য পূর্বে থেকে প্রস্তুত ছিলেন না। কিন্তু থাকা উচিত ছিল। জানুয়ারী মাসে যখন ধান এবং চালের দর ধার্য্য করে দেওয়া হয়েছিল সে সময় বিরোধী পক্ষ থেকে কতকগুলি প্রস্তাব দেওয়া হয়েছিল কিন্তু সেগুলি সরকার গ্রহণ করেন নি। তখন আমরা বলেছিলাম প্রকিওরমেণ্টের ব্যবস্থা করতে হবে। আরো বলেছিলাম যে কেবল দর ধার্য্য করলে হবে না সে দরকে চালু রাখবার ব্যবস্থা করতে হবে, এবং এই সমস্ত কারণে স্টেট ট্রেডিং-এর প্রয়োজন আছে, এছাড়া অন্যান্য আরও প্রস্তাব ছিল। অ্যাণ্টি হোরডিং সম্বন্ধেও প্রস্তাব ছিল কিন্তু সে সব প্রস্তাবে কান দেওয়া তখন সরকার প্রয়োজন মনে করলেন না। অথচ সে মাসে অবস্থা দেখে মনে হল যে সরকার সঙ্কট সমাধানের জন্য মোটেই প্রস্তুত ছিলেন না। আজ বৎসরের পর বৎসর ধরে এই খাদ্যসঙ্কট অবস্থা চলে আসছে। গত ১৭ বৎসর ধরে স্বাধীন ভারতে তথা স্বাধীন

বাংলার এই অবস্থাই চলেছে। বিশেষ করে খাদ্যমন্ত্রী যিনি সুরু থেকেই এই দপ্তরের ভার নিয়েছেন তিনি আজ পর্যন্ত এই সমস্যার সমাধান করতে পারলেন না। এবং কি করে এই সঙ্কট দূর হতে পারে তার কোন ব্যবস্থার কথাও চিন্তা করেন না। এর ফলে আজ শুধু খাদ্যের নয়, সমস্ত জিনিষেরই দর বাড়তে আরম্ভ করেছে। ধান চালের দর বাড়ার সঙ্গে সঙ্গে তেলের দর চড়লো এবং অন্যান্য খাদ্যের দর চড়লো। নিত্য প্রয়োজনীয় শিল্পজাতদ্রব্য যা নিত্য ব্যবহার করা হয় সেই সমস্ত জিনিষপত্রের দরও অতিমাত্রায় বাড়তে আরম্ভ হল। এই যে অবস্থা, এই অবস্থার প্রতিকারের ব্যবস্থা কেন হচেছ না সেটা আমাদের কাছে অত্যন্ত আশ্চর্য্যের বিষয় বলে মনে হচেছ। য়্যানটি হোরডিং ব্যবস্থা করা হবে বলা হচেছ খাদ্য শস্য হোর্ড যে করা হচেছ এটা সবাই জানে। মুখ্যমন্ত্রী বলছেন জোতদাররা হোর্ড করছে। শুধু বড় বড় জোতদার নয় বড় বড় ব্যবসাদাররাও হোর্ড করছে। এবং আজও তাদের কাছে মাল আছে। কিন্তু সে মাল উদ্ধার যে পরিমাণ করা উচিত ছিল সে পরিমাণ উদ্ধার করা হয়নি ফলে খাদ্যসঙ্কটের সঙ্গে সঙ্গে খাদ্যের দর বাড়তে আরম্ভ করলো। এবং ইতিমধ্যে ঐ খাদ্য আর কলকাতা সহরে পাওয়া যাচেছ না। এই খাদ্যাভাব এমন অবস্থায় এসেছে যে লোকে আজ খাদ্য কিনতে গেলেও পাচেছ না। অবশ্য গোপনে পাওয়া যায়। আমরা জানি গোপনে পয়সা দিলে বাঘের দুধও পাওয়া যায়, কিন্তু প্রকাশ্য বাজারে পাবার কোন উপায় নাই রিটেলাররা বলতে লাগলো, হোলসেলাররা আমাদের দিচেছ না এবং সে কারণে আমরা দিতে পাচিছ না। আবার হোলসেলারদের কাছে গেলে দেখা যায় তারা গোপনে বেশী দর নেয় এবং ক্যাশ মেমোতে অন্য দর রাখে, ফলে, বাজারে বেশীদামে চাল বিক্রি হচেছ। গভর্নমেণ্ট বলেছিলেন কিছু কিছু হোলসেলারদের সঙ্গে কিছু কিছু রিটেলারদের যোগ করে দেবেন যে সব হোলসেলারদের কাছে ৫০০ কুইণ্টাল করে চাল আছে তাদের সঙ্গে কিছু কিছু রিটেলারদের ব্যবস্থা করে দেওয়া হলো। কিন্তু এই ব্যবস্থা সত্ত্বেও রিটেলারদের অভিযোগ করতে শোনা গেছে যে এনফোর্সমেণ্টের উপস্থিতিতেও হোলসেলাররা তাদের সরবরাহ দেয়নি অথচ এনফোর্সমেণ্টের লোক সব বিষয় স্বচক্ষে দেখেও তার কোন প্রতিকার করেনি।

[2-40—2-50 p.m.]

আর সেই সময় হোলসেলার-এর গোলা থেকে পেছন দিক দিয়ে সেই চাল চলে গেল কালো-বাজারে এবং শিল্প এলাকায় এবং সেখানে সেই চাল চোরাকারবারী দরে বিক্রী হতে লাগলো। এটাকে যদি আমাদের এখানে খাদ্য সঙ্কট দূর করবার উপযুক্ত ব্যবস্থা মনে করা হয় তাহলে নিশ্চয়ই বলতে হবে গভর্নমেণ্টের এই বিষয় কোন রকম দায়িত্ব বোধ আছে—সে কথাটি ঠিক নয়। গ্রাম এলাকায় ধান ধরার চেষ্টা করা হয়েছিল। তাতে কি পরিমাণ ধান ধরা হয়েছে আমি এখনো ঠিক জানি না। কিন্তু যথেষ্ট পরিমাণ যে ধরা হয়নি, যতটা গোপন করা আছে তার তুলনায়, এই কথাই বলতে পারি। সরকারী কর্মচারীরা যেখানে হাজার মণ মজুত আছে সেখান থেকে হয়ত একশো মণ নিয়ে চলে এলেন। আজকাল যেভাবে দুর্নীতিকে প্রশ্রয় দেওয়া হচেছ, তাতে এর চেয়ে বেশী ভাল কাজ হবে তা আশা করা কঠিন। কিন্তু সঙ্কটের সময় এটাও দেখছি আমি জানি একটা ক্ষেত্রে যে গ্রামের গরীব কৃষক ৫ বস্তা ধান অর্থাৎ সাড়ে সাত মণ ধান নিয়ে নিজের ঘরের গাড়িতে করে কলে ভাঙ্গাতে নিয়ে যাচিছলো তিন বস্তা যে বিক্রী করবে আর দু বস্তা বস্তা সিদ্ধ শুকনো করা ধান যে ভাঙ্গিয়ে নিতে সেখানে যখন জিজ্ঞাসা করলেন সরকারী কর্মচারীর যাঁরা ধান সিজ করতে গিয়েছিলেন যে তুমি কোথা যাবে? সে বললে এই দু বস্তা ধান আমি ভাঙ্গিয়ে আনবো মিল থেকে। সরকারের লোকেরা বললেন তাহলে আমাদের শতকরা ২৫ ভাগ দিয়ে যেতে হবে। একথা শুনে সে ব্যক্তি আর ধান ভাঙ্গাতে গেল না। ঘরের খোরাকীর জন্য দু বস্তা বা তিন মণ ধান সে না ভাঙ্গিয়ে নিয়ে বাড়ী ফিরে গেল। এই রকম ধান সিজের একটা দুটো দৃষ্টান্ত হতে পারে বটে, কিন্তু একটা এরকম দৃষ্টান্ত যদি থাকে তাহলেও তা মানুষকে আশ্চর্যান্বিত করে তোলে।

আরো একদিকে উৎপাত দেখা গেল—এ বরাবরই আছে, তবুও এই সময় আরো নগ্নভাবে প্রকাশ হলো—সেটা কি? খাদ্যে ভেজাল তেলে যে কি জিনিষ দেওয়া হচেছ, কি বিষ মেশান হচেছ, কি বিষ যে মানুষকে খাওয়ান হচেছ তার তো হিসেব নেই। অ্যানালিষ্টরা আছেন

তাঁরা কি রিপোর্ট কিভাবে দিচ্ছেন খবরের কাগজে মাঝে মাঝে বেরোয়। অখাদ্য যে তেলের নামে বিক্রী হচ্ছে তাতে কোন সন্দেহ নাই।

দ্বিতীয়তঃ চালের সঙ্গে কাঁকর প্রভৃতি। এটা নূতন কথা কিছু নয়, বহুদিন থেকে আজ ২০ বছর থেকে দেখে আসছি এখনো তার কোন প্রতিকারের ব্যবস্থা হয় নাই। এই ভাবে খাদ্যের যে দুরবস্থা, সেই দুরবস্থায় দেশের সমস্ত মানুষকে পড়ে থাকতে হচ্ছে এবং সকলে চীৎকার করছে। গোপনে খাদ্য কিনতে গেলে দর বেশী হয়। গভর্নমেণ্ট একটা হুকুম জারী করেছেন। গভর্নমেণ্ট হুকুম জারী করলেন ঠিক সরকারীভাবে নয়। কিন্তু নেপথ্য থেকে জিনিষটা কাগজে বেরিয়ে গেল। বেরুলো এই ভাবে যে যদি কেউ ধার্য দর থেকে বেশী দামে খাদ্য ক্রয় কর, তাহলে তোমার শাস্তি হবে। চালু হয়ে গেল যে জেল হয়ে যাবে। আমি ভাবি এতবড় অমানুষিক কথা তাঁরা কেমন করে বললেন? সেটা আমার কাছে আশ্চর্য্য লাগে। খাদ্য মানুষ পাচ্ছে না, গভর্নমেণ্ট লোককে খাওয়াতে পারছে না। খোলা বাজারে চাল কিনতে পাওয়া যাচ্ছে না। সেই অবস্থায় মানুষ কি না খেয়ে থাকবে না অতিরিক্ত দর দিয়ে কিনবে? স্বভাবতঃই ঐ মানুষ পারতপক্ষে অতিরিক্ত দর দিয়ে খাদ্য কিনবে। সরকার জানতেন এই জিনিষটা ঘটবে। কিন্তু তাঁরা এটা বলতে গেলেন কেন? নিশ্চয়ই জেলে পাঠাবার জন্য নয়, জেলে পাঠালে যে বিরূপ প্রতিক্রিয়া হবে। এই যে দেশে হল্লা হচ্ছিল, দেশের লোক বলছে, বারো আনার চাল এক টাকায় কিনছে, এক টাকার চাল আঠারো আনায় কিনছে। এই কথা যারা বার বার চতুর্দিকে থেকে বলছিল ও প্রচার করছিল। গভর্নমেণ্ট কার্যত ১৪৪ ধারা জারী করে তাদের মুখ বন্ধ করতে চাইলেন। এটা করার উদ্দেশ্য? কথাটা রাষ্ট্র হয়ে গেলে এবং তার ফলে ব্যক্তিগতভাবে কেউ আর নালিশ বা কমপ্লেন করবেন না—যে তাদের এই রকমভাবে চড়া দরে কিনতে হচ্ছে। এই একটা চাল তাঁরা দিলেন। রাজনীতিক উদ্দেশ্যে এ একটা অমানুষিক ব্যবস্থা করলেন—এই কথাই আমি বলবো।

বাজার থেকে চাল উধাও হয়ে গেল যখন তাঁরা বললেন যে গোপনে কেউ চাল কিনতে পারবে না বেশী দাম দিয়ে। এই কথা বলার আর একটা উদ্দেশ্য ছিল। গভর্নমেণ্ট জানতেন যে চাল বিক্রী হবেই চড়া দরে। যারা মুনাফা খোর তাঁরা অতিরিক্ত মুনাফা করবেই। গভর্নমেণ্ট চেয়েছিলেন যাতে হল্লা না হয়, এবং অত্যন্ত সহজভাবে লোকের গলা কেটে বড় বড় ব্যবসা দাররা অতিরিক্ত মুনাফাটা করে নিতে পারে। এই ব্যবস্থা, আমি বলবো, হোর্ডার ও ব্ল্যাকমার্কেটারদের উৎসাহ দেবার জন্যই করা হয়েছে।

এছাড়া আরো দেখা গেল কি? দেখা গেল যে এই সমস্ত কাজের মধ্যে সরকারের যে কেবল অযোগ্যতা ছিল তাই নয়, অযোগ্যতা ছাড়াও একথা বলতে পারা যায় যে লক্ষ লক্ষ মানুষকে কোটি কোটি মানুষকে যন্ত্রণা দিয়ে তাদের অবস্থায় অতিরিক্ত দরে খাদ্য ক্রয় করতে বাধ্য করে তাঁরা না করেছেন সেটা একটা অপরাধজনক কাজ। এই অপরাধজনক কাজ গভর্নমেণ্ট করলেন খাদ্য সঙ্কট সমাধানের পরিবর্তে। কিন্তু সং গভর্নমেণ্ট, যাঁদের কিছু মাত্র গণতান্ত্রিক ধারণা আছে, যে কোন সভ্য গণতান্ত্রিক দেশে সেই ধরণের গভর্নমেণ্ট এ রকম পরিস্থিতির মধ্যে কি করতেন তাঁরা পদত্যাগ করতেন—তাঁরা নিজেরা নিজেদের কার্যকলাপের জন্য লজ্জিত বোধ করতেন কিন্তু এই রকম একটা সঙ্কট চলেছে আজ ১৭ বছর ধরে। তার সমাধান না করে সরকার কেবল তাকে বাড়িয়ে তুলছেন, আর হোর্ডার চোরাকারবারী প্রভৃতি সব রাজত্ব করছে, তার প্রতিকারের কোন ব্যবস্থা করছেন না। আমাদের গভর্নমেণ্টের লজ্জা সরম নেই। তাঁরা লজ্জিত হবেন না, আর পদত্যাগও করবেন না। তাঁরা দেশ শাসনের নামে রাজনীতিকে একচেটিয়া করবার চেষ্টা করেন এবং তা চালিয়ে যাবেন, আর সেইজন্য তাঁরা বদ্ধপরিকর হয়ে বসে আছেন। সঙ্গে সঙ্গে আর একটি জিনিস দেখতে পাচ্ছি গভর্নমেণ্টের একটা ঔদ্ধত্যভাব শুধু অযোগ্যতা নয়। তাঁদের মনে এই ঔদ্ধত্য আছে যে তাঁরা খুবই ভাল কাজ করছেন—যা অন্য কেউ করতে পারে না। আজ মুখ্যমন্ত্রীর এই বিবৃতি পাওয়া গেল। সেই বিবৃতির মধ্যেও দেখছি অন্য সব জায়গায় কেউ ভাল কাজ করতে পারে নি—আমাদের পশ্চিমবঙ্গ সরকার দেখ কত ভাল কাজ করেছে। এই তাঁদের ঔদ্ধত্য। স্যার, একটু সেন্স অব হিউমিলিটি থাকার প্রয়োজন ছিল—কিন্তু তা নেই। এমন কি আন্দোলন করলে এঁরা পরিহাস করেন। "ওঃ এরা আবার

খাদ্য আন্দোলন করছে" মানুষকে খাদ্য দিতে পারছেন না তাঁরা, মানুষ খেতে না পেয়ে আন্দোলন করছে, এটা একটা পরিহাসের বিষয় তাদের কাছে। এই ধরণের মনোভাব দেখে মনে হচে যে তাঁরা যেন মানবতাবোধ পর্যন্ত একেবারে হারিয়ে বসে আছেন।

রাষ্ট্রীয় বাণিজ্য সম্বন্ধে বলি। বহু দিন থেকে এটা বলা হচেছ, অনুরোধ করা হচেছ, আবেদন করা হয়েছে—কিন্তু রাষ্ট্রীয় বাণিজ্য চালু করা হয়নি। কিছু দিন পূর্বে দেখা গেল ভারত গভর্ণমেণ্টে অর্থমন্ত্রী লোকসভায় বল্লেন যে এখন কঠোরভাবে রাষ্ট্রীয় বাণিজ্য চালু করা প্রয়োজন এছাড়া আর কোনও বিকল্প পন্থা নেই। তিনি এই ঘোষণা করলেন কি উদ্দেশ্যে তা আমি জানি না। কিন্তু সঙ্গে সঙ্গে দেখা গেল যে যে তারিখে রাষ্ট্রীয় বাণিজ্য সম্বন্ধে শ্রীকৃষ্ণমাচারি এইভাবে ঘোষণা করলেন সেই তারিখে আমাদের মুখ্য মন্ত্রী শ্রীপ্রফুল্ল চন্দ্র সেনও কলকাতা রিপোর্টারদের কাছে বল্লেন যে চালের ব্যাপারে তেলের ব্যাপারে যদি ফুল কণ্ট্রোল করতে হয় তাহলে সেটা অকার্যকর হবে—উপরন্তু তা যত সমস্যার সমাধান করবে তার চেয়ে বেশী সমস্যা সৃষ্টি করবে। এটা ৪ঠা জুন তারিখের ঘটনা এবং তিনি একথা বললেন যে এই সমস্যার সমাধান এইভাবে করতে হলে যে ব্যবস্থা দরকার সেই ব্যবস্থা কার্য্যকরী হতে পারে যদি সমস্ত রাজ্যে রেশন ব্যবস্থা চালু করা হয়। রাষ্ট্রীয় বাণিজ্য সম্বন্ধে তিনি একথাও বল্লেন যে তাঁরা রাষ্ট্রীয় বাণিজ্য চালু করবেন না। তারপর মুখ্যমন্ত্রী সম্মেলন হোল জুন মাসের শেষে ২৪—২৬ তারিখে। সেখানে ভারত গভর্ণমেণ্টের খাদ্য মন্ত্রী প্রস্তাব করে ঘোষণা করলেন রাষ্ট্রীয় বাণিজ্য চালু করতে হবে অর্থাৎ তিনি প্রস্তাব দিলেন।

formation of a Food grains Trading Corporations

-এর কিন্তু সারা ভারতবর্ষের সমস্ত মুখ্যমন্ত্রী সেখানে উপস্থিত ছিলেন তারা সেটা গ্রাহ্যই করলেন না সে প্রস্তাবকে আমলেই আনলেন না। প্রস্তাবটি সম্বন্ধে কোন সিদ্ধান্তই হোল না। কিন্তু মাত্র কয়েকদিন পরেই ১লা জানুয়ারী তারিখে এখানে খবর বেরিয়ে গেল যে পশ্চিমবঙ্গ সরকার আগামী জানুয়ারী মাস থেকে রাষ্ট্রীয় বাণিজ্য চালু করতে পারেন। এবং আরো কনেক দিনের মধ্যে ঘোষণা করা হোল যে তাঁরা এটা চালু করবেন। গভর্ণমেণ্ট যে রাষ্ট্রীয় বাণিজ্য চালু করতে পারবেন বলে এত সত্বর স্থির করে ফেললেন, অকয়েক দিনের মধ্যেই যে মত বদালালেন, তাহলে এটাই কি তাঁরা ঠিক করেছেন যে এই রাষ্ট্রীয় বাণিজ্য বানচাল হবে—সেই জন্যই এটা চালু করছেন? কারণ নিশ্চয়ই সমস্ত রাজ্যে আগামী জানুয়ারী মাস থেকে রেশন ব্যবস্থা হবে না। যদি তাঁরা সেই ধারণা করে থাকেন যে এটা চালু হবে তাহলে সেটা আত্ম-প্রতারণা ছাড়া আর কিছুই নয়। পশ্চিমবঙ্গে চালু যখন হবে তখন নিশ্চয়ই অন্ধ্রে এটা চালু হবে না। তা সত্বেও এটা চালু করবেন বলছেন কেন? যদি করবেনই কয়েক দিন পূর্বে করলেন না কেন—কয়েক মাস পূর্বে স্বীকার করলেন না কেন?

[2-50—3p.m.]

১৯৫৪ সাল থেকে আরম্ভ করে এ নিয়ে অনেক আলোচনা হয়েছে। কিন্তু এই ১০ বছরের মধ্যে গভর্ণমেণ্ট এই ধরণের প্রস্তাব কেন গ্রহণ করলেন না? আমার মনে হয় তাঁদের উদ্দেশ্য খুব মহৎ নয়। তাঁরা আপাততঃ এটা লোককে প্রতারণা করবার জন্য বলছেন যে জানুয়ারী মাস থেকে রাষ্ট্রীয় বাণিজ্য চালু করবেন। কিন্তু এটা কার্য্যতঃ চালু হবে কিনা, সে বিষয়ে সন্দেহ আছে। এই বিষয়ে তাই আমি সকলকে হুঁসিয়ার করে দিচ্ছি। এখানে এর বাহিরে তাঁরা এটা ঘোষণা করতে পারেন, কিন্তু শেষ পর্য্যন্ত হয়তো চালু হবে না। যেমন, এখানে একবার সারা বছরের জন্য মূল্য ধার্য্য করা হয়, আবার কয়েক মাস পর সেটা বানচাল করা হয় এবং আবার নূতন করে মূল্য ধার্য্য করা হয়। সুতরাং তাঁরা এটা খুব আন্তরিকভাবে করছেন কিনা তাতে সন্দেহ আছে। যদি করে থাকেন তালে খুসী হব এবং আমার এই হুঁসিয়ারী যদি প্রয়োজন না হয় তাহলে আমি অত্যন্ত আনন্দিত হব। কিন্তু তাঁরা করবেন কিনা এ বিষয়ে আমার সন্দেহ আছে। স্টেট ট্রেডিং চালু হবে এই কথাটা এখানে বলা হয়েছে, এম আর গ্রামাঞ্চলে দেওয়া হবে তা ভাল কথা এবং এই ব্যবস্থা গুলি যদি কাজে পরিণত হত তাহলে

অবশ্যই জনসাধারণের পক্ষে ভাল হয়। কিন্তু এ বিষয়ে উপযুক্ত ব্যবস্থা যেন গোড়া থেকে করা হয়। উপযুক্ত ব্যবস্থার জন্য প্রয়োজনীয় টাকা পাচ্ছি না বললে হবে না। ব্যাঙ্ক থেকে যে—

advance speculative foodgrains trading

-এর জন্য দেওয়া হচ্ছে সেটা সম্পূর্ণ ভাবে বন্ধ করতে হবে। একে আমাদের গভর্নমেণ্টের ক্ষমতা না থাকলে তাঁরা ভারত গভর্নমেণ্টের কাছে এর জন্য সুপারিশ করুন এবং যে পরিমাণ টাকা দরকার সেই পরিমাণ টাকা লোন নিয়ে পুরাপুরি স্টেট ট্রেডিং চালু করবার ব্যবস্থা করুন। এদিকে দৃষ্টি দিয়ে তাঁরা যদি এখন থেকে কাজ আরম্ভ করেন তাহলে ভাল ফল হবে। কাগজে খবর দেখলাম যে আগামী বছরে রিজার্ভ ব্যাঙ্ক ৬০ কোটি টাকা লোন বাংলা গভর্নমেণ্টকে দেবেন এবং তা যদি দেন তাহলে অনেকখানি সুরাহা হবে বলে আমার ধারণা। এবিষয়ে নিয়ে আর বিস্তৃত আলোচনা না করে আমি প্রস্তাব রাখছি যে তাঁরা দয়া করে ভণ্ডামী ও প্রতারণার সুযোগ সুবিধা গ্রহণ না করে তারা আন্তরিকতার সঙ্গে, সততার সঙ্গে খাদ্য সমস্যা সমাধান করবার জন্য অগ্রসর হন এবং ১৭ বছরে যা করেন নি সেই করুন। ১৯৫৩ সালে বামপার ক্রপ হয়েছিল। সেই বামপার ক্রপ হবার কালে রেশনিং বন্ধ করা হয়েছিল। সেই রেশনিং ব্যবস্থা বন্ধ করে দেবার সময় ভারত গভর্নমেণ্টের খাদ্যমন্ত্রী কিদোয়াই সাহেব বলেছিলেন যে এখন আমাদের চিন্তা করতে হবে বিদেশে কিভাবে খাদ্যশস্য রপ্তানী করা যায়। সেই সময় এখানকার একটা দৈনিক কাগজ তাঁকে বলেছিলেন যে এ ধরণের প্রলাপ বকা উচিত নয় এবং এত তাড়াতাড়ি এ সব কথা বলা উচিত নয়। তাই আমি বলব যে আমাদের এখানে খাদ্য সমস্যা সম্বন্ধে গভর্নমেণ্ট বাস্তব ভাবে চিন্তা করুন অর্থাৎ স্টেট ট্রেডিং চালু করুন উপযুক্ত পরিমাণে। খোলা মার্কেট এখন সারপ্লাস তাঁরা প্রাকিওর করে রেশনিং চালু করুন প্রয়োজনীয় ব্যবস্থা করুন। ব্যাঙ্ক এ্যাডভান্স কোন স্পেকুলেটিভ ট্রেডিংকে যেন না দেওয়া হয় তার ব্যবস্থা করুন, য়্যাণ্টি হোর্ডিং-এর ব্যবস্থা করুন এবং চাল কলগুলিকে সাময়িকভাবে নিজেদের কর্তৃত্বে নিয়ে এসে সেখানে ২৫ পারসেণ্ট লেভি করার কথা না বলে ষোল আনাই আনবার ব্যবস্থা করুন, কারণ এতে দেখা গেছে ১২ আনা অংশ যেটা তাদের হাতে থাকে সেটার ষোল আনাই ব্ল্যাকমার্কেট-এ বিক্রি হয়। সবার উপর খাদ্যশস্যের উৎপাদন বৃদ্ধির দিকে সরকার নজর দিন। তারপর সাবস্টিটিউট অয়েল কিভাবে করা যায় তা চিন্তা করতে হবে। এ সম্বন্ধে কেমিস্টদের মত আমরা কাগজে দেখেছি যে নানান রকম জিনিষ থেকে এডিবল অয়েল বা খাবার তেল পাওয়া যেতে পারে এবং তা যথেষ্ট পরিমাণে পাওয়া যায়। এগুলি সম্বন্ধে খুব বেশী রিসার্চ-এর প্রয়োজন হবে না। কিন্তু এগুলি যথেষ্ট পরিমাণে উৎপাদন করার বিশেষ প্রয়োজন আছে। এ বিষয়ে সরকার যদি দৃষ্টি দেন তাহলে ভবিষ্যতে আমাদের তেলের সমস্যা সম্বন্ধেও কিছু সুরাহা হবে। রিলিফের ব্যবস্থা সম্বন্ধে জনপ্রিয় কমিটিগুলি তৈরী করে সেই কমিটির সঙ্গে সহযোগিতা করার দিকে দৃষ্টি দিন। হোর্ডিং যেখানে আছে সেখানে ব্ল্যাকমার্কেটি বন্ধ করার জন্য উপযুক্ত আইন করতে হবে। ১৭ বছর পর্যন্ত এর জন্য যে কোন আইন নেই সেটা অত্যন্ত দুঃখের ও লজ্জার কথা। এর জন্য আইন করতে হবে এবং সেই আইন অনুসারে যাতে য়্যাডালটারেশনদের বিরুদ্ধে ড্রাস্টিক য়্যাকশন নেওয়া যায়, একজেমপ্লারি পানিসমেণ্ট দেওয়া যায় তার ব্যবস্থা করুন। ৭ দিনের জেল ও ২৫ টাকা জরিমানায় কিছুই হয় না। এই অপরাধটা এমনই মারাত্মক যে তার জন্য গভর্নমেণ্টের কাছে আবেদন করছি তাঁরা দয়া করে এর উপযুক্ত প্রতিকারকে কার্যকরী করার ব্যবস্থা করুন।

Shri Rajkumar Chakravarty : Sir, it is admitted by all sections of this House that we are passing through a great economic crisis in these days. The Chief Minister the other day in opening the waterworks at [illegible] admitted that the price of things has doubled in some cases and in other cases it has gone up more than that. I am sorry that in the statement that was circulated to us yesterday, there is no word of sympathy for the sufferings of the people. People are groaning under all sorts of privations; privations are all around. Sir, last year we had a food crisis and the Government appointed a Price Enquiry Committee. It was Government's own Enquiry Committee. Recommendations were made by that Committee about rice, licensing of producers, importers, wholesalers and retailers in all the areas; regulation of markets mainly at the wholesale stage, setting up of Price Advisory

Boards and Sub-Committees for each major commodity; mainly maintenance of opening stocks; and enforcement of decisions by Government orders and not on the "gentleman's agreement" basis. In substance, the recommendations were for greater Government control on the rice trade, taking over of all output of rice mills and acquisition of the entire marketable surplus of rice and paddy. Now, what is the statement that the Government issued yesterday? Far from accepting the recommendations of their Committee, the Government have said that "we are actively considering the question of taking up State trading",—"actively considering", mind you. "There is a possibility of our taking over the entire output of rice mills all over the State"—the word is "possibility": "We are thinking of introducing full rationing in the Calcutta industrial area", etc. So Government are still "thinking", "considering" and they are "thinking " of the possibility of doing something. We know of a proverb that while Rome was burning Nero was fiddling. I should say that when the country is burning or the people are groaning, our Ministry is thinking and cogitating as to what should be done. I expected that after all this trouble all these days, the Government would say here and now that they have accepted State Trading as their policy and there should be no doubt about its introduction, but that has not come. I hope that after this debate some categorical statement will be made by the Chief Minister to this effect. I know West Bengal does not produce all the foodstuffs required for our people here. I know we have to depend for mustard oil, for rice to some extent upon other States. That I am not going to contradict. My complaint is about the policy of the Government. We have some resources but have we made the best use of them. My point is that we have not made the best use of our resources. The policy of the Government is one of vacillation; it shows lack of foresight; it is based upon wrong calculations and jugglery of figures and the Department has betrayed the Government and [the Ministers in giving the figures.

[3—3-10 p.m.]

We were told that there was a bumper crop this year. But where is the bumper crop? We are told that we require only 48 lakh tons of rice for Bengal, i.e., 4 lakh tons per month and we were assured that we have got these 48 lakh tons of rice. But now we find that calculation has gone wrong. What is that due to? It is due to producers, the hoarders, the profiteers who have taken advantage of the situation. The Government statement issued yesterday contained that "the jotedars are holding the stock in anticipation of making higher profits or more profits in future". That is one thing I find in the statement. Now how has the Government dealt with them? The Government now threatens the producers, next threatens the hoarders, next enters into an agreement with the hoarders and producers. But these producers and hoarders are a hard nut to crack. They bargain and bargain and they come to an agreement that rice should be sold at Rs. 25 per maund. Then after some bargaining again they come to another agreement of Rs. 30 per maund. In this way they go on bargaining. Then there was a gentleman's agreement with regard to oil. It was fixed at Rs. 3 per kilogram, then at Rs. 3·25 per kilogram and then at 3·90 per kilogram. In this way, Sir, they have been dealing with the hoarders and the producers. I do not think the hoarders and the proprietors are taking our Government very seriously. We find in the statement there have been convictions under the Anti-Profiteering Act—94 cases in Calcutta, 1,362 cases in mofussil areas, but the big businessmen have been practically untouched. A poor woman selling rice at the foot of the Howrah Bridge was arrested and then sentenced to a fine of 25 nP. This is the sort of conviction that we are getting under the Anti-Profiteering Act. Even if Government is serious, the Enforcement Department is not serious. In pre-independence days we had our Criminal Investigation Department. They were so efficient and active that they could detect and find out a piece of seditious literature or a revolver even from the nook and corner of the country. But in these days where has the zeal of the C.I.D. gone? They are not very serious.

Sir, I will now come to some constructive criticism. I know there is inflation the country, but the remedy against inflation is production and more production. hat have the Government done to produce more foodstuffs in the country? Chemi-l fertiliser is one of the means by which paddy crops may be increased. The total lotment, during this Third Plan of the chemical fertiliser is 71 crores. But our vernment has sent only 37 per cent. out of the 71 crores. The total allotment for ese fertilisers during this Plan period is five lakh tons. Up till now they have ent only 75,000 tons. How can you get foodstuffs without fertilisers? This year find that 2 lakhs tons of fertilisers were allotted but only 25,000 tons had been leased so far and that also did not reach in time and the effect of the fertiliser has ne in vain for rains. My point is, Sir, there is no co-ordination between the griculture Department and the Department of Food and Supply. There is no per arrangement for irrigation in many places in Bengal. In about 1 crore 11 kh acres of land there are no facilities for irrigation. But a lot of money is being ent. So, if we do not have irrigation, if we do not have fertilizing materials, how n we increase the food production in this country?

Sir, the land reform has been one basis of more production of food: that has been e policy of the Congress, and it should be. But what has been the character of is land reform? A ceiling has been fixed that nobody can own or possess more an so much lands. But the big jotedars, producers and hoarders still hold the vast es themselves in the benami of their friends and relatives. The landless people e no here, they are still the wage-earners, there is no incentive for them to produce re foodstuffs. So, this land reform, so much talked of, has not produced the sired result as was expected.

Sir, we depend on outside help for some foodstuff I know. But if other States not look to our difficulties, if they try to exploit our difficulties, try to have ex-rbitant prices of things, e.g., mustard seeds and other things, well, we have to for-ulate our policy anew about out attitude towards other provinces. I know, dia is one and undivided, and it is one economic unit, and we are producing jute day in the 11 lakh acres of land. We are giving enough of foreign exchange to the dia Government. But are we getting our dues in exchanges for what we are doing All India? We are not. Therefore, time has come for the Government of West ngal to think anew whether cultivation of jute in the 11 lakh acres of land needs be restricted. We might produce more Aus crop in these lands.

Sir, regarding fish, a glowing picture has been given in the statement about the antity of fish to come. I would only read a portion from the Report of the Price quiry Committee in this connection.

"The Fisheries Directorate is also stated to have blamed the Irrigation Depart-nt indirectly for reclamation of the Northern Salt Lake which has denied the local rkets of a substantial part of internal supplies. The Director also referred to failure of the Government to develop the South Salt Lake area. On an examina-n of these points the Committee felt that West Bengal had considerable water urces which had been allowed to deteriorate steadily. Though this State did t have extensive river system, they were large number of tanks and ponds owned her by private citizens or by the Government and *beels*, *baors*, canals, etc. Near lcutta there were *verries* yielding both salt water and sweet water fish. These ries were situated in Bhangar, Sonapur, Diamond Harbour, Canning, Basirhat, , Bongaon, Krishtapur and Bagjola. There were, besides, the estuarine eas in the Sundarbans which was large potential source for fish. So far as it uld be ascertained most of these water resources are lying practically neglected."

This is the report of the Price Enquiry Committee. Sir, we have been told an we find in the statement also that there have been 7 mechanised fishing boats no catching fish and 12 boats are under mechanisation. But what is the produc of fish by these 7 mechanised boats? I do not know where the produce goes; bu if the fishes were in the market certainly the scarcity of fish would not have take place. Sir, will these mechanised boats also go the same way as deep-sea fishin with some trawlers which cost a lot of money of the exchequer?

Coming to oil, Sir, I was glad to find in the statement that Government wa not going to yield an inch in the matter of revising the price but today I find that the have yielded.

[3-10—3-20 p.m.]

These mill-owners of oil have the temerity and the cheek to say "Either we [illegible] down the mills or we increase the price. If you do not agree to the increase of [illegible] we shall adulterate." That is what the mill-owners said. Government have to[illegible] at ed this state of things. These mill-owners have been adulterating and they are selling adulterated oil in the market. Should not an Ordinance be issued ove[illegible] taking charge of some of the oil mills? Should not a law be issued immediately prescribing punishment for adulteration? Should not a law be made overni[illegible] for drastic punishment of the offenders? And should not arrangements be made for hanging lists of offenders in public or by way of advertisement in newspapers?

Sir, I would like to give my humble warning to the Government that the country is on the brink of revolution. Hunger and scarcity have been the causes of revolution in all countries. I think the Government should declare the policy from the floor of the House if they are going in for entire State Trading. But I would warn the Government—for God's sake, do not do it with the help of the hoarders and profiteers. If Government want help and co-operation, let them have it from all sections of the House, from all sections of the public.

Then, lastly, I would like to speak about the acceptance of donations from parties. I know that it is legal in these days. But if any party or say, the ruling party, accepts donations from any big businessman or big producers who are t[illegible] mainstay of the party, there is a direct or indirect obligation on the part of th party to help them. I would, therefore, say that if there is any Sadachar Committ[illegible] or Vigilance Committee introduced in this State, their first duty would be to see th[illegible] no donation are thus received for the party.

Sir, last of all, I would like to remind the Chief Minister that when Shri L[illegible] Bahadur Shastri was in charge of the Railway administration and when he failed t prevent the recurrence of railway accidents, he voluntarily resigned from his offic Our Ministers are also honest people. If they have got conscience and if they fe[illegible] pricking of their conscience, I would ask them to follow the shining example o Shri Lal Bahadur Shastri and quit office for failure of their food policy.

Shri Nirmal Bose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী আমাদের বলেছেন যে দেশের উন্নয়ন হচ্ছে, পরিকল্পনা হচ্ছে সুতরাং খাদ্যদ্রব্যের দাম বাড়বে। অবশ্য এক ভদ্রলোক, যিনি পরিকল্পনা কমিশনের ডেপুটি চেয়ারম্যান হবার জন্য দল ত্যাগ করে কংগ্রেসে যোগদান করেছেন সেই শ্রীঅশোক মেটাও এই একই কথা বলেছেন, বাংলাদেশের কংগ্রেস নেতা শ্রীঅতুল্য ঘোষ যিনি ইদানীং অর্থনীতির একজন বিশেষজ্ঞ সেজেছেন, তিনিও জনসাধারণ চাল চাইলেই বলেন, লেখাপড়া কর। লেখাপড়া কর। এঁরা সবাই একথা বলছেন যে, দেশের আমরা উন্নয়ন করছি, পরিকল্পনার কাজ করছি বলে দাম বাড়বেই এবং সেটা হাসিমুখে স্বীকার করতে হবে। কিন্তু অর্থনীতির বিশেষজ্ঞ যাঁরা, যাঁরা ইকনোমিক গ্রোথ নিয়ে আলোচনা করেন তাঁরা একথা বলছেন না। তাঁরা একথা বলেছেন যে অনুন্নত দেশে উন্নয়নের চেষ্টা সুরু হলে বিনিয়োগ বাড়ে, কাজকর্ম দেওয়া হয়, তাতে সামান্য দাম বাড়তে পারে। কিন্তু সেটা শতকরা দেড়, দুই ভাগ, ২০।২৫ ভাগ দাম বাড়বে না। উন্নয়নের জন্য শতকরা ইনফ্লেশন হবে একথা কে বলেছেন? কোন অর্থনীতি বিশেষজ্ঞ বলেছেন? আমার শ্রদ্ধেয় শিক্ষক অধ্যাপক নির্মল ভট্টাচার্য্য মহাশয় উপস্থিত আছেন বাংলা দেশে অর্থনীতি ও রাষ্ট্রবিজ্ঞানের অধ্যাপকদের মধ্যে তিনি প্রবীণতম—তিনি বলুন, কার বইতে, কোন বিশেষজ্ঞ একথা বলেছেন যে শতকরা ৫০ ভাগ দাম বাড়তে পারে উন্নয়নের চেষ্টা হলে।
Hanson, Arthur Lewis, Betteloheim, Lerner Higgs,
কে বলছেন? কেউ একথা বলেন নি।

তাঁরা বরং একথা বলেছেন যে উন্নয়নের চেষ্টা হলে দাম যদি বাড়ে তাহলে পরিকল্পনা ব্যর্থ হয়ে যাবে, পণ্ড হয়ে যাবে। দাম বাড়লে পরিকল্পনার ব্যয় বাড়বে, লোকে খাবার না পাবার দরুন বিক্ষোভ সৃষ্টি হবে এবং পরিকল্পনা নষ্ট হয়ে যাবে। সঙ্গে সঙ্গে তাঁরা একথা বলেছেন দাম বাড়বার যদি প্রবণতা দেখা যায়, তাহলে তাকে নিয়ন্ত্রণ করবার চেষ্টা করতে হবে। তারা একথা বলেছেন যে পরিকল্পনা করবার সঙ্গে সঙ্গে নিত্য ব্যবহার্য্য দ্রব্য লোক যাতে পান তার নিয়মিত ব্যবস্থা করতে হবে, ভোগের উপর নিয়ন্ত্রণ রাখতে হবে, প্রয়োজন হলে রেশনিং কণ্ট্রোল করতে হবে, দাম বেঁধে দিতে হবে, অতিরিক্ত মুনাফা তুলে নিতে হবে, ব্যাপক হারে প্রত্যক্ষ কর বসাতে হবে, আয়ের উর্দ্ধসীমা বেঁধে দিতে হবে। কিন্তু আমাদের সরকার কোনটাই করেন নি। পরিকল্পনা করে কিন্তু তার সঙ্গে সঙ্গে বিশেষজ্ঞ যাঁরা কাউণ্টার-ভেইলিং মেজার নেবার কথা বলেছেন তা নেব না, এটা কেমন কথা? মোটরগাড়ী চালাব, কিন্তু তার ব্রেক রাখব না তাহলে তো য়্যাকসিডেণ্ট হবে এবং আমাদের দেশের এখন সেই য়্যাকসিডেণ্ট হয়েছে মূল্যবৃদ্ধি রূপ য়্যাকসিডেণ্টএ লোক মারা পড়ছে।

পরিকল্পনার নাম করে যখন আর দাম বারাবার কথা হচ্ছে তখন সেই পরিকল্পনায় কি উন্নয়ন হয়েছে? তৃতীয় পরিকল্পনার কথায় বলা হয়েছে যে লক্ষ্য হচ্ছে প্রতি বছর শতকরা ৫ ভাগ কৃষি উৎপাদন বাড়বে কিন্তু ১৯৬০-৬১ সালে শতকরা ১০৫ ভাগ বেড়েছে, ১৯৬২-৬৩ সালে (–) ৩.৩ ভাগ বৃদ্ধি হয়েছে অর্থাৎ কমে গেছে। শিল্পের ক্ষেত্রে লক্ষ্য ছিল বছরে শতকরা ১১ ভাগ বাড়বে, সেখানে ১৯৬১-৬২ সালে শতকরা ৬.৬ ভাগ বেড়েছে, ১৯৬২-৬৩ সালে মাত্র শতকরা ৮ ভাগ বেড়েছে।

আমাদের দেশে লোকের দৈনিক ব্যয় কত? আমি ডাঃ লোহিয়ার কথা বলছি না, লোকসভার স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারীলাল নন্দ বলেছেন যে দিনে মাথাপিছু লোক সাড়ে সাত আনা খরচ করে এই খরচটা প্রকৃত খরচ নয়, লোকে ধার করে খরচ করছে।

Reserve Bank of India Indebtedness Survey, 1964.

-এ বলা হয়েছে যে কৃষকদের মাথাপিছু গড় ঋণের পরিমাণ ৪০৬ টাকা। আর

Central Statistical Organisation-এর Middle-class Family living survey-তে

বলা হচ্ছে যে ১০০ টাকার কম যাদের মাসিক আয় তাদের সব ডেফিসিট ফামিলি বাজো এই তো অবস্থা। পার্সপেকটিভ প্ল্যানিং-এ বলা হয়েছে, পঞ্চম পঞ্চবার্ষিক পরিকল্পনার শে পরিবার পিছু আয় মাসে ১০০ টাকা, অর্থাৎ মাথাপিছু ২০ টাকা করে। কিন্তু ডাঃ ভি আর ভি রাও, তিনি পরিকল্পনা কমিশনের সদস্য, তিনি বলেছেন যে, যে হারে বা যে গতি উন্নয়ন চলেছে তাতে তা হবে না।

যতটুকু উন্নয়ন দেশে হচ্ছে তার ফলই বা কে ভোগ করেছে? ধনীরা সেটা ভো করছে। সাধারণ মানুষ এর ফল পায় না। মহলনাবীশ কমিটি বলেছেন যে 'কনসেনট্রেস অফ ওয়েলথ' হচ্ছে। মহালনাবীশ কমিটির ভাষায়

"The working of our planned economy has encouraged this process of concentratio by facilitating and aiding the growth of big business in India"

বিশিষ্ট অর্থনীতিবিদ আরথার লুইস তাঁর

"The Theory of Economic Growth"-এ এই কথা বলেছেন,

"It is possible to have economic growth in the sense of increasing output per head with without the majority of the people being any better off because the increased output enriches only a powerful few"

পরের লাইনে তিনি আবার বলেছেন,

"Most people in the world would agree that such development are immoral and would condemn economic policies which benefit the few at the cost of the many, no matter how great the increased output that would remit."

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই কথা বলতে চাই আমাদের ইমমরাল সরকার ইমমরাল ডেভলাপালমেণ্ট করছেন এবং এর জন্য আজকে এই অবস্থার সৃষ্টি হয়েছে এবং মানুষ মরছে।

মাননীয় মুখ্যমন্ত্রী আর একটা কথা বলেছেন তিনি বিপজ্জনক কথা বলেছেন। তিনি বলেছেন যে চীনা আক্রমণের জন্য আমাদের ব্যয় বেড়েছে এবং সেজন্য জিনিষপত্রের দা বেড়েছে। দেশ রক্ষা করার জন্য আমাদের সরকার কি করেছেন? চীন আজও হাজার হাজা বর্গমাইল জমি দখল করে বসে আছে। তা উদ্ধারের কোন ব্যবস্থা হয়নি। প্রতিরক্ষা ব্যবস্থা আমাদের রাজ্যে কি রয়েছে? উত্তরবঙ্গের তিনটা জেলা থেকে সিভিল ডিফেন্স অর্গানাইজেশন তুলে নেওয়া হয়েছে। যে জরুরী অবস্থায় দুর্গাপুর সম্মেলনে ২৫ লক্ষ টাকা খরচ হতে পারে সেখানে সাধারণ লোককে উপদেশ দেওয়া হচ্ছে, জরুরী অবস্থা চলেছে, চীনা আক্রমণই হয়েছে এজন্য দেশপ্রেম দরকার অতএব ত্যাগ করো, ত্যাগ করো, ত্যাগ করো এই সব কথার বলা হচ্ছে। চীনা আক্রমণের কথা তুলে মুখ্যমন্ত্রী মহাশয় কাদের সাহায্য করছেন? যারা চীন আক্রমণকে সমর্থন করে, তিনি কি তাদেরই সাহায্য করছেন না? মাননীয় অধ্যক্ষ মহাশয় দেশদ্রোহী কথা যদি পার্লামেণ্টারী রীতি বিরুদ্ধ হয় তাহলে আমি বলবো বর্তমান মূল্য বৃদ্ধির সঙ্গে চীনা আক্রমণের সম্পর্ক টেনে মুখ্যমন্ত্রী দেশের স্বার্থ বিরোধী কাজ করেছেন।

আর একটা বাঁধাধরা বুলি বলা হয়েছে যে, জনসংখ্যা বেড়েছে। কিন্তু সরকারী হিসা কি বলছে? আমি কেন্দ্রীয় সরকারের

Ministry of Food and Agriculture-এর Food Statistics, 1964.

থেকে দেখাচ্ছি যে, ১৯৫১ সাল থেকে ১৯৬৩ সালের মধ্যে আমাদের দেশে জনসংখ্যা বেড়েছে শতকরা ২৬.৩ ভাগ। আর এই সময়ে খাদ্যশস্য কতটা বেড়েছে? বেড়েছে শতকরা ৪৫.২ ভাগ। ভবতোষ দত্ত কমিটি বলেছেন যে, প্রতি ৮ পয়েণ্ট জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে ১০ পয়েণ্ট খাদ্যশষ্যের চাহিদা বাড়ে। উন্নয়নের সঙ্গে এই হিসাব যদি আমরা মিলিয়ে দেখি তাহলে দেখব ২৬.৩ পয়েণ্ট জনসংখ্যা বৃদ্ধির জন্য প্রয়োজন ৩২.৫ পয়েণ্ট খাধ্যশষ্য। সেখানে ১৯৫১ থেকে ১৯৬৩ সাল পর্যন্ত উৎপাদন হয়েছে ৪৫.২ পয়েণ্ট অর্থাৎ ৩২.৫ পয়েণ্ট অতিরিক্ত খাদ্যশষ্য রয়েছে যখন দেশে ৪৫.২ পয়েণ্ট খাদ্যশষ্য হয়েছে, তখনও কেন খাদ্যসঙ্কট

পশ্চিমবঙ্গের হিসাব আমরা কি দেখছি? আমরা দেখছি, ১৯৬২ সাল থেকেও ১৯৬৩-৬৪ সালে উৎপাদন বেড়েছে। ১৯৬২-৬৩ সালে ধানের উৎপাদন হয়েছিল ৪৩ লক্ষ ৪ হাজার টন আর ১৯৬৩-৬৪ সালে উৎপাদন হয়েছে ৫২ লক্ষ ৫ হাজার টন। অথচ সর্ব ভারতীয় হিসাবে দেখছি, দাম ক্রমাগত বেড়েছে। ১৯৫৩ সালকে যদি ভিত্তি বৎসর হিসাবে ১০০ ধরি তাহলে জানুয়ারী, ১৯৬৪ সূচক সংখ্যা হয় ১৩৭, মে, ১৯৬৪ হয় ১৩৯.২, ৪ঠা জুলাই ১৯৬৪তে হয় ১৪৯.৫ পয়েন্ট। এই এগারো বৎসরে ৫০ ভাগ মূল্য বৃদ্ধি হয়েছে, এবং এই অস্বাভাবিক মূল্য বৃদ্ধিকে কি আমরা ইকনমিক গ্রোথের কারণ বলে মেনে নেবো? সেদিন বিধানসভায় মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বলেছেন যে কলকাতায় ১৯৬০ থেকে ১৯৬৩ সালের মধ্যে ১০০ টাকার কম যাদের মাসিক আয় তাদের জীবনযাত্রার ব্যয় বৃদ্ধি হয়েছে শতকরা ৩০.৭ ভাগ। এটা নিশ্চয় চীনা আক্রমণের জন্য দায়ী নয়?

[3-20—3-30 p.m.]

এর জন্য উন্নয়ন দায়ী নয়, এর জন্য জনসংখ্যা বৃদ্ধি দায়ী নয়, এর জন্য দায়ী হচ্ছে আমাদের এই সরকারের নীতি, চোরাকারবারী মজুতদারী তোষণ নীতি।

জানুয়ারী মাসে যখন রাজ্য সরকার ধানচালের দাম বেঁধে দিলেন তখন থেকে যদি ব্যবস্থা গ্রহণ করতেন, তখন থেকে যদি ধানচাল সংগ্রহ করতেন তাহলে অবস্থা এমন ভয়াবহ হতো না। কিন্তু তা তাঁরা করেন নি, তার কারণ তাহলে পরে ইলেকসনের টাকা আসবে কোথা থেকে। তাহলে দুর্গাপুর সম্মেলনের ২৫ লক্ষ টাকা আসবে থোকা থেকে? তাই তাঁরা তখন তা করেন নি। ৭ই মে ধান সংগ্রহের নীতি তাঁরা গ্রহণ করলেন। মুখ্যমন্ত্রী তাঁর বিবৃতিতে বলেছেন যে ধানচাল উধাও হয়ে গেল। কোথায় গেল? ধান চাল তো আর কর্পূর নয় যে উবে যাবে? তাঁর পুলিশ ও গোয়েন্দারা কি করছে? বর্তমানে অবস্থা অসহনীয় হয়ে দাঁড়িয়েছে—ধান নাই, চাল নাই, গম নাই, তেল নাই। যে চাল পাওয়া তা অসম্ভব দাম। আজ সকালে ১.২৫ নঃ পঃ কেজি চাল কিনতে হয়েছে এবং মফঃস্বলের অবস্থা আরো ভয়ংকর। বিভিন্ন জায়গায় লুঠ পাট সুরু হয়ে গেছে, রেশনিংও সর্বত্র বিস্তৃত হয়নি। তাছাড়া অনাহার অর্দ্ধাহারের খবরও আসছে।

মুখ্যমন্ত্রী মহাশয় কিভাবে আমাদের দেশে মজুতদারদের সমর্থন করছেন দেখুন। তিনি সেদিন বিধানসভায় একথা বিবৃতিতে বলেছেন যে ব্যাঙ্কের আগাম দেবার জন্য এই অবস্থা হয়নি, কিন্তু রিজার্ভ ব্যাঙ্কের হিসেবে আমরা কি দেখি? গত ফেব্রুয়ারী, ১৯৬৪-তে ব্যাঙ্কগুলি থেকে ১১৩.৩২ কোটি টাকা খাদ্যশস্যের জন্য এ্যাডভান্স দেওয়া হয়েছে। আর মার্চ মাসে সেটা বেড়ে হয়েছে ১২৬.৬৮ কোটি টাকা। অর্থাৎ এক মাসে ফেব্রুয়ারী মার্চের মধ্যে ১৩.৩৬ কোটি বেশী নিয়েছে। এই টাকা নিয়ে ধান চাল গম তারা মজুত করেছে বাজার থেকে সরিয়ে নিয়েছে। মজুতদাররা সুযোগ পেয়ে দাম বাড়িয়েছে আর আমরা বেশী দামে কিনতে বাধ্য হচ্ছি। আমরা জানি, রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর সেদিন কি বলেছেন, তিনি বলেছেন, আন-এ্যাকাউন্টেড মানি কালো টাকা বাজারে সঙ্কট সৃষ্টি করেছে। মুখ্যমন্ত্রী ও তাঁর সরকার ঐ কালো টাকার খেলা বন্ধ করবার জন্য কি করেছিল? যখন বাংলাদেশে পাটের দালালেরা ইঞ্জিনিয়ারিং কারখানার মালিকেরা সেই কালো টাকা নিয়ে চাল কিনছিলেন, চাল কিনে গুদামজাত করছিলেন, তখন তাঁরা চুপ করে বসেছিলেন কেন? তখন কোন ব্যবস্থা তারা করেন নি। আমরা জানি, সঙ্কট সমাধানের জন্য উৎপাদন বাড়াতে হয় এবং সেই উৎপাদন বাড়াবার ক্ষেত্রে আমাদের সরকার ব্যর্থ হয়েছেন, শোচনীয় ব্যর্থতার পরিচয় তাঁরা দিয়েছেন। কিন্তু কেবল মাত্র উৎপাদন বাড়ালেই চলবে না, যদি সুসম বণ্টনের ব্যবস্থা না হয় তাহলে আবার সঙ্কট সৃষ্টি হবে।

বর্তমানে রাজ্য সরকার স্টেট ট্রেডিং-এর কথা বলছেন, একথা আমরা বহুদিন ধরে বলছি কিন্তু যারা অসাধু কর্মচারী তাদের দিয়েই যদি স্টেট ট্রেডিং করবার চেষ্টা হয় সেই ব্যুরোক্রাটিক এ্যাটিচুড-এর দ্বারাই যদি একে পরিচালনা করা হয় তাহলে স্টেট ট্রেডিং ব্যর্থ হবে। একথা আজকে

আমাদের জানা দরকার যে সমস্ত পাইকারী ব্যবসায় স্টেট ট্রেডিং হবে কিনা? যদি আজকের বেসরকারী ব্যবসায়ীদের সঙ্গে সহ অবস্থান বা কো-এক্সিসটেন্স হয়, তাহলে এটা নষ্ট হয়ে যাবে। এই বেসরকারী ব্যবসাদাররাই তাহলে বাজার নিয়ন্ত্রণ করবে এবং এই জিনিষটা নষ্ট হবে। আমরা চাই এটা সামগ্রিক হোক টোটাল হোক, সমস্ত ব্যবসাটা সরকার নিজ হাতে গ্রহণ করুন এই কাজকে সফল করবার জন্য এখন থেকেই কৃষকদের দাদন দেওয়া হোক যাতে আগামী মরশুমে তাদের দখলটা সরকার নিতে পারেন এবং কৃষকদের ও মহাজনদের বাড়ী বাড়ী দৌড়াতে না হয়। সমস্ত চালকলগুলি জাতীয়করণ করা দরকার এবং সেই সঙ্গে ব্যাঙ্কগুলিও জাতীয়করণ করা দরকার একথা রাজ্য সরকার কেন্দ্রীয় সরকারকে বলুন যে স্টেট ট্রেডিংকে সফল করবার জন্য ব্যাঙ্কের জাতীয়করণ প্রয়োজন। স্টেট ট্রেডিং-এর জন্য প্রয়োজনীয় মূলধন রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক থেকে পাওয়া যাবে। আর ব্যাঙ্ক বেসরকারী নিয়ন্ত্রণে থাকলে, অসাধু ব্যবসায়ীরা আগাম নিয়ে খাদ্যশস্যের ব্যবসা করবে, এবং স্টেট ট্রেডিং ব্যর্থ হবে। কেবলমাত্র ধান এবং চালের ব্যাপারে নয় আমরা একটা কম্প্রিহেনসিভ প্রাইস পলিসি চাই। আর মানুষের নিত্য ব্যবহার্য সমস্ত জিনিষপত্রের একটা দর বাঁধা দরকার। এদিকে পূজা আসছে। তখন কাপড় নিয়ে ব্যবসায়ীরা কি ব্যবহার করবে আমরা জানিনা। সমস্ত বিষয়ে আমাদের সাধারণ লোকের যা ব্যবহার করা দরকার হয়, এইরকম সমস্ত জিনিষের দাম সম্পর্কে একটা নীতি গ্রহণ করা প্রয়োজন।

মজুতদার যারা, যারা ভেজাল দেয় তাদের বিরুদ্ধে কঠোরভাবে শাস্তির ব্যবস্থা কেন করা হবে না? কেন কঠোরতম শাস্তি তাদের দেওয়া হবে না? যারা সায়ানাইড বিষ তেলে মেশাচ্ছে তাদের ফাঁসিতে কেন ঝোলান হবে না? তারা কি হত্যাকারী নয়? মানুষ খুন করলে যে শাস্তি হয় ভেজালদারীদের কেন সেই শাস্তি দেওয়া হবে না? কেন এই সমস্ত অসাধু ব্যবসাদারদের রাস্তায় দাঁড় করিয়ে চাবকান হচ্ছে না? এই কথা আমি সরকারকে জিজ্ঞাসা করি। আমি মুখ্যমন্ত্রীর কাছে প্রতিশ্রুতি চাই যে সায়ানাইড বিষ যে ব্যবসায়ীরা খাদ্যে মিশিয়েছে, তাদের মোট কয়েকশো টাকা ফাইন নয়, তাদের রাস্তায় দাঁড় করিয়ে সকলের সামনে চাবকাতে হবে এবং এই শাস্তি তাদের দিতে হবে। রাজকুমারবাবু বলেছেন যে মন্ত্রী পর্য্যায়ে সরকারের বিভিন্ন দপ্তরের মধ্যে কো-অরডিনেসন নাই। আমি মনে করি খাদ্য, কৃষি ও সেচ এই তিনটি দপ্তর দপ্তর একজন মন্ত্রীর হাতে থাকা দরকার যাতে সমস্ত বিষয়ের মধ্যে কো-অরডিনেশন থাকে এবং ঠিকমত কাজ চলে। আর একটি কথা আমি জিজ্ঞাসা করতে চাই আমাদের সরকারের কোন ইকনমিক টিম আছে কিনা? আমি জানি না এই রাজ্যে পরিকল্পনার কাজ কিভাবে হচ্ছে, পরিকল্পনা তৈরী কি ভাবে করা হচ্ছে এবং কিভাবেই বা তা কার্য্যকরী করা হচ্ছে বিভিন্ন দপ্তরের মধ্যে যোগাযোগই বা কিভাবে করা হচ্ছে। এই জন্য অর্থনীতিক বিশেষজ্ঞদের নিয়ে একটা ইকোনমিক টিম গঠন করা প্রয়োজন।

আমি মুখ্যমন্ত্রীর কাছে আবেদন করতে চাই যে খাদ্য বিষয়টি দলীয় রাজনীতির উর্দ্ধে রাখুন। যুদ্ধ যেমন সঙ্কটের ব্যাপার, খাদ্য সমস্যাও সেইরকম সঙ্কটের ব্যাপার এটা নিয়ে দলবাজি করবেন না। খাদ্যসঙ্কট সমাধানের জন্য সকলের সহযোগিতা নিন। সবাইকে ডাকুন সবাইকে ডেকে রাজ্যস্তরে একটা খাদ্য উপদেষ্টা কমিটি গঠন করুন। পঞ্চায়েত পর্যন্ত সমস্ত পর্যায়ে এই কমিটি করুন, রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে এই কমিটি করুন এবং সেই কমিটিকে সঙ্গে নিয়ে কোথায় কে চাল লুকিয়ে রেখেছে সংগ্রহ করুন। যে মজুতদারী করছে তাকে ধরুন এবং কিভাবে চাল ও অন্যান্য জিনিষ সাধারণ মানুষের মধ্যে বণ্টন করা যায় তার ব্যবস্থা করুন। এর উদ্যোগ বা ইনিসিএটিভ মুখ্যমন্ত্রীকে নিতে হবে, তিনি যদি উদারতার সঙ্গে এগিয়ে আসেন, নিশ্চয়ই অন্যান্য দল তাঁর সঙ্গে এই ব্যাপারে সহযোগিতা করবে।

এই সঙ্গে আর একটি কথা আমি না বলে পারছি না যে খাদ্যসমস্যা সম্পর্কে আমাদের মুখ্যমন্ত্রী তথা খাদ্যমন্ত্রীর কতটা উদাসীন এই বিবৃতি থেকে তা প্রমাণিত হবে।

এই বিবৃতি আমরা গতকালকে পেয়েছি। কি বিবৃতি? ২৯এ জুলাই তারিখে যে বিবৃতি বিধানসভার সভ্যদের দেওয়া হয়েছে। গতকাল ৪ঠা আগষ্ট তারিখে আমরা ঠিক একই বিবৃতি পেয়েছি। তার কমা সেমিকোলন, কোন কিছুর পরিবর্তন নেই। এই সাত দিনের মধ্যে আমাদের

খাদ্য সমস্যা সম্বন্ধে মন্ত্রীদের কি কিছু করবার ছিল না? অবস্থার কি কোন পরিবর্তন হয় নি? আসলে কিন্তু সাত দিন আগে অবস্থা যেমন ছিল বর্তমানে অবস্থা তার চেয়ে অনেক জটিল হয়েছে। এই জটিল অবস্থায় তাঁদের কি কিছু করবার নেই। তাঁরা কি নাকে সরষের তেল দিয়ে আবার ভেজাল সরষের তেল দিয়ে ঘুমোচ্ছিলেন? কিন্তু আমরা আজকে কাগজে দেখলাম যে একটি বড় রকম সিদ্ধান্ত তাঁরা গ্রহণ করেছেন। ঘানির তেলের দাম বেঁধেছেন টাকা এবং আগমার্ক তেলের দাম বেঁধেছেন ৩.৯০ নয়া পয়সা করে। কিন্তু কেন দাম তুললো—কি ব্যাপার হোল—এ বিষয় তো বিবৃতিতে নেই। কাল বিকালে এই বিবৃতি আমরা পেয়েছি। সোমবার নাকি সরকার সিদ্ধান্ত গ্রহণ করেছেন। মঙ্গলবার সন্ধ্যা বেলায় যে বিবৃতি আমরা পেলাম তাতে কিন্তু একথা নেই। তাহলে যদি একথা বলি সেটা নিশ্চয়ই অন্যায় হবে না, অধ্যক্ষ মহাশয়, যে সংবাদ গোপন করে মুখ্যমন্ত্রী পরিষদের অবমাননা করেছেন।

আমি একথা বলতে চাই, এই আমার শেষ বক্তব্য যে মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকার খাদ্য সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসুন এবং খাদ্য সমস্যা সমাধানের জন্য মজুতদারদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণ করুন। মানুষের এই ক্ষুধা নিয়ে বিদ্রুপ করবেন না। মানুষ যখন ক্ষুধায় কাতর তখন এই অবস্থার সৃষ্টি করবেন না। কোন কিছু বলতে গেলে, সমালোচনা করতে গেলে কোন প্রস্তাব দিতে গেলে তাঁরা বলেন যে আমরা ভোটের জোরে এসেছি, জনসাধারণ আমাদের ভোট দিয়েছে। ভোটের জোরের কথা সব সময় বলা চলে না। ভোট তো অনেকেই পেয়েছিল। নগো দিন দিয়েমের পিছনে ভোটের জোর ছিল, সিংম্যান রি'র পিছনে, ভোটের জোর ছিল। আজ তারা কোথায়? কেবল ভোটের কথা বলে সমস্যা এড়িয়ে যাবেন না। মানুষের ক্ষুধার অন্ন নিয়ে যদি বিদ্রুপ করেন, ছিনিমিনি খেলেন, তাহলে সে যে আগুন জ্বালাবে—সেই আগুনে আপনারা পুড়ে মরবেন এবং সেই পথে আমাদের যেতে হবে, এই সাবধানবাণী উচ্চারণ করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মেডেন স্পীচে আমার পূর্ববর্তী বক্তা অধ্যাপক নির্মল বসু অনেক তথ্য দিয়েছিলেন—অনেক অঙ্কের সংখ্যা দিয়ে আমাদের মুখ্য মন্ত্রীকে বুঝিয়েছেন। কিন্তু যেহেতু তিনি নূতন এসেছেন তিনি জানেন যে আমাদের মুখ্যমন্ত্রীর একটা নূতন জ্যামিতিক উপায় আছে তা না দিয়ে তিনি আমাদের বোঝাতে চেষ্টা করেন। তাঁর গণিত হচ্ছে তিন-তিরিক্কে ১৫—১৫-এর পাঁচ নামলো—আর হাতে রইলো পেনসিল। এই হচ্ছে আমাদের মুখ্য মন্ত্রীর হিসাব। তার কারণ পাঁচ মাস আগে রাজ্যপালের ভাষণে ঘোষণা করা হয়েছিল যে চালের অবস্থা আশাব্যঞ্জক। ইতিমধ্যে কোন প্রাকৃতিক বিপর্যয় ঘটে নি—অথচ এই আশাব্যঞ্জক যে অবস্থা সেটা নৈরাশ্যজনক হয়েছে কেন সে প্রশ্নের উত্তর কিন্তু আমাদের মুখ্য মন্ত্রী কোন সময়ই দেবেন না। লেভি করবার কথা বলেছেন। কত গতকাল বিধানসভায় ৪৫ মিনিট ধরে প্রশ্নোত্তরের সময় একটি প্রশ্নের উপর আমাদের মুখ্য মন্ত্রী বলেছেন যে ৪৮ লক্ষ টন পাওয়া যাবে এবং তার মধ্যে ১২ লক্ষ টন হচ্ছে মার্কেটেবল সারপ্লাস। মার্কেটেবল সারপ্লাস-এর মধ্যে ঐ যে ১২ লক্ষ টন—তার পাঁচ লক্ষ টন সেটা ঢেঁকির ব্যাপার—অর্থাৎ ঢেঁকিতে ছাটাই চাল—তাতে তিনি হাত দেবেন না। ভাল কথা, বাকী থাকে খোলাখুলিভাবে ৭ লক্ষ টন মিলারদের কাছে। একটি অতিরিক্ত কমরেড নিখিল দাস মহাশয়ের প্রশ্নের উত্তরে তিনি বলেছেন যে এ পর্যন্ত ৯৯ হাজার টন চাল মাত্র পাওয়া গিয়েছে। আমার প্রশ্ন হচ্ছে ৭ লক্ষ টনের মধ্যে ৯৯ হাজার টন পাওয়া গেছে বাকী ৬ লক্ষ টন-এর উপর যে চাল রয়ে গেল মিলারদের কাছে—হয় তাদের কাছে না হয় তাদের জোতদার বন্ধুদের কাছে সেটা জমা আছে—সে কথা আর তিনি বলছেন না খোলাখুলিভাবে এবং সেগুলি বের করবার জন্য কেন চেষ্টা করছেন না? আমি সেটা জানতে চাই। লেভি প্রথা ব্যর্থ হয়েছে এবং সেখানে চালকে টেনে বের করবার জন্য সিজারের কথা বলেছেন। তিনি ঘোষণা করেছেন, আগেভাগে কয়েকটি জেলায় সেজারে চাল বাজেয়াপ্ত করবার জন্য বা ধরে আনবার জন্য—কিন্তু আগেভাগে ঘোষণা করেছেন যাতে মজুতদাররা সতর্ক হয়ে যায়।

[3-30—3-40 p.m.]

আজ হয় সেই মিল মালিকদের কাছে না হয় জোতদারদের কাছে যে ৬ লক্ষ টন চাল ম রয়েছে মুখ্যমন্ত্রী এবং তাঁর সরকার সেগুলি বের করবার চেষ্টা করছেন না কেন? মুখ্যমন্ত্রী এ তাঁর সরকার আজ কেন্দ্র থেকে যদি সাহায্য না পেতেন তাহলে বেঁচে থাকতে পারতেন ন কোলকাতা ৭ লক্ষ সংগ্রামী অধিবাসী প্রতিবাদে মুখর হয়ে উঠত বলেই তাঁরা কেন্দ্রের সাহ পেয়েছেন। আমি মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে পারি কি যে ২০ লক্ষ ভুয়া রেশন কার্ড মধ্যে যে ১০ লক্ষ ভুয়ো রেশন কার্ড বেরিয়েছে সেই ১০ লক্ষ ভুয়ো রেশন কার্ড কি করে বেরু চিনির জন্য যখন রেশনকার্ড চালু করছেন তখন এটা হয়েছে। সেপ্টেম্বর-এর ২ তারিখ থে চিনির রেশন কার্ড হল। সেপ্টেম্বর নভেম্বর থেকে ৩৯ লক্ষ থেকে ৫৪ লক্ষ রেশন কার্ড ডিস্ট্রিবি করা হল। স্যার এ কাজ কে করেছে মুখ্যমন্ত্রী কি তা জানেন না? মিঃ সান্যাল ত ডাইরেক্টর ছিলেন। ২০ লক্ষ রেশনকার্ড ২ মাসের মধ্যে বিতরণ করবার রেশনিং অরগানাইজে সে সময় ছিল না, তা সত্বেও রেশন কার্ড বিলি করা হয়েছে। এর ফলে আমরা দেখছি ১০ ল রেশনকার্ড ভুয়া বেরিয়েছে। সেজন্য ১০ লক্ষ জেনুইন যারা কাসটমার তারা সেই রেশন পায় ১০ লক্ষ রেশনকার্ড যে ভুয়া বেরিয়েছে সেই কার্ড-এর যে চাল তা জনসাধারণ পাইনি এবং (চাল চোরকারবারে বিক্রি হচ্ছে। অথচ সেই সান্যালকে মুখ্যমন্ত্রী দিনের পর দিন এক্সটেনস দিচ্ছেন। তাঁর সম্বন্ধে আমরা বহুবার এই বিধান পরিষদ বলেছি, কিন্তু তা সত্বেও তাঁকে তি তাঁর য়্যাডভাইসার করে রেখেছেন উইথ ফুল পে তাঁকে কি কারণে রাখা হয়েছে তা মুখ্যমন্ত্রী জিজ্ঞাসা করতে পারি কি? এর কারণ হচ্ছে কানাই গুহ বলে এক ভদ্রলোক আছেন যাঁর স মুখ্য মন্ত্রী প্রায়ই পরামর্শ করেন চাল সম্পর্কে তাঁর একটা চাল কল আছে—গুহ রাইস মিল এর স সঙ্গে মিঃ সান্যালের খুব যোগাযোগ আছে। আমি বলছি যে ঐ গুহ রাইস মিলের সঙ্গে সান্যালের বন্দোবস্ত আছে এবং তাই ঐ সান্যাল মহাশয় নেপাল রাইস যেটা আমরা স পেয়েছিলাম সেটা চড়া রেটে বিক্রি করবার দায়িত্ব তিনি দিয়েছেন। সেইজন্য কেন্দ্রীয় সরকা কাছ থেকে চাল পাওয়া যাচ্ছে বলে কোন রকম এক কেজি চাল ও গম আমরা পাচ্ছি এবং সঙ্গে তিনি কোলকাতা শহরে আন্দোলন থেকে নিজেকে বাঁচাতে পারছেন। কিন্তু যেখা কেন্দ্রীয় সরকারের সাহায্য নেই সেই তেলের ব্যাপারে তাঁর ব্যর্থনীতি যে কতখানি গভীর স আজকে ভেজাল তেলের মধ্যে দিয়ে দেখছি। স্যার, ৩ টাকা দর বেঁধেছেন তারপর দেখলাম ৩ নয়া পয়সা এবং আজ দেখছি ৪ টাকা। ৩.২৫ নঃ পঃ দর বাঁধার সময় আমরা দেখেছি দিল্লী, উত্তর প্রদেশের দর অনেক উঁচু ছিল। সেই সময় ৩.২৫ নঃ পঃ যখন বেঁধেছিলেন আ আবার কেন তিনি উঁচুতে দর বাঁধছেন বা সে সময় কেন তিনি একটু উঁচুতে দর বাঁধেন নি সে সময় উত্তর প্রদেশ, দিল্লী থেকে আমাদের তেল দিতে চেয়েছিল সেই দরে তেল কিছু কি তাঁরা আনিয়ে রাখতে পারতেন। ৩.২৫ নঃ পঃ দর বাঁধলে ভেজাল দেওয়া হবে, ৭৫ পারসে ভেজাল দেবে, অন্ততঃ ৭৫ নয়া পয়সার ভেজাল তারা দেবে সেটা মুখ্যমন্ত্রী জানতেন। কিন্তু বন্দোবস্ত তিনি করেন নি, কারণ ২.৭৫ নঃ পঃ থেকে ৪ টাকায় দর বাঁধলে লোকে তাঁকে যে তা করবে সেটা তিনি জানতেন। সেজন্য সাহস হয়নি সেই সময় এই ভাবে দর বাঁধতে এবং আজকে হঠাৎ চোরাগোপ্তা ভাবে হঠাৎ আচম্বিতে তিনি দর বাঁধছেন।

আমি মুখ্যমন্ত্রীর কাছে এই সমস্ত জানতে চাই। তেলেতে যে রকম কনসেনট্রেটে পয়জন—সিয়ানাইড ইত্যাদি মেশানো হচ্ছে এবং যার কথা স্বীকারও করেছেন আজ প্রশ্ন উত্তরের সময় তাই আমি বলছি মুখ্যমন্ত্রী মহাশয় তার পাবলিসিটি ডিপার্টমেণ্ট-এ মাধ্যমে তিনি জনসাধারণের কাছে জানান যারা নাকি গ্রামাঞ্চলে মফঃস্বল থাকে তা জানে না কলকাতার শিক্ষিত মানুষ কি করছে অথবা সংবাদপত্রে কি বেরচ্ছে। কিন্তু আজ তার পাবলিসিটি ডিপার্টমেণ্ট-এর জানানো উচিত ছিল যে এই এই দোকান ছাড়া তেল কিনে না, এই এই দোকান ছাড়া যদি তেল কেনো তাহলে যে তেল বিষাক্ত হতে পারে, আজ যুবক শিশু ইত্যাদি সব এই খেয়ে মৃত্যুর দিকে তিলে তিলে এগিয়ে যাচ্ছে। সরকারের পাবলি ডিপার্টমেণ্ট এর এদিকে আমি অঙ্গুলি নির্দেশ করছি। স্যার, শুধু তাই নয় তা ছাড়া আর একটা কথা হলো এরা খুবই ক্যালাস, সে ক্যালাস-এর দৃষ্টান্ত আমি এখানে রাখছি। স্যার, আপ

জানেন কিনা জানি না আমাদের এখানে যে কালটিভেবল্ ল্যাণ্ড আছে সেই টোটাল ক্যালটিভেবল ল্যাণ্ড এর

total acre only 5 per cent. covered by pesticide and insecticide

অথচ আমাদের এখানে যে ক্যালটিভেবল একারেজ আমাদের যে প্যাডি ভেজিটেবিল জন্মায় যে আলু জন্মায় সেই টোটাল ক্রপস্-এর ৫০ পারসেণ্ট ড্যামেজ হচ্ছে। এই পেষ্টিসাইড যার মানি ভ্যালু হচ্ছে ৬০ কোটি টাকার মত। অথচ আমরা দেখছি এখানে গত বৎসর

80 per cent. of the potato

সেটা পশ্চিমবাংলায় জন্মায় সেটা ডেসট্রয়েড হচ্ছে এবং তার টোটাল ফিগার হচ্ছে অর্থাৎ মানি ভ্যালু হচ্ছে ১৫ কোটি টাকার মত। বার বার দিল্লী থেকে তাদের এ সম্পর্কে সতর্ক করে দেওয়া হয়েছে অথচ এখানে ইনসেকটিসাইড কিম্বা পেসটিসাইড যেটা কম সেটাকে এখানে আরও ভালভাবে ব্যবহার করার কোনো উদ্যোগ সরকারের পক্ষ থেকে দেখছি না। গতবার ২৫ লক্ষ টাকা খরচ করা হয়েছিল, এবার দেখছি লেটেস্ট ফিগার ২৩ লক্ষ টাকা। এত বড় ড্যামেজ হওয়া সত্ত্বেও তারা খরচ করতে চান না, তারা ২৫ লক্ষ টাকার যায়গায় ২৩ লক্ষ টাকা ধরেছেন। স্যার, বোম্বে মাদ্রাজ, ইউ. পি, এবং পাঞ্জাবে এই সমস্ত আমাদের তুলনায় তারা ৬ গুণ বেশী পেষ্টিসাইড এবং এনসেকটিসাইড তারা খরচ করে থাকেন। আর আমাদের পশ্চিমবঙ্গ সরকার এতই ক্যালাস যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে জানুয়ারী ১৯৬৪ সালে যে, ২০ লক্ষ টাকা লাইসেন্স দেওয়া হয়েছে ও ফরেন এক্সচেঞ্জ দেওয়া হয়েছে ঐ কপার সালফেট এবং কপার ও অকসিক্লোরাইড কেনার জন্য। কিন্তু এই সকল ভেজিটেবিল গুলিতে যাতে পেসটিসাইড এবং ইনসেকটিসাইড যেটা ব্যবহার করা হয় তার জন্যই। অথচ আজ পর্যন্ত সেই লাইসেন্স তারা ব্যবহার করেন নি এবং তা না করে চালাচ্ছেন, জানুয়ারী ফেব্রুয়ারী মাসের যে ফরেন এক্সচেঞ্জ এর লাইসেন্স দেওয়া হয়েছে সেটা ব্যবহার করতে পারেন নি। স্যার, বোম্বের যে টোটাল ইমপোর্ট পেসটিসাইড হয়ে থাকে তার ৬০ ভাগ বোম্বে ইতিমধ্যেই নিয়ে নিয়েছে আর পশ্চিমবাঙ্গালা কেবলমাত্র ১৪ ভাগ নিয়ে থাকে। স্যার, সেই জন্য বলছি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে আমরা যে সমস্ত সুযোগ সুবিধা পেতে পারতাম এদের অপদার্থতা, অবিমৃষ্যকারিতা এবং ব্যর্থ নীতির ফলেই এরা তা করতে পারেন নি। কেন করতে পারেনি তা আমাদের বন্ধু রাজকুমার চক্রবর্ত্তী এবং নির্মল বসু মহাশয় এ সম্বন্ধে কিছু বলেছেন। স্যার, এদের সাথে যোগসূত্র আছে ঐ সমস্ত বড় বড় পুঁজিপতি এবং ব্যবসাদারদের। মুখ্যমন্ত্রীর কথা বলতে গেলে আমার সেই ভদ্রলোকের কথা মনে পড়ে। এক ভদ্রলোক ছিলেন তিনি বলেছিলেন এই ভারতবর্ষে তথা এই দুনিয়ায় মাত্র চার জন ভাল লোক জন্মেছিল। দুজন মারা গেছেন, আমার বাবা এবং কাকা আর দুজন ভাল লোক বেঁচে আছে আমি ও আমার ভাই। মুখ্যমন্ত্রীর ভাই—যিনি নাকি রাজনৈতিক ছোট ভাই তাঁদের সাথে ঐ দলের স্বার্থ এবং আত্মীয়তা রয়েছে এবং যোগাযোগও রয়েছে

[3-40—3-50 p.m.]

কিছুদিন আগে গুলজারিলাল নন্দজীর কাছে আমি এই চিঠি লিখেছিলাম যে কংগ্রেস সভাপতি কামরাজ নাদার যখন এখানে আসেন, তখন তাঁকে সওয়া দু লক্ষ টাকা কারা কারা দিয়ে ছিলেন অত সময়ের মধ্যে সেই নামগুলি প্রকাশ করা হোক। স্যার, আমি সেই নামের লিস্ট জোগাড় করেছি। কয়েকজনের নাম আমি পড়ে শোনাচ্ছি এস পি জৈন ১০ হাজার টাকা দিয়েছেন, মংঘুরাম জয়পুরিয়া, আর একজন প্রভুদয়াল দারড়িওয়ালা যার কথা আমি আগে বলেছি, যার সাথে আমাদের মুখ্যমন্ত্রীর যোগাযোগ আছে তার কাছ থেকে তিনি লক্ষ লক্ষ টাকা পেয়ে থাকেন এবং সিমেণ্টের চোরাকারবারির ব্যাপার অতি তাড়াতাড়ি তিনি যাতে সিমেণ্ট পান, সেই ব্যবস্থা মুখ্যমন্ত্রী মহাশয় করেছিলেন। সেই প্রভুদয়াল দাবড়িওয়ালার কাছ থেকে টাকা পেয়েছেন। আর একজন তেলের ব্যবসাদার বিপিনবিহারী সাধুখাঁ তার কাছ থেকেও টাকা পেয়েছেন। আর বেঙ্গল এনামেল কোম্পানীর মিঃ গাঙ্গুলী বলে এক ভদ্রলোক তার কাছ থেকে টাকা পেয়েছেন। আজ জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রীকে যে স্যার আমরা দ্বিতীয় ভাগে পড়েছি ঐক্য, বাক্য, মানিক্য, এই "ঐক্য" বলে একটা সংবাদপত্র বেরোয় সাপ্তাহিক

এবং তাতে মুখ্যমন্ত্রী মহাশয়ের বাক্য বেশ ভালভাবে প্রকাশিত হয়ে থাকে। সেই "ঐক্যের" জন্য তিনি তো মানিক্য হয়ে বসে আছেন মন্ত্রীমণ্ডলীর মানিক্য। কিন্তু জিজ্ঞাসা করতে পারি কি টেলিফোন করে করে ঐ সমস্ত ব্যবসাদারদের কাছ থেকে যাতে য়্যাড ভারটাইজমেণ্ট ঐক্যতে" দেওয়া হয়, তার জন্য তিনি চেষ্টা করেন কিনা ভৌমিক বলে এক ভদ্রলোক আছেন আয়রণ সিট ডিলার তার সাথে ওঁর কি যোগাযোগ আছে? "ঐক্যের" কি যোগাযোগ আছে তা জিজ্ঞাসা করতে পারি কি? আমি জিজ্ঞাসা করতে পারি কি তেলে যখন ভেজাল চলছে সেই তুলসী পাল বলে একজন কংগ্রেস কাউনসিলার যার তেলের কল আছে, প্রতিদিন রাত্রে তার ওখানে কত কত বস্তা তিসি আসে ভেজাল দেবার জন্য? তা ওখান থেকে তেল খেয়ে কংগ্রেস সদস্যদের পা ফুলে উঠেছে এবং কংগ্রেসের ডাক্তাররাও সেই কথা বলেছেন। স্যার, আজকে জিজ্ঞাসা করতে পারি কি এ কথা কি সত্য নয় যে শ্রীএস পি জৈন যার বিরুদ্ধে ঐ বেনেট কোলম্যান কোম্পানীর ডিরেক্টর হিসেবে এর পক্ষ থেকে এনকোয়ারী শেষ হয়েছে এবং প্রসিডিংস পেণ্ডিং আছে আণ্ডার কমপেনিজ য়্যাক্ট এবং ইনডিয়ান পেনাল কোড অনুসারে যার বিরুদ্ধে আজকে ক্রিমিনাল চার্জ আছে

as disclosed by the Vivian Bose Commission report

এবং যার এগেনস্টএ কেস হতে চলেছে, সেই এস পি জৈনের কাছ থেকে ওঁর রাজনৈতিক ছোট ভ্রাতা "জনসেবক" কাগজের জন্য, যে কাগজ তিনি পরিচালিত করেন ৭ লক্ষ টাকা নিয়েছেন এবং ফরেন এক্সচেঞ্জ এর যেখানে টানাটানি, সেখানে তিনি সেই ৭ লক্ষ টাকা রোটারী মেশিন কেনবার জন্য দেওয়া হয়েছে? এ কথা কি সত্য নয়? আমি চাই সেই সম্পর্কে একটা তদন্ত হোক। এখানে সদাচার সমিতির কথা উঠেছে। আগামী ১০ই তারিখে তো নন্দজী এখানে আসছেন, নন্দজীর কাছে এই সমস্ত কথা আমি বলবো। কংগ্রেসের যারা নেতা তাদের সম্বন্ধেও বলবো। দুর্গাপুরে কংগ্রেসের অধিবেশন হবে, সেই উপলক্ষ্যে এক লক্ষ টাকা দরকার। সেদিন বিধানসভার মুখ্যমন্ত্রী মহাশয় বললেন মাত্র ২ হাজার টাকা উঠেছে এবং আমি ২৫ টাকা দিয়েছি। এই দেখো রসিদ। এরা নিশ্চিন্ত হয়ে বসে আছেন। এই যে সমস্ত লোকের নাম করলাম তাদের কাছ থেকে পাওয়া যাবে স্যার, সেই জন্য আমি আজকে প্রস্তাব করতে চাই যতই স্টেট ট্রেডিংএর কথা উঠুক না কেন, যতই স্টেট ট্রেডিং করা হোক কেন, এই অসাধু মন্ত্রীমণ্ডলী যাদের সাথে ঐ সমস্ত ব্যবসাদার পুঁজিপতি শিল্পপতিদের যোগাযোগ, তাদের কাছ থেকে টাকা হরণ করবার যে মনোবৃত্তি রয়েছে, যাদের ছাড়া তারা চলতে পারেন না যে গাঁটছড়া বাঁধার সেই সম্পর্কে দাশ কমিশনের মত একটা কমিশন বসিয়ে এই সম্পর্কে তদন্ত করে এই সমস্ত দুর্নীতি পরায়ণ মন্ত্রীমণ্ডলীকে এখান থেকে যতক্ষণ না অপসারণ করা হবে এবং কংগ্রেস নেতৃত্বের বিরুদ্ধে এই সম্পর্কে ব্যবস্থা অবলম্বন না করা হবে, যেমনভাবে আজকে বিজু পট্টনায়কের বিরুদ্ধে তদন্তের কথা চলছে, সেই রকম ভাবে তদন্ত যতক্ষণ না হবে ততক্ষণ কাজের কাজ কিছুই হবে না। যতই স্টেট ট্রেডিং এর কথা তাঁরা বলুন না কেন। এখানে সরিষার মধ্যে ভুত ঢুকেছে। সুতরাং স্টেট ট্রেডিং যদি করতে হয়, সৎ অফিসার দিয়ে সৎ কর্মচারী নিয়ে সেই ভাবে যদি স্টেট ট্রেডিং করেন, তাহলে সাধারণ মানুষের দুঃখ দুর্দশা ঘুচবে।

এই সঙ্গে আমার আর একটা প্রস্তাব হচ্ছে পশ্চিমবঙ্গে কংগ্রেসের যে দশতালা বাড়ী হচ্ছে তার কেবল ফাউনডেসন এ দু লক্ষ টাকা খরচ হয়েছে এবং এই ফাউণ্ডেসন বসাবার সঙ্গে সঙ্গে দেখছি জিনিষপত্র বাজার থেকে উধাও হয়ে গেছে। ঐ বাড়ী নাকি বারো তলা হবে। এক এক তলা বাড়ী উঠবে আর এক এক করে জিনিষপত্র উধাও হতে আরম্ভ হবে যার জন্য আজ চাল পাওয়া যায় না, তেল পাওয়া যায় না, মাছ পাওয়া যায় না। আরো যদি কয়েকতলা বাড়ী উঠতে থাকে একে একে তাহলে আরো কত রকম নিত্য ব্যবহার্য্য জিনিসপত্র বাজার থেকে উধাও হয়ে যাবে।

তাই আমার কনস্ট্রাকটিভ প্রস্তাব—এ বাড়ী বন্ধ করে দেওয়া হোক এবং তার সাথে সাথে দুর্গাপুর কংগ্রেস অধিবেশন বাংলা দেশে না করে—অর্থাৎ দুর্গাপুরে না করে বাইরে করা হোক। কারণ এই এস পি জৈন, মঙ্গিরাম জয়পুরিয়া প্রভুদয়াল খারিওয়ালা বিপিন বিহারী সাধুখা এই সমস্ত লোক যারা ঐ জনসেবকের বেনামদার Large number of shareholders

হয়ে বসে আছে এই সমস্ত যে লোক সব তাদের সাথে যোগাযোগ আছে—এই যোগাযোগ যদি বিচ্ছিন্ন না হয় তাহলে বাংলা দেশের সাধারণ মানুষের জীবনে এই নিত্য ব্যবহার্য্য জিনিস পত্রের যে দর তা বেড়েই যাবে। আজকে টাকার দর ১৭ নয়া পয়সায় নেমে এসেছে—সেই জায়গা থেকে—এই দুঃখ দুর্দশা থেকে বাংলা দেশের সাধারণ মানুষের অব্যাহতি কই? সেইজন্য আজকে সতর্কবাণী উচ্চারণ করতে চাই যে আমরা দেখেছি যে ইংরাজ আমলে অর্থাৎ বিদেশী শাসক যখন আমাদের দেশে ছিল ভারতবর্ষে তথা বাংলা দেশে তখন আমাদের দেশের নওজোয়ানরা সবাই সন্ত্রাসবাদের পথে গিয়েছিল তার কারণ গণতান্ত্রিক আন্দোলনের মধ্য দিয়ে যদি কোন পথ না পাওয়া যায়—যদি তার প্রতিকার না পাওয়া যায়—প্রতিবিধান না পাওয়া যায় গণতান্ত্রিক আন্দোলন তখন সেই পথে যায়। কিন্তু স্যার, আমাদের দেশে আজ আমরা যে সমস্ত বামপন্থী দলগুলি আছি—আমরা গণতান্ত্রিক আন্দোলন করি গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়ে আমরা চাই কংগ্রেস সরকারের কাছ থেকে প্রতিবিধান তার প্রতিকার। কিন্তু যদি তা না হয় ইন স্পাইট অব দ্যাট তাহলে আমাদের অন্য পথ ধরতেই হবে। সেদিন একটি বৃদ্ধা মহিলা আমাকে বললেন যে বাবা এই বাংলা দেশে আমি দেখেছি এক আর আজ জীবনের সায়াহ্নে আমি পৌঁছেছি। আর কদিনই বা বাঁচবো—কিন্তু ইংরাজের সময় আমরা দেখেছিলাম যে আমাদের দেশের ছেলেরা জুলুমের বিরুদ্ধে—অত্যাচারের বিরুদ্ধে, বিদেশীদের বিরুদ্ধে, যারা দোষ করে তাদের বিরুদ্ধে এক হাতে পিস্তল, আর এক হাতে বিষ নিয়ে এগিয়েছিল। আজ যদি তা নাও করা হয় তাহলে অন্তত এটুকু করুক না কেন—এই সমস্ত মন্ত্রীমণ্ডলীতে যারা রয়েছেন যারা দুর্নীতিপরায়ণ যারা সাধারণ মানুষের জীবনকে নিয়ে ছিনিমিনি খেলে তাদের আর কিছু নয় যদি গণতান্ত্রিক উপায়ে এর প্রতিকার না হয়, যদি প্রতিবিধান না করতে পার তাহলে এদের তো এক কান কাটা—এরা তো রাস্তায় বেরোয় এক কান কাটা নিয়ে তাহলে সত্যি সত্যিই এদের দু কান কেটে দাও এদের পা কেটে দাও—এদের পঙ্গু করে দাও—যে হাত দিয়ে ঐ অসাধু ব্যবসায়ীদের থেকে টাকা জোগাড় করে আজকে সেই হাত ভেঙ্গে দাও। সে দিন সেই বৃদ্ধা মহিলাকে আমি বলেছিলাম যে মা আমরা তখন বলতে পারি না—কিন্তু জানি না অনাগত যে—সেই তারা, যারা ভারতবর্ষের জোয়ান, আগামী দিনের নাগরিক তারা সেই পথে চলবে কিনা। সেই কথা, সেই সতর্কবাণী উচ্চারণ করে ঐ বৃদ্ধা মহিলার কথা—তার প্রশ্নের জবাব মুখ্যমন্ত্রী দেবেন যে সেই দিনের অপেক্ষায় তিনি আছেন কিনা।

Shri Narendra Nath Das:

অধ্যক্ষ মহাশয়, আজ একটা রাজনৈতিক ঝড় ওঠার মুখে আমরা খাদ্য সমস্যা সম্বন্ধে আলোচনা করবার জন্য এখানে একত্রিত হয়েছি। আমরা গত কয়েক বছর যাবত প্রতি সেসনেই আমরা খাদ্য বিতর্কে যোগদান করি এবং সরকারের তরফ থেকে যে পারস্পরিক বিরোধী বক্তব্য বলা হয় তার উপর আমরা আলোচনা করি। কিন্তু স্যার, আমি জিজ্ঞাসা করি গত কয়েক বছরে আবার খাদ্য পরিস্থিতি কোথায় এসে দাঁড়িয়েছে? কয়েক দিন আগে মুখ্যমন্ত্রী বলেছেন ১৯৫৪ সাল ১৬ টাকা মণ দরে চাল পাওয়া যেতো। আজ মুখ্যমন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে পারি কি যে আজ চালের দাম কত? আজ ৪৪ টাকা করে চালের দাম—১ টাকা চার আনা কিলো হলে ৪৪ টাকা চালের মণ হয়। আজ কোথায়ও একটাকা চার আনা এক টাকা দুই আনার কমে চাল পাওয়া যায় না। তিনি চারটি ক্যাটাগরীতে করেছিলেন। আজ সমস্ত ক্যাটাগরী মিলে একটি ক্যাটাগরীতে অর্থাৎ সবই সুপারফাইনের পর্যায়ে এসে দাঁড়িয়েছে। কোথায়ও মিডিয়াম রাইস নেই, কোথায়ও কোর্স রাইস নেই সব চাল একটাকা পাঁচ পয়সা দরে বিক্রি হচ্ছে।

[3-50—4 p.m.]

স্যার, তারপর আমরা মুখ্যমন্ত্রীর কাছে শুনেছি যে প্রায়ই একটা নিয়মিত ব্যাপার ক্রপ এবার এসেছে। প্রথমে তিনি বলেছিলেন ৫৪ লক্ষ টন। আমি ৫৪ লক্ষ টনের উপর জোর দিচ্ছি না, কিন্তু ৪৮ লক্ষ টন তিনি স্বীকার করেছেন এবং তার উপর উড়িষ্যা থেকে ১।।—২ লক্ষ টন এসেছে, ৫০ হাজার টন বোরো চাল উঠেছে এবং ৫ লক্ষ টনের মত আউস ধান হয়েছে অর্থাৎ প্রায় ৫০/৫৪

লক্ষ টন। ১৯৬১ সালে বাম্পার ক্রপ হয়ে থাকে। আমরা এবার বাম্পার ক্রপএর কাছাকাছি যাচ্ছি। কিন্তু আমাদের খাদ্য দপ্তর এতই সক্ষম, এফিসিয়েনট যে তারা একটা নিয়ার বাম্পার ক্রপকে কলঙ্ক শাসনে রূপান্তরিত করেছে, একটা অরাজকতা সৃষ্টি করেছে। কাল আজ কোথাও চাল নেই। ভদ্রলোক আজ রাত্রির অন্ধকারে গা ঢাকা দিয়ে ভোর ৪।।টার সময় যাচ্ছে চাল নিতে পাছে তাকে পুলিস গ্রেপ্তার করে। পুলিশ যে বিক্রি করে তাকে গ্রেপ্তার করবে না, যে কিনবে তাকে গ্রেপ্তার করবে। এইরকম স্বেচ্ছাচারিতা সৃষ্টি হয়েছে এর ১৬ টাকা থেকে ৪৪ টাকা চাল হয়েছে। এ বিষয়ে প্রতি বৎসর তিনি পরস্পর বিরোধী বিবৃতি দিচ্ছেন। সেখানে আজ যে বিবৃতি তিনি দিয়েছেন তাতে ছত্রে ছত্রে পরাজয়ের ছাপ রয়েছে। আজ তিনি এখানে দাঁড়িয়ে যদি স্বীকার করতেন যে আমি পরাজিত হয়েছি তাহলে আমরা তার তারিফ করতাম, কিন্তু তা তিনি করেন নি। এবারও সেই পরিসংখ্যানের পেছনে তিনি গা ঢাকা দিয়েছেন। তিনি আমার প্রশ্নের জবাবে বলেছেন যে ডেফিসিট স্টেটএ কখনও স্টেট ট্রেডিং হয় না—অথচ আজ সেই স্টেট ট্রেডিংএর কথা বলছেন। সেদিন তিনি ইকনমিক্সএর কথা বলেছিলেন যে ডেফিসিট স্টেটএ স্টেট ট্রেডিং হয় না। আজকে ডেফিসিট স্টেট–এ স্টেট ট্রেডিং কেন করতে যাচ্ছেন? আপনার সেইযুক্তি এখন কোথায়? এই রকম ধরণের পরস্পর বিরোধী যুক্তি তিনি আমাদের সামনে দিচ্ছেন। আজ আমরা জানতে চাই আজ আমরা কোথায় এসে দাঁড়িয়েছি? আমাদের খাদ্যসমস্যা কোথায় এসে দাঁড়িয়েছে? আজ চাল কিনতে পাওয়া যায় না। এবং যাও পাওয়া যাচ্ছে তাও চোরাকারবারে রাত্রির অন্ধকারে নিতে হবে। আজ তেল মাছ, নুন, দুধ পাওয়া যাচ্ছে না। কংগ্রেস সভ্য যাঁরা এখানে বসে আছেন তাঁরা একথা বলুন যে ইংরাজের সময়, মুসলীম লীগ য়্যাডমিনিস্ট্রেশন এর সময় এইরকম অবস্থা হয়েছি কিনা? এটা অত্যন্ত পরিতাপের বিষয় যে আজ কংগ্রেস পার্টি থেকে কেউ কোন কথা বলছেন না। কংগ্রেস পার্টি থেকে এই রকম সমালোচনা হলে বুঝতে পারতাম যে ভারতবর্ষ ও পশ্চিমবাংলার অবস্থা কি এবং সেই সৎসাহস তাঁদের কাছ থেকে আশা করেছিলাম। আজ এই যে অরাজকতা হচ্ছে এরজন্য দায়ীকারা? কেউ কেউ বলছেন যে সরকারের কোন নীতি নেই। আমি একথা মনে করি না যে সরকারের কোন নীতি নেই, আমাদের

Chief Minister is a fool.

তিনি ডেলিবারেটলি এই জায়গায় এসেছেন এবং তাঁর যে নীতি সেই নীতি অনুসরণ করে চলেছেন। সেই নীতি হচ্ছে

'co-existence with hoarders and manipulators','co-existence with capitalists'

একথা অস্বীকার করার উপায় নেই যে আজ কৃষি বিপননের ভেতর ধনিক বণিক এসে উপস্থিত হয়েছে, শিল্পপতি তার ভেতরে এসেছে এবং তারা আলু, ধান পাট ও তৈল বীজের বিপনন করছে। সেখানে দুটো ক্যাপিটাল একত্র হয়ে মনোপলি ক্যাপিটাল এ রূপান্তরিত হয়েছে, সেই মনোপলি ক্যাপিটাল এর কাছে মুখ্যমন্ত্রী প্রফুল্লচন্দ্র সেন তাদের কাছে তাঁর টিকি বাঁধা। আজকে আন য়্যাকাউনটেবল মানির কথা তিনি বলেছেন। তৈলের বাজারে রিজার্ভ ব্যাঙ্ককে চাপ দিন যাতে তারা ক্রেডিট না দেয়। রিজার্ভ ব্যাঙ্ক এই ক্রেডিট সম্পর্কে কি বলেছেন? রিজার্ভ ব্যাঙ্ক দুঃখ করে বলেছেন আমরা ক্রেডিট বন্ধ করতে পারি। আনয়্যাকাউণ্ট মানি সম্বন্ধে সুব্রনমনিয়াম সাহেব টি টি কে বলেছেন তারা

Rs. 400 crores income-tax.

ফাঁকি দিয়েছে এই যে ৪০০ কোটি টাকা এই ৪০০ কোটি টাকা যাচ্ছে কোথায় না ঐ কৃষি বিপননে যাচ্ছে। এই ক্রেডিট বন্ধ করতে পারেন না। কংগ্রেস পার্টিকে যে চাঁদা দেন সেই টাকা কোথা থেকে আসে? তারপর কো-অপারেটিভ ব্যাঙ্কগুলোতেও সেই ধরণের দুর্নীতির কেন্দ্র হয়েছে।

এই ব্যাপারে কো-অপারেটিভ ব্যাঙ্ক যে লোন দেয় তাতে রিজার্ভ ব্যাঙ্ক এর কোন হাত থাকে না। আজকে এই আন ব্যাকাউণ্টেড মানি এবং কো-অপারেটিভ ব্যাঙ্ক গুলো কৃষি বিপননকে কুক্ষিগত করছে এবং একত্রে শোষণ করছে। সেখানে চলেছে—

Co-existence of hoarders, Profiteers and Blackmarketeers.

এই হচ্ছে আজকে গভর্নমেণ্ট-এর নীতি। আজকে তাঁরা মনোপলি ক্যাপিট্যালিজম সঙ্গে যদি সহযোগিতা না করেন তাহলে তাদের চলবে না কারণ মনোপলি ক্যাপিটালিজমকে

ডান হাত দিয়ে টাকা দিচ্ছেন আর বাঁ হাত দিয়ে তাদের কাছ থেকে ডোনেসন নিচ্ছেন। এখানে দুর্গাপুর কংগ্রেসের কথা উঠেছে আমি সেকথা আবার এখানে উত্থাপন করব না। মাননীয় অতুল্য ঘোষ মহাশয় এই কথা বলেছেন যে, আমরা ১ লক্ষ লোকের কাছ থেকে ২৫ টাকা করে চাঁদা নেবো। যাঁদের পশ্চিমবাংলার অর্থনীতিতে একটু জ্ঞান আছে তাঁরা বলতে পারবেন যে পশ্চিম বাংলার ১ লক্ষ লোক ২৫ টাকা করে দিতে পারবে কিনা? আমি আরো জিজ্ঞাসা করি যে ১ লক্ষ লোকের নাম কি কখনও প্রকাশ করা হবে? সেই ১ লক্ষ লোক কারা তা আমরা জানতে চাই? আমাদের পশ্চিমবাংলার মধ্যে ১ লক্ষ লোক এরূপ নেই যারা কংগ্রেসকে সমর্থন করেও ২৫ টাকা করে চাঁদা দিতে পারে। মেদিনীপুর কংগ্রেসের একটা বড় বাড়ী হয়েছে সেখানে যখন ডোনার্সদের নাম পড়া হলো তখন দেখা গেলো তাদের মধ্যে মেদিনীপুরের একজনও নেই। ওখানকার কংগ্রেস কর্মীরা চেনে না এরূপ লোকের কাছ থেকেই টাকা এসেছে। এটা কি ভাবে আসে? আমার পশ্চিমবঙ্গ সরকারের বিরুদ্ধে অভিযোগ যে তাঁরা এপ্রকার কার্য্য করছেন এবং ডেলিবারেটলি তা করছেন আমি জিজ্ঞাসা করছি মুখ্য মন্ত্রী মহাশয়কে যে তিনি ৮ই তারিখে যেমন চালের দাম বেঁধে দিলেন তার আগে কেন দিলেন না? আপনারা গত বার দেখেছেন চালের মণ ৫০-৫২ টাকা পর্যন্ত হয়েছে কিন্তু তখন মুখ্য মন্ত্রী সাহস করেন নি এই বিধান মণ্ডলীর সামনে এই সমস্ত আলোচনা করতে তখন বিধান সভার কোনো সেসন হয়নি তিনি এটাকে এড়িয়ে গেছেন ফলে নভেম্বর সেসন হয়নি তারপর ডিসেম্বর—এ যখন পাবলিক ওপিনিয়ন জোতদার হলো তখন বাধ্য হয়ে ক্রিসমাসডের পরে আমাদের সেসন ডাকা হলো এবং সেই সময় দাম বেঁধে দেওয়ার কথা হয়, আমার কথা হচ্ছে আপনারা কেন নভেম্বরে এটা করলেন না এবং তার জন্য দায়ী কে? তার জন্য দায়ী মুখ্যমন্ত্রী মহাশয় এবং তার ভীরুতা ও কাপুরুষতা। মুখ্যমন্ত্রী মহাশয় সাহস করেন নি নভেম্বর মাসে যখন চালের দর ৫০-৫৫ টাকা হলো তখন সেসন ডেকে এই সব করতে। তিনি তরা অক্টোবরে যে স্টেটমেণ্ট দিলেন তাতে তিনি বললেন যে খাওয়াতে পারবো না। তারপর যে অবস্থার সৃষ্টি হয়েছিলো সে অবস্থায় সাহস করেন নি যে নভেম্বর মাসে সেসন ডেকে দাম বেঁধে দিতে তিনি যদি ঐ সময় দাম বেঁধে দিতেন তাহলে সে সময় ঐ অবস্থা সৃষ্টি হতো না। তিনি ৮ই জানুয়ারী দাম বাঁধলেন তারপর ৭ই মে মজুত দখল করার জন্য হুকুমনামা জারী করলেন। এই পাঁচ মাস যাবৎ কি করলেন সেটাই আমার জিজ্ঞাস্য? ১৯৬৩ সালের চেয়েও এবারে প্রায় দশ লক্ষ টন বেশী খাদ্য শস্য উৎপাদন হয়েছে। তা সত্বেও মারকেট য়্যারাইভেল অত্যন্ত কম ছিল। ১৯৬৩ সালের জুন মাস পর্যন্ত যে মার্কেট য়্যারাইভেল ছিল তারপরে এত কমে গেল কেন? জুন মাস পর্যন্ত যে মার্কেট য়্যারাইভেল ছিল দেখা গেলো তারপরে প্রায়

16.25 per cent. market arrival

কমে গেছে। মুখ্যমন্ত্রী মহাশয় সচেতন মানুষ তাঁর এটা বুঝা উচিত ছিল যে খাদ্য হোরডিং হচ্ছে সমস্ত লুকিয়ে ফেলছে। কিন্তু তার জন্য তিনি কিছু করলেন না। তিনি জানতেন যে ১৯৬৩ সালে যে পরিমাণ খাদ্যশস্য উৎপন্ন হয়েছে ১৯৬৪ সালে তার চেয়েও দশ লক্ষ টন বেশী হওয়া সত্বেও ১৯৬৩ সালের তুলনায় ১৯৬৪ সালে দাম অনেক বেশী হয়েছে। ফলে আমি যে পাঁচ মাসের কথা বলেছি সেই পাঁচ মাসে হোরডার বা হোরডিং করে গেছে তিনি এই ভাবে চোরাকারবারীদের সুযোগ দিয়েছেন। আজ তিন সম্পন্ন চাষীর কথা এখানে বলেছেন। তিনি বলেছেন সম্পন্ন চাষীরা কিছু মজুত করেছিল। আমি জিজ্ঞাসা করছি উনি সম্পন্ন চাষী বলতে কাদের বলছেন তা তাদের কথা জানেন কি? তিনি শ্যামবাবুর ডিপার্টমেণ্ট থেকে খোঁজ করলে তাদের নাম পেতে পারেন এবং তাহলে তিনি বুঝতে পারবেন যে কারা মজুতদার হতে পারে। এই মজুতদাররাই ঐ পাঁচমাস তাঁদের সমস্ত ধান বণ্টন করেছে তাদের ভাগচাষীদের মধ্যেও পাশের বাড়ীতে এবং তাদের এই কথা বলে দিয়েছে। তোমরা যদি খবর দাও বা বলে দাও তাহলে তোমাদের যে শোয়া বাড়ী বা দেড়া বাড়ী দেওয়া আছে অর্থাৎ তারা যদি একমণ ধান নেয় ডিসেম্বর বা জানুয়ারী মাসে তাকে দেড় মণ দিতে হয় সেটা আর দেওয়া হবে না।

[4—4-10 p.m.]

এই ভাবে তারা ধান দিয়ে থাকেন, এই জোতদাররা করেন। জোতদাররা তাদের শাসি দিয়েছেন এই বলে তোমরা যদি পুলিসের কাছে এসব বলো, গভর্নমেণ্টের কাছে বলো ত তোমাদের আর কাউকে ধান ধার দেব না। এইভাবে তাঁরা মাস কন্‌ট্রাক্ট করে আজকে ধানে খবর আটকে দিয়েছেন। তাই তাদের জিজ্ঞাসা করি যে কোথা—যেদিন ৮ই জানুয়ারীতে ধানে দাম বাঁধলেন তখন কাউণ্টার ভেইলিং মেজার কি নিলেন? এই কাউণ্টার ভেইলিং মেজ নেওয়া তখন উচিত ছিল। আমরা সেদিন তাদের কাছে আশংকা প্রকাশ করেছিলাম যে আপনা যদি এই সাথে কাউণ্টার ভেইলিং মেজার না নেন, তাহলে ঐ দাম বাঁধা সার্থক হবে না। (কাউণ্টার ভেইলিং মেজার হিসাবে আপনাকে বাফার স্টক করা উচিত। ৫ লক্ষ টনের বাফ স্টক যদি আজকে আপনার থাকতো, তাহলে এইভাবে আর আপনাকে এখন কাঁদতে হতো না আজ তাকে এখানে গালাগালি শুনতে হতো না। কিন্তু তিনি তা করেন নি। ৫ লক্ষ টনে বাফার স্টক জোগাড় করা শক্ত নয়। আমি এই কথা বলছি না যে যুদ্ধের সময় যে ফোর্স প্রকিওরমেণ্ট হতো, সেইভাবে করার দরকার নাই। কিন্তু যেখানে ৪৮ লক্ষ টন চাল উৎপ হয়েছে, যেখানে ১২ লক্ষ টন মারকেটএবল সারপ্লাস, এটা তো হিসাবের কথা ১২ লক্ষ ট যেখানে বাজারে আসছে তা থেকে তিনি ৩।৪ লক্ষ টন অতি সহজেই কিনতে পারতেন কিন্তু তা তিনি করেন নাই, প্রকিওর তাঁরা করেন নি কোন বাফার স্টক তিনি করেন নি ঐ ভবতোষ দত্ত কমিটি যে কথা বলেছেন তা তিনি শোনেন নি।

তারপর স্যার, আমরা রাইস মিল সম্বন্ধে বলেছিলাম যে সমস্ত রাইস মিলের প্রডিউস আপনা নিয়ে নিন এবং তাকে শুধু তুষকুড়ো দিয়ে মিলিং চার্জটা দিয়ে দিন। তিনি তাও শুনলে না। তিনি শেষ পর্যন্ত সিদ্ধান্ত করলেন ২৫ পারসেণ্ট সেখান থেকে নিবেন কিন্তু স্যা আপনাকে আমি জানাচ্ছি যে দুর্নীতির রাজা পাঞ্জাবের প্রতাপসিং কাইরণ সেখানে ৬৬ পারসে নিতেন। আর অন্ধ্র দেশ যেটা সারপ্লাস স্টেট সেখানেও ৩০ পারসেণ্ট তাঁরা নেন। কিন্তু আমাদে দেশ যখন বিপন্ন, একটা প্রেসিপিটেট এর সামনে এসে দাঁড়িয়েছে, তখন আমরা মাত্র ২ পারসেণ্ট নিলাম। একটা আশ্চর্য্য ব্যাপার। মুখ্যমন্ত্রী মহাশয় ৩১এ তারিখে আমার প্রশ্নে জবাবে বলেছেন যে, তিনি যা চেয়েছিলেন ৮৭ হাজার টন, তার ওয়ানথার্ড পেয়েছেন মাত্র এই ওয়ানথার্ড কেন পেলেন? এটা কি তাঁর সক্ষমতার পরিচয়? এফিসিয়েনসির পরিচয় যোগ্যতার পরিচয়?

আমার প্রশ্ন হচ্ছে তিনি এই কাউণ্টারভেইলিং মেজার নেন নাই। এছাড়া লাইসেন্স দেওয়ার ব্যাপারেও অনেক গোলমাল হয়েছে। তারপর তিনি মিলের কাছে চপেটাঘাত খেয়েছেন, ঠক্কর খেয়েছেন। মিল তাঁকে দেয়নি। এরপর তিনি জোতদারদেরও কুর্নিশ করছেন। কারণ ভোটের সময় তাদের উপরই তাঁকে নির্ভর করতে হয়। সেখানে তিনি জোতদারদের গ্রেপ্তার করতে গিয়েছেন, সেখানে তিনি বেশীদূর এগুতে পারেন নি। স্যার আপনি জানেন বর্দ্ধমান, হুগলী, বীরভূম, মেদিনীপুর, বাঁকুড়া এই কয়টা জেলাতে যদি আমরা ১৬ লক্ষ টন চাল মারকেটএবল সারপ্লাস ধরি, তাহলে অন্ততঃ দু লক্ষ টন চাল সেখান থেকে তিনি সহজেই সংগ্রহ করতে পারতেন। কিন্তু কী করছেন? যখন ৭ই মে অর্ডার জারী করা হলো, তারপর কেবলমাত্র এক বর্দ্ধমান জেলায়—সেখানে একজন পাগলা ডি এম রয়েছেন তিনি তা ইমপ্লিমেণ্ট করতে চেষ্টা করেছেন। বর্দ্ধমানের মত জেলায় সেখানে দু লক্ষ টন চাল সারপ্লাস রয়েছে, সেখানে মাত্র দু হাজার মণ পেয়েছেন। বাঁকুড়াতে ১৭ই মে তারিখে অর্থাৎ দশ দিন পরে সেখানে কাজ আরম্ভ হলো। কেন দশদিন পরে সেখানে কাজটা সুরু হলো। গোমেশ সাহেব তো সেখানে রয়েছেন। তিনি আমাদের মুখ্যমন্ত্রীর মানসপুত্র তিনি প্রথম দিনই একটা য়্যাকসিডেণ্ট করলেন। ফলে সেই জিপ য়্যাকসিডেণ্টএর পর আর কোন রকম প্রচেষ্টা সেখানে হয় নাই। হুগলীর ডিসট্রিক্ট ম্যাজিস্ট্রেট এই কথা বলেছেন যে ফুড কাউনসিল মিটিং এক মুঠো চালও সেখানে জোগার করতে পারে নি। আমার প্রশ্ন হচ্ছে বিভিন্ন জায়গা থেকে যে চাল তাঁদের জোগাড় করা উচিত ছিল। তা তিনি পারেন নি। তিনি মনে করে- ছিলেন যে ৮ই তারিখে একটা নির্দেশ নামা পাঠিয়ে দিয়েছেন, এনকোয়ারী করতে

পাঠিয়েছেন, আর সবাই তাঁকে কুর্ণিশ করতে করতে সেটা মেনে নেবে। তা হয়নি। তা কখনো হয় না। ভগবানকে কোন কোন গরীব মানুষ বলে "ঠাকুর, তোমার বলি আমি জোগাড় করতে পারিনি, তুমি ধরে খাও।" এইভাবে তিনিও বলছেন—আমি যখন লিখে দিয়েছি, তখন নিশ্চয়ই হবে। নিশ্চয়ই আমার হুকুম প্রতিপালিত হবে, নিশ্চয়ই সেই নির্দেশনামা প্রতিপালিত হবে।

তিনি আর একটা প্রশ্নের জবাবে একথা বলেছেন যে আমাদের য়্যাডিকোয়েট মেসিনারী নাই যে সমস্ত চাল সংগ্রহ করে নিয়ে আসি। হোর্ডারকে ডিসজরজ করি। তিনি আরো বলেছে যদি ভারত সরকার ৫০ পারসেণ্ট খরচ দেন, তাহলে ওঁরা ৫০ পারসেণ্ট দেবেন এবং তাহলে এই কাজ হবে। আমার জিজ্ঞাস্য হলো যখন আপনার য়্যাডিকোয়েট মেসিনারী ছিল না কেন তখন ভাওতা দিলেন? কেন আপনি হিপক্রেসি করলেন? কেন লোককে আপনি ভাঁওতা দিলেন যে আমরা দাম বেঁধে দিয়েছি। সেই দাম চালু হবে? য়্যাডিকোয়েট মেশিনারী যখন নাই তখন কাউণ্টারভেইলিং মেজার র ব্যবস্থা কেন করলেন না?

স্যার, তারপর আমি শেষ করছি স্যার, মহমন সাহেবকে এখানে দেখতে পাচ্ছি না—তিনি পালিয়েছেন। মাছ সম্বন্ধে আমার কথা হচ্ছে প্রায় ৩৮ কোটি টাকা ভারত সরকার এই ব্যাপারে খরচ করবেন—সমস্ত ভারতবর্ষে মাছের কারবার হবে। আমি জিজ্ঞাসা করছি পশ্চিমবাংলায় এই ৩৮ কোটি টাকার বেশী টাকাটা কেন আসবে না? আমি শুনেছি যে সতীশ দাসগুপ্ত মহাশয় একটি স্কীম করে সুব্রাহ্মনিয়াম সাহেবকে পাঠিয়েছেন এবং আমাদের এখানে মুখ্যমন্ত্রীর কাছেও পাঠিয়েছেন। সেই স্কীমটা কি তা যদি আমাদের শুনান তাহলে বাধিত হবো। পশ্চিমবাংলার যারা গঠনমূলক কর্মী রয়েছেন তার সতীশ দাসগুপ্ত মহাশয় আমাদের পুরোভাগে রয়েছেন। তারপর তেলের কথা। তেলের দাম বাড়ার জন্যে আজকে আমাদের মুখ্যমন্ত্রীই দায়ী। কেন তিনি বলছেন যে ৪৫ পারসেণ্টেজ রয়েছে। আর যদি ৪৫ পারসেণ্টেজ থাকে তাহলে তেলের দাম ছিল ২-৫০ নঃ পঃ। তার মধ্যে ৪৫ পারসেণ্টেজ যদি হয় তাহলে ১-২০ নয়া পয়সা তার সঙ্গে যোগ দিন, তাহলে দাঁড়াবে ৩-৬৫ নয়া পয়সা। তিনিই বলছেন ৩-২৫ নঃ পঃ কর। যদি তারা বলে ৩-৯০ নয়া পয়সা বা চার টাকা তাহলে সেটা দোষের হবে। এই ৪৫ পারসেণ্টেজের ধূয়া তুলে হবে একটা মিথ্যা অজুহাতে ৩-৭০ বা ৩-৭৫ নয়া পয়সা করার তিনি সুবিধা করে দিয়েছেন। আমি জিজ্ঞাসা করি—আমরা তো অনেকেই তেল খাই না—মুখ্যমন্ত্রী কেন স্টেপ নিলেন না যে রাজস্থানের মার্চেণ্টের বা ইউ পি-র মার্চেণ্টের একটি সরেস আমাদের পশ্চিমবাংলায় ঢুকতে দেবো না। সেই পুঁজিপতি এবং ধনিব শ্রেণীর সঙ্গে কেন এইভাবে তিনি লড়াই করলেন না পশ্চিম বাংলার স্বাস্থ্য রক্ষা করবার জন্য? তা তিনি করলেন না—অবাধে তা আসছে, অবাধে ভেজাল হচ্ছে। মন্ত্রী মণ্ডলীর মধ্যে ভেজাল, চালের মধ্যে ভেজাল, তেলের মধ্যে ভেজাল—এখন সরকার এমন একটা অবস্থায় এসে দাঁড়িয়েছেন যেখানে খুব দুঃখের সঙ্গে বলতে হচ্ছে যে এই রকম অবস্থা আমরা কখনও দেখি নি—দুর্গাপুরে কংগ্রেসের অধিবেশনের কথা উঠেছে—আমাদের মুখ্যমন্ত্রী স্টেজ ইনফলেসনের কথা বলেছেন। আমি জিজ্ঞাসা করি যে এই ৩০ লক্ষ টাকা যে কংগ্রেসের খরচ হবে সেটা ইনফলেসন স্পাইরেলে দাঁড়াবে না? তাকে কি প্রোডাকসন হবে, দুর্গাপুরে? স্যার, দুর্গাপুরে আজকে কি হচ্ছে? সেখানে পি. ডবলিউ. ডির বুল ডোজার দিয়ে কাজ হচ্ছে। স্যার, আমাদের এখানে বিতর্ক হয়েছে যে কল্যাণী কংগ্রেসের যে আড়াই লক্ষ টাকা বাকী ছিল সেই আড়াই লক্ষ টাকা শোধ দেওয়া হয় নি। পরে এক লক্ষ টাকা রাইট-অব করেছে এই বলে যে সেখানে নাকি প্রচার করেছেন কল্যাণী কংগ্রেস কল্যাণী সহরের জন্য। ভি. আই. পি. প্লাটফর্ম হচ্ছে। আমিও একটি কংগ্রেস কর্মী ছিলাম, আমি জিজ্ঞাসা করি আজকের ৩০ লক্ষ টাকা কখন খরচ হয়েছে—কোনদিন যদি পাঁচ গুণ দাম বেড়ে থাকে তাহলে ৩০ লক্ষ টাকা কেন ৬ লক্ষ টাকা কখনও খরচ হয়নি। আজ কংগ্রেসের পতন হয়েছে। জয়পুর কংগ্রেস-তে এ. আই. সি. সি. বার খুলে দিয়েছে। এই ধরণের কংগ্রেস হচ্ছে। আজকে আদর্শ কংগ্রেস কর্মী হচ্ছে

বিজয়ানন্দ পট্টনায়ক—এমন একজন কংগ্রেস কর্মী যিনি একজন ইণ্টারন্যাশনাল পুলিশ-সাসপেক্ট। এই হচ্ছে আমাদের সরকার। আমার আসন গ্রহণ করবার আগে একটি সাবধান বাণী উচ্চারণ করি........

The Hon'ble Jagannath Kolay:

স্যার, যিনি হাউসের মেম্বার নন—তার সম্বন্ধে আলোচনা করা কেন? তার সম্বন্ধে রেফার করা কেন?

Shri Narendra Nath Das:

পাবলিকম্যানের সম্বন্ধে আলোচনা করা যেতে পারে।

The Hon'ble Jagannath Kolay:

পাবলিক ম্যান যদি হাউসের মেম্বার না হয় তাহলে আলোচনা করা যেতে পারে না।

Shri Narendra Nath Das:

আজ আমরা এমন একটা অবস্থায় এসে গেছি যে আজ পশ্চিমবাংলা শ্মশানের মত হয়ে গেছে। পশ্চিমবাংলার জনসাধারণ বহু সহ্য করেছে। কিন্তু জনসাধারণ হাতির মত। হাতি সহ্য করে, শান্ত—কিন্তু সেই হাতী যখন উত্তেজিত হয় তখন তার সঙ্গে কেউ চলতে পারে না। আমি একটা উদাহরণ দিচ্ছি—এখানকার জুগার্ডেনের ফুলমালা—তার মাহুত তার খাবার থেকে তাকে বঞ্চিত করেছিল—তার খাবার থেকে সে চুরি করতো—তাই তাকে আঘাত দিয়ে মেরেছিল—আজ পশ্চিমবাংলার জনসাধারণও সেই কাজ করবে—এই কথা বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

[4-10—4-20 p.m.]

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir,

Shri Santosh Kumar Bhattcharyya: Congratulations, Mr. Bhattacharyya, on your maiden speech.

Shri Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, I am grateful to my friend, Mr. Santosh Kumar Bhattacharyya, for having congratulated me on my joining the Congress. I hope that he sincerely means it. (Shri Santosh Kumar Bhattacharyya: Yes, I do.)

Sir, I did not know that I would have to take part today in this debate, but when I came to the meeting, I was told by my distinguished friend, the Hon'ble Chief Whip, that I would have to take part in this discussion. Fortuaately, certain notes—not meant for this Council meeting but for another Seminar discussion—are with me, and I am in a position to speak just a few words. I do not know if I shall be able to reply to the points that have been raised by my friend from the other side of the House.

Sir, if I am standing here today to support the food policy of the Government, it is because I find that many of my suggestions made in the past have been accepted by the Government. Sir, since 1952 I have been advocating the idea of keeping food above party politics. One of the basic conditions of the success of developmental plans is to keep food free from controversy. Unfortunately, however, food has been used as a political weapon by certain sections of the people and there has not been any attempt on the part of some interested sections of the people to keep food above party politics. I also suggested that food should be dealt with on war

)ting. So far as I have been able to understand the policy of the Govern-
ent, they now propose to keep food above party politics and to deal with
it on war footing. I do not say, Sir, that it has been done already or
at all the steps necessary for doing it have been taken, but I do think
at the Government are moving towards that goal.

Sir, I suggested—my friend Mr. Sasanka Sekhar Sanyal might remember
—I suggested the creation of a State buffer stock besides the stock that
ay be created by the release of rice from the Centre. The State Govern-
ent has accepted the policy.

Sir, I also proposed that a Price Committee should be appointed, parti-
larly with reference to food-stuffs. That has been done.

Then, advocated—Mr. Sanyal again might remember it—fixation of
ices of rice and pulses—I do not remember if I included fish and oil also.
nally, I advocated from that side of the House State trading.

Shri Sasanka Sekhar Sanyal: Vegeterarian Shri Jatin Chakravorty
entioned about fish at that time, Shri Narendra Nath Das about oil and
u mentioned rice.

Shri Nirmal Chandra Bhattacharyya: I am glad that Mr. Sanyal
members what I said. Sir, I laid special emphasis on State trading
gether with certain other members like Mr. Narendra Nath Das and
hers. Sir, I stand to support the policy of the Government because I
nd that the Government have come to accept some of those items which I
ad the honour of mentioning. Sir, Government, I notice, have gone
ightly further. They have applied the Anti-Profiteering Ac , they have
unched, what may be regarded as, limited State trading. They have
nposed a levy of 25 per cent. upon the millers and they have adopted the
olicy of procurement from the villages. With regard to mustard oil,
ere was fixation of price and attempts are being made also to deal with
dulterators of mustard oil. With regard to mustard oil and the demand
r dealing with the adulterators, it has been said that the State Govern-
ent might have adopted more energetic measures against the adulterators.
t is perhaps not known to many that the Food Adulterations Act is a
entral Act and that Act is very soon going to be amended. When it is
mended, possibly the States will be supplied with more powerful weapons
o deal with adulterators of all kinds of foodstuff including mustard oil.

Three main charges have been levelled against the Government. The
st is that price rise is also due to the fact that money is being raised for
he Durgapur session of the Congress. An attempt has been made to
stablish a sort of causal connection between the rise in the price of rice
and the Congress session. Sir, in 1953 the price of rice was in the
eighbourhood of Rs. 20-13. In 1954 there was a Congress session at
Kalyani; in that year rice was selling at Rs. 16 per maund. The next
ear, i.e., in 1955 also rice was selling at a little over Rs. 16. This
xample goes to show that there is no necessary causal connection between
he two, viz., rise in the price of rice and the session of the Congress.

The second charge is that hoarders have not been effectively dealt with.
n reply to this I would like to place before the House certain facts.
lready 16 big businessmen in the rice trade have been arrested under the
efence of India Rules. Besides, 2,055 rice dealers have been made, and
ncluding 67 stockists or aratdars. A beginning has been made, and I
elieve it is a very good beginning. It is desirable that the people should
o-operate with the Government in unearthing hoarded stocks so that the

hoarders may be arrested. Up till now there has been very little co-opera tion on behalf of the parties and the people in general. Previously when ever there was any difficulty with regard to food articles the peopl co-operated with the Government. It is really surprising that during th present crisis the parties have not come forward or at any rate have no come forward to the same extent. On the contrary there is an anxiety o the part of some sections of the people to exploit the situation and to pu obstacles in the ways of the Government. Their policy seems merely t blame the Government and not to co-operate with the Government. When a house is on fire it is the duty of every section of the people to try t extinguish it. Sir, the present position has not, in fact, evoked tha amount of interest and that amount of co-operation that one might hav expected from the parties and the opposition as also from the people in general.

[4-20—4-30 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya: What sort of co-operation?

Shri Nirmal Chandra Bhattacharyya: There should be co-operation in the shape of helping the Government to unearth the hoarded stock and to point out who are the hoarders, and then to declare that the Government is not a position to arrest the hoarders. (Interruptions.) Sir, it has also been argued that Government have not been active enough in securing rice from rice peasants and jotedars or from mills. Sir, the procurement from villages has not been as satisfactory as one might have expected. There has been deposit of hoarded stock in small amounts in different houses and there has been no proper co-operation to help the police or the Government in unearthing those small stocks. Unfortunately, there has not been much of co-operation on behalf of the people or on behalf of the parties to unearth those stocks. Sir, the procurement from the villages amounts to 179,51 quintals of paddy and 1,726 quintals of rice. The procurement from mills amounts to one lakh tons of rice at the rate of 25 per cent. from each of the mills. Sir, it has also been argued by some speakers on the other side particularly by my distinguished friend, Professor Nirmal Bose, whose speech is admiring from this side of the House.

Shri Sasanka Sekhar Sanyal: from yesterday.

Shri Nirmal Chandra Bhattacharyya: He and others have argued that price rice is due to advances made by banks to rice trade. With regard to this I would like to place before Professor Bose certain facts for his consideration, and I have no doubt that if he comes to examine those facts impartially, he well-come to the conclusion that advances from banks in West Bengal have not had much to do with this price rise. In 1964 bank advances in West Bengal amounted to 4 crores 65 lakhs. Out of this amount, the State Government received an advance of Rs. 3 crores. The rest, i.e., Rs. 1 crore 65 lakhs has been advanced to traders. This is not an inordinately large sum considering the fact that nearly 12 lakhs tons of rice have come into the market, the value of which is Rs. 90 crores. Sir, Professor Nirmal Bose has argued with reference to the specialists in growth economics. He has quoted Mr. Higgins and others. All seem to think that development economy and huge expenditure in the shape of defence expenditure are bound to lead to price rise. Now he forgets that ours is an undeveloped country. In an undeveloped country or in an underdeveloped country growth is not so large or growth cannot be uniform as in advanced countries, and therefore, growth really has lagged

hind. That has to be admitted. Government also do not claim, rofessor Bose knows, that our plan has, in fact, proceeded according to e scheme of things. As a matter of fact, there have been short-falls and at is admitted. But one of the principal factors leading to these shorills is the tremendous rise of population. This tremendous rise of population is staggering and almost fantastic. Prof. Bose knows that in the hole of India the rise of population is 21.5 per cent. but in West Bengal is 33.5 per cent. (Voice from the Opposition Bench—

ক লাইন হয়েছে।

ir, the rise of population is so large that it has, in fact, conspired to defeat he other factors. Prof. Bose was not taking this into consideration. Sir, the Chief Minister has definitely said that he is going in for state rading. It has been argued by some friends on the other side that why has t not been accepted as a policy—as an immediate policy? Sir, in reply to his I have to state that it is not an easy matter to adopt state trading. Secondly, you cannot adopt state trading unless you get the sanction from the Government of India, because if you want to make your state trading successful, a good deal of assistance from the Government of India would be necessary. Therefore, without the sanction of the Government of India you cannot adopt state trading. So, it will take some time. The Government of India have not yet made up their mind. (Shri Rajkumar Chakravarty—Why not say so that we should do it subject to the approval of the Government of India)? That has practically been announced; it is under active consideration, and supposing that the Government of India stands in the way what will happen? Therefore, the Chief Minister has to say that it is under active consideration. Sir, the success of the state trading also depends upon the creation of a very large establishment and many other factors into which I need not enter. It is necessary to create a machinery for the purpose of making the state trading successful. It is for this reason also that state trading cannot be accepted as an immediate policy.

Sir, I do not suppose that there are any major points that need be replied to. Sir, it has been said that the people, I have myself said so and speakers in the Assembly have said so from the Government side......

Procession of College Professors

Shri Nirmalya Bagchi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনাকে অনুরোধ করছি--নির্মলবাবু বোধ হয় কিছু মনে করবেন না—কারণ তিনিও এই সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন—আজ বাংলা দেশের কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং অধ্যাপিকারা এই বিধানসভা ভবনের সম্মুখে এসে উপস্থিত হয়েছে এবং তাঁরা একটি স্মারকলিপি পেশ করতে চাচ্ছেন.......

Mr. Chairman: But let him finish.

Shri Nirmalya Bagchi:

মেমোরেণ্ডাম প্লেস করুন—তার পর উনি বলতে পারেন. .

Mr. Chairman: All right.

Shri Nirmalya Bagchi:

এবং তাঁদের অনুরোধ হচ্ছে—আমাদের মুখ্যমন্ত্রী এবং শিক্ষা মন্ত্রী স্বয়ং তাঁদের সেই স্মারকলিপি যেমন গ্রহণ করেন। আমি বক্তৃতায় কোন বাধা সৃষ্টি করতে চাচ্ছি না।

উনি বলুন—ওঁরা ওখানে দাঁড়িয়ে আছেন—আজকে নির্মলবাবু এদিকে থেকে ওদিকে বসেছেন—তিনি এ বিষয়ে বিশেষ জানেন—আমার বক্তব্য হচ্ছে মুখ্য মন্ত্রী ও শিক্ষা মন্ত্রী তাঁদের কাছে গিয়ে তাঁদের কথা শুনুন।

Mr. Chairman: He has said that.

(4-30—4-55 p. m.)

The Hon'ble Prafulla Chandra Sen:

তাহলে তো হাউস এ্যাডজোর্ন করতে হয়।

Shri Nirmal Basu:

হ্যাঁ, হাউস এ্যাডজোর্ন করা হোক।

Shri Nirmalya Bagchi:

আমি মনে করি বিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এই সভায় শিক্ষক প্রতিনিধি, অধ্যাপক, অধ্যাপিকা আছেন। তাঁরা এসেছেন আমরা সবাই যেতে চাই এবং দরকার হলে আমরা আবার বসব। মুখ্যমন্ত্রী যদি দেড় ঘণ্টা পরিষদ মুলতুবী করেন তাহলে ভাল হয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

স্মারকলিপি যদি দিতে হয় তাহলে মুখ্যমন্ত্রী, শিক্ষামন্ত্রী ২ জনের যাবার কোন দরকার নেই—শিক্ষামন্ত্রীই নিতে পারেন।

Mr. Chairman:

This has been brought to the notice of the House and some measure is being taken in this connection. Let him finish and we will adjourn for tea.

Shri Santosh Kumar Bhattacharyya:

তাহলে তো ঐ সময় মুখ্যমন্ত্রী দেখা করতে পারেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

কোন দরকার নেই।

Shri Nirmalya Bagchi:

উনি এই কথা বলুন যে দেখা করবেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি বলেছি শিক্ষামন্ত্রী ৪ জনের কাছ থেকে স্মারকলিপি গ্রহণ করবেন। আমি মনে করি শিক্ষা মন্ত্রী গ্রহণ করলেই আমার গ্রহণ করা হল।

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, Professor Rajkumar Chakraverty has advanced an argument which does not hold water. He seems to think that we are not receiving enough assistance from the Government of India and that we can teach the Government of India a lesson by diverting all the lands that are being put to cultivation of jute to the cultivation of rice. Sir, that is an argument which seems a little fantastic, coming as it does from such a senior man as Mr. Chakraverty. Sir, jute is a money crop. We are not giving jute as a sort of gift to the rest of India. Our cultivators are also profiting by it. Secondly, we are a part of India. Can we afford to say: No, like unpatriotic citizens, we refuse to do whatever is in the interest of the country as a whole. That is a fantastic argument which has to be combated with all the force that we can command.

Regarding use of fertiliser, it has to be recognised that during the last few years, the Government of West Bengal have been trying to see the establishment of a Fertiliser Factory in West Bengal with the assistance of the Centre. Some time ago, it was nearly decided that we would have one at Haldia. Now, it is almost a certainly that we would have one at Durgapur.

Sir, I need not enter into further details because I am afraid my time is very short. Sir, I will finish my speech by making just one appeal—that is an appeal for unity with regard to the solution of the problem of food. It has been said by some—not all the—members of the Opposition not only here but also elsewhere that they are prepared to co-operate, but when we come down to brass tacks, they do not co-operate. On the contrary, they put all kinds of obstacles in the way. Sir, when there was an appeal from the Chief Minister that all the parties ought to unite for the purpose of fighting the food problem, a general strike was staged. The result was that on the day after the general strike prices leapt up by nearly Re. 1. By such panicky measures my friends are in fact helping the hoarders to hide their stock. Those stocks do not come into the market and these panicky measures are harmful. This kind of tactics has to be abandoned.

I was a member of the Food Committee that Dr. Roy appointed about five years ago. There were representatives from different parties, but my experience of the Food Committee work was very sad indeed. I noticed that most people failed to make or deliberately refused to make any constructive suggestion. On the contrary, all kinds of wild accusations were made and all kinds of abuses were hurled upon the Minister-in-charge of food. This is not the way of fighting the food front. Let us take a firm resolve not to exploit the food problem for the interests of the parties. Then and then alone we shall be able to solve this problem.

[At this stage the House was adjourned for fifteen minutes]

[After adjournment]

[4-55—5-5 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, একজনও মিনিস্টার নেই আপনি স্যার হাউস য্যাডজোর্নড করে দিন। এটা কি হচ্ছে স্যার যে একজনও মিনিস্টার নেই।

Mr. Chairman: It means we have to carry on beyond 6 o'clock. All right, the House is adjourned for ten minutes.

[At this stage the House was adjourned for ten minutes]

[After adjournment]

[5-5—5-15 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

মন্ত্রিমহাশয়দের মধ্য থেকে কি কেউ বলবার নেই যে তাঁরা যে উপস্থিত ছিলেন না সেজন্য তারা দুঃখিত।

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই।

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয় সভাপতি মহোদয়, আমার শ্রদ্ধেয় বন্ধু প্রফেসর নির্মল ভট্টাচার্য্য যে মনোভাব নিয়ে আজকে তাঁর বক্তব্য উপস্থাপিত করেছেন আমি সেই মনোভাব নিয়েই তাঁকে প্রতিদান দিতে চাচ্ছি এবং সেই মনোভাব নিয়ে আমি আমার বক্তব্য উপস্থিত করবো।

আমি যদি রাজ্যে বে-সরকারী খাদ্য উপদেষ্টা হতাম, তাহলে প্রফেসর ভট্টাচার্য্যকে সঙ্গে নিয়ে খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রীর কাছে দাঁড়িয়ে যে সব জিনিষ করবার জন্য তাঁকে দাবী জানাতাম এবং যে জিনিষ না করবার জন্য সতর্কতা তাকে জানাতাম, সেই কথাগুলো আমি আজকে পরিষদের সমক্ষে উপস্থাপিত করতে চাই।

আমার আতংক খাদ্যের জন্য নিশ্চয়ই আছে, কিন্তু খাদ্যেতে ততখানি আমি আতঙ্কিত হইনি, যতখানি আতঙ্কিত হচ্চি আজ যে বিশৃঙখলার পদধ্বনি আমরা শুনতে পাচ্ছি। তাই শুনে স্যার আপনি গরীব ব্রাহ্মণের ছেলে, আমিও গরীব ব্রাহ্মণের ছেলে,—উপবাস আমাদের অস্তিত্বের অঙ্গ। উপবাস করে বাঙ্গালী মরেনি এবং মরবেও না। কিন্তু বাঙ্গালী মরবে এবং আর সবাইকে মেরে মরবে—সেটা হচ্ছে ঐ বিষাক্ত খাদ্য আমার বন্ধু যতীন চক্রবর্ত্তী, নির্মল বসু, রাজকুমার বাবু তাঁরা যে বিপ্লব ও বিদ্রোহের কথা বলেছিলেন, তা যদি আসে তাহলে আমরা তাকে অভ্যর্থনা করবো। তার কারণ বিপ্লব ও বিদ্রোহ সমাজের এবং মনুষ্যের, প্রগতির প্রকাশ এবং বিকাশ। বিপ্লব করে আমরা শক্তি তাড়িয়েছি, বিপ্লব করে আমরা শক্তিকে প্রতিষ্ঠিত করেছি। এই শক্তিকে যদি আমরা অন্তর্হিত করে নূতন শক্তি প্রকাশ করতে পারি তাহলে নিশ্চয়ই বিপ্লবে এবং বিদ্রোহে একটা সৃজনী প্রতিভা এবং শক্তির বিকাশ হবে। আমি ৬৪ বছর বয়সেও বিপ্লবে আতংকিত হচ্চি না। এই বয়সে যদি আমি গোলাগুলি পিস্তলের অভিযান দেখতে পাই তাতে ততখানি আমি দুঃখিত হব না, আমি দুঃখিত হব বিশৃঙখলায়।

অসুস্থ খাদ্য খাওয়াতে শরীর বিকৃত হচ্ছে, তার চেয়েও বেশী বিকৃত হচ্ছে মন। এই মানসিক বিকৃতি ভবিষ্যৎ সমাজকে যেদিকে নিয়ে যাচ্ছে সেই বিকৃতি ও বিশৃঙখলার মধ্যে সৃষ্টির কোন বীজ নিহিত নাই। আমি যেটাকে আতঙ্কের চোখে দেখছি এবং খাদ্য পরিস্থিতি সম্যক সমাধানের অভাবে অভ্যন্তরে যে পরিস্থিতির উদ্ভব হচ্ছে, তার সঙ্গে বহিরাঙ্গনের পরিস্থিতি যোগ দিয়ে আমি একটি বৃহত্তর ছবি দেখতে চাই ও দেখতে পাই। ১৯৬২ সালে যখন চীনা আক্রমণ করলো তখন অনাহারে অর্দ্ধাহারে বাঙ্গালী তার কটিমাত্র বস্ত্রে আবৃত্ত হয়ে দাঁড়িয়ে উঠে বললো যে চীনকে রুখবো। পরে যখন পাকিস্তান তার সংগে যোগ দিলো, তখন আমাদের শৌর্য্য এবং বীর্য্য না থাক আমাদের সহনশীলতা ও ধৈর্য্য আমরা দেখিয়েছি। আমরা সমস্ত মত-বিরোধ ভুলে গিয়ে এক হয়ে দাঁড়িয়ে "চীনকে রুখবো" এই প্রস্তাব তখন আমরা মেনে নিয়েছিলাম। আমি এই সরকারের অত্যন্ত তীব্র সমালোচক। তখন আমিও দাঁড়িয়ে বলেছিলাম যে আমাদের সরকার যদি আমাদেরকে দিয়ে জুতো ব্রুশ করিয়েও নেয় তাহলেও আমি রাজী আছি দেশ রক্ষা করবার জন্য। কিন্তু আজকে কি সেই পরিস্থিতি আছে? আজকে শ্রদ্ধেয় বন্ধু অগ্রজ প্রতিম নির্মল ভট্টাচার্য্য মহাশয় বললেন যে গভর্নমেণ্টের ফুড পলিসি তিনি সাপোর্ট করছেন। আমিও তাঁকে বলছি ধরে নিন আমিও সাপোর্ট করছি গভর্নমেণ্টের ফুড পলিসি, কিন্তু কলকাতার প্রতিটি ঘরে ঘরে যান যে ঘরে কংগ্রেসের সক্রিয় সদস্য, যে ঘরে কংগ্রেসের এম এল এ, এম এল সি, আছেন, সেই ঘরে এম এল এ ও এম এল সিকে সামনে গিয়ে, আমাদের প্রফেসর ভট্টাচার্য্যের ঘরে মধ্যে ঢুকে যদি আমি তাঁর আসল ঘরের লোককে জিজ্ঞাসা করি—বলুন তো এই খাদ্য নীতি কি আপনি সমর্থন করেন? তবে প্রফেসর ভট্টাচার্য্য বলুন তা কী উত্তর সেখানে আমি পাবো? আমি একটা ঘটনার কথা আপনাদের বলছি—অনেক বংশপরম্পরায় কংগ্রেস এমন একজন লোক আমার বাড়ীতে ছিল এবং আছে, সে আমাকে খুব ভালবাসে। তবে আমি যে কংগ্রেসের নই তার জন্য সে দুঃখিত, তার মুখে আমি সম্প্রতি শুনতে পেয়েছি যে দাদু এর চেয়ে চীনা চলে আসা ভাল। ১৯৬২ সালে অক্টোবর নভেম্বরে চীন যে বিশৃঙ্খলার দিকে তাকিয়ে অভিযানে সাহস করেছিল, তখন সে ক্ষেত্র

এত প্রস্তুত ছিল না বলে তা ব্যাহত হয়েছে। আজ ধরুন যদি চীন আক্রমণ করে এবং পাকিস্তান তার সঙ্গে যোগ দেয়, তাহলে যে দেশপ্রেম প্রয়োজন—চীনকে রুখবার জন্য, সেই দেশপ্রেম কি দেশবাসী দেখাতে পারবে? এই ক্ষুধার্ত তৃষ্ণার্ত নগ্নজাতি এই বিষাক্ত খাদ্যের ফলে তাদের যে দুর্বল ও বিকারগ্রস্ত মন হয়েছে তাতে কি সে এই সরকারের পেছনে এসে দাঁড়াবে? এই হচ্ছে আজকে বড় সমস্যা। এই সমস্যার সমাধান আমি চাই।

আমার শ্রদ্ধেয় বন্ধু নির্মল ভট্টাচার্য মহাশয়, বলেছেন যে আমরা নাকি লোককে খেপাই। আমরা সহযোগিতা করি না। আমরা সহযোগিতা করবার জন্য ব্যস্ত—আমরা সহযোগিতা করবার উদ্বিগ্ন—তার কারণ যে বিশৃঙখলা আসছে সেই বিশৃঙখলা শুধু মুখ্য মন্ত্রীকে পুড়িয়ে দেবে না—তা আমাদের সকলকেই পোড়াবে। তারা একবাক্যে বলে আমাদেরকে যে যাক তবু আপনারা আছেন—দু একটা কথা বলেন সরকারকে—কিন্তু এখন তারা বলে আপনারা থেকে কি করেন ওখানে?—সরকার অকর্মন্য—আর আপনারা অক্ষম—আপনারা কিছুই করতে পারেন না। তাহলে দেখুন গণতন্ত্রের আশা আকাঙক্ষা কোন খাতে বইছে। এই যে মাস্টার মহাশয়, শ্রদ্ধেয় শ্রীকুমার ব্যানার্জি মহাশয় খানিকটা আগে বললেন যে তোমরা এই জিনিসগুলি কমিটি করে করেন না কেন? এবং আমার দাদাও বললেন—বলুন তো কি করবো আমরা? আমরা কি আত্মহত্যা করবো সহযোগিতা করবার জন্য? বলুন তো আমাদের মন্ত্রী বা মন্ত্রিদের পিছনের সারিতে যাঁরা আছেন—যাঁরা পুরোভাগে আছেন কংগ্রেস সদস্য যে কোন সহযোগিতা পেয়ে বা চেয়ে আমাদের কাছ থেকে পান নি? আমার বন্ধু ভট্টাচার্য মহাশয় বলেছেন যে আমরা লোককে খেপাই। লোককে আমরা খেপাতে পারি না—যদি খেপাতে পারতাম তাহলে এই জিনিসের অবসান হোত—কেন লোক খেপছে আজ তার ভবিষ্যতে কি হবে জানি না হয়তো আমাদের অবসান হয়ে যাবে। স্ট্রাইকের কথা আমাদের দাদা বলেছেন যে স্ট্রাইকের ফলে ১ টাকা করে বেড়েছে—তিনি সংখ্যাতত্ত্ব দিয়েছেন—আমি বিশ্বাস করে নিলাম যদিও আমাদের আপত্তি আছে এবং এটা নির্ভুল বলে গ্রহণ করি না—যদি ধরে নিই তাই হয়েছে তাহলে ভট্টাচার্য মহাশয় যে প্রশ্ন করেছেন—তিনি এই দিকে থাকলে তিনি বলতেন যে ষ্ট্রাইক করার ফলে ১ টাকা হয়েছে—স্ট্রাইক না করলে ৫ টাকা হোত। তাই বলছি যে সমস্ত জিনিসটাকে প্রচছন্ন দৃষ্টি দিয়ে দেখতে হবে। এটা ঠিকই যে ঘাটতি আছে—এটা ঠিকই যে সবাইকে সম্পূর্ণ আমরা দিতে পারবো না। কিন্তু প্রফুল্ল মন্ত্রী তথা খাদ্য মন্ত্রী যে কথাগুলি বলেন তার খানিকটা ঠিক বলেন—খানিকটা ভুল বলেন—আবার খানিকটা ঠিক এবং ভুল মেশানো—এই তর্কের বিষয়, বিরোধের বিষয়। কিন্তু দুঃখের কথা হচ্ছে—সরকার যে কথাই বলুন না কেন সাধারণ লোক আর তাঁকে বিশ্বাস করছে না—এই যে আস্থার অভাব হয়ে গেছে—তাতে গণতন্ত্রের বুনিয়াদ কেঁপে উঠেছে। সেই জন্য আজকে আমাদের করতে হবে কি? আমাদের একটা ড্রাইভ দিতে হবে—ওয়ারফুটিংয়ে ফুড প্রবলেম সলভ করবার চেষ্টা করতে হবে। একটি একটি করে বলি শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয় শুনুন, প্রফেসার ভট্টাচার্য মহাশয় শুনুন। আজকে যদি সত্যই যুদ্ধ লাগে তাহলে ব্যাপকভাবে এবং সামগ্রিকভাবে এবং একমুখী হয়ে এই যুদ্ধের বিরুদ্ধে দাঁড়াবো যুদ্ধের জন্য। আজকে আমি বলি রাইটার্স বিল্ডিং সাত দিন ছুটি দিয়ে দিন, স্কুল কলেজ সাত দিন ছুটি দিয়ে দিন, সিনেমা সাত দিন বন্ধ করে দিন—সহযোগিতা চান—সহযোগিতা পথে পড়ে আছে—চাইলেই পাবেন—প্রফুল্ল সেন মন্ত্রী একটি এলাকায় চলুন—সেখানে গিয়ে রাউণ্ড আপ করে স্টক বের করতে হবে। আজকে বসুমতীতে দেখলাম একটি খবর বেরিয়েছে যে পুলিশ ফেল করছে।—করবেই তো ব্যাপক দুর্নীতি যেখানে সেখানে পুলিস ফেল করবেই। কিন্তু পুলিশকে যদি বেসরকারী লোক সাহায্য করে বা লোক যদি তার সুযোগ পায় তাহলে পুলিশ ফেল করবে না। তার কারণ পুলিশ যতই ঘুষ খাক—পুলিশেরও পরিবার আছে—পুলিশেরও ছেলেমেয়েদের খেতে দিতে হয়। ঘুষ নেবে তো টাকা—কিন্তু টাকা দিয়ে তো জিনিস কিনতে পারবেন না। আমি সম্প্রতি গড়িয়াহাট বাজারে টাকা হাতে করে নিয়ে বাজার থেকে ফিরে এসেছি—কাজেই টাকা থাকলে খাদ্য পাওয়া যাবে না। পুলিশ সাহায্য করবে—কিন্তু এ বিষয়ে তাদের সাহায্য আমাদের করতে হবে। সেইজন্য আজ ব্যাপকভাবে কাজ করতে হবে। কলকাতার বাইরে যেতে হবে না। কলকাতার

দিনের বেলায় খেটে রাতে এয়ার কণ্ডিসন-এ এসে শুলেও চলবে। এক একটি করে এলাকা নিয়ে —সেখানে গিয়ে বলুন এসো স্কুলের ছাত্র—এসো সরকারী দপ্তরের লোক এসো সিনেমার কর্মচারীগণ—এই রকম এক একটি করে জায়গা ভাগ করে নিয়ে আমরা রাউণ্ড আপ করি। চাল ধান তো আর বালিশের ওয়াড়ে লুকানো যাবে না। রিভালবার বালিশের ওয়াড়ে লুকানো ছিল—সেই অবস্থা থেকে আমাদের বাড়ী থেকে পুলিশ রিভালবার উদ্ধার করেছে। পুলিশ এই চালের ব্যাপারে অত খোঁজ নাও জানতে পারে—কিন্তু যেখানে যেখানে চালের গোডাউন আছে সেখানকার স্থানীয় লোক হয়তো তার দর্শন না পেতে পারে—তার গন্ধ পায়।

[5-15—5-25 p.m.]

কাজেই তাদের সাহায্য নিলে পর যেকোন ওয়ার্ডএ গিয়ে এই যে আনআর্থ করা যে কথাটা প্রফেসার ভট্টাচার্য্য বললেন সেই আন আর্থ জিনিষকে কাম য়্যালং করার জন্য সাহায্য করছে। য়্যাসেম্বলি ১০ তারিখ পর্যন্ত বন্ধ আছে, কাউনসিল কাল হবার পর বন্ধ হয়ে যাবে। শুক্র, শনি, রবি এই ৩ দিন আপনি বলুন স্কোয়াড করে কোথায় কোথায় যেতে হবে। আমাদের লিডার অব দি হাউস বলুন হাওড়ায় কোথায় কোথায় যেতে হবে তাহলে আমি তাঁর পেছনে, পদাতিক হয়ে যেতে রাজী আছি। এতে আমার মান-অভিমান নেই জনতার স্বার্থের জন্য কোন মন্ত্রী যদি পথে নাবেন তাহলে সেই পথের পথিক হয়ে আমরা তাঁদের সঙ্গে গিয়ে জনসাধারণের দুঃখকষ্ট লাঘব করবার চেষ্টা করব। এ বিষয়ে কতখানি পারব তা জানি না কিন্তু সাধারণের মনে আস্থা আনতে পারব যে চেষ্টা হচ্ছে। গতকার সেপ্টেম্বর অক্টোবর মাসে আমাদের খাদ্য মন্ত্রীর হঠকারিতাসম্পন্ন একটা স্টেটমেণ্ট এর ফলে দাম বেড়ে গেল সেটা সকলেই আমরা জানি। য়্যাণ্টি প্রফিটিয়ারিং য়্যাক্ট তখন আমরা য়্যাপ্লাই করতে পারতাম। কিন্তু করিনি। এর ফলে ১৫ দিনের মধ্যে চালওয়ালারা বিরাট লাভ করল। আমি একজন সাংবাদিক বন্ধুর সঙ্গে পরামর্শ করে দেখেছিলাম এবং হিসাব করে সাধারণ ভাবে দেখা গেলো যে ঐ ১৫ দিনের মধ্যে অন্ততঃ কয়েক কোটি টাকা তারা লাভ করেছে। চালের ফটকাবাজী করে। চালের বাজারে ফটকাবাজী আগে ছিল না—গেলবার প্রথম হয়েছিল এবং তার ফলে গেলবার অন্ততঃ কয়েক কোটি টাকা ১৫ দিনের মধ্যে তারা লাভ করেছে। এই টাকা আমরা ধরতে পারিনি। মুখ্যমন্ত্রী আমার সাহায্য নিন, আমি তাঁর অধীনস্ত হয়ে কাজ করতে রাজী আছি। এইভাবে রাউণ্ড আপ করে যে সব য়্যাকাউণ্ট বেরুবে তাতে অনেক কারচুপি য়্যাকাউণ্ট আছে—ডাবল য়্যাকাউণ্ট ট্রিপল য়্যাকাউণ্ট ফকড় য়্যাকাউণ্ট আছে। এই সমস্ত য়্যাকাউণ্ট-এর সঙ্গে লিঙ্ক করতে করতে আমরা যদি গিয়ে আবিস্কার করি তাহলে দেখবেন যে চাল তারা ১০ টাকায় কিনেছে সেই চাল তারা ৩৫ টাকায় বিক্রি করেছে—শতকরা ১০০ ভাগ টাকা তারা বেশী লাভ করেছে। আমাদের যে য়্যাণ্টি প্রফিটিয়ারিং য়্যাক্ট আছে তা দিয়ে সমস্ত সীজ করে দিয়ে তাদের য়্যাকাউণ্টস রেসটিটিউট করে ফেলতে পারি। য়্যাণ্টি প্রফিটিয়ারিং-এর সঙ্গে যদি ডি. আই. আর. আমরা প্রয়োগ করি তাহলে তাদের গলায় আঙ্গুল দিয়ে অন্যায় অর্জিত লাভের টাকা সরকারী তোষাখানায় নিয়ে গিয়ে তা দিয়ে জনসাধারণের স্বার্থে সরকার চাল বেশী দাম দিয়ে কিনবেন। অর্থাৎ এই টাকায় ঘাটতি পূরণ আমরা করব। আমি বলি আমাদের সাহায্য নিন এবং যে সময় মুখ্যমন্ত্রী খাদ্যমন্ত্রী বলবেন সেই সময় তাঁর ঘরে বসে কিভাবে প্রোসিড করতে হবে তা আমি বলে দেব। এখন আপনাদের এইসব সাহায্য দরকার। গত ১৭ বছর ধরে আস্তে আস্তে যে জিনিষ দাঁড়াচ্ছে তাতে দেখতে পাচ্ছি যে পাওয়ার য়্যাণ্ড রেসপনসিবিলিটি এক জায়গায় নেই। সেই আগেকার যুগে ডায়ারকির মত যা ফজলুল হক সাহেব বলেছিলেন

Power is with the Britishers and the responsibilities is with the Ministers.

এই খাদ্য অভিযানে দেখা যাচেছ ক্ষমতা আছে ঐ কতকগুলো শকুনির হাতে। আর দায়িত্ব আছে এঁর হাতে এবং আপনি যদি ক্ষমতা না নিতে পারেন তাহলে সরে যান ও জনসাধারণের যে ক্ষমতা আছে তার সঙ্গে মোকাবিলা করে বিশৃঙখলার মাঝখানে একটা য়্যাকাউণ্ট য়্যাডযাস্ট করে দিন। আর তা যদি না পারেন তাহলে ক্ষমতা আস্তে আস্তে আনতে হবে —সেই আনতে হবে

যা করতে হবে যেখানে যেখানে যা টাকা তাঁরা লাভ করেছে তা টেনে যদি বার করতে পারেন তাহলে দেখবেন এই জিনিষের নিরাকরণ হবে। আমরা এ সম্বন্ধে বিরোধীদের থেকে আপনাকে সম্পূর্ণরূপে সাহায্য করতে প্রস্তুত আছি এবং মুখ্যমন্ত্রী বলুন কি সাহায্য দরকার ও প্রফেসর নির্মল ভট্টাচার্য আমাদের বলুন আমরা সব সময় এই সাহায্য করতে প্রস্তুত আছি। আমাদের ত্রুটি সব দেখবেন না। আমরা স্ট্রাইক এক্সপ্লয়েট করার জন্য করি না, কেন না এখন বেশীর ভাগ রাজনৈতিক দানের মধ্যে অবসাদ চলে এসেছে। কারণ সরকারের পেছনে যে দল আছে তাতে নিয়ম হচ্ছে তাঁরা যদি না ওঠেন তাহলে বিরোধীদল উঠতে পারেন না। তাঁদেরও সেনিলিটি এসেছে আমাদেরও সেনিলিটি এসেছে। কাজেই আমরা সংগ্রামের পথে যেতে চাচ্ছি না যেতে পারছি না, কিন্তু জনতা সংগ্রাম চায়, বিক্ষোভ প্রকাশ করতে চায় এবং আমরা তাঁদের এজেন্সী নিয়ে বসে আছি। সেজন্য তাদের বিট্রে না করে আমাদের বৃদ্ধ জরাগ্রস্ত দেহে ও অবসন্ন মনে তাদের ব্রীফ আমাদের টেক আপ করতে হবে। কিন্তু এই ব্রীফ যদি টেকআপ করবার প্রয়োজন না হয়, সেই ব্যবস্থা যদি আপনারা করতে পারেন তাহলে আমরা অত্যন্ত শান্তি ও মুগ্ধ হব। কয়েকদিন আগে আমার ব্রাহ্মণী বাজারের থলি টাকা নিয়ে মাছের বাজারে গিয়েছিলেন কেন না ১২।১৪ দিন তাঁর স্বামী মাছ খাননি কিন্তু ব্যর্থ হয়ে শুকনো মুখ নিয়ে ফিরে এলেন। তারপর অগত্যা হাফ ডবল টৌন ডবল টান দুধ নিয়ে ছানা করে খেলাম। এই ভাবে বিধবার ক্রিয়া সারলাম। সেই সঙ্গে সঙ্গে চাল এল। ২ কেজি চালের মধ্যে প্রায় তিন পোয়া কাঁকর। ধরুন—বাউণ্ড আপ করুন, ষ্টক করুন, এবং সেখানেই লোক বসিয়ে দেন ঝাড়তে এবং মন্ত্রী মহাশয়দের সুপার ভিসানে চাল বিক্রী হোক। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যদি ফুড মিনিস্টার হতাম তা হলে আমি রাইটার্স বিল্ডিংএর বারান্দায় চালের দোকান খুলে দিতাম। বলতাম নিয়ে এস চাল আমি দাড়ি ধরে এখান থেকে বিক্রী করবো। লেকের ইমাজিনেসন ক্যাপচার করবে। (একটি স্বর—আপনার বাড়ীতে করুন না?) লোকেও জানবে যে বিপদের দিনে সরকার আমাদের সাথে আছে। ওপক্ষের মাননীয় সদস্য যে কথা বলছেন তার উত্তরে আমি বলছি আমার বাড়ীতে এরূপ করে দিলে আমি খুবই আনন্দিত হবো। আমি দাড়ি ধরে নিজে চাল মেপে দেবো, আমি নিজেই বিক্রী করবো কেন না আমি যদি মরবার আগে এই সান্ত্বনা নিয়ে যেতে পারি যে, জনতা কাজে লাগবার জন্য দাঁড়ি ধরেছে। আমার বন্ধু মুখ্য মন্ত্রী মহাশয় ২রা অক্টোবর গান্ধী বার্থ ডেটে গ্রামোদ্যোগ ভবনে গিয়ে খাদি বিক্রয় করেন তাতে কি হয়? লোকের মনে প্রেরণা জাগে আজকে যদি ধান চাল তিনি বিক্রী করেন তা হলে লোকের মনে ব্যাপকভাবে কি প্রেরণা আসবে না?

স্যার, তেলের কথা বলছি। আমি নিজে ভুক্তভোগী। ১৯৩৮ সালে আরজী মনের তেল খেয়ে আমার বেরীবেরী হয়েছিল সেদিন থেকেই আমার হার্ট ড্যামেজ হয় এবং ব্লাড প্রেসার রোগী আমি। সেই থেকেই তেল খাওয়া ও দেওয়া ছেড়ে দিয়েছি কিন্তু তবু এই সমস্যার সমাধান হলো না। (দি অনারেবল রবীন্দ্রলাল সিনহা: পেলে খুসী হও?) হ্যাঁ, পেলে খুসী হই, আমার একমাত্র বন্ধু যে মাঝে মাঝে আমাকে তৈলাক্ত করতেন তিনি এখন তেলে মধ্যে হাবুডুবু খেয়ে লিডার অব দি হাউস হয়েছেন এবং সেজন্য আমি এখন আর কিছু পাচ্ছি না।

(হাস্য)

আমি ঘি খেতাম হার্ট স্পেসালিস্ট দেখে বল্লেন যে, ঘি ছেড়ে দিতে হবে। আমি বহু দিন ধরে বাদাম তেল খাই, কিন্তু বাদাম তেলেতেও চাহিদা মিটবে না তাই আজ মাসটারড অয়েল যেখানে বিক্রী হবে তা আমাদের সিজড করতে হবে এবং ধরে কেমিস্টবসিয়ে তা টেস্ট করতে হবে। এই তেলে শুধু হোয়াইট অয়েল মেশানো হচ্ছে তাই নয় আমাদের বাঙ্গালা দেশের বাহিরে থেকে যে সমস্ত মহামহা রথীদের ঘি পাঠান সে ঘি এর মধ্যে শুধু বনস্পতি থাকে তাই নয়, বা বনস্পতির মধ্যেও শুধু বনস্পতি থাকে তাই নয় এসবের মধ্যে আরও অনেক কিছু

থাকে। আমার এক বাঙ্গালী বন্ধু তিনি রাজস্থানের ইনস্‌পেক্টর ইনজিনিয়ার তিনি ফুড ড্রাইভ দিয়ে বেড়ান। তিনি বলছিলেন যে এক বার তিনি দেখলেন বনস্পতির মধ্যে হোয়াইট অয়েল মেসানো হচ্ছে। এবং সেটা তিনি ধরিয়ে দিয়েছিলেন বলে তাকে অনেক ভৎর্সনা সহ্য করতে হয়েছিল এবং আর একজনকে তার উপর দিয়ে টপকিয়ে উন্নতি করে দেওয়া হয়েছিল আজকে এই মারাত্মক অবস্থায় দাঁড়িয়েছে একটা জিনিষ কাল কিংবা পরশু যাহা যুগান্তরে বেরিয়েছিল হয়ত আপনারা তাহা পড়ে থাকবেন তাহলে বিকল্প তেল সম্বন্ধে ধানের তুঁষ থেকে তৈল তৈরী করা হয় ইত্যাদি ইত্যাদি আমার বাড়ীতে আমরা কয়েকজন মিলে কাল থেকে আলোচনা করে এবং আজকে সেটা বিশেষ করে দেখলাম কাঁঠালের বীজ থেকে তৈলাক্ত পদার্থ পাওয়া যায়। আমাদের বাঙ্গালা দেশে প্রচুর কাঁঠালের বীজ পাওয়া যায় এবং মাদ্রাজেও পাওয়া যায় মাদ্রাজীরা তিলের তৈল এবং নারীকল তৈল খায় সুতরাং সেখান থেকে আমরা কাঁঠালের বীজ আনতে পারবো। সেই কাঁঠালের বীজ থেকে যাতে তেল করা যায় এই বিষয়টা দেখবার জন্য আমি মুখ্যমন্ত্রীকে বিশষ করে অনুরোধ করছি।

আমার অগ্রজ প্রতিম নির্মল বাবু বলেছেন সহযোগিতার হাত বাড়াবার জন্য, আমরা সহযোগিতার হাত বাড়িয়েছি, মুখ্যমন্ত্রী তাহা খাদ্য মন্ত্রীর কাছে, বহু পূর্বজন্মের সুকৃতির ফলে বাংলা দেশে তিনি জন্মেছেন সেই সুকৃতির ফলে সেবা করার সুযোগ পেয়েছেন এবং আরও সুকৃতির ফলে গান্ধী অফ আরামবাগ বলে পরিচিত হয়েছেন ও রাজ্যের শাসন দপ্তরে ঢুকেছেন। আজকে আপনি আয়নায় যদি তাকিয়ে দেখেন তা হলে আপনি আপনার মুখ দেখতে এবং দেখবেন যে সেই প্রফুল্ল সেনই আছে, কিন্তু যদি মনের আয়না থাকে এবং সে আয়নায় যদি তাকিয়ে দেখেন তাহলে দেখবেন যে প্রফুল্ল সেনের মনে মধ্যে সারা বাংলার বিক্ষেপের ছবি এবং হাহাকার ধ্বনি প্রতিফলিত হচ্ছে।

[5-25—5-35 p.m.]

Shri Abdul Halim:

মিঃ চেয়ারম্যান স্যার, আজকে আমরা এখানে খাদ্য সম্বন্ধে আলোচনা করছি। আমাদের দেশ বর্তমানে দারুণ দুরবস্থার মধ্য দিয়ে চলছে, আমরা একটা ভীষণ সঙ্কটের মধ্যে যাচ্ছি। সেই সঙ্কট যে খাদ্য সঙ্কট সে সম্বন্ধে আলোচনা করবার দরকার নাই বাইরে গেলে দেখতে পাব প্রত্যেক হাটে বাজারে ঘাটে ঘরে কি রকম সঙ্কট চলছে। এই সঙ্কট আজকে সুরু হয় নাই। কংগ্রেস গভর্নমেণ্ট ১৭ বছর হলো গদিতে বসেছেন। প্রত্যেক বছর আমি ১২ বছর এখানে আছি, দেখছি প্রত্যেক অধিবেশনেই ফুড্‌ ডিবেট নিয়ে আলোচনা হয়। আজও খাদ্য নিয়ে আলোচনা হচ্ছে বলা হয় দেশে উৎপাদন হচ্ছে। কিন্তু আদতে দেশে উৎপাদন বাড়ানো হচ্ছে না। কি করে খাদ্য সমস্যার সমাধান হবে? এই মামুলী ফুড ডিবেট প্রত্যেক বছরই হয়ে আসছে। আর প্রত্যেক বছরই আমাদের পরিসংখ্যান বিশারদ খাদ্যমন্ত্রী তথা মুখ্যমন্ত্রী আমাদের সামনে এই সম্পর্কে ভাষণ দিয়ে থাকেন এবং বলেন যে এবার বামপার ক্রপ হয়েছে সঙ্কট দূর হয় যবে। তারপর আবার দেখি সঙ্কট আরম্ভ হয়। গতবছর আপনি জানেন ভীষণ সঙ্কট আরম্ভ হলো। উনি বক্তৃতা দিলেন আর অমনি খাদ্যের চোরাকারবারীরা খাদ্য লুকিয়ে ফেললো। খাদ্যের দাম ৫০৲ টাকা হয়ে গেল। সাধারণ মানুষ সেদিন বেরিয়ে এসে দমদম দাওয়াই দিল। ফলে খাদ্য কিছু বেরিয়ে ছিল, সমস্যার সুরাহা হয়েছিল। তারপর ডিসেম্বর জানুয়ারী মাসে খাদ্যের দর বেঁধে দেওয়া নিয়ে আলোচনা হলো। ফুড ডিবেট হলো এবং তখন বলা হলো খাদ্যের দর বেঁধে দেওয়া হবে। আমরা তখন বললাম কেবল খাদ্যের দর বেঁধে দিলে হবে না। উনি বললেন না, আমরা দর বেঁধে দিয়েছি, অভাব হলে কিনে নেব। তাতে সঙ্কটের সমাধান হবে। উড়িষ্যা থেকে চাল আসবে, কেরালা অন্ধ্র থেকে চাল আসবে; খাদ্য সমস্যা সমাধান হবে। কিন্তু সেদিন আমরা সাজেসসন দিয়েছিলাম যে বাফার স্টক না করলে, স্টেট ট্রেডিং না করলে এবং সঙ্গে সঙ্গে প্রোকিউরমেন্ট এর ব্যবস্থা না করলে ক্রাইসিস আসবে ঠিক তাই হলো। যে মাসের মধ্যে আমরা দেখছি সঙ্কট বেড়ে গেছে। এবার খাদ্য সঙ্কট বলতে কেবল চালের সঙ্কট না এবার সঙ্কট চারিদিকে মাছের সঙ্কট এসেছে। তেলের সঙ্কট এসেছে। এই সঙ্কটের সমাধান কি করে হবে? মুখ্যমন্ত্রী

একটা স্টেটমেণ্ট দিয়েছেন দেখলাম। তাতে তিনি বলেছেন আমরা মাছের ব্যবস্থা করছি, আরো বোট দেওয়া হবে তেলের ব্যবস্থা করা হবে। আজ আমরা দেখছি তেলের দর চার টাকা হয়ে গেল তাঁদের খাদ্য নীতি থাকছে কোথায়? তিনি যা ব্যবস্থাদি করছেন হোর্ডাররা, চোরাকারবারীরা তা বানচাল করে দিচ্ছে। এই যে অবস্থা হয়েছে, দেশের মানুষকে বাঁচাতে হলে পরে ঐ চোরাকারবারীদের ধরে কঠোর শাস্তি দিতে হবে। তার জন্য আইনে যে শাস্তির ব্যবস্থা আছে তা প্রয়োগ করতে হবে ফাইন হয়, জরিমানা হয় ঘুষ দিয়ে পার পেয়ে যায়। আজকে যদি দেশে সত্যিকার খাদ্য সমস্যার প্রতিবিধান করতে হয়, তাহলে এই চোরাকারবারী যারা ধান চাল লুকিয়ে রেখে ছিনিমিনি খেলছে লোককে শুষে মারছে, খাদ্যে ভেজাল দিয়ে শিশুদের মারছে, তাদের ধরে ফাঁসিকাষ্ঠে ঝোলানোর ব্যবস্থা করা দরকার আমি জানি এই দুর্নীতিপরায়ণ গভর্নমেণ্ট, অপদার্থ গভর্নমেণ্ট তার কোন ব্যবস্থা করতে পারবেন না।

এখন তাঁরা বলছেন স্টেট ট্রেডিং করবেন। জানুয়ারী মাসে যখন ধান উঠবে তখন এই টেস্ট ট্রেডিং এর ব্যবস্থা করবেন কিন্তু এখন লোকে কি খেয়ে বাঁচবে তার কোন ব্যবস্থা নাই রেশন শপের দোকানে হাজার হাজার লোক লাইন দিয়ে ও চাল পাচ্ছে না। যে চাল পাওয়া যায় তাও কাঁকরে ভরা, দু'কেজি চালে তিন পোয়া কাঁকর পাওয়া যায়। এই যে অবস্থা চলছে এই অবস্থা কিসের জন্য হয়েছে। এই যে অপদার্থ গভর্নমেণ্ট এবং পুলিস আছে এর ফৌজ আছে এরাও কোন ব্যবস্থা করে না। অথচ এই পুলিস রাজনৈতিক কর্মী যাঁরা খাদ্যের জন্য আন্দোলন করছেন তাঁদের ধরছে। পুলিস তাদের পেছনে রয়েছে, তাদের ওয়াচ করছে। আমাদের হাউসের সামনে দেখি পুলিস তাদের ওয়াচ করছে, রোজ সেখানে তাঁরা গার্ড করে। অথচ চোরাকারবারীদের ধরে তারা বের করছে না। যারা চাল লুকিয়ে রেখে মানুষকে হত্যা করছে তাদের শাস্তি দেবার কোন ব্যবস্থা করে না, এই পুলিস কিছু করতে পারছে না। আমাদের ঐ যে কংগ্রেস গভর্নমেণ্টের মুখ্যমন্ত্রী প্রফুল্ল সেন, সেই দুর্নীতিপরায়ণ গভর্নমেণ্টের যারা পরিচালক তারা খাদ্য সমস্যার কোন সমাধান করতে পারে না। এই সমস্যার সমাধান করতে হলে সাধারণ মানুষকে রাস্তায় নামতে হবে। এক মাননীয় সদস্য বলেছেন সাধারণ মানুষ যারা রাস্তায় আন্দোলন করছে তাদের হরতালের জন্য সেদিন নাকি এক টাকা করে দাম বেড়ে গেল আমি বলবো তারা সেদিন হরতাল না করলে আজকে আরো ৫৲ টাকা করে দাম বেড়ে যেত। আবার হয়ত হরতালের প্রয়োজন হবে। এই গভর্নমেণ্টকে নতি স্বীকার করাতে হলে দেশে যে অবস্থা হয়েছে, যে আগুন আজ জ্বলছে, তা থেকে দেশকে বাঁচাতে হলে আশু এই গভর্নমেণ্টের অবসান চাই। এই গভর্নমেণ্টের অবসান না ঘটালে কিছুতেই আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে না। আজ সমস্ত দলকে সংঘবদ্ধ হয়ে এই গভর্নমেণ্টের যে নীতি, তাকে পরাস্ত করতে হবে। তারজন্য চোরাকারবারীদের ধরার জন্য আমাদের ব্যবস্থা করতে হবে। আরো কি বিরাট আন্দোলন করতে হবে। আর, মন্ত্রীমণ্ডলীকে ঘেরাও করে রাস্তায় বের করে নিয়ে এসে বলতে হব যে আমাদের খাদ্য সংস্থানের ব্যবস্থা কর. তা না হলে তোমাদের এই গদীতে থাকার কোন অধিকার নাই। এই রকম কিছু না হলে হবে না। মুখ্যমন্ত্রী বলেছেন হ্যাঁ, আমরা সমস্ত ব্যবস্থা করছি। তিনি তাঁর বিবৃতি দেখিয়েছেন অন্যান্য রাজ্যের তুলনায় তিনি ভাল ব্যবস্থা করেছেন। অবশ্য অন্যান্য দেশের কথা আমি জানি না, আমি জানতে চাই এখানকার মানুষ তাদের ছেলেমেয়েদের জন্য চাল পাবে কি না, তেল পাবে কিনা, এখানকার মানুষ জানতে চায় ভেজাল বন্ধ হবে কিনা। আমরা স্পষ্ট করে আপনার কাছ থেকে জানতে চাই। আপনি কিভাবে এই খাদ্য সমস্যার সমাধান করবেন? যদি আপিন তা না করতে পারেন তাহলে আপনারা বলেন যে কংগ্রেস ভোটের জোরে এখানে এসেছে। মানুষ আমাদের ভোট দিয়েছে—সেইজন্য আমরা এখানে রাজত্ব করছি। কিন্তু আজ আপনারা ভোটের জোরে এসেছেন বলে তাদের বধ করবার তাদের জবাই করবার অধিকার আপনাদের নেই। সেইজন্য আমি বলি যে আমাদের এই খাদ্য নীতি সম্পর্কে গভর্নমেণ্ট যে ব্যবস্থা করেছেন তার সমূহ পরিবর্তন দরকার এবং এই খাদ্য নীতি পরিবর্তন করতে হলে স্টেট ট্রেডিংয়ের ব্যবস্থা করতে হবে—আর তা করতে হলে সমস্ত দলের সহযোগিতা নিতে হবে—সমস্ত মানুষের সহযোগিতা নিতে হবে—আজ রাস্তায় নেমে আসতে হবে। এবং নেমে এসে এই খাদ্য সমস্যা সমাধান করতে হবে। শুধু

বক্তৃতা দিয়ে, পরিসংখ্যান দিয়ে বা এই হাউসে একটা স্টেটমেন্ট পড়ে এই সমস্যার সমাধান হবে না। আজ আপনারা যে স্টেটমেণ্ট দেন রাস্তায় বেরিয়ে এসে দেখুন—বাস্তবের সাথে তার কোন মিল আছে কিনা। আমরা আজ বলতে [চাই—এই ওয়ারনিং দিতে চাই, যদি আপনারা খাদ্য সমস্যার সমাধান না করেন—চোরাকারবারীদের থেকে ধান উদ্ধার না করেন তাহলে দেশে যে আগুন জ্বলবে সেই] আগুনে আপনারা পুড়ে মরবেন।

Shri Manoranjan Sen Gupta:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এটা সর্বসম্মত যে [সরকার যে দর বেঁধে দিয়েছিলেন সেই দর তাঁরা রাখতে পারেন নি। আমি সংবাদ পেলাম যে চালের দর এখন ১-১৯ নয়া পয়সায় বিক্রী হচ্ছে পার কে.জি.। আমাদের মুখ্যমন্ত্রী জানেন যে এই কয়েক দিন আগে সংবাদ এলো যে ধান বিক্রি হচ্ছে ২০ টাকা মণ। এই যে অবস্থা—সরকার যে আইন করেন—যে দর বেঁধে দেন সেটা যাঁদের রাখবার ক্ষমতা নেই। এটা দেখে মনে হয় যারা ব্যবসাদার, মজুতদার যারা মুনাফাখোর তাদের এতো সাহস কোথা থেকে আসে যে সরকারকে ডিফাই করতে পারে—ওপেনলি চ্যালেঞ্জ করতে পারে? এর সূত্র। উৎস্য কোথা তা একটু ভেবে দেখতে হবে। আজ এই যে মুনাফাখোর ব্যবসাদার, আছে যারা সরকারকে ওপেন চ্যালেঞ্জ করে এবং এটা তারা বলে যে সরকারী কর্মচারী—ও চাঁদি কা জুতা মারকে ঠিক কার দেগা। তারা বলে চাঁদির জুতো মেরে ঠিক করে দেবে। আমাদের শ্রদ্ধেয় সত্যপ্রিয় বাবু ঐ হাউসে বলেছিলেন ডাঃ রায় যখন ছিলেন যে তারা বলে ডাক্তার রায়ের সরকার আমাদের পকেটের মধ্যে আছে। কেন তারা একথা বলে—কেন এ সাহস তারা পাবে? আজ আইন কোথায়—গভর্নমেণ্টের শক্তি কোথায়? আজ গভর্নমেণ্টকে তারা যে চ্যালেঞ্জ করে সেই চ্যালেঞ্জ গভর্নমেণ্ট নতি স্বীকার করছেন কেন? তার কারণ হচ্ছে এই যে ব্যবসায়ী আছে যারা সরকারকে দুর্নীতিপরায়ণ সরকারী কর্মচারীদের ঘুষ নিয়ে উৎকোচ দিয়ে থাকেন এমন কি মন্ত্রীদের পর্যন্ত তার হাত থেকে রেহাই নেই। এ বিষয়ে যতীনবাবু বিশদভাবে বলে গেছেন যে ব্যবসায়ীরা মন্ত্রীদের বা সরকারী কর্মচারীদের উৎকোচ দিয়ে বশীভূত করে। আবার যদি সরকারের আবশ্যক হয় তাদের সঙ্গে হাতে হাত মেলাবেন এই সরকার এবং সেইজন্য আজকে এই পরিস্থিতি। আজকে এই দুর্নীতি সমস্ত দেশে ছেয়ে গেছে। সুতরাং স্টেট ট্রেডিং করে তারা যে প্রতিকার করতে যাচ্ছেন তাতে এই পুলিশ দিয়ে বা এই কর্মচারী দিয়ে তা হবে না। এই আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের রেসন সপেতে পুলিস মোতায়েন করলেন—তাতে কি ফল হয়েছে? প্রথম ২।৪ দিন ঠিক কাজ চলেছিল তার পরতার হাতে দু চার টাকা লাগিয়ে দিলেন সে][বশীভূত হয়ে গেল। রেসন কর্মচারী যারা আছে—বড় বড় কর্মচারী যারা আমি ভাল করে জানি—রেসন কর্মচারী দোকানে [যায় সেখানে গিয়ে টাকা নিয়ে যা ইচ্ছা তাদের করতে দেয়।

[5-35—5-45 p.m.]

সরকারের এই যে

chain to corrupt officials from Ministers to District Magistrates, to high officials, down to constables and chowkidars

এই করাপট অফিসিয়ালস নিয়ে কি মন্ত্রীরা কাজ করতে পারেন? যতই ভাল আইন তাঁরা করুন না কেন সেই আইনকে তাঁরা কাজে পরিণত করতে দেবেন না। এই স্টেট ট্রেডিংও ব্যর্থতায় পরিণত হবে। এই করাপসন যা চলছে সেটা এতই ভয়াবহ যে কোথাও আজ নীতি বলে কোন কথা নেই আজকে গভর্নমেণ্টের উপর লোকে বিশ্বাস হারিয়েছে। গভর্নমেণ্টের যে নীতি তাকে বা তাঁদের যে আইন তাকে কার্যে পরিণত করবার ক্ষমতা যদি না রাখেন তাহলে

Government has ceased to excise practically.

আজ দেশে রেভলুসন হলো না কেন? রেভলুসন হচ্ছে না উপযুক্ত রেভলুসনারি লিডার এর অভাবে। আজ যে ক্ষেত্র দেশে হয়ে রয়েছে তাতে একটা স্ফুলিঙ্গ দিলেই দেশ এগিয়ে যাবে। শ্রীগুলজারীলাল নন্দ ঠিকই ধরেছেন অসুবিধা কোথায়—অসুবিধা হচ্ছে দুর্নীতি। এই দুর্নীতি

যতদিন থাকবে. ততদিন জাতির ভাইটালিটি ক্ষয় করিয়ে দিয়ে দেশের স্বাধীনতা নষ্ট করে দেবে। সমস্ত জাতি যদি করাপটেড হয়ে যায় তাহলে নিরাপত্তা থাকবে না। চীনের হাতে ভারতবর্ষকে দেশবাসী সমর্পণ করে দেবে, যেমন মীর্জাফর ক্লাইভের হাতে স্বাধীনতা দিয়ে দিয়েছিল।

Corruption from top to bottom.

রয়েছে—সত্য কোন জিনিস আজ নেই। আজ যারা যুবক তারা নানাভাবে দুর্নীতিপরায়ণ এবং তারা খারাপ হয়ে যাচ্ছে। সুতরাং ওদিকটা আমাদের ভাবতে হবে। আজ জাতি লস অব ভাইটালিটিতে ভুগছে। এই বাংলাদেশে ১৭ বছর ধরে শুধু যে স্কারসীটি চলছে তা নয় জাতির জীবনী শক্তিও নষ্ট হয়ে যাচ্ছে। য়্যাডালটারেটড ফুড খেয়ে তাদের ব্রেন নষ্ট হয়ে যাচ্ছে। শ্রীউপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বহুকাল আগে বলেছিলেন বাঙালী জাতি ধ্বংসের পথে যাচ্ছে এবং এটা আজ বাস্তবে পরিণত হতে যাচ্ছে। আজ তাই স্বাধীন সরকারের দ্বারা দেশ উৎসন্নে যাচ্ছে। আমি দুঃখের সঙ্গে বলছি যে আপনাদের হাতে যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতা পাওয়ার পলিটিক্স না করে দেশের বাস্তব উপকার করুন। ফুড প্রবলেম একটা ব্যাধির উপসর্গ মাত্র চারিদিকে আমাদের শরীরে গ্যাংরিন রয়েছে সেই গ্যাংরিন আপনারা রক্ষা করতে পারবেন না। আপনারা নিজেরা সৎ হয়ে লোককে সৎ করুন। দৃষ্টান্ত দিয়ে লোককে অনুপ্রাণিত করুন পাওয়ার পলিটিক্স করে দেশকে সর্বনাশের পথে নিয়ে যাবেন না। কবির ভাষায় "গিয়াছে দেশ দুঃখ নেই, আবার তোরা মানুষ হ", সেইভাবে আমি বলতে চাই স্বাধীনতা পেয়েছি ভাল কথা কিন্তু "আবার তোরা মানুষ হ"।

Shri Jatindra Singha:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজ আমরা এখানে যখন খাদ্যসমস্যা নিয়ে বিতর্ক করছি তখন বাহিরে জনসাধারণ তৈল ও তণ্ডুল চিন্তায় বিভ্রান্ত হয়ে উঠেছে, ক্ষুব্ধ হয়ে উঠেছে, এবং লোকের মনে এই ধরণের চিন্তা দেখা দিয়েছে যে আমরা শোচনীয়ভাবে ব্যর্থ হয়েছি। বাহিরের জনসাধারণ এই আলোচনায় বিশেষ কিছু উৎসাহ পাচ্ছে না। পরমহংসদেবের কথা মনে হচ্ছে যে তিনি বলেছিলেন পাঁজির পাতায় বৃষ্টির কথা লেখা আছে, কিন্তু পাঁজি নিঙড়ালে এক ফোঁটা জল বেরুবে না। ঠিক তেমনি আজকের এই বিতর্ক নিঙড়ালেও এক ফোঁটা খাদ্য মিলবে না। শ্রদ্ধেয় নির্মল ভট্টাচার্য্য মহাশয় যে কথা বলেছেন তার জবাব দিতে চাই। তিনি বলেছেন যে বিরোধীপক্ষ সহযোগিতার হস্ত সরকারের কাছে দেন না। আমি বলতে চাই, কুচবিহারের কয়েকজন ফরওয়ার্ড ব্লকক র্মী আছেন—আমি একটা কংক্রিট কেস দিচ্ছি—যাঁরা এস. ডি. ও.র কাছে গিয়ে বলেছিলেন যে পূর্ণবাড়ীতে একজন আছে যার কাছে অনেক চাল আছে কিন্তু তার চাল কি হল তা শুনুন।

আপনি ব্যবস্থা করুন ও খবর নিন এবং সিজও করুন। আজ তিন দিন চলে গেলো সে এস. ডি. ও. ভদ্রলোকের কাছে আবার তারা গিয়েছিল। তখন সেকেণ্ড টাইম গেলে তিনি বলেন যে আমি ইমিডিয়েটলি করছি। কিন্তু সেই করতে করতে সাতদিন চলে গেলো। কেন এরূপ হচ্ছিল না তার কারণ সকলের জানা ছিল। তার কারণ হলো তথাকথিত বিশেষ রাজনৈতিক দলের মাতব্বরও তিনি কংগ্রেসের একজন বিশিষ্ট সদস্য। তার ঘরে যখন এস. ডি. ও. সাহেব গেলো তখন সে বললো এখন গিয়ে কি হবে সে চাল এখন পাবেন না, সে চাল এখন কোথায় চলে গেছে।

এই অবস্থা আজকে চলেছে অথচ রাজনৈতিক কর্ম্মী যাঁরা আছেন তাঁদের যে প্রসারিত হস্ত সেটাই এই সর্বনাশের পথ গ্রহণ করছে। কিন্তু আমাদের সরকার সে কথা মানতে রাজী নহেন।

আমি আর একটা কথা মুখ্যমন্ত্রীকে বলতে চাই এবং তাঁর বিশেষ দৃষ্টি আকর্ষণ করতে চাই—সেটা হলো উত্তরবঙ্গের বন্যার কথা। উত্তর বঙ্গের প্রচণ্ড বন্যা হয়েছে ও তার ফলে সেখানে এক চরম দুরবস্থা দেখা দিয়েছে এবং সেখানে খাদ্যতণ্ডুল জাতীয় পদার্থ মাংস ইত্যাদি কিছুই পাওয়া যাচ্ছে না। সমস্ত দিক থেকে এক অদ্ভুত অবস্থার সৃষ্টি হয়েছে। সেখানে যদি ইমিডিয়েটলি রিলিফ এর ব্যবস্থা না করেন তা হলে আমার মনে হয় সেখানে দুর্যোগ দেখা দেবে। আজকে খাদ্যবিতর্কে যে সব বিপ্লবের কথা হয়েছে সেই বিপ্লব হয়ত

সেখানে এগিয়ে যাবে এবং হয়ত তা রোখা সম্ভব হবে না। আজকে কুচবিহার, আলিপুরদুয়ার এবং জলপাইগুড়িতে এই একই অবস্থা চলেছে। এই সম্বন্ধে আমি মুখ্যমন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। এই প্রসঙ্গে বলতে গিয়ে আমি একটি বিষয় মাননীয় শিক্ষা-মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাইছি। আমি এ সম্বন্ধে অনেক বারই বলেছি তবু আর একবার স্মরণ করিয়ে দিতে চাইছি। (হাস্য—এটা খাদ্য বিতর্ক) একটা উদাহরণ দিচ্ছি সেটা হলো দ্বারকা প্রসাদ উচ্চ বিদ্যালয় যেটা রায়গঞ্জ সাব ডিভিশনে অবস্থিত। সেখানের মাস্টার মহাশয়রা আজ তিন মাস হলো কোনো মাহিনা পাইনি। আজ সেখানে এমন অবস্থা দাড়িয়েছে যে তাদের অনাহার করা ছাড়া উপায় নাই। আমি কালকেও চিঠি পেয়েছি তাতে জানতে পেরেছি তারা এখনও মাহিনা পান নি।

The Hon'ble Rabindralal Sinha:

২২টা স্কুল ছাড়া আর সব স্কুলে গ্র্যাণ্ট পাঠিয়ে দেওয়া হয়েছে, এই ২২টা স্কুলে কয়েকদিনের মধ্যে পাঠিয়ে দেওয়া হবে।

Shri Jatindra Singha:

মাননীয় মন্ত্রী মহাশয়ের এই প্রতিশ্রুতির জন্য ধন্যবাদ জানাচ্ছি। যদি তিনি ঐ স্কুলের বিষয়টা আর একটু দেখেন তাহলে আনন্দিত হব। আর একটা কথা আমি এখানে বলবো তা হচ্ছে আমাদের কেন্দ্রীয় সরকারের কাছে খাদ্য সম্বন্ধে দাবী জানান উচিত। যে কথাটা এখানে অনেকেই বলেন নি। আমাদের যে সমস্ত ব্যাপারে দাবী জানানো উচিত তার মধ্যে একটি হচ্ছে পাট সম্পর্কে এ বিষয়ে ঐ হাউসের সদস্য মাননীয় শঙ্কর দাস বন্দ্যোপাধ্যায় ওখানে বলেছেন। আমাদের এখানে বেশ কিছু জমিতে পাট চাষ করতে হয় যার জন্য আরা কয়েক লক্ষ টন ধান থেকে বঞ্চিত হই। সেদিক থেকেও আমাদের দাবী রাখা উচিত। আমাদের দ্বিতীয় দাবী হচ্ছে অনেক বিদেশী বা অন্য অন্য প্রদেশের লোক বাংলা দেশে থাকেন এবং তাঁরা পুরা রেশান নিচ্ছেন ফলে কয়েক লক্ষ টন খাদ্য শস্য চলে যাচ্ছে। আমার কথা হল আমাদের এ বিষয়েও দাবী জানান উচিত। আমরা লক্ষ্য করেছি এখানে যেন আমাদের আত্মতুষ্টির মনোভাব এসে গেছে। ফলে যেরূপ ভাবে আমাদের জানানো উচিত তা আমরা জানাচ্ছি না। আমার আর একটি কথা হচ্ছে এই অঞ্চল বিভাগ সম্পর্কে, এইটা খুবই খারাপ জিনিষ। আমরা দেখতে পাচ্ছি এজন্য চাল যেতে আসতে পারছে না। পূর্বাঞ্চল হওয়ার জন্য উড়িষ্যার চাল আনলেও অন্য জায়গায় চাল আসছে না। আমার মনে আমাদের দাবী করা উচিত এই অঞ্চল তুলে দেবার জন্য। এরূপ করা যদি সম্ভব হয় তাহলে আমরা যেখান থেকে সম্ভব আমরা চাল যোগাড় করে নিয়ে আমাদের কাজ চালাতে পারবো। আমি আর একটা জিনিষ বলতে চাই সেটা হল কুচবিহারের খাদ্যদপ্তর সম্পর্কে। তাদের একটা কৃতিত্বর কথাই আমি এখানে বলছি। যেমন ধরুন যশোয়া চাল সম্পর্কে। কুচবিহারে যেটা মিডিয়াম, জলপাইগুড়িতে সেটা ফাইন এবং বালুরঘাটে সেটা সুপারফাইন। যারা ব্যবসাদার তারা করে কি না ঐ চাল কুচবিহার থেকে জলপাইগুড়িতে নিয়ে যাচ্ছে এবং সঙ্গে সঙ্গে ৭।৮ টাকা কুইণ্টালএ লাভ করছে বস্তাপিছু। আর বালুরঘাটে নিয়ে যেতে পারলে তো কথাই নেই। সুতরাং দেখা যাচ্ছে সেখান থেকে খাদ্য পাচার হচ্ছে এবং সেখানে খাদ্যাভাব রয়েছে। যদি কেউ ধরতে যান বা বাধা দেন তাহলে তার গ্রেপ্তার করা হয় যেমন নাকি ঐ হাউসের কমল গুহকে য়্যারেস্ট করা হয়েছিল। আমার কথা হল এর জন্য সকলের সাহায্য দরকার। এবং আমরা সে সাহায্য সব সময় করতে প্রস্তুত আছি। শশাঙ্কবাবু যে কথা বলেছেন আমরাও কথা হল ঠিক তাই। আপনারা আমাদের সাহায্য গ্রহণ করান এজন্য আপনাদের কাছে আবেদন জানাচ্ছি এবং অনুরোধ করছি। যে সমস্ত কথাগুলো বললাম সেগুলো যাতে হয় এরজন্য অনুরোধ জানিয়ে বক্তব্য শেষ করছি।

[5-45—5-55 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের এখানে যে খাদ্য বিতর্ক হলো তাতে আমার তে অনেক শিক্ষালাভ হয়েছে। অবশ্য খাদ্য সমস্যা আমি সমাধান করতে পারবো কিনা সুষ্ঠুভাবে

তা এখন বলতে পারছি না। খাদ্য সমস্যা শুধু যে আমাদের পশ্চিমবাংলায় তা নয়। ভারতবর্ষের প্রায় প্রত্যেক প্রদেশে যে কোন দ্রব্য হোক না কেন চালই হোক, গমই হোক, সরিষার তেলই হোক দালদাই হোক, মাছই হোক, মাংসই হোক—ভারতবর্ষের প্রায় প্রত্যেক প্রদেশেই কিছু না কিছু মূল্যবৃদ্ধি হয়েছে, এ বিষয়ে কোন সন্দেহ নাই। আমি যখন বলেছিলাম যে পশ্চিমবাংলায় আমরা রাষ্ট্রীয় ব্যবসায় প্রবর্তন করতে পারি যদি সমগ্র ভারতবর্ষের অন্যান্য স্টেটে বা অন্যান্য রাজ্যে রাষ্ট্রীয় ব্যবসায় প্রবর্তন হয়। কেন না, শুধু একটা প্রদেশে আমরা যদি রাষ্ট্রীয় ব্যবসায় প্রবর্তন করি চালই ধরুণ এই চালের মূল্য আমরা ঠিক রাখতে পারবো না। যদি উড়িষ্যা প্রদেশে চালের মূল্য ২৭৲, ২৮৲, ২৯৲, ৩০৲ টাকা হয়, আর পশ্চিমবাংলায় যদি রাষ্ট্রীয় ব্যবসায় প্রবর্তন করি। তাহলে উড়িষ্যা থেকে আমাদের এখানে চাল আসবে না। কাজে কাজেই আমি বলেছিলাম রাষ্ট্রীয় ব্যবসায় আমরা প্রবর্তন করতে পারবো যদি ভারতবর্ষের অন্যান্য রাজ্যে ও সেটা প্রবর্তন হয়। সুখের বিষয় এটা আমাদের বর্তমান কেন্দ্রীয় খাদ্য এবং কৃষিমন্ত্রী সুব্রাহ্মনিয়ম এবং ভারতবর্ষের যিনি বর্তমান প্রধান মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী—এরা ভারতবর্ষে একটা সামগ্রিক দৃষ্টিভঙ্গী নিয়ে কি করে খাদ্যের মূল্য আমাদের নিবারণ করা যায় এবং অন্যান্য জিনিষের আমাদের মূল্য নিয়ন্ত্রণ করা যায় সে সম্বন্ধে চিন্তা করছেন এবং শীঘ্র একটা কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা হবে বলে আমি বিশ্বাস করি। তা যদি হয় তাহলে পশ্চিমবাংলায় আমরা রাষ্ট্রীয় ব্যবসায় করবো এবং এই রাষ্ট্রীয় ব্যবসায় করবার জন্য যা কিছু প্রয়োজনীয় যে মেশিনারী সেট আপ করা দরকার তার জন্য আমরা প্রস্তুত হচ্চি। এ নিয়ে আমরা অনেক আলোচনা করেছি। আমাদের এখানে অনেক মাননীয় সদস্য বললেন যে ১২ লক্ষ টন যদি মার্কেটেবল সারপ্লাস হয়, আপনি তার মধ্যে তো মাত্র ৯৯ হাজার টন কি এক লক্ষ টন পেয়েছেন, আর বাকিটা গেল কোথায়? আমি কয়েকদিন পূর্বে ও বলেছিলাম, আজও বলি আমাদের এখানে ১২ লক্ষ টন যা মার্কেটেবল সারপ্লাস সে জিনিষটা শুধু কলকাতার লোকের জন্য আসে না বা শুধু আমাদের শিল্পাঞ্চলের লোকের জন্যও আসে না। এই ভারতবর্ষে এমন ও লোক আছেন যাঁরা চাষ করেন না। আর আমাদের পশ্চিমবাংলায় এমন বহুলোক আছেন যাঁরা কৃষিকার্য্য করেন না তবুও পশ্চিমবাংলায় এখনও শতকরা ৫৩ জন লোক কৃষিকার্য্যে নিযুক্ত যেখানে ভারতবর্ষে শতকরা প্রায় ৭৯ জন লোক কৃষিকার্য্যে নিযুক্ত, কিন্তু আমাদের এখানে যাঁরা কৃষিকার্যে নিযুক্ত আছেন, তাঁরাও সকলে তাঁদের সংসারের সাম্বৎসরিক খোরাকীর মত ধান উৎপন্ন করেন না। নানা শ্রেণীর কৃষক আছে—উদ্বৃত্ত কৃষক যাঁরা নিজেদের সংসার খরচ কুলিয়ে আবার বাজারে কিছু বিক্রী করেন কোন কৃষক আছেন যাঁরা কোন রকমে সাম্বৎসরিক খোরাক তৈরী করে নিয়ে নেন। আর বেশী সংখ্যায় কৃষক আছেন যারা বছরের ছ'মাস, ৯ মাস, কি তিনি মাস দুমাসের খোরাক ও উৎপন্ন করেন না। কাজে কাজেই মার্কেটেবল সারপ্লাস যদি ১২ লক্ষ টন হয় —মোট ৪৮ লক্ষ টন উৎপন্ন হলে ১২ লক্ষ টন মার্কেটেবল সারপ্লাস হয় বলে মোটামুটি একটা ধারনা করে নেওয়া হয়েছে। আমাদের এখানে গত বছর ৫৩ লক্ষ টন চাল হয়েছে। তা থেকে ৫ লক্ষ টন অর্থাৎ শতকরা দশ ভাগ বাদ দেই বীজ ইত্যাদির জন্য, গেলে ৪৮ লক্ষ টন থাকে। তার মধ্যে আমি বলি ১২ লক্ষ টন বাজারে আসে। আর বাকীটা সব চাষীরা নিজেরা খায়, সেটা আর বাজারে তারা আনে না। এই যে ১২ লক্ষ টন বাজারে আসে, সেই ১২ লক্ষ টনের কিছু পরিমাণ বাংলাদেশে যে ছ'শোর উপর ধানকল আছে, তাতে তৈরী হয় আমাদের বাংলাদেশে যে সমস্ত ধান কল আছে—তারা যদি পর্য্যাপ্ত পরিমাণে ধান পায় তাহলে ৭ লক্ষ টন চাল তারা সারা বছর তৈরী করতে পারে। আর বাকী ৫ লক্ষ টন চাল যেটা তৈরী—হয় তার কিছু ঢেঁকিতে ও তৈরী হয় এবং যাকে হ'লার বলে সেই পেডি হাস্কিইং মেশিনেও হয়। সেই চালটা আমাদের সহরাঞ্চলে আসে না।

সহরাঞ্চলে বা যে সমস্ত জেলা ঘাটতি যেমন নদীয়া জেলা—যেমন কুচবিহার—এখন ঘাটতি হয়েছে—যেমন জলপাইগুড়ি জেলা, যেমন মালদা জেলা—এই সমস্ত জেলাতে চালের কিছু কিছু অংশ চলে যায়। কলের চাল স্থানীয় লোকের কাছ থেকে কিনে খেতে বাধ্য হয়। কাজে কাজেই সরকার যেটা ধরতে পারে—যে হিসাব ধরছি সেটার উর্দ্ধ পরিমাণ হতে পারে ঐ ৭ লক্ষ টন। এবার আমরা ১ লক্ষ টন নিয়েছি—তাহলে ৪ লক্ষ টন চাল হলে পর আমরা শতকরা ২৫ ভাগ লেভিতে পাবো বলে ঠিক করেছিলাম এবং পেয়েছিও। চার লক্ষ টন যদি ধান কলে উৎপন্ন হয় তাহলে আমরা ১ লক্ষ টন পেতে পারি লেভিতে। কিন্তু আমরা লেভি

বসিয়েছিলাম যদিও জানুয়ারী মাসে—আমরা আদায় করতে পেরেছি ফেব্রুয়ারী মাস থেকে—কারণ কেন্দ্রীয় সরকারের সম্মতি পাইনি বলে। তাতে আরও ৮০ হাজার টন চাল হয়েছে। তাহলে মোট ৪ লক্ষ ৮০ হাজার টন চাল কলে উৎপন্ন হয়েছে আজ পর্যন্ত। সরকার ১ লক্ষ টন পেয়েছে —কিন্তু বাকী ৩ লক্ষ ৮০ হাজার টন চাল কোথায়? নিশ্চয়ই হোডারদের কাছে আছে—না হয় কোথায়ও আছে। মাননীয় সদস্যরা নিশ্চয়ই জানেন যে ৩ লক্ষ ৮০ হাজার টন চালের মধ্যে অধিক পরিমাণ চালই লোকে খেয়েছে। কেন না সহরের যা চাহিদা তা আমরা মেটাতে পারিনি। আর আমাদের যেগুলি ফেয়ার প্রাইস সপ আছে তা থেকে ফেব্রুয়ারী মাসে কতটুকু চাল দিয়েছি, মার্চে কতটুকু চাল দিয়েছি, এপ্রিলে কতটুকু চাল দিয়েছি, মে'তে কতটুকু দিয়েছি? ২৪শে জুন থেকে বেশী সংখ্যক লোককে চাল দিতে সুরু করেছি—কি পরিমাণ? মাত্র ১ কিলোগ্রাম করে। আজ জানুয়ারী, ফেব্রুয়ারী মার্চ, এপ্রিল, মে—এই ২২।২৪এ জুন পর্যন্ত ছয় মাস ধরুন—এই ছয় মাস কি এই চালগুলো ঘুমোচ্ছে হোর্ডারদের বাড়ীতে? বাকী লোক খেলো কি করে? কলকাতায় নিশ্চয়ই আমরা কেউ ধান চাষ করি না। তাহলে এই ছয় মাস চাল কোথা থেকে পেলাম? তাহলে লোকে খেয়েছে। নদীয়া জেলায় যেটা ঘাটতি অঞ্চল, সেখানকার লোক খেয়েছে, কুচবিহারের যেটা ঘাটতি অঞ্চল সেখানেও বর্ধমান, পশ্চিম দিনাজপুর থেকে চাল গিয়েছে—জলপাইগুড়িতে গিয়েছে। কাজে কাজেই যে ৪ লক্ষ ৮০ হাজার টন চাল আমাদের কলে উৎপন্ন হয়েছে এবং যা থেকে লেভির দরুন সরকার ১ লক্ষ টন নিয়েছে তা থেকে বাকী ৩ লক্ষ ৮০ হাজার টন চাল—তার অন্তত ৮০-৮৫ পারসেণ্ট আমরা খেয়ে ফেলেছি। নাইকো। কিছু চাল হোর্ডারদের কাছে আছে বা ধান হোর্ডারদের কাছে আছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি যখন এ বছর জানুয়ারী মাসে ধান চালের মূল্য নির্ধারণ করি তখন আমরা নিশ্চয়ই ভেবেছিলাম যে আমরা লোকের কাছ থেকে এই মূল্যে ধানচাল পাবো। এর পূর্বে আমরা পশ্চিমবাংলায় যখন প্রকিওর করতাম তখন দরটা অস্বাভাবিকভাবে ধানের দর বেঁধে দিতাম। আমার মনে আছে ১৯৪৮ সালে ৬ টাকা ধানের দাম কেন্দ্রীয় সরকার বেঁধে দিয়েছিলেন। এ বছর যে সব জায়গায় প্রকিওরমেণ্ট হয়েছে—যেমন অন্ধ্রপ্রদেশ সেখানে কেন্দ্রীয় সরকার একটি দাম বেঁধে দেন। আর বাজারের দাম তার চেয়ে বেশী থাকে। তাই আমি এবারে একটা ন্যায্য দাম যাতে চাষী, যারা উৎপাদক তাদের ক্ষতি না হয় এই রকম আমরা সব দিক বিবেচনা করে দিয়েছিলাম, এমন কি যাঁরা বিরোধী দলের সদস্য —আমরা সকলের সঙ্গে পরামর্শ করেছিলাম—অবশ্য তাদের পরমর্শ মত আমরা পুরোপুরি দাম নির্ধারণ করি নি—তাঁরা এক টাকা বেশী বলেছিলেন—আমরা এক টাকা মাত্র কম করেছিলাম। যেমন আমরা ১৪ টাকা বলেছিলাম—ওঁরা বলেছিলেন ১৫ টাকা কি ১৫ টাকা চার আনা। কাজে কাজেই খুব বেশী তফাৎ হয় নি। আমরা ভেবেছিলাম যে যদি এই রকম ভাবে মূল্য নির্ধারণ করি এবং উড়িষ্যা থেকে যদি ৩ লক্ষ টন তো নিশ্চয়ই—চার লক্ষ টন পাবো আশা করেছিলাম—এবং কেন্দ্রীয় সরকার বলেছিলেন যে তোমাদের এবার যখন ৫৩ লক্ষ টন চাল হবে তখন আমরা এক লক্ষ টন পর্যন্ত তোমাদের এবার কেন্দ্রীয় ভাণ্ডার থেকে সাহায্য দেবো এবং বাকীটা আমরা গম খেয়ে চালাবো।

[5-55—6-5 p.m.]

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে আমাদের পশ্চিমবাংলায় আমরা খুব বেশী পরিমাণ গম খাচ্ছি। এর আগে ৬।৬।। কোটি লোক অবিভক্ত বাংলায় ছিল তখন আমরা ১।।-২ লক্ষ গম খেতাম গত বছর আমরা ১০ লক্ষ গম খেয়েছি। পশ্চিমবাংলায় আমরা ঘাটতি পূরণের জন্য যে ব্যবস্থা করেছিলাম তাতে আমাদের ৪৮ লক্ষ টন চাল উড়িষ্যা থেকে ৩ লক্ষ টন চাল—৫১ লক্ষ টন চাল—কেন্দ্রীয় সরকারের ১ লক্ষ টন চাল, মানে ৫২ লক্ষ টন, এবং ১০ লক্ষ টন গম মানে ৬২ লক্ষ টন। সিরিলস্ যা আমরা খাই তার অভাব আমাদের থাকবে না। দুঃখের বিষয় আমরা উড়িষ্যা থেকে যে পরিমাণ চাল পাব, তা পাইনি—এখনও পর্যন্ত এক লক্ষ টন পাইনি। একজন মাননীয় সদস্য বলেছিলেন যে ১।। লক্ষ টন পাওয়া গেছে, তা নয়। উড়িষ্যা বলেছেন—আমরা যে মূল্য নির্ধারণ করেছি সেই মূল্যে উড়িষ্যা থেকে চাল পাওয়া যায় না। আমি উড়িষ্যার মুখ্যমন্ত্রীকে

বলেছিলাম যে আপনারা মূল্য নির্ধারণ করুন। তিনি বলেছিলেন যে এখন আর মূল্য নির্ধারণ করা যায় না এবং তাঁরা মূল্য নির্ধারণ করেননি। তারপর স্টেট ট্রেডিং যদি করতে হয় তা শুধু পশ্চিমবঙ্গে করলে হবে না উড়িষ্যাতেও করতে হবে। একজন মাননীয় সদস্য বললেন যে যে ঘাটতি প্রদেশে স্টেট ট্রেডিং হতে পারে না এটা আমি কেন বলেছিলাম? আমি এই মনে করে বলেছিলাম যে শুধু যদি ঘাটতি প্রদেশে স্টেট ট্রেডিং করা যায় বাহিরের সাহায্য যদি পাওয়া না যায় তাহলে আমাদের হাবুডুবু খেতে হবে। স্টেট ট্রেডিং করলে আমরা সবাইকে সরবরাহ করতে পারিব না যদি না আমরা সঙ্গে সঙ্গে রেশন করি। সেজন্য আমরা আবার রেশনএর কথা বলছি। আমরা যেটা ভাবছি যে স্টেট ট্রেডিং করব তাতে আমরা রেশনিংএর কথাও বলছি। আমরা যেটা ভাবছি যে স্টেট ট্রেডিং করব তাতে আমরা রেশনিংএর কথাও ভাবছি। কোলকাতা এবং শিল্পাঞ্চলে যাদের ক্রয়শক্তি অন্যান্য অঞ্চল থেকে একটু বেশী তাদের যদি আমরা রেশনএর অনুমতি করতে পারি তাহলে আমরা ভাবছি অন্যান্য অঞ্চলের জন্য গ্রামাঞ্চলের জন্য বা অন্যান্য শহরের জন্য অনেক পরিমাণ চাল আনতে পারব। আমরা ভাবছি সমস্ত চালের কলে ৭ লক্ষ টন হতে পারে না—৬া-৬।। লক্ষ হতে পারে—এর যদি আমরা কেন্দ্র থেকে চাল পাই, আর যদি গম যা আমাদের খাওয়া অভ্যেস হয়েছে তা যদি সরবরাহ করতে পারি তাহলে ১।। কে জি চাল ও ১ কে. জি. গম মাথাপিছু বাধ্যতামূলক করি তবেই আমাদের চলতে পারে। তার কারণ কোলকাতা শহরে পাউরুটি যেটা পাওয়া যায় খোলা বাজারে আটা যেটা পাওয়া যায় সেটা যে অভাব হবে সেটা আমরা পূরণ করতে পারব। কিন্তু এর মধ্যে অনেকগুলো কিন্তু এবং যদি আছে। এই কিন্তু এবং যদি গুলো ভারত সরকারের সঙ্গে আলোচনা সাপেক্ষ এবং যেগুলো সেগুলো যদি হয়ে যায় তাহলে আমরা প্রবর্তন করতে পারব। আর একজন বললেন আপনারা হোরডার্স ধরছেন না কেন? আমি আপনাদের সতর্ক করে দিয়েছিলাম যে আপনাদের শুধু দাম বাঁধলে চলবে না হোর্ডারস ধরতে হবে। সত্যি, হোর্ডারস আমাদের ধরবার প্রয়োজন হবে না, এই কারনে যে ধানটা যাবে কোথায়। ধান হলে ধানটা ধানকলে আসবে না হয় প্যাডি হাসকিং মেসিন যাবে, নাহয় ঢেকীতে যাবে। ধান হিসাবে কেউ খাবে না, তাতে চাল তৈরী করতে হবে। সেজন্য আজকে চালকলে যতই ধান আসছে সে পরিমাণ ঠিক ঠিক আসছে কিনা তা আমাদের চিন্তা করতে হবে। ৭ লক্ষ টন চাল তৈরী করবার ক্ষমতা ৬০০ ধান কলের আছে এবং জুলাই মাস পর্যন্ত ৪ লক্ষ ৮০ হাজার টন চাল তৈরী হয়ে থাকে আগষ্টে ধান বেশী ভাঙ্গা হয় না এবং সেপ্টেম্বর-এর মাঝামাঝি থেকে ধানকলগুলো আবার অক্টোবর নভেম্বর পর্যন্ত ভাল করে চলে। এইভাবে ৬ মাসে যদি আমাদের ধান কলগুলো ৪ লক্ষ ৮০ হাজার টন উৎপন্ন করে থাকে, আর বাকী ৩।৩।। মাসে ২ লক্ষ ২০ হাজার টন করে থাকে তাহলে হোর্ডিং-এর কোন প্রশ্ন নেই। (শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: যদি না করে?) যদি না করে তাহলে ধান হিসাবে থাকবে। (শ্রীযতীন চক্রবর্তী: আপনি যে হিসাব পেয়েছেন এই হিসাব কোথা থেকে পেয়েছেন এবং এটা ঠিক কিনা?) আমার হিসাবই ঠিক যে ৬ মাসে ৪ লক্ষ টন হয়েছে। আমি ২৫ পারসেণ্ট নিয়েছি। আর জানুয়ারী থেকে ২৬শে ফেব্রুয়ারী পর্যন্ত নিই নি, তাতে ঐ ২ মাসে ৪ লক্ষ ৮০ হাজার টন চাল হয়েছে এবং এর হিসাবও পেয়েছি। (শ্রীযতীন চক্রবর্তী: আপনি এই হিসাব ঠিক তা জানলেন কি করে? সে যদি ৬ লক্ষ টন এনে ২ লক্ষ টনের হিসাব না দেয় তাহলে আপনি ১।। লক্ষ টন পাচ্ছেন না) মাননীয় সদস্য আমার আরগুমেণ্টটা বুঝতে পাচ্ছেন না। আমাদের পশ্চিম বাংলায় যে ৬০০ বড় ধান কল আছে সেই ৬০০ ধানকলের ম্যাক্সিমাম ক্যাপাসিটি হচ্ছে ৭ লক্ষ টন। যদি পর্যাপ্ত সে ধান পায় তাহলে ৭ লক্ষ টন চাল সে উৎপন্ন করতে পারে। ৬ মাসের যে হিসাব সে হিসাব হয়ত ভুল হতে পারে কিন্তু সে হিসাবে দেখছি এই ৬ মাসের মধ্যে সে ৪ লক্ষ টন উৎপন্ন করেছে। তার বাবদ আমি ১ লক্ষ টন দেখতে পাচ্ছি তার কারণ ঐ ১ লক্ষ টন আমার ঘরে আছে। আর যদি না থাকে তাহলে দিচ্ছি কি করে? আর যে ২ মাস লেভি তে পাইনি সে সময় তারা ৮০ হাজার টন তৈরী করতে পেরেছে—যদি এর বেশী করতে পারে তো ভালই। মাননীয় সদস্যগণ আমার আরগুমেণ্টটা শুনলে বুঝতে পারবেন। ৪ লক্ষ ৮০ হাজার টন চাল ধানকল গুলো উৎপন্ন করেছে ৬ মাসে এবং তা ক্ষমতা হচ্ছে ৭ লক্ষ টন, তাহলে বাকি থাকে ২ লক্ষ ২০ হাজার টন। এবারে সেপ্টেম্বর মাসের মাঝামাঝি থেকে আবার হবে এবং আগষ্ট মাস পুরো বন্ধ থাকে। তাহলে অক্টোবর, নভেম্বর ও ডিসেম্বর ও সেপ্টেম্বরএর অর্দ্ধেক এই সাড়ে তিন মাস আবার চাল হবে। আমি আগেই বলেছি আমাদের

দেশে বড় ধানকল আছে ৬০০টা ও তাদের ম্যাকসিমাম ক্যাপাসিটি হচ্ছে ৭ লক্ষ টন এবং ৬ মাসে যদি ৪ লক্ষ ৮০ হাজার টন তৈরী করে থাকে এবং তারা তা করেওছে কারণ সে চাল তো আমরা পেয়েওছি। তাহলে বাকি সাড়ে তিন মাসে ধরে যখন ধানকল গুলি চলবে তখন তারা ২ লক্ষ ৮০ হাজার টন তৈরী করবে কারণ এই হচ্ছে নিয়ম। প্রতি বৎসরই এই ভাবে চলছে। এ বৎসর যদি বেহিসাবী ভাবে চলে তাহলে আলাদা। লোকে বলতে পারেন যে গতবার ৩৯ লক্ষ টন হয়েছিল আর এবার তো ৪৮ লক্ষ টন হয়েছে তা সে ৪৮ লক্ষ টন গেল কোথায়? এটা একটা নায্য কথা। গত বৎসর যখন ৩৯ লক্ষ টন চাল হয়েছিল। এবং আমরা যখন ১০ লক্ষ টন গম খেয়েছিলাম তখনও আমরা হিসাব করে দেখেছিলাম যে ঘাটতি ছিল। তখন হয়েছিল ৩৯ লক্ষ টন আর ১০ লক্ষ টন গম খাওয়া হয়েছিল তাহলে মোট হয় ৪৯ লক্ষ টন আর গতবৎসর উড়িষ্যা থেকে জুন মাস পর্যন্ত পেয়েছি ১ লক্ষ ৫৪ হাজার টন। যদি দেড় হাজার টনই ধরি তাহলে ৪৯ যুক্ত দেড় লক্ষ টন সর্বমোট সাড়ে পঞ্চাশ লক্ষ টন; এবং কেন্দ্রীয় সরকার শেষ পর্যন্ত ২ লক্ষ টন দিয়েছিলো এবং তাতে সর্বমোট দাঁড়ায় সাড়ে পঞ্চাশ যুক্ত দুই মোট সাড়ে বাহান্ন লক্ষ টন। যেখানে আমাদের ৬০ থেকে ৬২ লক্ষ টন দরকার হয় সেখানে গত বৎসরে আমাদের চালাতে হয়েছে ৬২ কি ৫৩ লক্ষ টনে। এবং ক্যারি ওভার যা প্রতি বৎসরই থাকে তার মোটামুটি হিসাবই বলছি। অর্থাৎ এই বৎসরের ব্যাপারে আমার বিশ্বাস শুধু বিশ্বাস বলি কেন ধ্রুব বিশ্বাস আরো ২ লক্ষ ২০ হাজার টন চাল ডিসেম্বর মাস পর্যন্ত তারা হোর্ডিং করবে। তবে একথাও ঠিক যে বৎসর আমাদের চাষীরা বেশী ধান করে সে বৎসর তারা বেশী খায়। যেমন গত বারে বেশী ধান হয়েছে, এবং তা বৃষ্টির জন্যই হয়েছে। যাদের চাষীদের সম্পর্কে ধারণা আছে তারা দেখবেন যে বৎসর বেশী ধান হবে সে বৎসর চাষীরা মুড়ি বেশী খাবে, ভাত বেশী খাবে এবং ২।৪টা ক্রিয়া কর্ম করবে এবং তাদের উৎসবের সময় তারা বেশী খরচ করবে। কাজে কাজেই যে বৎসর ধান বেশী হবে সে বৎসর খাওয়া হয় বেশী। তবে একথাও ঠিক যে যদি আমাদের জীবন যাত্রার মান খুব উন্নত হয়ে যায় তাহলেও আমরা এত চাল খাব না। আমরা এখন ১৬ আউন্স বা ১৬॥ আউন্স খাব বলছি, অধ্যাপক মহালনবীশ বলেছেন ৩৮ আউন্স পার ক্যাপিটা পার ডে দরকার। কিন্তু তা আমরা পাচ্ছি না, এবং ১৮ আউন্স খেয়েও থামবো না যদি জীবন যাত্রা উন্নত হয়। আমরা তণ্ডুল জাতীয় পদার্থ ১২ আউন্স, ১০ আউন্স বা ৭ আউন্স খাব যদি সেরূপ অবস্থা আমাদের কোনদিন হয়। আমেরিকা এত বেশী খাদ্য তৈরী করে যে তারা তণ্ডুল জাতীয় খাদ্য ৭ আউন্সের বেশী কেউ খায় না।

[6-5—6-15 p.m.]

আমেরিকাতে এত বেশী তৈরী, তবু সেখানে ৭ আউন্স সিরিলসও খায় না। ইউ. কে. —তাদের অবস্থা আমাদের চেয়ে ঢের ভাল। সেখানেও ৭ আউন্সের বেশী সিরিলস খায় না। রাশিয়ায় ১৮ আউন্স সিরিলস খায়, টার্কী ১৭ আউন্স সিরিলস খায়। আর আমরা সাড়ে ষোল আউন্স পাচ্ছি। যদি ১৮ আউন্স হয়, আমরা ১৮ আউন্স খেতে পারি। যে বছর ভাল ফসল হবে, চাষীরা সে বছর একটু বেশী খাবে। নিশ্চয়ই খাবে, এবং সেটা বেশী খায় বলে তার একটা অঙ্ক কষে ও পরিসংখ্যান সম্বন্ধে লোককে আমরা ভ্রান্ত করবার যদি চেষ্টা করি, তার হিসাব দেওয়া যায় না। একজন মাননীয় সদস্য বললেন আপনাদের কি করে উৎপাদন বাড়বে। এই যে

Fertiliser—Government of India.

দেয়, তা আপনারা নেন না। ফারটিলাইজার আমরা নেই, তবে যে পরিমাণ কম আমরা নেই তিনি বলেছেন, সেই পরিমাণ নয়। ১৯৬৩ সালে কেন্দ্রীয় সরকার আমাদের মোটমাট য়্যামোনিয়ম সালফেট দিয়েছিলেন ৯২ হাজার টন, আর আমাদের চাষীরা ব্যবহার করেছিল ৭৪,৮১৯ টন। চাষীরা তো পয়সা দিয়ে কিনে নিবে। আমরা তো তাকে জোর করে দিতে পারি না। আর ১৯৬৪ সালে আমাদের এ পর্যন্ত লিফ্‌টেড হয়েছে ৩৯ হাজার টন, তাঁরা দিয়েছেন ৯৩ হাজার টন, আমরা আরো ৫৫ হাজার টন নেব বলেছি। কিন্তু সিন্ধ্রীতে লকআউট হয়েছে, স্ট্রাইক হয়েছে বলে আমরা পাচ্ছি না। যেটা আমাদের দোষ নয়।

একজন মাননীয় সদস্য বললেন বোধ হয় আমার বন্ধু যতীন্দ্র চক্রবর্তী মশায় তিনি বললেন এ পর্যন্ত ওদের যখন ইনসেকটিসাইডএর জন্য এত লাইসেন্স দিয়েছ, তোমরা আনছো না কেন? বোধ হয় তিনি সংবাদপত্রে দেখেছেন যে আমরা ২০ লক্ষ টাকার কপার ইমপোর্ট করবার জন্য লাইসেন্স পেয়েছি কেন পেয়েছি?

For manufacture of Copper Fungicide.

এই যে ২০ লক্ষ টাকা সামান্য এমন কিছু নয়। এই ২০ লক্ষ টাকার বৈদেশিক মুদ্রা পাবার জন্য আমরা চেষ্টা করছিলাম। আমাদের আলুর চাষে ব্লাইট রোগ নামক এক প্রকার রোগ হয়। স্বাধীনতার পর পশ্চিমবাংলায় আলু চাষে খুব উন্নতি হয়েছে। স্বাধীনতার আগে যে অঞ্চল নিয়ে এখন পশ্চিমবাংলা, সেখানে মাত্র দু লক্ষ টন আলু হতো। কিন্তু ১৯৬২-৬৩ সালে সেই জায়গায় ৭ লক্ষ ৭০ হাজার টন আলু হয়েছে। কেন? অল্প পরিমাণ জমিতে আলুর ফসল খুব বেশী হয়; বাংলাদেশে খুব বেশী হয় হুগলী জেলায় সব চেয়ে বেশী হয় আমরা গত বছর আলুতে খুব মার খেয়েছি। যেখানে ৭ লক্ষ ৬০ হাজার টনের জায়গায় তার চেয়ে বেশী হবে, মনে করেছিলাম ৭ লক্ষ ৮০ হাজার টন হবে কি ৯০ হাজার টন হবে সেখানে আমরা গত বছর পেয়েছি মাত্র ৫ লক্ষ ২৬ হাজার টন; এই কপার ফাংগিসাইড হচ্ছে আলুর ব্লাইট রোগের ওষুধ। আমরা কেন্দ্রীয় সরকারের কাছে এই ওষুধের জন্য এই কপার আনবার জন্য ফরেন এক্সচেঞ্জ চেয়েছিলাম।

(এ ভয়েস: কবে চেয়েছেন? এত দেরী হল কেন?)

আমি বলছি। কেন্দ্রীয় সরকারকে আমরা একবার দুবার তিনবার চারবার নয় পাঁচবার তাগিদ দেবার পরেও তা আমরা পেলাম না। অথচ এদিকে আলু চাষে ভীষণ ক্ষতি হয়ে গেল এই ১৯৬৪ সালে। গতবার আলু উঠে যাবার পরে আমরা ২০ লক্ষ টাকার কপার ফাঙ্গিসাইড আনবার নির্দেশ পেয়েছি এবং নির্দেশ পাবার পর আমরা খবরের কাগজে টেণ্ডার ইনভাইট করেছি। কাজে কাজেই আগামী বছর আলু চাষের আগে আমাদের কপার ফাঙ্গিসাইড তৈরী হয়ে যাবে। গত বছর যখন ব্লাইট রোগ হয়, তার আগে থেকেই আমরা কপার এর জন্য ফরেন এক্সচেঞ্জ চেয়েছিলাম, পাই নাই।

Shri Jatin Chakravorty:

আমার একটা জিজ্ঞাস্য আছে—এটা কোন ঝগড়ার ব্যাপার নয়। আপনি যেমন ঠাণ্ডা মাথায় বলছেন, আমরাও তেমন ঠাণ্ডা মাথায় শুনছি—সেটা হলো এই যে ২০ লক্ষ টাকার ফরেন এক্সচেঞ্জ আপানারা পেলেন জানুয়ারী মাসে এবং অন্যান্য স্টেটও ঐ কারণে পেয়েছেন। আপনি জানেন কি না জানি না এই ২০ লক্ষ টাকার যে লাইসেন্স এটা কিন্তু কপার আনতে হবে এবং সেটা আপনাকে এনডোর্স করে দিতে হবে ইমপোরটারদের কাছে তারা সেটা নিয়ে চীফ কনট্রোলার এক্সপোর্ট য়্যাণ্ড ইমপোর্ট এর কাছে যাবে কাজেই তা আসতে আসতে জানুয়ারী, ফেব্রুয়ারী মাস, ১৯৬৫ সালের আগে আপনি পাবেন না। অন্য স্টেট আগেই নিয়ে নিয়েছে। আপনাদের ডা: নন্দী কি করছেন বসে বসে?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার মনে হয় আগামী আলু চাষের মরশুমের আগেই কপার এনে কপার ফাঙ্গিসাইড তৈরী করতে পারবো। আমি তো বলছি—আমাদের আগামী আলু চাষের আগে আমরা কপার ফাঙ্গিসাইড তৈরী করতে পারবো এবং তা আমরা যদি না পারি তাহলে তখন আমাদের কনডেমড করা যাবে। আমাদের যা টাইমটেবল করা হয়েছে তাতে এটা আমাদের করতেই হবে—কারণ আলু চাষ আমাদের একটা প্রধান চাষ। আর একটি কথা, মাননীয় অধ্যক্ষ মহাশয়, অনেক সময় আমরা ভুলে যাই যে আমাদের এই পশ্চিমবাংলায় যে জমি আছে তাতে একজন মাননীয় সদস্য বললেন যে ১ কোটি কত একর জমিতে মাত্র চাষের ভা-ব্যবস্থা আছে। আমাদের পশ্চিমবাংলায় ১ কোটি ৩৪ লক্ষ একর জমি আছে এবং যতরকম

উৎকৃষ্টি নিকৃষ্ট অপকৃষ্ট জমি আছে সব জমিতেই আমরা চাষ করি। কারণ আমাদের জমির অভাব এবং হিসাব করে দেখা গিয়েছে......এটা বলার আগে আমি বলে নিই

We got the allotment of foreign exchange from the Government of India in June, 1964.

Shri Jatin Chakravorty:

ডাঃ নন্দী মিথ্যা কথা আপনাকে লিখে দিয়েছেন।

It is absolutely a wrong information given to him.

একেবারে মিথ্যা কথা

Dr. Nandy absolutely misleading.

এটা কিছুতেই ঠিক নয়।

The Hon'ble Prafulla Chandra Sen:

যা হোক আমাকে এই লিখে দিয়েছেন—কে দিয়েছেন জানি না—কোন সই করা নেই।

Shri Jatin Chakravorty:

হ্যাঁ মিঃ নন্দী এটা লিখে দিয়েছেন—এটা সম্পূর্ণ মিসলিড—আমি দিল্লীতে গিয়ে জেনে এসেছি।

The Hon'ble Prafulla Chandra Sen:

কে লিখে দিয়েছেন—আপনি দয়া করে একটি চিঠি লিখবেন যে ডাঃ নন্দী মিথ্যা কথা বলেছেন। আমি জানি যে মাননীয় সদস্য যতীন চক্রবর্ত্তী মহাশয় সব জানতা। এটা তো আমরা সকলেই জানি।

Shri Jatin Chakravorty:

আমি দিল্লী থেকে ঘুরে জেনে এসেছি—আপনি তদন্ত করে দেখবেন।

The Hon'ble Prafulla Chandra Sen:

হ্যাঁ, যাহোক, অধ্যাপক রাজকুমার চক্রবর্ত্তী মহাশয় বলেছিলেন যে আমাদের পশ্চিমবাংলায় ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে আমরা চাষ করি। তার মধ্যে যেসব জমিতে সেচের ব্যবস্থা করতে পেরেছি তার পরিমাণ হচ্ছে ৩৩ লক্ষ একর। কাজে কাজেই এক কোটির বেশী জমি নির্ভর করে আকাশের উপর। আমাদের সেচের জন্য ব্যয় হয়েছে প্রচুর এটা ঠিক এবং আমাদের যা পরিকল্পনা আছে তাতে আমরা আরও বেশী জমিতে সেচের ব্যবস্থা করতে পারবো। আর সেইজন্য আমাদের এ্যাভারেজ ইল্ড-ও খুব কম, আমি একজন বৈদেশিক কৃষি বিজ্ঞানীকে জিজ্ঞাসা করেছিলাম যে মহাশয়, আপনি বলতে পারেন যে আমাদের পশ্চিমবাংলায় এভারেজ ইল্ড ধানের এতো কম কেন। তিনি বললেন যে এটা খুব সোজা উত্তর—এর উত্তর হচ্ছে তোমরা যত মার্জিন্যাল এবং সাব মার্জিন্যাল জমিতে চাষ কর—তার ইরিগেটেড ল্যাণ্ড-এর গড় আর অন্য জায়গায় ইরিগেটেড ল্যাণ্ডের গড়ের সঙ্গে হিসাব করবেন

It will compare very fevourably

আমাদের এটাই হচ্ছে মুস্কিল যে আমাদের যে জমি আছে তার অল্প পরিমাণ জমিতে আমরা সেচের ব্যবস্থা করতে পেরেছি। সেচ সম্বন্ধে দুটি দিক আছে একটি হচ্ছে নদীর যে সব পরিকল্পনা—যেসব প্রকল্প—সেটা খুব ব্যয় সাধ্য অনেক টাকা খরচ করতে হবে। আমরা ময়ূরাক্ষী পরিকল্পনা ১৬ কোটি টাকা খরচ করেছি। আমাদের দামোদর

পরিকল্পনায় অনেক খরচ হয়েছে। অবশ্য দামোদর পরিকল্পনার পারপাস তিনটি। বন্যা নিয়ন্ত্রণ—আর পাওয়ার—আর সেচের ব্যবস্থাও ছিল। আমি হিসাব করেছি যে কংসাবতী পরিকল্পনা থেকে আমাদের ৭৮ লক্ষ একর জমিতে চাষ হবে। ১ কোটি ৩৩ লক্ষ একর জমিতে আমরা সেচের ব্যবস্থা করতে পেরেছি। যদি অন্ধ্রের সঙ্গে তুলনা করি—অধ্যাপক রাজকুমার চক্রবর্তীর জন্য বলছি—তাহলে খানিকটা আমরা বুঝতে পারবো। আমাদের পশ্চিমবাংলায় লোক সংখ্যা ১৯৬১ সালের লোক গণনার হিসাবে ৩ কোটি ৪৯ লক্ষ। আর অন্ধ্রের লোক সংখ্যা ৩ কোটি ৪৮ লক্ষ। —প্রায় সমান, আমাদের পশ্চিমবাংলায় ১ কোটি ৩৪ লক্ষ একর জমিতে চাষ হয়—অন্ধ্রে ২ কোটি ৭৩ লক্ষ একর জমিতে চাষ হয়। অন্ধ্রে ২ কোটি ৭৩ লক্ষ একর জমির মধ্যে ৭৬ লক্ষ একর জমিতে সেচের ব্যবস্থা আছে—আর ঐ ৭৬ লক্ষ একর জমিতেই তারা কেবলমাত্র ধানের চাষ করে। কাজে কাজেই তাদের ইল্ডটা বেশী। আমাদের এখানে কৃষি সম্বন্ধে যে টাকা তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনায় ধরা ছিল—তা ছিল মোট ৪৪ কোটি টাকা।

[6-15—6-25 p.m.]

প্রথম ৩ বছরে আমরা খরচ করেছি মাত্র ১৩ কোটি টাকা। আর এবছরে আমাদের খরচ হবে ১২ কোটি টাকা। খরচ সম্বন্ধে আমাদের প্লানএ আমরা দেখছি প্রথম বছরে খুব কম, দ্বিতীয় বছরে একটু বাড়ে, তৃতীয় বছরে খুব বেশী বাড়তে আরম্ভ করে। এবছরে আমরা মনে করছি—১৯৬৪-৬৫ সালে—১২ কোটি টাকা খরচ করব এবং ১৯৬৪-৬৬ সালে আমরা ২০ কোটি টাকা খরচ করাতে পারবো। অর্থাৎ জিওমেট্রিকাল প্রোগ্রেসন আমাদের ব্যয় বাড়তে থাকবে। কাজেই কৃষিতে পশ্চিম বাংলার অবস্থা তুলনা করলে খরচ কম, কিন্তু সামগ্রিক ভাবে খরচ খুব কম নয়। একজন মাননীয় সদস্য ঠিকই বলেছেন আমাদের পশ্চিমবাংলায় পাটের জন্য বিশেষ করে আউস ধানের জন্য অনেক জমি আমরা দিচ্ছি। আগে আমাদেয় এখানে ২।। লক্ষ একর জমিতে পাট হোত, এখন ১১ লক্ষ একর জমিতে পাট হয় এবং ৪ লক্ষ একর জমিতে মেস্তা হয়। অবশ্য মেস্তা জমিতে ধান হোত না। এই ১১ লক্ষ একর জমিতে পাট করে আমরা পয়সা অনেক পাচ্ছি—আগে যেখানে পাট বিক্রি করে কৃষক ৬ কোটি টাকা পেত, এখন সেখানে ৪৬ কোটি টাকা পাচ্ছে। অবশ্য এতে আমরা বৈদেশিক মুদ্রা অর্জন করছি এবং কেন্দ্রের কাছে আমরা তা দাবী করব। কিন্তু পৃথিবীতে চাল কোথাও পাওয়া যাচ্ছে না তাতে কেন্দ্র কি করবেন? আজ যেমন আমরা আমেরিকা থেকে পর্যাপ্ত পরিমাণে গম আনতে পারি, কিন্তু চাল কেউ দিচ্ছে না। পাকিস্তান থেকে এবার আমরা ১ লক্ষ টন চাল পাব, কেন না তাদের এবছর উদ্বৃত্ত হয়েছে। কিন্তু সারা পৃথিবীতেই চালের খুব অভাব আছে। আমাদের দেশে খাদ্য সম্বন্ধে একজন মাননীয় সদস্য বললেন যে খাদ্য সম্বন্ধে লোকে এখন অন্য রকম বিচার করছে। আমাদের পশ্চিমবাংলায় কলিকাতা শহরে আগে যাঁরা ২ বেলা রুটি খেতেন তাঁরা বলছেন এখন ১ বেলা ভাত খাব, আগে যাঁরা একবেলা ছাতু, রুটি খেতেন তাঁরা বলছেন এক বেলা ভাত খাব। কিন্তু আমাদের লোক সংখ্যা খুব বেড়ে গেছে। আমি হিসাব করে দেখলাম ১৯৫৪ সালে আমাদের ৫৩ লক্ষ টন চাল হয়েছিল—বামপার ক্রপ ছিল আর এবারও আমাদের ৫৩ লক্ষ টন চাল হয়েছে। ১০ বছর আগে আমাদের পশ্চিম বাংলায় লোকসংখ্যা ছিল ২ কোটি ৬৯ লক্ষ, আর আজ ১৯৬৪ সালে পশ্চিমবাংলায় লোক সংখ্যা বেড়ে হয়েছে ৩ কোটি ৮২ লক্ষ অর্থাৎ ১ কোটি ১৩ লক্ষ বেড়ে গেছে। অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয় বলেছেন তখন ১৬ টাকায় চালের দাম নেবে গিয়েছিল, আর এখন যে চালের দাম বেড়েছে সে বিষয়ে সন্দেহ নেই। অধ্যাপক নির্মল বসু মহাশয়ের বক্তৃতা খুব মন দিয়ে শুনেছি। তিনি বললেন যে আমাদের দেশে এতটা মূল্যবৃদ্ধি হতে পারে না, ইনফ্লেসনের জন্য এতটা মূল্য বৃদ্ধি হতে পারে না। আমি বলছি শুধু ফ্যাকটর ইনফ্লেসনএর জন্য মূল্য বৃদ্ধি হয়েছে তা নয়, এতে ৫0টা ফ্যাকটর আছে এবং এর মধ্যে মোটামুটি ৫।৬টা ফ্যাকটর আমরা চোখের সামনে ধরতে পারি। এর মধ্যে একটা হচ্ছে যে এক শ্রেণীর লোকের ক্রয় শক্তি বেড়েছে বলে তারা চাল বেশী করে খেতে পাচ্ছে। অর্থাৎ চালের যত উৎপাদন বাড়ছে আমরা চাল তত বেশী খেতে চাচ্ছি। আমাদের এখানে যারা আগে বজরা, জোয়ার খেত তারা বলছে যে আমরা এখন চাল খাব। আমি হিন্দীতে বক্তৃতা দিতে পারতাম বলে

সময় আমাকে প্রায় হুগলী জেলার পাট এলাকায় যেতে হত। আমি সে সময় দেখেছি যে তারা রেঙ্গুনের চাল খেত। আমাদের অর্থমন্ত্রী মহাশয় সেদিন বলছিলেন আপনার র‍্যাশন শপ, ফেয়ার প্রাইজ শপ থেকে ৩।৪ রকমের যে চাল দেন সেই চালের মধ্যে ৮৬ নঃ পঃ গন্ধ চাল বাদ দিয়ে যে ৭০।৭৬ নঃ পঃ যে চাল দেন সেটাই হাওড়া জেলায় শ্রমিকরা নিচ্ছে কেউ ৫৪ নঃ পঃ চাল নিচ্ছে না, সেটা হচ্ছে আমাদের মধ্যবিত্ত ভদ্রলোকেরা। ৭০।৭৬।৮০ নঃ পঃ চাল শ্রমিকরা নিচ্ছে, কারণ তাদের অবস্থা ভাল হয়েছে। আগে তারা রেঙ্গুনের চাল খেত, এখন তারা রেঙ্গুনের চাল খাবে না। একটা শ্রেণীর ক্রয়শক্তি নিশ্চয় বাড়ছে সন্দেহ নেই। আনয়্যাকাউণ্টেড ফর মানি নিশ্চয় আছে। যারা হয়ত কোনদিন চালের কারবার করেনি তারা বেনামীতে ১০টা লোকের নামে চালের কারবার করছে। আমরা এসব ধরবার চেষ্টা করছি, কিন্তু ধরা শক্ত। সেটা আমার চেয়ে মাননীয় সান্যাল মহাশয় ভাল জানেন। তিনি যে সমস্ত পয়েণ্ট দিয়েছেন সে সমস্তের যদি সময় পাই উত্তর দেব।

তিনি যে সমস্ত কথা বলেছেন আমরা তার কোন্ কোন্টা কার্যকরী করতে পারি তা দেখবো এবং তাঁর সহযোগিতা নেব, সেটা আমাদের এখানে বসে আলোচনায় হবে না পরে আলোচনা করবো। আমি যেটা বলতে চাচ্ছি তা হচ্ছে আমাদের মূল্য বৃদ্ধির বহু ফ্যাক্টর আছে যা কনট্রিবিউট করবে। তাতে মুদ্রাস্ফীতি নিশ্চয়ই একটা, আনয়্যাকাউণ্টেড ফর মানি একটা এবং এক শ্রেণীর মানুষের ক্রয় ক্ষমতা বেড়েছে। আমি তাই মাননীয় সদস্যদের বলতে চাইছি মূল্য বৃদ্ধির হয়ত ৫০টা ফ্যাক্টর আছে তার মধ্যে মুদ্রাস্ফীতি একটা এবং আন য়্যাকাউণ্টটেড ফর মানি ও এক শ্রেণীর ক্রয় ক্ষমতা বৃদ্ধি ইত্যাদি আছে। এবং লোকের ক্রয় ক্ষমতা বেড়েছে বলেই তারা কিনতে পারছে। আরো অনেক কিছু আছে। তার মধ্যে যারা চাল খেত না তারা চাল খাচ্ছে এবং লোক সংখ্যা বৃদ্ধি ইত্যাদি তো আছেই। ডিমম্যাণ্ড এর সঙ্গে ডিম্যাণ্ড এ্যাণ্ড সাপ্লাই যা অপারেট করতো সেখানে ডিম্যাণ্ড বেড়েছে কাজে কাজেই আরো অনেক ফ্যাক্টরই আছে। (বিরোধী পক্ষ হইতে: হোরডিং এর কথা বলুন) মাননীয় সদস্য খুব ভাল কথাই বলেছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি আমায় সময় দিলে আমি নিশ্চয়ই উত্তর দেবো। ইউ এস এস আর যেখানে ডেনসিটি অব পপুলেসন মাত্র ২৭ জন পার স্কোয়ার মাইলে সেখানে আমাদের পশ্চিমবাংলায় ১৯৬১ সালের হিসাবে যা পাওয়া গেছে তাতে চলো ১,০৩২ জন এবং ভারতবর্ষে ৩৭২ জন, সে তুলনায় রাশিয়ায় মাত্র ২৭ জন। সেদিন ক্রুশ্চভ যা বলেছেন যা নাকি আমাদের বিধান সভার নেতা জ্যোতিবাবুও জানেন যে আমাদের এগ্রিকালচারাল পলিসি ভুল হয়েছে। তারা ১ একর নয় ৯ একর জমি রিক্লেম করলেন যা ফরেষ্ট ল্যাণ্ড ছিল। এবং তা তারা বড় বড় সব বুলডজার দিয়ে বড় বড় মেকানাইজড ফারমিং দিয়ে তো তারা ৯ একর জমি করলেন। (যতীন চক্রবর্ত্তী: সেখানে ব্ল্যাক মারকেটিয়ার্সদের গুলি করে মারে?) কিন্তু তা করলেও তারা তা পারে নি। তাদের সোনা বিক্রি করে আমেরিকার কাছ থেকে গম কিনতে হয়েছে। যতীন বাবু তো এখানে অনেক বিপ্লবের কথা বললেন।

Shri Nirmalya Bagchi:

উনি কি এইভাবে এখানে য়্যানটি সোভিয়েট বক্তৃতা দেবেন? তা যদি হয় তাহলে আমাদেরও বলবার আছে আমাদেরও বলতে দিন। উনি কি জানেন রাশিয়াকে কিউবাকে খাওয়াতে হয়?

Mr. Chairman: This to not a anti-soviet Countary.

(Noise and interruptions).

The Hon'ble Prafulla Chandra Sen:

স্যার, আপনি বললে নিশ্চয়ই বসবো কিন্তু ও পক্ষের লোক বললে বসবো না।। (শ্রীযতীন চক্রবর্ত্তী: স্যার, আমরা আপনার কাছে বলে এসেছি যে য়্যাসেম্বলীতে যা হয়েছে, আমরা এখানে তার পুনরাবৃত্তি করবো না এবং আমরা চাই এখানে পিসফুলি চলুক

চীফ মিনিস্টার সেন তার এ্যাডভান্টেজ না নেন ?) আমি উদাহরণ স্বরূপ যে কথা বলছিলাম হল যে খাদ্য সমস্যার সমাধান করা খুবই শক্ত। এমনকি রাশিয়াও তা করতে পারেননি।

[6-25—6-35 p.m.]

মাননীয় অধ্যক্ষমহাশয়, আমি উদাহরণ স্বরূপ বলছিলাম যে খাদ্য সমস্যা সমাধান করা খুব শক্ত। এমনকি রাশিয়াও পারে নাই সমাধান করতে যদিও তাদের ওখানে লোক সংখ্যা আমাদের তুলনায় খুব কম।

ভেয়েসেস্: রাশিয়ার লাইবিলিটি কত তা জানেন ? সমস্ত পূর্ব ইউরোপকে খাওয়াতে হয় ?

(ইন্টারাপসনস)

Shri Sasanka Sekhar Sanyal:

এ পয়েণ্ট অব অর্ডার উনি নিশ্চয়ই ইলাসট্রেট করতে পারেন। আমরা কি এই কথা ওঁর কাছে জানবো যে রাশিয়া যে কারণে পারেনি, সেটা কি তিনি উদাহরণ দিয়ে বলবেন আমরাও সেই জন্য পারিনি ?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় শশাঙ্ক স্যান্যাল মহাশয় যদি অনুগ্রহ করে আমাকে শেষ করতে দেন তাহলে বুঝতে পারবেন যে কেন আমি বলছি। আমাদের এখানে একটা ধারণা যে আমরা কিছুই করতে পারি নাই। আমরা অনেক কিছু করতে পারি নাই স্বীকার করছি, অনেক বিষয়ে আমরা ব্যর্থ হয়েছি তাও স্বীকার করছি। আমি বলছিলাম যে খাদ্য সমস্যার সমাধান করা সোজা জিনিষ নয়। আমি মাননীয় শশাঙ্ক মহাশয়ের অনুমতি নিয়ে আবো বলতে চাচ্ছিলাম যে রাশিয়াতে যুদ্ধের পর লেনিন মহোদয়কে নিউ ইকোনমিক পলিসি করতে হয়েছিল। তিনি বলেছিলেন যে ফুল করার চেষ্টা করুক, তারা বড় হোক,

let them get rich quickly

কাজেই খাদ্য সমস্যা সমাধান করবার জন্য সেদিন তারা হোর্ডারদের গুলি করে মেরেছে, সেখানে দুর্ভিক্ষও হয়েছে। সেটা তো কোন মাননীয় সদস্য বলছেন না। শুধু হোর্ডারদের গুলি করলে হবে না। খাদ্য সমস্যার সমাধান সম্পূর্ণভাবে করতে গেলে—নিশ্চয়ই কৃষির উৎপাদন করতে হবে।

Shri Sasanka Sekhar Sanyal:

উনি কি বলতে চান দুর্ভিক্ষ হবার একটা কারণ হলো হোর্ডারদের গুলি করে মারা ?

Mr. Chairman: Please hear him patiently. (Voices:

(ভয়েস: ওসব কথা বললে হবে না।)

The Hon'ble Prafulla Chandra Sen:

একজন মাননীয় সদস্য বললেন যদি আমাদের এখানে খুব বিশৃঙ্খল অবস্থা হয় এবং আমরা খাদ্য সমস্যার সমাধান না করতে পারি, তাহলে চীনও আসা ভাল, তাহলে আমরা আর কোমর বাঁধবো না। এও আশংকা আছে। কেন ? না, বিশৃঙ্খল অবস্থা স্থষ্টি হচ্ছে। চীন ও তারা খাদ্য সমস্যার সমাধান করতে পারে নাই।

আর একজন মাননীয় সদস্য বলেছেন তিনি আমাদের চেয়ে কম জানেন না। একথাও তিনি জানেন যে চীন দেশ ও তাদের খাদ্য সমস্যার সমাধান করতে পারে নাই।

আমাদের যতীন চক্রবর্তী মশায় বিপ্লবের কথা বললেন। তবে তিনি বিপ্লব করতে পারেন কি সেকথা বলেন নি। একজন বৃদ্ধ মহিয়সী মহিলা আমরা তাঁকে প্রণাম করি। তিনি বলেছে যে তাই তো যার দু কান কাটা হয়েছে, তাকে খোড়া করে দেও। এই যুবক মহিলাটি বিপ্লবের কথা বলতে পারেন নাই। কেন না তার লোভ এত বেশী যে তিনি আর বিপ্লবে কথা ভাবতে পারেন না।

Shri Sasanka Sekhar Sanyal:

ওঁকে আপনি মহিলা বললেন কেন? চক্রবর্তী—স্ত্রীয়াম্ ইপ্ বলে?

(এ ভয়েস: মেয়েদের মত কোন্দল করছেন বলে।)

Shri Jatin Chakravorty:

মহিলা আমি নই—আমি বিয়ে করেছি, দুটো ইস্যু হয়েছে। আপনি যে মরদ নয় সেট প্রমাণ হয়ে গেছে।

(হাস্যরোল)

The Hon'ble Prafulla Chandra Sen:

সত্যিই যদি বিপ্লব হয়, তাহলে যতীনবাবু তা ঠেকাতে পারবেন না, আমিও ঠেকাতে পারবো না। বিপ্লব ঠেকান যায় না। বিপ্লব যদি সত্যি দেশবাসী করেন তাহলে বিপ্লব হবে।

আর একজন সদস্য বললেন—আমরা আন্দোলন করেছিলাম, হরতাল করেছিলাম বলেই এক টাকা দাম বেড়েছে, নতুবা ৫৲ টাকা দাম হয়ে যেত।

Shri Sasanka Sekhar Sanyal:

উনি বলেছেন স্ট্রাইক করবার জন্য এক টাকা দাম বেড়েছে। আমি বলছি উনি আজ ওখানে না থেকে এখানে থাকলে বলতেন যে স্ট্রাইক না করলে ৫৲ টাকা বাড়তো।

The Hon'ble Prafulla Chandra Sen:

যা হোক কেউ এটা বলছেন না, আপনি হ্যানাটিসিং টি করছেন। ও দিকের একজন মাননীয় সদস্য বলেছিলেন যে ৫৲ টাকা বাড়তো, এটা কি হতো সে কেউ বলতে পারে না। আমাদের যে খাদ্য নীতি, যে নীতি আমরা গ্রহণ করতে চলেছি—তা সমস্ত ভারতবর্ষের খাদ্য পরিস্থিতি বিবেচনা করে সে খাদ্য নীতি নির্ভুল। এখন আমরা হোর্ডারদের ধরতে পারবো কিনা। যতীনবাবু বলছে কি করে ধরবেন মশাই?

মাননীয় যতীনবাবু বলেছেন যে আপনারা কংগ্রেসের বাড়ী তৈরী করবার জন্য অমুক অমুক অমুকের কাছ থেকে টাকা নিয়েছেন। তিনি বলতে পারেন—কিন্তু যদি বলতে পারতেন যে মশায়, অমুক চালের ব্যবসায়ীর কাছ থেকে ১০ হাজার টাকা নিয়ে তার অমুক ছেড়ে দিয়েছে তাহলে আমি স্বীকার করে নিতাম। যতীনবাবু কাদা খুব ঘাটেন—ড্রেন ইনস্পেকটার ওঁকে আমরা চিরকাল বলে থাকি। তা ড্রেন ইনস্পেকটার তো গন্ধ শুঁকবেনই—তার কাজই যে ঐ। তিনি ঐ জ. ধরে বেড়ান।

Shri Jatin Chakravorty:

সেন্টার থেকে সেইজন্য নন্দসাহেব আসছেন তো তদন্ত করার জন্য। কামরাজের ঐ ব্যাপার নিয়ে।

The Hon'ble Prafulla Chandra Sen:

া. তদন্ত হোক—আমরা তদন্ততে ভয় করি না। আমরা এমন ঋজু পথে চলি যে তদন্তের ন্য কোন ভয় নেই। তবে ওঁর স্বভাবই হচ্ছে এই যে উনি এখানে যিনি উত্তর দিতে রবেন না এমন মাননীয় শ্রদ্ধেয় ভদ্রলোকের নাম করে থাকেন—বা তাঁর সম্বন্ধে বলেন এটা ান বিপ্লবী মনোভাব, কাপুরুষের মনোভাব—আপনি তা বিচার করবেন—আমাদের বিচার রবার প্রয়োজন নেই। আমার অনেক কথা বলার ছিল—সংক্ষেপে সেরে দিচ্ছি সেটা চ্ছে এই যে আমরা আগামী বছরে কেন্দ্রীয় সরকারের যদি সম্মতি পাই—আমাদের বিশ্বাস াবো—তাহলে পর আমরা ষ্টেট ট্রেডিং করবো। আমাদের ধান কলে যে চাল সেই চাল বো—কলকাতা এবং শিল্পাঞ্চল বলে যে সব অঞ্চল ৬৬।৬৭ লোক নিয়ে সেই সব অঞ্চলে মরা স্ট্যাটুটারী রেসনিং প্রবর্তন করবো। এবং অন্যান্য ঘাটতি জেলাতেও কিছু কিছু ডিফাইড রেসন দেবো। এবং ব্যাপক অঞ্চলে চাল চলাফেরা করতে পারবে—তাতে ামরা বাধা দেবো না। এ বছর আমরা কলকাতায় ও শিল্পাঞ্চলে প্রত্যেক লোককে এক ক. জি করে চাল এবং এক কে. জি. করে গম আমরা দিচ্ছি। মাঝখানে গম একটু সুবিধা হয়েছিল—এই সপ্তাহ থেকে আমাদের গমের কোন অসুবিধা নাই। একজন মাননীয় দস্য জিজ্ঞাসা করেছিলেন যে 'মশয় ২ কিলোগ্রামে কি পেট ভরে?' মাননীয় অধ্যক্ষ মহাশয়, াপনার নিশ্চয় স্মরণ আছে যে ১৯৪৭ সালের ডিসেম্বর মাসে এই কলকাতা সহরে স্ট্যাটুটরী রেশনিং ছিল—যে ১ সের ১২ ছটাক দেওয়া হবে। একসের চাল আর ১২ ছটাক গম দেওয়া হোত—পরে ২ সের করা হয়েছিল। কিন্তু তখন পাউরুটি কিনতে গেলে ঐ যে এক সব গম—তা থেকে কুপোন স্যারেণ্ডার করতে হোত। আজকে এই রকম বাধা নেই—আজকে খোলা বাজার আছে—আজকে পাউরুটি পাওয়া যায় তা সত্বেও এক কিলোগ্রাম করে চাল ও ম দিচ্ছি। সংখ্যা বাড়ছে—আমি ৬৬ লক্ষ লোকের জন্য প্রবর্তন করেছিলাম—তার পর ৯০ ক্ষ লোককে দিয়েছি এবং এই মাসের শেষ পর্যন্ত ১ কোটি ৩০ লক্ষ লোককে আমি দেবো ার বেশী দিতে পারবো না।

ই নীতি আমরা গ্রহণ করেছি।

Shri Narendra Nath Das:

একটা ইনফরমেশন—এই যে স্টেট ট্রেডিং—যে কথা বলছেন—অন্যান্য স্টেট ট্রেডিং করবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য যদি আমার কথা শুনতেন—তাহলে এর উত্তর পেতেন। আমি বলেছি যে এবার আমাদের যিনি ভারতবর্ষের প্রধান মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী ও আমাদের খাদ্য ও কৃষি মন্ত্রী হয়েছেন শ্রীসুব্রাহ্মনিয়াম ও নন্দসাহেব এটা সামগ্রিকভাবে ভারতবর্ষে এটা প্রবর্তন করবার চেষ্টা করছেন। এবং এটা আমি বিশ্বাস করি যে আমরা এটা করতে পারবো। কাজে কাজেই আমরা আগে থেকেই এই দিকে সব চকে-টকে ঠিক করে রাখছি—যাতে সময়ের জন্য প্রস্তুত না হয়ে থাকার জন্য আমরা না ঠকে যাই। কাজে কাজেই আগের বছর আমরা স্টেট ট্রেডিং করবো। অন্যান্য মাননীয়রা সদস্য যে সমস্ত প্রশ্ন তুলেছেন—আমার সময় নেই আপনি যদি সময় দেন তাহলে আমি তার উত্তর দিতে পারি। আর যদি না দেন তাহলে—আমাকে যদি সময় দেন তাহলে আমার আরও আধ ঘণ্টা সময় লাগবে। সরসের তেলের কথা একটু বলা ভাল। আমার বন্ধু শ্রীশশাঙ্ক শেখর স্যান্যাল মহাশয়, তো তেল খাওয়া ছেড়ে দিয়েছেন—আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। ঘি-ও ছেড়ে দিয়েছেন—আরও ধন্যবাদ জানাচ্ছি।

(এ ভয়েস: ঘি ছেড়েছেন কেন?)

হার্টের জন্য। একজন মাননীয় সদস্য দুঃখ করে বলেছেন যে আপনারা একেবারে সরসের তেলের দাম ৩.৯০ নয়া পয়সা করে দিলেন—আর আমাদের খাদিবোর্ড বা খাদি কমিশন যে তেল বিক্রি করবে সার্টিফায়েড অর্গানাইজেসন মারফৎ তার দাম ৪ টাকা করে দিলেন কেন?

[6-35—6-42 p.m.]

এজন্য করলাম যাতে আমাদের দেশের লোক অন্য তেল যা বাজারে বিক্রি হয় তাতে সাইনাইড দিক, পটেসিয়াম সাইনাইড দিক, তিসির তেল মেশাক তা কেউ যেন না কেনে। এ সম্বন্ধে খবরের কাগজে জনমত গঠন হচ্ছে এবং লোকে বুঝতে পারছে যে ভেজাল তেল সস্তা বলেও কেনা উচিত নয়, ভাল তেল কেনা উচিত। শশাঙ্কবাবু যে পথ দেখাচ্ছেন সেই পথ অনুসরণ করা দরকার। আমরা সেই বিবেচনায় আগ মার্ক ও ঘানির তেল যাতে ভেজাল নেই সেই দুটো তেলের দাম আমরা বাড়িয়েছি। এবার উত্তর প্রদেশ ও পাঞ্জাব প্রভৃতি জায়গায় সরষের চাষ শতকরা ৪৫ থেকে ৫০ ভাগ কম হয়েছে। আমি লোক পাঠিয়েছিলাম, আমার কাছে লম্বা রিপোর্ট আছে যে এক একটা কলে তারা কত তেল তৈয়ারী করছে, কিন্তু এই লিষ্ট পড়বার আমার সময় নেই। এতে দেখা গেছে এবার উৎপাদন অনেক কম হয়েছে—প্রায় অর্দ্ধেক কম। এ সব জায়গায় হোর্ডিং হয়েছে, কিন্তু উৎপাদন যে কম সে বিষয়ে সন্দেহ নেই। আমাদের এখানে বছরে আমরা বাঙ্গালীরা ৩৫ লক্ষ মণ সরষের তেল খাই। আমাদের পশ্চিমবাংলায় ২ লক্ষ মণের কিছু উপরে সরষে উৎপাদন হয়, আর বাহিরে থেকে সরষের বীজ এবং তেল হিসাবে যেটা আসছে তার পরিমাণ হয়েছে ৩২ লক্ষ মণ। কাজেই এই নির্ভরশীলতা আমাদের দূর করতে হবে। কাঁঠাল বীচি থেকে যদি তেল হয় নিশ্চয় আমরা তা পরীক্ষা করে দেখব। কিন্তু শশাঙ্কবাবুকে আমি স্মরণ করিয়ে দিচ্ছি যে ২।৩টা জিনিষ নিয়ে আমরা পরীক্ষা করছি। টি সিড অয়েল খুব ভাল। প্রায় অলিভ অয়েলএর মত এর গুণ। অলিভ অয়েল খুব ভাল জিনিষ। টি সিড অয়েল নিয়ে আমরা পরীক্ষা আরম্ভ করেছি। ধানের যে রাইস ব্র্যান অয়েল হয় তা থেকে জাপানে ৫০ পারসেণ্ট কুকিং মিডিয়াম হয়। আমাদের এখানে একটা রাইস ব্র্যান অয়েলএর একটা কারখানা হয়েছে। কিন্তু তারা গন্ধটা ডিওডোরাইজ করতে পারছে না। সুতরাং এদিকে আমাদের নজর দিতে হবে। কাঁঠাল বীচি থেকে যদি হয় তাহলে তাও আমাদের দেখতে হবে। আমাদের এখানে যে তুলো হয় জাপানে সেই তুলো থেকে তারা ৫০ পারসেণ্ট কুকিং মিডিয়াম হয়। এই কটন সীড অয়েল হচ্ছে অন্য দেশ থেকে তুলো নিয়ে এসে। আমাদের দেশে যে কটন হয় তা থেকে বৈজ্ঞানিকরা চেষ্টা করছেন কটন সীড অয়েল তৈরী করতে যাতে আমরা সেই তেল খেতে পারি। এগুলি স্বাস্থ্যের পক্ষে খারাপ নয়। এ বিষয়ে গবেষণা করার জন্য আমরা লোক লাগিয়েছি এবং কাঁঠাল বীচি সম্বন্ধে জানতাম না এখন এটা নিয়েও গবেষণা করে দেখব। আমাদের এখানে মাছ সম্বন্ধে অনেক কথা উঠেছে। মাছের দাম নিশ্চয় বেড়েছে। আমি এ সম্বন্ধে জিজ্ঞাসা করায় অনেকে বলেছে যে বাজারে কিউ করে ২০০ জন দাঁড়ালে প্রথম ৫০ জন ফজলুর রহমান সাহেব যে মূল্য নির্ধারণ করে দিয়েছেন তাতে পান। আর বাকী ১৫০ জন লোক খালি হাতে ফিরে আসেন বা তাদের বাড়ীতে গিয়ে মেছুনী হোক বা অন্য লোক হোক মাছ ৬।৭।৮ টাকা দরে পাওয়া যায়। কিন্তু আমাদের এখানে মাছের উৎপাদন যে বেড়েছে সে বিষয়ে সন্দেহ নাই। মাছ খাওয়া লোকও বাড়ছে। অবাঙ্গালী নাম করব না তারাও মাছ খেতে আরম্ভ করেছে। ক্রয়ক্ষমতাও বেড়েছে, কেননা আজ যদি বলি যে ৯ টাকা করে কোলকাতা শহরে ৩ মণ মাছ এসেছে তাহলে একটা মাছও পড়ে থাকবে না।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order. 'Abangalis'—they cannot defend themselves. Is it parliamentary to mention them?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের এখানে অনেকে এখন মাছ খেতে আরম্ভ করেছে। এটা কিছু খারাপ নয়। আমি বলি মাছ ভাত, বাঙালী হতে গেলে মাছ খেতে হবে। আগামী বছরে আমরা কি করব এই কথা বললাম। মোটামুটি এ বছরে আমরা ১ কোটি ৩৫ লক্ষ লোককে আমরা এক কিলো করে চাল ও গম দেব। আর সময় নিশ্চয় আপনি দিতে পারবেন না এবং মাননীয় সদস্যরাও অধৈর্য্য হয়ে পড়ছেন। সব যদি বলতে হয় আমার তাহলে আরও আধ ঘণ্টা সময় চাই। (শ্রীনির্মল বসু: সোভিয়েট ইউনিয়নএর কথা বলেছেন, হোর্ডিং ধরবেন বলেছেন, কিন্তু মজুতদারদের গুলি করবেন কিনা বলুন?) মজুতদারদের ধরিয়ে দিন, আমরাও মজুতদার ধরবার চেষ্টা করছি। আমরা এ পর্যন্ত ২ হাজার

১০৫ জন লোককে ধরেছি। আমরা ১৬ জন মিলার্স এবং হোলসেলার্সকে ডিটেন করেছি, তা ছাড়া ৬৭ জনের কনভিকসন হয়েছে, আরও অনেকের নামে কেস রয়েছে, কালকে আরও ২ জনকে ধরা হয়েছে।

(এ ভয়েস: ডি. আই. আর. ৩০ অ্যাপ্লাই করছেন না কেন?)

১৮ জনকে রাখা হয়েছে।

আমরা আগে ১৬ জনকে ডি আই আরএ ধরেছি এবং কালকে ২ জনকে ধরা হয়েছে। তাহলে মোট ১৮ জনকে ধরা হয়েছে।

Shri Nirmalya Bagchi:

আপনি ডি. আই. আর. থার্টি' এ্যাপ্ল্যাই করছেন না কেন? তাদের তো ডি. আর. আর ফর্টিতে ধরা হয়েছে।

The Hon'ble Prafulla Chandra Sen:

ডিটেন করেছি পেসিফিক কেস নয়। এভাবে আমরা ১৮ জনকে ধরেছি। জোতদার এবং মজুতদার যারা হোর্ড করবে তাদের সকলকে আমরা সম্পূর্ণভাবে শাস্তি দেবার ব্যবস্থা করছি।

Mr. Chairman: The debate on food situation is over.

Adjournment

The Council was then adjourned at 6-42 p.m. till 3 p.m. on Thursday, the 6th August, 1964 in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shri Dhirendra Nath Bhattacharya.

Dr. Janaki Ballabha Bhattacharyya.

Shrimati Labanya Prova Dutt.

Shri Bibhuti Bhusan Ghatak.

Shri Ashutosh Ghosh.

Dr. Protap Chandra Guha Roy.

Shri Manoranjan Gupta.

Shri G. N. Khaitan.

Shri Rajendranath Majumdar.

Shri R. S. Prasad.

Shri Sarat Chandra Roy Chowdhury.

Shri Ram Lagan Singh.

COUNCIL DEBATES

Thursday, The 6th August 1964

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 6th August, 1964, at 3 p.m. being the Fifth day of the Thirty fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair:

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Disciplinary action against Shri Debabrata Bandyopadhyay, I.A.S.

*18. **Shri Sasanka Sekhar Sanyal**: Will the Hon'ble Minister-in-charge of the Home (General Administration) Department be pleased to state—

(a) what disciplinary or other action has been taken by Government against Shri Debabrata Bandyopadhyay, I.A.S., who, is District Magistrate and Collector, was sentenced to 15 days' imprisonment by a Division Bench of the Calcutta High Court by judgment, dated the 24th of April, 1964, on a finding that he had been guilty on contempt of Court in relation to the Subordinate Judge and Assistant Sessions Judge of Nadia by driving the said Judge out of the Circuit House accommodation on the 22nd of January, 1964;

(b) whether the High Court expressed any opinion regarding the desirability or otherwise of placing the said Officer-in-charge of a district;

(c) if so, what opinion;

(d) whether the said Shri Bandyopadhyay has been transferred from Nadia after the said judgment and if so, where and in what post;

(e) what is the decision of the Government on the question of disobedience on the part of the said Officer (Shri Bandyopadhyay) of the orders and directions made by superior authorities, namely, the Board of Revenue, the Chief Secretary and other departmental heads as referred to in the judgment of the High Court, independently of the views of the High Court;

(f) whether attention of the Government has been drawn to the admission made by the Government Counsel and the Counsel for Shri Bandyopadhyay himself that he has been arrogant and impertinent and pigheaded; and

(g) whether the aforesaid conviction for contempt of Court by a Division Bench has been followed by another conviction of a

similar nature of the said Officer (along with other) by a Bench of a single Judge; if so, what action has been taken on Departmental and administrative level?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) The District Magistrate had been reprimanded for his conduct even before the High Court case in question. He has been transferred from Nadia. In view of the direction given by the High Court he has also not been allowed the cost of his legal defence. Government do not propose to take any other action as it is understood that he has decided to file an appeal against the High Court Judgment.

(b) Yes, the High Court made some general observation of this nature.

(c) That the Officer was immature and young and had been barely six years in service when he was appointed as District Magistrate, Nadia, in May, 1962, and that such a course in the tradition of administration was undesirable in the public interest.

(d) Yes. He has been transferred to Murshidabad as District Magistrate.

(e) The District Magistrate's action in this regard was not proper or justified and he was reprimanded for his indiscreet conduct.

(f) Yes. The High Court Judgment says that the District Magistrate was condemned both by the learned Standing Counsel for the State as well as by his own Counsel as "arrogant and impertinent", and his own Counsel described him as "Pig-headed".

(g) Yes. The matter is being examined by Government but it will not be possible to take any action as the officers concerned have decided to file an appeal against the High Court judgement.

Shri Sasanka Sekhar Sanyal: Has he intimated that he is going to appeal against the original judgment in the contempt case or against the order rejecting his prayer for expunging certain remarks?

The Hon'ble Prafulla Chandra Sen: Against the original judgment of the court.

Shri Sasanka Sekhar Sanyal: Is it the practice of the Government to treat a case which has been filed and a case which is also intended to be filed under the same footing?

The Hon'ble Prafulla Chandra Sen: As he has expressed his desire to appeal, we are not taking any action although the whole matter is under examination.

Shri Sasanka Sekhar Sanyal: Was it impossible for the Government to put him to any other post on parity of pay in view of the judgment of the High Court although he was trying to move the Supreme Court ?

The Hon'ble Prafulla Chandra Sen: No. All posts in the Government are responsible posts.

Shri Sasanka Sekhar Sanyal: Is it a fact that there was an application on account of this posting on the grade of a District Magistrate? There was a mention before the relevant bench the contempt would be taken against the Chief Secretary who posted him at Murshidabad.

The Hon'ble Prafulla Chandra Sen: I am not aware of such a thing.

Shri Sasanka Sekhar Sanyal: Is he also aware that he came up in the list, and the Chief Secretary rang up the lawyer concerned to say that this need not be pressed as he was going to be taken back to the Food Department?

The Hon'ble Prafulla Chandra Sen : I am not aware of it.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে যেহেতু ঐ ম্যাজিস্ট্রেট আপীল করতে চাচ্ছেন উচ্চতর আদালতে সেইজন্য তাঁর বিরুদ্ধে আর কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। এখন আমার প্রশ্ন হচ্ছে এই উনি যখন আপীল করতে যাচ্ছেন, তখন তাঁকে রিপ্রিমেনডেড্ করতে গেলেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি তো আগেই বলেছি সেটা আগে করা হয়েছিল।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি—যে কেস উপলক্ষে কনটেম্পট হয়েছে সেই ব্যাপারে মৎস্য মন্ত্রী ফজলুর রহমন ঐ সার্কিট হাউসে বসবাস করার বন্দোবস্ত করার জন্য তিনি ঐ এ্যাডিসন্যাল ডি, এম, কে সরিয়ে দিয়েছিলেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই প্রশ্নের সঙ্গে এই প্রশ্ন আসে কিনা আপনি বিচার করুন।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে, যেহেতু মৎস্য মন্ত্রী ওনার খুব প্রিয়—তাই তিনি অন্য কোন ব্যবস্থা অবলম্বন করছেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমার কাছে সব মন্ত্রীই খুব প্রিয়।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন ছিল ঐ ডি, এম, যখন নদীয়ায় ছিলেন সেই সময় মৎস্য মন্ত্রীর হয়ে তাঁর বিরুদ্ধবাদী যারা কংগ্রেসের মধ্যে আছে তাদের উপর নানা রকম অত্যাচার করেছিলেন বলে মৎস্য মন্ত্রীর প্রিয় এই ডি, এম, কি?

Mr. Chairman: That does not arise out of this question.

Shri Jatin Chakravorty:
স্যার, আমার সাপ্লিমেণ্টারীটা আগে শ্নুন স্যার, আমার প্রশ্নটা ছিল এই যে নদীয়ার ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মৎস্য মন্ত্রীর প্রিয় কিনা? উনি যে জবাব দিলেন আমি সে জবাব চাই নি। আমার প্রশ্ন ছিল যে যেহেতু মৎস্য মন্ত্রীর প্রিয় এ ডি এম সেইজন্যই কি অন্য কোন ব্যবস্থা অবলম্বন করা হয় নি কি?

The Hon'ble Prafulla Chandra Sen:
এটা এই প্রশ্ন থেকে কি আসে—মাননীয় অধ্যক্ষ মহাশয় তা নির্দেশ দিন।

Mr. Chairman: I don't think that it arises out of this question.

Shri Jatin Chakravorty:
অন্য ব্যবস্থা যে অবলম্বন করা হয় নি তার কারণ কি এই যে মৎস্য মন্ত্রীর প্রিয় ঐ ডি, এম, বলে?

Mr. Chairman: It does not arise out of this.

Shri Jatin Chakravorty:
আমার প্রশ্ন হচ্ছে এই ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট যখন নদীয়ায় ছিলেন তখন মৎস্য মন্ত্রীর যে রাজনৈতিক বিরোধী যারা আছে তাদের হয়ে তিনি এই রকম কাজ অনেক করে এসেছেন যার ফলে তিনি কনটেম্পট হয়েছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
এখানে আমি শাসননীতির কথা বলছি—কোন রাজনীতির প্রশ্ন নেই।

Shri Narendra Nath Das:
মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি—উনি যে নদীয়া থেকে মুর্শিদাবাদে ট্রান্সফার হলেন সেখানে কি এই কেসের জন্য রেপ্রিমেণ্ট করেছেন সেজন্য?

The Hon'ble Prafulla Chandra Sen:
তার আগে ওঁকে নদীয়া থেকে মুর্শিদাবাদে ট্রান্সফার করেছি।

Shri Narendra Nath Das:
মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যে ওখানে যখন কয়েকজন বিশিষ্ট লোককে—প্রাক্তন এম-এল-এ, এম-এল-সি এবং বিশিষ্ট ডাক্তার ইত্যাদি তাদের বিরুদ্ধে অত্যাচার করা হয়েছে বলেই তাঁকে ট্রান্সফার করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
না।

Shri Jatin Chakravorty:
এমন কোন সরকারের নীতি আছে কিনা যে কনভিকসন হলে তাকে সেই পদে রাখা চলে না—এই রকম কোন সরকারী নিয়ম আছে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:
না।

Dr. Srikumar Banerjee: Is it a fact that officer in question enjoys the reputation of being a very very efficient administrator?

The Hon'ble Prafulla Chandra Sen : Yes.

Shri Satya Priya Roy:

রেপ্রিমেণ্ট করার পর নদীয়া থেকে মুর্শিদাবাদে ডি, এম পদে কেন রাখা হোল—এ্যাট অল তাকে ডিষ্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের চার্জ কেন দেওয়া হোল?

The Hon'ble Prafulla Chandra Sen:

যেহেতু ডি, এম ছিলেন—তাই তাকে অন্য জায়গাতেও ডি, এম পদে রাখা হয়েছে।

Shri Sasanka Sekhar Sanyal: In answer to Professor Banerjee's question the Hon'ble Minister has said that the officer is known to be very efficient. Has the Government made this a test of his efficiency that he made the Judges and the Judicary look low?

The Hon'ble Prafulla Chandra Sen: His Confidential Character Roll is uniformly good.

Shri Sasanka Sekhar Sanyal: So, efficiency is treated on the basis of Confidential Character Roll and not on the basis of his public performance.

The Hon'ble Prafulla Chandra Sen: For that incident he was reprimanded.

Shri Upendranath Barman: In this case, the Hon'ble Chief Minister has said that the period of service of this officer is 6 years. May I know what is the usual period after which an I.A.S. Officer is considered fit to take charge of a district?

The Hon'ble Prafulla Chandra Sen: Now-a-days, after 6 to 10 years.

[3-10—3-20 p.m.]

Shri Satya Priya Roy:

জুডিসিয়ারি কে এইরকম করে কমটেম্পট করেন তার উদাহরণ দিয়ে বলতে পারি যে রানাঘাটের এস. ডি. ও তিনি তাঁর কোর্ট-এর জাজমেণ্ট না মেনে এইরকমভাবে যথেচ্ছাচার করেছেন এটা তিনি জানেন কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

এ থেকে এটা ওঠে না।

Shri Jatin Chakravorty:

একথা কি সত্য যে অন্যান্য যে আই, এ, এস অফিসার আছেন তাঁরা ভয় দেখিয়েছিলেন যে এসম্পর্কে যদি তাঁকে শাস্তি দেওয়া হয় তাহলে এসম্পর্কে ব্যবস্থা অবলম্বন করবেন এজন্যই মুখ্যমন্ত্রী এ'র বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেননি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আই, এ, এস অফিসার-রা এত উদ্ধত ও বোকা নন।

Relaxation of the usual migration rules

***21. Shri Jatin Chakravorty :** Will the Hon'ble Minister-in-charge of the Home (Political) Department be pleased to state—

(a) if it is a fact that the relaxation of the usual migration rules which had been conceded to by the Government of India during the communal flare up in East Pakistan in January, 1964, has since been withdrawn ; and

(b) if so, (i) whether the West Bengal Government was consulted in the matter and (ii) whether the State Government approved of this step?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) No. The relaxed migration rules continue.

(b) Does not arise.

Shri Jatin Chakravorty:

ইষ্ট পাকিস্তান-এ যখন গোলমাল হয় সেসময় কেন্দ্রীয় সরকার ৪টা ক্যাটিগরি করে দিয়েছিলেন এবং যে সমস্ত এলাকাতে গণ্ডগোল হবে এই এলাকায় যারা থাকবেন তাঁরা যদি আসতে চান তাহলে সহজে মাইগ্রেশান সার্টিফিকেট পাবেন। আপনি কি একথা জানেন যে এখানে সেই নিয়ম অনুসারে উদ্বাস্তুরা যে শিথিলতা পাচ্ছিলেন এখন তা আর পাচ্ছেন না?

The Hon'ble Prafulla Chandra Sen:

সাম্প্রদায়িক দাঙ্গা হাঙ্গামা যখন হচ্ছিল তখন যেসমস্ত নিয়ম তারা রিল্যাক্স করেছিল সেই নিয়ম অনুসারেই কাজ চলছে।

Vigilance Committee

***23. Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Anti-Corruption) Department be pleased to state—

(a) if the Government has received any proposal or request from the Centre to set up a Vigilance Committee or Committees in the State to fight corruptions; and

(b) if so what steps the Government have taken or propose to take in the matter?

The Hon'ble Prafulla Chandra Sen: (a) Yes.

(b) A scheme in the light of the suggestion made by the Government of India is under preparation in consultation with that Government.

Shri Rajkumar Chakraverty : Will the Hon'ble Minister be pleased to state when the preparation will be completed for constitution of the Vigilance Committee?

The Hon'ble Prafulla Chandra Sen: I think we will be able to complete it by the end of this month.

Shri Jatin Chakravorty:

আপনি কি জানাবেন কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী ১০ তারিখে এখানে আসছেন এ সম্পর্কে আলোচনা করতে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এটা কি ওঠে?

Shri Jatin Chakravorty:

কেন্দ্রীয় মন্ত্রীর নির্দেশে এই ভিজিলেন্স কমিটি হবে এবং কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী ১০ তারিখে যখন আসছেন তখন আমার প্রশ্ন হচ্ছে তিনি কি এসম্পর্কে আপনার সঙ্গে আলাপ আলোচনা করে সিদ্ধান্ত একটা কিছু করবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

তিনি আমাকে কিছু জানাননি।

Shri Narendra Nath Das:

কোন প্রাক্তন হাইকোর্ট জাজ-কে সভাপতি করে এই কমিশন গঠিত হবে কিনা?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি এর পূর্বেই বলেছিলাম এই সমস্ত বিষয় নিয়ে আমরা কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সঙ্গে আলোচনা করছি। এর বেশী আমি এখন কিছু বলব না।

Shri Narendra Nath Das:

এই কমিশনে কতজন সভ্য থাকবেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সমস্ত জিনিষটাই বিবেচনাধীন। তবে আমরা আশা করছি এই মাসের মধ্যেই সমস্ত জিনিসটা নিষ্পত্তি করব।

Shri Narendra Nath Das:

কোন বেসরকারী লোককে এর মধ্যে নেবেন কিনা—যেমন আমি প্রাক্তন হাই কোর্ট জাজ-এর কথা বলছি?

The Hon'ble Prafulla Chandra Sen:

বেসরকারী লোক নিতে পারি, সরকারী লোকও নিতে পারি। কিন্তু কোন সিদ্ধান্ত এখনও করিনি।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই যে ভিজিলেন্স কমিটি হবে এটা শুধু ষ্টেট লেভেল-এ হবে, না জেলা, মহকুমা পর্যায়ে হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

প্রথমে ষ্টেট লেভেল-এ হবে তারপর অন্য সব দেখা যাবে।

Shri Satya Priya Roy:

আমাদের বাংলা সরকার কি এই মত পোষণ করেন যে পুলিশের এ্যান্টি করাপসান ডিপার্টমেন্ট আছে বলে ভিজিল্যান্স কমিটি বলে আর নূতন কিছু করার দরকার নেই।

The Hon'ble Prafulla Chandra Sen:

কেন্দ্রীয় সরকার যে মত পোষণ করেন তাঁদের মতের সঙ্গে কোন অমিল নেই, তবে কতকগুলি বিষয় নিয়ে তাঁদের সঙ্গে আলোচনা করছি।

Supply of materials to Small Scale Industries

*24. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Cottage and Small Scale Industries Department be pleased to state—

(a) what mechanism the Government have for supply of raw materials to Small Scale Industries;

(b) the quantum of raw materials supplied to such industries during 1961, 1962, 1963; and

(c) the quantum of raw material requirements by Small Scale Industries refused by the State Government during the aforesaid years?

The Hon'ble Ardhendu Shekhar Naskar: (a) The Directorate of Industries is the sponsoring and recommending authority for supply of raw materials in the controlled categories to the small-scale industrial units of the State borne on the State list for fabrication purposes by issuing Quota Certificates and Permits, and Essential Certificates for supply from indigenous and imported sources respectively by the appropriate authorities. For direct supplies of raw materials in the controlled categories, the West Bengal Small Industries Corporation Ltd., a Government of West Bengal undertaking, is operating as a stockist.

(b) The quantum of raw materials supplies is indicated below:—

(1) Iron and Steel materials:—

	1961-62	1962-63	1963-64
(i) Indigenous materials excluding relaxed items.	27,862 M/T.	13,750 M/T.	66,456 M/T.
	Cost approximately Rs. 2,78,62,000 ..	Cost approximately Rs. 1,37,50,000 ..	Cost Approximately Rs. 6,64,56,000
(ii) Imported materials (Cost Insurance Freight Value)	Rs. 75,88,642	Rs. 1,28,49,636 ..	Rs. 1,15,83,[illegible]

(2) Items other than iron and steel materials :—

	October 1961 to March 1962.	April 1962 to March 1963.	April 1963 to March 1964.
	Rs.	Rs.	Rs.
(i) Machinery and Capital equipment (Cost Insurance Freight value).	35,56,781	46,78,838	1,22,76,018
(ii) Raw materials and components (Cost Insurance Freight value).	1,48,73,670	4,96,80,791	7,46,86,993
(iii) Non-ferrous metals	1,903 M/T	3,800 M/T	3,964 M/T

The figures for April 1961 to September 1961 in respect of items other than iron and steel are not readily available.

(c) The actual figures are not readily available. The allotment of iron and steel is about 60 per cent. of the requirement of the firms on an average, except pig iron which is about 25 per cent. of the requirement of the foundaries.

The allotment of the non-ferrous metals is about 13 per cent. of the requirement of the firms.

Shri Narendra Nath Das:

মন্ত্রী মহাশয়ের কাছে ঐ 'সি'-এর জবাবটা চেয়েছিলাম ঐ প্রশ্নের জবাবটা কবে পাবো। The quantum of raw materials requirements by small-scale industries.

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

ওটা ফিক্সড সিলিং-এর, ওটা পাওয়া যায় না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি যে এসেনসিয়ালিটি সার্টিফিকেটস যা আপনারা দিয়েছেন সেগুলি ইণ্ডিয়া গভর্ণমেণ্ট থেকে রিজেক্ট হয়েছে কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

হ্যাঁ ; ক্ষেত্র বিশেষে হয়ে থাকে আমার ইনফরমেশান যা তাতে বলতে পারি
Joint Chief Controller of Import is the licensing authority. No fixed foreign exchange allowance for these items is known beforehand. Recommendations for essentiality certificates are made on the basis of requirements of the firms.

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় একথা জানাবেন কি যে যতগুলি এসেনসিয়ালিটি সার্টিফিকেট ইস্যু করা হয়েছে তার বেশীর ভাগ ক্ষেত্রেই ইণ্ডিয়া গভর্ণমেণ্ট থেকে রিজেক্ট করা হয়েছে কিনা?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ বিষয়ে আমাদের কিছু করবার নাই।

Shri Narendra Nath Das:

আমার কথা হচ্ছে এসেনসিয়ালিটি সার্টিফিকেট ইস্যু করবার সময় রাজ্য সরকার বিচার বিবেচনা করেই তো ইস্যু করে থাকেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

প্রয়োজন অনুযায়ী অথরিটী-কে লৌহ সরবরাহ করার জন্য পারমিট ইস্যু করার কথা বলা হয়।

Shri Narendra Nath Das:

কথা হচ্ছে আপনারা যখন পারমিট ইস্যু করে থাকেন তখন নিশ্চয়ই বিচার বিবেচনা করে ইস্যু করে থাকেন এবং ভারত সরকারের পক্ষ থেকে যখন তা রিজেক্ট করা হয় তখন আপনারা কি স্টেপ নেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এটা টেকনিক্যাল ব্যাপার। এই বিষয়ে যা খবর আছে তাতে বলতে পারি কোনো কোনো মাল টাকার হিসাবে কম দেখান হয় কারণ হিসাবে বলা হয়েছে যে ফার্ম নিজেরাই বাজার হতে অবাধে এই সব কিনে নিতে পারেন তাতে আমাদের কোনো অসুবিধা নেই। আমরা যা পারমিটের জন্য রিকমেণ্ড করি যদি তা তাদের স্টক-এ থাকে তা তারা দিয়ে থাকেন।

[3-20—3-30 p.m.]

Shri Narendra Nath Das:

আপনি কি জানেন কেরালা, দিল্লী ও ভারতের অন্যান্য রাজ্যে পটারি ইণ্ডাষ্ট্রি অনেক বেশী হয়েছে এবং আমরা তাদের তুলনায় পটারি ইণ্ডাষ্ট্রি-তে অনেক পেছিয়ে আছি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ খবর ঠিক নয়।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন—এখান থেকে যখন অনেক বিচার বিবেচনার পর এই এসেনসিয়ালিটি সার্টিফিকেট-এর জন্য রেকমেণ্ডেসান করা হয়, তারপর কেন্দ্র থেকে বাঙ্গালীর বিরুদ্ধে বাংলা দেশের শিল্পের বিরুদ্ধে ডিসক্রিমিনেসান করবার দরুণই বহু ক্ষেত্রে সেই রেকমেণ্ডেসন কেন্দ্র কর্তৃক গৃহীত হচ্ছে না?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

একথা আমার জানা নাই।

Shri Jatin Chakravorty:

এই রকম অভিযোগ মন্ত্রীমহাশয় পেয়েছেন কি—বাংলাদেশ থেকে এসেনসিয়ালিটি সার্টিফিকেট-এর জন্য অনেক বিচার বিবেচনা করে রেকমেণ্ডেসান করা হয়, তাঁরা সেটা কেন্দ্রের কাছ থেকে মঞ্জুর করতে পারেন না, তাদের কাছ থেকে কি এই রকম অভিযোগ আসেনি যে অত্যন্ত তুচ্ছ কারণে বাংলাদেশের বিরুদ্ধে যে বিরূপ মনোভাব আছে কেন্দ্রের, সেইজন্য সেটাকে মঞ্জুর করা হচ্ছে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য কতকগুলি অভিযোগ করছেন, সে সম্বন্ধে যদি তিনি কোন স্পেসিফিক কেস উত্থাপন করেন তাহলে তার উত্তর দেওয়া সম্ভব হয়। জেনারেল কোন প্রশ্ন এই রকম যদি দেওয়া হয় যে বাংলাদেশ থেকে যে কিছু রেকমেণ্ডেসান যায়, এসেনসিয়ালিটি সার্টিফিকেট-এর জন্য, তা কেন্দ্র থেকে নাকচ হয়ে যায়—এই কথা সত্য নয়।

Shri Narendra Nath Das:

আমার প্রশ্ন হচ্ছে, স্মল স্কেলে ইণ্ডাষ্ট্রিস অপেক্ষা লার্জ স্কেল ইণ্ডাষ্ট্রিস-এর ক্ষেত্রে এসেনসিয়ালিটি সার্টিফিকেট-এর যে রেকমেণ্ডেসান যায় তা রিজেক্টেড কম হয়? যতীনবাবু বলতে চাচ্ছেন—যে স্মল স্কেল ইণ্ডাষ্ট্রিস-এর সংগে সন্স অফ দি সয়েল বেশী করে জড়িত তাদেরটা রিজেক্টেড বেশী হয়?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের যদি এমন কোন হিসেব থাকতো ৫০টী ক্ষেত্রে এসেনসিয়ালিটি সার্টিফিকেট দিয়েছি, তার মধ্যে ৪৯টী রিজেক্টেড হয়েছে, তাহলে বোঝা যেত, কোন স্পেসিফিক কেস থাকলে জবাব দেওয়া যায়—কি হলো কি না হলো।

Shri Narendra Nath Das:

একটা ক্যাটিগরিজেসান করে গত তিন বছরে কতগুলি রিজেক্টেড হয়েছে, তা ক্লাসিফিকেসান করে দেখবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

দেখবো।

Shri Narendra Nath Das:

কোন স্পেসিফিক কেস আসলে মন্ত্রীমহাশয় দেখবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

নিশ্চয়ই দেখবো।

Shri Jatin Chakravorty:

আবার সেই সরষের তেলের প্রশ্ন।

The Hon'ble Prafulla Chandra Sen:

সরষের তেলটা খুব মধুর আমি জানি। কালকে উত্তর দেব।

Shri Jatin Chakravorty:
কালকে তো হাউস থাকছে না। মনে হচ্ছে কি যেন ফেলে এসেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:
তা নয়—কথা ছিল স্মরজিৎবাবু এর উত্তর দেবেন। যাহোক পরে এর উত্তর দেব।

Mr. Chairman: The question is deferred.

Number of refugees in this State

***26. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) what is the total number of refugees from East Pakistan who have come over to India through the West Bengal borders since January, 1964;

(b) what is the total number of persons out of these refugees (i) who have gone outside West Bengal and (ii) who have stayed over in this State; and

(c) whether the State Government has asked for or proposes to ask for financial assistance from the Centre to meet the problems and to meet the impact on the total economy of the State as a result of these refugees staying back in West Bengal?

The Hon'ble Ava Maiti : (a) 4,27,957.

(b) (i) 1,48,505, till 21st July 1964.

(ii) 2,79,454.

(c) Yes.

Shri Jatin Chakravorty:
দেখা যাচ্ছে যে বাংলাদেশের যত লোক বাইরে যাচ্ছে—যত উদ্বাস্তু তার দ্বিগুণ সংখ্যক এখানে থেকে যাচ্ছে—সুতরাং (সি)তে যে ইয়েস বলেছেন—আমার প্রশ্ন হচ্ছে আপনারা কিভাবে তাদের কাছ থেকে সাহায্য প্রার্থনা করেছেন?

The Hon'ble Ava Maiti:
আমরা সকলের জন্যই সাহায্য প্রার্থনা করেছি—তিনটি বিষয়ের উপর—একটি শিক্ষা—একটি স্বাস্থ্য—আর একটি এমপ্লয়মেণ্ট।

Shri Narendra Nath Das:
যে সব ইণ্ডাষ্ট্রিতে রিফিউজীদের এমপ্লয়ার করা হচ্ছে—এই সম্পর্কে কি কোন রকম সুপারিশ করেন নি?

The Hon'ble Ava Maiti:
এমপ্লয়মেণ্ট মানে ইণ্ডাষ্ট্রির প্রস্তাব দেওয়া হচ্ছে যাতে করে যেসব জায়গায় আমাদের রিফিউজীরা রয়েছে সেই সব জায়গাতে এমপ্লয়মেণ্ট বাড়তে পারে সেইজন্য।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয়া বলবেন কি—যে ইণ্ডাষ্ট্রি বা যা কিছুর জন্য তাঁদের কাছ থেকে টাকা চাচ্ছেন—যদি টাকা পান ইণ্ডাষ্ট্রি গড়ে ওঠার জন্য—কিংবা শিক্ষার ক্ষেত্রে কিংবা স্বাস্থ্যের ব্যাপারে—যে সব উদ্বাস্তু বাংলা দেশে রয়ে গেছে—কারণ তাদের জন্য যখন টাকা পাচ্ছেন—তখন তাদের জন্য অগ্রাধিকার দিবার বন্দোবস্ত হবে কি?

The Hon'ble Ava Maiti:

আমি একটি কথা বলতে চাই যে যেসব উদ্বাস্তু এখানে থেকে যাচ্ছে এরা ঠিক পার্টিকুলার একটা জায়গায় থেকে যাচ্ছে না—বিভিন্ন জায়গায় থেকে যাচ্ছে যার যেখানে সুবিধা হয় সেই ভাবে বিভিন্ন জায়গায় থেকে যাচ্ছে সেইজন্য এবং এই থাকার দরুণ এখানে এমপ্লয়মেণ্টের উপর চাপ সৃষ্টি হচ্ছে—সেই চাপ যত কম হয় সেই চাপ যাতে কম হয় সকলেই যাতে খানিকটা কাজ কর্ম পায় সেই কিছু গড়ে তোলার চেষ্টা করা হচ্ছে।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন ছিল এই যে পূর্ববঙ্গ থেকে যারা এখানে আসছে—যারা বাইরে যাচ্ছে না বাংলাদেশে থেকে যাচ্ছে তাদের নাম করা যখন কেন্দ্র থেকে সাহায্য আসবে তখন তাদের কেন অগ্রাধিকার দেওয়া হবে না?

The Hon'ble Ava Maiti:

এটা স্বাভাবিক—কারণ যদি এই রকম কোন কোয়ালিফায়েড লোক এখানে আসেন সর্বতোভাবে আমরা তাদের অগ্রাধিকার দিই।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন ছিল দেওয়া হবে কিনা? সেই নীতি সরকার গ্রহণ করেছেন কিনা?

The Hon'ble Ava Maiti:

এই রকম যদি হয় নিশ্চয়ই তাদের—পুরানো রিফিউজী যারা রয়েছেন—একজন নূতন এসেছে যার বাড়ীতে হয়তো মার্ডার্ড কিংবা একটি ইয়োং ছেলে চাকুরী চাচ্ছে সেখানে নিশ্চয়ই আমরা তাদের অগ্রাধিকার দেবো।

Shri Sasanka Sekhar Sanyal:

পশ্চিমবাংলা সরকার কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যখন সাহায্য চেয়েছেন তখন কোন প্রস্তাব দিয়েছেন—বা নির্দেশ দিয়েছেন—কোন জায়গায় শিল্প প্রতিষ্ঠিত করা যায় এবং সেই সেই জায়গায় এতোগুলো লোককে জীবিকা দেওয়া যাবে, এই রকম কোন প্রস্তাব দিয়েছেন?

The Hon'ble Ava Maiti:

আমি সাধারণ এই রকম স্কীম করছি যে—এবং আমরা লক্ষ্য করেও দেখেছি যে মোটামুটি আমাদের বাংলাদেশের যে সব জায়গায় উদ্বাস্তু ভাই বোন বসতি স্থাপন করেছে—তাদের আত্মীয়স্বজন থাকার দরুণ—যেসব লোক রয়েছে আমরা সেই সব জায়গা বেছে যে এইসব জায়গায় সেইসব করা যেতে পারে।

Shri Sasanka Sekhar Sanyal:

সেখানে কি শিল্প প্রতিষ্ঠান করলে পরে এক সঙ্গে অনেকগুলি লোকের জীবিকা পাওয়া যাবে এই রকম কিছু নির্দেশ করে সুপারিশ করেছেন কি?

The Hon'ble Ava Maiti:

আমাদের কতকগুলি নূতন ধরণের শিল্প পরিকল্পনা করার জন্য ইণ্ডাষ্ট্রি ডিপার্টমেণ্টকে বল হয়েছে এবং ইতিমধ্যে তাদের কাছে যেগুলো রেডিমেড—একজামিন করা রয়েছে—যেখানে নূত তৈরী করার প্রয়োজন নাই এই রকম দু-তিনটি স্কীম আমরা পেয়েছি স্পীনিং মিল ইত্যা করার জন্য।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয়া বলবেন কি—উনি কেন্দ্র থেকে যে তিনটি খাতে টাকা সাহায্য চেয়েছে তার পরিমাণ কত?

The Hon'ble Ava Maiti:

এটা টাকা হিসাবে নয়--আমরা বলেছি—যত লোক এসেছে সেই হিসাবে স্কুল কলেজ কতট বাড়ানো দরকার—কোন একটি পরিকল্পনা হিসাব করে নয়—এতগুলি স্কুল দরকার, এতগুলি কলেজ দরকার--কোন একটি জায়গায় হয়তো পার্টিকুলার স্কুল-এর জন্য এক্সপেণ্ডিচার করতে হবে কোন জায়গায় একটি কলেজের জন্য এক্সপেণ্ডিচার করতে হবে এই রকম ধরণের আমর চেয়েছি।

Shri Jatin Chakravorty:

যে সমস্ত রাজ্যে ইতিমধ্যে পূর্ববঙ্গ থেকে যে উদ্বাস্তু গিয়েছে সেই সব জায়গায় ইতিমধ্যে কেন্দ্রীয় সরকার-এর কাছ থেকে টাকা চেয়েছে এবং পেয়েছে—আমার প্রশ্ন হোল এই যে তদনুপাতে—আমাদের এখানে যত থেকে—এই রকম ভাবে সাহায্য চাওয়া হয়েছে কিনা?

[3-30—3-40 p.m.]

The Hon'ble Ava Maiti:

আমার কথা হচ্ছে, উড়িষ্যা কিম্বা অন্যান্য জায়গায় যেসব উদ্বাস্তু গেছেন সেখানে তাঁরা পুরাপুরি পুনর্বাসনের জন্য গেছেন। সেখানে পুনর্বাসন করার পরিপ্রেক্ষিতে যে রিলিফ-এর দরকার তারজন্য সেখানে ইণ্ডিয়া গভর্ণমেণ্ট টাকা দিয়েছেন। পুনর্বাসনের জন্য তাঁরা টাকা দিচ্ছেন ও দেবেন। কিন্তু বাংলাদেশে যাঁরা রয়ে গেছেন আমাদের পুনর্বাসনের জন্য ব্যক্তিগতভাবে লোন কিম্বা জমিজমাও দিচ্ছেনা। কিন্তু যেহেতু তাঁরা এখানে রয়েছেন নিশ্চয় তাঁদের ছেলে মেয়েরা স্কুল কলেজে পড়বে, চিকিৎসার ব্যবস্থা করতে হবে এবং উপযুক্ত লোককে চাকরী দিতে হবে। সেজন্য এইসব জিনিসের সুযোগ চেয়ে তাঁদের কাছে লেখা হয়েছে।

Shri Narendra Nath Das:

পশ্চিমবাংলায় যে উদ্বাস্তু রয়েছে তার ভেতর একটা সিগনিফিক্যাণ্ট সংখ্যক মৎস্যজীবি রয়েছে। পূর্ববাংলার মৎস্যজীবিদের এক্সপার্ট হিসাবে পশ্চিমবাংলায় যখন মাছের অভাব রয়েছে তখন আমাদের এষ্টুয়ারি-তে মৎস্যজীবিদের জন্য কোন ইণ্ডাষ্ট্রি বা কো-অপারেটিভ করার কোন পরিকল্পনা আছে কিনা?

The Hon'ble Ava Maiti:

কোন্ জায়গায়, বাংলাদেশে বা বাংলাদেশের বাহিরে?

Shri Narendra Nath Das:

বাংলাদেশের মৎস্যজীবিদের জন্য কিছু করার পরিকল্পনা আছে কি?

The Hon'ble Ava Maiti:

বাংলাদেশের মৎস্যজীবিদের আলাদা কোন পরিকল্পনা করা হয়নি। তবে এবার যখন আমি মধ্যপ্রদেশে গিয়েছিলাম সেখানকার মুখ্যমন্ত্রী বলেছিলেন যে তাঁরা ফিসারি ডিপার্টমেণ্ট বাড়াচ্ছেন এবং বলেছিলেন শুধু রিফিউজী হিসাবে নয় রিফিউজী বা নন-রিফিউজী যদি পাঠাই তাহলে তাদের জন্য এমপ্লয়মেন্ট-এর ব্যবস্থা করবেন তাঁদের পরিকল্পনা অনুযায়ী। ঠিক রিফিউজী মৎস্যজীবিদের জন্য এখানে কোন পরিকল্পনা আমরা করিনি।

Shri Narendra Nath Das:

আপনি জানেন যে পদ্মায় ও মেঘনা নদীতে যারা মাছ ধরত তারা অত্যন্ত কুশলী মৎস্যজীবী ছিল। এখন এখানে তাদের জন্য এসটুয়ারি বে অফ বেঙ্গল কিম্বা সুন্দরবনে করার কোন পরিকল্পনা কি সরকারের নেই?

The Hon'ble Ava Maiti:

মাছ ধরার যে পরিকল্পনা হয়েছিল, সেটা সাফল্যমণ্ডিত হয়নি সুতরাং তার উপর নির্ভর করে কোন পরিকল্পনা আমরা করতে চাইনা।

Shri Narendra Nath Das:

এমপ্লয়মেন্ট-এর জন্য যে অর্থ সাহায্য চেয়েছেন, তা কি আমাদের পশ্চিম বাংলার ওভার অল ডেভেলপমেন্ট-এর সঙ্গে যুক্ত করে, না আলাদা ভাবে?

The Hon'ble Ava Maiti:

আলাদা করে।

Shri Narendra Nath Das:

দুর্গাপুর স্ল্যাকস-এ খুব সস্তায় সিমেন্ট ইণ্ডাষ্ট্রি হতে পারে সেটা রিফিউজীদের জন্য করবেন কি?

The Hon'ble Ava Maiti:

রিফিউজী রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট কোন ইণ্ডাষ্ট্রিয়াল স্কীম করেনা, তাদের কোন টেক্নিক্যাল হ্যাণ্ড নেই। সেজন্য আমাদের যে ইণ্ডাষ্ট্রিস ডিপার্টমেণ্ট আছে তাঁদের যাঁরা টেক্নিক্যাল এক্সপার্ট আছেন তাঁদের কতকগুলি জায়গা আমরা বেছে নিয়েছি। সেজন্য র-মেটিরিয়েল কতটা কি পেতে পারে তার উপর নির্ভর করে তাঁরা স্কীম তৈরী করছেন।

Shri Satya Priya Roy:

শিক্ষাগত ব্যাপারে উনি বলেছেন যে সাহায্য চেয়েছেন এবং তাতে স্কুল কলেজ বাড়ানোর কথা বলেছেন। ছাত্র-ছাত্রী যারা এখানে আসার পর পড়ার খরচ বহন করতে পারছেনা তারা যাতে পড়তে পারে সেই রকম ভাবে কি সাহায্য চেয়েছেন?

The Hon'ble Ava Maiti:

না।

Shri Satya Priya Roy:

সেইরকম অর্থ সাহায্য কি চাওয়া হবে না?

The Hon'ble Abha Maiti:

তাঁরা বলেছেন আমাদের কিছু ডিসক্রিসনারি ফান্ড দিতে পারেন সেই ফান্ড থেকে আমরা কিছু কিছু সাহায্য করতে পারি ; কিন্তু আলাদা করে ছাত্রদের জন্য সাহায্য দেবেন না এবং তা যদি নিতে হয় তাহলে বাংলাদেশের বাহিরে যেতে হবে।

Shri Satya Priya Roy:

বাংলাদেশের ছেলেরা বাংলাদেশ থেকে পড়লে কোন খরচ বাংলা গভর্ণমেন্টের কাছ থেকে তারা পাবেনা এটা কি ধরতে হবে?

The Hon'ble Abha Maiti:

যেভাবে আপনি ধরতে চান।

Shri Amar Prosad Chakraborty:

শিক্ষা, স্বাস্থ্য, এমপ্লমেন্ট ইত্যাদিতে অলরেডি ওভার ক্রাউডেড আছে এবং আনএমপ্লয়মেন্ট প্রবলেমও আমাদের আছে। সুতরাং স্পেসিফিক কোন ইন্ডাষ্ট্রির জন্য আপনারা কোন রেকমেণ্ডেসান করেছেন কিনা এবং সেই স্পেসিফিক ইণ্ডাষ্ট্রির জন্য স্পেসিফিক গ্রাণ্ট চাওয়া হয়েছে কিনা?

The Hon'ble Abha Maiti:

আমি বলেছি আমাদের কোন টেকনিক্যাল হ্যাণ্ড নেই, সেজন্য আমরা শিল্প বিভাগকে স্কীমগুলো তৈরী করতে বলেছি। এই রকম কতকগুলো স্কীম তৈরী রয়েছে—যেমন স্পিনিং মিল এর পরিকল্পনা আমরা ভারত সরকারের কাছে পাঠিয়েছি। এছাড়া তাঁরা আরও কতকগুলো স্কীম তৈরী করেছে সেগুলোও আমরা পাঠাব।

Shri Amar Prosad Chakraborty:

স্পেসিফিক কোন স্পিনিং মিল-এর কি বলেছেন যে এত টাকা বলে একটা স্পিনিং মিল করা যায়?

The Hon'ble Abha Maiti:

কত টাকা ঐ একটা স্পিনিং করতে গেলে লাগে তা জানা নেই।

Shri Amar Prosad Chakraborty:

উনি বলেছেন যে স্পেসিফিক কোন গ্রান্ট ইণ্ডাষ্ট্রির জন্য চান নি। তাহলে স্পিনিং মিলের জন্য চাইলে এই কথা কি বলা হয়েছে সে এত টাকা হলে হবে? আমার জিজ্ঞাস্য এটা উনি স্পেসিফিকালি জানিয়েছেন কিনা? কারণ আমরা ত্যাগীর সংগে দেখা করেছিলাম এবং তিনি বলেছেন স্পেসিফিকালি চাইলে তিনি টাকা দেবেন। সেটাই চাওয়া হয়েছে কিনা?

The Hon'ble Abha Maiti:

আমি বলেছিলাম যে আমরা স্কীমগুলি পেয়েছি এবং তাঁর কাছে দিয়েছি ২টা স্পিনিং মিলের জন্য। বেশী এমপ্লয়মেন্ট হতে পারে এরূপ কতকগুলি জায়গা আমরা লোকেট করেছি। যেমন ২৪-পরগণা নর্থ বেঙ্গলের কয়েকটা এসব জায়গায় এমপ্লয়মেণ্ট-এর প্রোটেনসিয়ালিটি আছে। আমরা এ ধরণের স্কীম তৈরী করতে বলেছি ও সেগুলি পেলে পাঠাব। ইতিমধ্যে কতকগুলি স্পিনিং মিলের পেয়েছি ও সেগুলি পাঠিয়েছি।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় জানাবেন কি যে পশ্চিম বাঙলায় যে সমস্ত ইন্ডাষ্ট্রি আছে বা যে সমস্ত ইন্ডাষ্ট্রিয়ালিষ্ট আছেন তাদের কাছে এরূপ কোনো প্রস্তাব করেছেন কিনা যাতে করে তারা যদি কিছু ইন্ডাষ্ট্রি করে তাহলে তাদের কিছুটা অর্থ সাহায্য ভারত সরকারের কাছ থেকে এনে দিলে পর রিফিউজীদের রিহ্যাবিলিটেসান হতে পারে এ ধরণের কোনো স্কীম আপনারা করেছেন কিনা?

The Hon'ble Abha Maiti:

আমরা এরূপ কোনো প্রস্তাব দিই নি। কারণ অতীতে পশ্চিমবঙ্গ সরকারের এরূপ নীতি ছিল যে, আলাদা নূতন ইন্ডাষ্ট্রি না করে সরকারের পরিচালনাধীনে বাঙ্গালী যে সমস্ত ইন্ডাষ্ট্রিয়ালিস্ট আছেন তাদের ইন্ডাষ্ট্রি বাড়াবার জন্য আমরা টাকা এনে দিয়েছিলাম রিফিউজী রিহ্যাবিলিটেসান মিনিষ্ট্রি থেকে। এবং অনেক টাকা দেওয়াও হয়েছিল এটা আপনারা অনেকেও জানেন। কিন্তু পরে খতিয়ে দেখেছি তাতে উদ্বাস্তুদের যারা কাজ দিতেন বা দিতে পারবেন তা প্রোপরসনেটলি খুব বেশী ছিল না। আমরা যা দিয়েছি তার দুতিন মাস পরে দেখেছি তাদের সরিয়ে দিয়েছে। এমন কোনো, টার্মস এ্যান্ড কন্ডিশনস ছিল না যাতে তাদের বরাবর নেবে বা নিয়মিত মাহিনা দেবে। অধিকাংশ সময় দেখা গেছে যে আমাদের ইন্ডাষ্ট্রিয়ালিষ্ট-রা যে সমস্ত প্রমিস করেছিলেন তা ফুলফিল করেন নি, এবং আমি মনে করি তাতে যে সমস্ত টাকা আমরা দিয়েছি উদ্বাস্তুদের চাকুরীর জন্য সে পরিকল্পনা আমাদের খুব সাফল্যমণ্ডিত হয়নি।

Shri Nirmal Bose :

মাননীয়া মন্ত্রী মহোদয়া বলেছেন যে প্রায় পৌনে তিন লক্ষর মতন উদ্বাস্তু বাঙলা দেশ থেকে এসেছে এদের মধ্যে কলেজের ভর্তি হবার মতন ছাত্র ছাত্রীও আছে। এই সময় কলেজের ভর্তি হওয়া যে ভয়ানক সমস্যা এই কথা বিবেচনা করে এর আগে কেন্দ্রীয় সরকারের অর্থ সাহায্যে উদ্বাস্তু ছাত্র ছাত্রীদের জন্য বিশেষ করে হাবড়া, আলিপুর দুয়ারে কলেজ হয়েছিল। এখন যখন ভর্তির সমস্যা তীব্র ঠিক এই সময়েতে এই আগষ্ট মাসে বা অল্প দিনের মধ্যে কলেজ স্থাপন করা যাবে কিনা তা বলতে পারবেন?

The Hon'ble Abha Maiti:

আমরা সমস্ত স্কীমটা দিয়েছি যতক্ষণ না সেটা আসে ততক্ষণ কিছুই বলতে পারবো না।

Shri Amar Prosad Chakraborty :

এই তিনলক্ষ লোককে নিয়ে কি করবেন এদের শিক্ষা স্বাস্থ্য ইত্যাদি সম্বন্ধে কিছু ঠিক করেছেন কি?

The Hon'ble Abha Maiti:

এখন আমাদের মধ্যে তাদের মিশিয়ে পশ্চিমবঙ্গের লোক যেমন সুযোগ সুবিধা পাচ্ছে তারা সেই রকম পাবে বা থাকবে।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয়া মন্ত্রী মহোদয়া একটু আগে বললেন যে পশ্চিম বাঙলায় যারা রয়ে গেছে তাদের পুনর্বাসন করা সম্ভব নহে। কিন্তু যেহেতু তারা রয়ে গেছে সেজন্য অসুবিধা হলে বাধ্য হয়ে তাদের হাসপাতালে পাঠাতে হবে বা লেখা পড়া শেখাবার একটু ব্যবস্থা করতে হবে ইত্যাদি। আমার মন্ত্রী মহোদয়ার কাছে প্রশ্ন হচ্ছে এই যে তারা ত বরাবরই বলে থাকেন বাঙলা দেশের বাহিরে যেতে হবে। এ বিষয়ে মাননীয় সতীশ দাসগুপ্ত বারবার করে যে কথা বলেছেন এবং

তিনি যে একটা বিস্তৃত পরিকল্পনা রচনা করেছেন সে সম্বন্ধে বলছি (এ ভয়েস আবার সেই সতীশ দাসগুপ্ত?) হ্যাঁ, আবার আসবে তার কারণ এটা ভাল কথা তাই বলছি। মাননীয় সতীশ দাসগুপ্ত মহাশয় যে পরিকল্পনা করে দেখিয়েছেন সুন্দরবন অঞ্চলের উন্নয়নের জন্য এবং তিনি বিস্তৃত তথ্য সহকারে দেখিয়েছেন যে এখানের উদ্বাস্তুরা এবং আরও অনেক উদ্বাস্তু যারা বাহিরে থেকে এসেছেন তাদের পুনর্বাসন দেওয়া বাঙ্গলা দেশে সম্ভব। এতে তাদের উপকার হবে এবং বাঙ্গলা দেশেরও উপকার হবে। এই সম্বন্ধে আপনারা কিছু বিবেচনা করেছেন বা সে পরিকল্পনা দেখেছেন?

The Hon'ble Abha Maiti:
পরিকল্পনা দেখেছি এবং সে পরিকল্পনা গ্রহণযোগ্য নয় বলে বিবেচনা করা হয়েছে।

Shri Satya Priya Roy:
কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কবে সাহায্য পেতে পারেন বলে আশা করেন?

The Hon'ble Abha Maiti:
কিছু বলতে পারবো না।

[3-40—3-50 p.m.]

Shri Satya Priya Roy:
মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে এখন প্রশ্ন হচ্ছে—তাঁরা তো বরাবরই বলে থাকেন যে বাংলাদেশে আর লোক ধরছে না, এ বিষয়ে মাননীয় সতীস দাশগুপ্ত মহাশয় একটি প্রস্তাব ও পরিকল্পনা রচনা করেছেন—সুন্দরবন এলাকা উন্নয়ণের জন্য যাতে করে সেখানে উদ্বাস্তুদের পুনর্বাসন দেওয়া সম্ভব হবে এবং সামগ্রিকভাবে বাংলাদেশেরও উপকার হবে সে কথা তিনি বিবেচনা করছেন?

The Hon'ble Abha Maiti:
পরিকল্পনাটা দেখেছি বটে, কিন্তু তাঁর সেই পরিকল্পনা আমরা গ্রহন করছিনা বলে, সেটা বিবেচনাও করা হচ্ছে না।

Shri Raj Kumar Chakraverty:
এই মাত্র তিনি বললেন যে ছাত্র-ছাত্রীরা বাংলার বাইরে গেলে মাইনে ইত্যাদির ব্যাপারে, সাহায্য পেতে পারে, তিনি কি জানেন যে এই সব বাঙ্গালী ছাত্র-ছাত্রীরা বাংলার বাইরে গেলে শিক্ষার মাধ্যমে ও ভাষার ব্যাপারে তাদের পড়াশুনার সুবিধা হবে না?

The Hon'ble Abha Maiti:
ভারতবর্ষের বিভিন্ন রাজ্যে আমাদের বহু বাঙ্গালী বাস করেন নানান কারনে। তাঁদের ছেলে-মেয়েরা যেভাবে লেখাপড়া শিখছে এদের জন্য নিশ্চয়ই সেই রকম ব্যবস্থা হবে।

Shri Mahitosh Rai Chowdhuri:
মন্ত্রী মহোদয় বললেন যে সমস্ত ইনডাষ্টিয়ালিষ্টদের টাকা দেওয়া হয়েছিল এ সর্তে যে তারা রিফিউজিদের পুনর্বাসনের জন্য চাকরী ইত্যাদি দিয়ে তাদের সাহায্য করবেন অথচ তা তাঁরা দেননি। এটা তাঁরা কেন দেননি সেটা আপনি জানেন কিছু?

The Hon'ble Abha Maiti:
নানা কারনে তাঁরা দেন নাই।

Shri Mahitosh Rai Chowdhuri:

ওরা কি স্কীমটা ছেড়ে দিচ্ছেন আনসাক্সেসফুলি হয়েছে বলে উদ্বাস্তুদের চাকরী দেবে বলে তাঁরা টাকা নিলেন, কিন্তু কেন চাকরী তাঁরা দিলেন না এ সম্বন্ধে কোন এনকোয়ারী করেছেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা বিস্তারিত অনুসন্ধান করেছিলাম, আমরা দেখতে পেয়েছি বহু জায়গায় বাঙগালী ইনডাষ্টিয়ালিষ্ট শিল্প প্রতিষ্ঠানের ভার নিয়েছিলেন, কিন্তু তাঁরা চালাতে পারেন নি। এটা দুঃখের বিষয়। আর অনেক জায়গায় দেখেছি তাঁরা যতটা কাজ দিতে পারবেন বলেছিলেন, ততটা তাঁরা দিতে পারেন নি, কিছু সংখ্যায় কাজ দিয়েছেন।

Production of mustard oil in the State

***25. Shri Amar Prasad Chakrabarty:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the quantity of requirements of mustard oil in this State;

(b) the quantity of mustard oil imported from the other States of India;

(c) total production of mustard seeds in this State;

(d) the quantity of mustard seeds imported from other States;

(e) whether it is available to the consumers at fixed rates, and

(f) if not, what steps have been taken or are proposed to be taken by the Government for availability of mustard oil to the consumers at fixed price?

The Hon'ble Prafulla Chandra Sen:

(a) 1,15,300 tons.

(b) 49,600 tons.

(c) 36,900 tons.

(d) 1,60,100 tons.

(e) Mustard oil is available in the open market at rates fixed by Government. But it is in short supply. This is due to about 50% crop (mustard seeds) failure in the producing-cum-exporting States.

(f) Following steps have been taken over and above the fixation of the prices of mustard oil:—

(1) The Reserve Bank of India has been requested not to afford advances against hypothecation of mustard seeds to check hoarding of the article. The Reserve Bank of India has since issued directives to the Schedule Banks to the effect that the minimum margin to be maintained by bank on advances against the security of mustard oil seeds shall be raised from 40% to 50% with immediate effect.

(2) The Government of India has also been requested to fix a ceiling price of mustard seeds on All-India basis and to issue Licensing Order in respect of these articles. No intimation has yet been received from the Government of India.

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় মন্ত্রিমহাশয় যেটা বলেছেন, যে টোটাল কোয়ালিটি বাইরে থেকে এসেছে, যা এসেছে তা আমরা কত দামে পাই এবং কাদের কাছ থেকে পাই?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমি প্রডিউসিং ষ্টেটে আমাদের লোক পাঠিয়েছিলাম, তাঁরা এসে আমাকে বিস্তৃত রিপোর্ট দিয়েছেন। তাঁরা বলছেন যে বহু মিলে গত বছর যে পরিমান তৈল উৎপন্ন হয়েছে, তার থেকে এবার অনেক কম হয়েছে এবং সেই সমস্ত মন্ডিতে গত বছর যে পরিমান সীড্‌স্‌ এসেছিল, এবার তার চেয়ে কম এসেছে। তাঁরাও সমর্থন করছেন যে সেখানে এবার উৎপাদন কম হয়েছে। এখানে যে দরে মাল আসছিল, সেই দরে মাল আসা প্রায় বন্ধ হয়ে গেছে। আমরা যে মূল্য নির্ধারণ করে দিয়েছি, সেই দর তার চেয়ে অবশ্য বেশী।

Shri Amar Prasad Chakrabarty:

এই যে তেল অন্যান্য ষ্টেট থেকে আনেন সেখানে কত প্রাইস ছিল এবং—

The Hon'ble Prafulla Chandra Sen:

সেখানে প্রাইস ভ্যারী করছে—পরিবর্তণ হচ্ছে মোটামুটি এখানে সেখানকার প্রাইস হোল ৩·৭৫ নয়া পয়সা থেকে ৩-৮০ নয়া পয়সা কেজি।

Shri Santosh Kumar Bhattacharyya:

তাই যদি হয় তাহলে এখানে ৩-৯০ নয়া পয়সা করে দিলেন কেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেখান থেকে আসলে খরচ হবে কিনা সেজন্য।

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয় মন্ত্রীমহাশয় যে তেল এবং সরসের এই যে হিসাব দিলেন সেই সমস্ত তেল এবং সরিষে সবটাই কি খাঁটি?

The Hon'ble Prafulla Chandra Sen:

যখন পর্যাপ্ত পরিমাণে সরষে পাওয়া যায় অর্থাৎ যা চাহিদা সেই অনুসারে যদি সরবরাহ হয় আমরা দেখেছি যে বাজারে খাঁটি জিনিস আছে কিন্তু চাহিদার চেয়ে সরবরাহ কম হয় তাহলে এই সমস্ত ভেজালের প্রশ্ন উঠে।

Shri Sasanka Sekhar Sanyal:

সেই প্রশ্ন নয় ইনি যে ফিগার এখানে দিলেন যে এতটা সরষের তেল এবং সরষে গ্রেভ—তা এটা তিনি সিওর যে সেটা খাঁটি?

The Hon'ble Prafulla Chandra Sen:

এই তো এ বছরের ফিগার নয়—মোটামুটি বলেছি কিন্তু গত বছর আমরা কোন কমপ্ল্যোন এই রকম পাই নি যে এ্যাডালটারেসন হচ্ছে।

Shri Sasanka Sekhar Sanyal:

উনি কি জানেন যে বাংলার বাইরে ইউ পি হ্যাড্রাসে সেখান থেকে ওয়াগনে করে ভর্তি হয়ে সরষে লোড করা হয় সেই সময় শিয়াল কাঁটার দানা মিশিয়ে দেওয়া হয় সে সম্বন্ধে আমি নিজে জানি—আমি বেরী-বেরীতে ভুক্তভোগী ইউ পি হ্যাড্রাসে সেখানে লোড করা হয় আমরা দেখেছি ইউ পি গভর্নমেন্টকে চিঠি লিখেছিলাম এবং সেখান থেকে লোড করে আমাদের হাওড়ায় হচ্ছে— বা অন্যান্য ডেস্টিনে কনসাইনমেন্ট হয়—সেখানে টেস্ট করবার বাংলা সরকারের কোন ব্যবস্থা আছে কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

সেই সব ব্যবস্থার কথা আমরা ভাবছি এ বছর আমরা শুনছি বেরী বেরীর কথা—গত বছর এ রকম শুনি নি। মাননীয় সদস্য তো ১৯৩৮ সালে না করে বেরী বেরী রোগে ভুগেছিলেন—কিন্তু বর্তমানে শুনতে পাচ্ছি বলে আমরা সতর্কতা অবলম্বন করবার চেষ্টা করছি। এবং এও চেষ্টা করছি যাতে আমরা সরষের তেল কম খাই।

Abdullah Rasul:

কেন্দ্রীয় সরকারের খাদ্যমন্ত্রী সম্প্রতি ঘোষণা করেছেন যে তিনি ১ লক্ষ কত সোয়েবিন তেল আমদানি করছেন বিদেশ থেকে তার একটা মোটা অংশ কতটা আমাদের এখানে পাওয়া উচিত বলে মনে করেন সে সম্বন্ধে তিনি জানাবেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমাদের যতদূর ধারণা আমাদের পশ্চিমবাংলায়—উড়িষ্যা, আসাম, বিহার—ত্রিপুরা ইত্যাদি কতটা অংশ সেই সব জায়গায় আর যেখানে সরষের তেলের ব্যবহার বেশী সরষে বীজের উৎপাদন কম হয়েছে এবং হয় নিশ্চয়ই সেই সব জায়গায় বেশী পরিমাণ অংশ পাবো এ বিষয়ে কোন সন্দেহ নেই।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই যে তিনি(এ) প্রশ্নের (এক)-এতে ছিল যে এই যে ১৫ হাজার ৩ না কত টন—আমার প্রশ্ন হচ্ছে আপনাদের দপ্তর এই রকম কোন ফিগার রাখেন কিনা—যে তেল যত রকমভাবে ব্যবহার করে—এক মাথাতে এবং মাখতে এবং রান্না করতে

(a) the quantity of requirement of mustard oil in the state?

এর ফিগার দিতে পারেন কি?

The Hon'ble Prafulla Chandra Sen:

মাখানোর জন্য কতটা লাগে সেটা আমাদের চেয়েও ও'রা ভাল হিসাব দিতে পারবেন।

Shri Sasanka Sekhar Sanyal:

এতদিন জানতাম সন্তোষবাবু ওপক্ষকে শুধু গালাগালি করেন—এখন দেখছি যে তেলও মাখান।

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় মন্ত্রিমহাশয় বলছেন যে প্রাইস কমিটিতে যেটা হয়েছিল মূল্য নির্ধারণ কমিটি যে ফ্যাক্টস প্লেস করেছিলেন—তাতে তাঁরা ২-৭০ নয়া পয়সা সমস্ত বিচার বিবেচনা করে সে কমিটি ডিসাইড করেছিলেন যে ২·৭০ হওয়া দরকার—কিন্তু আর কি সারকমাসটান্স হোল যে মুখ্যমন্ত্রী রাতারাতি সেখানে ৩-৯০ নয়া পয়সা করে দিলেন যেখানে একটা কমিটি সমস্ত বিচার বিবেচনা করে ধার্য করেছিল—আজ সেখানে সেটা ৩·৯০ হয়ে গেল?

[3-50—4-00 p.m.]

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের এখানে ঘানির তেল যাঁরা তৈরী করেন বিশেষকরে খাদি এণ্ড ভিলেজ ইণ্ডাষ্ট্রী-এর হিসাব জানি যে তাদের কোন মজুত শস্য বীজ নেই। এখন এখানে অনটন হচ্ছে বলে তাঁরা বীজ আমদানী করছেন। তাঁরা যে দরে বীজ আমদানী করছেন এবং তাঁদের তেল তৈরী করবার যে খরচ তাতে আমি হিসাব করে দেখেছি যে ৪·৭ নঃ পঃ পড়ে কিলোগ্রাম। আমি বলেছি ৭ নঃপঃ বাদ দিন তবে খাঁটি জিনিস দিন এবং সার্টিফায়েড ভাড়ার থেকে বিক্রি হবে ৭ নঃপঃ লোকসান দিতে হবে। আর যেটা আগ মার্ক তেল সেটা ৩·৯০ নঃপঃ ধার্য করা হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:
কনটেনার বাদ কি ধার্য করা হয়েছে?

The Hon'ble Prafulla Chandra Sen:
হ্যাঁ, আমাদের এখানে তেলে নানা রকম জিনিষ মেশান হচ্ছে এবং তাতে আমাদের বেরিবেরি হয়েছে। আমাদের আইনমন্ত্রী শ্রীঅশোক সেনের বেরিবেরি হয়েছে অবশ্য তিনি দিল্লীতে তেল খেয়েছিলেন। আমাদের একজন বিধান সভার সদস্য ডাক্তার তাঁর বেরিবেরি হয়ে গেছে। আগ মার্কা তেলের বিশুদ্ধতা সম্বন্ধে কোন সন্দেহ নেই। আমাদের যা প্রয়োজন ৪ ভাগের ৩ ভাগ যদি খাই তাহলে স্বাস্থ্য ভাল হবে।

Shri Sasanka Sekhar Sanyal:
গ্রো মোর ফুড ক্যাম্পেন বলে একটা ক্যাম্পেন অনেক দিন থেকে বহাল আছে, তার পরিপূরক হিসাবে গ্রো মোর মাষ্টারড ক্যাম্পেন কি কিছু হবে?

The Hon'ble Prafulla Chandra Sen:
আমাদের গ্রো মোর মাষ্টারড ক্যাম্পেন আছে এবং নদীয়া, মুর্শিদাবাদে শষ্যের চাষও বেড়েছে বিশেষভাবে যেসব অঞ্চলে নলকূপ বসান হয়েছে সেখানে চাষ বাড়তে আরম্ভ করেছে।

Shri Jatin Chakravorty:
মুখ্যমন্ত্রী হঠাৎ জবাব দিতে দিতে বললেন চাহিদা যদি বেশী থাকে এবং যোগান যদি কম হয় তাহলে ভেজাল দেখা দেয়। আমার সাপ্লিমেন্টারী হচ্ছে চাহিদা বেশী আছে। এবং যোগান কম বলে কি মন্ত্রীমণ্ডলীর মধ্যে এত ভেজাল?

The Hon'ble Prafulla Chandra Sen:
মন্ত্রীমণ্ডলীর মধ্যে একদম ভেজাল নেই।

Shri Mahitosh Rai Chowdhuri:
আগমার্কা তেল কোথায় পাওয়া যায়?

The Hon'ble Prafulla Chandra Sen:
এখন নেই আসবে—তবে খুব বেশী পরিমাণে আসবেনা।

Shri Satya Priya Roy:
সরষের তেল এবং দাম সম্পর্কে সর্বভারতীয় একটা নীতি গৃহীত যাতে হয় সে বিষয় পশ্চিমবঙ্গ সরকার কি কেন্দ্রীয় সরকারের কাছে কোন সুপারিশ করেছেন?

The Hon'ble Prafulla Chandra Sen:

(এফ)-এর উত্তরে বলে দিয়েছি আমরা করেছি। এখনও পর্যন্ত কোন সংবাদ পাইনি, কেননা দর নির্ধারণ করা খুব শক্ত ব্যাপার।

Committee for assessment of efficiency of professors of Government-sponsored colleges

*27. **Shri Nirmal Basu:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) "স্পনসর্ড" কলেজে চাকুরিরত অধ্যাপকদের যোগ্যতা বিচারের জন্য সরকারের পক্ষ হইতে বর্তমানে কি কোন কমিটি গঠন করা হইয়াছে ;

(খ) "ক"এর উত্তর "হ্যাঁ" হইলে, এই কমিটি যোগ্যতা বিচারের ক্ষেত্রে কোন্ কোন্ বিষয়ে বিবেচনা করিতেছেন ;

(গ) এ পর্যন্ত কতজন অধ্যাপক অযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছেন; এবং

(ঘ) যাঁহারা অযোগ্য বলিয়া বিবেচিত হইয়াছেন, তাঁহারা সকলেই কি কর্মচ্যুত হইয়াছেন?

The Hon'ble Rabindralal Sinha:

(ক) না, বর্তমানে কোন কমিটি গঠন করা হয় নাই। শিক্ষা অধিকারের নির্বাচনী কমিটি স্পনসর্ড কলেজের উপাধ্যায় স্থায়ীভাবে নির্বাচন করেন। জরুরী প্রয়োজনে কলেজ কর্তৃপক্ষ অস্থায়ীভাবে উপাচার্য নিয়োগ করিতে পারেন। শিক্ষা অধিকারের নির্বাচনী কমিটি অস্থায়ী উপাধ্যায়গণের স্থায়ী নির্বাচনের যোগ্যতা বিচার করেন।

(খ) (১) বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় কৃতিত্ব,

(২) নির্দিষ্ট বিষয়ে জ্ঞান,

(৩) অধ্যপনার শক্তি ও অভিজ্ঞতা,

(৪) শিক্ষার অন্যান্য ক্ষেত্রে যোগ্যতা, ইত্যাদি

(গ) ১৯৬২ সাল হইতে শিক্ষা অধিকার নির্বাচনী কমিটি বিভিন্ন বিষয়ে ৫৮ জন অস্থায়ী উপাধ্যায়কে যোগ্য বিবেচনা করেন নাই।

(ঘ) শিক্ষা অধিকর্তা সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষকে কমিটির সিদ্ধান্ত জানাইয়াছেন এবং যথাযথ ব্যবস্থা অবলম্বন করিবার জন্য অনুরোধ করিয়াছেন।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে বিশ্ববিদ্যালয়ের পরীক্ষায় যারা যোগ্য বলে বিবেচিত হয়েছেন তারা সেন্ট্রাল সিলেকসান কমিটি-র তিন চার মিনিটের ইন্টারভিউ-তে অবিবেচিত হচ্ছেন এটা কি ধরণের ইন্টারভিউ?

The Hon'ble Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে কেবল বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী দেখে কোনো জায়গাতে অধ্যাপক নিয়োগ করা হয় না সর্বত্রই একটা সিলেকসান কমিটি থাকে। এখানেও সিলেকসান কমিটি আছে এবং সেই সিলেকসান কমিটি নিয়োগের জন্য সুপারিশ করেছেন কলেজ কর্তৃপক্ষ যাদের অস্থায়ীভাবে নিয়োগ করেন তাদের স্থায়ী করতে গেলে একটা কমিটি-এর কাছে আসতে হয়। সে কমিটি-এর কাছে আসার সময় যে কলেজে তিনি কার্য করেছেন তার রেকর্ড নিশ্চয়ই দেখা হয় তার

প্রিন্সিপ্যাল-এর রেকমেণ্ডেশন থাকলে সেটাও নিশ্চয়ই কনসিডার করা হয়। তার পরে কমিটি এই সমস্ত বিবেচনা করে যদি মনে করেন যে স্থায়ী ভাবে নিয়োগ করা যেতে পারে তাহলেই তিনি স্থায়ীভাবে নিযুক্ত হবেন।

Shri Nirmal Bose :

যাদের অযোগ্য বলে বিবেচনা করা হয়েছে তাদের তো কলেজ থেকেই নিয়োগ করা হয়েছে এবং সেটা স্পনসরড কলেজ? হয়ত প্রিন্সিপ্যাল নিয়োগ করেছেন না হয় গভর্ণিং বডি নিয়োগ করেছেন অথবা কলেজ-এর কোনো সিলেকসান কমিটি নিয়োগ করেছেন। এরূপ কমিটি-র দ্বারা বা ব্যক্তির দ্বারা নিযুক্ত হবার পর যখন সেণ্ট্রাল সিলেকসান কমিটি তাকে অনুপোযুক্ত বলে বিবেচনা করলেন তখন সেই গভর্ণিং বডি, সেই সিলেকসান কমিটি বা প্রিন্সিপ্যাল-এর পক্ষ থেকে কি ব্যবস্থা অবলম্বন করা হয়।

The Hon'ble Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে সিলেকসান কমিটি কোনো কোনো ক্ষেত্রে এরূপ করেন। যেমন কোনো একটা কলেজ-এ বিভিন্ন বিষয়ে কয়েকটা ভেকেন্সি আছে সেখানে লোকাল সিলেকসান কমিটি গঠন করে তাতে আমাদের ও স্পেশালিষ্ট নমিনেট করেন ডি, পি, আই। তাঁদের রিকমেণ্ডেশান-এ যাঁরা নিযুক্ত হন তাঁদের আর সেন্ট্রাল সিলেকসান কমিটি-এর কাছে আসতে হয় না তারা ঠিকই থাকেন। তা ছাড়া কলেজ কর্তৃপক্ষ অর্থাৎ সেক্রেটারি নিয়োগ করবেন বা প্রিন্সিপ্যাল নিয়োগ করবেন এবং একান্ত অস্থায়ী ভাবেই করে থাকেন। অনেক সময় পারমানেন্ট গভর্ণমেন্ট কলেজ-এ কি করে, সেখানে দেখতে পাচ্ছি যে পি, এস, সি-এর কাছে পাঠিয়ে দিলাম ভ্যাকান্সি ফিল্ড আপ করতে অনেকদিন বিলম্ব হচ্ছে। আমরা কিছুই করতে পাচ্ছি না তখন অস্থায়ী ভাবে নিয়োগ করে থাকেন। সেখানে স্থায়ী নিয়োগ করতে গেলে পি, এস, সি-এর কাছে পাঠাবো না এটা হতে পারে না।

Shri Nirmal Bose :

আমি আর একটা প্রশ্ন জিজ্ঞাসা করছি যে একবার যাকে অযোগ্য বলে বিবেচিত করা হচ্ছে তাকে দ্বিতীয়বার ইণ্টারভিউ দেবার ব্যবস্থা আছে কিনা এবং না থাকলে তার ব্যবস্থা করা হবে কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

দ্বিতীয়বার ইণ্টারভিউ দেবার ব্যবস্থা আছে কিনা বলতে পারবো না তবে যা বলেছেন সেটা বিবেচনা করবো।

Shri Nirmalya Bagchi:

জুনিয়ার লেকচারার পদে যদি কেউ অযোগ্য হয় তাহলে ২য় বার ইণ্টারভিউ দেবার কোন ব্যবস্থা আছে কি?

The Hon'ble Rabindralal Sinha:

আগের প্রশ্নেই এর জবাব দিয়েছি। প্রথম কথা হচ্ছে ইউনিভার্সিটি এণ্ড কলেজ টিচারস এ্যাসোসিয়েশন একটা ডেপুটেশান আমার পূর্বাধিকারিকের সঙ্গে দেখা করে ছিলেন। সেখানে আলাপ আলোচনার মাধ্যমে এটা হয়েছিল যে সিনিয়র লেকচারার যদি অযোগ্য বিবেচিত হন তাহলে সিলেকসান কমিটির কাছে জুনিয়র লেকচারার হিসাবে কাজ করতে পারবেন এবং জুনিয়র লেকচারার যদি অযোগ্য বিবেচিত হন তাহলে চলে যেতে হবে। আর একবার সিলেকসান কমিটির কাছে এ্যাপিয়ার হওয়া মানে আর এক বৎসর সেই অযোগ্য শিক্ষক দিয়ে শিক্ষকতা চালান। সেটাও যুক্তিযুক্ত হবে কিনা তা বিবেচনা করতে হবে। আমি এদিক থেকে বিবেচনা করছি।

Shri Nirmalya Bagchi:

আমি এই সম্পর্কে আর একটা কথা জিজ্ঞাসা করতে চাই, সেটা হল যোগ্য বিচারের পেছনে পুলিস রিপোর্ট এর ভিত্তিতে রাজনৈতিক মতামত সংগ্রহ করা হয় কিনা?

The Hon'ble Rabindralal Sinha:

আমি যতদূর জানি তাতে সেরূপ আছে বলে জানিনা। কারণ আমি যেটা কাগজে পাচ্ছি তাতে দেখছি সিলেকসান কমিটি সিলেক্ট করেন, সেখানে পুলিস রিপোর্ট এ বাদ গেছে বলে কিছু নেই।

Shri Nirmalya Bagchi:

পুলিস রিপোর্ট-এ প্রার্থীদের রাজনৈতিক মতামত নির্ণয় করবার জন্য আপনারা কোন ব্যবস্থা অবলম্বন করে থাকেন? পুলিসী অথবা অন্য কোন মেসিনারী বা অন্য কোন রাজনৈতিক দলের সাহায্য নেওয়া হয়?

The Hon'ble Rabindralal Sinha:

রাজনৈতিক দলের সাহায্য নিশ্চয়ই নেওয়া হয় না। পুলিস বা অন্য কোন ব্যবস্থার কথা আমি যা জানি তাতে স্পনসর্ড কলেজ-এ কিছু আছে বলে মনে হয় না, তবে আমি নিশ্চিত না হয়ে বলতে পারবো না। কারণ আপনার প্রশ্ন যা ছিল সেটা হল 'স্পনসর্ড' কলেজে চাকরীতে অধ্যাপকদের যোগ্যতা বিচারের জন্য কোন কমিটি আছে কিনা এবং তারা রিজেক্ট করে কিনা? সুতরাং তা ছাড়া আর কি আছে এটা নোটিশ দিলে খোঁজ নিয়ে বলতে পারবো এখানে বলতে পারবো না।

4-10—4-20 p.m.]

Shri Nirmal Bose :

মাননীয় মন্ত্রীমহাশয় বলেছেন যে যোগ্যতা বিচারের সময় বিশ্ববিদ্যালয়ের কৃতিত্ব ছাড়াও আরো অন্যান্য বিষয় বিবেচনা করা হয়। এই রকম শুনেছি বিশ্ববিদ্যালয়ের কৃতিত্বের দিক থেকেও এ বিষয়টা আলোচনা করা হয় এবং অনেক বিশ্ববিদ্যালয় থেকে ফাষ্ট ক্লাশ পেয়েছিল তাঁরাও অনেক বিষয় উত্তর দিতে পারেন না। এই বিষয়গুলি কি সংশ্লিষ্ট ইউনিভার্সিটিকে জানান হয়েছে?

The Hon'ble Rabindralal Sinha:

আপনার শোনা কথার তো জবাব দেওয়া আমার পক্ষে মুস্কিল।

Shri Nirmal Bose :

এই বিষয়টা সত্য কিনা যে অনেক ফাষ্ট ক্লাশ ক্যান্ডিডেট-কে ইন্টারভিউ করে জানা গেছে যে তাদের সাধারণ জ্ঞান নাই, এমন কি অনেক একাডেমিক বিষয়েও উত্তর দিতে পারেন না—? যারা ফাষ্ট ক্লাশ পেয়েছেন তাঁরা স্পনসর্ড কলেজ-এর অধ্যাপকরূপে নিযুক্ত হয়েছেন এবং তিন চার বছর পরে ইন্টারভিউ দিতে এলে দেখা গেল যে তাঁরা সাধরাণ জিনিষও জানেন না, এইরকম অবস্থায় যদি আপনার ডি, পি, আই-এর সিলেকসান কমিটিতে জানানো যায়, সেগুলি কি আপনি বিভিন্ন বিশ্ববিদ্যালয়কে জানিয়েছেন এ বিষয়ে যাতে ব্যবস্থা অবলম্বন করা হয়?

The Hon'ble Rabindralal Sinha:

এটা আপনার হাইপোথেটিক্যাল কোয়েশ্চেন যাঁরা ফাষ্ট ক্লাশ পেয়েছেন তাঁরা বলতে পেরেছেন কি পারেন নি—তা আমি বলিও নাই, জানিও না।

I am unable to answer hypothetical question.

Mr. Chairman : The question now is over. Replies to the other questions will be laid on the table.

Arrangement of transport for Council Members

Shri Narendra Nath Das:
স্যার, আপনার কাছে একটি প্রশ্ন এই যে ষ্টেট বাস বিকাল বেলা দেওয়া হয়, সে কি কেব এ্যাসেম্বলী মেম্বারদের জন্য, কাউন্সিল মেম্বারদের জন্য?

The Hon'ble Saila Kumar Mukherjee:
এটা দেওয়া হয় বোথ ফর এম-এল-এ এণ্ড এম-এল-সি।

Shri Narendra Nath Das:
কালকে তো দেন নাই, বাসের কোন ব্যবস্থা করেন নাই।

The Hon'ble Saila Kumar Mukherjee:
ঠিক সময় মত হাজির হলেই আপনারা পাবেন।

Shri Narendra Nath Das:
কালকে আমরা সময়মত হাজির হয়েছিলাম—কিন্তু মন্ত্রীমহাশয়ের বাস সময়মত হাজির হয়েছিল কিনা তাই বলুন।

The Hon'ble Saila Kumar Mukherjee:
তা জানি না।

Mr. Chairman: I shall enquire into it.

Shri Narendra Nath Das:
কালকে বাস আসেনি।

The Hon'ble Saila Kumar Mukherjee:
কাল এ্যাসেম্বলী ছিল না। অতি অল্প সংখ্যক মেম্বারদের জন্য লোকসান দিয়ে বাস আসবে?

Shri Narendra Nath Das:
তাহলে জিজ্ঞাসা করছি—এ্যাসেম্বলী মেম্বারদের জন্য শুধু বাস আসবে, এম-এল-সি-দের জন্য আসবে না?

The Hon'ble Saila Kumar Mukherjee:
ব্যবস্থা যখন হয়েছে তখন আপনারা জানেন যে দু-টো হাউসের জন্যই আসবে।

Shri Narendra Nath Das:
তাহলে যখন এই এক হাউস থাকবে, তখন আসবে না?

The Hon'ble Saila Kumar Mukherjee:
শুধু এম-এল-এ এবং এম-এল-সি'রা নয় এমনও নির্দেশ দেওয়া হয়েছে যে আপনাদের বন্ধু-বান্ধব যাঁরা আসবেন ভিজিটরস, গ্যালারীতে তাঁরাও যেতে পারবেন।

Shri Narendra Nath Das:
এই প্রসঙ্গে হচ্ছে না—প্রশ্নটা হচ্ছে যে যেদিন এ্যাসেম্বলী থাকবে—সেদিন বাস দেবেন?

Shri Satya Priya Roy:

তাহলে শুধু যেদিন কাউন্সিল থাকবে, সেদিন বাস দেবেন না?

Mr. Chairman: The question is whether buses will be arranged for the members of the Council.

The Hon'ble Saila Kumar Mukherjee: There is no separate arrangement for them. The arrangement that has been made is both for the members of the Assembly and the members of the Council. If there is a single sitting of the Council, then the difficulty is felt by the members. There is no arrangement when there is a single sitting of the Council. Two buses have been arranged between 5 and 6 for the convenience of both Assembly and Council Members. They can avail of the buses if they like. If there is a break in the programme of the Assembly, the coming of the bus is adjusted to that programme. Only for the sitting of the Council no arrangement has been made.

Shri Narendra Nath Das:

তাহলে অনলি ফর দি এ্যাসেম্বলী হবে, কাউন্সিলের জন্য ব্যবস্থা হবে না?

The Hon'ble Prafulla Chandra Sen:

আমরা নিশ্চয়ই ব্যবস্থা করতে পারবো, তবে একটা বড় বাসের দরকার হবে না, একটা ছোট বাস আমরা দেব যদি কাউন্সিল বসে।
for the Council Members there must be some arrangements.

(ভয়েসঃ হ্যাঁ, ছোট দেন বড় দেন একটা ব্যবস্থা তো করুন।)

The Hon'ble Saila Kumar Mukherjee: If the Council Members so requires, I will certainly make some arrangement.

Mr. Chairman: That is alright.

Shri Jatin Chakravorty:

স্যার, আপনার কাছে জানিয়ে রাখি অর্থমন্ত্রী যখন রাইটার্স বিল্ডিংসে একটা থেকে তিনটার মধ্যে রোজই এনগেজড থাকেন, সেই সময় আমরা কাউন্সিলের পক্ষ থেকে তাঁর কাছে ডেপুটেশান-এ যাব।

Mr. Chairman:

This is not a satisfactory State of thing. Certainly the Council Members needs should be attended to.

Price of essential commodities

*28. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(i) the percentage of increase in the prices of essential commodities, viz., rice, pulses, mustard oil, match box and spices from April, 1963 to June, 1964;

(ii) the general increase in the cost of living index during the above period; and

(iii) the mechanism the Government propose to adopt for stabilising the prices?

State buses in Calcutta

***29. Shri Amar Prasad Chakrabarty:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) how many buses under the State Transport Corporation are now plying in the city of Calcutta;

(b) how many drivers are engaged in the Corporation;

(c) the number of such drivers who have left their services voluntarily since the Corporation was constituted; and

(d) the minimum wages of a driver and a conductor in the said Corporation?

Rehabilitation of refugees in Andamans

***30. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) what is the total number of refugees from East Pakistan who had been sent from West Bengal for rehabilitation and resettlement in the Andamans up till now;

(b) whether there is any restriction imposed by the Centre (formally or informally) on any further rehabilitation of such refugees in those islands;

(c) if so, (i) whether the West Bengal Government was a consenting party to such restriction and (ii) whether the State Government approached the Centre for withdrawal of that restriction; and

(d) if not, whether the State Government proposes to approach the Centre for further rehabilitation of East Pakistan refugees in the said islands?

Government rice mills in the State

***31. Shri Nirmal Basu:**

খাদ্য ও সরবরাহ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) এই রাজ্যে কি কোন সরকারী চালকল প্রতিষ্ঠার পরিকল্পনা আছে ;

(খ) "ক"এর উত্তর "হ্যাঁ" হইলে, কবে, কোথায় ও কয়টি এইরূপ সরকারী চালকল প্রতিষ্ঠা করা হইবে ; এবং

(গ) বেসরকারী চালকলগুলি সরকারের নিজের হাতে গ্রহণের কোন প্রস্তাব কি বিবেচনাধীন আছে ?

Weigh bridges in Calcutta

***32. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) i) the number of weigh bridges in Calcutta for weighing trucks;

(ii) the maximum capacity of these bridges to weigh at a time; and

(iii) whether there are arrangements for weighing trucks with trailors?

(b) Will the Hon'ble Minister be further pleased to state—

(i) the number of occasions when offences for violation of sections 72 and 73 of the Motor Vehicles Act, 1939, have been committed by truck drivers in Calcutta during 1962 and 1963; and

(ii) punishment meted out to such offenders?

Calling Attention To Matters Of Urgent Public Importance

Mr. Chairman: The attention of the Ministers concerned was drawn previously by the respective members to the subjects of:—

(1) Non-availability of essential commodities (Attention drawn by Shri Abdul Halim on 30-7-64) ;

(2) Alleged mismanagement, mal-administration and mal-practice in the School Final and Higher Secondary Examinations (Attention drawn by Shri Manoranjan Sen Gupta on 30-7-64);

(3) Substitute for mustard oil (Attention drawn by Shri Jatin Chakravorty on 30-7-64) ;

(4) Disbursement of Dearness Allowance to the Primary School teachers (Attention drawn by Shri Nirmalya Bagchi on 31-7-64.)

(5) Short supply of fertilisers (Attention drawn by Shri Manoranjan Sen Gupta on 31-7-64.)

The Ministers concerned will please make statements, if they have come prepared.

The Hon'ble Prafulla Chandra Sen: With reference to the Calling Attention Notice given by Hon'ble Shri Abdul Halim I beg to state that so far as rice is concerned, it is not correct to say that the commodity has totally disappeared from the open market although it is very true that availability is far from satisfactory. To meet the scarcity in the open market, Government has undertaken to supply and is actually supplying at the controlled rates through fair price shops in Calcutta industrial area and modified rationing shops in the districts 1 K.G. of rice and 2 K.Gs. of wheat per week per adult (a person above 8 years of age) and half that quantity per week per child. The entire population of Calcutta industrial area is covered by this modified rationing scheme. All the categories of the urban population in the deficit districts are also being supplied with Government rice and wheat on the above scale. In the surplus districts the 'A' category (that is the poorest class) of the urban population has also been covered by this scheme, and the district authorities have been authorised to use their discretion to extend its benefits to other classes of the urban population whenever they think necessary. Government has also undertaken requisitioning of rice and paddy of producers, dealers and millers in the districts under the Essential Commodities Act, 1955 in order to increase their availability and securing their distribution within the maxmium prices fixed by the Government.

It is not a fact that mustard oil is not available in the open market at all, but there is a very great shortage in the supply of mustard oil. This shortage is due to the crop of mustard seeds failure in the producing and exporting States. Following steps have already been taken by the Government to overcome the difficulties:—

(a) Prices of mustard oil has been fixed as follows throughout the State of West Bengal:—

(i) Ex-miller—Rs. 309.00 per quintal.

(ii) Ex-wholesaler—Rs. 315.00 per quintal.

(iii) Ex-retailer—Rs. 3.25 per K.G. and Rs. 3.90 per K.G. of "Ag" mark mustard oil and Rs. 4.00 per K.G. of Ghani mustard oil sold from the certified organisations.

(b) The Reserve Bank of India has been written not to afford advances against hypothecation of the mustard seeds. Action on this has been taken by the Reserve Bank of India.

(c) Government of India has also been written to fix a ceiling price of mustard seeds on an All-India basis and issue licensing Order in respect of the said article.

As regards sale of mustard oil, unfit for human consumption, it is stated that every case of adultration reported or detected is being examined and appropriate action taken where necessary. The following is a list of cases of offences involving adulteration of mustard oil:

[4-10—4-20 p.m.]

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 17th August, 1964, at 3 p.m. being the sixth day of Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

Obituary

[3—3-15 p.m.]

Mr. Chairman: Honourable Members, it is with great sorrow that I have to mention before the House about the passing away, at a comparatively early age of 47, of one of our sitting members of the West Bengal Legislature, Shri Khagendra Nath Naskar, M.L.A., who died on Friday night (14th August, 1964). Shri Naskar was first elected to the West Bengal Assembly in the year 1957 from the Canning Constituency in 24-Parganas reserved for Scheduled Castes. He was returned a second time in the third General Election in 1962. He had been suffering from Cirrhosis of the liver for some time past. He is survived by his mother, his widow, a son and a daughter.

Shri Khagendra Nath Naskar came of a family of cultivators in South Bengal within Canning Police Station. Very early in his life, he took part in the National Movement for Freedom, and when he was only about 13, he joined the Non-co-operation Movement, and took an active part in it. He was a person with a genuine spirit of service, and he led relief parties at the time of the Vidyadhari floods, and took a prominent part in the Zemindary Abolition Movement.

Ladies and Gentlemen, let us show respect to the memory of the deceased by standing in our seats for a minute.

(The honourable members then stood in their seats for a minute)

Thank you, ladies and gentlemen. Our heartfelt condolence will be forwarded to the bereaved family by the Secretary.

The House stands adjourned for 10 minutes as a mark of respect to the memory of the deceased.

(At this stage the House was adjourned for 10 minutes)

(After adjournment)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

The Hon'ble Jagannath Kolay: Sir, will you kindly take up Question No. 38 first?

Shri Sasanka Sekhar Sanyal: Sir, we have no objection to questions being taken up out of turn, but before this is done, the Hon'ble Minister concerned ought to satisfy the Chairman that for certain exigencies he cannot wait till his turn comes.

Mr. Chairman: Evidently that is the reason.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, it is not a matter of routine work. He must plead with the Chairman and satisfy him that for certain exigencies of the State or public demand, he is unable to wait till his turn comes.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I have to attend a very urgent meeting for which I fixed my programme pretty long time ago and I have to go to Chinsurah immediately after the question is over.

Mr. Chairman: All right. We will take up your question first.

Farakka-Barrage Project

***38. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) what progress, if any, has so far been made with regard to the Farakka Barrage Scheme;

(b) if the progress is according to time schedule;

(c) if the scheme will be completed within the time appointed for the purpose;

(d) if not, the reason therefor; and

(e) whether the State Government has impressed upon the Central Government about the urgency of the timely completion of the project?

The Hon'ble Syamadas Bhattacharyya: (a) The Project is being executed by the Government of India and, therefore, it is not possible for the State Government to furnish details about the progress of the Project.

(b), (c) and (d) Do not arise.

(e) Yes.

Shri Jatin Chakravorty:

আপনি বি. সি. ডি সম্বন্ধে বললেন ডাস নট য়্যারাইজ। কেন্দ্রীয় সরকার এই ফরাক্কা ব্যারেজ করছেন তাহলেও নিশ্চয় পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে সহযোগিতা করেই এটা করা হচ্ছে।

সুতরাং if the progress is according to time schedule

তাহলে এটা সম্পর্কে তিনি বলছেন না কেন যে কবে কোন বছরের মধ্যে এটা ঠিক হয়ে পশ্চিমবঙ্গ সরকারের সঙ্গে পরামর্শ করে যে ফরাক্কা ব্যারেজ শেষ হবে।

The Hon'ble Syamadas Bhattacharyya:

There is what is known as the Farakka Barrage Control Board and the Cont Board has recently approved an accelerated programme of construction of t Project, i.e., by the end of 1968-69 against the eight-year programme of comp tion, originally approved by the Expenditure Finance Committee of the Gover ment of India.

[3-15—3-25 p.m.]

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এই ফারাক্কা ব্যারেজ তৈরি সম্পর্কে যে আপত্তি উঠেছিল এবং বর্ত্তমানে আবার পাকিস্তান সরকারের সঙ্গে নানাপ্রকার কথাবার্তা চলবে বলে প্রধান মন্ত্রী যে ঘোষণা করেছেন তাঁর সেই কথা বার্তার পরিপ্রেক্ষিতে ফারাক্কা ব্যারেজ যাতে তাড়াতাড়ি তৈরী না হয় সেজন্যই কি দেরী হচ্ছে?

The Hon'ble Syamadas Bhattacharyya:

আমি বলেছিলাম যে দেরী হচ্ছে না বরং ৮ বৎসরের যে মেয়াদ ছিল সেটা কমিয়ে ৭ বৎসরের মধ্যে সম্পন্ন করবার জন্য ফারাক্কা ব্যারেজ কণ্ট্রোল বোর্ড একটা প্রস্তাব করেছেন এবং সে প্রস্তাব গৃহীতও হয়েছে। যাতে বিলম্ব না হয় সেটা বিশেষভাবে দেখা হচ্ছে এবং সেই ভাবেই চেষ্টা করা হচ্ছে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি দেখেছেন যে বিভিন্ন দায়িত্বশীল সংবাদপত্রে এই সংবাদ প্রকাশিত হয়েছে যে ফারাক্কা ব্যারেজের কাজ যত দ্রুত সম্পন্ন হওয়া উচিত ছিল সেরূপ দ্রুতগতিতে কাজ হচ্ছে না ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

বিভিন্ন সংবাদপত্রে যে সংবাদ বেরিয়েছে তা দেখেছি। আমরাও এই বিষয়ে বিশেষ আগ্রহশীল হয়ে কেন্দ্রীয় সরকারের সংশ্লিষ্ট বিভাগের সঙ্গে কথাবার্ত্তা বলছি এবং চিঠিপত্র লেখালেখি করছি, আলাপ আলোচনা করছি এ বিষয়ে যে সমস্ত বাঁধা বিপত্তি ছিল তার অনেকখানি দূর করা হয়েছে। বিশেষ করে ফরেন এক্সচেঞ্জ প্রাপ্তি সম্পর্কে অনেকগুলি অসুবিধা ছিল সম্প্রতি সে সব বাঁধা দূর হয়েছে এবং আমরাও আশা করছি আগামী নভেম্বর মাস থেকে পূর্ণদমে কাজ সুরু হবে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে বাঙ্গলা দেশের পক্ষে ফারাক্কা ব্যারেজের যে গুরুত্ব রয়েছে এবং বাঙ্গলার অর্থনৈতিক ক্ষেত্রে এর যা গুরুত্ব রয়েছে এবং বাঙ্গলা দেশকে বাঁচানোর জন্য এর যে গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে এই সমস্ত কথা বিবেচনা করে আজকে যখন কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কিছুটা এদিকে ওদিকে টালবাহানা চলেছে সে সময় পশ্চিমবঙ্গ সরকার এটা ভেবেছেন কি এই গুরুত্বপূর্ণ বিষয়টি কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করবেন যাতে তাড়াতাড়ি বাঙ্গলা দেশের হাতে এ দায়িত্ব ছেড়ে দেওয়া হয়।

The Hon'ble Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য একটা ভুল করছেন। তিনি ধরে নিয়েছেন কেন্দ্রীয় সরকার এই বিষয়ে একটা টালবাহনা করছে। কিন্তু এটা মোটেই সত্য নহে। তবে আমরা এই বিষয়ে বিশেষ আগ্রহশীল এবং ফারাক্কা ব্যারেজ যদি ঠিকমত হয় তা হলে বাঙ্গলা দেশের অর্থনীতি খুবই ভাল হবে এবং পূর্ব্বাঞ্চলের অর্থনীতিও উন্নত হবে। কেন্দ্রীয় সরকার এই বিষয় কোনো দ্বিধা করছেন এরূপ কোনো ইমপ্রেসন আমাদের নেই।

Shri Jatin Chakravorty:

পশ্চিমবঙ্গ সরকার যে আগ্রহশীল এবং বাঙ্গলা দেশের পক্ষে এটা যে বিশেষ গুরুত্বপূণ এবং তারই পরিপ্রেক্ষিতে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবঙ্গ সরকার এই দায়িত্ব নেবার জন্য কেন্দ্রীয় সরকারের কাছে সুপারিশ করতে রাজী আছেন কিনা ?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা মতামতের প্রশ্ন। আমাদের প্রধান প্রধান বিবেচ্য বিষয় হলো কি ভাবে ফারাক্কার ব্যারেজের কাজ সুষ্ঠভাবে সম্পন্ন হতে পারে। এ ব্যাপারে সম্পূণ দায়িত্ব কেন্দ্রীয় সরকারের। এই কাজ সম্পূর্ণ করতে যে বিপুল পরিমাণ ফরেন এক্সচেঞ্জ দরকার তার জন্য আমাদের দ্বারস্থ হতে হবে। এরূপ প্রতি পদে যখন কেন্দ্রীয় সরকারের দ্বারস্থ হতে হবে তখন কেন্দ্রীয় সরকার যে ভাবে এই কাজ সম্পন্ন করবার মনস্থ করেছেন আমার মনে হয় এটা

বিবেচনা করে আমরা এই বিষয় সন্তুষ্ট হতে পারি। অবশ্য এটা আত্মসন্তুষ্টি মনোভাব নিয়ে কাজ করছি না কারণ এই রকম ভাবে এই কাজ করার নয়।

Shri Sasanka Sekhar Sanyal:

১৯৬৮-৬৯ সালের মধ্যে আশা করা যাচ্ছে এটা হবে। এই সেতুর উপর ভিত্তি করে আমাদের পশ্চিমবাংলার ভাগীরথীর দুই পাশে কি কি নূতন শিল্প গড়ে উঠতে পারে এই বিষয় কোন পরিকল্পনা কি আপনারা করেছেন?

The Hon'ble Syamadas Bhattacharyya:

এটা খুবই গুরুত্ব পূর্ণ প্রশ্ন। তবে মূল প্রশ্ন থেকে এটা আসে কি না সেইটে আপনার কাছে নিবেদন করছি।

Shri Sasanka Sekhar Sanyal: *38(e) says whether the State Government has impressed upon the Central Government about the urgency of the timely completion of the project? 'Urgency' is a wide concept. It includes not only things which have been done as an emergent proposition but also things which have got to be done in the interest of the well-being of the people of West Bengal. So this question arises.

The Hon'ble Syamadas Bhattacharyya: That is a lawyer's argument.

Crisis of rice and paddy in the State

***33. Shri Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state what steps have been taken afresh after the rice and paddy crisis from September, 1963, onwards for stepping up production of paddy in the State—

(i) by bringing larger areas under cultivation;
(ii) by increasing overall per-acre yield;
(iii) by protecting grown crops from drought;
(iv) by protecting grown crops from inundation; and
(v) by larger godown facilities being made available for the actual producer?

Mr. Chairman: Answer to this question is postpond as the Hon'ble Minister concerned is not ready.

Aid to displaced persons from India's enclaves

***34. Shri Nirmal Basu:**

ত্রাণ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পূর্ব পাকিস্তানের ভৌগোলিক সীমার মধ্যে অবস্থিত ভারতীয় ছিটমহল (এনক্লেভস্)গুলি হইতে যেসব ভারতীয় নাগরিক কোচবিহার ও জলপাইগুড়ি জেলার অন্যত্র চলিয়া আসিয়াছেন, তাঁদের সরকার এ পর্যন্ত কি সাহায্য দিয়াছেন; এবং

(খ) এই সব ব্যক্তিদের জীবিকার পুনঃসংস্থানের জন্য সরকার কি কোন পরিকল্পনা গ্রহণ করিয়াছেন?

The Hon'ble Abha Maiti:

(ক) খয়রাতি সাহায্য হিসাবে নগদ টাকা, গম, চাল, ডাল ইত্যাদি খাদ্য সামগ্রী, কাপড়-চোপড় ও কম্বল দেওয়া হইয়াছে।

(খ) বিষয়টি সরকারের বিবেচনাধীন।

Shri Nirmal Basu:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন এ পর্যন্ত এইরকম যারা এসেছে তাদের সংখ্যা কত?

The Hon'ble Abha Maiti :

কোচবিহারে এসেছে ৭০৭ জন এবং জলপাইগুড়িতে এসেছে ৩৩২ জন।

Shri Nirmal Basu:

মাননীয় মন্ত্রিমহাশয়া বলবেন কি এই যারা ভারতবর্ষের এক অংশ থেকে ভারতবর্ষের আর এক অংশে এসেছে তাদের পূর্ববঙ্গ থেকে আগত উদ্বাস্তুর মত গণ্য করা হয়েছে?

The Hon'ble Abha Maiti :

এই প্রশ্নটি এখনো সরকারের বিবেচনাধীন আছে,—এর দ্বারা বোঝা যাচ্ছে ভারত সরকারকে যখন [illegible] আমরা লিখেছিলাম, তখন তাঁরা বলেছিলেন যে তাদের পূর্ববঙ্গের উদ্বাস্তু হিসেবে বিবেচনা করে পুনর্বাসন দিতে পারি এবং বাংলাদেশের বাইরেও পাঠাতে পারি। আমি [illegible] গুলি বিষয় পরিস্কার জানবার জন্য লিখেছি—বিশেষ করে এরা হচ্ছে ভারতীয় নাগরিক, এদের স্টেটাস কি হবে। এর উত্তর এলে জানিয়ে দেবো।

Shri Nirmal Basu:

[illegible] প্রশ্ন হচ্ছে ২০এ ফেব্রুয়ারী থেকে তারা আসতে আরম্ভ করেছে---এখন আগ[illegible] [illegible] হয়েছে, অথচ এখনো এদের সম্বন্ধে কিছু ঠিক হল না—এরা পূর্ববঙ্গের উদ্বাস্তু, না, আমাদে[র] [illegible] মানুষ?

The Hon'ble Abha Maiti :

[illegible] ভারত সরকারকে জানিয়েছি এরা আমাদের দেশের নাগরিক তো বটে, এদের [illegible] এর ব্যাপারে পূর্ববঙ্গের উদ্বাস্তুদের ক্ষেত্রে যে নীতি নেওয়া হয়েছে, এদের [illegible] সেই নীতি নেওয়া হবে। আমরা তাদের বাংলাদেশের বাইরেও পাঠাতে পারি। [illegible] ভারতীয় নাগরিক—এদের জন্য অন্য কোন ব্যবস্থা গ্রহণ করা যায় কিনা [illegible] জানতে চেয়েছি। আগে যারা এসেছিল তারা ইসলামপুরের দিকে তাদের জানা-[শোনা] [আত্মীয়]-বান্ধবদের কাছে চলে গিয়েছে। বর্ত্তমানে আমাদের ক্যাম্পে কেউ নাই।

Shri Nirmal Basu:

[illegible] এসেছে তাদের অধিকাংশ ইসলামপুরের দিকে চলে গেছে বলবেন—কিন্তু জলপাইগুড়ি এবং কোচবিহারের হলদিবাড়ী, মেখলীগঞ্জে প্রায় দশ হাজার উদ্বাস্তু এখনো রয়েছে, তাদের সম্বন্ধে [illegible] কথা হচ্ছে যারা ভারতীয় ছিটমহল থেকে চলে এসেছে?

The Hon'ble Abha Maiti :

[illegible] থেকে যারা চলে এসেছে তাদের কথা বলছেন?

Shri Nirmal Basu:

ভারতীয় ছিটমহল থেকে যারা এসেছে।

The Hon'ble Abha Maiti :

আগেই বলেছি জলপাইগুড়িতে এসেছে ৭০৭ জন এবং কোচবিহারে এসেছে ৩৩২ জন।

Shri Nirmal Basu:

এ ছাড়াও আরো প্রায় ৩০ হাজারটি উদ্বাস্তু পাকিস্তান ছিটমহল থেকে ভারতের দিকে ভবিষ্যতে চলে আসতে পারে—এই রকম আশংকা আছে এবং হঠাৎ যদি তারা এদিকে চলে আসে যেমন ফেব্রুয়ারীতে এসেছে এই অবস্থায় তাদের সম্বন্ধে কোন ব্যবস্থার কথা আপনি ভাবছেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

তেমন কোন খবর পাইনি। তবে যদি আসে তাহলে নিশ্চয়ই ব্যবস্থা অবলম্বন করা হবে।

Shri Nirmal Basu:

যারা এসেছে তারা কৃষিজীবী। তারা কুচবিহারে ও অন্যান্য অঞ্চলে জমি কিনে বসবাস করছে। তাদের কৃষি ঋণ দেওয়া হয়েছে কিনা ?

The Hon'ble Abha Maiti:

তা জানি না। তবে জমি কিনে মালিকানা স্বত্ত্ব পেয়ে গেলে নিশ্চয়ই তাদের কৃষিঋণ দেওয়া হবে। কারণ তখন আর আইনের কোন অন্তরায় থাকবে না।

[3-25—3-35 p.m]

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয় 'ক'-এর উত্তরে বললেন যে গম চাল টাকা পয়সা ইত্যাদি সব দেওয়া হয়েছে—আমার জিজ্ঞাস্য হচ্ছে এদের জন্য আজ পর্যন্ত ঐ যে ফিগার দিলেন ৭শ না কত—তা এদের জন্য কতটা আপনারা দিয়েছেন তার অঙ্কটা একটু জানাবেন কি ?

The Hon'ble Abha Maiti:

আমরা কুচবিহারের এদের সংখ্যা বলেছি—৭০৭—তাদের জন্য নগদ ৭ হাজার ৬ শত ৭০ টাকা ২৫ নয়া পয়সা দেওয়া হয়েছে—এবং যাদের দেওয়া হয়েছে তাদের সংখ্যা বলছি—৬৩৯—আর জি আর ইন কাইণ্ড দেওয়া হয়েছে ৬৮টি ফেমেলীকে—এ ছাড়া চাল, মসলাপাতি, ইত্যাদি জিনিসপত্র দেওয়া হয়েছে, দাম হচ্ছে ৩৭০.২৮ নয়া পয়সা—এছাড়া ধুতি শাড়ী বাচ্চাদের জামা কাপড় দেওয়া হয়েছে ৬৯৯ জনকে। এটা হচ্ছে কুচবিহারের আর জলপাইগুড়িতে ৩৩২ জনের মধ্যে রিলিফ দেওয়া হয়েছে—ইন কাইণ্ড–তার দাম হচ্ছে—৯ হাজার ১ শত ৭৭ টাকা।

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি—এই যে এনক্লিপ পাকিস্তানে দিয়ে দিয়েছি—নেহরু-নুন চুক্তি অনুযায়ী এখন এই লোকগুলি তারা ভারতীয় নাগরিক তাদের রিহ্যাবিলিটিয়েসনের এখনও কোন স্কীম করেন নি ?

The Hon'ble Abha Maiti:

আমি এ কথা মাননীয় সদস্যকে বলতে চাই এনক্লিপ হয়েছে ঠিকই—কিন্তু প্রকৃত এনক্লিপের কাজ এখনও আরম্ভ হয়নি—যখন আরম্ভ হবে তখন অন্য কথা—কিন্তু এখন যে অবস্থা সেই অবস্থার কথা বলেছি।

Shri Satya Priya Roy:

কিন্তু সুনির্দিষ্ট পরিকল্পনা আমাদের পশ্চিমবাংলার পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারের কাছে উপস্থাপিত করা হয়েছে কিনা ?

The Hon'ble Abha Maiti:

এর আগে বলেছি—যারা আসবেন তাদের পুনর্বাসনের জন্য আমরা লিখেছি ভারত সরকারকে এবং ভারত সরকার এটা স্বীকার করেছেন যে যারা আসবেন এনক্লেভ এক্সচেঞ্জ হয়ে এবং এমনি যারা চলে আসবেন তাদের পুনর্বাসন দেবার দায়িত্ব তাঁরা নেবেন। কিন্তু কতকগুলি বিষয়ে আমরা জানতে চেয়েছি তার উত্তর পেলেই আপনাদের জানিয়ে দেবো।

Shri Satya Priya Roy:

আমি যা প্রশ্ন করেছিলাম ঠিক তার উত্তরটা ঠিক সেই প্রশ্নের হয় নি। আমি বলেছি আমাদের পশ্চিমবাংলা সরকার কোন সুনির্দিষ্ট পরিকল্পনা এদের পুনর্বাসনের জন্য কেন্দ্রীয় সরকারের কাছে নিবেদন করেছেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

তাই তো বলেছি পুনর্বাসন নীতি সম্পর্কে কথা হচ্ছে—সেই নীতি যদি ঠিক না হয় তাহলে কোন পরিকল্পনা উপস্থাপিত করতে পারছি না—ইতিমধ্যে ভারত সরকার আমাদের জানিয়েছে যারা পূর্ববঙ্গের উদ্বাস্তু হিসাবে গণ্য—বাংলা দেশের বাইরে পাঠাতে সে সম্পর্কে কতকগুলি প্রশ্ন জানাতে আমি তাদের কাছে জানতে চেয়েছি।

Shri Satya Priya Roy:

কেন্দ্রীয় সরকারের সঙ্গে নীতিগত বিরোধ হয়েছে পশ্চিমবাংলা সরকারের—তারা পশ্চিমবাংলা সম্পর্কে কি নীতি গ্রহণ করেছেন বা কেন্দ্রীয় সরকারকে কি নীতি কথা জানিয়েছেন পশ্চিমবাংলা সরকার ?

The Hon'ble Abha Maiti:

আমি তো পূর্বেই বলেছি যে পূর্ববঙ্গের উদ্বাস্তু হিসাবে গণ্য করে বাংলা দেশের বাইরে পাঠাবার কথা বলেছিলাম—আমি দৃষ্টি আকর্ষণ করেছি—তারা ভারতীয় নাগরিক—সুতরাং এদের ক্ষেত্রে অন্য কোন বিবেচনা করা যায় কিনা।

Shri Satya Priya Roy:

বিবেচনা করতে বলেছেন—এই জিনিস এইভাবে করা উচিত এই রকম সুনির্দিষ্ট পরিকল্পনা দিয়েছেন কিনা ?

The Hon'ble Abha Maiti:

আমি এ বিষয়ে যা বলেছি তার বেশী কিছু বলার নাই—আমাকে এবিষয়ে আর প্রেস দেবেন না।

Shri Santosh Kumar Bhattacharyya:

কি বলেছেন বলুন না . . .

The Hon'ble Abha Maiti :

আমি বলেছি এরা ভারতের নাগরিক পূর্ববঙ্গের উদ্বাস্তু নয়—সুতরাং এদের জন্য অন্য কোন দিক থেকে রিহ্যাবিলিটেসন করতে পারেন কিনা।

Shri Santosh Kumar Bhattacharyya:

এটা তো উত্তর হোল না স্যার। আমার প্রশ্ন হচ্ছে আপনারা পশ্চিমবঙ্গ সরকারের থেকে কোন পরিকল্পনা প্রস্তুত করে কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছেন কি ?

The Hon'ble Abha Maiti:

আমি তো বলেছি—এর বেশী আর কিছু বলবার নেই।

Shri Santosh Kumar Bhattacharyya: Sir, she is again avoiding, she has not replied.

Shri Sasanka Sekhar Sanyal: We have heard the answer from the Hon'ble Minister that they are Indians and that some arrangement should be made. My question is, since they are men of West Bengal also, have the Government of West Bengal written to the Government at the Union that they must be rehabilitated in West Bengal?

The Hon'ble Abha Maiti :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি মাননীয় সদস্যদের বলছি এর উত্তর এর বেশী আমার কাছে আর প্রেস না করাই ভাল।

Shri Sasanka Sekhar Sanyal : Will she kindly make it clear as to why the matter which she can divulge in private cannot be devulged in the floor of the House?

The Hon'ble Ava Maiti :

আমি অধিকারে হস্তক্ষেপ করছি না এটা কাউন্সিলে প্রেস না করাই ভাল—এতে বাংলা দেশের তথা ভারতবর্ষের ক্ষতি হবে।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাচ্ছি যে মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে ভারত সরকার পূর্ববঙ্গের উদ্বাস্তু বলে মনে করেন—অর্থাৎ দণ্ডকারণ্যে গেলেই সাহায্য দেওয়া হবে—এখানে পশ্চিমবাংলা সরকার পরিষ্কার করে বলতে পারেন যে তাদের দণ্ডকারণ্যে পাঠাবার জন্য বলবেন না ?

Mr. Chairman: She thinks it would be definitely to the detriment of the people concerned.

Hunger-satisfying herb

*35. **Shri Jatin Chakravarty :** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the attention of the State Government has been drawn to a news item published in the "Anandabazar Patrika" and "Jugantar", dated the 3rd July, 1964, to the effect that a kind of herb called "Kalir Kanda" has been discovered in the hilly areas in the State of Gujarat which once consumed by a person satisfies his hunger for seven days;

(b) if so, whether the Government has made any enquiry from the Gujarat Government about the truth of the report; and

(c) if not, whether the Government proposes to make such an enquiry?

The Hon'ble Purabi Mukhopadhyay: (a) Yes.
(b) No.
(c) Yes.

Sir, I would like to supplement the answer that I have given. I sent this reply on 7-8-64 when no reference was made to the Government of Gujarat. But since then we have written to them but we have not received any reply as yet.

Shri Jatin Chakravorty:

গুজরাট গভর্নমেণ্টের কাছে কবে এ সম্পর্কে লিখেছেন ?

The Hon'ble Purabi Mukhopadhyay: 17th August. I will explain the reason for this delay. Originally this question was addressed to the Chief Minister. The Chief Minister sent this question to the Commerce and Industries Department because the Commerce and Industries Department deals with cases of medicinal plants. We in the Health Department do not deal with medicinal plants, but we were very much interested to know what is the actual nature of the thing that they have discovered there. So, we asked our Adviser to the Ayurvedic Parishad to pursue this matter because we are interested to know what is this plant actually which can redeem a man from hunger for seven days. But as our Adviser was out of town for some days and as there were some holidays intervening, we could write to them only today.

Shri Jatin Chakravorty:

খবরটা ছিল এই যে "গুজরাট যেমুর পর্বতে প্রাপ্ত কালীয়কন্দ নামে এক প্রকার কন্দ জাতীয় জিনিষ সেবন করিলে মানুষ খাদ্য গ্রহণ না করিয়াও এক সপ্তাহ কাটাইয়া দিতে পারে।" বর্তমানে যে খাদ্য সঙ্কট তাতে চাল, তেল ইত্যাদি পাওয়া যাচ্ছে না। তেল পেলেও সেটা ভেজাল এবং সেটা খাওয়াও করতে পারছে না। আমি জনসাধারণ ও সরকারকে সাহায্য করার জন্য এই প্রশ্ন করেছিলাম যে এটা যদি সত্যি সত্যি পাওয়া যায় এবং বাংলাদেশে যদি এটা প্রচুর পরিমাণে চাষ হয় তাহলে আমরা বেঁচে যাই। বিরোধীপক্ষ থেকে খাদ্য বিতর্ক করতে হবে না। সরকারও মজুতদার ভেজাল ও মজুতদারদের তোষিদা করতে হবে না, তাদের ধরতে হবে না। যুগান্তর ও আনন্দবাজারে এই সংবাদ বেরিয়েছে। আজ ১৭ তারিখে তিনি চিঠি লিখেছেন এখানেই প্রশ্ন হচ্ছে যে সরকার পক্ষ থেকে এই রকম একটা জিনিষ সম্পর্কে কেন আগে লেখেন নি ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

মেডিসিনাল প্ল্যাণ্ট আমার স্বাস্থ্য দপ্তর ডিল করে না। কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রীস ডিপার্টমেণ্ট থেকে ডিল করা হয়। তিনি স্বাস্থ্যদপ্তরকে প্রশ্ন করেন নি, তিনি মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলেন, মুখ্যমন্ত্রী সেই প্রশ্ন কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রীস ডিপার্টমেণ্ট এ পাঠিয়েছিলেন। আমার কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রীস ডিপার্টমেণ্ট বললেন এদিকে ভেষজ সম্বন্ধে প্রশ্ন আছে

since it has come to us as a question

এর জন্য জন্য আমরা জানতে চেয়েছি। ফুড প্রবলেম সল্‌ভ হবে কি হবে না সেটা রেজাল্ট-এ জানা গেলে পারসু করা যাবে।

Shri Jatin Chakravorty:

পারসু করে দেখবেন কি ?

(No reply)

[3-35—3-45 p.m.]

Shri Satya Priya Roy:

আমরা জিজ্ঞাসা করছি মাননীয় স্বাস্থ্য মন্ত্রীমহাশয়কে যে, তিনি বাংলা দেশের পক্ষ থেকে কি কালিয়কন্দের বিষয় জানবার জন্য কি কৌতুহলী হয়েছেন ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি স্বাস্থ্য মন্ত্রী হিসাবে জানবার জন্য খুবই সজাগ হয়েছি কারণ মেডিসিন্যাল প্ল্যাণ্টস নিয়ে ঔষধপত্র তৈরী হয়। আমাদের আয়ুর্বেদ পরিষদ তৈরী হয়েছে এবং তা এই উভয় সভা থেকে আপনারা সব পাশ করেছেন। এই ঔষধপত্রগুলি তৈরী করতে গেলে মেডিসিন্যাল প্ল্যাণ্ট এর প্রয়োজন। অতএব মেডিসিন্যাল প্ল্যাণ্টস হিসাবে যদি কিছু আবিষ্কার হয়ে থাকে তাহলে তার য়্যাডভ্যাণ্টেজ আমরা নেব না কেন, সেটা খাদ্যের জন্যই হোক আর ঔষধের জন্য হোক

Shri Satya Priya Roy:

এটা ক্ষুধা নাশ করে এবং ১ সপ্তাহ কিছু না খেয়ে থাকা যায়। আমি তাই জিজ্ঞাসা করি মন্ত্রিমহাশয় কি এটাকে অর্থাৎ কন্দকে কি ভেষজের মধ্যে ফেলছেন ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ভেষজ হিসাবে তারা নিজেরা ফেলেছেন। ওটার মেডিসিন্যাল প্ল্যাণ্টস এ ডিরেকটরেন না ঐ নিউজ আইটেম-এর মধ্যে আছে।

Shri Satya Priya Roy:

মানুষের ক্ষুধাকে রোগ বলে মনে করেন কিনা এটাই জিজ্ঞাসা করছি ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আপনি এ বিষয় যা মনে করেন।

Shri Upendranath Barman:

মাননীয়া মন্ত্রিমহাশয়াকে কি এটা জিজ্ঞাসা করতে পারি যে সংবাদ পত্রে গুজরাট বন্ধ বলে একটা আন্দোলন আরম্ভ হয়েছে সেখানে আমি জিজ্ঞাসা করছি এটা ভেষজ আবিষ্কারের আগে না পরে।

(নো রিপ্লাই)

Shri Sasanka Sekhar Sanyal:

আর একটা কথা জিজ্ঞাসা করছি যে যদি ক্ষিধা বন্ধ হয়ে যায় ৭ দিন, তাহলে ঐ ৭ দিন রসনা নিয়ে কি করা যাবে তার কোন পরিকল্পনা আছে ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

বক্তৃতা করবেন।

Rehabilitation of refugees according to their trade and profession

***36. Shri Amar Prasad Chakrabarty:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) among the refugees of East Pakistan in West Bengal how many are—

(i) students,

(ii) artisans, and

(iii) agriculturists;

(b) steps taken by the Government for relief and rehabilitation of those refugees according to the trade and profession;

(c) how many of those persons have since they came to West Bengal been given relief and rehabilitation outside West Bengal with the names of the places where they have been rehabilitated; and

(d) whether the system of screening has since been introduced for speedy and effective relief and rehabilitation of these refugees?

The **Hon'ble Abha Maiti:** The question is rather vague. If the answers are wanted in respect of the new migrants coming to West Bengal from 1st January 1964 only, then the position may be stated as follows:

(a) No classified list has been maintained because there is no scheme of rehabilitation in West Bengal. But about 90 per cent. of the persons who have gone to Dandakaranya, whose number is 148,505, happen to be agriculturists.

(b) There is no arrangement of re-settlement in West Bengal and as such the question of schemes for settling these persons according to the trade and profession in the State does not arise.

(c) 148,505 persons till 21st July 1964. The State Government was asked to disperse all these persons to the Dandakaranya Development Authority Centre at Mana off Raipur (Madhya Pradesh). Allocation of refugees to different sites of rehabilitation within Dandakaranya or in other States was a matter for the Government of India.

(d) It is understood that the Directorate of Relief set up by the Government of India has a scheme for effective screening of the displaced persons who have been sent outside the State with a view to their speedy rehabilitation.

Shri Amar Prasad Chakrabarty:

আমার প্রশ্নটা ছিল যারা রিফিউজি এসেছেন তাদের পিরিয়ড যা ধরে নিয়েছেন সে পিরিয়ড যদি বলি

students, artisans and agriculturist

যারা আমাদের ফ্রণ্টীয়ার নিয়ে আসলো তাদের মধ্যে

Agriculturist, artisans, studnts

কজন তা স্ক্রুটিনী করবার কোন মেসিনারী আছে কিনা সেটাই আমি জানতে চাইছি?

The Hon'ble Abha Maity:

আমি বলছিলাম আমাদের এখানে রিহ্যাবিলিটেশন-এর কোন প্রোগ্রাম নেই। প্রোগ্রাম থাকলে নিশ্চয়ই তা করতে হতো, আমাদের স্ক্রুটিনি করতে হতো ও রিহ্যাবিলিটেশন করতে হত য়্যাকর্ডিং টু দ্যাট প্রোগ্রাম। কিন্তু আমাদের রিহ্যাবিলিটেশন স্কীম নেই বলে আমরা সেটা করি নি।

Shri Amar Prasad Chakrabarty:

আপনারা ডি. ডি. এ.তে এদের পাঠিয়েছেন এবং তার সঙ্গে যোগাযোগও আছে যেটা আপনি স্বীকারও করেছেন। তাহলে আমার কথা হচ্ছে ডি. ডি. এ. তে লোক পাঠিয়ে তারা য়্যাগ্রিকালচারিষ্ট না য়ার্টিস্যান না স্টুডেণ্টস সেটা স্ক্রিনিং না করে কোথায় কি ভাবে রিহ্যাবিলিটেট করবেন সেই স্কীম ফরমুলেট করেছেন?

The Hon'ble Abha Maity:

আমি 'সি' উত্তরে বলেছি যে, ওরা স্ক্রিনিং করছে এবং দেখে বিভিন্ন জায়গায় পাঠাচেছ। যেভাবে যা পাঠিয়েছেন তার উত্তর আমি বলছি যে প্রায় নাইণ্টি পারসেণ্ট য়্যাগ্রিকালচারিস্ট। আর একটা

কথা বলতে চাই আমাদের বিভিন্ন স্টেট য়্যাসেলম্বীতে ডি. ডি. এ. সম্পর্কে প্রশ্ন উঠলে এব সদস্যরা জানতে চাইলে সাধারণভাবে তাঁরা যে এটা পার্লামেণ্টএর ব্যাপার এটা নিয়ে স্টেট লেজিসলেচারএ উত্তর চাইতে পারে না। আমরা কতকগুলি উত্তর তাদের কাছ থেকে চেয়ে পাঠিয়েছিলাম এবং তারা একথা মাঝে মাঝে আমাদের জানিয়েছে। যদিও না অফিসিয়্যালি কিছু কিছু জোগাড় করেছি। কিন্তু অফিসিয়্যালি চাইতে গেলেই বলেন এ তো পার্লামেণ্টএর ব্যাপার স্টেট লেজিসলেচারএ উঠতে পারে না। আমি গত ২১এ জুলাই নাগাদ সেখানে গিয়েছিলাম এবং তখন আমি একটা হিসাব নিয়ে এসেছিলাম কে কোথায় গেছে এবং কত গেছে সেটা আমি পড়ে শোনাতে পারি এবং এ হিসাবটা ২৫এ জুলাই ১৯৬৪ তারিখ পর্যন্ত।

এই রিপোর্টে বলছেন মোট আমরা এত যা ওখানে পাঠিয়েছি—৩৫,০৫৪টা ফেমিলি আমি ফেমিলি হিসেবে বলছি, এবং বিভিন্ন ওয়ার্ক সেণ্টর যা দণ্ডকারণ্যে রয়েছে সেগুলিতে তারা পাঠিয়েছিলেন এই ৩৫ হাজারের মধ্যে ২,২৪৫টি ফেমিলী। এ ছাড়া মালকানগিরি যা দণ্ডকারণ্যের অন্তর্গত যে স্কীম, সেখানে তাঁরা তখন পাঠিয়েছিলেন ৯২৩টি ফেমিলী। এ ছাড়া উড়িষ্যাতে পাঠিয়েছিলেন ২,৯০০টি ফেমিলী। এ ছাড়া তাণ্ডিয়াতে মহারাষ্ট্রে তাঁরা পাঠিয়েছেন ৯৬১টি ফেমিলী এবং চাঁদা মহারাষ্ট্রে সেখানে পাঠিয়েছিলেন ২,০৪৬টি ফেমিলী। এ ছাড়া মধ্যপ্রদেশের চারটি জায়গায় তাঁরা পাঠিয়েছিলেন বেতুলে ২,৫১৭টি ফেমিলী, বাহারামপুরে পাঠিয়েছিলেন ১,০১৭টি ফেমিলী। পান্নাতে পাঠিয়েছিলেন ২৭৯টি ফেমিলী, অন্ধ্র প্রদেশে বেলামপল্লীতে পাঠিয়েছেন ১৯৩টি ফেমিলী এবং মাংবেল্লাতে পাঠিয়েছেন ৬৭০টি ফেমিলী। মাদ্রাজে পাঠিয়েছেন ২১০টি ফেমিলী। আর ইউ পি'তে পাঠিয়েছেন মিরাটে ৭০১টি ফেমিলী এবং বেরিলীতে পাঠিয়েছেন ৭৯০টি ফেমিলী। ডি আই কে রেলওয়ে প্রোজেক্ট ওখানে পাঠিয়েছেন ৫৯০ ফেমিলী, এবং যা বাকী ছিল ১২,৭৩৬টি ফেমিলী তা তখন দণ্ডকারণ্যে।

Shri Amar Prasad Chakrabarty:

আপনি যখন গিয়েছেন এটা অনুসন্ধান করেছেন নিশ্চয়ই কারণ এই যেটা অনুসন্ধান করে দেখেছিলেন যেমন যেমন রেলওয়ে থেকে তাঁকে জানান হলো লোক দরকার—অমনি তারা ওখানে সমস্ত পাঠিয়েছিলেন। তার মধ্যে কে য়্যাকচুয়ালি লেবার-এর কাজ করতে পারবে কি না পারবে সেটা না দেখেই তাঁরা পাঠিয়েছিলেন। আর তারা গিয়ে দেখলো সেখানে মাটিকাটার কাজ করতে হবে। অনেকে যারা মধ্যবিত্ত ঘরের ছেলে, অনেকে স্টুডেণ্ট, অনেক য়্যাগ্রিকালচারিস্ট আছেন, তাঁদের মাটি কাটার কাজে সাময়িক কয়দিন রেখে তাঁদের সেখান থেকে থ্রোন অফ করে দিলেন। তারপর এখানেও তাঁরা স্থান পেলেন না; ওখানেও প্র্যাকটিক্যালি তাঁরা বেগার হিসেবে চলতে লাগলেন। কাজেই সেই যে অবস্থা উদ্ভূত হয়েছিল সেটা আপনি অনুসন্ধান করেছিলেন কিনা জানতে চাচ্ছি। এই যে তাঁরা লোক পাঠিয়েছেন কি প্রজেক্টের জন্য কি কাজের জন্য সেটা না দেখে তাঁরা হয়ত মাটি কাটার জন্য দল বেঁধে একবারে হাজার লোককে পাঠিয়ে ছিলেন। তাতে করে য়্যাকচুয়ালি তারা বেগার হয়ে যাবে এবং আলটিমেটলি তারা ওয়েস্ট বেঙ্গলের রেসপনসবিলিটি হয়ে যাবে। তাদের রিহ্যাবিলিটেশন হবে না। সেইজন্য আপনি কোন ইফেকটিভ স্টেপ নিয়েছেন কি না?

The Hon'ble Abha Maity:

আমি আগেই বলেছি যে স্ক্রীনিং করে বিভিন্ন জায়গায় যে রকম লোক চেয়েছে আমাদের মানা ক্যাম্পের অথরিটি সেইরকম লোক পাঠিয়েছে এবং বিভিন্ন স্টেটের রিকুইজিসন দেখে কি টাইপের লোক তাঁরা চাচ্ছেন, তাঁরা কি য়্যাগ্রিকালচারিষ্ট চান, কি আর্টিজান চান, সেই রকম তাঁরা পাঠিয়েছেন। আমি একটা স্যাম্পল সার্ভেতে দেখেছিলাম—মানাতে, যে সাধারণত ওঁরা দেখেছেন যে বেশীর ভাগ হচ্ছে য়্যাগ্রিকালচারিষ্টস তার মধ্যে হাপ পারসেণ্ট আর্টিজান আর স্টুডেণ্টদের একটা হিসেব দেখছিলেন ওঁরা—যে প্রায় শতকরা ১২।১৩ জন হচ্ছে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র এবং ৬ থেকে ৮ জন হচ্ছে মাধ্যমিক ও কলেজের ছাত্র।

Shri Amar Prasad Chakrabarty:

। সম্বন্ধে কোন চিন্তা করছেন কিনা এই যে ওয়েস্টবেঙ্গল ফ্রন্টিয়ারএ এসে লোক নামছে, তারা এখানে আসার পর তাদের একটু রেসপাইট দিন ; তারপর স্ক্রীনিং করে ক্লাসিফাই করে রিকোয়ারমেণ্ট অনুযায়ী পাঠান যায় কি না ?

The Hon'ble Abha Maity:

আমি আগেই বলেছি এখানে আসার সঙ্গে সঙ্গে আমরা তাদের বাইরে পাঠাই না। বিশেষ করে এখন কয়দিন আসা কমে গিয়েছিল বলে ৬।৭ দিন পর্যন্ত এখানে তারা ক্যাম্পে থেকেছে এবং আগেও দু-তিন দিন থেকেছে। সঙ্গে সঙ্গে কাউকে পাঠাই না। সুতরাং বিশ্রাম নিয়েও অসুস্থ হলে পরে তাদের আলাদা করে রেখে আমরা পাঠিয়েছি। তবে স্ক্রীনিং এর যে কথা বলছেন এখানে সে স্ক্রীনিং করা সম্ভব নয় এবং আমরা স্ক্রীনিং করিনি। তবে জিজ্ঞাসাবাদ করে মোটামুটি তারা কি তা দেখেছি, আমরা যে কার্ড একটি দেই তাতে লেখেছি যে তারা মোটামুটি এগ্রিকালচারিস্টস. সেই হিসেবে আপনাকে একথা বলতে পারি কিন্তু কে কি কাজ করে এই ধরণের স্ক্রীনিং আমরা এখানে করি না এবং তা করাও এখানে সম্ভব নয়। তার জন্য ট্রানজিট সেণ্টার রয়েছে। সেখানে অবশ্য য়্যাকোমোডেসন খুব বেশী নাই। তবে দরকার হলে য়্যাকোমোডেসন বাড়াতেও পারি। কিন্তু আমরা মনে করি সঙ্গে সঙ্গে ওরা বিশ্রাম নিয়ে যদি যাওয়ার মত হয় পাঠিয়ে দেই। সেখানে যে স্ক্রীনিংএর সেট আপ আছে, সেই সেট আপ অনুয়ারী স্ক্রীনড করা হয় এবং সেই অনুসারে যদি তারা বিভিন্ন স্টেটে যান তাহলে তাতে ক্ষতি হবার কিছু নাই। কাজেই আমাদের এখানে তা না করলেও কোন অসুবিধা হবে না।

Adulteration in foodstuff

***37. Shri Nirmal Basu:**

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, বাজারে যে সব ধনে, জিরা, হলুদগুঁড়া ; লঙ্কাগুঁড়া ; লবণ বিক্রয় হয়, তাহার সহিত নানারূপ বিষাক্ত দ্রব্য মিশ্রিত আছে ; এবং

(খ) 'ক' প্রশ্নের উত্তর "হ্যাঁ" হইলে, এই সম্পর্কে সরকার কি ব্যবস্থা অবলম্বন করিয়াছেন বা করিতে মনঃস্থ করিয়াছেন ?

[3-45—3-55 p.m.]

The Hon'ble Purabi Mukhopadhyay:

(ক) ধনে ও জিরার সহিত মিশ্রিত ভেজালদ্রব্যগুলির মধ্যে বিষাক্ত কোন কিছু পরিলক্ষিত হয় নাই। হলুদ গুঁড়া এবং লঙ্কাগুড়ার কোন কোন নমুনাতে কিছু ইয়েলো লেড কমপাউণ্ড কোলটার ডাই এই দুই স্বাস্থ্যহানিকর ভেজাল সংমিশ্রন পাওয়া গিয়াছে। লবনে ভেজাল মিশ্রনের কোন কোন তথ্য সরকার অবগত নহেন।

(খ) ১৯৫৪ সালের প্রিভেনসন অফ ফুড য়্যাডালটেশন এ্যাক্টএর বিধান অনুযায়ী যথাবিহিত ব্যবস্থা অবলম্বন করা হইতেছে।

Shri Nirmal Bosu:

হলুদের গুঁড়ো, লঙ্কার গুঁড়োতে যে কিছু কিছু ভেজাল বেরিয়েছেএগুলি কি স্বাস্থ্য হানিকর— সে কথা আপনি বলতে পারেন কি ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

স্বাস্থ্যহানিকর আমি বলেছি।

Shri Nirmal Bose:

ধনে এবং হলুদের গুঁড়োতে কাঠের গুঁড়ো পাওয়া গেছে এ সম্পর্কে আপনি কিছু জানেন কিনা ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ধনের এবং জীরার গুড়োতে যে স্টেটমেণ্ট আমি করেছি তাতে বলেছি যে ধনে ও জীরায় মিশ্রিত শুধু কাঠের গুঁড়ো দিয়ে কেন ভেজাল দ্রব্যগুলির মধ্যে—বিষাক্ত কোন কিছু পরিলক্ষিত হয় কিনা—এই সমস্ত নমুনা আমাদের কাছে আসবে সেটা বিষাক্ত কিনা—আমি তার ডিকলেয়ারেসন দিয়েছি যে সেগুলি বিষাক্ত নয়—তার লঙ্কা গুঁড়ো, হলুদ গুঁড়ো, ইত্যাদিতে আমি বলেছি যে কোলটার ইয়োলো লিড পয়েজন এই সব স্বাস্থ্যহানিকর দ্রব্য পাওয়া গেছে।

Shri Jatin Chakravorty:

হর্স ডাং পাওয়া গিয়েছে কি ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

না, কি কি পাওয়া গেছে তা কি আমি ১৯৬২ সাল থেকে বলবো—না এটা বলবো।

Shri Jatin Chakravorty:

সবটাই বলুন।

The Hon'ble Purabi Mukhopadhyay:

১৯৬২ সালে ধনিয়া ৩৬টা সেম্পেল নেওয়া হয়েছে তার মধ্যে ১৭টিতে ফাউণ্ড এ্যাডালটারেটেড—তার মধ্যে মেটিরিয়াল ছিল—

Jira—Samples received 115, number found adulterated 25 siliceous matter—foreign seeds, wheat starch, sands.

Chilli—samples received 64, adulterated 22, materials coal tar dye, sand, siliceous matters, wheat starch.

Salt—samples received 3, no adulteration.

1963, Dhania—number of samples received 36, number of analysis 35, number found adulterated 12, siliceous matters, sand, wheat starch, insect infestations.

Jira—samples received 93, found adulterated 15, siliceous matters, foreign seeds, wheat starch, sand.

Turmeric—samples received 201, found adulterated 61, coal tar dye.

Chilli—samples received 32, number found adulterated 14, found coal tar dye, siliceous matters, wheat starch.

Salt—No.

1964, Dhania—samples received 29, found adulterated 5, matters—siliceous matters, sand wheat starch, insect infestations.

Jira—number of samples received 42, number analysed 44, number found adulterated 8. Materials siliceous matters, foreign seeds, wheat starch, sand.

Turmeric—samples received 81, found adulterated 24, materials — coal tar dye, siliceous matters, yellow lead compound, foreign starch.

Chilli—samples received 14, adulterated 8, materials—coal tar dye, sand, siliceous matters with starch.

Salt—No.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে জিনিষগুলি বিষাক্ত যা এগুলোর সাথে মেশানো হয়—আমার সাপ্লিমেণ্টারী হচ্ছে এই সমস্ত যেমন তেলের স্যাম্পেল নিয়ে দেখা গেল যে এই সমস্ত লাং হার্ট এফেক্ট করে এবং বিষাক্ত এই সমস্ত জিনিস শরীরের উপর কি প্রতিক্রিয়া হতে পারে সে সম্পর্কে তদন্ত করবেন কি ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

কোলটার ডাই এবং ইয়োলো লিডের কথা বললেন যে আমাদের যে প্রিভেনসন অফ ফুড য়্যাডালটারেশন অ্যাক্ট এ আছে তার আণ্ডার রুল আছে তার মধ্যে কতকগুলি মেটিরিয়াল রং করার কতকগুলি জিনিস অফিসিয়ালী রেকগনাইজ করা আছে। সেটার পারসেণ্টেজ দেওয়া থাকে যে কালারাইজেসনের জন্য এত পারসেণ্ট দেওয়া যেতে পারে—

কলারেশন এতটা পারসেণ্ট দেওয়া যায়, য়্যাডালটারেসন-এর এই যে উদাহরণগুলো হলুদের গুড়ো এবং কোলটার সম্বন্ধে বললাম এটা হচ্ছে যেখানে সেটা একসিড করছে। অর্থাৎ কলারেশন এর জন্য যত অবধি অ্যালাউড সেটা যে যে ক্ষেত্রেএকসিড করে সেটাতে এনসট্যানটেনিয়াস এফেক্ট অনটাড হয় না সেটা কিউমুলেটিভ এফেক্ট হয়। এই কিউমুলেটিভ এফেক্ট যেটা টারন নেয় বলিং-এর গ্যাজুয়েল ইনডাইজেসনএ।

Shri Amar Prasad Chakrabarty:

য়্যাডালটারেসন-এর এই রিপোর্টগুলি যে আপনারা পেয়েছেন তাতে এ সম্বন্ধে কি স্টেপ নিয়েছেন ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

প্রত্যেকটা কেসই প্রসিকিউট করা হয়েছে, কতকগুলির কনভিকসন হয়ে গেছে, এবং কতকগুলি কোর্ট এ পেণ্ডিং আছে।

Shri Amar Prasad Chakrabarty:

নমনালি কনভিকসান এ র‍্যাপিড পানিসমেণ্ট করার কোন রকম কিছু নেই। প্রসিকিউট করে আমাদের জানা এ সব আছে কোর্ট এ ফুড য়্যাডালটারেসন অ্যাক্ট অনুযায়ী যাদের প্রসিকিউট করল তাদের কি হয় জানা আছে। সেটা না বলাই বেটার। সেজন্য র‍্যাপিড পানিসমেণ্ট দেওয়ার হাত আপনাদের আছে সেখানে কি করছেন ?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এই প্রসঙ্গে আমি বলব এটা যে আইনে হয় তার নাম হচ্ছে

Prevention in Food Adulteration Act

সরষের তেল প্রসঙ্গে এই হাউসএ এবং বিধান সভায় বলেছি এই প্রিভেনসন অফ ফুড য়্যাডালটারেসন অ্যাক্ট যেটা ১৯৫৪ সালে হয়েছিল সেটার মধ্যে বহু ডিফেক্ট আছে এবং এটা সম্বন্ধে আমরা বারবার করে কেন্দ্রীয় সরকারের কাছে লিখেছিলাম। কেন্দ্রীয় সরকার পার্লামেণ্ট-এর সামনে একটা য়্যামেণ্ডিং বিল এনেছেন। সেই বিল এখন জয়েণ্ট সিলেক্ট কমিটির সামনে আছে। মাননীয় মুখ্যমন্ত্রী নির্দেশ দিয়েছেন আমি এবং আমার স্বাস্থ্য সচিব আগামীকাল সেই যুক্ত সিলেক্ট কমিটির সামনে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এভিডেন্স দিতে যাব। আমি মনে

করি এ বিষয়ে তারা আমাদের পারমিশান দেবেন। ওখানে যাবার পূর্বে আমরা একটা মেমোরাণ্ডাম তৈরী করেছি। এই কথা আমরা বিভিন্ন সময়ে এই অ্যাক্ট সম্পর্কে বলেছি, যেমন বিরোধীদলের সদস্যরা বলছেন এই আইনের আওতায় খুব বেশী করে পানিসমেন্টের ব্যবস্থা নেই বা কোর্টএ গেলে প্রমাণ করা

for a Food Inspector it is very difficult.

আমরা যে মেমোরেণ্ডাম সাবমিট করছি তার কপি এখানকার টেবলএ লে করতে রাজী আছি। আজ বিধানসভার বিরোধী দলের সদস্যদের সঙ্গে এ বিষয়ে আলোচনা করেছি এবং সেখানেও কপি রাখব বলেছি। আমি মনে করি আমাদের এই সমস্ত অ্যামেণ্ডমেণ্ট গ্রহণ করলে পর ফুড অ্যাডালটারেসন অ্যাক্ট-এর অসুবিধার জন্য আমরা সাফার করছি সেই অসুবিধা থাকবে না। কিন্তু সবটাই নির্ভর করবে পার্লামেণ্টএর যুক্ত সিলেক্ট কমিটি আমাদের রিকমেণ্ডেসন মানবেন কি মানবেন না। আমরা এ নিয়ে অর্ডিন্যান্স করবার জন্য চিঠি দিয়েছি। কিন্তু তাঁরা কোন উত্তর দেননি কারণ অলরেডি পার্লামেণ্ট-এর সামনে জয়েণ্ট সিলেক্ট কমিটি এটা কনসিডার করছেন। আগামীকাল আমরা তাঁদের কাছে সাক্ষ্য দিতে যাব।

Shri Sasanka Sekhar Sanyal:

এই ব্যাপারে সেণ্ট্রাল লেজিসলেটিভ ছাড়া স্টেট-এর কি কোন পাওয়ার নেই?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি প্রথমেই বলতে চাই যে এটা একটা সেণ্ট্রাল অ্যাক্ট অতএব হয় এই সেণ্ট্রাল অ্যাক্টকে এখানে ইমপিলমেণ্ট করতে হবে, অথবা সেণ্ট্রাল অ্যাক্ট আমাদের পারপাস সার্ভ করতে পারছে না পানিসমেণ্ট দিতে পাচ্ছি না——এই যে সব ল্যাকনা রয়ে গেছে বলে এই আইনকে য়্যাবেন্যান্স রেখে আমি বিধানমণ্ডলীতে নূতন আইন করতে পারতাম। কিন্তু আপনাদের অবগতির জন্য জানাচ্ছি যে আমি যদি এখানে নূতন আইন প্রনয়ণ করতাম তাহলে আজ যেখান থেকে, সরষে সরষের তেল, বিভিন্ন মশলাপাতি, অন্যান্য ফুড ষ্টাফ বা এসেনসিয়াল আর্টিকলস আসছে সেগুলির সোর্স পশ্চিমবঙ্গ নয়, সেগুলি আসছে অন্যান্য রাজ্য থেকে। সুতরাং আমাদের আইন দিয়ে কি করে আমি সেখানে কণ্ট্রোল করবো? অতএব কেন্দ্রীয় সরকারের মারফৎ যদি না হয় এবং সাইমালটেনিয়াস ইমপ্লিমেণ্টেসন না হলে পশ্চিমবাংলায় আমরা যতই কড়াকড়ি করি না কেন এই আইন সুষ্টুভাবে এখানে হতে পারে না। জেল একটার জায়গায় ৪ জনকে আমরা দিতে পারি কিন্তু সোর্সএ যদি ভেজাল থাকে যার উপর পশ্চিমবঙ্গের কোন কণ্ট্রোল নেই সেখানে কি করা যাবে? শরিষা কোনটা আসছে বিহার, আসাম, ইউ পি ইত্যাদি জায়গা থেকে সেখানে কেন্দ্রীয় সরকারের প্রণীত আইন না হলে এফেকটিভলি য়্যাডালটারেসন কনট্রোল য়্যাণ্ড চেক করা যাবে না বলে এখানে আমরা আইন আনিনি।

[3-55—4-5 p.m.]

স্যার আমার কোশ্চেন আরও স্পেসিফিক সেণ্ট্রাল য়্যাক্ট যেটা লেজিসলেসনএ আছে বা য়্যাসেন্ড হয়ে ফুড য়্যাডালটারেসন অ্যাক্ট যেটার য়্যাপ্লিক্যাবিলিটি কোন ডিসটার্ব না করে কমপ্লিমেণ্টারী লেজিসলেসন আমাদের স্টেটএ কিছু করা সম্ভব নয়।

The Hon'ble Purabi Mukhopadhyay:

আজকে আমাদের ব্যাপকভাবে ভেজাল রয়েছে। তাতে ইফেকটিভলি রুট আউট করা যেত কারণ কনট্রোল্ড যদি না করা হয়।

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয়া মন্ত্রিমহাশয়া বলেছেন ইনসেক্ট ইনফেসটেসন বলে যে একটা জিনিষ সেই ইনসেক্টস ইনফেসটেসন এতে যতগুলি য়্যাডালটারেসন হচেছ তা সমস্ত কভার হচেছ এই য়্যাক্ট ও রুলএর দ্বারা।

The Hon'ble Purabi Mukhopadhyay:

না।

Shri Sasanka Sekhar Sanyal:

এই ইনসেক্ট ইনফেস্টেসন যে জিনিষটা তাতে য়্যাডালটারেসন এর ডেফিনিশন রুলস এ আছে তার মধ্যে কি 'ওটা য়্যাডালটারেসন-এ পড়ে এবং যতগুলি কনভিকসন হয়েছে তার মধ্যে কোনটা ইনসেক্ট ইনফেস্টেসন এর জন্য কনভিকসন হয়েছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমি এক্ষ্যাণ্ড বলতে পারবো না, বাট ইট ইস এ পার্ট অফ য়্যাডালটারেসনএর ডেফিনিসন আছে সেটা যে কমপোনেণ্ট যে পরিমাণ থাকার কথা ছিল তার সঙ্গে যদি অন্য এডিবল মেশান যায় বা ইনইডিবল কোন কিছু মেশালে সেটা য়্যাডালটারেসনএর মধ্যে পড়ে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কেন্দ্রীয় সরকারের যে আইন ও তার যে সোর্সগুলি তা কভার করে অর্থাৎ ইউ পি, বিহার এবং অন্যান্য জায়গা থেকে আমাদের এখানে এসব আসছে, সুতরাং কেন্দ্রীয় সরকারের আইন না হলে চলবেনা। তাই আমার প্রশ্ন হচ্ছে যে কেন্দ্রী সরকারের আইনকে য়্যাবেয়্যান্স রেখে, এখানে যদি আমরা আইন তৈরী করি যে ভেজাল জিনিষ বিক্রি হলে আমরা তাদের শাস্তি দিব এরূপ আইন তৈরী করাই কি আমাদে উচিত হবে না? আমাদের এখানে ভেজাল জিনিষ না পাওয়াই ভাল এবং ভেজাল পেলে আমরা তাদের শাস্তি দেব কারণ

we may prefer to go without these articles to having adulterated food like this.

The Hon'ble Purabi Mukhopadhyay:

স ব্যবস্থা করবার জন্য আমরা এসেনসিয়্যাল কমডিটিস য়্যাক্টকে পরিবর্দ্ধনের ব্যবস্থা করে তার ভিতরে এই সরষের তেল সরষের বীজ এই সমস্ত ঢুকিয়েছি। কিন্তু একথাটা আমাদের বলতে হবে যে আমাদের যে চাহিদা তা পূরণের জন্য যতক্ষণ না পশ্চিমবঙ্গে সরষের বীজ উৎপাদন হচ্ছে হোয়েদার ইউ ওয়াণ্ট ইট অর নট যতক্ষণ না আমরা ফুড হ্যাবিট চেঞ্জ করছি, আমরা সরষের তৈল খাব না অন্য কুকিং মেটিরিয়্যাল ইউস করবো। ততদিন পর্যন্ত যে কোন পথই হোক না কেন আমাদের সবচেয়ে 'ওয়াইজ হবে যেখান থেকে সরষের বীজ আসছে সেই সোর্স কে রুট আউট করা। সেটা করতে হলে আমাদের এখানে যা ক্ষমতা আছে তাতে হবে না। কেন্দ্রীয় সরকারের সর্বভারতীয় আইন-এর প্রয়োজন হবে।

Number of Hindus migrated from East Pakistan to West Bengal

39. **Shri Amar Prasad Chakrabarty:** Will the Hon'ble Minister-in-charge [of] the Refugee, Relief and Rehabilitation Department be pleased to state—

(a) the number of Hindus migrating from East Pakistan to West Bengal from the Ist January, 1964 to the Ist June, 1964;

(b) the number of those who entered West Bengal with valid documents and those without valid documents respectively; and

(c) the steps taken for the rehabilitation of all those who have come to West Bengal?

The Hon'ble Abha Maiti: (a) 3,29,370.

(b) (i) With valid documents—1,65,170.

(ii) Without valid documents—1,64,200.

(c) Those among the new migrants who have expressed the desire for settl ment outside the State have been taken charge of by the State and dispersed various points outside the State for settlement by the Government of Ind through various agencies like the D.D.A. and the State Governments.

শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী: যাঁরা valid document ছাড়া এসেছেন, নিতে পারেনা ন নেওয়ার অসুবিধা হয়েছে, due to ignorance এই যে ১ লক্ষ ৬৪ হাজার যাঁ এমনি এসেছেন তাদের সম্বন্ধে কি ষ্টেপ নেওয়া হচ্ছে? valid document না থাকে কি তারা rehabilitation এর full facility পাবে না?

দি অনারেবল আভা মাইতি: without valid document এ যাঁরা এসেছেন, তাঁরা বাইরে যেতে চান তো সে সুযোগ তাঁরা পাবেন।

Amendment of the Calcutta University Act, 1951

***40. Shri Nirmal Basu:**

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বর্তমান কলিকাতা বিশ্ববিদ্যালয় আইন (১৯৫১) পরিবর্তন করিয়া নূতন একটি আইন প্রণয়নের প্রস্তাব কি মাননীয় মন্ত্রিমহোদয় বিবেচনা করিতেছেন;

(খ) 'ক'-এর উত্তর 'হ্যাঁ' হইলে, কবে ইহার জন্য প্রয়োজনীয় বিল আইনসভায় উত্থাপন করা হইবে;

(গ) কলিকাতা বিশ্ববিদ্যালয়ের নূতন আইন রচনার জন্য বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ডঃ বিধুভূষণ মালিকের প্রস্তাবাবলী কি সরকার বিবেচনা করিয়াছেন; এবং

(ঘ) 'গ'-এর উত্তর হ্যাঁ হইলে, সরকার কি ডঃ মালিকের প্রস্তাবাবলী গ্রহণের সিদ্ধান্ত করিয়াছেন?

The Hon'ble Rabindralal Sinha:

(ক), (খ), (গ) ও (ঘ) :—

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের জন্য নূতন আইন রচনার প্রস্তাব করিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য সরকারের নিকট একটি খসড়া পাঠাইয়াছেন।

খসড়াটি এখনও বিবেচনাধীন আছে।

Shri Nirmal Bose:

কয়েকদিন আগে সংবাদ পত্রে বেড়িয়েছে যে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের উচাচার্য মহাশয়ে সঙ্গে আমাদের শিক্ষামন্ত্রী মিলিত হয়েছিলেন, তাঁর খসড়া সম্বন্ধে আলোচনায় কি তিনি ঐক্যম হতে পেরেছেন?

The Hon'ble Rabindralal Sinha:

কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য মহাশয়ের সঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের শিক্ষামন্ত্রীর একদি কেন—বহুদিন দেখা সাক্ষাৎ হওয়া স্বাভাবিক—অস্বাভাবিক নয়। এই ক্যালকাটা ইউনিভারসিটি বিল-এর যে বিষয়বস্তু সেই বিষয়বস্তু নিয়ে আমরা সাধারণভাবে কিছু আলোচনা করেছি। এখ পর্যন্ত আলোচনা শেষ হয় নাই। আমাদের উপাচার্য্য মহাশয়ের সঙ্গে আবারও বসতে হবে, নিয়ে আলোচনা করতে হবে।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন শেষ হয় নাই বিবেচনাধীন আছে, একবার কেন অনেকবার ওঁ সঙ্গে তা নিয়ে আলোচনা করতে হবে। আশ্চর্যের হলো বিষয়টা নিয়ে নানাদিকে আলোচ চলছে, অনেকে এ বিষয়টাতে উৎসাহী, কাজের মূল বিষয়টা উপর যদি তিনি আলোকপা করেন, তাহলে ভাল হয়। আরো কাগজে বেরিয়েছিল কলকাতার কয়টি মত কলেজ থেকে পর্যন্ত সরকারের কাছে বিভিন্ন প্রস্তাবিত খসড়াতে কলেজের উপর নিয়ন্ত্রণের যে প্রস্তা করা হয়েছে, তার বিরোধিতা করা হয়েছে। এই বিরোধিতার জন্যই কি এটার বিল

The Hon'ble Rabindralal Sinha:

আমার কাছে কলকাতার বড় বড় কলেজের কোন অধ্যক্ষ কোন কিছু জানান নাই। তবে ইতিপূর্বে আমাদের পূর্বতন শিক্ষা মন্ত্রী উপাচার্য মহাশয়ের সঙ্গে ও বসেছেন এবং উপাচার্য মহাশয় যে ভাবে পরিবর্তন করতে চাচ্ছেন তাতে ও কিছু আপত্তি আছে। এমন কি যারা সিনেট সভার অন্যান্য সদস্য তাঁরাও তাঁর সঙ্গে বসেছেন। আমার সঙ্গে তাঁর এ বিষয় আলোচনা হয় নাই। আর এ জন্যও বিলম্ব নিশ্চয়ই হচ্ছে না——মাননীয় বন্ধুকে বলছি।

Shri Nirmal Bose:

এই খসড়াতে একটা প্রধান বিষয় হচ্ছে আণ্ডার গ্র্যাজুয়েট বিশ্ববিদ্যালয়ের বেশী করে নিয়ন্ত্রণ এই নীতি কি শিক্ষামন্ত্রী সমর্থন করেন?

The Hon'ble Rabindralal Sinha:

যতক্ষণ এই বিল সম্বন্ধে আমাদের বিবেচনা শেষ না হচ্ছে ততক্ষণ বিলের কোন ধারা সম্বন্ধে কোন মতামত এখন আমার পক্ষে দেওয়া সম্ভব নয়।

Shri Raj Kumar Chakraverty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই বিল নিয়ে সিনেট সভ্যদের মধ্যে ও বাইরে যাঁরা এডুকেশনিস্ট আছেন তাঁদের মধ্যে ভীষণ মতদ্বৈধ আছে?

The Hon'ble Rabindralal Sinha:

একথা গোড়ায় বলেছি মাননীয় সদস্য জানেন অন্য সবাই জানেন এই প্রস্তাবিত কলকাতা বিশ্ববিদ্যালয় আইন নিয়ে একটা মতদ্বৈধ আছে। সিনেট সভায় কয়েকদিন ধরে এই নিয়ে আলোচনা হয়েছে। বিভিন্ন মত সেখানে ব্যক্ত হয়েছে।

Shri Mohit Kumar Moitra:

মাননীয় শিক্ষা মন্ত্রি কি বলবেন সরকার বিশ্ববিদ্যালয় আইন সংশোধনের প্রয়োজনীয়তা অনুভব করে কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যের খসড়া আমন্ত্রণ করে পাঠিয়েছিলেন?

The Hon'ble Rabindralal Sinha:

আমার যতদূর জানা আছে কোন খসড়া আমন্ত্রণ করা হয় নাই।
আমি এর আগেরবার বলেছি যে কোন খসড়া আমন্ত্রণ করা হয়েছিল, এটা আমার জানা নাই, তবে আমন্ত্রণ যদি না হয় তাহলে যেভাবে আসে সেইভাবেই এসেছে।

[4-5—4-15 p.m.]

Shri Satya Priya Roy:

চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে শিক্ষা মন্ত্রী কি এ সম্পর্কে সিনেটের অন্যান্য সদস্যদের ডেকে আলোচনা করবেন?

The Hon'ble Rabindralal Sinha:

আমি আর ডেকে আলোচনা করার প্রয়োজন বোধ করছি না; কেন না সিনেটে যে আলোচনা হয়েছিল তার প্রসিডিংস আমার কাছে পাঠিয়ে দেওয়া হয়েছিল।

Shri Nirmalya Bagchi:

একথা কি ঠিক যে ডাঃ মালিক যে খসরাটা আপনাদের কাছে পেশ করেছিলেন সে ফোর্ড ফাউণ্ডেসনের অনুমোদন অনুসারে?

The Hon'ble Rabindralal Sinha:

না একথা আমার জানা নেই।

Shri Nirmalya Bagchi:

মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় এই প্রশ্নের উত্তর দেবেন কি যে আমাদের প্রাক্তন শিক্ষা মন্ত্রী মাননীয় রায় হরেন চৌধুরী মহাশয় তাঁর বিদায় গ্রহণ করবার আগে বিশ্ববিদ্যালয় আইন সম্পর্কে কোন খসড়া প্রণয়ন করেছিলেন?

The Hon'ble Rabindralal Sinha:

কোন এপ্রুভড খসড়া বিল এডুকেসন ডিপার্টমেণ্টে তৈরী নাই।

Shri Nirmalya Bagchi:

মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় এর উত্তর দেবেন কি যে ডাঃ মালিকের যে বক্তব্য প্রাক্তন শিক্ষামন্ত্রীর যে অভিমত তার মধ্যে বিরাট পার্থক্য রয়েছে?

The Hon'ble Rabindralal Sinha:

একথার জবাব দেওয়া অসম্ভব—কেন না যতক্ষণ না আমি নিজে এই সমস্তটা না বিবেচনা করি অর্থাৎ সকলের মতামত দেখছি ততক্ষণ কি করে বলবো যে কতখানি বিভেদ।

Shri Nirmalya Bagchi:

মন্ত্রিমহাশয়কে বলতে চাই যে এই বিল বিধানমণ্ডলীর সামনে উপস্থিত করবার পূর্বে বাংলা দেশের কোন শিক্ষাবিদ কমিটি তৈরী করে তার কাছে বিলটি আলোচনার জন্য পাঠাবেন?

The Hon'ble Rabindralal Sinha:

আমি আবশ্যক মনে করি না, কারণ বিশ্ববিদ্যালয়ে এটা নিয়ে যথেষ্ট আলোচনা হয়েছে সংবাদ পত্রে আলোচনা হয়েছে এই সকল আলোচনা, বিভিন্ন মতামতকে যথাযথ মর্যাদার সঙ্গে বিবেচনা করা হবে এ আশ্বাস দিতে পারি তবে বিল শেষ অবধি করবেন বিধান মণ্ডলী।

Ejection of refugees from 13 Bawali Mondal Road

***41. Shri Amar Prasad Chakrabarty:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee, Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether notices for ejection were served on the refugees residing at flats in premises No. 13, Bawali Mondal Road; and

(b) if so, whether any steps have been taken by the Government for giving alternative accommodation to them?

The Hon'ble Abha Maiti: (a) Yes. Land Acquisition Collector, 24-Parganas, served notices under provisions of Act XIII of 1962 on 40 squatters on Development Department's tenements at 13, Bowali Mandal Road.

(b) No. The persons concerned are not eligible for alternative accommodation before ejectment under Act XVI of 1951.

Shri Amar Prasad Chakrabarty:

কত রিফিউজী এখানে আছে?

The Hon'ble Abha Maity:

আগেই তো বলেছি যে ৪০ জন।

Shri Amar Prasad Chakrabarty:

এদের অলটারনেটিভ এ্যাকমসেন রিহ্যাবিলিটেসন অফ ডিসপ্লেস পারসনস অ্যাক্ট অনুসারে দেওয়া উচিত অলটারনেটিভ য়্যাকোমোডেসন না দিয়ে এদের উচ্ছেদ করে দিচ্ছেন যে?

The Hon'ble Abha Maity:

আপনি শুনেননি, এটা তো আমরা করছি না, ল্যাণ্ড অ্যাকুইসিসন কলেকটার, ২৪-পরগনা দিয়েছেন কারণ বাড়ীটা তাদের ডেভেলপমেণ্ট ডিপার্টমেণ্টের বাড়ী এবং সেখানে প্রায় ছিল ১৯৫৫-৫৬ সালে যে একটা আগুন লেগেছিল সেখানে কিছু লোক রেলওয়ে ফ্লাট থেকে তাদের নিয়ে করা হয়েছিল এবং তারা ওখানে ছিলেন। এটা ইজেক্টমেণ্ট হয়েছে ১৯৬২ সালের ১৩নং আইন অনুসারে এবং এই সমস্ত লোক কম্পিটেণ্ট অথরিটির সামনে কখনও আসে নি এবং অলটারনেটিভ এ্যাকমডেসনের কথাও বলেন নি। সুতরাং এটা তো এই আইনের মধ্যে আসছে না।

Shri Amar Prasad Chakrabarty:

যা হোক এখন তাদের রিহ্যাবিলিটেসনের কোন ব্যাবস্থা....

The Hon'ble Abha Maity:

সেটা আমাদের হাতে নেই।

Shri Amar Prasad Chakrabarty:

কার হাতে আছে?

The Hon'ble Abha Maity:

এটাতো অ্যাট দি ইনস্টেনস অফ ডেভোলপমেণ্ট ডিপার্টমেণ্ট নোটিশ সার্ভ করা হয়েছে কারণ বাড়ীটা তাদের।

Additional Dearness Allowwance for State Government enployees

*42. (S. N.) **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state—

(a) Whether the attention of the Government has been drawn to the decision of the Government of India to appoint an independent body consisting of a single person to go into the matter of granting additional D.A. to the Central Government Employees and report quickly;

(b) If so, whether State Government consider the desirability of taking similar steps on the same line for granting additional D.A. to the State Government employees both gazetted and non-gazetted?

The Hon'ble Saila Kumar Mukherjee: (a) No official information has been received.

(b) Does not arise.

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন ছিল
'whether the attention of the Government has been drawn'

এটা সেণ্ট্রাল গভর্নমেণ্ট দিয়েছেন বা তাঁদের জানিয়েছেন সে প্রশ্ন আমি করিনি। স্যার, সমস্ত সংবাদপত্রে এবং এমন কি স্টেটসম্যান কাগজ এইট্থ্ আগষ্ট এই মাসের তারিখের বক্স করে এই নিউজ বেরিয়েছে।

The Government of India has decided to appoint an independent person to examine and recommend the quantum of dearness allowance that should be paid to Central Government employees as compensation for the rise in prices—It was officially announced today—says P.T.I.

আমার প্রশ্ন হচ্ছে যদি আপনার দৃষ্টি এদিকে আকৃষ্ট হয় এবং কেন্দ্রীয় সরকার এই রকম একটা যেখানে ব্যবস্থা অবলম্বন করতে যাচ্ছেন সেখানে আপনারা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে পশ্চিমবঙ্গ সরকারী কর্মচারীদের জন্য এই রকম ব্যবস্থা অবলম্বন করতে যাচ্ছেন কিনা ?

The Hon'ble Saila Kumar Mukherjee:

ইণ্ডিয়া গভর্নমেণ্ট এর যতক্ষণ কোন নির্দেশ না আসে ততক্ষণ গভর্নমেণ্ট অফিসিয়্যালি সেই লাইন-এ চলতে পারে না। সংবাদপত্রে যে সমস্ত খবর বেরোয় নিশ্চয় সরকারের দৃষ্টি সেদিকে আকৃষ্ট হয়। কিন্তু সরকার কি কাজ করবেন সেটা সংবাদপত্রের উপর নির্ভর করে না যতক্ষণ পর্যন্ত সেটার বিষয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে কোন নির্দেশ না আসে ততক্ষণ তার উপর কোন য়্যাকসন নেওয়া হয় না।

Shri Jatin Chakravorty:

কেন্দ্রীয় সরকার তাঁদের কর্মচারীদের জন্য কিছু করলেই যে আপনাদের করতে হবে তা নয়। সেকেণ্ড জানুয়ারী ১৯৬২ আপনারা একটা জিনিস করেন পে কমিটির রিকমেণ্ডসন অনুযায়ী। আপনি জানেন ১৯৩৯ সালকে ১০০ ধরে এটা করেন। ১৯৬১ সালে
405.5 Cost of living index
ছিল এবং আপনি এটাও জানেন যে ১৯৪৮ থেকে তারা ডি এ পেত। ১৯৫০এ একবার রিভিসন অফ পে হয়, ১৯৫৬এ য়্যাড হক ৬ টাকা দেওয়া হয়। এই সমস্ত য়্যাড করে পে কমিটি এখন কিছু বাড়িয়ে দিল। কিন্তু অক্টোবর ১৯৬৫তে কস্ট অফ লিভিং ইনডেক্স উঠে গেল ৫০৯এ—আজকেও প্রায় সেই রকম হয়েছে। আপনারা ১৯৬৪ মার্চএ ১৫০ টাকা থেকে ৩০০ টাকা পর্যন্ত যারা পায় তাদের মাত্র ১০ টাকা বাড়িয়েছেন, ১৫০ টাকার নীচে যারা পায় তাদের ৫ টাকা বেড়েছে। কিন্তু যেখানে তাদের পাওনা ৩০ টাকা আপনারা তাদের ১০ টাকা দিচ্ছেন, যাদের ১৫ টাকা পাওনা তাদের ৫ টাকা দিচ্ছেন। এই পরিপ্রেক্ষিতে বর্তমানে পশ্চিমবাংলা সরকারী কর্মচারীদের জন্য আপনারা ডি এ আরও বাড়াবার জন্য ব্যবস্থা করবেন কিনা বা পরিকল্পনা করবেন কিনা ?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এত বিরাট প্রশ্ন যে কোনটার জবাব দেব এবং উনি যেকথা বলছেন তাতে আমাকে অনেকগুলি তথ্য দিতে হয়।

Shri Jatin Chakravorty:

১৯৬৪-এ যে কস্ট অফ লিভিং ইনডেক্স সেই অনুসারে তারা ৩০ টাকা ডি-এ পায় একথা সত্য কিনা জবাব দিন ?

The Hon'ble Saila Kumar Mukherjee:

া. একথা সত্য নয়। কেন্দ্রীয় সরকারের পে কমিশন-এর নির্দ্দেশ ছিল এবং ১৯৫৯ সালে যেটা সিদ্ধান্ত হয় তাতে

Dearness was linked with the increase in the cost of living index'

অর্থাৎ বছর বছর যদি কস্ট অফ লিভিং ইনডেক্স ১০%/ বাড়ে তাহলে সেই অনুসারে ডি এ বাড়বে কিন্তু একবার তার আমূল পরিবর্তন হল পে কমিটির সিদ্ধান্ত অনুসারে।

১৯৬১ সালে পে কমিটির সিদ্ধান্ত অনুসারে ডিয়ারনেস য়্যালায়েন্স 'ওয়াজ মার্জড উইথ পে।

Shri Jatin Chakravorty:

কস্ট অফ লিভিং ইনডেক্স কি ৪৬৫.৫ ছিল?

The Hon'ble Saila Kumar Mukherjee:

Shri Sasanka Sekhar Sanyal: Next, I come to Co-operative-cum-Cottage Industries Department. There are 100 power looms, each loom is a unit of 16 looms. The Government of West Bengal gives an annual grant of Rs. 50,000 to each so that is Rs. 50 lakhs. Each fetches a monthly profit of about Rs. 5,000 that is another 50 lakhs. Machineries are supposed to be made available to the weavers. No weaver has been given the same. The Adviser, in his *b nami*, has kept six power looms. One of them is a lady friend. I do not know his relation. If it is run by weavers, the Central Government gives a remission of excise duty, but it has been found that there is no weaver and, therefore, there is no remission of excise duty, net loss. Instead of two shifts three shifts are worked and weavers do not come. The wear and tear is so much that this Rs. 50 lakhs is going for damages and annual recurring fifty lakhs of rupees is not available. The auditor found that besides the six power looms 94 power looms were sold to *benamdars* of a non-Bengali combine. When the auditor reported for prosecution, the Chief Anditor sent for the auditor and over the 'phone asked him to withdraw his remarks....

[5-40—5-50 p.m.]

otherwise he would be denied the previous fees and he will be denied future work. Then he is too adamant. The matter went to the Anti-Corruption and the pity of it is that only the adviser has been prosecuted, but the Registrar and the Chief Auditor who are the real culprits have been let out. Then, Sir, there is a public deposit of Rs. 5 crores. The Auditor, the Registrar get a special audit done by an auditor and the report is there. No action is being taken. Public faith is completely shaken.

Then I give another instance, Sir. In Basirhat Co-operative Industries Limited a former Muslim Leaguer is the Secretary, and an influential member of the Legislature is the Chairman. There was defalcation of Rs. 60,000. The Public Prosecutor went into the file. He recommended prosecution. But as the prosecution is involved in the prosecution of the member of the Legislature, the whole matter has been dropped. Sir, my point is that the Minister-in-charge has been a sort of butterfly member. He does not understand co-operative at all. He is a lovable boy. He is loving, but I ask him has he got the requisite

stature, the needed education, special education, and the personality and the application for holding this scheme in a democratic Government? My suspicion is that he is only the scapegoat. Behind him the *lootpat* is going on and many known and unknown persons are looting the dividend. Therefore, before the Legislature is hustled into a piece of legislation, the Department and the Minister ought to be put in order.

Mr. Chairman: What is your final advice?

Shri Sasanka Sekhar Sanyal: What shall I say? You have ruled out my amendment.

Shri Satya Priya Roy:

স্যার অন্যান্য যাদের নেওয়া হয়েছে তাঁদের প্রতি আমার আস্থা এবং শ্রদ্ধা আছে। আমরা [illegible] দিস হাউস এই দিক থেকে কি করেছে জানি না কোন পরামর্শ করে [illegible] প্রপোস তারা কি সব নাম দিয়ে দিয়েছে? বা কোন রকম পরামর্শ করেছেন কিনা আমরা যে গ্রুপওয়াইজ উই আর বিগ ইন দিস হাউস আমরা জানি না কোন পরামর্শ করা হয়েছে কিনা।

The Hon'ble Jagannath Kolay:

স্যার আমি হালিম সাহেবের পারমিসন নিয়েছি যখন নির্মলাবাবুর নাম দিই আর শশাঙ্কবাবুর থেকেও পারমিসন নিয়েছি।

Shri Satya Priya Roy:

মি চেয়ারম্যান স্যার, আমাদের কাকে নিয়েছেন বা না নিয়েছেন তাতে কিছু যায় আসে না, আমাদের যা মেম্বারশিপ তাতে শুধু ৫ জন মেম্বার নেওয়া হোল কেন why not 10?

Mr. Chairman: There is no statutory limit to the fixation of the number.

Shri Satya Priya Roy:

তাহলেও স্যার, আমি বলি এই রকম একটা রেজলিউশন আনবার আগে একটা জাস্টিফিকেশন এই স্ট্যাটুটারী বডিতে হওয়া উচিত।

The Hon'ble Jagannath Kolay:

এখানে ২৫ জন নেওয়া হয়েছে এখানে ৬ জন তাহলে ওয়ানফোর্থ নেওয়া হয়েছে, ঠিক রেশিও অনুযায়ী নেওয়া হয়েছে।

Shri Satya Priya Roy:

এই রেশিও কোথা থেকে পেলেন ৭৫ আর ২৬০ এর রেশিও কি করে হয় এই?

The Hon'ble Jagannath Kolay:

সব [illegible] নয় যা নেওয়া হয়েছে সেটা ওয়ানফোর্থ; ৭৫ আর ২৬০।

Mr. Chairman: The number has been decided by the other House and now it is up to this House either to accept this Resolution or reject it.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, I want to clarify the position. The position is that I rang up the Hon'ble Minister for Parliamentary Affairs to ascertain who were the members going from this House, and he mentioned the names. Here the question is not whom you are sending but in what proportion you are

sending, and the more important question is that before you send the names you should consult each unit of the Opposition so that whenever members from the Opposition go all the groups feel that their concurrence has been taken.

Shri Nirmalya Bagchi : Sir, I want to make a submission here. Sir, I have been embarrassed because my name has been included without consulting the groups on this side of the House. I fully endorse the arguments put forward by Shri Satya Priya Roy that there has not been proper representation of the Council in the Joint Committee. Secondly, before selecting members from this side some consultation should have been made and consent should have been taken. I had the idea that my group had been consulted.

The Hon'ble Jagannath Kolay :

এই যে আপনাকে নিয়েছি এতে কি আপনার আপত্তি আছে ?

Shri Abdul Halim :

স্যার উনি আমার সঙ্গে আগে কনসাল্ট করেন নি। উনি বললেন যে আমি নির্মাল্য বাগচীর নাম দিয়েছি—তখন স্যার, আর কি বলতে পারি ?

The Hon'ble Tarun Kanti Ghosh :

একটা কথা আমি বলি যে এই হাউসকে অপমান করার স্পর্দ্ধা বা ইচ্ছা আমার নেই। এই বিলে একটা এমন মেম্বারসিপ হোক যাতে করে তারা 'ওয়ার্ক' করতে পারে। সেই জন্য এখান থেকে ৬ জন নেওয়া হয়েছে তবে এটা নাযে এখানের পার্সেণ্টেজ হিসাব করে নেওয়া হয়েছে। তবুও আই মাস্ট সি টু ইট। অতএব যদি কোন ভুল হয়ে থাকে তাহলে সেই ভুল স্বীকার করতে আমার কোন দুঃখ নেই
But there was no intention of any disrespect to this House.

Shri Satya Priya Roy:

এটা ভবিষ্যতে অন্ততঃ মাননীয় মন্ত্রী মহাশয় মনে রাখবেন কিনা সে সংখ্যা ঠিক করতে গিয়ে অন্তত এই হাউসের কয়জন লোক নেওয়া যেতে পারে সে সম্বন্ধে চিন্তা করবেন কি ?

The Hon'ble Tarun Kanti Ghosh :

না, এতো আগেই বলেছি ; এটা চীফ হুইপ ভবিষ্যতে ঠিক করবেন।

The Hon'ble Jagannath Kolay :

এর পরে কনসাল্ট করেই করবো।

The motion of the Hon'ble Tarun Kanti Ghosh that this Council concurs in the recommendation of the West Bengal Legislative Assembly that the Council do join in the Joint Committee of the Houses on the Bengal Co-operative Societies (Amendment) Bill, 1964, introduced in the Assembly on the 12th August, 1964, and resolves that the following members of the Council be appointed to serve on the said Joint Committee, namely :—

(1) Shri Hansadhwaj Dhara,
(2) Shri Upendra Nath Barman,
(3) Shri Sukumar Dutta,
(4) Shri Rezaul Karim,
(5) Shri Sasanka Sekhar Sanyal, and
(6) Shri Nirmalya Bagchi.

was then put and agreed to.

LEGISLATION

The Puri Lodging-House and the Puri Lodging-House (Extension) (Repealing) Bill, 1964.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Puri Lodging-House and the Puri Lodging-House (Extension) (Repealing) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

Shri Satya Priya Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় যদি এটা বলেন যে কেন রিপিল করছেন কেন এর প্রয়োজন হচ্ছে?

The Hon'ble Purabi Mukhopadhyay:

এই বিলে আমার বলবার কিছু নেই। আমাদের এই আইন অনুযায়ী সমস্ত তীর্থক্ষেত্রে সেনিটেসন অন্যান্য চুরি ডাকাতি ইত্যাদি ধরার কতকগুলি ক্ষমতা দেওয়া হচ্ছে এখানে।

Shri Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই মোশান সম্পর্কে আমার কিছু বলবার আছে। ও পক্ষ এত ব্যস্ত হয়েছেন কেন? এই যে মোশান এই হাউসে আনা হলো টোটাল মেম্বার অফ দি জয়েণ্ট সিলেক্ট কমিটি মোট যে সংখ্যা ৩১জন, এসেম্বলী এবং কাউন্সিলের ৩১ জন সদস্যের মধ্যে ৬ জন মাত্র কাউন্সিলের যা ওয়ানফিফ্‌থ অফ দি মেম্বার, এই হাউসের মাত্র ৬ জন সদস্য আর ওখান থেকে ২৫ জন সদস্য নিয়ে এই জয়েণ্ট সিলেক্ট কমিটি করা হয়েছে। কাজেই এই হাউসকে যথাযোগ্য মর্য্যাদা দেওয়া হয় নাই। অংকের হিসেবে যদি দেখি, তাহলে কেন অন্তত ১১ জনের ওয়ান থার্ড এই হাউসের রিপ্রিসেনটেশান হবে না? এই মোশান সম্বন্ধে এই হাউসের সাপোর্ট পাবার আগে—তাঁর কি যুক্তি তিনি বলবেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের হাউস থেকে যাঁদের জয়েণ্ট কমিটিতে নেওয়া হয়েছে, সে সম্বন্ধে আমার কোন মন্তব্য নাই, তাঁদের প্রতি আমার আস্থা আছে, শ্রদ্ধা আছে। কিন্তু আমি বলতে পারছি না আমাদের এদিক থেকে ও ওদিক থেকে কে কি করেছেন জানি না, আমাদের বিভিন্ন গ্রুপের সঙ্গে কোন পরামর্শ না করে তাঁদের ইচ্ছামত নাম দিয়ে দিলেন। আমাদের গ্রুপ হচ্ছে টিচার্স গ্রুপ, আমরা ৬ জন উই আর সিক্স মেম্বারস ইন দি হাউস এ. বি. টি. এর আমি জানি না আমাদের সঙ্গে কোন পরামর্শ করা হয়েছে কিনা।

Shri Satya Priya Roy:

আমরা মোশান সম্পর্কে তো ডিসকাস্‌শান করতে পারি কাকে নেওয়া হবে কি না হবে, তা তো জানাবেন?

The Hon'ble Purabi Mukhopadhyay:

ইণ্ডিয়ান প্যানাল কোড এবং ক্রিমিনাল প্রসিডিওর কোড ইত্যাদি নানা আইনের বলে ডি. এম. সেই ক্ষমতা পেয়েছেন। অতএব এই আইনটা রাখবার আর কোন প্রয়োজন নেই বলে এই আইনটা রিপিল করবার জন্য এই হাউস-এ দেওয়া হয়েছে।

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Puri Lodging-House and the Puri Lodging-House (Extension) (Repealing) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration was then put and agreed to.

[5-50—6 p.m.]

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and Title

The question that clause 1, Preamble and Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Purabi Mukhopadhyay: Sir, I beg to move that the Puri Lodging-House and the Puri Lodging-House (Extension) (Repealing) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Satya Priya Roy:

স্যার, এই বিল সম্বন্ধে ওঁর কি কিছু বলার নেই? আমাদের এখানে একটা ফাণ্ডস্-এর কথ আছে সেটা কত টাকার ফাণ্ড? এটা গভর্নমেণ্ট ভেস্ট করবে বলা আছে। এটা গভর্নমেণ্টে ভেস্ট না করে ঐ রকম এনডাউমেণ্ট তীর্থক্ষেত্রে বাঙালী জাতির সুবিধার জন্য কোন রকমে সেই ফাণ্ড ইউটিলাইস করা যায় কিনা সে সম্পর্কে কোন কিছু বিবেচনা করছেন কি? গভর্নমেণ্ট বলছেন যে ফাণ্ডসগুলো গভর্নমেণ্টে ভেস্ট করবে এবং কোন পারপাসএ খরচ হবে সে সম্পর্কে উল্লেখ নেই। আশা করছি মন্ত্রী মহাশয় তাঁর শেষ বক্তব্যের জবাব দিতে গিয়ে এই ফাণ্ডস সম্পর্কে আলোকপাত করবেন।

The Hon'ble Purabi Mukhopadhyay:

আমাদের এখানে প্রপার্টি এবং ফাণ্ডস ইত্যাদি সমস্ত কিছুই গভর্নমেন্ট ভেস্ট করবে। ওখানকার মিউনিসিপ্যালিটি আমাদের অনুরোধ করেছেন, তাঁরা বিবেচনা করে দেখতে বলেছেন যে, তাঁরা এর থেকে পেতে পারেন কিনা তাহলে তাঁরা জনহিতায় সেটা ব্যবহার করবেন। আমরা এখন সেটা বিবেচনা করছি।

The motion of the Hon'ble Purabi Mukhopadhyay that the Puri Lodging-House and the Puri Lodging-House (Extension) (Repealing) Bill, 1964, as settled in the Council, be passed was then put and agreed to.

The West Bengal Societies Registration (Amendment) Bill, 1964

The Hon'ble Tarun Kanti Ghosh: Sir, I beg to move that the West Bengal Societies Registration (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

স্যার, ওঁরা যদি মনে করেন কিছু বলার তাহলে আমি বলতে পারি। ৩টা মাত্র সত্যিকারের কিছু কিছু আমাদের কাছে এসেছিল যে রেজিস্ট্রেসন আইনটার কিছু বদল করা দরকার। এর মধ্যে ৩টা মূল কথা আছে। একটা হচ্ছে অফিসার ইন ডিফল্ট জায়গায় আমরা সেখানে চেঞ্জ করছি নোইংলি অথরিটিজ। এখন থাকতে যে তার ক্ষমতা ছিল না সেখানে নোইংলি এ্যাণ্ড উইলিংলি অথারাইজ করছি। আর আমাদের বিল কোন কিছু য়্যামেণ্ডমেণ্ট যদি করতে হয় তাহলে কনস্টিটিউসন অফ দি সোসাইটি থ্রি ফিফ্থ অফ দি টোটাল নাম্বার অফ মেম্বারস-এর ভোটএব দরকার হবে। আমরা সেখানে বলেছি

of the total number of members present. 3rd thing

বলা আছে যে টেকনিক্যাল অফেন্স হোক আর যাই হোক সেখানে ডিবার্ড ফরলাইফ হচ্ছিল তারা পোস্ট হোল্ড করতে পারত না। আমাদের কোম্পানী ল তে এই রয়েছে। সেখানে আমরা বলেছি ৩ বছরের জন্য ডিবার্ড থাকবে, ৫ বছর পর

he can hold office. These are the three main changes.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. A circular has just been given to us regarding tomorrow's business—'Business remaining from 17th August 1964.

Is there any other business coming from the other House besides the business which has been circulated today?

Mr. Chairman: No. It seems we shall have a short session tomorrow.

Shri Nirmalya Bagchi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সোসাইটিজ রেজিস্ট্রেসন য়্যাক্ট-এর যে সংশোধনী আমাদের মন্ত্রিমহাশয় এনেছেন সেটা ১৮৬০ সালের আইন যা, ১৯৬১ সালে ১০০ বছর পর সংশোধিত হল এবং ১৯৬১ সালে সেই আইন পাশ করবার পর ১৯৬৩ সালে সেই আইনটা গেজেটে ঘোষণা করে কার্যকরী করা আরম্ভ হয়। মন্ত্রিমহাশয়কে আমার প্রশ্ন হচ্ছে যে ১৯৬১ সালে যে আইন পাশ হয়েছে তা ১৯৬৩ সাল পর্যন্ত কার্যকরী করতে বিলম্ব হল কেন? দ্বিতীয় কথা আমি জানতে চাই ১৯৬১ সালে যে আইনটা পাশ হল সেই আইনের কোন রুলস আজ পর্যন্ত তাঁর ডিপার্টমেণ্ট তৈরী করতে পেরেছেন কি?

এবং এই আইন পাশ হবার পর এই আইনের যে কার্য্যকারিতা সম্বন্ধে কোনো রিপোর্ট বা তথ্য তাঁর ডিপার্টমেণ্ট থেকে কেন প্রকাশ করেন নি? একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ য়্যাক্ট পাশ হয়েছে ও বাংলা দেশের বহু সোসাইটি এ ভাবে রেজিস্ট্রী হচ্ছে এবং তাদের সম্পর্কে একটি বাৎসরিক বিবরণী রিভিউ অফ দি ওয়ার্কিং অফ দি অ্যাক্ট তাঁর বিভাগ থেকে কেন প্রকাশ করেন না। ১৯৬১ সালে যে আইন পাশ হয়েছিল তার অনেকগুলি গুরুত্বপূর্ণ ধারা আছে ও বাংলাদেশে অসংখ্য সোসাইটি এই ভাবে রেজিস্ট্রী হতে আরম্ভ হয়েছে। তাদের কার্যকলাপ ঠিক মত চলে কিনা, দুর্নীতি তাদের মধ্যে চলছে কিনা, নানা রকম সমাজবিরোধী কাজকর্ম হচ্ছে কিনা এই সমস্ত দেখবার জন্য এই আইনের যে ধারাগুলি রয়েছে তা কার্যকরী করা হচ্ছে না, দুঃখের বিষয় এই ধারাগুলিকে কার্যকরী করবার জন্য রেজিষ্টার ছাড়া আর কোনো কর্মচারী নেই। কোনো ইনেসপেক্টর আজ পর্যন্ত নিযুক্ত করা হয়নি। বাংলা দেশের এই সমস্ত সোসাইটিগুলিকে রেজিস্ট্রী করতে গেলে পরে ঐ ৫০ টাকা দিয়েই কোন রকমে একটি আর্টিকেল এণ্ড মেমোরাণ্ডাম পেশ করলেই হয়ে গেল। আর বৎসরের শেষে একটা য়্যানুয়াল রিপোর্ট এবং একটা য়্যানুয়াল অডিট রিপোর্ট পেশ করলেই কাজ শেষ হয়ে গেলো। কিন্তু যে আইনের মধ্যে আছে যে এই রেজিস্ট্রারের পক্ষ থেকে সরকারী কর্মচারী গিয়ে প্রত্যেকটি সোসাইটির সমস্ত খাতা পত্তর অনুসন্ধান করে দেখবেন যে যে সোসাইটিগুলি ভালভাবে চলছে কিনা এটা আমি তাঁর কাছে জানাতে চাই। এই সম্পর্কে কোনো অতিরিক্ত কর্মচারী নিযুক্ত করবার জন্য কোনো কিছু করছেন কিনা? আরও জানবার বিষয় আছে যে আজকে বাংলাদেশে যে ভাবে সোসাইটি গড়ে উঠতে আরম্ভ করেছে তারই পরিপ্রেক্ষিতে তিনি রিজিওনাল অফিস করবার কথা চিন্তা করছেন কিনা যাতে করে সোসাইটির রেজিস্ট্রেশনএর সুবিধা হয় ঠিকভাবে সোসাইটিগুলি কার্যকলাপ পর্যবেক্ষণ করবার সুবিধা হয় আজকে তিনি যে সংশোধনী এনেছেন এটা একটা প্র্যাকটিক্যাল ডিফিকালটি দেখে এনেছেন এটা আমি স্বীকার করি, কিন্তু কার্যক্ষেত্রে আজকে থ্রিফিফ্‌থ অফ দি টোটাল মেম্বারের উপস্থিতি যেটা ১৯৬১ সালের আইনে ছিল সেটার অসুবিধা হচ্ছে এটা তিনি বলেছেন। মনে করুন সোসাইটির সভ্য হয়ত এক হাজার দু হাজার পাঁচ হাজার বা দশ হাজার আছে সেই সব ক্ষেত্রে সত্যই কোনো একটা সভার থ্রিফিফথ অফ দি টোটাল মেম্বার তাদের উপস্থিত করে কাজ করা খুবই কঠিন, কিন্তু যেখানে সোসাইটির সভ্য সংখ্যা একশো, দুশো বা পাঁচ শো সেখানে কেন—পূর্ব আইনের ধারাটা কার্যকরী করা সম্ভব হবে না? এই বিষয় আরও একটা প্রশ্ন থেকে যাচ্ছে সেটা হচ্ছে এই যে, আপনারা যেখানে বলছেন যে পাচ বৎসর হলে পরে যে সমস্ত ডিসকোয়ালিফিকেসন আছে সেই সমস্ত ডিসকোয়ালিফিকেশন দূর হয়ে যাবে। এর ফলে দুর্নীতির দরজাকে আরও উন্মুক্ত করে দিচ্ছেন সুতরাং এই সম্পর্কে অবহিত হওয়া দরকার। আজকে বাংলা দেশে অসংখ্য সোসাইটি গড়ে উঠছে এবং তারা কংগ্রেসী সরকারের দক্ষিণার দিকে তাকিয়ে আছেন ও তাঁর মধ্যে দিয়ে কংগ্রেসীদের নানা প্রকার ডালপাল.......

This point is relevant to the Bill.

...াব, দুর্নীতি ব্যাপকভাবে ছড়িয়ে পড়তে আরম্ভ করেছে আজকে এই ধারা অনুযায়ী ...াচ বৎসরের পর তিনি ধোয়া তুলসীপাতা হয়ে যাবেন ও সোসাইটি সেক্রেটারী বা চেয়ারম্যান হতে পারবেন? তাহলে এই সোসাইটিগুলিকে আরও দুর্নীতির ...খেই আপনারা ...লে দিতে থাকবেন। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই যে আপনারা যে সংশোধনী ...নেছেন এই সংশোধনী সম্পর্কে পুনরায় চিন্তা করুন। আপনি চিন্তা করুন আরও কি কি

কার্যকরী ব্যবস্থা অবলম্বন করা যেতে পারে; এটা একটা অত্যন্ত গুরুত্বপূর্ণ আইন এবং এই আইনকে আশ্রয় করে বাংলা দেশে বহু ক্লাব, সোসাইটি ও এসোসিয়েশন গড়ে উঠতে পারে। এই আইন, বাংলাদেশের সংবাদপত্র ইত্যাদি সমস্ত কিছুতেই প্রযোজ্য এবং এই আইনের যে ধারাগুলি ১৯৬১ সালে গৃহীত হয়েছিল সে গুলি খুবই গুরুত্বপূর্ণ ধারা বলে আমি মনে করি। কিন্তু সেগুলি কার্যকরী করবার জন্য কোন রকম ব্যবস্থা এই কয় বৎসরের মধ্যে আপনারা করেন নি।

[6—6-10 p.m.]

এতদিনেও আপনারা রুলস গঠন করতে পারেন নি কেন? রিভিউ অফ দি ওয়ার্কিং অফ দি য়্যাক্ট ও করতে পারেন নি কেন? বর্তমানে রেজিষ্ট্রার ছাড়া আর কোন পদস্থ অফিসার সেখানে নাই যিনি এই সোসাইটির কার্য্যাবলী পর্যবেক্ষণ করতে পারবেন আর একটা ডিফিকাল্টি আছে— আপনি কোরামের সম্পর্কে কোন কথা বলেন নি। শুধু যদি থ্রি ফোর্থ মেম্বার কোন জেনারেল মিটিংএ উপস্থিত থাকেন, তাহলেই যথেষ্ট। সেটা কি কোরাম মধ্যে, না, কোরাম ছাড়া থ্রিফোর্থ থাকলেই চলবে? সেটাও স্পষ্ট নাই এই বিলের ধারার মধ্যে।

Shri Mohit Kumar Moitra:

মাননীয় সভাপাল মহাশয় ১৯৬১ সালে এই সোসাইটির য়্যাক্ট সংশোধিত হয়, পাশ হয় এবং ১৯৬৩ সালের এই সংশোধিত আইনটি চালু করা হয় আজ ১৯৬৪ সালে। সেই ১৯৬৩ সালে নিয়ম করা হলো কোন সোসাইটিকে তুলে দিতে হলে পরে সেখানে তিন পঞ্চমাংশ সদস্যদের ভোটের দরকার হবে। আজ এটা প্রয়োগ করবার পরে এক বছরের মধ্যে তিনি কি অভিজ্ঞতা লাভ করলেন বা কোথা থেকে আপত্তি এলো যার ফলে সরকার আজকে সিদ্ধান্ত করেছেন— যে ঐ তিন পঞ্চমাংশ সংখ্যাটা তুলে দিয়ে আরো কমিয়ে দিতে হবে? কেন এটা করছেন? কোনখান থেকে এর বিরুদ্ধে আপত্তি পেয়েছেন? সেটা এখানে যদি স্পষ্ট করে বলা না হয় তবে যদি অনেকে এই ধারণা করে থাকেন যে সমস্ত সোসাইটিগুলির শাসনে যাঁরা অধিষ্ঠিত আছেন তাঁদের নির্দেশ অনুসারেই চলে এবং তাঁদের সুবিধার জন্য এটা করছেন তাহলে কি অন্যায় করা হবে? এর একটা উত্তর প্রয়োজন।

দ্বিতীয় কথা হচ্ছে তিনি বলেছেন যে কোন সোসাইটির সদস্য হয়ে তারপর যদি তিনি কোন দুর্নীতি করে থাকেন তাহলে পরে সেই সেই দুর্নীতির জন্য অপসারণের পরে যে পাঁচ বছর হয়ে গেলে পরে আবার তাকে নেওয়া হবে অফিস হোলডার রূপে। আপনি জানেন স্যার, এখানে অনেকগুলি দুঃস্থ মহিলাদের হোম আছে। সেই সমস্ত হোম এই সোসাইটির আইনে রেজিস্টার্ড এবং কিছু দিন আগে আপনি জানেন স্যার, এই রকম একটা হোমের সেক্রেটারী হোমের মহিলাদের সাথে অশালীন ব্যবহার করার জন্য সেসানস কোর্ট কর্তৃক শাস্তি পেয়েছিলেন। তিনি সম্প্রতি খালাস হয়ে এসেছেন এই রকম লোককে ঠিক পাঁচ বছর পরে আবার সেক্রেটারী পদ দেবার জন্যই কি এরধারা সুযোগ করে দেওয়ার ব্যবস্থা করছেন? সদাচার সমিতি যখন দেশে প্রতিষ্ঠিত হতে চলেছে, সেই সময় সেটা কি মন্ত্রী মহাশয়ের চিন্তা করা উচিত ছিল না?

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মন্ত্রিমহাশয় কেন যে এটা করছেন আমি তা মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই—এই জন্য। আপনি ক্লজটাকে আরো সিরিয়াস করেছেন অল্টারনেটিভ একটা প্রভিসন দিয়ে যেটা নির্মলবাবু ও মোহিত বাবু বলেছেন।

He has been convicted of any offence in connection with the formation, promotion, management or conduct of the affairs of a society or a body corporate, or of any offence involving moral turpitude.

Sir, provided that the disqualification under clause (b) shall cease at the end of five years after the date of conviction,

অলটারনেটিভটা দেখুন স্যার, কি সাংঘাতিক

where a sentence of imprisonment has been imposed, after the date of expiration of the sentence.

আজকে স্যার, লোয়ার কোর্টে কনভিকসন হলো, ৫ বছর থেকে আরো কমিয়ে এনে সরকার কি করছেন—দেখুন। সাপোজ লোয়ার কোর্টে কারো কনভিকসন হলো ফৌজদারীর জন্য বা চিটিং এর জন্য এক বছর দেড় বছর বা ছ'মাস। এতো দিন যে জেলে বসে কাটিয়ে দিল এবং আফটার এক্সপাইরেসান অফ দি সেণ্টেন্স ছ'মাস শেষ হয়ে গেলে পরে সে পুনরায় অফিস বেয়ারার হতে পারছে।

It is a peculiar thing.

মন্ত্রিমহাশয় এখানে এই যে ক্লজটা ঢুকিয়েছেন তার সোজা অর্থ কী? তাঁর কি নিজের কোন পোষ্য লোককে পেছনের দরজা দিয়ে আসবার জন্য এই চক্রান্ত করছেন? তা না হলে যেটা মোহিতবাবু বললেন য়্যাকচুয়্যালি ঐ সব কেসে, কোন কোন মহিলার সঙ্গে অশালীন ব্যবহার, করলেন এবং সেই অশোভন আচরণের জন্য ধরুন তার পানিশমেণ্ট হ'লো ছ'মাস এক বছর। স্যার কোন মহিলার সাথে অসদাচারণের জন্য তার পানিসমেণ্ট দেড় মাস হোল এখন এই যে ডেট অফ কনভিকসন, সেটা কিভাবে হবে? ধরুন যে হাইকোর্টে গেল, হাইকোর্ট এখন ৩ বছর ঝুলিয়ে রাখলো; তার পর তার ১০ দিন কনভিকসন হোল কি ১৫ দিন কি কেসে খালাস হয়ে গেল ধরুন ১৫ দিন শাস্তি হোল অশালীন আচরণ করার জন্য তাহলে ১৫ দিন পরে আবার আমি গদিতে বসতে পারবো এ সম্পর্কে মন্ত্রিমহাশয় যে বললেন যে এটা করতে যাচ্ছেন এই সমস্ত করাপটেড পিপল দিয়ে সদাচার কমিটি করে সেখানে অত্যাচার হবে এই হচ্ছে মন্ত্রিমহাশয়ের বক্তব্য।

Shri Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, I am extremely sorry that at the fag end of the day when all of us are anxious to go away I want to ask for some time to make some observations on the Bill. Sir, I will be untrue to my conscience, untrue to my sense of reasonableness and untrue to my sense of propriety if I remain silent on this occasion. You must have noticed that on previous occasions when the question of disqualification of persons for being members of certain bodies came up here, the same kind of provision was contained in the proposed legislation, i.e., if a person is found guilty of moral offences or moral turpitude, his membership will cease and then at the end of five years he will be pardoned, and be allowed to become a member once more Sir, the same thing has been done here. In the original the provision was that if a person was found guilty of any offence involving moral turpitude or any offence in connection with formation, promotion, management or conduct of affairs of any society, he could not at all be taken back as a member of that society; he used to forfeit his right to become a member of the society. But now what has been incorporated here? It has been stated that a person shall be disqualified for being chosen if he has been convicted of any offence in connection with the formation, management or conduct of the affairs of a society or a body corporate, or of any offence involving moral turpitude. This is all right. But the dangerous proviso is there which states that the disqualification under clause (b), i.e., guilty of offences involving moral turpitude, etc., shall cease at the end of five years after the date of conviction, '......or where a sentence of imprisonment

[-10—6-20 p.m.]

has been imposed, after the date of expiration of the sentence, i.e., as soon as the sentence will expire. Supposing a man has been convicted for five years.

He has been sentenced to imprisonment for five years. Immediately after the expiry of the sentence of imprisonment, his disqualification will be removed. What does it mean? Formerly, there used to be a gap of five years before a person who has been convicted could be a member. But here as soon as his sentence will expire, he will be eligible to hold office. I would request the Hon'ble Minister to see if, even at this fag-end, he could agree to remove this lacuna.

Shri Satya Priya Roy:

স্যার, এ সম্পর্কে একটু বলতে চাই। এই জিনিষটাতে অত্যন্ত জঘন্য অবস্থা হচ্ছে। এ সম্পর্কে আমরা প্রত্যেকে যদি প্রতিবাদ না করি তাহলে আমরা মনে করছি আমরা আমাদের কর্তব্য করছি না। আমাদের মনে হচ্ছে আপনারা সদাচার সমিতি করবেন। সমস্ত আইনের মধ্যে দেখতে পাচ্ছি না যে সদাচারী লোকের এমনই স্বভাব হচ্ছে বলে গভর্নমেণ্ট মনে করছেন যারা জেল খেটেছে তারা তাড়াতাড়ি ঐ সমস্ত চেরিট্যাবল সোসাইটিজগুলিতে অফিসারের পদ না দিলে চেরিট্যাবেল সোসাইটিজগুলো চলছে না সেজন্য বিশেষ করে প্রোভাইসো যেটা অলটারনেটিভ রেখেছেন সেটার ভাষার অর্থ মন্ত্রিমহাশয় কি ঠিক বুঝেছেন কিনা আমরা বুঝতে পারছি না। এখানেও পরিস্কার অর্থ হচ্ছে কনভিকসন বললে ডেট অফ কনভিকসান ৫ বছর কিন্তু তারপর যেটুকুন অলটারনেটিভ হবে তাতে কেউ যদি তার কনভিকসান ১৫ দিন, ৫ দিন অফ দি কোর্ট হয় তাহল রাইজিং অফ দি কোর্ট পরের দিন থেকে আবার তার ডিসকোয়ালিফিকেশন সুরু হয়ে গেল, তারপর অফিসে নিতে পারবেন। এই রকমে

That is the clear measuring of that alternative given in this 'proviso'

মিনিং রেখে একটা প্রোভাইসো মন্ত্রিমহাশয় আনতে পেরেছেন। আমরা যখন সকলেই দেশের মধ্যে সাদচার প্রতিষ্ঠা করার জন্য আগ্রাহান্বিত তখন আরমরা এই জিনিস বুঝতে পারছি না সেজন্য আমরা এর প্রতিবাদ করছি, বিশেষ করে প্রভাইসোযে অলটারনেটিভ যেটা দেওয়া হয়েছে?

The Hon'ble Tarun Kanti Ghosh:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যরা যে মানে করে এর অপোজ করছেন, এর যদি তাই মানে হোত তাহলে আমিও অপোজ করতাম এবং তাঁদের ইনটেনসন আমি পরিস্কার বুঝতে পারতাম। কিন্তু আমি তাঁদের কাছে এটা বলতে পারি উইথ অল সিনসিয়ারিটি এর মানে তা নিশ্চয় নয়। কম্পানি য়্যাক্টএ আছে অফেন্সএর ৫ বছর পর

They can again become Director or something like that

লিগ্যাল ডিপাটার্ট মেণ্ট এবং লেজিসলেটিভ ডিপার্ট মেণ্ট থেকে যেভাবে তৈরী করে দেওয়া হয়েছে আমি সেই ভাবেই চলেছি। আমরা চেয়েছিলাম যে ৫ বছরের বেশী ডিবার্ড না থাকে। এখানে তাঁরা যেটা মানে বলেছেন তাতে মানে হচ্ছে একজন লোকের যেদিন থেকে ফাইন বা জেল কনভিকসান হোল সেদিন থেকে ৫ বছর।

Shri Amar Prasad Chakrabarty:

এখানে যদি একটা কমা থাকতো তাহলেও অনেকটা ক্লিয়ার হোত।

Mr. Chairman: I have no opinion on this.

The Hon'ble Tarun Kanti Ghosh: I shall charge it. I shall again bring another Bill.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. May I help the Hon'ble Minister since on principle he has agreed to it. This introduction of a comma is only a clerical arrangement and this can be done without referring back the Bill to the other House.

The Hon'ble Tarun Kanti Ghosh :

আপনারা যা বলছেন তা যদি মানে হয় আমি নিশ্চয় চেঞ্জ করব এবং আমারও আপত্তি নেই, আপত্তি নেই 'কমা' দিতে।

Shri Sasanka Sekhar Sanyal:

ব্লক লেটার এর জায়গায় স্মল লেটার চলে না তেমনি এখানেও তাই হয়েছে।

The Hon'ble Tarun Kanti Ghosh: I just wanted to speak our intention

আমি ইনটেনসন বলার উপর চেষ্টা করছি। নির্মাল্যবাবু বললেন যে ১৯৬১ সালে বিল হল এখনও পর্যন্ত রুল হল না কেন? রুল হয়েছিল এবং ১৯৬৩ সালের ১লা এপ্রিল থেকে সেটা চালু হয়েছিল। আপনারা জিজ্ঞাসা করতে পারেন যে দেরী হল কেন?

এটা ১৯৬১ সালে হয়েছে। ১৯৬১ সালে হয়েছে এটা শুনতে ভাল কিন্তু এটা পাস হয়েছিল ডিসেম্বরে ৫ তারিখে কি ১৫ তারিখে, অতএব এর পর ১৯৬২ সালের মধ্যে এটা করা হয়েছে এবং করতে হয়তো বিশেষ কিছু সময়ও লেগেছে, আই মাস্ট এ্যাডমিট দ্যাট। অতএব এটা ঐ সময়ে হয়েছিল।

Shri Nirmalya Bagchi:

রুলটা ফ্রেমড হয়েছে কবে সেটাই বলছি।

The Hon'ble Tarun Kanti Ghosh: I can show it to you.

এখানে যেটা বলা হয়েছে যে থ্রি ফিফ্‌থ জায়গায় কেন থ্রি-ফোর্থস্ করা হয়েছে আমি সেটাই বলছি। মহীতোষবাবু এ কথাটা প্রথম জিজ্ঞাসা করেছিলেন। প্রথম কথা হচ্ছে এশিয়াটিক সোসাইটি বলে যে প্রতিষ্ঠান আছে আমাদের সেখানে চন্দ্র মহাশয় তিনি আমাকে বলেছিলেন যে এত মেম্বার চারিদিকে ছড়িয়ে আছে যে ছোট য়্যামেণ্ডমেণ্ট করা সম্ভব হয় না। আজকে যে জিনিষটা করেছি

three-fourth of the total members present

এটা সর্বত্র রয়েছে। অতএব যেটা ছিল সেটা চেঞ্জ করা যেত না এবং তার জন্যই এই ভাবে এই জিনিষটা নিয়ে এসেছি। এখানে মহীতোষবাবু এবং অন্যান্য যাঁরা বললেন, তাঁদের সবাইকে বলবো যে এটা কোনো রকম খারাপ ইনটেনসেন নিয়ে করা হয়নি। যেহেতু চন্দ্র মহাশয় এটা বলেছিলেন সেজন্য এটা করেছি আপনারা যদি দেখেন এর এ্যাপলিকেসন ঠিকমত হচ্ছে না বা খারাপ হচ্ছে তা হলে আমাকে বলবেন আমি আবার চেঞ্জ করবো এবং দরকার হলে পরে আপনাদের সঙ্গে আলোচনাও করবো।

Shri Gopal Halder:

আমি এই সম্পর্কে কিছু বলছি। আপনি যদি মনে করেন যে একটা কমা তুলে দিলেই কিংবা কমা এর গণ্ডগোলটা মিটিয়ে গেলে পরেই এই ভাষা চলতে পারে তা হলে আমি বলবো তা চলে না, মন্ত্রী মহাশয় যা বললেন তা যদি সত্য সত্যই কার্য্যকরী করতে হয় তা হলে ভাষা বদলাতে হবে।

The Hon'ble Tarun Kanti Ghosh: It is not necessary.

Shri Raj Kumar Chakraverty :

আমি যেটা বলতে চাইছি সেটা হলো যে শুধু ঐ কমা তুললেই হতে পারে না জিনিষটাকে আরও পরিস্ফুট করতে হবে এবং সেজন্য আগে বলা হয়েছে টু মেক ইট ক্লীয়ার ইংরাজী

ভাষায় এটা আরও পরিষ্কার করবার জন্য এটা করা দরকার। এ ছাড়া তিনি এখানে এ কথাও ত বলছেন না যে কমা তুলে দিচেছন? আমার কথা হচেছ কমাটাও তুলে দিন এবং এই জিনিষটাকে একটু ক্লিয়ার করুন।

Shri Satya Priya Roy:

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি একটা কথা এখানে রাখছি, আমার মনে হয় উনি এটা লিগ্যাল ডিপার্টমেণ্টকে দেখান এবং তারপরে এ সম্বন্ধে কিছু করুন তখন আমরা এটা নিয়ে আলোচনা করতে পারবো। প্রভাইসো যখন আছে তখন এই সমস্তটা এক সঙ্গে দেবেন না। আমরা ৮নং কজএ ডিভিসান চাইবো কাজে কাজেই ওটা এক সঙ্গে দেবেন না।

Chairman: The motion of the Hon'ble Tarun Kanti Ghosh that the Bill be taken into consideration was then put and agreed to.

Clauses 2 to 7

The question that clauses 2 to 7 do stand part of the Bill was then put and agreed to.

[6-20—6-30 p.m.]

Clause 8

The question that clause 8 do stand part of the Bill was then put and a division taken with the following results:

Ayes—22

Ahmad Hossain, Shri
Banerjee, Dr. Srikumar
Banerjee, Shri Sudhir Kumar
Barman, Shri Upendranath
Chakravarti, Shri Byomkesh
Chatterjee, Sm. Abha
Chatterjee, Shri Lalit Mohon
Dutta, Shri Sukumar
Esmail Ebrahim, Dr.
Ghose, Shri Pijush Chandra
Jha, Shri Pashu Pati
Manna, Shri Rebati Raman
Moitra, Shri Dhirendra Nath
Mukherjee, Shri Biswanath
Musharruf Hossain, Shri
Prasad, Shri R. S.
Prodhan, Shri Lakshman
Rai Choudhuri, Shri Mohitosh
Roy, Dr. Biswaranjan
Sanyal, Dr. Charu Chandra
Sen, Sm. Reba
Sinha, The Hon'ble Robindralal

Noes—13

Abdul Halim, Shri
Bagchi, Shri Nirmalya
Bhattacharyya, Shri Santosh Kumar
Bose, Shri Nirmal
Chakrabarty, Shri Amar Prasad
Chakraverty, Shri Rajkumar
Chakravorty, Shri Jatin
Debi, Sm. Anila
Haldar, Shri Gopal
Moitra, Shri Mohit Kumar
Roy, Shri Satya Priya
Sanyal, Shri Sasanka Sekhar
Sen Gupta, Shri Manoranjan

The Ayes being 22 and the Noes 13, the motion was carried.

Shri Satya Priya Roy:
আপনি যে ডিক্লেয়ার করলেন আইজ এ্যাণ্ড নোজ তাতে অ্যাবস্টেনশন কজন তা তো ডিক্লেয়ার করলেন না।

Mr. Chairman: There is no abstention. Besides, declaration of the number of abstention is not required by the rules.

Clause 1, Preamble and Title.

The question that Clause 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Tarun Kanti Ghosh: Sir, I beg to move that the West Bengal Societies Registration (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Sasanka Sekhar Sanyal: One matter, Sir. All the controversies that were talked about were over the drafting of clause 8. Since the Hon'ble Minister was good and frank enough to say that his intention was the same as was wanted by the members of the opposition, the only question that remains is the question of redrafting whether it is a matter of a comma or a semicolon or a distinct drafting is necessary is not the point. But since he has admitted that his intentions are the same as those expressed by the opposition, it is only a sort of irresponsiveness to the opposition that is standing in the way of accepting the amendment wanted by the members on this side. There is no question of delaying the session or prolonging the session. In 10 minutes' time the Government could have modified the matter in the Lower House to make the intention more expressive. So, I want to know whether it is now too late to be responsive to the members of the opposition and to be responsive to the Minister's own mind itself.

The Hon'ble Tarun Kanti Ghosh: Shri Sasanka Sekhar Sanyal is a big lawyer and he has advised me here
যে ড্রাফটিং-এর মধ্যে একটা চেঞ্জ একটা কমা দিলেই হয়ে যায়
I accepted his view and I think no change is necessary now.

The motion of the Hon'ble Tarun Kanti Ghosh that the West Bengal Societies Registration (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed was then put and agreed to.

The West Bengal Transferred Territories (Assimilation of Laws) (Amendment) Bill, 1964.

[6-30—6-35 p.m.]

Mr. Chairman: There is just a small Bill.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, it is already too late. Let us take it up tomorrow.

The Hon'ble Iswar Das Jalan: It is a small Bill. If you think it requires discussion, I shall adjourn consideration of the Bill till tomorrow.

Sir, I beg to move that the West Bengal Transferred Territories (Assimilation of Laws) (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

Sir, you know that there were certain areas added to West Bengal from Bihar and the Land Registration Act, 1876, is being made applicable..............

Shri Sasanka Sekhar Sanyal: If the capacity for listening is exceeded, who will listen to you?

The Hon'ble Iswar Das Jalan: If you think, it requires discussion, I will postpone consideration of this Bill.

Shri Sasanka Sekhar Sanyal: We are very much tired.

The Hon'ble Iswar Das Jalan: The Land Registration Act of 1876 is sought to be made applicable to the added territories from Bihar that is the whole purpose of this Bill.

(Noise and interruptions)

The Hon'ble Rabindralal Sinha: Sir, with your permission, I would appeal to my friends.
তাঁদের যদি এই বিলটাতে বলবার থাকে তাহলে কালকে হবে, কিন্তু তা যদি না থাকে তাহলে তো ১ মিনিটেই এটা হয়ে যায়।

The minister is agreeable to postpone its consideration.

Shri Sasanka Sekhar Sanyal:

লিডার অফ দি হাউস এই রকম ভুল য়্যাসিউম করছেন কেন?

Shri Satya Priya Roy:

সত্যি কথা আমরা সব গুলি রেখে আসতে পারিনি। তাছাড়া আমার বক্তব্য যে কেন হাউসকে ডিটেন করা হচ্ছে টু স্যুট দি কনভেনিয়েন্স অফ দি মিনিষ্টার যার জন্য তিনি কাল করবেন না। কাজেই এটা সমস্ত লোককে ৬টা পর্যন্ত থাকতে হবে শুধু তাঁর সুবিধার জন্য কি ঠিক হচ্ছে?

Mr. Chairman: An appeal has been made by the Leader of the House.

Shri Satya Priya Roy :

এ সম্পর্কে আমার বক্তব্য হচ্ছে যে ফাইন্যান্স ডিপার্টমেন্ট থেকে চিঠি এসেছে.....................

The Chairman : It is quite alright.

Shri Satya Priya Roy :

এখন ৬-৩০ মিঃ হয়ে গেছে. সুতরাং এর পর বসতে গেলে ওভার টাইম-এর ব্যবস্থা করতে হবে।

Mr. Chairman : Between the Speaker and myself, we shall see that this is done

Shri Satya Priya Roy : As regards the merit of the Bill.

আমাদের কাছে কিছু বলার নেই? মন্ত্রিমহাশয় যাতে কোন রকমে চলে যেতে পারেন তাই তিনি করলেন। কিন্তু কি লেজিসলেটিভ ছিল এর এই লেজিসলেটিভ পুরুলিয়ার লোকের কি সুবিধা হতে পারে মন্ত্রিমহাশয় একটা কথা না বলে তিনি এটা ইনট্রোডিউস করছেন?

Mr. Chairman : The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The Council was accordingly adjourned at 6-35 p.m. till 3 p.m. on **Tuesday,** the 18th August, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members Absent

Shri Dhirendra Nath Bhattacharya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Nirmal Chandra Bhattacharyya.
Shri Promotho Nath Bisi.
Shri Narendra Nath Das.
Shrimati Labanyaprova Dutt.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Shri Manoranjan Gupta.
Shri Nar Bahadur Gurung.
Shri G. N. Khaitan
Shri Rajendra Nath Majumdar.
Shri Sudhindra Nath Mukherjee.
Shri Dharamchand Sarawgi.
Shri Subodh Sen.
Shri Jatindra Singha.

COUNCIL DEBATES

Tuesday, the 18th August, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 18th August, 1964, at 3 p.m. being the seventh day of the Thirty Fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNTI KUMAR CHATTERJI) was in the Chair.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Erosion by the river Teesta

***43. Shri Nirmal Basu:**

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, জলপাইগুড়ি শহরের উত্তরে কয়েকটি স্থানে তিস্তা নদীতে ভাঙনের সৃষ্টি হইয়াছে;

(খ) "ক" এর উত্তর "হ্যাঁ" হইলে, ইহার ফলে কি জলপাইগুড়ি শহর বিপন্ন হইয়া পড়িবে; এবং

(গ) এই ভাঙ্গন রোধ করিবার জন্য কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে?

সেচ ও জলপথ বিভাগের মাননীয় মন্ত্রী শ্রীশ্যামাদাস ভট্টাচার্য:

(ক) গত বৎসর আগষ্ট মাসে জলপাইগুড়ি শহরের নিকট তিস্তা নদীর ধারে উত্তরাঞ্চলের নীচু চর এলাকায় ভাঙ্গন হয়েছিল। জলপাইগুড়ি শহরের নিকটে কোন্ স্থানে ভাঙ্গন বিশেষ-ভাবে পরিলক্ষিত হয় নাই।

(খ) বর্তমান অবস্থায় তিস্তা নদীর বন্যা হইতে জলপাইগুড়ি শহর বিপন্ন হইবার সম্ভাবনা আছে বলিয়া মনে হয় না।

(গ) যদিও আপাতত কোনও বিপদের সম্ভাবনা নাই তথাপি সতর্কতামূলক ব্যবস্থা হিসাবে পর্যাপ্ত পরিমাণ পাথর (বোলডার) মজুত রাখা হইয়াছে।

Overtime-allowance to the staff of Legislature Secretariat

***44. Shri Jatin Chakravorty:** (a) With reference to the answer to Starred Question No. 87 given on the floor of the Council on the 24th March, 1964, will the Hon'ble Minister-in-charge of the Finance Department be pleased to state whether Government has received any proposal from the Legislature Secretariat for granting overtime allowance to its staff.

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) when such proposal was received;

(ii) whether the proposal has since been accepted by the Government;

(iii) if so, when the proposal is going to be given effect to?

(c) If the answer to (b)(ii) be in the negative, will the Hon'ble Minister be pleased to state at what stage the proposal is resting at present?

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয় এই বিষয় নিয়ে কালকে বিস্তারিত আলোচনা হয়েছে এবং একটা সিম্ধান্তও আপনি গ্রহণ করেছেন। আশা করি এই বিষয় ছাড়া আমি আর নূতন কিছু বলতে পারবো না, যা হোক আমি জবাব দিচ্ছি।

(a) Yes.

(b) (i) A letter was received on the 24th April, 1964.

(ii) It has been decided that introduction of overtime allowance would not be appropriate at present.

(iii) Does not arise.

(c) Does not arise.

Shri Jatin Chakrabarty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে আমি গত ২৪এ মার্চ তারিখে যখন এই প্রশ্ন করেছিলাম তখন তিনি অত্যন্ত সহৃদয়তার সঙ্গে এখানে বলেছিলেন, যেটা আমি এখানে কোট্ করছি I have every sympathy with what Mr. Chakravorty has said. I have every sympathy for the staff of the Legislature Secretariat but the question is that there must be a proper proposal for consideration.
তদানুসারে আপনি আপনার সেক্রেটারীকে নির্দেশ দেন রিপ্রেজেনটেশন দেবার জন্য এবং তা দেওয়া হয়। এখন আমার সাপ্লেমেন্টারী হচ্ছে এই, আপনি এই যে সহৃদয়তা ও সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন বলেছিলেন সেটার কি হলো এটাই আমি জিজ্ঞাসা করছি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমার হৃদয়ের কোন পরিবর্তন হয় নি। সহৃদয়তা এখনও বর্তমান আছে।

Shri Jatin Chakrabarty:

বর্তমান অবস্থায় আপনি ওভার টাইম দেবেন না কেন সেটা জানতে পারি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

ওভার টাইম দেব না এই কথা বলিনি। বর্তমান অবস্থায় এটার পুনর্বিবেচনার জন্য অনুরোধ করেছি।

Shri Jatin Chakrabarty:

বর্তমান অবস্থায় কেন এটা পুনর্বিবেচনা করতে পারছেন না? মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করছি আমাদের এখানে যারা ষ্টাফ তারা দশটার সময় সাধারণতঃ আসেন এবং বিশেষ করে অন্য ডিপার্টমেন্ট-এ যাঁরা আছেন রেকর্ড, সর্টার পিয়ন, দপ্তরী ইত্যাদি তাঁদের সকাল নটা বা সাড়ে নটায় আসতে হয় এবং যখন বাজেট সেসান চলে তখন সব থেকে আগে যদি তাঁরা বাড়ী যেতে পারেন তা হলো সাড়ে আটটা। এবং সাধারণ ভাবে অন্য সেসান-এ তাঁদের বাড়ী তাঁরা যেতে পারেন সাড়ে সাতটা। তাঁরা আসছেন নটা

বা দশটার সময় এবং যেতে পারেন অত রাত্রে। কিন্তু অন্যান্য জায়গায় যেখানে পাঁচটায় ছুটি হয় সেখানে আমাদের এখানে তাঁদের সাড়ে সাতটা সাড়ে আটটা পর্যন্ত থাকতে হয় আমার প্রশ্ন হচ্ছে এই যে পে ফিক্সড হয়

on the period of attendance and not on the intensity of the work load.

তা যদি হয়ে থাকে তা হলে কোন নীতির উপর ভিত্তি করে আপনি এদের ওভার টাইম এলাউন্স দেওয়া থেকে বঞ্চিত করছেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

মাননীয় সভাপতি মহাশয়, এই এসেম্বলী সেক্রেটারিয়েট সম্বন্ধে একটা দীর্ঘদিন স্থায়ী রুল আছে। আমি মাননীয় সদস্যকে সেই রুলটা পড়ে শোনাচ্ছি। সেটা হচ্ছে

Subject to the provisions of the Appendix I, the conditions of service as regards leave, pension, allowance and other matters in respect of the officers in the Assembly Secretariat specified in the first column of the Appendix II annexed to these rules shall, unless otherwise provided by or under these rules, be governed by the rules and orders for the time being applicable to the classes of Government servants specified in the corresponding entry in the second column thereof.

এই নিয়ম এতদিন রয়েছে এ্যাসেম্বলী সেক্রেটারীয়েট, কাউন্সিল ষ্টাফ-এর সমস্ত সরকারী কর্মচারীদের সঙ্গে কিছু নিয়মের ব্যতিক্রম করা চলে না। এটা পুনঃ পুনঃ বলা হয়েছে এবং ওঁর শেষ প্রশ্ন যেটা তাতে আছে মাননীয় স্বর্গতঃ নেতা প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ বিধানচন্দ্র রায়ের সময় এ বিষয়ে আলোচনার জন্য একটা পরামর্শ সভা হয়। সেই আলোচনায় সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্ত এখনো সরকারকে জানানো হয় নাই এবং সেইজন্য কালকে মাননীয় সভাপাল মহাশয়, আপনি অনুগ্রহপূর্বক আমার প্রস্তাব গ্রহণ করেছেন। আমি এই চাই—স্পীকার এবং চেয়ারম্যান তাঁরা বিস্তারিতভাবে সরকারের অর্থ বিভাগের কাছে তাঁদের এই এসেম্বলীর সমস্ত কর্মচারীদের কি বিষয়ে বিশেষজ্ঞ তা প্রস্তাব দিলে সরকার অত্যন্ত তৎপরতার বিবেচনা করবেন, এটাই আমার গতবারের প্রশ্নোত্তরের মূল বিষয় ছিল।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি আপনাকে জিজ্ঞাসা করছি যে রুল আপনি পড়ে শোনালেন তার ডেটটা কি?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এটা হচ্ছে ওয়েষ্ট বেঙ্গল লেজিস্লেটিভ এসেম্বলী সেক্রেটারিয়েট রুল, ১৯৫৩।

Shri Sasanka Sekhar Sanyal:

এটা ফ্রেমড আন্ডার হোয়াট প্রভিসানস অব দি কন্সটিটিউসান?

The Hon'ble Saila Kumar Mukherjee: Notification No. 2760-AR, dated the 24th August, 1963, published in the Calcutta Gazette. In exercise of the power conferred by clause (3) of Article 187 of the Constitution and all other powers enabling him in this behalf, the Governor after consultation with the Speaker of the West Bengal Legislative Assembly is hereby pleased to make the rules.

Shri Sasanka Sekhar Sanyal: So my point is clear. So far as the staff relates to the Council, there was no rule in consultation with the Chairman. Am I correct?

The Hon'ble Saila Kumar Mukherjee: You ought to know the background of it. Formerly in the entire Secretariat there was one set of rule, the Council staff have become completely separate recently.

Shri Sasanka Sekhar Sanyal: What is the present position? 187(3) says—Until provision is made by the Legislature of the State under clause (2), the Governor may, after consultation with the Speaker of the Legislative Assembly or the Chairman of the Legislative Council, as the case may be, make rules regulating the recruitment, etc. We are concerned with our Council staff. Therefore, the reference to the rules made under Article 187 which is a notification only for the Assembly does not apply to the Council staff.

Mr. Chairman: Assembly Rules, as far as I know, are also applicable to the Council.

Shri Sasanka Sekhar Sanyal: Were you consulted?

The Hon'ble Saila Kumar Mukherjee: That is what I want to do.

[3-10—3-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal: Sir, my next point is as I suggested yesterday and that is my grievance that our entire Council staff have been made subservient to the rules of the Secretariat at the Writers' Buildings which are framed under article 309. I resent that.

The Hon'ble Saila Kumar Mukherjee: Therefore, my offer to you is to change it by conferring with the Speaker and the Chairman and send a concrete proposal to the Home Department of the Government.

Shri Sasanka Sekhar Sanyal: Since this matter has been burning the hearts of many and since a great deal of acrimonies are growing, let us sit even from to-day?

Shri Jatin Chakrabarty:

স্যার, মাননীয় মন্ত্রিমহাশয় নিশ্চয় জানেন যে এখানকার ষ্টাফদের একটা কাউন্সিল এ্যালাউন্স দেওয়া হোত যেটা এ্যাবলিস হয়ে গেছে, সেটা কি আপনি জানেন স্যার?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এই জন্যই দেওয়া হোত যে, আগে ৯টার সময় (সকাল) বসতো। এবং নিশ্চয় যা দেওয়া হয়েছে একটা পরামর্শ করে দেওয়া হয়েছে, একটা আইন মারফৎ হয়েছে।

Shri Jatin Chakrabarty:

যদি হয়ে থাকে, অর্থাৎ ৯টায় আসতে হোত কিন্তু এখনও তাদের ৯টায় আসতে হচ্ছে। অথচ তার কোন পরিবর্তন হয় নি। কিন্তু এই যে এলাউন্স এটা এবলিস করে দেওয়া হয়েছে—তাদের এই ও, টি, এ্যালাউন্স।

The Hon'ble Saila Kumar Mukherjee:

দেবো না একবারও একথা বলি নি—তবে এটা তো একটা মগের মুল্লুক নয়—আইনসঙ্গতভাবে করুন এবং অনুরোধ করছি বার বার যে ২ জন একটা প্রস্তাব করে সেটা আমাদের কাছে পাঠান তারপর দেখা যাবে।

Shri Jatin Chakrabarty:

সে প্রস্তাব আপনার কাছে গিয়েছে, যে চিঠি এখান থেকে পাঠানো হয়েছে সেই চিঠি—স্যার, মগের মুল্লুক নয় উনি বলছেন—২২এ এপ্রিল তারিখে ১৯৬৪ একটা নোটিফিকেসন আছে—

মেমোরেণ্ডাম আছে—বি, বি, বিশ্বাস, ডেপ্‌টি সেক্রেটারী টু দি গভর্ণমেণ্ট অব ওয়েষ্ট বেঙ্গল—তিনি এটায় সই করেছেন তাতে স্যার, দেখুন—

"For some time past the question of grant of special pay to the personal assistants, stenographers attached to Ministers, State Ministers, officers of the rank of Secretaries of departments and Joint Secretaries in-charge of departments who are required to perform arduous nature of duty and stay in office long after the usual office hours, was under the consideration of the Government. Government after careful consideration have decided that such personal assistants and stenographers shall be granted a special pay in addition to their grade pay for performing duties of arduous nature. The Governor is accordingly pleased to accord sanction to the payment of special pay to the P.As. attached to the Ministers and officers noted against each as shown below."

মিনিষ্টারের পি, এ. হলে ৪০ টাকা—ষ্টেট মিনিষ্টারের হলে—৪০ টাকা, আর যদি সেক্রেটারীর হন তাঁর পি, এ, পাবেন.
Joint Secretary in-charge of a department.
হলে হবে ৩০ টাকা.
The order shall take effect from the 1st April, 1964.
দেওয়া হলো। মিনিষ্টারের বেলায় হলো. ষ্টেট মিনিষ্টারের বেলায় হোল—আমি এখন জিজ্ঞাসা করতে পারি কি—অধ্যক্ষ মহাশয় এখনকার মন্ত্রী মহাশয়দের উনি যে মগের মুল্লুকের কথা বলছেন—মগের মুল্লুক তো রয়েছে—মুল্লুক তাহলে নিজের. মিনিষ্টারের. ষ্টেট মিনিষ্টারের বেলায় এক রকম আর সব এক রকম—স্যার, মগের মুল্লুক নয় তো কি এটা?

The Hon'ble Rabindralal Sinha:

Is it a question hour? Are we having any discussion?

Shri Jatin Chakravorty:

স্যার, আমার সাপ্লিমেন্টারী বলার সময় আছে—আমার প্রশ্ন হচ্ছে এটা কি মগের মুল্লুক নয়? তাহলে এটা কি, নিশ্চয়ই এটা মগের মুল্লুক। স্যার. এটা যে পড়ে শুনালাম আমাদের ষ্টাফকে ওভার টাইম খাটানের জন্য রাত্রি ৮।৯টা পর্যন্ত আমি দেখেছি—এখান থেকে যেতে—

(এ ভয়েস ঃ তাহলে দরদ আছে......)

দরদ আছে বৈকি—নিশ্চয়ই দরদ আছে কারণ আমাদের তো তাদের কাছে যেতে হয়। মন্ত্রী-দের যেতে হয় না—মন্ত্রীরা তো ১টা থেকে ৩টা পর্যন্ত এনগেজ বলে বসে থাকেন—স্যার; কি করেন?

Shri Sasanka Sekhar Sanyal:

Engaged in what sense?

Mr. Chairman: In dictionary sense.
সুতরাং এখন কবে দেবেন এবং দেবেন কিনা সেটাই হচ্ছে আমার প্রশ্ন।

The Hon'ble Saila Kumar Mukherjee:

আমি বারবার বলেছি, কবার পুনরাবৃত্তি করব। আমি একটা যুক্ত প্রস্তাব চাই। অর্থাৎ এসেম্বলী ষ্টাফ সম্বন্ধে স্পীকার এবং চেয়ারম্যান আমাদের কাছে একটা প্রস্তাব পেশ করুন। সরকারের ২ লক্ষ ১০ হাজার কর্মচারীর মধ্যে এরাও যখন সরকারী কর্মচারী হিসাবে গণ্য হবে তখন কোন পার্থক্য না হয় সেটা বিবেচনা করে করতে হবে। কিন্তু প্রস্তাব আসবে এ্যাসেম্বলী ও কাউন্সিল থেকে।

Shri Nirmalya Bagchi:

সরকারের অন্য বিভাগগুলিতেও কি ওভার টাইম এলাউন্স দেওয়া হয়?

The Hon'ble Saila Kumar Mukherjee:

যেখানে আইনসঙ্গত রুল অনুসারে এলাউড সেখানে দেওয়া হয়। কিন্তু বিচার করতে হবে সমসাময়িক পর্যায়ে যারা পরে সেই রকম পর্যায়ে অন্য কেউ বঞ্চিত হচ্ছে কিনা?

Shri Jatin Chakrabarty:

...ন কি জানাবেন যে বাজেট সেসনের সময় অতিরিক্ত খাটুনির জন্য ফাইনেন্স ডিপার্টমেন্ট-এর কোন কোন কর্মচারীর জন্য ওভার টাইম এলাউন্স করা হয়েছে কিনা?

The Hon'ble Saila Kumar Mukherjee:

প্রশ্নকর্তা খুব ভাল রকম করে জানেন যে ঐ সংবাদ আমি তাঁকে দিয়েছি যে বাজেট সেসনে দেওয়া হয়, সুতরাং এ প্রশ্ন করে আমাকে বিভ্রান্ত করে লাভ নেই। দেওয়া হবে না কে বলছে? আপনারা অন্য জিনিষ অনুমান করছেন কেন? দেবার যে রীতি আছে সেই রীতি অনুসারে করবার কথা বলা হচ্ছে।

Shri Nirmalya Bagchi:

আপনি তাহলে স্বীকার করছেন যে এখান থেকে প্রস্তাব গেলেই দেওয়া হবে?

The Hon'ble Saila Kumar Mukherjee:

বিবেচনা করা হবে।

Shri Santosh Kumar Bhattacharyya:

যুক্ত প্রস্তাব যে দেওয়া হবে যা মন্ত্রীমহাশয় বলেছেন। দুটো হাউস-এর স্পীকার, চেয়ারম্যান এবং সকলের সঙ্গে পরামর্শ করে ও'রা একটা ব্যবস্থা করবেন। কিন্তু বর্তমানে বাজারের যে অবস্থা তাতে লোয়ার পেইড কর্মচারীদের নাভিশ্বাস উঠেছে। এই কথা বিবেচনা করে ইন্টারিম পিরিয়ড-এ এড্ হক বেসিস-এ পেন্ডিং ফাইন্যাল স্যাংসান এবং এখান থেকে রিকমেণ্ডেসান পেলে এড্ হক বেসিস ইন্টারিম পিরিয়ড-এ ইন ভিউ অব দি এবনরমেল রাইজ ইন প্রাইস মন্ত্রীমহাশয় কি তাদের ইন্টারিম পিরিয়ড-এ এড্ হক কিছু দেবেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

এই প্রশ্নের জবাব আমি দিয়েছি।

Shri Jatin Chakrabarty:

উনি বললেন যে এখান থেকে প্রস্তাব গেলে বিবেচনা করে দেখবেন বলে তাঁকে ধন্যবাদ দিচ্ছি। কিন্তু এটা কি কভার করবে অল সেকসান অব এমপ্লয়িজ গেজেটেড এণ্ড নন-গেজেটেড-এর সকলের যাতে হয় সে সম্পর্কে কি খেয়াল রাখবেন?

The Hon'ble Saila Kumar Mukherjee:

খেয়ালের বশে রাজত্ব চলে না, রাজত্ব চলে আইনের বলে।

Shri Jatin Chakrabarty:

আমাদের এখান থেকে যদি প্রস্তাব যায় যে গেজেটেড অফিসার-দের কেস করতে হবে তাহলে সে প্রস্তাব কি আপনারা বিবেচনা করবেন?

Deputation allowance to Primary Teachers

*45. **Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the amount of deputation allowance paid by Government to primary teachers during their training in a Junior Basic College;

(b) whether any other amount is paid by Government to the Junior Basic trainees towards their expenditure as trainees;

(c)(i) if a new fee has been levied lately on the trainees as their examination fee;

(ii) if so, the amount per head; and

(d) if the Government will consider the desirability of meeting all expenditure of their examination from the State funds including the examination fees?

The Hon'ble Rabindralal Sinha: (a) While under training in a Junior Basic Training College, teachers of District School Board managed schools and deputed by the District School Boards are paid their deputation salary by the respective Boards and those of Government sponsored Primary Schools in urban areas by the respective District Inspector of Schools.

(b) Yes; stipend at the rate of Rs. 30 per month.

(c)(i) Yes.

(ii) Rs. 10 per head.

(d) No.

Shri Rajkumar Chakraverty: In view of the fact that the primary teachers get a very small pay much below Rs. 100 and in view of the fact that the deputation allowance of Rs. 30 paid to the teachers per month is hardly sufficient to cover their hostel expenses, will Government kindly reconsider the matter?

[3-20—3-30 p.m.]

The Hon'ble Rabindralal Sinha: In all examinations fees are charged and the stipend is in addition to the pay which they draw from the Board. Therefore, at the present moment Government is not in a position to reconsider the matter.

Shri Nirmalya Bagchi:

১৯৫০ সাল থেকে কিম্বা তার পূর্ব থেকে বেসিক ট্রেনিং পরীক্ষার ফি নেওয়া হয় না। আজকে নূতন করে ফি ধার্য করার পেছনে কি যুক্তি থাকতে পারে?

The Hon'ble Rabindralal Sinha:

তার কারণ হল পূর্বে যাঁরা একজামিনার ছিলেন তাঁদের কোন ফি দেওয়া হত না। তাঁদের রেমুনারেসন না দিলে খাতাপত্র পরীক্ষার অসুবিধা হয়। সেজন্য এবারে খাতাপত্র দেখার জন্য একটা ফি ধরা হয়েছে।

Shri Nirmalya Bagchi:

মন্ত্রী মহাশয় কি বলবেন এই খাতাপত্র যাঁরা পরীক্ষা করেন তাঁরা হচ্ছেন সরকারী বিভাগের ইন্সপেকটিং ষ্টাফ ও কলেজের অধ্যক্ষ, অধ্যাপক?

The Hon'ble Rabindralal Sinha:

আমি সঠিক বলতে পারবো না। তবে কলেজের অধ্যক্ষ এবং অধ্যাপকরাই থাকেন। যেমন সব' পরীক্ষায় অধ্যক্ষ ও অধ্যাপকরাই থাকেন। কিন্তু রেমুনারেসান যাতে পান তাই ব্যবস্থা হচ্ছে।

Shri Nirmalya Bagchi:

এটা কি সরকারের নিজের ভান্ডার থেকে করা সম্ভব নয়?

The Hon'ble Rabindralal Sinha:

সম্ভব হলে করা যেতো, কিন্তু যেহেতু করা হয় নি তখন বোঝা যাচ্ছে সম্ভব নয়।

Shri Nirmalya Bagchi:

এটা আপনি বিবেচনা করবেন কি?

The Hon'ble Rabindralal Sinha: That is a request for action.

Shri Nirmalya Bagchi:

আপনি কি এটা অনুভব করেন যে ১০ টাকা মাত্র ফি বর্তমানে খাতা দেখার জন্য দেওয়া হয়ে থাকে তা প্রথমে পকেট থেকে বহন করতে হয়। সে ক্ষেত্রে ১০ টাকা যে একজামিনেশন ফি চাপিয়েছেন সেখানে তাঁদের পক্ষে একটা হার্ড শিপ হবে?

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয় অনুভূতির কি উত্তর দেবো তা বুঝতে পাচ্ছি না। আমার কাছে ইনফরমেশন চাইলে জবাব দেব। আমি এই কথাই বলছি যে অনুভূতির কোন জবাব দেওয়া যায় না।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই যে ৩০ টাকা ডেপুটেশন এলাউন্স দিচ্ছেন গভঃ থেকে বেসিক ট্রেনিজ-দের এপার্ট ফ্রম দি পে এই টাকাটা তাঁরা ঠিক সময় মত পান কি?

The Hon'ble Rabindralal Sinha:

এই ফাইল দেখে বলতে পারবো না, পরে প্রশ্ন করলে বা জানতে চাইলে জানাব।

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই যে জুনিয়ার বেসিকদের পরীক্ষা হয়ে গেলে এর ফলাফল পেতে কতদিন ব্যবধান থাকে?

The Hon'ble Rabindralal Sinha:

এটা তার আছে। তাকে যদি বলা হয় যে, কাপড়টা ডাঃ সুনীতি চ্যাটার্জি-এর বা শশাঙ্কশেখর সান্যাল-এর এতে তোমার কোন এক্তিয়ার নেই টু সেট দি ল ইন মোশন এটা যেমন অবাস্তব এবং হাস্যাস্পদ হবে এখানে সেন্ট্রাল যদি বলেন যে ন্যাশনাল হাইওয়ে ষ্টেট গভর্নমেন্ট-এর মধ্য দিয়ে যেখানেই যাচ্ছে তাকে প্রোটেক্ট করবার অধিকার ষ্টেট অব ওয়েষ্ট বেঙ্গল-এর নেই তা হলে এটাও ঠিক ততখানি মারাত্মক হবে। এই বিষয় নিয়ে একটা গল্প আছে একটা ভিখারী পুষ্করিণীর ধার দিয়ে গাল দিতে দিতে যাচ্ছে যে বাবা বাড়ীতে এমন নূতন বউ এসেছে যে বাড়ীর দরজায় যেতে না যেতেই বলে তুমি ভিক্ষা পাবে না। পুষ্করিণীতে চান করছিলেন শাশুড়ী শুনে তিনি বললেন কি হলো কি হলো! শোন! ভিখারী বল্লো ঐ বাড়ীতে গিয়েছিলাম নূতন বউ তাড়িয়ে দিল। শুনে শাশুড়ী বল্লো নূতন বউ তাড়িয়ে দিয়েছে এ্যাঁ! চলো তুমি আমার সংগে। সে ভাবলো এবার কিছু পাবো বোধ হয়। দরজায় দাঁড়িয়ে শাশুড়ী বল্লো বউ বলবার কে? আমি বলছি তুমি ভিক্ষা পাবে না। এই রাস্তা সেন্ট্রাল গভনমেন্ট-এর রাস্তা ষ্টেট গভর্নমেন্ট-এর বুকের উপর দিয়ে যাচ্ছে। ষ্টেট গভর্নমেন্ট আইন করে যেমন নিজের রাস্তা রক্ষা করবে ও তার একটা বিধান আছে সেকসান ২৮-এ যে, ন্যাশনাল হাইওয়ে রক্ষা করবে যেন নিজের হাইওয়ে হিসাবে। সেটা কি ভুল হলো? যেমন ধরুন গ্র্যান্ড ট্রাংক রোড চারিদিক থেকে এনক্রোচমেন্ট হচ্ছে। যদি এই রকম ভাবে এনক্রোচমেন্ট করে কেউ ষ্টেট বসিয়ে ফেলে তা হলে ষ্টেট গভর্নমেন্ট-এর কোন হাত থাকে না, ষ্টেট গভর্নমেন্ট হাত দিতে পারবে না লিখিত কোন অর্ডার না পেলে। সেন্ট্রাল গভর্নমেন্ট-এর ব্যাপার এটা সুতরাং দিল্লী যাবে এবং সেখান থেকে হুকুম আসবে তবে সে হবে। যদি একটা এক্সিডেন্ট হয় ঐ ষ্টল-এর জন্য তাহলে তার সমস্ত একসান নেবে সেন্ট্রাল গভর্নমেন্ট। এটা একটা ননসেন্সিক্যাল বললে আনপার্লামেন্টারী হবে ইনডিসেন্ট হবে, অত্যন্ত
thoughtlessly, flipantly, carelessly, without understanding the legal implication.
সেন্টার থেকে পাঠিয়েছে বলে যে আমাদের তা গ্রহণ করতে হবে এর কোন মানে নাই। আমি আপনার মাধ্যমে আমার বন্ধু মিনিষ্টারকে অনুরোধ করবো যে তিনি এডভোকেট জেনারেলকে ডেকে আনুন এই হাউসে: তিনি এসে প্রেসিডেন্টকে এ্যাডভাইস করবার জন্য তাঁর যেমন অথরিটি আছে, তেমনি এডভোকেট জেনারেলেরও অথরিটি আছে টু এ্যাডভাইস দিস হাউস এন্ড দি গভর্নর এবং
Advocate General, West Bengal, is not in rank and status subordinate or inferior to the Attorney General.
কাজেই তাঁর ইন্ডিপেন্ডেন্ট ওপিনিয়ন এখানে আনা হোক্ এবং আমি যে ভিউ বলছি, আইনের সেই ভিউ যদি তিনি গ্রহণ করেন তা আমাদিগকে জানান। আমাদের ডিউটি হবে যে সেই বিল ফেরৎ পাঠানো থ্রু দি গভর্নর টু দি সেন্ট্রাল গভর্নমেন্ট। কিন্তু কি অন্যায় আমরা করেছি আইনে, কি অপরাধ করেছি, কোথায় আমরা আইনের বিধি লঙ্ঘন করেছি সেটা আমাদের জানা দরকার। এবং তা যদি আপনি না করেন তাহলে আমরা দুই হাউসের কম্বাইন্ড ওয়াইজডম যেটা করেছি, তা যেন আমরা ভুল করেছি মনে হবে এই রকম একটা কনফেস-নেস আমরা করে নিচ্ছি। এই কনফেসান-এর পার্টী আমরা কিছুতেই হব না।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

মাননীয় চেয়ারম্যান মহাশয়, আমরা যখন এই বিলটা তৈরী করেছিলাম এবং এই ২৮ নম্বর ধারাটা যখন এতে অনুপ্রবিষ্ট করেছিলাম তখন এটা খুব ভেবে চিন্তেই করেছিলাম। কারণ আমাদের সরকারের আইনজ্ঞদের সংগে পরামর্শ করেই করা হয়েছিল। কিন্তু কথা হচ্ছে যে ধারা নিয়ে ব্যাখ্যা। আমরা এক রকম ব্যাখ্যা করেছি, কেন্দ্রীয় সরকারের আইন উপদেষ্টারা অন্যরকম ব্যাখ্যা করেছেন। তাঁদের কথা হচ্ছে ইউনিয়ন লিষ্ট ওয়ান-এর সেভেনথ সিডিউল-এ ন্যাশানাল হাইওয়েজ হচ্ছে সেণ্ট্রাল গভর্ণমেণ্টের ব্যাপার। কারণ এক্সিভ রাইট ন্যাশানাল হাইওয়েজ সম্পর্কে ক্ষমতা ইউনিয়ন লিষ্ট ওয়ান-এ আছে

Section entry 23—Highways declared by or under law made by Parliament to be National Highways

এটার উপর ওঁরা জোর দিয়ে বলছেন—ন্যাশানাল হাইওয়েজ যখন তার উপর লেজিসলেশান তোমরা করতে পারো না। কিন্তু আমাদের যুক্তি ছিল এই যে তোমাদের সেন্ট্রাল গভর্ণমেণ্ট-এর উপর যে লেজিসলেশান করেছেন ন্যাশানাল হাইওয়েজ এ্যাক্ট, ১৯৫৬, ওর ভেতর মেণ্টেন্যান্স-এর দিক দিয়ে যা প্রয়োজন, তার কোন কিছু নাই ওখানে রাস্তার উপর কোন এনক্রোচমেন্ট হলে সেই এনক্রোচমেণ্ট দূর করা বা নিবারণ করা—তার কোন প্রভিসান নাই। রাস্তা ড্যামেজ হতে গেলে সেই ড্যামেজ-এর হাত থেকে রাস্তাকে রক্ষা করবার জন্য যে সব আইন-কানুন দরকার তা কিছু ওর মধ্যে নাই রাস্তার যানবাহম চলাচলের নিরাপত্তার জন্য যে সকল বিধিব্যবস্থা প্রণয়ন করা প্রয়োজন ছিল তারও কিছু সেখানে নাই। তবু আমরা এটা এইজন্য প্রয়োজন মনে করে গিয়েছিলাম যে ন্যাশানাল হাইওয়েজ ভারত সরকারের প্রপারটী হলেও রাজ্য সরকারের উপর তার যা ডেভেলপমেণ্ট ও মেণ্টেন্যান্স-এর ভার সেটা অর্পিত আছে। এইজন্য আমাদের যখন এগুলি রক্ষণাবেক্ষণ করতে হবে, তখন আমরা ন্যাশানাল হাইওয়েজ-এর উপর আইন করছিলাম না—, রাস্তার উপর নিরাপত্তার জন্য যেগুলি করা দরকার তা আমরা করতে চাচ্ছিলাম। আমরা ভেবেছিলাম আমাদের যে সমস্ত স্টেট-এণ্ড, যে সমস্ত স্টেট এণ্ট্রি আছে যেমন

Entry 13—Communication, etc., 18—land, 35—works, 64—offices, 66—fees,

এগুলি নিয়ে যা স্টেট লিষ্ট-এ আছে—আর তাছাড়া কনকারেণ্ট লিষ্ট যেমন

Criminal law—Entry 1, Entry 2, Criminal Procedure, Entry 35—Michanically propelled vehicles, etc., Entry 42—Acquisition and requisitioning of property, Entry 46—Jurisdiction and power of all Courts, etc., and Entry 47—fees, etc.

এই যে সব এণ্ট্রি কনকারেণ্ট লিষ্ট-এ আছে এগুলির সাহায্যে আমাদের হাইওয়েজ এ্যাক্ট-এ যে সব ধারা আছে এই ধারাগুলির কোন কোন ক্ষেত্রে আমরা ন্যাশানাল হাইওয়েজ-এর উপরও তা অর্পণ করতে পারি, বিশেষ করে ইউনিয়ন লিষ্ট-এর যা সেকসন এন্ট্রি ৩২ তাতেও আছে

[4-30—4-40 p.m.]

"Property of the Union and the revenue therefrom, but as regards property situated in a State specified in part A or part B of the first Schedule, subject to legislation by the State, save in so far as the Parliament by law otherwise provided."

এখানে আমাদের ওয়েষ্ট বেঙগল পার্ট "এ" ষ্টেট। তারপর যে সমস্ত লেজিসলেসন করতে চেয়েছিলাম সে সম্পর্কে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট কোন লেজিসলেসন করেন নি—ন্যাশনাল হাইওয়ে এ্যাক্ট-এ সেসব নাই। কাজেই এই এণ্ট্রি উপর আমরা পারি। এটা আমাদের একটা আইন ছিল, কিন্তু আমরা যখন এই বিল তৈরী করে আমাদের দুটি হাউসে বিল গ্রহণ করার পর ওনার কাছে গেলুম ; গভর্ণর বুঝেছিলেন যে হয়ত আইনগত প্রশ্ন আছে তাই তিনি এতে সম্মতি না দিয়ে পাঠালেন প্রেসিডেণ্টের কাছে। তিনি এটর্ণী জেনারেলের সংগে পরামর্শ করে আমাদের কাছে এটা ফেরৎ পাঠিয়েছেন। এখানে এই যে মতভেদ রয়েছে সে সম্পর্কে আমাদের এটর্ণী জেনারেল এক কথা বলবেন, আর এককথা বলবেন এডভোকেট জেনারেল।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনারা কি এডভোকেট জেনারেল-এর অপিনিয়ন চান নি?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

আমাদের এল-আর-এর ওপিনিয়ন নিয়েছিলাম এবং আমাদের এখানের লিগাল এ্যাডভাইসর নিয়ে এই বিল তৈরী হয়েছিল। এটর্ণী জেনারেল-এর ওপিনিয়ন নিলাম। আবার এখানে এডভোকেট জেনারেল-এর ওপিনিয়ন নিতে.........

Shri Sasanka Sekhar Sanyal:

এটর্নী জেনারেল-এর ওপিনিয়ন নিতে আমরা বাধ্য নই।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

নিতে বাধ্য নয় বল্লেন—কিন্তু প্রেসিডেন্ট এ্যাসেন্ট দেবেন না।

Shri Sasanka Sekhar Sanyal:

যখন আমরা আমাদের মত পরিবর্তন করতে পারছি না তখন যেহেতু এটর্ণী জেনারেল ভিন্ন মত দিয়েছেন সেইহেতু আমাদের মত বিসর্জন দিয়ে বিল এ্যাসেন্ট করে কেন নেবো?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

এজন্য বলতে যাচ্ছি যে এই আইন পাশ না হওয়ার ফলে আমরা আমাদের এনক্রোচমেণ্ট দূর করতে পারছি না। যার জন্য এই বিল এনেছিলাম। অনেক বন্ধু অন্যান্য রাস্তার উপর যে সব ক্ষতি হচ্ছে এগুলি যতদিন আমরা বাক্‌বিতণ্ডা করবো ততদিন আমরা আমাদের এনক্রোচমেণ্ট দূর করতে পারবো না।

Shri Sasanka Sekhar Sanyal:

যদি প্রেসিডেণ্ট মনে করেন যে ইনফ্রিঞ্জ করছে—আমরা যদি সেই মত গ্রহণ না করি—প্রেসিডেণ্ট ইচ্ছা করলে তিনি সেকসন ২৮ বাদ দিয়ে এসেণ্ট দিতে পারেন।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

না—এটা হয় না।

Shri Sasanka Sekhar Sanyal:

কেন?

The Hon'ble Khagendra Nath Das Gupta:

প্র্যাক্টিক্যালি তাই হয়েছে। এটা বাদ দিয়ে বাকীটায় প্রেসিডেণ্টের এসেণ্ট পাওয়া যাচ্ছে এবং এটা স্পষ্ট বোঝা যাচ্ছে যে তিনি একটী ধারাতে আপত্তি করেছেন কিন্তু একটা ধারাতে আপত্তি করাতে ধারাটী আমাদের কার্যকরী হচ্ছে না। এটার জন্য বিলের অন্যগুলি চাপা দিতে হচ্ছে। এতে আমাদের ক্ষতি হচ্ছে অত্যন্ত। বহু এনক্রোচমেণ্ট কেস হয়েছে পশ্চিমবাংলায় এবং সর্বত্র রাস্তাঘাটে যে সমস্ত এনক্রোচ হয়েছে এবং রাস্তাঘাটের নিরাপত্তার জন্য এগুলি প্রয়োজন। এটা না হলে আমাদের "সাফার" করতে হবে। এটা নিয়ে ডিলে করতে চাই এই ইণ্টারপিটেসন ব্যাপারে। আমি বলতে পারি যে আমরা করবো বলে ঠিক করেছি যে সেকসন ২৫ যখন আমাদের এখানে বাদ দিলাম ন্যাশানাল হাইওয়ে এ্যাক্ট-এ আমাদের যেসব সেলিয়েণ্ট প্রভিসনগুলো করলাম এই অনুরোধ আমরা সেণ্ট্রাল গভর্ণমেণ্টকে যে আপনারা নিয়ম করে দিন যাতে আমরা আবার প্রেসিডেণ্টের কাছে যেতে পারি।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, সমস্ত কণ্ট্রাক্টর এ্যাপয়েণ্ট হয়ে গেছে এখন সেই কণ্ট্রাক্টারদের আর কি করে সরানো যায় বলুন তো দেখি।

Mr. Chairman: Quite apropos.

The motion of the Hon'ble Khagendra Nath Das Gupta that the West Bengal Highways Bill, 1963, as passed again by the Assembly under the proviso to article 201 of the Constitution, be taken into consideration, was then put and agreed to.

The question that the amendment made by the Assembly to the Bill be agreed to was then put and a division taken with the following result:—

AYES—33

Ahmed Hossain, Shri
Banerjee, Dr. Anil Chandra
Banerjee, Dr. Srikumar
Banerjee, Shri Sudhir Kumar
Barman, Shri Upendranath
Bhattacharyya, Shri Sreepada
Bisi, Shri Promotho Nath
Chakravarti, Shri Byomkesh
Chatterjee, Sm. Abha
Chatterjee, Shri Lalit Mohon
Dutta, Shri Sukumar
Esmail Ebrahim, Dr.
Ghatak, Shri Bibhuti Bhusan
Ghosh, Shri Pijush Chandra
Gurung, Shri Nar Bahadur
Jha, Shri Pashu Pati
Maliah, Shri Pashupati Nath
Manna, Shri Rebati Raman
Mohammad Sayeed Mia, Shri
Moitra, Shri Dhirendra Nath
Mondal, Shri Dhajadhari
Mukherjee, Shri Biswanath
Paul, Shri Suresh Chandra
Prasad, Shri R. S.
Prodhan, Shri Lakshman
Rai Choudhuri, Shri Mohitosh
Roy, Dr. Biswaranjan
Roy, Shri Chittaranjan
Sanyal, Dr. Charu Chandra
Sarawgi, Shri Dharam Chand
Sen, Sm. Reba

Singh, Shri Ram Lagan
Sinha, The Hon'ble Rabindralal

NOES—13

Abdul Halim, Shri
Abdullah Rasul, Shri
Bhattacharyya, Shri Santosh Kumar
Bose, Shri Nirmal
Chakravarty, Shri Amar Prasad
Chakraverty, Shri Rajkumar
Chakravorty, Shri Jatin
Debi, Sm. Anila
Haldar, Shri Gopal
Mukhopadhay, Shri Debendra Kumar
Roy, Shri Satya Priya
Sanyal, Shri Sasanka Sekhar
Sen Gupta, Shri Manoranjan

The Ayes being 33 and the Noes 13, the motion was carried.

[5-40—5-10 p.m. including adjournment.]

The Hon'ble Khagendra Nath Das Gupta: I beg to move that the Bill as settled in the Council be passed.

Shri Satya Priya Roy:

আমি একটা প্রশ্ন মন্ত্রী মহাশয়ের কাছে জানতে চাইছি কারণ প্রশ্নটা আমার মনে উঠেছে ; আমাদের শ্রদ্ধেয় শশাঙ্ক শেখর সান্ন্যাল মহাশয়ের কাছে শুনলাম যে ঐ ২৮ নং ধারা রেখেও বিলটা সেণ্ট্রাল গভর্ণমেণ্ট-এর কাছে প্লেস করা যেতে পারে। তা হলে এই ধারাটা বাদ দিয়ে রেস্ট অফ দি এ্যাক্ট যা থাকে তা প্রেসিডেণ্ট এসেণ্ট দিতে পারেন কিনা সেটা সম্বন্ধে মন্ত্রীমহাশয় কিছু বললেন না, সেই সম্পর্কে আমরা কিছুই জানতে পারলুম না।

The Hon'ble Khagendra Nath Das Gupta:

ওটা বাদ দিয়েই বাকীটা পাঠিয়ে দিচ্ছি।

Mr. Chairman: It is an open question. It was never decided before.

Shri Sasanka Sekhar Sanyal: If you send it back without deleting clause 28, it is open to the President to give his assent only minus that.

Shri Satya Priya Roy:

তাই যদি হয়, তাহলে আমার মনে হয় ন্যাশানাল হাইওয়ে-এর উপর ষ্টেট গভর্ণমেণ্টের যেটুকু অধিকার ছিল, ক্লজটা তুলে দিলে সেটুকু চিরকালের জন্য আপনারা বিসর্জন দিচ্ছেন। এবং স্বাভাবিক এর এনক্রোচমেণ্ট ও রক্ষণাবেক্ষণ ইত্যাদিতে এগুলির বিশেষ প্রয়োজন আছে। যে রকম ঘন ঘন এ্যাক্সিডেণ্ট হচ্ছে ন্যাশানাল হাইওয়ে-র উপর তারজন্য এই অধিকার ষ্টেট গভর্ণমেণ্টের আছে কিনা—সেটা ভেবে দেখার প্রয়োজন আছে। এবং সেই অধিকার রক্ষার জন্য ফাইট করা প্রয়োজন আছে। যদি তাতে আমাদের রাজ্যের দিক থেকে আইনের ক্ষতি হয়, তাহলে এটাকে এইরকমভাবে নীতি স্বীকার করে তুলে নওয়ার কোন প্রয়োজনীয়তা

ছিল না—একথা আমরা মনে করছি এর জন্য নিজেদের বিচার বুদ্ধির উপর নির্ভর করা শ্রেয়।

The motion of the Hon'ble Khagendra Nath Das Gupta that the Bill as settled in the Council, be passed, was then put and agreed to.

Mr. Chairman: The Bill will now be presented again for assent after re-numbering the clauses and removing other patent errors, if any.

[At this stage the House was adjourned for 20 minutes.]

[5-10—5-20 p.m.]

(After adjournment)

The Jadavpur University (Amendment) Bill, 1964.

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to move that the Jadavpur University (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

Sir, this is a very short Bill seeking to amend the existing Jadavpur University Act. Within the short compass of this Bill principally two changes are sought to be made. Offices corresponding to that of the Chancellor and Vice-Chancellor in other Indian Universities are designated at Jadavpur as the President and the Rector. It is thought proper that there should be uniformity in designation so far as the Head of the University and Head of the University administration are concerned. Moreover Sir, certain difficulties crop up and certain embarrassments are also caused because you know, Sir, that there are offices of Rectors in other Indian Universities as well and those offices of Rectors are in addition to Vice Chancellor. Rectors in some University hold a rank in position superior to that of the Vice-Chancellor as in Viswabharati University where Her Excellency the Governor is the Rector, and in some other Indian Universities their rank is inferior to that of the Vice-Chancellor as in Delhi and in Bombay. Therefore, in All-India Conferences this causes some difficulty and some embarrassment. So the Jadavpur University recommended to the Government that the designation of the President and Rector be changed into those of the Chancellor and Vice-Chancellor. The Government has accepted the recommendation and has come forward before the Legislature with the proposal for amending the Act. The second change sought to be made is with regard to the office of the Treasurer. Treasurer of the Jadavpur University is an honorary officer. The University Grants Commission recommended to all Indian Universities for abolition of the post of Honorary Treasurer and for creation of the post of permanent whole time paid Finance Officers, so that the financial matters of the University can be properly looked into—the Finance Officer to advise the University regarding all matters concerning finance. Jadavpur University accepted this recommendation of the University Grants Commission and recommended to the Government that the post of the Treasurer be abolished. I am told that in the pattern of the new Universities set up throughout India there are the offices of Finance Officer and not that of the Treasurer. Even I understand that Visva Bharati Court, i.e., Sansad, has also passed a resolution moving the Union Government for amending the Bill for abolition of the office of the

Treasurer. These are in the main, Sir, the principal provisions of the present short amending Bill, and both the amendments have been recommended by the University of Jadavpur, and not only recommended they have pressed for their acceptance, and accepting the recommendation of the University the Government have come forward before the legislature for their acceptance.

Shri Rajkumar Chakraverty: Mr. Chairman, Sir, it is no doubt, as the Hon'ble Minister has pointed out, a short Bill but the implications of some of the provisions are very far reaching and cut at the root of the academic freedom of some of the academic bodies of the University. Sir, there is one provision which is proposed to be amended which seeks to say that the duties and powers of the Chancellor are to be defined by the rules framed by the University; that section is sought to be deleted. I don't quarrel with it. New powers have been given in clause 5 of the Bill. New powers have been defined for the Chancellor who was called President so long. That is where my serious objection arises. I draw your attention, Sir, to clause 5 where there has been an insertion of a new section, i.e., 6A, giving powers to the Chancellor. Section 6A(1) says that the Chancellor shall be the head of the University and shall, when present, preside at any meeting or any convocation of the University. He shall be entitled to be present and to participate in any meeting of any body of the University and to confer on behalf of the University, degrees and other academic distinctions, to be awarded by the University. I don't quarrel with it also. But then comes the dangerous provision, i.e., sub-section (2), which says that in case of any difficulty arising in connection with the implementation or interpretation of any of the rules of the University, please note the words, Sir, "implementation or interpretation of any of the rules of the University" the Chancellor shall be competent to remove or resolve such difficulty and his decisions in the matter shall be final. Sir, I forget for the time being that the President or the Chancellor of this University is the Governor of the Province. Sir, I will attack this provision on abstract principle. In a body of men there is bound to be difference of opinion—honest difference of opinion; there may be question of law, there may be question of academic interest, there may be question of Constitution, and the Chancellor may not be a legal expert; but still all powers have been given to him for resolving the differences so far as implementation and interpretation of any of the rules of the University is concerned.

There may be difficulties with regard to the interpretation of academic matters. The Chancellor may not be a high academician, still he or she will be entitled to give his or her final decision in the matter. There may be constitutional matters to be decided by the Chancellor and the Chancellor may not be a constitutional expert, but still the Chancellor will be entitled to give his or her final decision in the matter. This is where I seriously join issue with my friend on the Treasury bench. The proposal really seeks to hand over the Jadavpur University to one-man rule. Whatever justification there might be with regard to the power of interpretation of the rules of the University which is sought to be given to the Chancellor, certainly there is not the least justification for giving this final power with regard to the implementation of any rules of the University. Please note the distinction between implementation of any rule and interpretation of any rule. I know that when an old law is repealed and a new law is enacted, there are certain transitory provisions. In such cases, an authority is mentioned who will resolve the difficulties for the time being for smooth working. But this is not a measure like this. This is not a transitory provision. We are going to insert this in the body of the Jadavpur University Act.

Now, let us take one hypothetical case. Supposing there is a rule in the University that candidates securing 60 per cent. marks will be placed in the First Division. Then there is another rule that candidates coming from other Universities will have to pay a certain migration fee. Now, if there is any dispute with regard to rules like these, who will decide such cases and will have the final say? As it is about the implementation of certain rules of the University, it is the Chancellor who will decide these matters. But the Chancellor may not be a legal expert or high academician or a constitutional expert. So, really the interpretation or implementation will be done by his Head Assistant or by his Secretary, though the name of the Chancellor will be there.

Sir, coming to the practical aspect of the thing. I presume the Chancellor of this University will be the Governor of this State. The Chancellor is to be elected by a small Committee of three persons, one of whom is the Hon'ble Minister of Education of this State, another is a representative of the Central Government and the third man will be a University man without any particular qualifications. So, virtually the Selection Committee to appoint the Chancellor will be a Government Committee and, in all probability, the Chancellor will be the Governor—the Head of the State. Now, Sir, if she has to resolve any difficulty with regard to implementation of any rule or interpretation of any rule, it will be done really not by the Chancellor but by the Secretariat, by the people of the Writers' Buildings, by the Education Secretary. There comes the real danger. It strikes at the very root of academic freedom of the academic body.

Now, the question may be put to me, how to resolve such difficulties? My answer will be that if there is any difficulty with regard to interpretation of law, it should be referred to the Legal Remembrancer or to the Advocate-General. Similarly, if there is any difficulty with regard to any academic matter, a small body of experts should be appointed by the Senate or the Court—whatever the name may be and the decision of the experts should be binding upon the University. Surely, such matters cannot be left to be decided by the Chancellor or his Secretary or his Head Assistant. Sir, this is my point of objection with regard to this clause. This is a very dangerous provision which cuts at the very root of academic freedom of an academic body.

Sir, next I come to section 6 where the name of the President is changed into Chancellor.

[5-20—5-30 p.m.]

In that connection, I would draw the attention of the House to the fact that there is provision for a Selection Committee which will appoint the Chancellor. Though, I think, the constitution of the Selection Committee is not very happy there is provision for two Government representatives and one person of the University—it is not a representative Selection Committee, yet this is a departure from the practice prevalent in five other Universities of West Bengal, viz., the Calcutta University, the Burdwan University, North Bengal University, Kalyani University and Rabindra Bharati University, which have got the Governor as the ex-officio Chancellor. Today in India in educational circles there is a demand that the head of the State should not be the Chancellor of a University. If the head of the State becomes the Chancellor, he is influenced by the people of the Secretariat at Writers' Buildings, and the academic freedom of the University may be in jeopardy. Therefore, I welcome the provision in the Jadavpur University for the Selection Committee, though it should have been

more representative. Anyhow, that is not within the scope of the present Bill. I hope the Hon'ble Minister will remember this provision when he considers the amendment of the Calcutta University Act. I hope he will not say that automatically the Chancellor will be the Governor of the Province ex-officio. I hope he will follow this principle of the appointment of the Chancellor by a Selection Committee in the case of the Calcutta University also.

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই কথা ঠিক যে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে বিল এনেছেন তাহা একটা সংশোধনী বিল। কিন্তু আমার বক্তব্য হচ্ছে এই যে আগে যাদবপুর বিশ্ববিদ্যালয় আইন পাশ করা হয়েছিল ১৯৫৫ সালে। আইন পাশ হবার পর প্রায় দশ বৎসর পার হয়েছে। এর ভেতরে কিভাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কাজ হয়েছে, আইনের কি ত্রুটি বিচ্যুতি রয়েছে এবং বিশ্ববিদ্যালয়ের কাজের কি ধরনের কোথায় অসুবিধা হচ্ছে এই সমস্ত বিষয় বিবেচনা করে একটা সামগ্রিক বিল আনা উচিত ছিল। আমার মনে হয় এই ধরনের দু-একটা সামান্য সংশোধন করে প্রশাসনিক ক্ষেত্রে কিছুটা অসুবিধা দূর করলেই শিক্ষার উন্নতি হবে না। কেবল মাত্র প্রেসিডেন্ট-এর জায়গায় চেনসেলার এবং রেকটর-এর জায়গায় ভাইস চেনসেলার এবং ট্রেজারার-এর জায়গায় ফাইনেন্সিয়েল অফিসার বসিয়ে দিলেই সমস্ত কিছু মিটে যাবে না। সমস্যা কেবল এখানে নয়। কেবল মাত্র এই বিল পাস করে দিলেই যাদবপুর বিশ্ববিদ্যালয় খুব ভাল করে কাজ করবে এটা মনে করলে খুবই ভুল হবে। আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে অনুরোধ করবো যে তিনি এরূপ একটা পিসমিল লেজিশলেসান না এনে সামগ্রিকভাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একটা বিল আনুন। কারণ বিশ্ববিদ্যালয়ের যে আইন রয়েছে সেই আইন অনুসারে কাজ হচ্ছে এটা সকলেরই জানা আছে।

সত্য সত্যই যে উদ্দেশ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয় তৈরী করা হয়েছিল—জাতীয় ঐতিহ্যকে অনুসরণ করে তা কি আজ সার্থক হয়েছে? এই বিশ্ববিদ্যালয়ের জন্য লক্ষ লক্ষ টাকা ব্যয় করা হচ্ছে। কেন্দ্রীয় সরকারের অর্থ ব্যয় হচ্ছে এবং আমাদের এখনকার রাজ্য সরকারের থেকেও ব্যয় করা হচ্ছে। এবং তাতে কি লাভ হয়েছে? ইঞ্জিনিয়ারিং ক্ষেত্রে হয়ত কিছু ভাল ছাত্র বেরিয়েছেন, এবং সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে তাঁরা কিছু ভাল ফল দেখিয়েছেন। কিন্তু আর্টস ও সাইন্স-এ ছাত্র-ছাত্রীরা ভাল ফল দেখাতে পারেন নি। এদিকে আমাদের বিশেষ দেখা দরকার। বর্তমানে যাদবপুর বিশ্ববিদ্যালয় যেভাবে চলেছে তা দেখলে মনে হয় যে বোধ হয় এদের কোন পরিকল্পনা নেই। আজকে পরিকল্পনার যুগে আমরা সমস্ত বিষয়েই একটা উন্নয়ন পরিকল্পনার মধ্য দিয়ে চলেছি। কিন্তু এখানে দেখতে পাচ্ছি যে, যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে আনপ্লান্ড ডেভেলপমেন্ট চলেছে। রেকটর অথবা রেজিষ্ট্রারকে যদি জিজ্ঞাসা করা যায় যে আগামী মাসে কোথায় বাড়ী উঠবে, তাঁরা কেউই সে কথা বলতে পারেন না। কোন জায়গাতেই কোন রকমের পরিকল্পনা নেই এসব কিছুর পেছনে।

একটা মস্ত বড় বিপদের কথা হচ্ছে বিশ্ববিদ্যালয়কে অধিকার দেওয়া হয়েছে যে বিশ্ববিদ্যালয়ের কেন্দ্র থেকে পাঁচ মাইল ব্যাসের মধ্যে বিশ্ববিদ্যালয় এফিলিয়েসন দিতে পারে। এর পরিণামে হয়েছে কি কলকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের একটা বিরোধ বাঁধাবার ব্যবস্থা হয়েছে এবং ফলে দেখা যাচ্ছে বিবভিন্ন জায়গায় এ ধরনের বিরোধের কারণ ঘটছে।

কিছুদিন আগে একটি হোম সায়েন্স কলেজের অনুমোদন চাওয়া হয়েছিল কলকাতা বিশ্ববিদ্যালয়ের কাছে, কলিকাতা বিশ্ববিদ্যালয় তার অনুমোদন দেন নাই। হোম সায়েন্স কলেজ যে হওয়া উচিত ছিল সে বিষয়ে কোন দ্বিমত নাই। কিন্তু কলিকাতা বিশ্ববিদ্যালয় হয় তো কোন কারণে বিবেচনা করে এই কলেজের অনুমোদন দেন নাই। সঙ্গে সঙ্গে তারা যাদবপুর বিশ্ববিদ্যালয়ে চলে গেলেন, এবং তাঁরা অনুমোদন দিয়ে দিলেন। এই কলেজটির নাম হলো জওহরী দেবী বিড়লা কলেজ ফর হোম সায়েন্স।

The Hon'ble Rabindralal Sinha:

আমি বলছি তারা অনুমোদন দেন নাই। ওটা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের এলাকায় পড়ে না, ৫ মাইলের মধ্যে নয়, দু-মাইলের ভেতর। আপনি জেনে নেবেন।

Shri Nirmal Bose:

ভাল কথা, আমি যতদূর জানি তাতে তাই। এটা যদি হয়ে থাকে, আমি মেনে নিচ্ছি। দু-মাইলের ভেতরও কলেজ আছে; বিজয়গড় কলেজ যাদবপুরের দু-মাইলের মধ্যে হবে। ভবিষ্যতে যদি কোন কারণে তারা কলিকাতা বিশ্ববিদ্যালয় মনে করেন তাদের এ্যাফিলিয়েশন কেটে দেওয়া উচিত তাহলে তারা যাদবপুর বিশ্ববিদ্যালয়ের কাছে যাবে এবং সঙ্গে সঙ্গে তাঁরা অনুমোদন দিয়ে দেবেন এই রকম সংকট দেখা দিতে পারে। জুরিসডিকশান-এর ক্ষেত্রে একটা পারস্পরিক বিরোধ থেকে যাচ্ছে এবং দাগ একটা গোলমালের ফাঁক রয়ে গেছে। এই রকম অবস্থা যাতে দূর হয়, সে বিষয়ে শিক্ষামন্ত্রীর অবহিত হওয়া দরকার এবং সেইভাবে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সংশোধন প্রয়োজন।

যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভেতরকার অবস্থা যা, সেখানে একটা চরম অব্যবস্থা চলছে! বর্তমানে যিনি রেক্টর—নূতন বিল আইন পাশ করে সেই নাম পরিবর্তন করে উপাচার্য করতে চাচ্ছেন ভাল কথা, বর্তমান উপাচার্য বা রেক্টর তিনি খুব ভাল লোক, উপযুক্ত লোক, শিক্ষাব্রতী হিসেবে তাঁর অবদান আছে, তাঁর প্রতি আমার শ্রদ্ধা আছে। কিন্তু তার সময় নাই। সর্ববিভাগের কাজ দেখা তাঁর পক্ষে সম্ভব নয়। সর্বভারতীয় ক্ষেত্রে তাঁকে ঘোরাঘুরি করতে হয় এবং কিছুটা স্বাতন্ত্র্যও তিনি বিভিন্ন বিভাগকে চান। সায়েন্স, আর্টস এবং ইঞ্জিনিয়ারিং-এ কিছু কিছু স্বাতন্ত্র্য তিনি দিয়েছেন। তার ফলে স্কুল অফ সায়েন্স এণ্ড স্কুল অফ আর্টস একটা ভয়ানক নৈরাশ্য চলছে। ডিন এবং প্রিন্সিপ্যালের মধ্যে কার কি কাজ এবং কার কতটুকু ক্ষমতা তা পরিষ্কার করে দেওয়া নাই। সায়েন্সের ক্ষেত্রে দেখছি সেখানে প্রিন্সিপ্যালই সর্বেসর্বা, ডীন নামমাত্র। আবার আর্টসে ঠিক এর উল্টো ব্যাপার—সেখানে ডীনই সর্বেসর্বা, প্রিন্সিপ্যাল সেখানে কিছুই করেন না। নূতন করে যখন একটা বিলই আনা হচ্ছে, তখন এই ধরনের যেসব এনোমেলিজ আছে, তা দূর করা দরকার। প্রিন্সিপ্যালের কি ক্ষমতা, ডীনের কি ক্ষমতা এগুলি পরিষ্কার করে বলা দরকার। আমি মনে করি এখানে প্রিন্সিপ্যালের কোন প্রয়োজনীয়তা নাই, ডীন সেখানে যথেষ্ট এবং এই যে একটা দ্বৈতশাসন ডাইরেক্টলি চলছে এটার অবসান হওয়া দরকার।

আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হলো আর্টস এবং সায়েন্স-এর পড়াশোনার ব্যবস্থা এখানে রয়েছে, খুব ভাল। কিন্তু সেখানে আণ্ডার গ্রাজুয়েট স্তরে বি, এ, বি-এস-সি-তে প্রচুর টাকা খরচ হচ্ছে, অনেক অধ্যাপক রয়েছেন। কিন্তু ছাত্রসংখ্যা অত্যন্ত কম। বর্তমানে যখন ছাত্র ভর্তির সমস্যা ভয়ংকর রকম এই বিষয়ে শিক্ষামন্ত্রী একটা বিবৃতি দিয়েছেন। আমি তার সঙ্গে একমত নই, ভর্তির সমস্যা যে অত্যন্ত প্রকট, যে কোন কলেজে যে কোন সময় গেলে আমরা সেটা দেখতে পাই। যাদবপুর বিশ্ববিদ্যালয়ে বর্তমানে বি-এ-তে মাত্র শ'-খানেক ছাত্র পড়ান হয়, যেখানে এর চারগুণ ছাত্র নেওয়া যায়, সেখানে এত কম ছাত্র নেবার কারণ কি? যদি এমন হতো যে ছাত্র বাছাই করে নেওয়া হচ্ছে, তাহলে বুঝতাম, সর্বভারতীয় প্রতিযোগিতার ক্ষেত্রে কেন ভাল ফল হয় না, সেখান থেকে যে সব ছাত্র বেরুচ্ছে তাদের পাশের হার ৫০ ভাগও নয়। তাই সেখানে এক্ষুণি অনেক ছাত্র বাড়িয়ে নেওয়া যেতে পারে। এই একই কথা এম, এ, এম-এস-সি-র ক্ষেত্রেও প্রযোজ্য। সেখানে মাত্র ৮০ জন ছাত্র বিভিন্ন বিভাগ নিয়ে। এখানে কেন তিন চার গুণ ছাত্র বাড়ানো যাবে না তা বুঝতে পারি না।

আর একটা ব্যাপারের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেখানে যে প্রিপারেটরি ক্লাশ রয়েছে এই ক্লাশ সেখানে রাখার সার্থকতা কি তা আমি বুঝে উঠতে পারি না, সেখানে সেই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকরা পড়ান। বিশ্ববিদ্যালয় তাদের অধ্যাপকদের বিশেষ যোগ্যতা বিচার বিবেচনা করে নেন এবং তার জন্য তাদের অনেক বেশী বেতন দেওয়া হয়। তাঁদের সেখানটাতে প্রি-ইউনিভার্সিটি ক্লাস-এর সমপর্যায়ে যে ক্লাস, সেখানে তাঁদের দিয়ে পড়ানো হচ্ছে, এর জন্য অন্যান্য কলেজ রয়েছে। সেদিন শিক্ষামন্ত্রী লালবাবা কলেজ খুলে এলেন, সেখানে

১২৫ টাকা যাদের মাইনে দিয়ে রাখা হচ্ছে, তাঁরা সেই প্রি-ইউনিভার্সিটি ক্লাসে পড়াচ্ছেন। বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকদের বেশি মাইনেতে আপত্তি করছি না—তাঁরা বেশী মাইনে নিন, নিশ্চয়ই তাঁরা ভাল পড়ান। এই টাকা অন্যদেরও দেওয়া যায়। আমার বক্তব্য হচ্ছে এখানে অধ্যাপকদের দিয়ে প্রি-ইউনিভার্সিটি ক্লাস-এ না পড়িয়ে বি, এ, বি-এস-সি, ক্লাসে যেখানে অনার্স রয়েছে, এম. এ, যেখানে রয়েছে, সেখানে আরো ছাত্র নেওয়া হোক, আরো সেকশান্ বাড়ান হোক্ এবং এই সব যোগ্য অধ্যাপকদের দিয়ে সেই সব ক্লাস নেওয়া হোক্। প্রি-ইউনিভার্সিটি অন্য কলেজ থেকে পাস করে সেখানে অনায়াসে ভাল ছাত্র গিয়ে ভর্তি হতে পারবে। সেখানে প্রিপারেটরি ক্লাস রাখবার কোন যৌক্তিকতা নাই এবং সেখানে আরো যে কতকগুলি বিভাগ আছে যেমন কমপেরেটিভ লিটারেচার সেখানে ছাত্র হচ্ছে না, অথচ অনেক অধ্যাপক রয়েছেন। এই ধরনের যে সব বিভাগে ছাত্র কম হচ্ছে, সেখানটায় প্রচুর অধ্যাপক রেখে দেওয়ায় কি সুবিধা হচ্ছে আমি তা বুঝে উঠতে পারি না। এরজন্য আমাদের যে সব বিভাগে ছাত্র বেশী হয়, সেইসব বিভাগে আরো বিষয় বেশী করে পড়ান দরকার।

[5-30—5-40 p.m.]

এ প্রসঙ্গে আর একটি বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে চাই—এটা নিশ্চয় অপ্রাসঙ্গিক হবে না। তার কারণ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের বিল আলোচনা করছি আবার কবে নূতন বিশ্ববিদ্যালয় বিল আসবে তা আমরা জানি না—তবে সরকারের বিশ্ববিদ্যালয় নীতি সম্পর্কে কয়েকটি কথা বলা দরকার। কেবলমাত্র বিশ্ববিদ্যালয় বাড়ালেই সমস্যার সমাধান হবে না। পশ্চিমবাংলায় অনেক বিশ্ববিদ্যালয় বাড়ানো হয়েছে এবং ভবিষ্যতে আরও অনেক বিশ্ববিদ্যালয় হবে। কিন্তু কলিকাতা বিশ্ববিদ্যালয় যেটা আমাদের দেশের প্রধান এবং অন্যতম তার উন্নয়নের জন্য টাকা পাওয়া যায় না। একটা বিমাতৃসুলভ মনোভাব সেখানে রয়েছে। আবার অন্যান্য বিশ্ববিদ্যালয় হচ্ছে, সেখানে টাকা খরচ হচ্ছে—আরও বিশ্ববিদ্যালয় রয়েছে—উত্তরবঙ্গ, বর্ধমান, কল্যাণী ইত্যাদি। কিন্তু দেখতে হবে সত্যিই কি তাতে আমাদের উপকার হয়েছে? সেখানে অধ্যাপক পাওয়া যায় না। তাঁরা যান না। এবং সেখানকার ছাত্রদের ঠিকমত পড়াশুনা হচ্ছে না—কিন্তু কলকাতা বিশ্ববিদ্যালয়ে যদি ভাল করে চেষ্টা করা হোত তাহলে অনেক ফল ভাল হোত। বিশ্ববিদ্যালয় বেশী করে করা হচ্ছে যার ভেতর কোন রকম যোগাযোগ নেই, কো-অর্ডিনেশন নেই। তার ফলে একটা ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি হচ্ছে। যেমন ১০ই আগষ্ট কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হবার শেষ তারিখ ছিল। উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয় ওল্ড কোর্স বি, এ, বি, এস-সি-এর ফল এখনও বেরোয় নি।

The Hon'ble Rabindralal Sinha: On a point of order, Sir. Are these relevant in considering the amendment?

Mr. Chairman: I think, Shri Bose should speak on the principle involved in the amendment.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, my friend is suffering from a misapprehension because Shri Bose is making it a point to criticise the principle behind the Bill, and in doing so he is illustrating instances of other Universities.

The Hon'ble Rabindralal Sinha: My submission is that this is not a fact he is not illustrating from other Universities in criticising the principle involved in the Bill. I submit, Sir, that it is not allowed.

Shri Nirmal Bose:

কথা হচ্ছে একটা বিশ্ববিদ্যালয় বিল আনা হয়েছে, সেখানে সরকারের বিশ্ববিদ্যালয় নীতি সম্পর্কে আমরা নিশ্চয় আলোচনা কবতে পারি আমি যে কথা বলছিলাম যে বর্তমানে আমাদের দেশের বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে কোন রকম যোগাযোগ নেই আজকে কাগজে দেখলাম বর্ধমান বিশ্ববিদ্যালয়ের আজকে ত্রিবার্ষিক ফলাফল বেরিয়েছে। হ্যাঁ যদি তিনি এ কথা বলতে পারতেন

যে ওখানকার বা উত্তরবঙ্গের ছাত্রছাত্রীরা সেখানে পড়বে এখানে আসবে না কিন্তু সেখানে যেসব বিভাগ নাই যেমন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে বাংলা নাই, ইতিহাস নেই, সেখানকার ছেলের কি করে এম, এ ক্লাসে ভর্তি হবে? বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পলিটিক্যাল সায়েন্স নেই—সেখানে পলিটিক্যাল সাইন্স ছাত্ররা পড়তে পারে না। সেইজন্য বলছি যখন পশ্চিমবঙ্গ সরকার সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি স্থাপিত করছেন, তাদের কাজের যোগাযোগ যাতে থাকে এ বিষয়ে তাদের করা উচিৎ।

আমি আবার একথা বলতে চাই। এটা হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয় সংস্কারের জন্য কেবলমাত্র নামগুলি পালটালেই কাজ হবে না। বিশ্ববিদ্যালয় পরিচালন ব্যবস্থা, শাসন ব্যাপারে যে অবস্থা রয়েছে, যে পারস্পরিক বিরোধ রয়েছে সেগুলি দূর করা চাই। এবং আরও বেশী ধাতে ছাত্র নেওয়া যায় বা সম্ভব হয় এই বিষয়ে ব্যবস্থা করা দরকার। প্রিপারেটরী ক্লাস খুলে দেওয়া দরকার। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সঙ্গে ৫ মাইল—যেটা দু-মাইল বলছেন—এই জুরিসডিকসন ঠিক করে দেওয়া দরকার। এই যেসব অসুবিধাগুলি রয়েছে সেখানে আমাদের দরকার একটি সামগ্রিক বিল আনা; এই রকম একটি পিস-মিল লেজিসলেসন দিয়ে আমাদের কাজ হবে না।

Shri Nirmalya Bagchi:

এই যাদবপুর বিশ্ববিদ্যালয় সংশোধনী বিল যেটা আজ উপস্থিত করা হয়েছে ঠিক এমনই বিল ১৯৬২ সালে উপস্থিত হয়েছিল এবং আমরা বরাবরই একথা বলেছি যে সমস্ত কার্যকলাপ এই কয় বছর ধরে দেখছি তাতে সর্বকিছু সমস্যা আলোচনা করে একটা সর্বাঙ্গ সুন্দর আইন আনা খুব প্রয়োজন, এবং যখন ১৯৬২ সালে একটি সংশোধনী পাশ করার পর আবার ১৯৬৪ সালে আর একটি সংশোধনী আনা হচ্ছে তখন এটা সেই পুরানো বক্তব্যকে সমর্থন করে। এই বিল আলোচনা প্রসঙ্গে অধ্যাপক রাজকুমার চক্রবর্তী মহাশয় যে সন্দেহ প্রকাশ করেছেন এবং বারংবার আমরা আমাদের দিক থেকে যে সন্দেহ প্রকাশ করেছি যে সমস্ত বিশ্ববিদ্যালয়গুলি সরকার কুক্ষিগত করতে চাচ্ছেন বিশ্ববিদ্যালয়গুলিকে সরকার চান তাঁর তহশীলে পরিণত করতে।

বিরাট একটা জমিদারী খুলেছেন এবং তার মধ্য দিয়ে তাঁরা এই সমস্ত বিশ্ববিদ্যালয়গুলিকে তাঁদের অধীনে একটা তহশীলে পরিণত করতে যাচ্ছেন। যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে সাবধানবাণী অধ্যাপক রাজকুমার চক্রবর্তী মহাশয় উচ্চারণ করেছেন তার পূর্বে সুপ্রীম কোর্ট-এর মাননীয় বিচারপতি শ্রীসুব্বারাও সমাবর্তন উৎসবে ভাষণ প্রসঙ্গে এই কথা বলেছিলেন যে সমস্ত ভারতবর্ষে এই একটা ধারা দেখা দিয়েছে যাতে সমস্ত বিশ্ববিদ্যালয়ের উপর সরকারের নিয়ন্ত্রণ আরও দৃঢ় হচ্ছে। বিহারে এই ধরণের অনেক বিশ্ববিদ্যালয় গড়ে উঠেছে এবং সেখানকার সমস্ত আইনগুলো সম্পর্কে সুপ্রীম কোর্ট-এ এইরকম ধরণের বিরূপ মন্তব্য করা হয়েছে এবং যার জন্য সেখানে অনেক আইন বাতিল করতে হয়েছে। আর একটা কথা যেটা নির্মলবাবু বলেছেন সেটার আমি একটু ব্যাখ্যা করতে চাই। ১৯৫৫ সালে কোলকাতার উপকন্ঠে যখন যাদবপুর বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হয়েছিল তখন এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করার স্বপক্ষে সর্বাপেক্ষা একটা বড় যুক্তি ছিল কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যে পরিমাণ ভর্তির চাপ শুরু হয়েছে যেটা কোলকাতা বিশ্ববিদ্যালয় সমাধান করতে পারছেন না। অর্থাৎ আসেপাশে যদি আরও কয়েকটা বিশ্ববিদ্যালয় হয় তাহলে ছাত্র ভর্তি সমস্যার সমাধান হতে পারে, কিন্তু দুঃখের বিষয় যাদবপুর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যে নীতি গ্রহণ করেছেন তা হচ্ছে উচ্চশিক্ষা ক্ষেত্রে একটা সঙ্কোচনের নীতি। আমি যতদূর সংবাদ সংগ্রহ করতে পেরেছি সেটা হচ্ছে যে অনার্স ক্লাশ-এ ১২ থেকে ১৩ জন পর্যন্ত ছাত্র ভর্তি করা হয় এবং এম, এ, ক্লাশ-এ ১০ জন হচ্ছে সর্বোচ্চ সংখ্যা। কোলকাতা বিশ্ববিদ্যালয়ে যেখানে এম. এ. ক্লাশ-এ মাসিক মাহিনা ১২ টাকা সেখানে যাদবপুর বিশ্ববিদ্যালয় এমন কি এমন উচ্চ গরিমময় শিক্ষাব্যবস্থা আছে যে ছাত্র পিছু মাসিক বেতন হচ্ছে ২০ টাকা। এর পেছনে একটা অভিসন্ধি কাজ করছে। বাংলাদেশে শিক্ষিত বেকার সমস্যার সমাধান সরকার করতে পারছেন না, সেই কারণেই এই রকম বিশ্ববিদ্যালয় হোক যার মধ্য দিয়ে নিজেদের কিছু পৃষ্ঠপোষক লোকজনের বেকার সমস্যার সমাধান হতে পারে—তাঁদের

জন্য উচ্চপদস্থ কিছু পদের ব্যবস্থা হোক। কিন্তু আসলে দেশের লোকজন উচ্চশিক্ষার পথে অগ্রসর না হন সে সম্পর্কে যেন কোন প্রচেষ্টা না হয়। আজ লক্ষ্য করার বিষয় যে বাংলাদেশের ঊনবিংশ শতাব্দীর ইতিহাস থেকে শুরু করে আজ পর্যন্ত মধ্যবিত্ত সমাজের মধ্যে উচ্চশিক্ষা লাভ করার যথেষ্ট আগ্রহ যখন দেখা দিচ্ছে তখন পশ্চিমবঙ্গ সরকার বলছেন উচ্চশিক্ষা প্রসার যেন না হয়। উচ্চশিক্ষার সঙ্কোচন যেন হয়। বাংলাদেশের মানুষ বহুবার এর কারণ জানতে চেয়েছে, কিন্তু তার কোন উত্তর তারা পায়নি। শেষ কথা বলব, আজকে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে পারস্পরিক সম্পর্কে নানারকম সংকট দেখা দিতে আরম্ভ হয়েছে। এই সমস্ত সংকটের সমাধানের উপায় নিয়ে বহু আলোচনা করেছি। প্রাক্তন মুখ্যমন্ত্রী ডাঃ রায় বলেছিলেন পশ্চিমবাংলার বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে একটা কো-অর্ডিনেশান কমিটি গঠন করার প্রয়োজন, কিন্তু আজ পর্যন্ত সেই প্রতিশ্রুতি পালিত হয়নি। আমাদের এখানে কোন প্রতিশ্রুতি পালিত হচ্ছে কি না তা পরিষদে বা বিধানসভায় দেওয়া হয়েছে সেটা দেখবার মত কোন কমিটি হয়নি। অতএব যে প্রতিশ্রুতি দেওয়া হয় সেই প্রতিশ্রুতি পালিত হবার কোন আশা নেই। আমি পুনরায় বলছি এই বিলের যে ধারা সম্বন্ধে আমরা আপত্তি উত্থাপন করেছি সেই ধারাটা আমার মনে হয় শিক্ষামন্ত্রী মহাশয় প্রত্যাহার করে নিন এবং গণতন্ত্রের প্রতি ও একাডেমিক ফ্রিডম-এর প্রতি মর্যাদা দেখান।

[5-40—5-50 p.m.]

Dr. Srikumar Banerjee: Mr. Chairman, Sir, this amending Bill has a limited objective but still certain far reaching issues have been raised by my friends on the other side. I would traverse certain of the principles raised by my friends on the other side before turning to the provisions of this Bill. In the first place, I am not afraid of an onward and go ahead Government taking charge of education. I am afraid of the other contingency, a sleep-walking Government surrendering its rights to its own officers; that is my apprehension. If the Government really wanted business, it might take charge and it might go ahead with its policies, and to that I do not think we ought to object, because it is a National Government. But if the Government remains self-complacent after having passed the Bill and then makes over the newly started University to the tender mercy......

Shri Sasanka Sekhar Sanyal: What is the implication of the National Government?

Dr. Srikumar Banerjee: You are intelligent enough to find it out. The Government, after passing a Bill and starting a University, should not go to sleep and complacently leave the administration to local people and to some reactionary officers who manage things in their own way and spoil the ends of education and spoil the purpose of the Act. If the Government intends to put its head into the management of the University education, I think they will earn the sympathy of all people, on both sides of the House. So the apprehensions expressed by my friend Shri Nirmalya Bagchi that the Government intends to swallow up education does not have any terror for me.

Then, coming to the provisions of this Bill, one of the fallacies which the Government seems to entertain about the Universities is that it thinks that it has achieved a great thing if it has established uniformity of procedure; it thinks that it has achieved a great thing if it has merely followed the routine pattern. Therefore, the Education Minister said that now it has established uniformity of procedure in changing the designation of the Rector to that of the Vice-Chancellor and changing the designation of the

President to that of the Chancellor. I may point out that different Universities have different traditions, different Universities have different backgrounds, and it would not do to saddle all of them with the same uniform constitution. I take it that the elective principle still survives with respect to the Jadavpur University. You know, Sir, that the Jadavpur University was started by the leading men of the country during the flood-tide of the Nationalist movement; all our great men who made their mark in the public life of the country, co-operated in bringing into shape that University and formulating its ideals. Therefore, the Government should not rest contented by merely giving the Jadavpur University the same kind of constitution that prevails with respect to the other Universities. I take it that the principle of election with respect to the President still continues, though there has been a change in the designation from the President to the Chancellor. The word "Chancellor" has very inveterate long-standing associations. It invariably reminds us of the Governor of the Province, and in this particular case the Governor of the State happens to be the President of the Jadavpur University but she is here through a process of election.

Now if there is a Chancellor who is also the Governor of the province, then we continue to go on a legal fiction. Just as in the sphere of administration a Governor is supposed to carry on the administration of all the Departments of the State, so in the world of education the Chancellor supervises and manages all the affairs of education, no matter whether she is an academician, no matter whether she has an intimate knowledge of academic problems, no matter whether she can solve academic difficulties or whether she has views placed before her by some interested parties which she swallows and which she translates into practice and circulates with the seal of her approval. Therefore, Sir, we ought to realise that in this particular case, the Chancellor has been elected and so I take it that she is not identical with the Governor of the province, and I also take it that she will not have to listen to the Secretary in the sense in which ordinarily the Chancellor has got to be guided by a Secretary. On this point I require an assurance, Sir, because I have personal knowledge as to how the affairs of the new Universities are being mismanaged because of the ignorance of the Chancellor with respect to academic problems, and how she is being misled and misguided by misinterpretations of the actual state of the law. I could have told you examples which I don't give here that interpretations given by the Legal Remembrancer have been turned down by the Governor. Interpretations given by the Legal Remembrancer about the legality of a particular action taken have been turned down by the Governor on the advice of her Secretary. Sir, that goes to show that it is not safe at all to entrust the administration of the University in the highest post of the University to a Chancellor if she does not happen to be an academic expert and if she is guided by people who have their own interested motives in flouting the law.

Then, Sir, the next point is that in this particular case I take it that only the name 'President' is being changed for that of the Chancellor. But the powers of the President and the methods of election will continue unchanged, and since the President or the Chancellor comes in through the process of election, the Chancellor won't have any of the dignity, won't have any of the pomp and paraphernalia that attaches to the Governor of the province who is ex-officio the Chancellor of the other Universities. Sir, I would refer to section 6A—the Chancellor shall be the head of the Universty and shall, when present, preside at any meeting or any convocation of the University. He shall be entitled to be present and to participate in any meeting of anybody of the University and to confer, on behalf of

the University, degrees and other academic distinctions, to be awarded by the University. Sir, this is exactly a copy of the powers which is at present enjoyed by the Governor Chancellor of the different Universities, and that does not make any allowance for the elective status of the Chancellor of the Jadavpur University. Let us know, Sir, whether there is any difference between ex-officio status of the Chancellor of the other Universities and the particular position of the Chancellor of the Jadavpur University who is an elected person.

[5-50—6 p.m.]

And in case of any difficulty arising in connection with the implementation or interpretation of any of the rules of the University, the Chancellor shall be competent to remove or resolve such difficulty and his decision in the matter shall be final. Sir, it has been rather a kind of legal fiction to invest the Chancellor with a kind of papal infallibility; we are dressing the Chancellor with papal infallibility for many years past, and, Sir, time has come now that the reality of the situation ought to be faced. After all, the cause of education and higher education is much more sacred, much more important, for the sake of the nation than the so-called prestige or so-called importance of any individual, however, great or however exalted his status may be. I would, therefore, request the Education Minister to consider whether the plenary powers given to the Chancellor to interprete rules according to her liking or to implement even the rules according to her liking should be conceded to any officer whatever his position may be. The time for investing the Chancellor with papal infallibility has long gone by and it is high time to think of some sort of democratic procedure by which the rights and wrongs might be decided. The Education Minister might keep the right with himself or as my friend Shri Rajkumar Chakravarty pointed out, some sort of expert body might be nominated to discuss and decide this question. We know exactly how these things are decided the Chancellor never applies her mind to these problems, the Chancellor has certain ready-made decisions presented to her and all that she does is to append her signature to the ready-made decisions. To my certain knowledge in respect of certain matters the Chancellor never applies her mind to educational problems she has her decisions ready-made, and she appends her signature to the decisions, and they are proclaimed as her decisions.

Then, Sir, as for the abolition of the post of the Treasurer, well, that is of course a change in the right direction. But I would only mention that the Finance Officer should not exercise the same authority or will not have the same prestige which the Treasurer used to have. Finance Officer is more or less an officer of the University, he is a paid officer, and the Treasurer, unless where he is paid, no doubt exercises a greater influence than the Finance Officer. So, if the Jadavpur University desires to have a Finance Officer, it is quite welcome to have it.

Sir, there are two points which I should mention. First of all, I should like to know whether the position of the Chancellor of Jadavpur University would be different from the position of the Chancellors of other Universities having regard to her elected status, and whether she would be saddled with the same Secretariat with which she has been saddled in respect of her administration of the other Universities. If these two points are made clear then I have no objection to the Bill being accepted, and I am sure, when the Jadavpur University itself wanted the changes, the Minister has done the right thing in accepting the suggestions of the University and in bringing forward the Bill.

Shri Gopal Haldar:
মাননীয় সভাপতি মহাশয়, ছোট প্রস্তাব সম্বন্ধে আমার বক্তব্য প্রায় শেষ হয়ে গেছে, আমাদের অধ্যাপক ডাঃ শ্রীকুমার ব্যানার্জি বলার পর আমি তাঁর সঙ্গে সকল বিষয়ে একমত এবং তিনি যেসব বিষয়ে উত্থাপন করেছেন আমার সাধ্য নেই তাঁর চেয়ে আমি ভাল করে সেসব বিষয়ে উত্থাপন করি। এজন্য আমরা তাঁকে আমাদের সশ্রদ্ধ অভিনন্দন জানাচ্ছি। এ সম্পর্কে বলতে গিয়ে প্রথমে আমাদের মনে রাখা দরকার যে যাদবপুর একটা বিশেষ রকমের বিশ্ববিদ্যালয়। এর পেছনের ইতিহাস ভুলে গেলে চলবে না। একদিন একটা বড় রকমের ঐতিহ্য ছিল যে ঐতিহ্য বর্তমান কালে বিস্মৃত হতে চলেছে—অনেকে বিস্মৃত হয়েছেন, অনেকে জানেন না। বাংলাদেশে এক নবজাগরণের মুখে, প্রথম জাতীয় আন্দোলনের মুখে আমরা এই বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করেছিলাম। আমাদের পূর্বপুরুষদের সেই ঐতিহ্য একালে বিস্মৃত হতে চলেছে। যাঁরা জাতীয় শিক্ষা পরিষদের কথা মনে রাখেন তাঁরা জানেন তাকে কেন্দ্র করে আজ যাদবপুর টেক্‌নিক্যাল ইন্‌স্টিটিউট বিশ্ববিদ্যালয়ে পরিণত হয়েছে। তা যে বিশ্ববিদ্যালয়ে পরিণত এক হিসাবে আমাদের জাতীয় আন্দোলনের একটা তা সাফল্যের প্রমাণ। সেদিক থেকে এই বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠা সব রকমে সকলের অভিনন্দন পেয়েছে এবং এখনও পাবে। সুতরাং তার সংস্কারের জন্য, ভালো কাজ করার জন্য, যাতে সে আরও কার্যকরী রূপে কাজ করতে পারে তারজন্য যে কোন প্রস্তাব আসুক না কেন তাতে শুধু এই সভাই নয়, দেশের সমস্ত লোক সমর্থন জানাবে। এর পেছনে যে অনেকখানি আবেগ রয়েছে, ঐতিহ্য রয়েছে, ভাবময় কল্পনা রয়েছে সেইসব বিস্মৃত হওয়া আজকে সম্ভব নয়। আমাদের যিনি বর্তমান মন্ত্রী তিনি নিশ্চয় সেটা সম্বন্ধে সম্পূর্ণ অবহিত আছেন। দুর্ভাগ্যক্রমে তাঁর এই যে সংশোধনী তার মধ্য দিয়ে পুরাতন ঐতিহ্যের প্রতি সম্মান প্রদর্শনের মতন মানসিকতা ততটা পরিষ্কার হয়ে ওঠেনি। কারণ তা পরিষ্কার হয়ে উঠলে যে কথা আমার পূর্ববর্তী বক্তারা জ্ঞাপন করেছেন যাকে বলে ডেমোক্রেসি সেইটুকুনকে আরও সবল করার জন্য তিনি চেষ্টা করতেন। তা না করে তিনি যেভাবে অন্যান্য ইউনিভারসিটি বিলগুলোর দৃষ্টান্ত অনুসরণ করে বর্তমান ক্ষেত্রে চেনসেলার-কে কোন কোন ক্ষমতার দ্বারা ক্ষমতাশালী করছেন তাতে আমরা বলতে বাধ্য হব যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মধ্যে তিনি যা অনুসৃত করার চেষ্টা করছেন সেটা নিশ্চয় বর্জনীয়। অর্থাৎ একটা বিশেষ ক্ষমতা চেনসেলার-কে দেওয়া হচ্ছে। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের চেনসেলার সম্বন্ধে আমি আশা করব যখন তিনি নির্বাচিত হবেন তখন এমন লোক নির্বাচিত হবেন যিনি বাংলাদেশে তো নিশ্চয়; ভারতবর্ষেও একজন বিশেষ রকমের জাতীয় নেতা বলে অভিনন্দন যোগ্য এবং গ্রাহ্য। শুধুমাত্র একটা প্রদেশের গভর্নর হয়েছেন, কিম্বা সরকারের কোন একটা পদে অধিষ্ঠিত আছেন বলেই যে কেউ যাদবপুর বিশ্ববিদ্যালয়ের চেনসেলার হবার যোগ্য হবেন, তা বলা যায় না। কারণ যাদবপুর বিশ্ববিদ্যালয় এই রকম সরকারের সহায়তায় দ্বারা প্রতিষ্ঠিত হয়নি এবং তাঁদের দ্বারা চালিত হওয়া উচিৎ নয়। যাদবপুর বিশ্ববিদ্যালয়ের জাতীয় ঐতিহ্য আছে। আমি জানি পূর্বতন আইনে সেই ঐতিহ্যের প্রতি সেইরকম সম্মান দেখান হয় নি। তার পরিচালনার মধ্যে যে ত্রুটিগুলি রয়েছে সেই ত্রুটিগুলিকে সংস্কার করে বর্তমান ক্ষেত্রে যদি যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে আইন আনা হয় তাহলে ভাল হয় এবং এইটাই তার পক্ষে প্রথম প্রয়োজন। সেই ত্রুটিগুলি সংস্কার না করে বরং উল্টো দিকে এমন জিনিস করা হচ্ছে যাতে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ঐতিহ্যকে আরও নষ্ট করা হবে। এটাই হল আমার প্রথম আপত্তি। দ্বিতীয় আপত্তি হচ্ছে যাদবপুর বিশ্ববিদ্যালয় পরিচালনায় কিছু কিছু গোলযোগ যে থেকে যাচ্ছে সে সম্বন্ধেও অভিযোগ শোনা যায়। যাঁরা পরিচালনা করেন ব্যক্তি হিসাবে তাঁরা কেউ কেউ অত্যন্ত শ্রদ্ধাভাজন, তথাপি সেখানে বিশেষ করে জাতীয় ঐতিহ্যের পরিবর্তে বিজাতীয় ঐতিহ্য এমন ঢুকেছে যা রীতিমত সন্দেহজনক যাতে বাংলাদেশ ও ভারতবর্ষের রাজনৈতিক স্বার্থ বিঘ্নিত হবে বলে অনেকে মনে করেন। সেজন্য আজ যখন এই প্রস্তাব উত্থাপিত হয়েছে তখন মন্ত্রীমহাশয়কে বলতে হয় আরও ভালভাবে সেদিকটা বিবেচনা করে সামগ্রিক ভাবে চিন্তা করে যাদবপুর বিশ্ববিদ্যালয় সম্বন্ধে সংশোধনী প্রস্তাব আনবেন। নামের পরিবর্তন সম্বন্ধে কারুর আপত্তি নেই, বরং সেখানে অনেকের সম্মতি আছে। রেকটার-এর নাম পরিবর্তন করে তাঁকে ভাইস-চ্যানসেলর-এর ক্ষমতা দেওয়া হোক—নিশ্চয় তা প্রয়োজন এবং প্রেসিডেন্ট-এর নাম পরিবর্তন করে চেনসেলার নাম করা হোক, এই প্রস্তাবে কারুর আপত্তি থাকবার কথা নয়: আমার যে নেই তা

[6—6-10 p.m.]

কিন্তু অন্যান্য যে সমস্ত জিনিষ এর সঙ্গে সংযুক্ত রয়েছে, সে সমস্ত কথা বিবেচনা করে একটা নূতন বিল আনা উচিত ছিল এবং সমস্ত জিনিষটাকে ভালভাবে বিবেচনা করা উচিত ছিল; এরকম ভাবে একটি সুন্দর বিল আনা উচিত যাতে নাকি যাদবপুর বিশ্ববিদ্যালয় তার কর্তব্য করতে পারে এবং দেশের লোকের কাছে একটা শ্রদ্ধার বিষয় হয়ে উঠে। দেশের শিক্ষিত সমাজের কাছেও শিক্ষার উপযুক্ত স্থান হিসাবে পরিগণিত হতে পারে, এই কথা নিবেদন করেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, খুব সংক্ষেপে দুটো কথা বলতে চাই। যদিও এই বিল নিয়ে যে সমস্ত কথা উঠেছে তা অধিকাংশই অবান্তর এবং এই বিলের সঙ্গে তাঁর কোন সম্পর্ক নেই। তবে যে সমস্ত কথা যখন উঠেছে তখন তাঁর সম্বন্ধে দু-একটা কথা বলা নিতান্তই প্রয়োজন। এই বিল সম্বন্ধে আলোচনা করতে গিয়ে প্রথমে গভর্নমেন্টের সমালোচনা করা হয়েছে নূতন নূতন বিশ্ববিদ্যালয় তৈরী হচ্ছে বলে। বলা হয়েছে যে বর্তমান অবস্থায় বেশী সংখ্যায় বিশ্ববিদ্যালয় স্থাপন করা উচিত নয়। আমিও এ বিষয়ে সম্পূর্ণ একমত এবং যখনই কোন নূতন বিশ্ববিদ্যালয় করার প্রস্তাব হয়েছে যেমন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় স্থাপন করার সময় আমি আপত্তি করেছি এবং বর্ধমান বিশ্ববিদ্যালয়ের বেলাতেও আমি আপত্তি করেছি। কিন্তু এ ব্যাপারে সরকারকে শুধু দোষী করলে চলবে না কারণ আপনারা ত সকল বিষয়েই দেশের মধ্যে শুধু গণতন্ত্র গণতন্ত্র এই ধোয়াই তুলেছেন। সুতরাং যেখানে সারা দেশের ডিমান্ড হচ্ছে এক্সপ্যানসান, এক্সপ্যানসান, এক্সপ্যানসান। সেখানে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ান ছাড়া সরকারের আর কি করবার আছে? কিন্তু শুধু এদেশে নয় এমন কি বিলাতে যে শিক্ষা কমিশন কিছুকাল আগে বসেছিল তাদের কাছেও দাবী উঠেছিল ইংলণ্ডে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা আরো বাড়ানো হোক আরো বেশী বিশ্ববিদ্যালয় স্থাপন করা হোক। যদিও এই দাবীকে টাইমস তার এডুকেসান সাপ্লিমেন্টে-তে অত্যন্ত স্ট্রংলি ক্রিটিসাইজ করেছিল এবং বলেছিল যে এইভাবে বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বৃদ্ধি করলে ইংলণ্ডের শিক্ষার দফা রফা হয়ে যাবে। আপনারা ত শিক্ষার কোয়ালিটেটিভ ইমপ্রুভমেন্ট চান না। দেশের মধ্যে শিক্ষার প্রয়োজনীয় উপকরণ থাক আর না থাক, উপযুক্ত শিক্ষক ও শিক্ষার পরিবেশ থাকুক আর না থাকুক আজকাল আপনারা অনবরতই চান যে স্কুলের সংখ্যা বাড়ুক, কলেজের সংখ্যা বাড়ুক এবং বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়ুক। সুতরাং সরকারকে, গণতান্ত্রিক সরকারকে, যে সরকারকে জনসাধারণের ভোটের উপর নির্ভর করতে হয়—মূর্খ জনসাধারণের আনইন্টেলিজেন্ট আনইনফরমড জনসাধারণের ভোটের উপর নির্ভর করতে হয়। (বিরোধী পক্ষ হইতে হৈ চৈ।) সুতরাং তাদের কথা অনুসারেই বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বাড়াতে হচ্ছে। এ ছাড়া তাদের আর উপায় বা কি?

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order. It is the practice and convention of the Parliament and the House that persons who cannot protect themselves should not be attacked. Janasadharan cannot protect themselves.

Shri Mohitosh Rai Choudhuri:

তারপর দ্বিতীয় আর একটা কথা উঠেছে যাদবপুর ইউনিভার্সিটির কর্তৃপক্ষ ও তাদের কার্যপরিচালনা সম্বন্ধে। এই কার্য পরিচালনার নানারূপ তীব্র সমালোচনা করা হয়েছে, কর্তৃপক্ষের বিরুদ্ধে নানারকম ভেগ চার্জ আনা হয়েছে। আমার বন্ধু নির্মলবাবু মহাশয়ই এইসব ভেগ চার্জ এনেছেন। কিন্তু তিনি তাঁর অভিযোগের সমর্থনে এই সব অন্যায় কাজের একটাও কংক্রিট ইন্সটেন্স বা উদাহরণ দিতে পারেন নি। সুতরাং এভাবে এত বড় একটি প্রতিষ্ঠানের নিন্দা করা তাঁর উচিত হয় নি বলেই আমি মনে করি। এই ইউনিভার্সিটির রেকটরকে আমি ভাল ভাবে জানি। তাঁর কার্যকলাপ সম্বন্ধে আমার কিছু পরিচয় আছে। আমার দুই নাতি ঐ বিশ্ববিদ্যালয়ের রত্ন। তারা

সেখানে পড়ে ইঞ্জিনিয়ারিং-এ ও আর্টস-এর পড়ান-শুনান সম্বন্ধে তাদের কাছে আমি যা শুনেছি তাতে আমার মনে হয়েছে এ বিশ্ববিদ্যালয় সম্বন্ধে কোন কমপ্লেইন করার নাই, অন্ততঃ কলকাতা বিশ্ববিদ্যালয়ের যে সমস্ত গোয়ালে পড়ানো হয় তার চেয়েও সেখানে অনেক ভাল পড়ানো হয়।

(বিরোধী পক্ষ হইতে হৈ চৈ)

Shri Rajkumar Chakraverty:

স্যার, অন এ পয়েণ্ট অফ অর্ডার গোয়াল বলতে মহিতোষবাবু কি মিন করছেন? কলেজকে কি তিনি মিন করছেন? যদি তাই করে থাকেন তা হলে ২০।২৫ বৎসর ধবে তিনি কোন্ গোয়ালে কাজ করেছেন?

Shri Nirmal Bose:

স্যার, এ সব কি হচ্ছে? উনি জনসাধারণকে মূর্খ জনসাধারণ ও কলেজকে গোয়াল ইত্যাদি এ সব কি বলছেন?

Shri Mohitosh Rai Choudhuri:

রাজকুমারবাবু যে সমস্ত কথা বলেছেন আমি সে সমস্ত কথার জবাব দিতে চাই না।

তারপর আর একটা কথা যাদবপুর সম্বন্ধে উঠেছে—যাদবপুর কলেজে ছাত্র কম, পোষ্ট গ্রাজুয়েট সেকসনে ছাত্র সংখ্যা কম। আর আমাদের এখানে ছাত্র সংখ্যা বেশী। অবশ্য ছাত্র সংখ্যা যতটা কম তার চেয়ে আরো কিছুটা বাড়ানোর আমি পক্ষপাতী। কিন্তু তাই বলে যে দেড়শো দুশো ছেলে পোষ্ট গ্রাজুয়েট ক্লাশে ইংরাজীতে, বাংলায়, অংকে—আমরা আমাদের এখানে কলকাতা বিশ্ববিদ্যালয়ে উপায় নাই বলে ভর্ত্তি করছি এবং করে আমরা শিক্ষার দফা রফা করে দিচ্ছি। তা করার পক্ষে আমি নই। আমি চাই অন্তত কতকগুলি ইনষ্টিটিউসন থাকুক গিফটেড চিল্‌ড্রেন-এর জন্য।

(এ ভয়েস ঃ তাকে কি ফল হয়েছে?)

যেখানে পড়াশুনা করতে হয় এবং যাতে কোয়ালিটেটিভ ইমপ্রুভমেণ্ট অব এডুকেসান হয় তার জন্য যদি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে ছাত্র সংখ্যা কমান হয়ে থাকে পোষ্ট গ্রাজুয়েট সেকশনে, তাহলে আমি তাতে আপত্তির কিছু দেখিনা। যদিও আমার মনে হয় ছাত্র সংখ্যা যতটা বর্তমানে কম আছে তার চেয়ে কিছু বাড়ানো উচিত।

ফোর্থ পয়েণ্ট হচ্ছে আমার বন্ধু ডাঃ শ্রীকুমারবাবুর সঙ্গে অধিকাংশ ক্ষেত্রে নাইনটি নাইন কেসেস আউট অব হাণ্ড্রেড আমি একমত। কিন্তু এখানে তিনি যে ইলেকটেড চ্যান্সেলার চেয়েছেন আমি তা সমর্থন করি না। আমি ইলেক্‌টেড চ্যান্সেলার-এর পক্ষে নই। আমি বলবো ইলেকটেড চ্যান্সেলার-এর যে প্রভিশন এই আইনে আছে এটা বরং উঠিয়ে দিলেই ভাল হতো। কিন্তু তা তো হবেনা। যাদবপুরের একটা ঐতিহ্য আছে চ্যান্সেলারের ইলেকসান সেখানে বরাবর হয়ে এসেছে—সেটা থাক। কিন্তু একটা কথা উঠেছে এই যে আইনে ততটা ক্ষমতা চ্যান্সেলারের হাতে দেওয়া হয়েছে সেটা কি ঠিক হয়েছে? আমার মনে হয় বেঠিক কিছু হয়নি। চ্যান্সেলারের হাতে যে ক্ষমতা দেওয়া হয়েছে তা না দিয়ে উপায় নেই। ষ্ট্যাটুটের কোন একটা ইন্টারপ্রিটেশান নিয়ে যদি গোলমাল হয়—বা রুলের ইন্টারপ্রিটেশান নিয়ে যদি কোনও গোলমাল হয়, তাহলে তার সলুসান করবে কে? মিটিং করে ভোট নিয়ে তার তো একটা সলুসান করা যাবে না? তার সলুসান চ্যান্সেলারকেই করতে হবে। একজন বন্ধু বলেছেন—

Chancellor must have an advisory body consisting so and so, and he or she must be bound to accept the advice of the majority of the Advisory Committee.

(এ ভয়েসঃ ক্ষতি কি তাতে?)

ক্ষতি কি জানিনা। কিন্তু এ প্রস্তাব অ্যাবসার্ড বলেই মনে হয়। এ কখনও হয় না। কাজেই যখন কার্য পরিচালনায়, কোনও রুল বা ষ্ট্যাটুউটের ব্যাখ্যা নিয়ে গোলমাল কিছু হবে তার মীমাংসা করবার ক্ষমতা তাঁকে দিতেই হবে এবং আমি এই কথা এ্যাসিউম করে নেব—চ্যান্সেলার-কে যখন ইলেক্ট করা হবে, তখন একটা গবেটকে নিশ্চয়ই চ্যান্সেলার ইলেক্ট করা হবে না। সুতরাং চ্যান্সেলারের হাতে এই ক্ষমতা থাকায় আশংকার কোন কারণ থাকবে না। আর সত্যি সত্যিই যদি কোন গবেটকে ইলেক্টেড করা হয় তাহলে বুঝবো ইলেকসান করাই একেবারে মূর্খতা। আমরা অনায়াসেই ধরে নিতে পারি এত ডিষ্টিংগুইসড ম্যান যেখানে মেম্বার আছেন তাদের দ্বারা কোনও মূর্খ বা অর্বাচীন ব্যক্তি চ্যান্সেলার নির্বাচিত হবেন না। কোনও গবেটকে নিশ্চয়ই তারা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার করবেন না।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of information, Sir.

গভর্ণমেন্টের এব্রিভিয়েসান হচ্ছে গভট, এখন গভর্ণরের কি হবে গবেট?

(লাফটার)

Shri Mohitosh Rai Choudhuri:

নিশ্চয়ই একজন পণ্ডিত ব্যক্তিই চ্যান্সেলার নির্বাচিত হবেন। কারণ আবার বলছি যারা তাকে ইলেক্ট করবেন, তাঁরা রেশপনশিবল ম্যান। সুতরাং এইরকম চ্যান্সেলার-এর হাতে যদি ক্ষমতা থাকে তাহলে একটা সর্বনাশ হয়ে যাবে না। তা হলেও তা সহ্য করতে হবে। কারণ এ ছাড়া অন্য কোনও ব্যবস্থা করা সম্ভবপর নয়। কাজেই আমি মনে করি যে সমস্ত আপত্তি করা হয়েছে সে সব অপ্রাসঙ্গিক আপত্তি। সুতরাং বিলে যেমন ব্যবস্থা আছে সেই ব্যবস্থা আমাদের গ্রহণ করা উচিত।

Shri Satya Priya Roy:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আজকে আমরা আশা করেছিলাম যে একটা সংশোধনী বিল যখন বিশ্ববিদ্যালয় সম্পর্কে এসেছে, তখন শিক্ষামন্ত্রী মহাশয় যাদবপুর বিশ্ববিদ্যালয়ের সঙ্গে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জগতে কি সমস্যা দেখা দিয়েছে, সেই সম্পর্কে নিজে বিবেচনা করবেন এবং বিবেচনা করে একটা সামগ্রিক সংশোধনী বিল যাদবপুরের সমস্ত সমস্যা দূর করবার জন্য আমাদের সামনে উপস্থিত করবেন। তা না করে কেবলমাত্র রেক্টরের জায়গায় চ্যান্সেলার এবং প্রেসিডেন্টের জায়গায় চ্যান্সেলার শব্দ বসিয়ে যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের শিক্ষার সমস্যার সমাধান হবেনা—সে কথা তিনিও বোঝেন, আমরাও বুঝি। অবশ্য ঐ যে ওখানে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে নির্বাচনের একটা ব্যবস্থা ছিল প্রেসিডেন্টের, সেটা কিন্তু গণতান্ত্রিক ঐতিহ্যের জন্য নয়। ব্যক্তির সঙ্গে কি রকম করে একটা নীতির পরিবর্তন হয় তারই এটা একটা জাজ্বল্যমান উদাহরণ মাত্র।

[6-10—6-20 p.m.]

ডাঃ রায় যতদিন মুখ্যমন্ত্রী ছিলেন এবং আমাদের পরিচালনা করেছেন ততদিন পর্যন্ত ডাঃ রায়কে ওখানের প্রেসিডেন্ট করা হয়েছে।

The Hon'ble Rabindralal Sinha:

ডাঃ রায়কে প্রেসিডেন্ট ইলেক্ট করা দরকার হয়নি ওখানে প্রভিসন আছে বলে .... The President of the University would be the then President of the National Council.

ডাঃ রায় ছিলেন ন্যাশানাল কাউন্সিল-এর প্রেসিডেন্ট। সুতরাং ফাস্ট প্রেসিডেন্ট হিসাবে ইলেকসান-এর দরকার হয় নি।

Shri Satya Priya Roy:

শিক্ষামন্ত্রী মহাশয় অনর্থক এইরকমভাবে দাঁড়িয়ে এইরকম একটা তরল যুক্তি দাঁড় করাবেন এটা আমরা মনে করিনি। প্রথম প্রেসিডেন্ট হবে ন্যাশানাল কাউন্সিলের প্রেসিডেন্ট, তারপর সেকেণ্ড টার্মের কি হবে সে সম্পর্কে ডাঃ রায় নিজে ভেবে দেখেছিলেন নিশ্চয়ই। কিন্তু করেছিলেন বলে আমি নিন্দা করছি না। আমি শুধু বলছি ওঁরা কেমন করে বক্তৃতাকে লক্ষ্য রেখে এইগুলিকে বদলান এবং এই নীতির নামে ওরা শুধু বক্তৃতাকে চাপা দেবার জন্য। কাজেই এখানে গভর্ণর চ্যান্সেলার হবে না। যাদবপুর আজও ডাঃ রায় যদি বেঁচে থাকতেন তাহলে ডাঃ রায় এখানকার প্রেসিডেন্টই নাম দিন আর চ্যান্সেলারই নাম দিন তিনিই থাকতেন একথা আমি জোরের সঙ্গে বলতে পারি। এবং সেইজন্যেই ঐ চ্যান্সেলারের সঙ্গে বাংলাদেশের গভর্ণর ওতপ্রোত ভাবে জড়িত এই সমস্ত বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলার হচ্ছে গভর্ণর। কাজেই সেখানে ডাঃ রায় হয়েছিলেন বলে নামটা প্রেসিডেন্ট ছিল। এই হচ্ছে তখনকার ইতিহাস। এবং এই ইতিহাসের বিরুদ্ধে যখন এই বিধানসভা আলোচনা হয় এই সমস্ত যাদবপুর ইউনিভার্সিটি বিল পুরোপুরি হয় তখন মত প্রকাশ করেছিলেন। আমাদের বক্তব্য হচ্ছে শুধু এই রকম দুটি শব্দ বদলালে যেটা এনে হাজির করেছেন এইরকম বিল আনা শিক্ষা মন্ত্রীর পক্ষে উচিত হয় নি।

বিশ্ববিদ্যালয় অনেক হয়েছে বলে কেউ কেউ উল্লেখ করেছেন। আমি তাদের দলে নই। বিশ্ববিদ্যালয় আরও পশ্চিমবাংলায় দরকার বলে আমি মনে করি। যদি ইংল্যাণ্ডের মত ছোট দেশের ১৪টা বিশ্ববিদ্যালয় থেকে থাকে তাহলে আমাদের পশ্চিমবাংলায় যদি ১০টা বিশ্ববিদ্যালয় হয় তাহলে এটাকে খুব বেশী বলে মনে করি না। কিন্তু হচ্ছে সেই বিশ্ববিদ্যালয়ের সৃষ্টি করে তাদের উন্নয়নের কোন রকম চেষ্টা করি না। বিশ্ববিদ্যালয়গুলি গড়বার পর বাস্তবিক সেইগুলি চালু হয়েছে কিনা অর্থের জন্য তা দেখেন না। এবং বিশ্ববিদ্যালয় চালু করবার জন্য যে অর্থের প্রয়োজন সে অর্থ বরাদ্দ করেন নাই। কলিকাতা বিশ্ববিদ্যালয় পশ্চিমবাংলার সমস্ত বিশ্ববিদ্যালয়ের জননী বলা চলে। সেই কলিকাতা বিশ্ববিদ্যালয়কে বঞ্চিত করে অন্যান্য বিশ্ববিদ্যালয়কে যত সামান্য অর্থ দিয়ে দেওয়া হচ্ছে। এবং যার জন্য কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে একটা প্রতিবাদের ঝড় স্বাভাবিক ভাবে উঠছে। আমাদের কথা হচ্ছে বিভিন্ন বিশ্ববিদ্যালয়গুলির মধ্যে সমন্বয় সাধন করবার জন্য ডাঃ রায় থেকে থাকতে তিনি এই প্রতিশ্রুতি এই বিধান সভায় দিয়েছিলেন যে ইন্টার ইউনিভার্সিটি বোর্ড এই পশ্চিমবাংলায় করবেন এবং সেইরকম ইন্টার ইউনিভার্সিটি বোর্ড যদি না হয় তাহলে কি অসুবিধা হয়? অসুবিধা যেমন পশ্চিমবাংলায় একমাত্র বিশ্ববিদ্যালয় ছিল কলকাতায় তেমনি উত্তরবঙ্গে যে সমস্ত আজকে পুরানো গ্র্যাজুয়েট পুরানো শিক্ষক তারা সকলেই কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ছিল। কিন্তু আজকে যখন ঐ সমস্ত নূতন ইউনিভার্সিটি হয়েছে—যাদবপুর ইত্যাদি—সেখানে যদি বি. টি. পড়তে যায় সেই অন্য জায়গায় কার এম. এ. অন্যান্যরা তাহলে তাদের মাইগ্রেসান ফি নেওয়া হচ্ছে বেতন এইরকম যে বহু মাইগ্রেসান ফি চাইছে—কলিকাতা বিশ্ববিদ্যালয়ে বলছে মাইগ্রেসান ফি নিয়ে যেতে হবে সেখানে, নর্থ বেঙ্গল ইউনিভার্সিটিতে নিয়ে যেতে হবে। কল্যাণী ইউনিভার্সিটি দাবী করছে যে কলকাতার ছাত্ররা সেখানে গেলে মাইগ্রেসান দিতে হবে এবং কলিকাতা ইউনিভার্সিটি সেইদিকে লক্ষ্য রেখে বলছে মাইগ্রেসান ফি দিতে হবে। এই যে অবস্থার সৃষ্টি হয়েছে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে সংযোগ না থাকার ফলে সেটা দূর করবার জন্য প্রয়োজন হচ্ছে এইরকম একটা ইন্টার-ইউনিভার্সিটি বোর্ড করার। কেউ কেউ বলেছেন যে যাদবপুরের প্রিপারেটরী ক্লাস-এ করানো হয় এবং সেখানে ইউনিভার্সিটি টিচাররা পড়ান এবং যারা এটা পড়েন তাদের পরম সৌভাগ্যের কথা। সেই রকম ব্যবস্থা কলিকাতা বিশ্ববিদ্যালয়ে অর্থাৎ প্রিপ্রারেটরি ক্লাস থাকে যাতে ছাত্রদের পড়াতে পাবে। তাহলে অন্তত শিক্ষক হিসাবে আমরা অত্যন্ত খুসী হতাম।

বিশেষকরে ওখানে প্রি-ইউনিভার্সিটি বা প্রিপেরেটরি পড়তে হয় ইঞ্জিনিয়ারিং-এর ক্লাস-এর বিশেষ প্রয়োজন আছে বলে আমি মনে করি। তবে একথা সত্যি ও'রা কি বিশ্ববিদ্যালয়গুলোর কোন পরিসংখ্যান নিয়েছেন? ও'রা কি বলতে পারেন কল্যাণী বিশ্ববিদ্যালয় বলে যে বিশ্ববিদ্যালয় ও'রা চালু করেছেন তাতে একটা বি. টি. কলেজ ও এগ্রিকালচার্যাল কলেজ ছিল

তা ছাড়া ডিপার্টমেণ্ট ৩০।৪০ জনের বেশী ছাত্র আছে কিনা? উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের মোট ছাত্র সংখ্যা কত সেকথা কি শিক্ষামন্ত্রী মহাশয় বিবেচনা করে দেখবেন? কাজেই এই রকম টুকরো টুকরো সংশোধনী আনবার আগে শিক্ষামন্ত্রী মহাশয় বিশ্ববিদ্যালয়গুলির সমস্যা সম্বন্ধে অবহিত হবেন বলে আশা করেছিলাম। অর্থাৎ ইতিমধ্যে তিনি এ সম্পর্কে তাঁর মনকে হি হ্যাজ এপ্লাইড হিজ মাইণ্ড টু দি এন্টায়ার প্রোবলেম। কিন্তু তার কোন পরিচয় আমরা পাইনি। বিশেষ করে চ্যানসেলর-কে যে ক্ষমতা দেওয়া হয়েছে তাতে সমস্ত ইন্টারপ্রিটেশন-এর তিনি হবেন ফাইনাল অথরিটি। এটা সম্পর্কে ডাঃ শ্রীকুমার ব্যানার্জি যে বক্তব্য রেখেছেন আমরা তাঁকে সমর্থন করছি এবং যে বক্তব্য অধ্যাপক রাজকুমার চক্রবর্তী প্রথমে উত্থাপন করেছিলেন তাঁকে সমর্থন করি। আজ ওঁর কথাই বলব যে পাপাল ইনফেব্‌লিবিলিটি কারুর উপর চাপিয়ে দেওয়া চলে না। এদিক থেকে শ্রদ্ধেয় মহীতোষবাবু যে প্রস্তাব করেছেন যে একদিন দিতেই হবে সে কথা আমরা কিছুতেই সমর্থন করতে পারি না। সেখানে যদি ঐ রকম একটা ষ্টেটুটরি পাওয়ার থাকতো ইন্টার-ইউনিভার্সিটি বোর্ড বা ঐরকম কিছুর মত তাহলে হোত। অর্থাৎ প্রত্যেক ইউনিভার্সিটির মধ্যে যখন কোন রকম ডিফারেন্স হোত তা সেটেল করার দায়িত্ব যদি ইন্টার-ইউনিভার্সিটি বোর্ড-এর হাতে দেওয়া হোত তাহলে আমার মনে হয় সঙ্গত ব্যবস্থা করা হোত। কিন্তু তা না করে চেনসেলার-এর হাতে দিচ্ছেন। চেনসেলার এখন আবার একস্‌-অফিসিও গভর্নর নন। চেনসেলার এমন হতে পারেন এখানকার যিনি চীফ মিনিষ্টার তিনি চেনসেলার-এর পদ দখল করতে পারেন, কারণ ভোট তাঁর হাতে আছে। এর মানে হবে এই যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ভাগ্যনিয়ন্তা সব সময় হবেন যে দল শাসন করছেন সেই দলের লোক। এই রকম কোন অবস্থা যদি কোন বিশ্ববিদ্যালয়ের হয় তাহলে তার চেয়ে চরম শোচনীয় অবস্থা শিক্ষা জগতে আর হতে পারে না। বরং এই রকম একটা ইলেকটোরেট দিয়ে ইলেকসন-এর ব্যবস্থা করার চেয়ে একস্‌-অফিসিও চেনসেলার যা ছিল সেটা কিঞ্চিৎ ভাল। গভর্নর-এর এ্যাপয়েন্টমেন্ট বা প্রসিডিওর-এর মধ্যে দিয়ে হচ্ছে। কিন্তু এখানে ২ জন গভর্নমেন্টের লোক, একজন বাহিরের লোক মিলে একটা নির্বাচনী কলেজ তৈরী করলেন। এই নির্বাচনী কলেজ চেনসেলার নিয়োগ করে দেবেন। এইভাবে চেনসেলার-এর হাতে যে চরম ক্ষমতা দিয়ে দিচ্ছেন সেটা সম্পর্কে যে কোন শিক্ষাবিদ পরিষ্কার প্রতিবাদ জানাবে। সেদিক থেকে আমি ঐ ধারার বিরুদ্ধে প্রতিবাদ করছি এবং এই আশা পোষণ করছি যে শিক্ষামন্ত্রী মহাশয় নূতন দায়িত্ব গ্রহণ করে তিনি অবিলম্বে বিশ্ববিদ্যালয়ের স্তরে এবং মাধ্যমিক ও প্রাথমিক স্তরে পশ্চিমবাংলায় কি কি সমস্যা দেখা দিয়েছে তা সামগ্রিকভাবে বুঝবার চেষ্টা করবেন এবং সামগ্রিক ভাবে এরপর বিভিন্ন সংশোধনীগুলোর মধ্যে তাঁর সেই প্রচেষ্টা দেখতে পাব; এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় দুটো অল্প কথা বলে, সামান্য বিল ২টা মাসের পরিবর্তন এই বলে তিনি হয়ত মনে করেছিলেন যে বিধান পরিষদে ৫।৭।১০ মিনিটের আলোচনার মাধ্যমে এই বিল তিনি পাশ করিয়ে নেবেন। কিন্তু দেখা যাচ্ছে তিনি যে আশা করেছিলেন সেই আশা ফলবতী হয়নি—আলোচনা দীর্ঘ হয়ে গেছে। আমার দীর্ঘ আলোচনার মধ্যে যাবার অবকাশ নেই, কারণ বিস্তৃতভাবে তথ্য এখানে উপস্থিত করা হয়েছে।

[6-20—6-30 p.m.]

আমার বক্তব্য হচ্ছে এই যেটা না কি আরও অনেক সদস্য বলেছেন, আমাদের মাননীয় সদস্যগণও বলেছেন যে একটা সামগ্রিক সংশোধনী বিল শিক্ষা মন্ত্রীমহাশয়ের আনা উচিত ছিল। বিশেষকরে এই যে এ্যাক্ট ঐ যাদবপুর বিশ্ববিদ্যালয় আইন যার ক্লজ ৬ ও ক্লজ ৭ এই ২টা ক্লজ-এ আছে প্রেসিডেন্ট এবং রেকটর সম্বন্ধে তাঁরা কি ভাবে মনোনীত বা নিযুক্ত হবেন। কেবল ২টা নাম পরিবর্তন না করে তিনি যদি ক্লজ ৬ ও ক্লজ ৭ এই ২টাকে পরিবর্তন করে গোটা বিল যদি আনতেন তাহলে ভাল হত। তিনি যদি সামগ্রিকভাবে পর্যালোচনা করে নূতন করে কিছু আনতেন তা হলে আমরা আনন্দিত হতাম। কিন্তু দেখতে পাচ্ছি মন্ত্রীমহাশয়

সে পথ মাড়াননি। স্যার, একটা জিনিস দেখতে পাচ্ছি ক্লজ ৬-এ প্রেসিডেন্ট-এর ব্যাপার যেটা রাজকুমারবাবু প্রথমে বলেছেন এবং তিনি ওয়েলকাম করেছেন যে অন্যান্য ক্ষেত্রে, অন্য বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে সেখানে চেন্‌সেলার এক্স-অফিসিও রাজ্যপাল বা গভর্নর চেন্‌সেলার হন। এখানে একটা কমিটি রয়েছে যেটার কথা সত্যপ্রিয়বাবু একটু আগে বলেছেন। আমার বক্তব্য হচ্ছে যে কমিটি যেটা রয়েছে তারা কারা? এই ক্লজ-টা দেখুন যে কমিটি আছে সেটা প্রেসিডেন্টকে ইলেক্ট করবেন।

The Committee shall be composed of (1) the Minister-in-charge of the Department of Education of the Government of West Bengal;

(2) a representative of the Ministry of Education, Government of India;

(3) a person not being a member of the University or a salaried employee of the University or an institution elected by the University.

স্যার, এখানে প্রথম কথা হচ্ছে যে আগে বলা হয়েছিল যে কমিটিতে ২ জন গভর্নমেন্ট-এর লোক তা সত্ত্বেও আমি শিক্ষামন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাই। আপনার মাধ্যমে প্রথম কথা যেটা বলতে চাই যে গভর্নমেন্ট-এর লোক প্রেসিডেন্ট হবেন বা চেনসেলার হবেন সে বিষয়ে কোন সন্দেহ নেই, কারণ প্যাক্ট মেজরিটি হলেন তাঁরা। দ্বিতীয় কথা হচ্ছে যে যাঁরা কমিটিতে রয়েছেন তাঁরা এডুকেশনাল এক্সপার্টস হবেন এরূপ কোন কথা নেই। যেমন ধরুন আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে ব্যক্তিগত ভাবে বলতে চাই না, সেটা আমার উদ্দেশ্যও নয়, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় সে লাইটে নেবেন না। কথা হচ্ছে যে
The Minister-in-charge of the Department of Education of the Government of West Bengal.
তিনি যে একাডেমিসিয়েন হবেন বা এডুকেসানাল এক্সপার্ট হবেন এই কথা কে বললো? আমি এটা বলছি উইদাউট এনি এসপারশান অন হিম, তাঁর প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা রেখে এই কথা বলতে চাই যে তিনি তো কোন এডুকেশনাল এক্সপার্ট নন, জীবনে কোনদিন এডুকেশন নিয়ে ঘাঁটাঘাঁটি করেন নি। কাজেই এডুকেশান মিনিষ্টার যে এক্সপার্ট হবেন এমন কোন কথা নেই।

("কোয়েশ্চেন ফ্রম দি গভর্ণমেণ্ট বেঞ্চেস")

Shri Sasanka Sekhar Sanyal: A lawyer is supposed to be an expert in all spheres.

Shri Santosh Kumar Bhattacharyya:

কাজেই স্যার, আমরা দেখতে পাচ্ছি এ ধরণের জিনিষ মন্ত্রিমণ্ডলীর মধ্যে ঘটছে। একটি কৌতুকাবহ ঘটনার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। যদিও এই হাউসের ব্যাপার নয় এ্যাসেম্বলীর ব্যাপার। কোশ্চেন আওয়ারে আমি ভিজিটার্স গেলারী-তে ২।৪ মিনিটের জন্য বসেছিলাম সে সময় প্রশ্ন-উত্তর হচ্ছিল। জনৈক বিরোধী দলের সদস্য প্রশ্ন করলেন এবং তার উত্তর দিচ্ছিলেন ষ্টেট এগ্রিকালচারেল মিনিষ্টার শ্রীস্মরজিৎ বন্দ্যোপাধ্যায়। ঐ বিরোধী সদস্য প্রশ্ন করলেন.........

(কংগ্রেস পক্ষ হইতে—এটা কি রেলেভেন্ট?)

Mr. Chairman: You drop that topic, please.

Shri Santosh Kumar Bhattacharyya: I withdraw it.

Shri Sasanka Sekhar Sanyal: What a member of the Assembly put there may be blocked but a Minister is common to both Houses and a statement of a Minister anywhere may be the subject-matter of a comment here.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমি বলতে চাই যে এরূপ ঘটনা ঘটেছে। কোন মিনিষ্টার যদি বলেন যে কোল্ড ষ্টোরেজ-এ যে আলু রাখা হয় তা আমরা বীজের জন্য সংরক্ষণ করছি এরূপ যদি কোন মিনিষ্টার বলেন এবং তাঁর হাতে যদি এগ্রিকালচার ডিপার্টমেণ্ট-এর ভার দেওয়া থাকে তাহলে বুঝতে পাচ্ছেন যে কি অবস্থা?

Shri Sasanka Sekhar Sanyal: Statement of one Minister is the statement of all Ministers because they are collectively responsible.

Shri Santosh Kumar Bhattacharyya:

কাজেই যে কথাটা আমি বলছি যে, কোল্ড ষ্টোরেজ-এ যে আলু রাখা হয় সে আলু বীজের জন্য রাখা যায় না কারণ তা নষ্ট হয়ে যায়। অথচ এরূপ ঘটনা ঘটেছে এবং যিনি বলছেন তিনি হচ্ছেন মিনিষ্টার। তিনি ক্যাবিনেটের শোভাবর্ধন করে বহাল তবিয়তে বসে আছেন। কাজেই প্রত্যেকেই যে নিজের নিজের দপ্তর সম্বন্ধে এক্সপার্ট হবেন এরূপ কোন কথা নেই।

কাজেই স্যার, আমরা দেখতে পাচ্ছি, বাস্তব অভিজ্ঞতা এটা। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই যে কমিটি এই কমিটিতে গভর্নমেন্টের লোক যা রাখছেন তার মধ্যে যদি ইভেন এডুকেশনাল এক্সপার্টস এই রকম লোক থাকতো, তাহলে তার একটা অর্থ আমরা বুঝতাম যে গভর্নমেন্ট মেজরিটী হলেও অন্তত এইটুকু নিশ্চিন্ত হওয়া যেত যে সরকার পক্ষের—সরকারী কর্মচারীদের মধ্যে এখনো এডুকেসানাল এক্সপার্টস আছে, সর্বভারতীয় ক্ষেত্রে আছে, প্রাদেশিক ক্ষেত্রে আছে। যদি তাঁদের কথাও থাকতো, তবুও বুঝতাম সব ভাল হতো ইভেন যদি গভর্নমেন্ট মেজরিটি থাকতো। এ বিষয়ে কোন সন্দেহ নাই যদি সত্যিকার বে-সরকারী এবং ভাল শিক্ষাবিদদের নিয়ে দলমত নির্বিশেষে এমন কি নির্দলীয়ও যদি নিতেন তাহলেও আমাদের আপত্তি ছিল না। যা-হোক সেই রকমভাবে যদি ক্লজ ৬-এর সামগ্রিক সংশোধনী নিয়ে আসতেন প্রেসিডেন্ট এ্যাপয়েন্টমেন্ট কিভাবে হবে, কবে হবে, কাদের দিয়ে হবে, কিভাবে কমিটি হবে, যে মূল কথা শ্রদ্ধেয় শ্রীকুমার ব্যানার্জী মহাশয় উত্থাপন করেছেন, তাহলে সর্বাঙ্গসুন্দর হতো।

দ্বিতীয় কথা হচ্ছে ঐ রেক্টরের নাম পরিবর্তন করে করছেন ভাইস-চেনসেলার তাতে আপত্তি নাই—ঐ চেনসেলার, ভাইস-চেনসেলার করাতে, সেটা গ্রহণীয়, যেটা শিক্ষামন্ত্রী যুক্তি দিয়েছেন, সেটা মানি। সর্বভারতীয় ক্ষেত্রে একটা ভিত্তি মেনে নিন—তাতে আপত্তি নাই। কিন্তু স্যার, রেকটরের ক্ষেত্রে দেখুন সেখানে আবার সিলেকসান লিমিটেড করে নেওয়া হয়েছে, আরো সংকোচ করা হয়েছে প্রেসিডেন্টের ক্ষেত্রে ঐ কমিটি সিলেক্ট করলেন, রেক্টরের ক্ষেত্রে কি হবে? প্রেসিডেন্ট যিনি হবেন তিনি স্বভাবতঃ গভর্নমেন্ট বা সরকার পক্ষীয় লোক হবেন সে বিষয়ে কোন সন্দেহ নাই। আর ঐ যে কমিটি হয়েছে তাতে বে-সরকারী লোক হবার কোন স্কোপ নাই। প্রেসিডেন্টের ক্ষেত্রে যেখানে সিলেকসান-এর কোন স্কোপ নাই, সেখানে প্রেসিডেন্ট আপনারা করছেন নো সিলেকসান বাট এপয়েন্টমেন্ট। যেখানে আবার ভাইস-চেনসেলার বা রেকটরের ক্ষেত্র আরো সঙ্কোচ করে নিয়ে এলেন। কাজেই স্যার, আসল যিনি একজিকিউটিভ হেড অব দি ইউনির্ভাসিটি হবেন, যিনি আসলে ইউনির্ভাসিটি চালাবেন—চেনসেলার বা প্রেসিডেন্ট তিনি তো উপরে শোভাবর্ধন করে থাকছেন এবং যে কথা শ্রীকুমারবাবু বলেছেন সে হচ্ছে বাস্তব সত্য কথা, ঐ তাঁর ডিপার্টমেন্টাল এ্যাসিস্টেন্ট দিয়ে সমস্ত কাজ তিনি করেন, তিনি শুধু সই করার লোক। আর যিনি আসলে ইউনিভার্সিটি চালাবেন, সেখানে আরো সংকোচ করে এনেছেন। সেখানে ঐ প্রেসিডেন্ট এপয়েন্টমেন্ট করবেন, সেখানে ঐ থ্রিম্যান কমিটি ওয়ান এডুকেসানিস্ট নমিনেটেড বাই দি প্রেসিডেন্ট নেচারেলি তিনি সরকার পক্ষীয় লোক হবেন।

দ্বিতীয় হচ্ছে এ পারসন নমিনেটেড বাই দি ইউনিভার্সিটি। তিনি একমাত্র বে-সরকারী লোক থাকছেন। আর তৃতীয় হচ্ছে

A person nominated by the Minister-in-charge of Education

এই মিনিষ্টার ইন-চার্জ অব এডুকেসান যাকে নমিনেটেড করবেন তিনি সেখানে পেয়ে যাবেন সরকারপক্ষের লোক। কাজেই সেখানে যেটুকু বা প্রেসিডেন্ট নিয়োগের ক্ষেত্রে খুব সংকীর্ণ হলেও স্বাধীনতা কিছুটা ছিল, এখন চেনসেলার নিয়োগের ক্ষেত্রে তাও এখানে থাকছে না। কাজেই সরকার সামগ্রিক এই ক্লজ ৬ এবং ক্লজ ৭ সম্পর্কে দুটো এমেণ্ডমেন্ট যদি নিয়ে আসতেন, তার মধ্যে কিছু ত্রুটি বিচ্যুতি থাকলেও তার একটা অর্থ আমরা বুঝতাম। শুধু এই রেকটর ও প্রেসিডেন্ট-এর নাম পরিবর্তন-এর কোন অর্থ হয় না।

পরিশেষে আমি অন্যান্য সদস্যদের সঙ্গে কন্ঠ মিলিয়ে শ্রদ্ধেয় শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়কে আন্তরিক সশ্রদ্ধ অভিনন্দন জানাচ্ছি যে তিনি একটা সত্যকার পথনির্দেশ করবার জন্য অন্ততঃ এখানে যে ভাষণ দিয়েছেন তাতে আমরা সবাই আনন্দিত এবং সঙ্গে সঙ্গে আমাদের শ্রদ্ধেয় মহীতোষবাবু যে বক্তব্য রেখেছেন তারও তীব্র প্রতিবাদ করছি যে তিনি ঐ যে "মূর্খ জনসাধারণ" কলেজ বা ইউনির্ভাসিটিগুলিকে গোয়াল ইত্যাদি কথা বার বার বলে গেলেন। এ সম্বন্ধে সরকারের বক্তব্য কি! তাঁরাও এই মূর্খ জনসাধারণ কথা বলেন, গণতন্ত্রের কথা বলেন। তাঁরাও ঐ মূর্খ জনসাধারণের ভোটে জিতে এখানে এসেছেন সে কথা যেন তাঁরা মনে রাখেন। কাজেই আমি আশা করি মহীতোষবাবু বৃদ্ধ বয়সে জনসাধারণ সম্বন্ধে যে অশালীন উক্তি করেছেন সেই উক্তি তিনি সিরিয়াসলী করেছেন কিনা, সে সম্বন্ধে তিনি একটু ভেবে দেখবেন। তবে আমি ডাঃ শ্রীকুমারবাবুর একটি উক্তির সঙ্গে একমত নই। তিনি বলেছেন ইট ইজ এ ন্যাশনাল গভর্নমেন্ট। আমি বলবো
It is not a national Government. It is a party Government

Shri Sasanka Sekhar Sanyal:
স্বামী বিবেকানন্দ এক সময়ে বলেছিলেন মূর্খ ভারতবাসী, তারপর আজ মহীতোষবাবু বললেন মূর্খ জনসাধারণ!)

সর্বশেষে আমার বক্তব্য এবং আবেদন শিক্ষামন্ত্রীর কাছে এই যে বাংলাদেশের বিশ্ববিদ্যালয় শিক্ষার যিনি পথপ্রদর্শক গুরু সেই স্যার আশুতোষের জন্মশতবার্ষিকী বৎসরে আমরা যে তাঁর কথা মনে রাখি শিক্ষার ক্ষেত্রে ফ্রিডম ফার্ষ্ট, ফ্রিডম সেকেণ্ড এবং ফ্রিডম লাষ্ট। এই কথা-কয়টি স্মরণ রেখে আমরা যেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা সংস্কারের দিকে অগ্রসর হই।

[6-30—6-40 p.m.]

The Hon'ble Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহোদয়, আমি পরিষদীয় বিতর্কে বিশ্বাসী। সুতরাং আমার বক্তব্য এই অল্প পরিসর সংশোধনীয় বিধেয়কের মধ্যে সীমাবদ্ধ রাখব। আজকের এই বিধেয়কের সমালোচনা হয়েছে এই বলে যে আরও ব্যাপকতর ভিত্তিতে সংশোধন করা উচিৎ ছিল। এই রকম একটা সংশোধনের প্রস্তাব নিয়ে আসা উচিৎ হয়নি। এ সম্বন্ধে আমার বক্তব্য হচ্ছে এই যে আমরা ১৯৫৫ সালে যে আইন বিধিবদ্ধ করেছি তাতে আর কোন ব্যাপক সংশোধনের আবশ্যক নাই। সেই আইনের বলে যাদবপুর বিশ্ববিদ্যালয় পরিচালিত হচ্ছে এবং সারা ভারতবর্ষের সুনাম অর্জন করেছে সুপরিচালনার জন্য এবং যাদবপুরের ছাত্ররা সারা ভারতবর্ষের মধ্যে সুনাম অর্জন করেছে। সুতরাং আমার মনে হয় না যে কোন ব্যাপক সংশোধনের প্রয়োজন আছে। দ্বিতীয় কথা হচ্ছে আমাদের মনমত হোক আর না হোক বা আপনাদের আমাদের কথা শুনতে হবে।

Shri Nirmal Bose:

আরগুমেন্টটা সাবস্ট্যানসিয়েট হোক এটা আমরা চাই।

The Hon'ble Rabindralal Sinha:

আপনাদের ডিসিসনে তো কাজ হবে না এখন আমার কথা হচ্ছে যে শ্রদ্ধেয় রাজকুমার চক্রবর্তী মহাশয় বলেছেন যে চ্যানসেলারকে যে যে ক্ষমতা দেওয়া হচ্ছে এই বিধেয়কের অনুচ্ছেদে তাতে তিনি আপত্তি করেছেন। সে সম্বন্ধে আমি তাঁকে শুধু এইটুকু বলতে পারি তিনি বলেছেন যে নতুন ক্ষমতা আমরা চ্যানসেলারকে দিয়েছি সমস্ত বিশ্ববিদ্যালয়টিকে একটি মানুষের হাতে তুলে দেওয়ার চেষ্টা করেছি এই বিধেয়ক না আসলে এটা হোত না—কারণ এই বিধেয়কে এই ক্ষমতাগুলি বিধিবদ্ধ করা হচ্ছে পরিষদপাল মহোদয় মাননীয় বন্ধুদের অবগতির জন্য বলব যে বর্তমানে মূল বিধেয়কে যদিও চ্যানসেলারের ক্ষমতা বিধিবদ্ধ করা নেই কিন্তু মূল বিধেয়কের ১৪নং ধারা অনুযায়ী তাতে বলা হয়েছে

"University may make rules for carrying out the provisions of this Act or for exercising the powers conferred by this Act."

সুতরাং এটা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ষ্টাটুটের মত চ্যান্সেলারের অনুমোদন সাপেক্ষ নহে। কিন্তু বিশ্ববিদ্যালয়ের নিয়মাবলী আলোচনা করে দেখতে পাই যে সেখানে বাধ্যকর রুল-এ প্রেসিডেণ্টের হাতে ক্ষমতা থাকবে এটা তারা বিধিবদ্ধ করেছেন এবং এই নিয়মাবলী দেখুন In exercise of the powers conferred by section 14 of the Jadavpur University Act.

তারা যে রুল ফ্রেম করেছেন তাতে দেখতে পাবেন যে রুল ৩৪ অনুযায়ী যে ঠিক যা যা ক্ষমতা এখানে বিধিবদ্ধ করা হচ্ছে ঠিক সেই ক্ষমতাগুলিই আছে যারা বলছেন এই আইন করে আমরা যাদবপুর বিশ্ববিদ্যালয়কে সরকারী কুক্ষিগত করবার চেষ্টা করেছি—আমি তাদের কাছে প্রশ্ন করব পরিষদপাল মহোদয় যে এই আইন যদি না প্রত্যাহার করে নিই তাহলে কি কুক্ষিগত থেকে বেরিয়ে গেল এবং এই আইন পাশ হলে সরকারের এতটুকু ক্ষমতা বাড়ল কি? কারণ প্রেসিডেন্ট এবং রেক্‌টর-এর ক্ষমতা যা ছিল তাই থাকছে এবং সরকারের কোন বিশেষ ক্ষমতা থাকবে না ট্রেজারের মধ্যেও না।

এই আইন পাশ হলে সরকারের কিছু ক্ষমতা বাড়ছে না, আর পাশ না হলেও সরকারের কিছু ক্ষমতা কমছে না। ১৯৫২ সাল থেকে কুক্ষিগত কথাটা শুনে আসছি। সুতরাং এটা যে নূতন করে শুনছি তা নয়—এটাতে আমাদের কাণ সয়ে গেছে। কিন্তু মুস্কিল হচ্ছে কোনখানে, কোন ধারায়, কিভাবে কুক্ষিগত হল সেটা বুঝতে পারলাম না। এই আইন না হলে সরকারের এতটুকু ক্ষমতা কমবে না, এই আইন হলেও সরকারের ক্ষমতা বাড়বে না সুতরাং এটা ক্ষমতা বাড়াবার, কমাবার জন্য আনিনি। বিশ্ববিদ্যালয় আমাদের যে সুপারিশ করেছেন সেই সুপারিশ গ্রহণযোগ্য বলে মনে করেছি বলে এটা এনেছি এবং কেন করছি সেকথা গোড়াতেই বলেছি। সুতরাং এখানে সরকারের ক্ষমতা বাড়ান, ক্ষমতা কুক্ষিগতের কোন প্রশ্ন নেই। এই গেল একমাত্র বিধায়কের পরিধির মধ্যে যা তার উত্তর। আর একটা কথা বলেছেন নির্মলবাবু যে বিড়লাদের কলেজকে এফিলিয়েসান দিয়ে দিলেন—পরে অবশ্য স্বীকার করেছেন যে সেটা হয়নি। ওঁর অবগতির জন্য বলি যে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের পরিধি হচ্ছে ২ মাইল এবং দু মাইলের মধ্যে তাঁদের এফিলিয়েসান দেবার ক্ষমতা আছে এবং কলকাতা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব প্রতিষ্ঠান যা আছে তা ছাড়া, কিন্তু এই দু-মাইলের মধ্যে তাঁরা দিচ্ছেন না। অতএব এদিক থেকে কোন অসুবিধা নেই। আর তাঁকে জানাই যে বিজয়গড় ২ মাইলের মধ্যে পড়ে না। সেখানকার ষ্টেনডার্ড অফ টিচার সম্বন্ধে তিনি কমপ্লেইন করেছেন। আমরা মনে করি যাদবপুর বিশ্ববিদ্যালয়ে পড়ান ভালই হচ্ছে। কলকাতা বিশ্ববিদ্যালয় সম্বন্ধে বলেছেন তার জবাব আমি দেব না, কারণ এই বিলের পরিধির মধ্যে তা পড়ে না। প্রিপেরেটরী ক্লাশ তুলে দেবার কথা নির্মলবাবু বলেছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

অন এ পয়েন্ট অব অর্ডার স্যার, কোনটা বিতর্ক বিধির মধ্যে পড়ে না পড়ে সে সম্বন্ধে বিতর্কের অবকাশ আছে। কিন্তু যখন এ পক্ষের সদস্যারা কতকগুলি জিনিস বলেছেন এবং যেটা বলতে পরিষদের সভাপতি মহাশয় আপত্তি করেন নি বা যেটা বলতে আপনি অনুমতি দিয়েছেন সে ক্ষেত্রে এটা কি মন্ত্রীর পক্ষে বলা শোভন ও সঙ্গত যে আমি উত্তর দেব না?

The Hon'ble Rabindralal Sinha:

আমি মতামত প্রকাশ করেছি, কোনরকম কটাক্ষ করিনি। আমি বিশ্বাস করি সব জিনিষের একটা পরিস্থিতি ও পটভূমিকা আছে এবং সেখানে গিয়ে পেঁছালে সেই জিনিষের আলোচনা চলে।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order again. A democratic Government is always a Government by discussion and when a discussion has taken place, it is not only right but also the duty of the Hon'ble Minister-in-charge to reply and meet all the points that have been permitted to be raised on the floor of the House.

The Hon'ble Rabindralal Sinha: It is no point of order. I do not think I am required to reply to all the points.

Mr. Chairman: He will reply according to his personal discretion and personal ideas.

The Hon'ble Rabindralal Sinha: I will reply to all the relevant points that have been raised.

Shri Jatin Chakravorty:

আপনার যেটা কনভিনিয়েন্ট সেটা বলুন।

The Hon'ble Rabindralal Sinha:

যতীনবাবু এই সদনে খুব বেশী দিন আসেন নি। এখানে বহু সদস্য ১৯৫২ সাল থেকে আছেন তাঁরা জানেন যে আমাকে বাঁধা দিয়ে বন্ধ করে দেওয়া যায় না এবং আমার বক্তব্য আমি বলব সেটা আপনারা গ্রহণ করুন বা নাই করুন। ও'রা আর একটা অভিযোগ করেছেন যে উচ্চশিক্ষা সঙ্কোচন হচ্ছে। আমি বুঝতে পারি না কি করে সঙ্কোচন হল? কলকাতা বিশ্ববিদ্যালয়ে যে আসন তাই আছে। সুতরাং এখানে যাদবপুর বিশ্ববিদ্যালয় সৃষ্টি করে সঙ্কোচন কি করে হল? সুতরাং আপনারা যে বলছেন কলকাতা বিশ্ববিদ্যালয়কে খর্ব করে আমরা যাদবপুর বিশ্ববিদ্যালয় করছি উচ্চশিক্ষা সঙ্কোচন করার জন্য তা নয়।

(এ ভয়েসঃ বাড়ান।)

[6-40—6-47 p.m.]

সিক ইওর প্রোটেকসান। কাজেই আমি এই কথা বলতে চাই অবশ্য আপনারা হয়ত কিছু বলতে পারেন যে, এর ফলে শিক্ষার কিছু প্রসার হয়নি কিন্তু আমি বলবো যে এতে শিক্ষার কোন সংকোচন হয় নি, বরং নূতন বিশ্ববিদ্যালয় করে শিক্ষার কিছুটা প্রসার হয়েছে এবং কিছু ছাত্র পড়বার সুযোগ পেয়েছে। এখানে ৬ হাজার ছাত্র আছে, সুতরাং এটাকে অগ্রগতিই বলতে পারেন।
2,500 in the Faculty of Engineering, 1,500 each in Arts and in Science.
এবং
500 in such specialist courses as Higher services examination training course, library service, pharmacy, etc., a total of 6,000.
সুতরাং সংকোচন হচ্ছে বলে যে কথাটা বলেছেন এটা যুক্তিসংগত নয়। আর প্রিপেরটরি ক্লাস তুলে দেওয়া আশা করি উচিত হবে না। আর একটা কথা বলতে চাই পরিচালনায় গলদ সম্বন্ধে। আমার মতামত এ ব্যাপারে আমি আগেই বলেছি এখন আর কিছু বলার নেই এছাড়া আর বিশেষ কেউ কিছু বলেছেন বলে মনে হয় না। আজকে বিশ্ববিদ্যালয়ের যিনি

চ্যান্সেলার হবেন তিনি নির্বাচনে চ্যান্সেলার হবেন পদাধিকার বলে পশ্চিম বাংলার রাজ্যপাল বলে নয়। যদিও রাজ্যপাল বর্তমানে নির্বাচিত আছেন প্রেসিডেন্ট পদে এই পদের পরিবর্তন হলে তিনি চ্যান্সেলার হবেন। তবে অন্যান্য বিশ্ববিদ্যালয়ে অন্তত রাজ্য বিশ্ববিদ্যালয়গুলিতে চ্যান্সেলার পদাধিকার বলে রাজ্যপাল আছেন। এখানে তিনি নির্বাচনের মাধ্যমে আসছেন এবং তিনি আসতেও পারেন আর না আসতেও পারেন তাতে কিছু ক্ষতি আছে বলে মনে করি না। এখানে চ্যান্সেলার-এর যে ক্ষমতা দেওয়া হয়েছে অন্যান্য বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলারেরও সে ক্ষমতা আছে, এমন কি কলিকাতা বিশ্ববিদ্যালয়েরও চ্যান্সেলার-এর এমন অনেক ক্ষমতা আছে যে ক্ষমতা সেখানে আলাদা করে দেওয়া নেই। সেখানে রেজিষ্টার-এর এ্যাপয়েণ্টমেণ্ট এর জন্য চ্যান্সেলার-এর এ্যাপ্রুভাল দরকার হয়। ভাইসচ্যান্সেলারকে কিভাবে নমিনেট করেন সেটাও আপনাদের জানা আছে এবং যে ষ্টেটিউট তাতে প্রয়োজন হবে চ্যান্সেলার-এর সম্মতি এবং সে সম্মতি নিয়েই করতে হবে। যখন সিণ্ডিকেট ও সিনেট-এর মধ্যে মতভেদ উপস্থিত হয় পরস্পরের ক্ষমতার অধিকার নিয়ে চ্যান্সেলার-এর সেখানে শেষ ডিসিশান। সেরূপ এখানে যদি একজনের উপর ভার না থাকে প্রতি পদে পদে আদালতে যেতে হয় বা মিমাংসা করতে হয় তাহলে আগে যে পেশায় ছিলাম তাতে সুবিধা হত কিন্তু মোটামুটিভাবে এতে শিক্ষার প্রসার হবে না। অতএব ওখানে হাত দিতে হবে।

(শ্রীশশাঙ্কশেখর সান্যাল ঃ এটা আনচেরেটেবিল হল সুতরাং কথা প্রত্যাহার করুন।) আচ্ছা প্রত্যাহার করে নিলাম।

(শ্রীসত্যপ্রিয় রায় ঃ প্রত্যাহার করে নিলাম এটা কি এক্সপাঞ্জ হবে?) শশাঙ্কবাবু বললেন বলে আমি প্রত্যাহারের কথা বললাম। এক্সপাঞ্জ কিসে কিসে হয় সত্যপ্রিয়বাবু তা জানেন। এমন কোন স্কেনডেলাস আনপার্লিয়ামেণ্টারী কথা আমি কখনও বলিনা যা এক্সপাঞ্জ হতে পারে, তবে উনি বললেন বলেই আমি প্রত্যাহার করলাম এছাড়া আর একটা কথা বলতে চাই যে ১৯৫২ সাল থেকে আজ অবধি এরূপ দুরবস্থা আমার কখনও হয়নি যাতে এমন ভাষা বলেছি যে এক্সপাঞ্জ হতে পারে। এমন কি ইচ্ছা থাকলেও তা মুখ দিয়ে বেরবে না। ইলেকটোর্যাল কলেজ-এ শিক্ষামন্ত্রীর থাকা সম্বন্ধে সন্তোষবাবু একটু কটাক্ষ করেছেন। আমি ব্যক্তিগতভাবে কোন কথা বলছি না। পশ্চিমবাংলার মানুষ গণ ভোটের মাধ্যমে প্রদেশের শিক্ষা ব্যবস্থা পরিচালনার ভার আমাদের উপর দিয়েছে।

(শ্রীঅমরপ্রসাদ চক্রবর্তী ঃ আমরা বলিনি মহীতোষবাবু বলেছেন) আপনারা এর আগে এরূপ অনেক কিছু বলেছেন। আপনারা অনেক আগেই বলেছেন যে জনসাধারণকে ঘুষ দিয়ে আমরা জিতি ও জনসাধারণ ঘুষ নিয়ে ভোট দেয়। তাদের বিচার বুদ্ধি নেই এই কথা আপনারা বহুবার বলেছেন। কিন্তু আমরা সে কথা বলি না। আমরা সাধারণ মানুষের সততায় বিশ্বাস করি। সুতরাং একথাই বলতে চাই যে, যার হাতে শিক্ষা দপ্তরের ভার দেওয়া হয়েছে তিনি যোগ্যই হউন আর অযোগ্যই হউন শিক্ষা পরিচালনায় তাঁর দায়িত্ব কিছুটা থাকবে এটা অস্বীকার করা যায় না। এছাড়া আমার আর কিছু বলবার নেই। এছাড়া কুক্ষিগত বলে যে কথা সব বলেছেন তা অতি মামুলি কথা এসব কথা বলে কি হবে? কারণ এ বিল পাশ হলেও সরকারের এতটুকু ক্ষমতা বাড়বে না আর পাশ না হলেও সরকারের এতটুকু ক্ষমতা কমবে না। সুতরাং এই পরিপ্রেক্ষিতে আমি আশা করব এই বিল গৃহীত হবে।

The motion of the Hon'ble Rabindralal Sinha that the Jadavpur University (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 2 to 8

The question that clauses 2 to 8 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and title of the Bill

The question that clause 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to move that the Jadavpur University (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 6-47 p.m. till 3 p.m. on Wednesday the 19th August, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shri Dhirendra Nath Bhattacharyya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Nirmal Chandra Bhattacharyya.
Shri Narendra Nath Das.
Shrimati Labanyaprova Dutt.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Manoranjan Gupta.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Sudhindra Nath Mukherjee.
Shri Rezaul Karim.
Shri Sarat Chandra Roy Chowdhury.
Shri Subodh Sen.
Shri Jatindra Singha.

COUNCIL DEBATES

Wednesday, the 19th August 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 19th August 1964, at 3 p.m. being the eighth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Availability of unadulterated mustard oil

55. Shri Jatin Chakravorty: Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether unadulterated mustard oil is available in the markets in Calcutta and in the districts of West Bengal at the price fixed by Government;

(b) if so, the names and addresses of the establishments which sell such oil at the controlled price; and

(c) if the answer to (a) is in the negative, will the Hon'ble Minister be pleased to state what steps Government propose to take for the normal supply of unadulterated mustard oil in Calcutta and in the districts of West Bengal?

[3-3-10 p.m.]

Shri Prafulla Chandra Sen:

এটা সবজিৎবাবুর উত্তর দেবার কথা—আমার কাছেও এ ফাইলটা নেই—উনিও এখনও এসে পরেননি এটা পরে হবে।

Administrative reforms

***56. Shri Nirmal Bose:**

স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রশাসনিক সংস্কারের বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য রাজ্য সরকারের একটি পৃথক দপ্তর স্থাপনের জন্য ভারতের স্বরাষ্ট্র মন্ত্রী কি পরামর্শ দিয়াছেন; এবং

(খ) তদনুসারে কোন দপ্তর কি স্থাপন করা হইয়াছে?

Shri Prafulla Chandra Sen:

(ক) এইরূপ কোন পরামর্শ রাজ্য সরকার পান নি।

(খ) প্রশ্ন উঠে না।

Shri Nirmal Bose:

কেন্দ্রীয় সরকার থেকে এই রকম প্রস্তাব নাও আসতে পারে। কিন্তু রাজ্য সরকার এবিষয়ে কি কিছু বিবেচনা করছেন?

Shri Prafulla Chandra Sen:
এ প্রশ্ন থেকে এই রকম কোন অতিরিক্ত প্রশ্ন আসে না।

Shri Nirmal Bose:
শাসন ব্যবস্থার প্রশাসনিক সংস্কারের কথা কিছু বিবেচনা বা তিনি এ সম্বন্ধে কোন ব্যবস্থা গ্রহণ করছেন কি না।

Shri Prafulla Chandra Sen:
না, আমরা এখনো কোন ব্যবস্থা গ্রহণ করি নি।

Measures adopted for strengthening border area

***57. Shri Manoranjan Sen Gupta:** Will the Hon'ble Minister-in-charge of the Home Department be pleased to state what active measures the Government has adopted for strengthening the border area extending from Borganj (in 24-Parganas) to the extreme end of Murshidabad to protect the border people from occasional raids by the Pakistani police forces and to prevent infiltration of the Pak people?

Shri Ardhendu Shekhar Naskar: West Bengal police personnel now patrol intensively the border areas to check raids and infiltration.

It would not be in the public interest to disclose all the specific measures taken by the State Government for strengthening the security of the border areas.

Shri Sasanka Sekhar Sanyal:
মন্ত্রিমহাশয় জানেন কি যে মুর্শিদাবাদের বর্ডার দিয়ে সোনা এবং অন্যান্য মহামূল্য জিনিষ ঐ সমস্ত পুলিস আউট পোস্ট আছে তাদের জ্ঞাতসারে এবং তাদের প্রশ্রয়ে বাইরে বের হয়ে যাচ্ছে?

Shri Ardhendu Shekhar Naskar:
না, আমাদের এই রকম কোন সংবাদ জানা নেই।

Shri Sasanka Sekhar Sanyal:
এটা কি জানা নেই যে একজন ঐ বিভাগীয় কর্মচারীকে 'ওখানকার জনৈক দেশপ্রেমিক মুসলমান ডেকে দাঁড় করিয়ে দেখিয়েছেন যে এদিক থেকে একজন গেল, আর ওদিক থেকে আর একজন লোক এলো। যেখানে জিনিষ পত্র আদানপ্রদান হোল এবং ফিরবার সময় সেখানে সেই বর্ডারে ৫ টাকা দিয়ে সেখান থেকে চলে গেলো'?

Shri Ardhendu Shekhar Naskar:
মাননীয় সদস্যের যদি জানা থাকে আমাদের তা জানালে আমরা স্টেপ নিতে পারি।

Shri Sasanka Sekhar Sanyal:
এই যে দুটো উদাহরণ দিলাম দুটো ঘটনা সে সম্বন্ধে যদি কোনো তদন্ত করেন মুর্শিদাবাদে গিয়ে তাহলে যে ব্যক্তি এবং তার আশে পাশে যারা জানতো আমি তাদের সাক্ষী হিসাবে উপস্থিত করতে রাজী আছি—তাঁরা কি সেই কাজ করবেন?

Shri Ardhendu Shekhar Naskar:
দিলে নিশ্চয়ই করবো।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি তো দিলাম।

Shri Ardhendu Shekhar Naskar:

নামগুলো আমাকে দেবেন আমি নিশ্চয় দেখবো।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে ভারত সীমান্ত থেকে পাকিস্তান সীমান্তে যেতে এবং আসতে একটা রেট ঠিক করা আছে; পুলিশকে যাবার সময় ১০ টাকা এবং আসবার সময় ১০ টাকা দিলে যাতায়াত করা সহজসাধ্য হয়?

Shri Ardhendu Shekhar Naskar:

আমার এরকম সংবাদ জানা নেই।

Shri Sasanka Sekhar Sanyal:

জিনিসপত্র যদি যায় তাহলে ফ্রেট চার্জ হিসাবে ১৬ টাকা দিতে হয়।

Shri Manoranjan Sen Gupta:

লাস্ট থ্রি মানথস-এর মধ্যে কয়েকবার পাকিস্তানী পুলিস এসে রেড করেছে অন্ততঃ ইস্টারন বর্ডারএ?

Shri Ardhendu Shekhar Naskar:

আপনি তো এই প্রশ্নের সঙ্গে এরকম তথ্য জানতে চান নি—যদি জানতে চান তাহলে জানাতে পারি।

Shri Sasanka Sekhar Sanyal:

চীফ মিনিস্টার বলছেন এরাইজ করে না—কিন্তু....

Shri Prafulla Chandra Sen:

না আমি ওকথা বলিনি।

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় মন্ত্রিমহাশয় জানেন কি যে আমাদের কয়টা বর্ডার আউট পোষ্ট রয়েছে ২৪-পরগণা থেকে মুর্শিদাবাদ পর্য্যন্ত?

Shri Ardhendu Shekhar Naskar:

২৩০টি।

Shri Amar Prasad Chakrabarty:

এখানে যে পেট্রাপোল যে বর্ডার সেখানে কয়জন পুলিশ রয়েছে।

Shri Ardhendu Shekhar Naskar:

আমাদের বর্ডারে সবশুদ্ধ ৪টি ব্যাটেলিয়ান আছে—আর একটি ব্যাটেলিয়ান আমরা বের করছি আমাদের যে বর্ডার আছে সেটা হচ্ছে ১৩৪৮ মাইল তাতে ৪টি ব্যাটেলিয়ান আছে।

Shri Amar Prasad Chakrabarty:
আপনি নিজে কি পেট্রাপোল বর্ডারএ গেছেন ?

Shri Ardhendu Shekhar Naskar:
হ্যাঁ, গত মাসে গিয়েছিলাম।

Shri Amar Prasad Chakrabarty:
এখানে যে সোজা রাস্তা চলে গেছে তার রেল লাইনের ওপাশে যে সমস্ত পাকিস্তানী পুলিশ থাকে এবং এখানে এপাশে যে সমস্ত কাস্টমস পুলিশ থাকে তাদের টাকা পয়সা নিয়ে হরদম লোক ও মাল যাতায়াত করছে এ সম্বন্ধে কি আপনি অনুসন্ধান করবেন ?

Shri Ardhendu Shekhar Naskar:
আমি যখন গিয়েছিলাম সে সব কিছু দেখিনি।

Shri Jatin Chakravorty:
আগে কটা ব্যাটেলিয়ান ঐ জায়গায় ছিল এবং এখন কটা ব্যাটেলিয়ান আছে ?

Shri Ardhendu Shekhar Naskar:
আগে ৩টা ছিল, এখন ৪টা করেছি এবং আর একটা রাইজ করা হচ্ছে।

Grant-in-aid Scheme

***58. Shri Santosh Kumar Bhattacharyya:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government have disbursed the entire deficit amount of money under the grant-in-aid scheme to all non-Government secondary schools of the State for (i) 1962-63 and (ii) 1963-64?

(b) Will the Hon'ble Minister be further pleased to state—

(i) the number of schools which have received the grants so far: and

(ii) the number of schools not yet covered in respect of each of the years?

Shri Rabindralal Sinha: (a) (i) all the Non-Government Secondary Schools under the deficit grant-in-aid scheme have been paid deficit grants for 1962-63, as per list submitted by the Board of Secondary Education.

(ii) All Non-Government Secondary Schools in receipt of deficit grants-in-aid from the Board have also been paid such grants for 1963-64. Moreover, 81 schools which were never paid any deficit grant-in-aid by the Board have been paid for 1963-64.

(b) (i) So far during 1964-65, 1,651 High Schools have received deficit grants and 100 High Schools (recognised with effect from 1-1-63) have received lump grants.

(ii)	Number of High Schools.	Number not receiving deficit grant.
1962-63	... 2,226 (excluding 38 Anglo-Indian schools)	... 656
1963-64	... 2,426	.. 775

Shri Santosh Kumar Bhattacharyya:

উনি (এ) (১) ও (২)-এর জবাবে বললেন যে

as per list submitted by the Board of Secondary Education.

১৯৬২-৬৩-তে ওঁরা সকলকে দিয়ে দিয়েছেন। আমরা যতদূর সংবাদ পেয়েছি তাতে কিছু সংখ্যক বিদ্যালয় আছে যারা ১৯৬২-৬৩ এবং ১৯৬৩-৬৪ এর টাকা পাননি। বোর্ড হয়ত সমস্ত লিস্ট দেন নি। উনি যেটা বলেছেন অ্যাজ পার লিস্ট সাবমিটেড বাই দি বোর্ড এটা সম্পর্কে আপনি কি বিবেচনা করবেন যে কিছু সংখ্যক বিদ্যালয় যারা সংখ্যায় খুব বেশী নয়—যারা ১৯৬২-৬৩, ১৯৬৩-৬৪-এর টাকা পাননি তারা যাতে অবিলম্বে যেটা তাদের ওভারডিউ হয়ে গেছে সেটা পূজার আগে পান?

Shri Rabindralal Sinha:

১৯৬২-৬৩ গ্রাণ্ট দেবার ভার ছিল বোর্ডের। বোর্ডকে আমরা টাকা পাঠিয়েছিলাম। বোর্ড পেমেণ্ট করেছে—হয়ত পার্ট পেমেণ্ট করেছে সকলের পুরো পেমেণ্ট হয়নি। এডুকেশন ডাইরেক্টোরেট যখন গ্রাণ্ট দেবার ভার নিলেন তখন বোর্ড একটা লিস্ট করে দিলেন যে এর এর গ্রাণ্ট বাকী আছে এবং সেই অনুযায়ী আমরা একটা লিস্ট করে পাঠিয়ে দিলাম। ১৯৬২-৬৩-তে পেমেণ্ট বাকী ছিল এবং ১৯৬৩-৬৪এর জন্য বোর্ড ২টা ইনস্টলমেণ্ট-এ কিছু কিছু সংখ্যক বিদ্যালয়কে পেমেণ্ট করেছিল। পুরো হয়নি। বোর্ডের কাছ থেকে যাঁরা গ্রাণ্ট পেতেন তাঁদের সকলকে ১৯৬৩-৬৪এর তার সঙ্গে এ্যাড করতে পারি ১৯৬৪-৬৫-এর ৬ মাসের এ্যাডভ্যান্স ইন দি রেসিস অফ লাস্ট ইয়ারস ডেফিসিট এই করে প্রায় ৩ কোটি ৪৬ লক্ষ টাকা আমরা ২৬এ এপ্রিল থেকে ... মধ্যে পেমেণ্ট করেছি। এখন আমাদের কাছে কিছু কিছু কমপ্লেইন এসেছে যে ১৯৬২-৬৩ এর তারও আগে ১৯৫৫, ১৯৫৬ ফিক্সেসান টাইমলি হয়নি—হয়ত ফিক্সেসান হবার পর যে টাকা দেওয়া সেটা দেওয়া হয়নি। এই রকম কিছু কিছু ডিফিকাল্টিস আছে। আবার বোর্ড ... যে কতক এক্সপেণ্ডিচারগুলো এডমিসিবল। এক্সপেণ্ডিচার এর বাইরে আছে ডেফিসিট কম। অর্থাৎ ডিসপিউটেড কেসগুলো এই ভাবে আছে। আমরা বোর্ডের কাছ থেকে কাগজপত্রগুলো চেয়ে পাঠিয়েছি এবং কাগজপত্র এলে আমরা যথাসম্ভব তাড়াতাড়ি দেবার চেষ্টা করব।

(3-10—3-20 p.m.)

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রিমহাশয় (বি) (১) য়্যাণ্ড (২)তে যা বললেন সেটা আর একবার বলবেন কি?

Shri Rabindralal Sinha: So far during 1961-65, 1,651 high schools have received deficit grant and 100 high schools recognised with effect from 1st January, 1963, have also received lump grant.

Shri Santosh Kumar Bhattacharyya:

তাহলে এখন এই ১৬৫১ যে ফিগারটা দিলেন ডেফিসিট গ্রাণ্টএ পাঠিয়েছেন, তা আপনি কি জানেন এর মধ্যে কত হাই স্কুল এবং হায়ার সেকেণ্ডারী স্কুল এই ডেফিসিট স্কীমএ আছে?

Shri Rabindralal Sinha:

বলতে পারবো না।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমি মাননীয় মন্ত্রিমহাশয়ের অবগতির জন্য জানাতে পারি যে দুহাজার হাই এবং হায়ার সেকেণ্ডারী স্কুল এতে রয়েছে এবং আণ্ডার ডেফিসিট লাস্ট ফিগার যা আপনি দিলেন ১৯ শতের মত কাজেই দেখা যাচ্ছে আপনার কথা অনুসারেই যে অনেকে পায় নি। এবং আপনাকে এটাও

জানাচ্ছি প্রায় ৩০০ স্কুল ঐ ডেফিসিট গ্র্যাণ্ট পায়নি। তাদের কেস ডিসপিউটএ আছে এট বোধ হয় আপনি জানেন। কাজেই বাকি স্কুলগুলি যাতে পায় সেটা আপনি দেখবেন কি?

Shri Rabindralal Sinha:

কতকগুলি স্কুল আছে যাদের রুলস এর মধ্যে থেকে গ্র্যাণ্ট দেওয়া যাচ্ছে না যেমন ধরুন এনরোলমেণ্ট প্রেসক্রাইবড লিমিটের উপরে যা আছে তা হচ্ছে ক্লাস টেন হাই স্কুলস এনরোলমেণ্ট হচ্ছে ৭৪০ তার উপর হলে হবে না. ক্লাস ইলেভেন উইথ ওয়ান স্ট্রিং এনরোলমেণ্ট ৮৫০ আর উইথ টু স্ট্রিং হচ্ছে ২ হাজার। তা ছাড়া ধরুন তার রেজাল্ট ২৫ পারসেণ্টএর নীচে পাশ হয়েছে মফঃস্বল এলাকায় ও টাউন এরিয়ায় ৩৩ পারসেণ্টএর যা নীচে পাশের ফিগারগুলি বাদ যাবে। তবে মাননীয় সদস্যকে এটাই বলতে চাই যে যদি এছাড়া থাকে নিশ্চয়ই দেখবো এবং আপনারও জানা থাকলে জানাবেন আমি নিশ্চয়ই চেষ্টা করব।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয়ের বক্তব্যের জন্য ধন্যবাদ জানাচ্ছি। আর একটা কথা এই প্রসঙ্গে বলছি সেটা হচ্ছে এই যে আপনি যে ফিগার দিলেন এর মধ্যে যদ গভর্ণমেণ্ট স্কুলস সেকেণ্ডারী স্কুলস আছে তার কথা বলেন নি সেটা লাম্প গ্র্যাণ্টএ আর জুনিয়র হাই স্কুলস এখনও পর্যন্ত লাম্প গ্র্যাণ্টএ রেখেছেন—যদিও স্বর্গত মুখ্যমন্ত্রী পরিস্কার প্রতিশ্রুতি দিয়েছিলেন যে এদের ডেফিসিট স্কীম-এ আনা হবে—কিন্তু সে যাই হোক জুনিয়র হাই স্কুলগুলি যাদের লাম্প গ্র্যাণ্ট-এর জন্য টাকা বাকি আছে তাদের সংখ্যা প্রায় দু হাজার, তারা কি হলে টাকা পয়সা পায় বা তাঁরা কতজন পেয়েছেন দেখবেন কি?

Shri Rabindralal Sinha:

মাননীয় অধ্যক্ষ মহাশয় ঐ প্রশ্ন থেকে এ প্রশ্ন ওঠে কি? এটা ডেফিসিট গ্র্যাণ্ট হল ইন এড স্কীম-এর ব্যাপার। ওঁরা যদি আলাদা করে হাউসে প্রশ্ন করেন তাহলে বলতে পারবো। কিম্বা যদি পরে জানতে চান তাও জানিয়ে দেবো, এক্ষুণি আমার পক্ষে বলা সম্ভব নয়।

Shri Satya Priya Roy:

উনি যা বললেন তাতে দেখা গেল যে অনেকেরই বোর্ডের কাছে ১৯৫২ সাল থেকে টাকা পাওনা আছে যেদিন থেকে নাকি বোর্ড প্রতিষ্ঠিত হয়েছে। সে সমস্ত হিসাব করে এখন ডি পি আই ডিসট্রিবিউসন এর অথোরিটি হয়ে পরে এবং এখন সে সব টাকা ঠিক মত দেবার ব্যবস্থা তিনিই করছেন। এই কথাটাই আমি ওঁর উপর থেকে জানতে পারলাম আমার প্রশ্ন হল আমি যেটা বললাম এটাই তো ঠিক?

Shri Rabindralal Sinha:

প্রথমে আমি এই কথাই বলতে চাই যে ডাইরেক্টরেট এর হাতে যখন গ্র্যাণ্ট ইন এইড দেবার ভার এল তখন দেখা গেল তার মধ্যে অনেক গোলমাল থেকে গেছে এবং সে গোলমাল মিটিয়ে পেমেণ্ট করতে দেরী হয়ে যাচ্ছে, কারণ আমরা কাগজপত্র বা রিপোর্ট না নিয়ে কিছুই করতে পারছি না। সেজন্য আমরা ১৯৬৩-৬৪ এবং তার সঙ্গে সঙ্গে ১৯৬৪-৬৫ এডভান্স হিসাবে স্কুলগুলির হাতে যাতে ইমিডিয়েট কিছু টাকা পড়ে সে দিকে জোর দিয়েছি, এবং জুলাই অবধি এটা করেছি। আর আপনারা যা বলছেন তা দেখবো এবং ইতিমধ্যে আমি নির্দেশ দিয়েছি বোর্ডের কাছ থেকে এ ব্যাপারে সব জেনে নাও।

Shri Satya Priya Roy:

মাননীয় শিক্ষা মন্ত্রী নিশ্চয়ই জানেন যে মেমো যায়নি এবং ঐ ডিস্ট্রিবিউটিং মেমো না যাওয়াতে কোন কোন স্কুল টাকাটা ধরে রেখেছে—সে বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করলে সেই সব বিদ্যালয় যাতে সেই টাকাগুলি ম্যানেজিং কমিটি পাওনা হিসেবে ডিস্ট্রিবিউট করেন—সেই রকম ব্যবস্থা শিক্ষামন্ত্রী মহাশয় করবেন কিনা?

Shri Rabindralal Sinha:

নেমো যেতে কোন কোন জায়গায় কিছু কিছু দেরী হয়েছে ঠিক. তবে এখন সব চলে গেছে বলেই আমার ধারণা। তা সত্ত্বেও প্রতি ডিস্ট্রিক্ট ইনসপেক্টর অফ স্কুলসকে আমরা জানিয়েছি নেমো যেতে দেরী হচ্ছিল বলে যাতে টাকাটা ডিস্ট্রিবিউট করে দিতে দেরী না হয়। এখান থেকে তার জন্য আমরা প্রতিটা ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অফ স্কুলস ইনফর্ম করেছি তোমরা স্কুল অথরিটিকে ইনফর্ম কর যে বেসিসএ এপ্লিকেশন দেওয়া হয়েছে. সেই বেসিসএ পেমেণ্ট করে দেবার জন্য।

Shri Satya Priya Roy:

তাহলে এটা স্কুল ম্যানেজমেণ্টের দোষ আমি গভর্নমেণ্টকে দোষ দিচ্ছি না। স্কুল ম্যানেজমেণ্ট তা সত্ত্বেও বেশ কিছু জায়গায় কিছু কিছু টাকা তাঁরা ধরে রেখেছেন। তার সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করলে তাঁর দপ্তরের মাধ্যমে সেই টাকাগুলি যাতে বিলি করা যায় তার ব্যবস্থা করবেন কিনা।

Shri Rabindralal Sinha:

আপনার বলার আগে আমি প্রথমেই অলরেডি বলেছি যে ডিস্ট্রিক্ট ইনস্পেক্টর অফ স্কুলকে আমরা ডিরেকসন দিয়ে পাঠিয়ে দিয়েছি খবর দিতে যে প্রত্যেক স্কুল অথরিটিজকে তো এটা পাশ করাতে যেতে হবে ডি আই এর কাছে সেই সময় তাঁরা বলে দেবেন যে টাকা পেমেণ্ট কর এই ডিরেকসন আমরা দিয়েছি। তা সত্ত্বেও যদি কিছু গোলমাল থাকে. আমাকে জানালে নিশ্চয়ই আমি ব্যবস্থা অবলম্বন করবো।

Extension of service of the present Public Prosecutor, 24-Parganas

*59. **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state—

(a) if it is a fact that the Government has given three extensions to the present Public Prosecutor, 24-Parganas, after the expiry of his usual term;

(b) whether the Government is contemplating another term of extension for him;

(c) if so, the reason therefor; and

(d) whether it is a fact that the age of the present incumbent is 64 although the normal age of superannuation of a Public Prosecutor of a district is 60 years?

Shri Iswar Das Jalan: (a) Yes.

(b) It is too early for the Government to make any such contemplation now. His term of re-employment is up to 14th December, 1964.

(c) Does not arise.

(d) Present age of the existing incumbent is 63 years.

Shri Jatin Chakravorty:

এই (ডি)তে আমি বলেছি যে সুপারএ্যানুয়েশনএর লিমিট হচ্ছে ৬০ ইয়ারস। ৬০এর পরে যে সুপারএ্যানুয়েটেড হবে সেই জায়গায় আমি ৬৪ ইয়ারস বলেছি. আর উনি সেটা শুদ্ধ করে ৬৩ করলেন। আমার বক্তব্য হচ্ছে যে ৬০ ইয়ারস যদি সত্যি হয়ে থাকে, তাহলে তাঁকে ৬৩ পর্যন্ত রাখবার কারণটা কি?

Shri Iswar Das Jalan: In regard to Public Prosecutors this rule is not observed in a hard and fast way because competent lawyers who have got experience are few. Generally we extend it from year to year until we find that the gentleman is unable to go on.

Shri Sasanka Sekhar Sanyal: Is the Hon'ble Minister aware that some lawyers become better even after the age of 64.

Shri Iswar Das Jalan: Yes, I have seen lawyers better even at the age of 70.

Persons arrested in the Save-Minority Committee movement

***60. Shri Nirmal Bose:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) পাকিস্তান সংখ্যালঘু বাঁচাও কমিটি পরিচালিত আন্দোলনে মোট কত জন ব্যক্তিকে গ্রেপ্তার করা হইয়াছিল; এবং

(খ) যাঁহাদের গ্রেপ্তার করা হইাছিল, তাঁহাদের মধ্যে কতজনের বিরুদ্ধে এখনও মামলা চলিতেছে?

Shri Prafulla Chandra Sen:

(ক) ৫৯৩ জন।

(খ) কাহারও বিরুদ্ধে নহে।

Shri Nirmal Bose:

যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের কতজনকে ক্লাসিফিকেশন দেওয়া হয়নি এ তথ্য কি দিতে পারেন কি?

Shri Prafulla Chandra Sen:

না, আমি এখন তা দিতে পারি না, ক্লাসিফিকেশন সম্বন্ধে প্রশ্ন করলে পরে আমি তথ্য দিতে পারবো, এখন আমার কাছে নাই।

Shri Amar Prasad Chakrabarty:

বনগাঁতে এবং নগুলাতে এই মুভমেণ্টের কানেকসনে অনেকগুলি লোক অ্যারেস্টেড হয়েছিল এবং তাদের কেস আমি যতদূর জানি, সবগুলো উইথড্রন হয়নি, আপনি কি সিওর যে সবগুলি কেস উইথড্রন হয়ে গেছে?

Shri Prafulla Chandra Sen:

আমরা ওখানে সবশুদ্ধ ৫৯৩ জনকে ধরেছিলাম স্পেসিফিক কেসে—তাদের ছেড়ে দিয়েছি। আর এখন কোন লোকের নামেই কোন কেস পেণ্ডিং নাই। যদি বনগা সম্বন্ধে কেস থাকে আমি খোঁজ করে দেখতে পারি।

Paschim Banga Ayurvedic Act, 1961

***61. Shri Manoranjan Sengupta:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) what progress has been made up to date in implementing the provisions of the Paschim Banga Ayurvedic Act, 1961;

(b) whether the existing Ayurvedic Colleges and the attached hospitals have been taken over by the Government; and

(c) when the said Act will come into full operation?

Shri Jagannath Kolay: (a) The Paschim Banga Ayurved Parishad, the statutory body constituted under the Act is mainly responsible for implementing the provisions of the Act. Almost all rules and regulations according to which the Parishad is to discharge its duties under the Act have already been finalised by Government.

(b) The J. B. Astanga Ayurved College and its two attached hospitals have been taken over by Government.

(c) The Act was brought into operation from the 1st June, 1962.

Constitution of the West Bengal Board of Secondary Education

***62. Shri Santosh Kumar Bhattacharyya:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the constitution of the West Bengal Board of Secondary Education has been completed?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state whether the Board has begun functioning?

(c) If the answer to (a) be in the negative, will the Hon'ble Minister kindly state—

(i) why the Board has not yet been constituted; and

(ii) the length of time required for completion of its constitution?

[3-20- 3-30 p.m.]

Shri Rabindralal Sinha: (a) The West Bengal Board of Secondary Education is at present constituted with 28 members out of a statutory strength of 31, the outstanding three being one Dean from each of the Universities of Burdwan, Kalyani and North-Bengal. These Universities have not yet finalised appointment of Deans in their respective Universities.

(b) Yes.

(c) (i) and (ii) Do not arise.

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রিমহাশয় ঐ যে "এ" জবাবে বললেন ৩১ জনের ভিতর ২৮ জন নিয়ে বোর্ড হয়েছে তিন জন ডিন হয়নি কল্যাণী বর্তমান নর্থ বেঙ্গল এই যে ৩ জন বাকী আছে এটা কত দিনের মধ্যে হবে?

Shri Rabindralal Sinha:

এটা আমার পক্ষে বলা সম্ভব না

That is the matter for the universities concerned.

Shri Satya Priya Roy:

ঐ আইনের ধারাতে আছে যে কোন কনষ্টিটিউয়েন্সি তাদের রিপ্রেজেনটেটিভ না পাঠালে তাহলে স্টেট গভর্ণমেণ্ট একটা ডেফিনিট ডেট ঠিক করে দেবেন তাদের পাঠানার জন্য নির্দেশ দেবেন এবং তারপরেও যদি না পাঠায় তাহলে স্টেট গভর্ণমেণ্ট নমিনেট করতে পারেন—তাই বলছি এ সম্পর্কে কোন ডেফিনিট ডেট এই বিশ্ববিদ্যালয়গুলিকে জানানো হয়েছে কিনা যে—এর মধ্যে ডিন ইলেক্ট করে বোর্ডে পাঠাতে পারেন?

Shri Rabindralal Sinha:

কথা হচেছ এই ইউনিভারসিটিগুলির সব জায়গায় ডিন আছে কিনা এটা সন্দেহ। এবং ডিন থাকলেও যদি ডিনদের মধ্যে একজনকে নমিনেট করে পাঠান বা তারা তা যদি না পাঠান তাহলে আমরা কি করতে পারি।

One of the Deans can be nominated.

ডিনের এই স্ট্যাটুটরী প্রভিসন আছে; ডিন ছাড়া কাউকে নমিনেট করে আনতে পারি না—ডিন নমিনেট করবো সেই ক্যাটাগরী থেকে তো।

Shri Satya Priya Roy:

মন্ত্রিমহাশয় আইনটা বোধ হয় ভাল করে দেখেন নি। সেখানে পরিস্কার আছে যদি তারা ডিন না পাঠান তাহলে স্টেট গভর্নমেণ্ট ঐ ইউনিভারসিটি থেকে অন্য ইউনিভারসিটি টিচারকে নমিনেট করে নিয়ে আসতে পারেন এবং সেই লাস্ট ডেট জানিয়ে দেওয়া উচিত বিশ্ববিদ্যালয়গুলিকে এখন সেই ডেট জানানো হয়েছে কিনা ?

Shri Rabindralal Sinha:

এটা আইন দেখে বলতে হবে—আইনে দেখবো।

Shri Satya Priya Roy:

আইনে যদি ঐ ব্যবস্থা থাকে তাহলে যত তাড়াতাড়ি ডেটএর নির্দেশ দেওয়া হয় ডিন ইলেক্ট করে পাঠাবার জন্য সেই ব্যবস্থা মন্ত্রিমহাশয় গ্রহণ করবেন কি ?

Shri Rabindralal Sinha:

কথা হচেছ আইন না দেখে বলা বড় মুস্কিল—আইনের কোন ধারাতে এটা আছে বলতে পারেন ?

Shri Satya Priya Roy:

এটা বোধ হয় মন্ত্রিমহাশয় জানেন যে ঐ ৩ জন না আসার ফলে বোর্ডে যে সমস্ত কমিটিগুলি গঠন হবার কথা সেই কমিটিগুলি গঠিত হতে পারছে না ?

Shri Rabindralal Sinha:

এটা আমার জানা নেই।

Shri Satya Priya Roy:

এবং এই কমিটিগুলো গঠিত হতে না পারার ফলে সিলেবাস কমিটি, একজামিনেসন কমিটি এগুলি গঠন না হওয়ার ফলে বোর্ড ঠিকমত ফাংসান করতে পারছে না এটা মন্ত্রীমহাশয়ের জানা আছে ?

Shri Rabindralal Sinha:

জানা নাই—তবে আপনি বলছেন যখন তখন আমি নিশ্চয় দেখবো।

Shri Satya Priya Roy:

রিকমেনডেনসন, এক্সামিনেশান এ্যাণ্ড সিলেবাস এই সব কমিটি গঠিত হতে পারছে না—ফলে বোর্ড ফাংসান করতে পারছে না—আমি এটা দৃষ্টি আকর্ষণ করছি এজন্য যে এই ৩ জনের যোগদান অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। মন্ত্রিমহাশয় যদি একটু দৃষ্টি দেন।

Shri Rabindralal Sinha:

আমি আগেই বললাম, ৫ ধারায় এটা আমরা পারি কিন্তু করবো কি করে?

State Government may appoint members qualified for election on nomination by such authority.

তাহলে তিন ছাড়া কাউকে আমরা করতে পারি না—গোড়ায় যে কথা বলেছি সেটাই কারেক্ট।

Shri Jatin Chakravorty:

যে বোর্ড কনষ্টিটিউটেড হয়েছে তার যিনি সেক্রেটারী তার নাম এবং কোয়ালিফিকেশনস বলবেন কি?

Shri Rabindralal Sinha:

এ প্রশ্ন থেকে কি এটা ওঠে?

Shri Jatin Chakravorty:

বোর্ড কনষ্টিটিউটেড হয়েছে এর যিনি সেক্রেটারী তিনি বোর্ডের সেক্রেটারী—বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেসন, ওয়েস্ট বেঙ্গল, বলে আমি সেই সেক্রেটারী সম্পর্কে জানতে চাই যে সেই সেক্রেটারীর নাম এবং তার কোয়ালিফিকেসন কি?

Shri Rabindralal Sinha:

নোটিশ দিলে আমি বলতে পারবো? কিন্তু কনসটিটিউসন অফ দি বোর্ড হচ্ছে,

Secretary is not a member of the Board of Secondary Education.

Shri Jatin Chakravorty:

সেক্রেটারী অফ দি বোর্ড একজন হবেন। বোর্ড কনষ্টিটিউটেড হয়েছে সেই সেক্রেটারী সেই বোর্ড পরিচালনা করবেন। এখন একজন অ্যাকটিন সেক্রেটারী আছেন। দি প্রেজেণ্ট অ্যাকটিন সেক্রেটারীর কোয়ালিফিকেসন হচ্ছে তিনি মেট্রিক থার্ড ডিভিসন, আই এস সি থার্ড ডিভিসন, বি এস সি পাসড আফটার টু চান্সেস এবং এম এসসি থার্ড ক্লাস এই রকম লোককে অ্যাকটিন সেক্রেটারী করে যে রাখা হয়েছে এটা সত্য কিনা?

Mr. Chairman: You can bring this in as a fresh matter.

Shri Jatin Chakravorty:

এই বোর্ড কনষ্টিটিউটেড হয়ে গেছে। এই বোর্ড পরিচালনা করবেন এই সেক্রেটারী যিনি এখন এ্যাকটিন সেক্রেটারী তাঁর কোয়ালিফিকেসন হচ্ছে—মেট্রিক থার্ড ডিভিসন, আই এসসি থার্ড ডিভিসন, বি এসসি পাসড আফটার টু চান্সেস, এম এসসি থার্ড ক্লাস, এই যাঁর বিদ্যা তাঁকেই অ্যাকটিন সেক্রেটারী করে রেখেছেন। সুতরাং এই বোর্ড কনষ্টিটিউটেড করে কি হবে?

Shri Rabindralal Sinha:

ওঁর যা বলবার ছিল সেই উদ্দেশ্য সিদ্ধ হয়েছে। কিন্তু এ বিষয়ে কোন ইনফরমেশন চাননি বলে বলব না।

Shri Satya Priya Roy:

ঐ যে ৩টা ইউনিভারসিটির তিন এখনও ইলেকটেড হয়নি এবং কোন দিন যদি না হয় তাহলে এই আইনকে রূপ দেবার পথে যে বাধা সৃষ্টি করবেন তা কি দূর করবেন।

Shri Rabindralal Sinha:

আমি এক্সপেক্ট করছি ইউনিভারসিটি হয়েছে ডিন নিশ্চয় হবে।

Shri Satya Priya Roy:

উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের খবর হচ্ছে যে সেখানে ডিন ইলেক্ট করার কোন পরিকল্পনা নেই সেদিক থেকে বলতে পারি যে এক বছরের মধ্যে হবে না। এখন তাহলে এক বছরের মধ্যে বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধি আসবেন না বলে কি পর্ষদের কাজ ব্যাহত হবে?

Shri Rabindralal Sinha:

কাজ ব্যাহত হবার কোন কারণ নেই। পর্ষৎ যখন কনষ্টিটিউটেড হয়েছে তখন

The Board can function. There is no difficulty in the functioning of the Board.

Shri Satya Priya Roy:

পর্ষৎ থেকে যখন এল আর এর কাছে মত চাওয়া হয় তখন তিনি বলেন ৩ জন না আসা পর্যন্ত কমিটিগুলি গঠিত হতে পারে না—এটা কি জানেন?

Shri Rabindralal Sinha:

আমার নিজের ধারণা এই রকম হতে পারে না।

Shri Satya Priya Roy:

এটা কি জানেন যে পর্ষৎ থেকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে ঐ ৩ জন যতক্ষণ পর্যন্ত আসা না দিচ্ছেন ততক্ষণ পর্যন্ত কমিটিগুলি গঠিত হবে না।

Shri Rabindralal Sinha:

পর্ষদের দায়িত্ব কমিটি গঠন করা—সেটা পর্ষৎ ঠিক করবেন যে, তাঁরা কখন কমিটি গঠন করবেন।

Shri Satya Priya Roy:

কিন্তু কথা হচ্ছে যে ৩ জন না এলে তাঁরা কোন পথ গ্রহণ করবেন কিনা?

Shri Rabindralal Sinha:

আমি পরিস্কার বলে দিচ্ছি এতে আইন ঘটিত কোন বাধা হবে না এবং পর্ষৎ তাঁর কাজ যথাযথ ভাবে করবেন।

Shri Satya Priya Roy:

পর্ষদের সভাপতিকে কত দিনের জন্য পুনর্নিয়োগ করেছেন বলবেন কি?

Shri Rabindralal Sinha:

নোটিশ চাই।

Shri Satya Priya Roy:

শিক্ষামন্ত্রিমহাশয় নিয়োগপত্র পাঠিয়েছেন, কাজেই তিনি বলতে পারেন যে প্রথমে ৩ মাসের জন্য এ্যাপয়েণ্টমেণ্ট ছিল এখন সেখানে ক' মাসের জন্য দেয়া হয়েছে? তিনি যদি না এলে নোটিশ-এর

জন্য অপেক্ষা করেন তাহলে সর্ট নোটিশ প্রশ্ন দিয়ে আমাদের উত্তর চাইতে হয়? কিন্তু আমার মনে হয় তিনি উত্তর জানেন, কারণ তিনি নিজে সেই নিয়োগপত্রে সাক্ষর করেছেন।

Shri Rabindralal Sinha:

আমি কোন নিয়োগপত্রে স্বাক্ষর করিনি, করলে আমার স্মরণ থাকতো। সুতরাং আমি তাঁকে অনুরোধ করব যে আমি জেনে বলছি না এটা যেন তিনি মনে না করেন।

(3-30—3-40 p.m.)

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনি বললেন বোর্ড কনষ্টিটিউটেড হয়েছে। কিন্তু এই বোর্ড এর কটা মিটিং আজ পর্যন্ত হয়েছে আপনি জানেন কি?

Shri Rabindralal Sinha:

তা বলতে পারবো না।

Shri Raj Kumar Chakraverty:

মন্ত্রিমহাশয় কি বলবেন যে কবে কলকাতা বিশ্ববিদ্যালয়কে লিখেছেন তাদের ডিন-এর নাম পাঠাবার জন্য?

Shri Rabindralal Sinha:

এটা কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রশ্ন নয়। তিনটা ইউনিভারসিটিকে বলা হয়েছে কল্যাণী, বর্দ্ধমান এবং নর্থ বেঙ্গল। এই তিনটাকে বলা হয়েছে যে তোমাদের ১ জন করে নাম পাঠাও।

Shri Raj Kumar Chakraverty:

কবে চিঠি পাঠিয়েছেন তা বলতে পারবেন কি?

Shri Rabindralal Sinha:

না বলতে পারবো না।

Shri Santosh Kumar Bhattacharyya:

মন্ত্রিমহাশয় বললেন যে, ডিন না থাকার জন্য বোর্ডের কাজের অসুবিধা হচ্ছে। কিন্তু ঘটনাটা প্রকৃত কি? এখন কথা হচ্ছে যে, মন্ত্রীমহাশয় কি জানেন যে এবারে স্কুল ফাইনাল এবং হায়ার সেকেণ্ডারী একজামিনেশন-এর রেজাল্ট বা ফল প্রকাশ সংক্রান্ত ব্যাপারে যে কেলেঙ্কারী হয়েছে সে খবর কি তিনি রাখেন?

Shri Rabindralal Sinha:

আমি যতদূর জানি এর জন্য ওঁরা আলাদা প্রশ্ন দিয়েছেন এবং তার জবাবে আমি বিস্তারিত ভাবে সব বলবো।

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনি কি খবর রাখেন যে একজামিনেসন কমিটি বলে কিছু হয়েছে কিনা?

Shri Rabindralal Sinha:

না খবর রাখি না।

Shri Santosh Kumar Bhattacharyya:

তাহলে অনুগ্রহ করে খবর নেবেন, এই এক্সামিনেসন কমিটির ব্যাপারটা আপনি বলেছেন যে ... না থাকলে বোর্ড-এর ফাংসনিং-এর অসুবিধা হবার কথা, এবং আপনার সেটাই আমি সত্য ব... নিচ্ছি। তাই আমি আপনাকে বলছি আপনি কি দয়া করে খবর নেবেন এই একজামিনেশ... কমিটির ব্যাপারটা এবং কমিটি গঠিত না হলে যাতে তাড়াতাড়ি হয় সেটা দেখবেন কা... পরীক্ষা সংক্রান্ত ব্যাপারে বিভ্রান্তি হচ্ছে এর যাতে সুরাহা হয় সেটা দেখবেন?

Shri Rabindralal Sinha:

একজামিনেশন কমিটি হয়েছে কিনা জানি না। সেটা বোর্ড-এর করণীয় কার্য্য তবে না হ... থাকলে নিশ্চয়ই খোঁজ নেবো।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে কল্যাণী, উত্তরবঙ্গ, ও বর্দ্ধমান এ সব জায়গায় ডিন নেই ব... তাদের বোর্ডএ পাঠান যাচ্ছে না। আপনি কি জানেন কল্যাণী বিশ্ববিদ্যালয়ের ডিন আছে... এসব আপনার অবগতির জন্য বলছি, ডিন অফ সাইনসএর নাম ডক্টর সুনীল মুখোপাধ্যা... সুতরাং তিনি আসছেন না কেন?

Shri Rabindralal Sinha:

আর কোন একটা জায়গায় যদি ডিন থাকেও তা পাঠাবার দায়িত্ব আমার নয়। আমরা ইউনিভার্সিটি... লিখবো যে তোমরা একজন ডিনকে নমিনেট করে পাঠাও ফর বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশন... কাজেই আমি আপনাদের জানাচ্ছি কোন ডিন-এর নাম এখনও কোন বিশ্ববিদ্যালয় থেকে... আসে নি।

Shri Nirmal Bose:

আমি আইনটা ঠিক জানি না আমি সিদ্ধার্থবাবুর কাছ থেকে শুনছিলাম যে এরূপ ব্যবস্থা নাকি আছে যে যদি কোন বিশ্ববিদ্যালয় থেকে নাম না পাঠায় তাহলে সরকারের পক্ষ থেকে শিক্ষা-মন্ত্রী এটা করতে পারেন। কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ডিন থাকা সত্ত্বেও কেন তাঁরা পাঠাচ্ছেন না সেটা দেখবেন না?

Shri Rabindralal Sinha:

যদি কল্যাণীতে থেকে থাকে এবং নর্থ বেঙ্গলে না থাকে তাহলে তো পুরোটা ভর্তি হচ্ছে না খালি থেকে যাচ্ছে। আর আইনের পরামর্শ দেওয়া আমি গত কয়েক মাস হল ছেড়ে দিয়েছি কাজেই আইনের পরামর্শ দিতে পারবো না।

Shri Manoranjan Sen Gupta:

১৯৬৪ সালের ফার্স্ট জানুয়ারী বোর্ড স্থাপিত হয়েছে বলে ঘোষিত হয়েছে আজ ৮ মাস হয়ে গেল কিন্তু এখনও অনেক কমিটি গঠিত হয়নি, গ্রাণ্ট কমিটি, রিকগনিশন কমিটি, ইত্যাদি এখনও হয়নি। আজকে বোর্ড কি ভাবে পরিচালনা করা হচ্ছে তা নিয়ে অনেক সমালোচনা হচ্ছে, কাজেই আমি জানতে চাই এ সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের দায়িত্ব কি?

Shri Rabindralal Sinha:

বোর্ড অফ সেকেণ্ডারী এডুকেশন এ্যাক্ট দেখলেই পাবেন মন্ত্রিমহাশয়ের কি দায়িত্ব।

Shri Manoranjan Sen Gupta:

আমার মনে হয় এ বিষয়ে মন্ত্রিমহাশয়ের খবর রাখা উচিত। কারণ বোর্ড সুপরিচালিত হচ্ছে কিনা সেটা তাঁরই দেখা উচিত। গ্র্যাণ্ড একজামিনেসন, রিকগনিসন ইত্যাদি বিষয় যে সমস্ত ঘটনা

ঘটেছে সে সম্বন্ধে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি পড়েছে কিনা এবং যদি না হয় তাহলে দেখবেন কিনা? ১৯৫০ সালে যে বোর্ড হয়েছিল তাকে বিনা কারণে সুপারসিড করা হয়েছিল, আর এখন নানাপ্রকার অনাচার চলেছে তাতে কি মন্ত্রী মহাশয়ের কোন দায়িত্ব নেই?

Shri Rabindralal Sinha:

কেবল পরীক্ষা ছাড়া অন্য ব্যাপারে কোন অভিযোগ পাইনি কাজেই গ্র্যান্ট রিকগনিসন ইত্যাদি ব্যাপারে প্রশ্ন ওঠে না। রিকগনিসন-এর ব্যাপারে আমি কোন অভিযোগ পাইনি, পরীক্ষা সম্বন্ধে আমি অনুসন্ধান করেছি বোর্ডের কাছে, বোর্ড আমাকে উত্তর দিয়ে আশ্বস্ত করেছে। তারা বলেছে বোর্ড কবে কনষ্টিটিউটেড হয়েছে। এবং তার যে তিনজন সদস্য এখনও নেই ও আপনারা দেখেন। কাজেই স্ট্যাটিউটরি বোর্ড, অটোনমাস বোর্ড তার প্রধান কাজ হবে নিজেকে রেকটিফাই করা, এবং সেখানে তারা সে চেষ্টা করছেন। তাঁরা আমাকে জানিয়েছেন যে রেকটিফাই করবেন এবং এ ব্যাপারে নিশ্চয়ই অনুসন্ধান করবেন। এ যদি না হয় তাহলে তখন আইনগত দেখতে হবে যে আমার কি কি ক্ষমতা আছে।

Enquiry into the conduct of certain officers

*63. **Shri Jatin Chakravorty:** With reference to the reply given to starred question No. 98 on the 25th March, 1964, in connection with the case of Shri Golam Mohiuddin, former Curator, Botanical Gardens, will the Hon'ble Chief Minister be pleased to state—

(a) whether Government have since had any enquiry made to find out whether any blame attaches to the two officers, viz., (i) Shri B. B. Mondal, I.A.S. and (ii) Shri R. N. Chatterjee, I.P.C.; and

(b) if so, (i) who conducted the enquiry, (ii) what are the findings of the enquiry officer; and

(c) whether the Government will place a copy of the enquiry report on the Table for the information of the House?

Shri Prafulla Chandra Sen: (a) Yes.

(b) (i) Shri C. C. Chakravorty, WBHJS (Retired), Special Officer, Chief Minister's Secretariat.

(ii) There are no materials to warrant any inference of any misconduct or improper behaviour on the part of the officers mentioned in (a).

(c) No. The enquiry report is confidential.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে রিপোর্টটা কনফিডেনসিয়াল হতে পারে—কিন্তু এনকোয়ারি যখন হয়েছিল সেটা ইন ক্যামেরা, না সাক্ষীটাক্ষী ডাকা হয়েছিল?

Shri Prafulla Chandra Sen:

সে এনকোয়ারিটা কাগজপত্র দেখেই হয়েছিল। আমাদের স্পেশাল অফিসার যে এনকোয়ারী করেছেন, কাগজপত্র দেখেই তা করেছিলেন।

Shri Sasanka Sekhar Sanyal:

সত্যিই এনকোয়ারিটা কনফিডেনসিয়াল হয়েছিল কিনা জানেন?

Shri Prafulla Chandra Sen:

কাগজপত্র দেখে যখন এনকোয়ারি হয়েছিল, তখন এটা কনফিডেনসিয়ালই হয়েছিল।

Shri Jatin Chakravorty:

আপনি বললেন কেবলমাত্র কাগজপত্র দেখে এনকোয়ারি হয়েছে, সাক্ষী কেন ডাকা হয় নাই বলবেন কি?

Shri Prafulla Chandra Sen:

এখানে তো সাক্ষী ডাকবার কোন প্রয়োজন নাই। এই সমস্ত বিষয় আগেই তো বিচার হয়ে গেছে। তারপর এঁদের সম্বন্ধে উল্লেখ ছিল বলেই আমরা এনকোয়ারি করিয়েছিলাম।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এর আগেই কোশ্চেনের একটা রেফারেন্স টানছি, সেই কোশ্চেনে আছে শ্রীগোলাম মহীউদ্দিন—যিনি কিউরেটর ছিলেন বোটানিক্যাল গার্ডেনের, তাঁর বিরুদ্ধে একটা এনকোয়ারি হয়, হয়ে তাঁকে সাসপেন্ড করা হয় এবং তিনি হাইকোর্টে যান। যেখান থেকে খালাস হন, সেখান থেকে খালাস হবার পর সেই যে জাজমেন্ট সেই জাজমেন্টের মধ্যে এই দুই অফিসার সম্পর্কে সেই জাজ সাহেব নানারকম মন্তব্য করেছিলেন। সেই মন্তব্যের উপর যখনই কোন এনকোয়ারি হয়েছে, তখন সে সমস্ত অভিযোগ বা মন্তব্য জাজ সাহেব করেছেন এই অফিসারদের সম্পর্কে, এই সম্পর্কে কেন সাক্ষী ডাকা হয় নাই?

Shri Prafulla Chandra Sen:

হাইকোর্ট থেকে যে জাজমেন্ট দিয়েছিলেন সেই জাজমেন্টের উপর আমরা একটা কনফিডেনসিয়াল এনকোয়ারি করেছিলাম। এটা তো আর কোর্টে বিচার হয় নাই। তবে কোর্টে কেউ যদি যেতে চান, যেতে পারেন। আমরা কনফিডেনসিয়াল এনকোয়ারি করে দেখেছি যে তাঁদের কোন দোষ নাই।

Shri Sasanka Sekhar Sanyal:

জাজমেন্ট যখন ওপেন কোর্টে ডেলিভারড হয়েছে এবং ঐ জাজমেন্টে যখন এদের নাম আছে তখন গভর্নমেন্টের ডিপার্টমেন্টালি ওপেন এনকোয়ারি করবার কি বাধা ছিল?

Shri Prafulla Chandra Sen:

আমরা দেখলাম জাজমেন্টে এদের নামোল্লেখ আছে। সেইজন্য আমাদের স্পেশাল অফিসারকে দিয়ে আমরা স্পেশাল এনকোয়ারি করলাম। তিনি যদি বলতেন যে এদের বিরুদ্ধে এমন কিছু আছে যাতে করে ঐ এদের আবার বিচার হওয়া দরকার, তার ডিপার্টমেন্টাল সাক্ষী ওপেন এনকোয়ারি হওয়া দরকার। তাহলে নিশ্চয়ই আমরা তা দিতাম। আমাদের স্পেশাল অফিসার এনকোয়ারী করে এই কথা আমাদের জানিয়েছেন যে এদের বিরুদ্ধে কোন চার্জ নাই যা কোর্টে বিচারের জন্য উপস্থাপিত হতে পারে বা ডিপার্টমেন্টাল পানিসমেন্ট হতে পারে।

Shri Sasanka Sekhar Sanyal:

সেই স্পেশাল অফিসার যিনি এনকোয়ারিটা করলেন তিনি এনকোয়ারির করে তাদের নির্দোষ সাব্যস্ত করলেন। সেই স্পেশাল অফিসার যদি ওপেন এনকোয়ারি করতেন তাহলে এই অফিসারদ্বয় কি প্রেজুডিসড হতো?

Shri Prafulla Chandra Sen:

আমরা যে স্পেশাল অফিসারকে দিয়ে এনকোয়ারি করাই, কোন ওপেন এনকোয়ারি হয় না আমরা তাঁদের কাছে পাঠাই কাগজপত্র এইজন্য এবং অনেক ক্ষেত্রে কাগজপত্র পাঠান হয় তাঁরা কেবল বলে দেবেন যে এর বিরুদ্ধে প্রাইমা ফেসি কেস আছে কিনা, যদি থাকে তাহলে

আমরা কোর্টেও পাঠাতে পারি আর যদি আমরা মনে করি কোর্টে পাঠাবার মত বিষয় কিছু নাই তাহলে আমরা একটা ডিপার্টমেণ্টাল এনকোয়ারী করে শাস্তি দিতে পারি।

[3-40—3-50 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

এই যে স্পেশ্যাল অফিসার তিনি কি পুলিশ না—কোন Administrative Officer of the superior rank.

Shri Prafulla Chandra Sen:

ইনি হচ্ছেন মিঃ সি. সি. চক্রবর্তী। উনি ওয়েস্ট বেঙ্গল জুডিসিয়াল হায়ার সার্ভিস-এর রিটায়ার্ড অফিসার।

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে আমার প্রশ্ন হচ্ছে এই—আমি যতদূর আইন জানি, তাতে পুলিশ যে সমস্ত এনকোয়ারী করে সেই এনকোয়ারী যতক্ষণ পর্যন্ত কোর্টে না আসে ততক্ষণ পর্যন্ত সেই কাগজগুলি কনফিডেন্সিয়াল—কিন্তু জুডিসিয়াল র‍্যাঙ্ক যখন এনকোয়ারী করছে তখন সেটা ওপেন এনকোয়ারী করতে কোন আইনগত বাঁধা গভর্নমেণ্টের ছিল কি?

Shri Prafulla Chandra Sen:

এটা আইনগত বাঁধার প্রশ্ন আমি বলছি না—আমার সেক্রেটারীয়েটে এই ভদ্রলোককে রেখেছি। উনি এক্স-জর্জ তাঁকে আমরা যে সমস্ত লোকের বিরুদ্ধে অভিযোগ হয়—আমরা তাঁর কাছে কাগজপত্র পাঠিয়ে দিই এটা জানবার জন্য যে এর বিরুদ্ধে প্রাইমাফেসী কেস আছে কিনা—কোর্টে একে বিচারের জন্য পাঠানো যায় কিনা—অথবা ডিপার্টমেণ্টাল প্রসিডিং হতে পারে কিনা—কাজেই সমস্ত জিনিসটা কনফিডেনসিয়াল।

Shri Sasanka Sekhar Sanyal:

যখন এনকোয়ারী হচ্ছে তখন এটা জুডিসিয়াল এনকোয়ারী বলা যেতে পারে—কারণ এতে রিটায়ার্ড জজ আছে—ইনি রিটায়ার্ড করলেও তিনি একটা জুডিসিয়াল স্ট্যাটাসের মধ্যে—এনি ওয়ে—এমন কি আমাদের এনকোয়ারী করতে দিলেন জাজকে দিয়ে যে এনকোয়ারীগুলো ওপেন হতে পারে না। সরকারের এমন কোন কি রুল আছে?

Shri Prafulla Chandra Sen:

এতো ডিপার্টমেণ্ট্যাল রুলএ পড়ার কথা হচ্ছে না, এদের বিরুদ্ধে যে চার্জ ছিল—মাননীয় সদস্য মহাশয় ভাল করে জানেন সেই চার্জের সম্বন্ধে ওঁকে এনকোয়ারী করতে দিয়েছিলাম কনফিডেনসিয়ালী—কোর্টে তো আমি দিই নি এবং কোর্টে যাবার মত যদি হোত উনি আমাদের তাহলে এ্যাডভাইস দিতেন যে এই কেস কোর্টে নিয়ে যাওয়া উচিত।

Shri Sasanka Sekhar Sanyal:

কোর্টে কম্পলেনট হলে পরে সেটা এনকোয়ারী হয়।

Shri Prafulla Chandra Sen:

কোর্টে তো দিই নি—দেওয়ার প্রয়োজন বলে মনে করি নি—যে চার্জ আছে সেটার সম্বন্ধে অবশ্য এনকোয়ারী করতে দিয়েছিলাম ঐ রিটায়ার্ড জর্জকে কনফিডেনসিয়ালী; অতএব তো ও প্রশ্ন উঠে না।

Shri Sasanka Sekhar Sanyal:

কোর্টে অনেক কমপ্লেণ্ট হলে পরে সেটা অনেক প্রাইভেট পারসনকে দিয়ে এনকোয়ারী করা হয়—অনেক অফিসিয়্যালকে এনকোয়ারী করতে দেওয়া হয় ক্রিমিনাল প্রসিডিওর কোড সেকসন ২০২ অনুযায়ী এনকোয়ারী করতে দেওয়া হয়—আদার সেকসন অনুযায়ী এনকোয়ারী দু রকম হতে পারে—একটা রেফারেন্স করে ওপেন এনকোয়ারী হয়—আর একটি বলে কনফিডেনসিয়াল এনকোয়ারী। কিন্তু এ ক্ষেত্রে মন্ত্রী মহাশয় বলেছেন যে তাঁকে কনফিডেনসিয়াল এনকোয়ারী করতে বলা হয়েছিল—আমার প্রশ্ন হচ্ছে যেখানে দু রকম এনকোয়ারী হবার স্কোপ আছে—সেখানে ওপেন এনকোয়ারী না করে কনফিডেনসিয়াল এনকোয়ারী সিক করা হোল কেন?

Shri Prafulla Chandra Sen:

যেহেতু আমরা প্রয়োজন মনে করিনি। আমাদের যদি স্পেশাল অফিসার এনকোয়ারী করে বলতেন যে এটা কোর্টে দেওয়া উচিত—আমরা নিশ্চয়ই কোর্টে দিতাম বা যদি তিনি বলতেন যে ডিপার্টমেণ্টাল প্রসিডিংস-এর নামে হোক তাহলে নিশ্চয়ই আমরা তা করতাম।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, হাইকোর্টে জাজ সাহেব যে রায় দিয়েছিলেন এবং যে রায়েতে এদের সাথে মহীউদ্দীন সাহেবের যোগাযোগ আছে বলে যে মন্তব্য করেছিলেন সেই সম্পর্কে যখন তদন্ত হচ্ছে তখন কেবলমাত্র কাগজ দেখে কি করে সেই এনকোয়ারী হতে পারে? কারণ সেখানে সাক্ষীর প্রয়োজন ছিল—আমার প্রশ্ন হচ্ছে সেই সমস্ত লোককে ডেকে তদন্ত না করে এইরকমভাবে তদন্ত ধামাচাপা দেওয়ার ব্যবস্থা হোল কেন?

Shri Prafulla Chandra Sen:

এখানে ধামাচাপা দেবার প্রশ্ন নয়—মূল আসামী যে ভদ্রলোক যখন হাইকোর্টে তিনি যান অনারেবল জাষ্টিস বিনায়ক ব্যানার্জী বললেন তাদের বিরুদ্ধে কোন চার্জ নেই—তাদের সম্বন্ধে একথা বলতে গিয়ে এর আগে যে তিন জন কর্মচারীর নামের কিছু উল্লেখ ছিল—তাই তাদের সে সম্বন্ধে এনকোয়ারী করতে গিয়েছিলাম—জুডিসিয়াল এনকোয়ারী করতে দিই নি—স্পেশাল অফিসারকে দিয়ে—আমাদের যেটাকে বলি বিশেষ এনকোয়ারী—আমার সেক্রেটারীয়েটে সেটা করতে দিয়েছিলাম—তিনি যদি বলতেন যে এদের বিরুদ্ধে যে সমস্ত অভিযোগ আছে তাতে আদালতে যাওয়া উচিত—আমরা নিয়ে যেতাম বা যদি বলতেন ডিপার্টমেণ্ট্যাল প্রসিডিংস করা দরকার—আমরা করতাম।

Shri Amar Prasad Chakrabarty:

মাননীয় মন্ত্রী জানেন একটা জিনিস যেটা হাইকোর্ট বলেছে যে স্পেসিফিক রিমার্ক করে সার্টেন অফিসারের বিরুদ্ধে সেখানে প্রাইভেট, বা কনফিডেনসিয়াল এনকোয়ারী করার কোন স্কোপ আছে কি?

Shri Prafulla Chandra Sen:

তারা তো অভিযুক্ত হন নি এবং তাদের বিরুদ্ধে জাজ কিছু বলেনও নি—তবে ঐ রিপোর্টের মধ্যে কিছু বলা ছিল বলে আমি পুনরায় এদের সম্বন্ধে অনুসন্ধান করতে দিয়েছিলাম-আমাদের স্পেশ্যাল অফিসার বললেন যে এদের বিরুদ্ধে কোন কিছু নেই যাতে করে আদালতে যাওয়া উচিত বা ডিপার্টমেণ্ট্যাল প্রসিডিংস করা উচিত।

Shri Amar Prasad Chakrabarty:

প্রকাশ্য ওপেন এনকোয়ারী করতে আপনার আপত্তি আছে কি?

Shri Prafulla Chandra Sen:

ওপেন এনকোয়ারী সব জিনিসের হতে পারে। একজন লোক এসে একজনের বিরুদ্ধে বললে যে ওপেন এনকোয়ারী হোক কিন্তু ওপেন এনকোয়ারী করার মত যদি যক্তি থাকতো, ওপেন এনকোয়ারী করার মত যদি প্রমাণ থাকতো তাহলে নিশ্চয় আমরা বিচারের জন্য কোর্টে পাঠিয়ে দিতাম।

Shri Sasanka Sekhar Sanyal:

স্পেশ্যাল অফিসার যখন হাইকোর্ট-এর জাজমেণ্ট সম্বন্ধে বললেন অবজারভেসনস এগেনস্ট লোক্যাল পারসেনসএর স্পেশ্যাল অফিসার যখন একটা এনকোয়ারী করে বললেন ওদের বিরুদ্ধে কোন প্রাইমাফ্যাসী কেস নাই তখন গভর্নমেণ্ট থেকে এই অফিসারদের কি বলা হয়েছিল যে তোমরা জজকে মুভ কর for expunging those observations against him.

Shri Prafulla Chandra Sen:

আমরা কিছুই বলিনি। আমরা শুধু তাঁদের বিরুদ্ধে কোন মামলা হতে পারে কিনা, তাঁদের বিরুদ্ধে কোন ডিপার্টমেণ্টাল প্রোসিডিংস হতে পারে কিনা এসম্বন্ধে স্পেশ্যাল অফিসারকে অনুসন্ধান করতে বলেছিলাম।

Shri Sasanka Sekhar Sanyal:

হাইকোর্ট-এর জাজ যে অবজারভেসনগুলি করেছিলেন তার থেকে প্রাইমা ফ্যাসী কেস মেড আউট হয়েছিল সেটার উপর স্পেশ্যাল অফিসার-এর রিপোর্ট প্রিভেইল করা হল না কি?

Shri Prafulla Chandra Sen:

মোটেই তা নয়। এ সম্বন্ধে আমার কাছে অনেকে বলেন, এই হাউস-এ বলা হয়, সেজন্য আমি এই অনুসন্ধান করতে বলেছিলাম যে সত্যিই ওঁদের বিরুদ্ধে যদি কিছু দোষ থাকে তাহলে আমরা আদালতে ওঁদের বিচারের জন্য পাঠাব, অথবা ডিপার্টমেণ্ট্যাল প্রসিডিংস নেব।

Newsprint Factory in North Bengal

*64. **Shri Nirmal Bose:**

বাণিজ্য ও শিল্প বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ইহা কি সত্য যে, রাজ্য সরকারের পক্ষ হইতে উত্তরবঙ্গে একটি নিউজ প্রিণ্ট কারখানা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে;

(খ) 'ক'-এর উত্তর "হ্যাঁ" হইলে, কবে এই কারখানা স্থাপন করা হইবে; এবং

(গ) কোথায় এই কারখানা স্থাপন করা হইবে?

Shri Ardhendu Shekhar Naskar:

এটার রিপ্লাই রেডি হয়নি, হেলড ওভার থাক, কাল দেব।

Mr. Chairman: All right. It will be taken up on the next working day.

Mustard oil produced by "ghanis" in the Jails of the State

*65. **Shri Santosh Kumar Bhattacharyya:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Jails) Department be pleased to state—

(a) whether mustard oil is produced by "ghanis" in different jails of the State; and

(b) if so, what is the approximate total quantity produced in a year and how it is disposed of?

Shri Jagannath Kolay: (a) Yes, mnstard oil is produced by ghanis in two jails—Presidency Jail and the Purulia District Jail.

(b) The total quantity of mustard oil produced in a year is approximately 1,63,000 kg.

The mustard oil is supplied to five Central Jails, four Sub-Jails, four District Jails, 13 Hospitals in and near Calcutta and two Women's Homes.

Some quantity of mustard oil is also sold to the members of the staff and the public.

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনি বললেন প্রেসিডেন্সি ও পুরুলিয়া এই দুটো জেলে ১ লক্ষ ৬৩ হাজার কে. জি. তেল তৈরী হয়। আমার প্রশ্ন হল এই যে তেল জেলে তৈরী হয় সেটা বিশুদ্ধ কিনা আপনারা কি পরীক্ষা করে দেখেছেন?

Shri Jagannath Kolay:

আমরা পরীক্ষা করে দেখেছি বিশুদ্ধ এবং খুবই বিশুদ্ধ।

Shri Santosh Kumar Bhattacharyya:

এটা সুসংবাদ যে অন্ততঃ একটা জায়গায় এই ভেজালের দিনে খুবই বিশুদ্ধ তৈল তৈরী হচ্ছে প্রশ্ন হচ্ছে এই যে তেল জেল ও হাসপাতালে দেওয়া হচ্ছে—সেটা কোন কোন হাসপাতালে দেওয়া হয় তার কোন তালিকা আছে কি?

Shri Jagannath Kolay: হ্যাঁ,

'Kancharapara T.B. Hospital', 'Calcutta Medical College Hospital', 'R.G. Kar Medical College Hospital', 'Nilratan Sarkar Medical College Hospital', 'M. R. Bangur Hospital including Nurses' Hostels', 'S. S. K. M. Hospital Calcutta, including Nurses' Hostels', 'Sambhu Nath Pandit Hospital including Nurses' Hostels', 'Lady Dufferin Hospital, Calcutta', 'School of Tropical Medicine Hospital', 'Amherst Street A. G. Hospital', 'Howrah General Hospital including Nurses' Hostels', 'Infections Diseases Hospital, Beliaghata', 'Mental Observation Home, Bhowanipur'.

Shri Sasanka Sekhar Sanyal:

আপনার কি জানা আছে যে জেলখানায় তেল কিছু কিছু মন্ত্রীর বাড়ীতে যায়?

Shri Jagannath Kolay:

আমার জানা নেই।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি জেল মিনিস্টার হিসাবে জেলে তদন্ত করে যদি দেখেন যে কোন কোন মন্ত্রীর বাড়ীতে তেল যাচ্ছে তাহলে অনুরূপভাবে বিধানমণ্ডলীর সদস্যদের বাড়ীতে যাতে তেল যায় তার ব্যবস্থা করবেন কি?

Shri Jagannath Kolay:

বিধান মণ্ডলীর সদস্যদের বাড়ীতে পাঠান আমি মনে করি ঠিক হবে না।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি ক্যাণ্ডিডেট হিসাবে বলছি যে যদি মন্ত্রীদের বাড়ীতে যায় তাহলে সদস্যদের বাড়ীতে যাবে কিনা ?

Shri Jagannath Kolay:

কিছু তেল পাবলিক এর জন্য বিক্রী হয়। জেল খানা থেকে পাবলিক তেল আনে।

Shri Sasanka Sekhar Sanyal:

কোন মন্ত্রীদের বাড়ীতে যায় কিনা সেটার তো উত্তর দিলেন না ?

Shri Jagannath Kolay:

মন্ত্রীদের বাড়ীতে যায় না, তাঁরা ওখান থেকে কিনতে পারেন।

Shri Prafulla Chandra Sen:

জেল ডিপোতে জেলের তৈরী অনেক জিনিষ বিক্রি হয় তা মন্ত্রীরা কিনতে পারেন কোন তাতে আপত্তি নেই—বিধান মণ্ডলীর সদস্যরাও কিনতে পারেন। আগে জেলে তেল বেশী হোত এখন উৎপাদন কমে গেছে বলে ডিপোতে বিক্রি হচ্ছে কিনা জানি না।

[3-50—4-00 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

আমি নিজে তেল না খেলেও আমাকে ফ্যামিলির জন্য তেল নিতে হয় এবং আগে আগে কিছু কিছু তেলও পেয়েছি। সম্প্রতি জেলখানায় তেল আনতে গিয়ে যা জানতে পেরেছি বা ইনফরমেশন পেয়েছি যে পাবলিক ইনষ্টিটিউসন ছাড়াও মন্ত্রীদের বাড়ীতে তেল যায় এবং যে কারণে তারা দিতে পাচ্ছে না। আমার কথা হচ্ছে যে, মন্ত্রীদের বাড়ীতে যায় এটা যদি প্রমাণিত হয় তাহলে বিধানমণ্ডলীর সদস্যদের তেল দেবার ব্যবস্থা হবে কিনা ?

Shri Prafulla Chandra Sen:

আমি যতদূর জানি বর্ত্তমানে কোন মন্ত্রীর বাড়ীতে জেলের তেল খায় না।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি রেকর্ড ইনসপেকসন করুন লাষ্ট একমাসের ?

Shri Prafulla Chandra Sen:

আমি বর্ত্তমানের কথা বলছি। আমি যতদূর জানি দাম বৃদ্ধি হবার পর থেকে কোন মন্ত্রীর বাড়ীতে জেলের তেল খায় নি।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি দেখাতে পারি যে, এক মাসের মধ্যে তেল গেছে।

Shri Jagannath Kolay:

প্রত্যেক বৃহস্পতিবার জেল গেট থেকে তেল বিক্রি হয়। সেখান থেকে যদি কেউ নেন তাহলে কিছু বলবার নাই, এ তেল অনেক পাবলিকও নিয়ে থাকেন।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি দেখিয়ে দিতে পারি যে মন্ত্রীদের বাড়ী তেল গেছে?

Shri Jagannath Kolay:

মাননীয় শশাঙ্ক শেখর সান্যাল মহাশয় ভুল বলছেন কারণ আমরা জেলের গেট থেকে যে তেল দিই তা পাবলিককে দিয়ে থাকি এ ছাড়া আলাদা ভাবে কাউকে দেওয়া হয় না। আপনি যদি বলেন পাবলিক এর মধ্যে থেকে বিচার করে দিতে তা হলে তাও অন্য কথায় এসে যায়। কাজেই আমি বলছি মন্ত্রীদের বাড়ীতে কোনো তেল যায় না।

Shri Sasanka Sekhar Sanyal:

মন্ত্রী মশাইরা যদি গেট থেকে যদি তেল কিনতেন তা হলে আমার কোনো আপত্তি থাকতো না কারণ আমি জানি যে কোনো মন্ত্রী কোনো রেশন দোকানে যায় না বা কোনো জায়গায় কোনো লাইন দেয় না তাঁরা লোক পাঠিয়ে দেয় এবং সেই লোকেরাই নিয়ে আসে।

Shri Jagannath Kolay:

আপনার লোক গেলে পাবে। লোক গিয়ে নাম লেখাতে পারে।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি একা নই আমি ব্রাহ্মণীকে নিয়ে রেশন দোকানে যাই এবং এইভাবেই জিনিষ আনি। আমি নিজে কিউ দিয়ে থাকি এটা আপনারা জানেন কি?

Shri Santosh Kumar Bhattacharyya:

মন্ত্রী মহাশয় বলেছেন যে এক লক্ষ তেষট্টী হাজার কিলোগ্রাম জেলে উৎপন্ন হয় এবং উনি হাসপাতালে নাম দিয়েছেন এবং বলেছেন যে এই সমস্ত হাসপাতালে দেওয়া হয়। আমার প্রশ্ন হচ্ছে যে এই এক লক্ষ তেষট্টী হাজার কিলোগ্রামের মধ্যে কতটা হাসপাতালে সরবরাহ করা হয়।

Shri Jagannath Kolay:

১৯৬২ সালে ৫৪,৯৮২ কিলোগ্রাম দেওয়া হয়েছে এবং ১৯৬৩তে ৫৬,৩৯৯ কিলোগ্রাম দেওয়া হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

তা হলে দেখা যাচ্ছে যে ১,৬৩,০০০ কিলোগ্রামের মধ্যে ৫৪,৯৮২ ও ৫৬,৩৯৯ এই পরিমাণ তেল ১৯৬২-৬৩ সালে হাসপাতাল সমূহে দেওয়া হয়েছে। তা হলে বাকী যে তেল থাকে সেটা কি জেলখানায় কনজিউমড হয়? আপনি যে হিসাব দিয়ে থেকে দিলেন তারই পরিপ্রেক্ষিতে এই প্রশ্ন করছি?

Shri Jagannath Kolay:

আমি জেলখানার কথাই বলছি—১৯৬২ সালেতে ১,০২,৪২১ কিলোগ্রাম তেল পশ্চিম বাংলার সমস্ত জেলখানাতে হয়েছিল এবং ১৯৬৩ সালে ১,০১,৮১৫ কিলোগ্রাম তৈরী হয়েছিল আমি হসপিটাল এর কথাই বলেছি এ ছাড়া উইমেনস হোমতে দেওয়া হয়েছে ১৮৬২ সালে ১,৯৮০ কেজি এবং ১৯৬৩ সালে দেওয়া হয়েছে ২,০৫২ কেজি।

আমি একটা হাসপাতালের কথা বলেছি এবং আমাদের যেটা উইমেন হোম আছে সেখানে ১৯৬২ খৃষ্টাব্দে ১,৯৮০ কেজি সরিষার তেল আমরা দিয়েছি; আর ১৯৬৩ খৃষ্টাব্দে দিয়েছি ২,০৫২

কেজি তেল। আর বাকী হচ্ছে যেটা স্টাফ অ্যাণ্ড দি পাবলিক যেটা জেল গেট থেকে দেওয়া হয়েছে বলেছি তার পরিমাণ ১৯৬২ সালে হচ্ছে ৩,৭৫৯ কেজি এবং ১৯৬৩ সালে ২,১৭০ কেজি দিয়েছি।

Shri Mohit Kumar Maitra:

মাননীয় মন্ত্রিমহাশয় দয়া করে বলবেন কি—যে দুটো উইমেন হোমসকে তেল দেওয়া হয় তার নাম কি?

Shri Jagannath Kolay:

একটি আছে অল বেঙ্গল উইমেনস ইউনিয়ন হোম, কলিকাতা আর একটা আছে সুন্দরবাই মুলচাঁদ মেহোতা হোমস, লিলুয়া।

Shri Nirmal Bose:

মন্ত্রিমহাশয় কি জানেন কোন কোন জেলে আগে যেখানে ঘানির তেল তৈরী হতো, এখন সেইসব জায়গায় তা বন্ধ হয়ে গেছে?

Shri Jagannath Kolay:

জেলে যে ঘানি চলতো এখন সেগুলি বন্ধ হয়ে গেছে কিনা আমি জানি না। তবে এখন কেবল দু-জায়গায় চলে। আমাদের সবচেয়ে বেশী ঘানি চলে প্রেসিডেন্সি জেলে। আর একটা জায়গায় কেবলমাত্র গরুতে ঘানি চালায়—সে হচ্ছে পুরুলিয়া জেলে। সেখানে খুব একটা প্রোডাকসান হয় না। মাত্র ৫০০ কেজি সেখানে প্রোডাকসন হয়।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Refugees from Burma to West Bengal

45. **Shri Nirmal Bose:**

স্বরাষ্ট্র (রাজনৈতিক) বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বার্মা হইতে যেসব ভারতীয় চলিয়া আসিতেছে, তাহাদের মধ্যে কতজন পশ্চিমবঙ্গে আসিয়াছে;

(খ) বার্মা হইতে আগত এই উদ্বাস্তুদের কি রাজ্যসরকার কোনরূপ সাহায্য দিয়াছেন এবং

(গ) খ-এর উত্তর "হ্যাঁ" হইলে, এই সাহায্যের পরিমাণ কি?

The Minister for Home (Political) (Shri Prafulla Chandra Sen):

(ক) এ তথ্য সরকারের নিকট নাই; তবে ১৭ই জুন ১৯৬৪ হইতে ৩১এ জুলাই ১৯৬৪ পর্যন্ত ২৫৩ জন বাঙ্গালী বার্মা হইতে বিমানযোগে কলিকাতায় আসিয়াছেন বলিয়া খবর পাওয়া গিয়াছে।

(খ) না।

(গ) প্রশ্ন উঠে না।

Dearness allowance for lecturers and other staff in sponsored colleges

46. Shri Nirmalya Bagchi: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) the rate of dearness allowance of lecturers and other staff in sponsored colleges showing separately (i) the college portion and (ii) the Government portion;

(b) whether the college portion of dearness allowance in sponsored colleges is less in comparison with that in other colleges, Government and non-Government;

(c) if so, in view of rising cost of living whether the Government will consider the desirability of permitting the sponsored colleges to enhance their portion of dearness allowance;

(d) if the answer to (c) be in the negative, the reasons thereof?

Minister for Education (Shri Rabindralal Sinha): (a) Rate of dearness allowance is as follows in sponsored colleges—

Staff.	College share.	Government share.
	Rs.	Rs.
(i) Teachers	17.50	17.50
(ii) Non-teaching superior and inferior staff who are in the revised scale.	..	..
(iii) Non-Teaching superior staff who are in the unrevised scale.	10.00	10.00

(b) There is no college share of dearness allowance in Government colleges; but certain non-Government colleges pay a higher rate of dearness allowance but the Government share is the same.

(c) There is no such proposal at present.

(d) Sponsored colleges are given grant-in-aid on deficit basis; they do not raise any voluntary contribution.

Dearness allowance in sponsored colleges

47. Shri Nirmal Bose:

শিক্ষাবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সরকারী স্পনসর্ড কলেজে সর্বত্রই কি মাগগীভাতার পরিমাণ সমান;

(খ) (ক)-এর উত্তর "না" হইলে—

(১) কোন কোন কলেজে অন্যান্য কলেজ অপেক্ষা ভিন্নরূপ মাগগী ভাতা আছে;

(২) মাগগীভাতার পরিমাণ সহ সেইসব কলেজের নাম মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি;

(৩) সরকারী স্পনসর্ড কলেজের ক্ষেত্রে মাগগী ভাতার এই বৈষম্যের কারণ কি?

(৪) মাগগী ভাতার ক্ষেত্রে এই বৈষম্য দূর করার বিষয়ে সরকার কি কোন প্রস্তাব বিবেচনা করিতেছেন; এবং

গ) স্পনসর্ড কলেজের মাগগী ভাতা বৃদ্ধির কোন প্রস্তাব কি সরকারের আছে?

The Minister for Education (Shri Rabindralal Sinha):

(ক) ও (খ) হ্যাঁ। তবে কোন কোন পুরাতন উপাধ্যায় স্পনসর্ড কলেজের বেতনক্রম গ্রহণ করেন নাই। তাঁহারা ঐ সকল কলেজের প্রাক স্পনসর্ড সময়ের বেতনক্রম ও মাগ্‌গীভাতা পাইতেছেন। তাঁহারা চলিয়া গেলে ঐরূপ বিভিন্ন হারের ভাতার বিলোপ হইবে।

(গ) আপাতত এইরূপ প্রস্তাব নাই।

Pay and allowance of primary teachers during the period of their deputation

48. **Shri Nirmalya Bagchi:** With reference to the answer to Unstarred Question No. 25 given on the 25th July, 1963, in the Council, will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government and Panchayats Department be pleased to lay on the Table a copy of the Circular that has been issued to the municipalities informing them of the Government decision that primary teachers serving under them will be entitled to full pay and allowances for the period they remain on deputation to Government recognised training institutions?

Minister for Local Self-Government and Panchayats (Shri S. M. Fazlur Rahman): A copy of the Circular (No. 3923/M.3E-29/62, dated the 13th July, 1963) is laid on the Table.

Copy of Circular No. 3923/M.3E-29/62, dated the 13th July, 1963, from the Assistant Secretary to the Government of West Bengal, Local Self-Government and Panchayats Department, to the Commissioner, Burdwan Division.

Subject:—Sanction to the payment of full pay and allowances to Shri Biswanath Khan, Assistant Teacher, Khosbagan Municipal Free Primary School of Burdwan municipality during his training period.

The undersigned is directed to refer to the correspondence resting with his memorandum No. 870-M., dated the 18th June, 1962, on the above-noted subject and to say that the employee concerned in this case was not granted study leave at his request but was deputed by the Municipality for training under section 108(1) (xi) of the Bengal Municipal Act, 1932. According to the rule 5(11)(d) of the West Bengal Service Rules, Part I, the period spent on a duly authorised course of instruction or training is to be treated as "duty". Therefore if the employee was deputed by the Municipality for training, the period of his deputation should be treated as duty and he is entitled to full pay and allowances.

Quota of fertilisers and chemical manures allotted for West Bengal

49. **Shri Nirmalya Bagchi:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) quota of fertilisers and chemical manures allotted for West Bengal by the Government of India for each of the last five years;

(b) quantity drawn by the Government of West Bengal from that quota for each year;

(c) quantity utilised by the Government of West Bengal for each year;

(d) quantity refunded by the Government of West Bengal as unutilised; and

(e) what is the plan and procedure of the Government for proper distribution of chemical fertilisers among cultivators?

Minister of State for Agriculture (Shri Smarajit Bandyopadhay): (a) to (c) A statement showing the quantity of fertilisers allotted by the Government of India and quantity drawn and utilised by the Government of West Bengal is enclosed herewith.

(d) The stock which was lifted during the last five years was utilised entiraly. There is no provision for refunding stocks remaining unutilised.

(e) Chemical fertilisers are distributed through the Government-appointed distributing agents including West Bengal State Warehousing Corporation and West Bengal Apex Co-operative Agricultural Marketing Society Ltd. The distributing agents distribute fertilisers through sub-depot holders who open sub-depots in Blocks. In the district of Burdwan monopoly has been granted to the Apex Society in the matter of distribution of fertilisers.

The State Government have in contemplation a scheme to supply fertilisers to the Apex Society on consignment basis for distribution to the farmers through the Thana and Service Co-operatives. It is proposed to earmark a portion of the crop loan now being distributed by the Co-operation Department for purchase of fertilisers and to issue the portion of the loan in kind (in fertiliser).

Statement referred to in clauses (a) to (c) of question No. 49.

Year	Name of Fertiliser.	Quota of fertiliser and Chemical manures allotted to West Bengal by the Government of India. Question (a)	Quantity drawn by the Government of West Bengal. Question (b)	Quantity utilised by the Government of West Bengal Question (c)
		(in tonnes)	(in tonnes)	(in tonnes)
1959-60	..Ammonium Sulphate ..	40,000	39,550	39,550
1959-60	..Urea	1,500	1,157	1,157
1960-61	..Ammonium Sulphate ..	42,000	41,500	41,500
1960-61	..Urea	1,500	1,262	1,262
1960-61	..Ammonium Sulphate Nitrate ..	1,000	969	969
1961-62	..Ammonium Sulphate ..	67,900	64,900	63,000
1961-62	..Urea	9,100	5,460	3,906
1961-62	..Ammonium Sulphate Nitrate ..	4,100	3,500	3,026
1961-62	..Calcium Ammonium Nitrate ..	2,000	928	928
1962-63	..Ammonium Sulphate ..	61,158	41,982	41,982
1962-63	..Urea	6,730	4,661	4,661
1962-63	..Calcium Ammonium Nitrate ..	1,022	352	352
1962-63	..Ammonium Sulphate Nitrate ..	1,305	187	187
1963-64	..Ammonium Sulphate ..	67,341	63,778	59,983
1963-64	..Urea	19,440	10,779	5,632
1963-64	..Ammonium Sulphate Nitrate ..	2,150	1,984	1,984
1963-64	..Calcium Ammonium Nitrate ..	2,500	1,088	1,088

Fertiliser factory in West Bengal

50. **Shri Nirmalya Bagchi:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) if the Government of West Bengal have any plan for starting a fertiliser factory in West Bengal; and

(b) if so, details of the plan?

Minister of State for Agriculture (Shri Smarajit Bandyopadhyay): (a) At the instance of Government of West Bengal, the Central Government in the Ministry of Petroleum and Chemicals have planned for the establishment of a fertiliser factory at Durgapur in West Bengal through the agency of the Fertiliser Corporation of India.

(b) The Durgapur Fertiliser Project has been planned for early implementation for the production of 1,00,000 tonnes of nitrogen and 1,08,500 tonnes of P_2O_5 (Phosphorus Pentaoxide) per year as Ammonium Phosphate Sulphate. Under instructions of and authorisation from the Ministry of Petroleum and Chemicals, and Fertiliser Corporation of India have already been taking advance action in setting up of the plant, pending preparation of a final project report along with project estimates.

Point of Privilege

Shri Jatin Chakravorty:

স্যার, আমার একটা পয়েণ্ট অফ প্রিভিলেজ আছে। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে ১০এ জুলাই আমি একটা প্রশ্ন করেছিলাম

starred question No. 2 (admitted question No. 9) for setting up of committee of enquiry and Sadachar Committee.

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানেতে সেদিন আমাদের আশ্বাস দিয়েছিলেন যে আগষ্ট মাসের মধ্যে সদাচার কমিটি গঠিত হবে এবং ইতিমধ্যে আজকে আনন্দবাজার পত্রিকায় দেখলাম একটা সংবাদ যে পশ্চিমবাংলা তথা সমগ্র ভারতের কংগ্রেসের অন্যতম নেতা শ্রীযুক্ত অতুল্য ঘোষ মহাশয় আমাদের ভারতবর্ষের স্বরাষ্ট্রমন্ত্রীকে যে চিঠি দিয়েছেন—তার মধ্যে যা লিখেছেন, তাতে কিছুটা তিরস্কারের ভঙ্গী আছে এর মধ্যে—

"দিল্লী হইতে ফিরিয়া আমি খবরের কাগজে দেখি যে কলকাত্তার এক জনসভায় শ্রীমতী সুভদ্রা যোশী এম পি বলিয়াছেন কলিকাতায় কংগ্রেসের একাংশ সদাচার সমিতির কাজের বিরোধিতা করিতেছে। সভায় শ্রীহমায়ুন কবীরও ছিলেন। বিরোধী দল কতৃক এই বিষয়টি প্রশ্নাকারে বিধান পরিষদেও তোলা হয়।

আমার প্রশ্ন হচ্ছে—এটাতে আমাদের শুধুমাত্র অধিকার ভঙ্গ করা হয়েছে তা নয়, সমগ্র হাউসের প্রিভিলেজ এর দ্বারা ভঙ্গ করা হয়েছে। এই যে তিরস্কারের ভঙ্গীতে তিনি চিঠি দিয়েছেন—স্বরাষ্ট্র মন্ত্রীর কাছে তাতে আমাদের প্রিভিলেজ নষ্ট হয়েছে বলে আমি মনে করি।

আজকে আমাদের এখানে সদাচার কমিটি সেট আপ করা হোক—এই বেসরকারী প্রস্তাব আমার নামে আছে। এই পরিপ্রেক্ষিতে আমি আপনার কাছে জানতে চাই—ওর দ্বারা এই হাউসের অধিকার ভঙ্গ করা হয়েছে কিনা। এই রকম তিরস্কারের ভঙ্গীতে ভ্রুকুটি করে তিনি লিখতে পারেন কিনা।

Mr. Chairman:

তিরস্কারের ভঙ্গী কি রকম?

Shri Jatin Chakravorty:

"বিরোধী দল কর্তৃক প্রশ্নাকারে এই বিষয়টি বিধান পরিষদে তোলা হয়েছে।"

(গোলমাল)

যেমন তিনি বলছেন—

"দিল্লী হইতে ফিরিয়া আমি খবরের কাগজে দেখি যে কলিকাতার এক জনসভায়—শ্রীমতী সুভদ্রা যোশী—এম-পি বলিয়াছেন কংগ্রেসের একাংশ সদাচার সমিতির কাজের বিরোধিতা করিতেছে.........ইত্যাদি। আমি ভাবিয়া পাইতেছি না শ্রীমতী সুভদ্রা কেন একথা বলিলেন বিশেষ করিয়া কলিকাতায় কেন তিনি বিরোধীপক্ষের সুবিধা করিয়া দিলেন। সুতরাং সমস্ত কনটেক্সটটা একত্রে আপনি দেখুন। এখন আমাদের হাউসে আমি একটা প্রশ্ন করেছি এবং মুখ্যমন্ত্রী মহাশয় সেখানে বলেছেন যে সদাচার কমিটি আগষ্ট মাসের মধ্যে গঠিত হবে। সেই সময় যখন আমাদের এখানে সদাচার কমিটি গঠনের ব্যাপারে মুখ্যমন্ত্রী এই কথা বলে দিয়েছেন, তখন অতুল্যবাবু ঐ রকম মন্তব্য করতে পারেন কিনা এবং তার দ্বারা তিনি আমাদের হাউসের অধিকার ভঙ্গ করেছেন কিনা ?

[4—4-10 p.m.]

Mr. Chairman: Just now I fail to understand your point of view However, I shall look into the matter and let you know.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, the matter is not concluded here My friend was trying to make out a point of privilege but I go further—I want to make out a case of clear contempt, and will ask you in all humility to refer the matter to the Committee of Privilege to ascertain whether it is a contempt or not. Sir, a prima facie case has to be made out like this. Shri Lal Bahadur Shastri is a big person, a big public man and leader of the Government of India.

Shri Prafulla Chandra Sen: He is the Prime Minister of India.

Shri Sasanka Sekhar Sanyal: He is the leader of India and the Prime Minister of the Government of India. Excuse me the little lapse in the language.

Now, when Sadachar Committees is proposed to be established by our Chief Minister here...........

Shri Prafulla Chandra Sen: I never said that I was going to constitute a Sadachar Committee. Sadachar Committee was not constituted in Delhi either by the Government of India or by the Congress Working Committee. Sadachar Committee was constituted by Shri Gulzarilal Nanda, Home Minister of India, in his personal capacity. I never said that I was going to constitute a Sadachar Committee. What I said was that Sadachar Committee was proposed to be constituted in West Bengal also, but not by the Government.

Shri Sasanka Sekhar Sanyal: Very good, I stand corrected if correction is necessary. The position is that in answer to a member's question the Hon'ble Chief Minister gave us to understand that something was going to be done in West Bengal. The whole question is that in connection with the setting up of Sadachar Committee in New Delhi or elsewhere, a person—I don't mind whether he is Mr. Ghose, or somebody else, or whether the matter is before the Congress or elsewhere—complained to the authorities that Sadachar Committee was not sponsored by the Congress

nor had its footing in the Government. Therefore, he was driving at this that Sadachar Committee were things without any moral or legal footing. This was indirectly an indictment on the proposed Committee which was in the completion of our Chief Minister which he expressed in reply to a question of my friend Shri Chakravorty. We were looking forward to the setting up of a Committee—whether a vigilance committee, or a watchword committee or something like a supervisory committee or a sentinel committee—which was sponsored because there was rampant corruption everywhere and because there were misgivings in the mind of the people that everything was going rot, and the Hon'ble Chief Minister, in answer to a question, stood up and gave a straight reply that things were going to be done. In this connection, if a complaint is made to certain quarters, official or non-official, that these committees are going to be upstart committees, without legal or moral footing, then it is interfering with the proposed committee which is going to be set up, and this is a clear case of contempt. You know, Sir, that "contempt" has not been defined anywhere, but we have to take the definition of "contempt" from the decisions of law courts.

In Aiyar's "Contempt of Court", 'contempt' in the legal sense of the term has been described primarily as disrespect to that which is entitled to legal regard. This is No. 1. I now come to No. 2. If you read Justice P. B. Mukherji's judgment in Debabrata Banerji's case, you will find that he has also found that 'contempt' is never defined—it is described in relation to particular facts and circumstances of the case and he has propounded a general proposition which holds the field, viz., anything which makes the authority look low is contempt. Therefore, anybody doing anything anywhere which makes the authority of this Legislature look low is guilty of contempt of the House. Sir, in this connection, I would like to refer to Sir Erskine May's Parliamentary Practice at page 109 where it has been said: It may be stated generally that any act or omission which obstructs or impedes either House of Parliament in the performance of its functions or which obstructs or impedes any Member or Officer of such House in the discharge of his duties is a contempt.

Now, in the present case, this statement is likely to be obstructing and impeding the Chief Minister from implementing the direct assurance that he gave to this House that he was considering setting up an equivalent Committee here. It has been held in Denis and Gardiner's case that the freedom of the Parliament—and here the Legislature—will be in grave jeopardy if the members are prevented from faithfully discharging their duties by threats or intimidation. Now, our Chief Minister is a member of this House and this is a threat to the Chief Minister. You are going to set up a Committee or Commission which has no legal footing or party footing or political footing. This is a sort of threat to the Chief Minister who is a member of this House. So, it is a case of contempt of this House and it is a serious matter. Sir, I hope you will rise to the height of the occasion by referring this matter to the Committee of Privileges. If the Committee of Privileges decides that it is no contempt, well and good. Otherwise, we should not hesitate to prosecute and call that gentlemen before this House in order to explain his position and apologise, or else we will convict him.

Shri Rabindralal Sinha: Sir, I would like to make my submission as regards what has been said by my friends Shri Jatin Chakravorty and Shri Sasanka Sekhar Sanyal. Shri Jatin Chakravorty has raised a question of privilege. He has said that this is a case of breach of privilege of this House by Shri Atulya Ghosh because he has said that Opposition

raised this question in the Council. (Shri Sasanka Sekhar Sanyal: Read the whole thing.) I have read it. It is nothing more than that. But it is a fact that the question was raised by the Opposition in this House. Therefore, stating facts as to what has happened in the House can never be a case of breach of privilege of the House.

Now, so far as the question of contempt is concerned, as has been raised by Shri Sasanka Sekhar Sanyal, it must be a case of contempt of the House. Contempt of the Prime Minister or contempt of the Chief Minister will not come within its purview. (Shri Sasanka Sekhar Sanyal: It will.) Unless and until it is a case of contempt against the Chief Minister as a member of this House, it cannot come within its purview.

What is the actual position? Shri Atulya Ghosh is a Member of the Parliament. You have just now heard that Shri Nanda has already set up a Sadachar Committee in the Centre and he wants to set up Sadachar Committees in the States also. But this is not a decision of the Government of India. Shri Atulya Ghosh has written to Shri Nanda that this Sadachar Committee must have some sanction behind it—it must have the sanction of the Government of India or, if it is in the political level, it must have the sanction of the party. Nothing more than that. Moreover, it is not an Act of the Legislature nor any act of the Government. Shri Nanda is condemned for certain action. If our Chief Minister is condemned for certain action, and if we write to him stating that this action should not be taken in this fashion, will that be contempt? I am afraid that we will be a laughing-stock in the country if we accept it as a question of privilege or a question of contempt.

[4-10—4-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal: I am prepared to agree with my friend on one point but not on the other. It may be arguable that Shri Atulya Ghosh, a Member of Parliament, may have the right to condemn that such committees are without political or governmental footing. I am not concerned with that. The question here is this when we have done something proposing to take action, when that is pending in any reference to that, the whole context must be taken—any reference to that with the object of painting that certain things are done irregularly is certainly contempt. My friend says that contempt of a member is not a contempt of the House.

Shri Rabindralal Sinha: I never said that. There can be contempt of the House only if there is contempt of the Chief Minister as a member of the House and not for any action which he has not taken as a member of the House; if any administrative action of the Chief Minister is criticised, that would not be contempt of the House.

Shri Sasanka Sekhar Sanyal: It is not an administrative action.

Shri Rabindralal Sinha: It is an administrative action.

Shri Sasanka Sekhar Sanyal: It is a legislative matter. My contention is that when the matter can be argued both ways it is no use saying that we shall be a laughing-stock—we might be a laughing-stock otherwise. There are two sides of the thing. Sir, it is your duty to refer the matter to the Privilege Committee.

Mr. Chairman: I shall look into it.

Shri Nirmal Bose:

আমি একটা কথা জিজ্ঞাসা করছি, যে কথাটা মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বলবার চেষ্টা করলেন ও যে কথাটা অতুল্য বাবুর চিঠিতে বলা হয়েছে যে, বিরোধী দল বিষয়টা পরিষদে আলোচনা করেছেন। যদি কেবলমাত্র এইটার উল্লেখ থাকতো তা হলে এ প্রশ্নটা এভাবে আসতো না যে পরিষোধের মর্য্যাদা ভঙ্গ করা হয়েছে। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি দেখুন কি কথা বলা হয়েছে। তিনি বলেছেন যে, বিরোধী দল কর্তৃক এই বিষয়টি প্রশ্নাকারে বিধান পরিষদেও তোলা হয়। এটা স্টেটমেণ্ট অফ ফ্যাক্ট। তারপর দেখুন আরও কি কথা বলা হয়েছে। 'কেন তিনি বিরোধী পক্ষের সুবিধা করিয়া দিলেন আমি ভাবিয়া পাইতেছি না শ্রীমতী সুভদ্রা কেন এইকথা বলিলেন, বিশেষ করিয়া কলিকাতায় এই কথা অত্যন্ত আপত্তিকর। আমরা এই পরিষদে এই বিষয়টি নিয়ে আলোচনা করেছি এবং আমরা চাই সদাচার সমিতি হোক, দুর্নীতির ব্যাপারে তদন্ত করা হউক। এই বিষয় সম্পর্কে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় জবাব দিয়েছেন। সেটা সরকারী স্তরে হবে না অন্য কোন স্তরে হবে সেটা পরের কথা। এই বিষয়টা আমরা সদ্ভাব সঙ্গে চেয়েছি এই বিষয় আমরা কোনো সুবিধা চাই নি। আমরা কোনো রাজনৈতিক সুবিধা হোক এ'ও চাই নি। অতুল্য বাবু বিরোধী দলের অধিকারের উপর হস্তক্ষেপ করেছেন এবং তাঁদের সততার প্রতি বিদ্রুপ করেছেন, কটাক্ষ করেছেন এবং এই পরিষদের আলোচনার অধিকারের উপর কটাক্ষ করেছেন। অতুল্যবাবুর বিরুদ্ধে পরিষদ অবমাননার অভিযোগ নিশ্চয়ই আসে।

Shri Rabindralal Sinha:

শ্রীমতী সুভদ্রা যোশী যে স্টেটমেণ্ট করেছেন এটা অসত্য এই কথাই অতুল্যবাবু বলেছেন এবং তিনি বলেছেন যে, এই অসত্য কথা বলার ফলে বিরোধী পক্ষ এটা এনেছেন, তাঁরা যে এই কথা পরিষদে এনেছেন সেটা শ্রীমতী সুভদ্রা যোশীর কথাই আলোচনা করা হয়েছে পরিষদে। এই অসত্য কথাটা যার কোনো ভিত্তি নেই বা এই ভিত্তিহীন কথা বলার জন্যই তিনি আপত্তি করেছেন। তিনি পরিষদে তোলার জন্য আপত্তি করেন নি।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি আমার কোশ্চেনটা দেখুন। এই কোশ্চেনের উপরই এটা হয়েছে। কারণ আমাদের মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বললেন যে গভর্নমেণ্টের এতে কিছু নেই। আমার কোশ্চেনটা ছিল

a Committee of Enquiry etc.

অথচ মাননীয় রবীন্দ্রলাল সিংহ মশায় বললেন এর মধ্যে সরকারের কিছু নেই।

Mr. Chairman: I shall look into it.

Shri Jatin Chakravorty:

কিন্তু স্যার, আপনার মনে আছে কিনা জানি না—। আমার কোশ্চেনটা একটু পড়ে শোনাচ্ছি। আমার প্রশ্ন ছিল—

Committee of Enquiry on the basis of the recommendations of the Santanam Committee to enquire into the corruption amongst high Government officials.

সুতরাং সরকারের যে গভর্নমেণ্ট অফিসিয়াল—সরকারী কর্মচারী—

Shri Rabindralal Sinha: That is Vigilance Committee.

Shri Jatin Chakravorty:

না, আপনি স্যার, সেই প্রশ্নের প্রোসিডিওর নেন। সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন যে এই সরকারী কর্মচারীদের সম্পর্কে একটা কমিটি গঠিত হবে। মন্ত্রীদের সম্পর্কে পলিটিক্যাল

পার্টির লোকদের সম্পর্কেও কমিটি গঠিত হবে। সেই প্রশ্নের উত্তরে তিনি বলেছিলেন আগষ্ট মাসের মধ্যে সেই কমিটি গঠিত হতে যাচ্ছে। আজকে আমরা সেই প্রশ্ন তুলছি বলে—শ্রীযুক্ত অতুল্য ঘোষ আমাদের আজকে তিরস্কারের ভঙ্গীতে এই কথা বলছেন।

Mr. Chairman: I shall look into it. I cannot give a decision offhand.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, I rise on a point of order. First of all, Mr. Chakravorty has raised a question of privilege in connection with Mr. Ghosh's speech. Now Mr. Ghosh has merely made a statement of fact. He has made a statement of fact, inasmuch as he has said that the question came up in the form of questions and answers on the floor of the Legislative Council. That is a fact. Then with regard to the matter of contempt raised by Mr. Sanyal—that is also a question of fact that Sadachar Committee has no legal basis. So contempt is also a question of fact. Sir, are they entitled to raise this privilege first or the contempt first in connection with certain statements of facts that have been made? That is the point.

Shri Sasanka Sekhar Sanyal: If a member is called 'Sala' that is a statement of fact. Will that not come within contempt?

Shri Sukumar Dutta: On a point of information, Sir.

বাইরে যদি কোন লোক গভর্নমেণ্ট অ্যাকশন ক্রিটিসাইজ করে, সে ও কি কনটেম্পট হবে?

Shri Sasanka Sekhar Sanyal:

নিশ্চয়ই হবে না।

Shri Nirmal Chandra Bhattacharyya: He has merely stated what actually happened in the Council.

(Noise)

Shri Satya Priya Roy:

স্যার, আপনার কাছে আমাদের আবেদন হবে আমাদেরও কিছু ভিউ পয়েণ্ট আছে

We have been condemned. Let the case be referred to the Privilege Committee. Let us see what is the decision.

Mr. Chairman: The matter is closed for the present. Let us proceed to the next item of business.

Shri Satya Priya Roy:

আমার কথার কী হলো স্যার? আপনি কি রেফার করছেন স্যার

to the Privilege Committee for his opinion?

Mr. Chairman: I will look into the matter.

Shri Satya Priya Roy: I hope you will consider our viewpoints.

Arrangement of transport for Council Members

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা অন্য বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই সেটা হলো এই—কয়েকদিন আগে এই কাউন্সিল সদস্যদের জন্য বাসের ব্যবস্থা করা নিয়ে আপনার সামনে কথা তোলা হয়েছিল। সেদিন মাননীয় মন্ত্রী শৈল বাবু উপস্থিত ছিলেন, তিনি বলেছিলেন মুখ্যমন্ত্রী মহাশয়ও প্রতিশ্রুতি দিয়েছিলেন কাউন্সিল সদস্যদের জন্য বাসের ব্যবস্থা করা হবে। গতকাল বিধান পরিষদ ও বিধান সভার অধিবেশন ছিল। আমাদের অধিবেশন যখন শেষ হলো, তখন শুনলাম—আমাদের অধিবেশন শেষ হবার কিছু আগে বিধান সভার অধিবেশন শেষ হওয়ায়—বাস আর আমাদের জন্য অপেক্ষা করে নাই। প্রশ্ন হলো পরিষদের মর্য্যাদা। পরিষদ সদস্যদের জন্য বাসের ব্যবস্থা করা হবে—বলা হয়েছে, কিন্তু গতকাল তা কেন করা হয় নাই—সেটা জানতে চাই। শৈলবাবু কি ইচ্ছা করে এই সভার মর্য্যাদা ভঙ্গ করছেন?

Mr. Chairman: I understand that. I cannot say that it was done intentionally. Arrangement should be made for taking members after the House was over.

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে একটা আবেদন আছে, আমার একটা সাজেসন আছে—আপনি সভান্তে রোজ তো বাড়ী চলে যান। যাবার আগে অনুগ্রহ করে খোঁজ নেবেন—আপনার এই মেম্বারগুলো, আপনি তো এই ফ্লক-এর শেপহার্ড, এরা যেতে পেলো কিনা—তাই দেখে আপনি বাড়ী যাবেন।

Shri Rabindralal Sinha:

যেদিন এ্যাসেম্বলী সিটিং থাকেনা সেদিন কাউন্সিলের জন্য বাস থাকে না, কারণ অসুবিধা হয়, আর্থিক ক্ষতি হয় তাতে বাসের ব্যবস্থা রাখতে গেলে। মা হোক শৈলবাবু এ্যাসিওরেন্স দিয়েছিলেন যে এ্যাসেম্বলী সেসন থাকুক বা না থাকুক কাউন্সিল সেসন থাকলে বাসের ব্যবস্থা থাকবে। কালকে কি হয়েছে—জানা যায় নাই।

তাহলেও বাস থাকবে। কালকে কি হয়েছে জানা যায় নি—সে সব খোঁজ করে দেখা যাবে—হয়তো ওঁরা এই রকম মনে করেছেন যে ২টি হাউস বন্ধ হয়ে গেছে—তাই হয়তো চলে গেছে। কিন্তু একটা অসুবিধা হচেছ এই যে এটা স্টেট ট্রান্সপোর্টের পাবলিক এক্সচেকারের প্রশ্ন আছে—যদি খালি বাস ৮।৯ জন নিয়ে চলে যায় তাহলে স্টেট ট্রান্সপোর্ট—পাবলিক এক্সচেকারের ক্ষতি করা হয়। অবশ্য সে ক্ষতি করতে যদি বিধান মণ্ডলীর আপত্তি না থাকে তাহলে তাতে সরকার আর আপত্তি করতে কেন যাবে।

[4-20—4-45 p.m. including adjournment]

Shri Santosh Kumar Bhattacharyya:

যেদিন বাস থাকবে না—সেদিন আমরা বিশ্বনাথবাবুর ঘাড়ে চেপে যাবো।

Shri Biswanath Mukherjee:

আমি জানি সেখানে বিধান সভার সদস্যগণ বলেছেন যে চল-চল কাউন্সিল ভাঙতে এখন দেরী আছে, আপনারা বাস এখন ছেড়ে দিন।

Shri Sasanka Sekhar Sanyal:

খরচ আমাদের কমানোর চেষ্টা করতে হবে। এখন হাউস মিট করলো ১০ মিনিটের মধ্যে শে হয়ে গেল—তারা চলে গেল। এই হাউসের একটি দিন চল্লে ৫ হাজার টাকার উপর খর এটা যদি স্টেট বহন করতে পারে সেখানে আমাদের মেম্বাররা গিয়ে যদি একটি টিপ নষ্ট হয় খালি থাকে তাহলে এটা বহন করা দুর্বহ হবে না।

Shri Santosh Kumar Bhattacharyya:

এর আগে যে দিন এসেম্বলী এ্যাডর্জন হয়ে গেল আমাদের হাউস চললো—সে দিন বাস ছিল এবং আমরা সাউথে বা নর্থে যাঁরা গিয়েছিলাম তারা সব বাসেই গেছি এবং যেদিন গিয়েছিলা We allowed passengers কণ্ট্রাক্টার যখন বললো যে স্যার, আপনারা পাবলিক এলাউ করবেন—আমরা বল্লাম নিশ্চয় এলাউ করবে। কারণ বাসে অল্প জন আমরা ছিলাম। কাজেই লিডার অব দি হাউস যা বল্লে সেটা কোন প্রশ্ন উঠে না। আমরা প্যাসেঞ্জার এ্যালাউ করেছি।

Mr. Chairman: I shall see to it.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এই ব্যাপারেই বলছি—লিডার অব দি হাউস শুনুন। স্যার, উনি যে কথা বললেন এটা একটি সহজেই সমাধান হতে পারে। কারণ এসেম্বলী যদি আগে ভেঙে যায় এবং আমাদের কাউন্সিল যদি দেরীতে ভাঙ্গে তাহলে চারটি বড় বড় বাস একটি শ্যামবাজার যাবে একটি হাওড়ায় যাবে আর একটি সাউথে যাবে। এখানে আমার প্রস্তাব ছিল এই যে শ্যামবাজার এবং হাওড়াতে যে দুখানি বাস যায় এসেম্বলীর মেম্বারদের নিয়ে সেই দুইখানি বা শ্যামবাজার এবং হাওড়া থেকে আমাদের এখানে ফিরে আসতে পারে—যখন আমাদের দেরীতে বন্ধ হয়—সেই দুটি বাস অন্তত যদি তাড়াতাড়ি ফিরে আসে তাহলে সেটা আবার শ্যামবাজার এবং সাউথের দিকে যেতে পারে। আর সাউথের দিকে যে বাসটি যায় সেটা ফিরতে অনেক দেরী লাগে। অন্তত এটা করুন যে শ্যামবাজার এবং হাওড়াতে যে বাস যায় সেগুলি তাড়াতাড়ি যাতে ফিরে আসে এবং....

Shri Prafulla Chandra Sen:

এটা করা সম্ভব কিনা আমরা দেখবো।

Shri Manoranjan Sen Gupta:

নর্থ ক্যালকাটায় এবং হাওড়ায় ও সাউথে যেসব জায়গায় যাবার ব্যবস্থা আছে—কিন্তু শিয়ালদা যাবার কোন ব্যবস্থা নেই। অনেক মেম্বার আছে শিয়ালদায় যায় তাদের অসুবিধা হয়—এবিষয়ে আপনার মনোযোগ আকর্ষণ করছি।

(At this stage the House adjourned for 20 minutes).

(After Adjournment)

[4-45—4-55 p.m.]

Non-official Resolutions

Shri Sasanka Sekhar Sanyal: Sir, may I remind you about the arrangement that was made between the Chief Whip and this side that the second resolution will be moved and it will be open for discussion on the following day and that the first resolution will be debated today. So, Mr. Chakravorty may formally move the second resolution.

Mr. Chairman: This may be done towards the end of today's sitting

Formation of an Ad Hoc Committee

Mr. Chairman: There is another matter. With a view to discussing the status of our Secretariat vis-a-vis the Government Secretariat, or, to be more explicit, for examining the conditions of service of the members of our Secretariat staff and allied matters, we do not have any Status Committee. So, we propose to se up an Ad Hoc Committee. The Finance Minister suggested and that suggestion was also supported by other members of this House that I should meet the Speaker, and with the help of the Status Committee of the other House and this Committee of our House, we shall try to come to certain conclusion in connection with the very important matter that has been agitating the House. For the formation of this Committee, I would suggest—I had a talk with the Minister for Parliamentary Affairs—that there might be three members from his side and three members from the other side in addition to two Ministers—Minister for Parliamentary Affairs and the Finance Minister.

Shri Sasanka Sekhar Sanyal: The Finance Minister will come as a member of the other House and the Minister for Parliamentary Affairs should also come as a member of that House. So, instead of having them who are common members, let us have six members from this House.

Mr. Chairman: They will be the Leader of the House............

Shri Rabindralal Sinha: If the Finance Minister and the Minister for Parliamentary Affairs are there, I do not think any useful purpose will be served by my being on that Committee. Of course, Sir, if it is your desire, I am bound to serve in it.

Mr. Chairman: So, these will be the members of this Committee:

(1) The Minister-in-charge of Finance Department,

(2) The Minister-in-charge of Parliamentary Affairs,

(3) The Leader of the Council (the Minister-in-charge of Education Department),

(4) Shri Nirmal Chandra Bhattacharyya,

(5) Shri Upendranath Barman,

(6) Shri Sasanka Sekhar Sanyal,

(7) Shri Jatin Chakravorty, and

(8) Shri Satya Priya Roy.

The Chairman will be the ex-officio Chairman of this Committee.

Now, I shall come in touch with the Speaker and fix a time when our joint Committees might meet and come to some decision.

Shri Rabindralal Sinha: Sir, I understand that in the other House the Speaker declared the names of the members of the Committee and there was no Minister in that Committee because they have already a Status Committee in which there is no Minister.

Shri Sasanka Sekhar Sanyal: Since it is not a legislative committee, the Chairman can change the names at any time.

Shri Rabindralal Sinha: I think there is no necessity for declaring the names of the members in the House. The Chairman can always select the members.

Mr. Chairman: The Government point of view must be represented here.

Shri Rabindralal Sinha: The Finance Minister and the Minister for Parliamentary Affairs are vitally connected with this matter.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, there is another difficulty. They have got the rules framed under Article 187, but so far as our House is concerned, there are no rules framed. Therefore, representation of our Committee is more important than theirs.

Shri Rabindralal Sinha: If there is no other Minister, then, I think, I will serve no useful purpose by being in the Committee.

Mr. Chairman: Why not? You are a lawyer of eminence. Moreover, you are directing the affairs of this House.

So, I take it that you approve of the names that I have suggested.

Non-Official Resolutions

Shri Jatin Chakravorty: Sir, I beg to move that whereas the construction of the Farakka Barrage is of vital importance to the development and economy of the State of West Bengal, this Council is of opinion that in view of the slow rate of progress of this project the West Bengal Government should urge upon the Government of India forthwith to hand over to them the responsibility of the construction of the said barrage so as to expedite its early completion.

এই প্রস্তাব উত্থাপন করে বক্তব্য রাখতে গিয়ে প্রথমে আমি আপনার মাধ্যমে এই সভার সদস্যদের স্মরণ করিয়ে দিতে চাই যে প্রায় অর্দ্ধশতাব্দী আগে থাকতে যত বিশেষজ্ঞ আমাদের ভারতবর্ষে ছিলেন এবং যত ইরিগেশন এক্সপার্ট ছিলেন—যার মধ্যে ইনটারন্যাশনাল এক্সপার্ট, স্যার উইলিয়াম উইলেক্স-এর মত লোকও ছিলেন—তাঁরা বারবার এই কথাটার উপর গুরুত্ব দিয়ে এসেছেন যে পশ্চিমবাংলাকে যদি বাঁচাতে হয়, কোলকাতায় বন্দরকে যদি বাঁচাতে হয় কোলকাতা শহরকে যদি বাঁচাতে হয়....

Shri Sasanka Sekhar Sanyal: The Minister in charge of the Farrakka Barrage matter is not here.

Shri Rabindralal Sinha: I am here on his behalf. He is in the midst of a Bill, the Estate Acquisition Bill which is progressing in the other House. He cannot be present at two place at the same time. He has given the file to me, and I am looking into it.

Shri Jatin Chakravorty:

এরা সকলেই এই কথা বারবার জোরের সঙ্গে গুরুত্ব দিয়ে বলেছেন পশ্চিমবাংলাকে, কলকাতাকে এবং কলকাতা বন্দরকে যদি বাঁচাতে হয় তাহা হইলে ফরাক্কা ব্যারেজ তৈয়ারী করা অবশ্য প্রয়োজনীয় এবং এ তৈরী না করলে আমাদের বাংলাদেশ বাঁচবে না এটা শুধু বাংলা দেশের প্রশ্ন নয়। আজকে মনে রাখতে হবে যে বাংলা ছাড়াও সমগ্র যে পূর্ব্ব ভারত ইস্টারন ইণ্ডিয়া আজ তার অর্থনীতি বহুলাংশে নির্ভর করছে এই ফরাক্কা ব্যারেজের উপর। কিন্তু দুর্ভাগ্যের বিষয় আমরা বরাবরই দেখে আসছি যে, কেন্দ্রের কাছ থেকে যে সহানুভূতি বা সাহায্য পাওয়া উচিত ছিল বা তাদের যে মনোভাব থাকা উচিত ছিল তা নেই। এটা অত্যন্ত ক্ষোভের সঙ্গে বলতে হয় যে বরাবরই আমরা দেখে

আসছি যে কেন্দ্রীয় সরকার বাংলা দেশের প্রতি এই স্কীম বা পরিকল্পনার প্রতি বিমাতৃসুলভ মনোভাব আছে। বিশেষ করে কলকাতা শহরে জীবন মরণ এর সাথে জড়িত আছে, সেই জন্য বোধ হয় আরও বিশেষ করে এই বিমাতৃসুলভ মনোভাব—এই যে স্টেপ মাদারলি এ্যাটিচুড এটা বারবার আমরা দেখে এসেছি। স্যার, তারপর হেনসন সাহেব তিনি যে রিপোর্ট সাবমিট করেছিলেন আমাদের ভারত সরকারের কাছে তাতে প্রথমে আমরা শুনেছিলাম যে ফার্স্ট প্ল্যানএ ফারাককা ব্যারেজ হবে কিন্তু প্রথম পরিকল্পনা শেষ হয়ে গেলো, এর পর দ্বিতীয় পরিকল্পনায় হবে বলে আমরা আশা করেছিলাম কিন্তু সে দ্বিতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাও শেষ হয়ে গেলো। ধন্যবাদ দেবো পরলোকগত পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়কে। তিনি যথেষ্ট চেষ্টা করেছিলেন তাঁর ব্যক্তিত্ব এবং প্রভাব দিয়ে। কেন্দ্রীয় সরকারের কাছে তিনি বারবার চেষ্টা করেছেন। শুধু তাই নয় এই কথাও আমাদের মনে আছে যে আমাদের পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় তিনি একবার বলেছিলেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যদি আমরা আর্থিক সাহায্য না পাই তা হলে ঋণের জন্য পশ্চিমবাংলা মানুষের কাছে তারা আবেদন জানাবে। লোন ফ্লোট করবে কারণ ঋণ করা যদি প্রয়োজন হয় তা হলেও ফরাককা ব্যারেজ শেষ করার জন্য তার পরিকল্পনাকে রূপায়িত করার জন্য আমি চেষ্টা করবো। শুধু তিনি নন পরলোকগত প্রসিদ্ধ বৈজ্ঞানিক বিশিষ্ট শিক্ষাবীদ শ্রীমেঘনাদ সাহার কথাও আমাদের মনে আছে। স্যার, এর জন্য তিনিও যথেষ্ট চেষ্টা করেছিলেন কিন্তু কেন্দ্রীয় সরকারের মনকে টলাতে পারেন নি। স্যার, আমার মনে আছে যে ১৯৫৮ সালে আমাদের শ্রদ্ধাভাজন, পশ্চিমবাংলা থেকে নির্বাচিত লোকসভার সদস্য শ্রীযুক্ত ত্রিদিব চৌধুরী তনি ১৯৫৮ সালে এই প্রস্তাব নিয়ে আসেন। সেই প্রস্তাবের মাধ্যমে তিনি লোকসভায় এটা উপস্থিত করেন এবং সেই সময় কেন্দ্রীয় সরকারের যিনি মন্ত্রী ছিলেন তিনি এখন কিছুটা আশ্বাস দেন যে একটা কমিটি করা হবে। তিনি বলেছিলেন যে একটা কমিটি করুন এবং তা করে এই পরিকল্পনাকে কার্যকরী করা উচিত।

[4-55—5-5 p.m.]

এটা তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার মধ্যে হোক বা যত তাড়াতাড়ি হোক সেটা করা দরকার। কলিকতা পোর্টের যারা পরিচালকমণ্ডলী ক্যালকাটা পোর্ট অথরিটিস তাঁরা স্যার বহুদিন থেকে একথা বলে এসেছেন যে কলকাতার যে বন্দর, সেই বন্দর অচল হয়ে যাবে কলকাতার যে প্রাণকেন্দ্র সেই বন্দর যদি ফরাক্কা ব্যারাজ সম্পূর্ণ না হয়। শুধু মাত্র তাই নয় স্যার একথা যেন আমরা মনে রাখি পূর্বভারতে যে হেভি ইণ্ডাস্ট্রিজ রয়েছে ভিলাই, রৌরকেল্লা জামসেদপুর, দুর্গাপুর—এই যে সমস্ত হেভি ইণ্ডাস্ট্রিজ যেগুলি আজকে ভারতের অগ্রগতির পক্ষে, পরিকল্পনা রূপায়নের পক্ষে বিশেষ গুরুত্বপূর্ণ ও প্রয়োজনীয়—সেগুলিরও বন্দর হচ্ছে আমাদের এই কলকাতা বন্দর। কেবলমাত্র বাংলাদেশের দিকে তাকিয়ে নয়—সমস্ত ভারতবর্ষের স্বার্থে আজকে কলকাতা বন্দরকে বাঁচাবার যে প্রয়োজনীয়তা রয়েছে তারজন্য আজকে এই ফারাক্কা ব্যারাজ। এই ফরাককা ব্যারাজ পরিকল্পনাকে যত তাড়াতাড়ি হয় আজকে তাকে কার্যকরী করে তুলতে হবে।

স্যার, হলদিয়া পোর্ট আবার একটা হয়েছে। সেই পোর্টকে বাঁচাবার জন্য, তাকে ঠিকমত চালু রাখবার জন্য আজকে সেই ফরাক্কা ব্যারাজের প্রয়োজনীয়তা দেখা দিয়েছে। এখন মুস্কিল হচ্ছে স্যার,—এই হলদিয়া পোর্ট সেটা কিন্তু কেন্দ্রীয় সরকারের দায়িত্ব। আমি স্যার, এখানে আপনাকে বলছি—হলদিয়া পোর্ট কেন্দ্রীয় সরকারের দায়িত্বে রয়েছে। অথচ আমরা জানি যে ওয়ারল্ড ব্যাঙ্ক-এর উপর চাপ দিয়ে—আজকে এখানে আমার সময় নাই,—এ বিষয়ে এখন বলাটাও খুব প্রাসঙ্গিক হবে না,—শুধু মাত্র জানিয়ে যাই ওয়ারল্ড ব্যাঙ্ককে চাপ দিয়ে যাতে হলদিয়া বন্দরের ঠিকমত উন্নয়ন না হয়, ঐ উড়িষ্যায় যে পারাদ্বীপ বন্দর সেই বন্দরের উন্নয়ন হতে পারে—তারজন্য ওয়ারল্ড ব্যাঙ্ককে চাপ দেওয়া হয়েছে এবং সেই চাপ সৃষ্টি করেছিলো উড়িষ্যার প্রাক্তন মুখ্যমন্ত্রী শ্রীবিজু পট্টনায়ক। আপনি শুনে অবাক হয়ে যাবেন স্যার, উড়িষ্যায় যে পারাদ্বীপ বন্দর, সেই বন্দর গড়ে তুলবার যে দায়িত্ব, সেই দায়িত্ব কিন্তু উড়িষ্যা সরকারের উপর দিয়েছেন কেন্দ্রীয় সরকার। অথচ হলদিয়া বন্দর সম্পর্কে আজকে কেন্দ্র তার

নিজের হাতে দায়িত্ব রেখেছেন। এইজন্য এটা প্রাসঙ্গিক—এরপরের দিকে আমি যে প্রস্তাব এনেছি তার সাথে এর কিছুটা যোগাযোগ আছে সেকথা আমি পরে বলবো।

স্যার, ১৯৬৩ সাল পর্যন্ত ঐ ফারাক্কা ব্যারাজ যাতে কার্যকরী না হয়, ঐ পরিকল্পনা যাতে সুষ্ঠুভাবে না রূপায়িত হয়, তারজন্য আবার ঝগড়া তুলেছিলেন আমাদের বর্তমান অর্থমন্ত্রী কৃষ্ণমাচারী সাহেব। তিনি একটা প্রস্তাব দেন যে এখন চীন আমাদের আক্রমণ করেছে অতএব এই সময় তাড়াতাড়ি ব্যারাজ না করে ওখানে একটা ব্রীজ তৈরী নিলে কাজ চালান যেতে পারে। এই ঝগড়া টি. টি. কৃষ্ণমাচারী দিয়েছিলেন। কিন্তু ধন্যবাদ দেব ৭ জন কংগ্রেস এবং বিরোধী দলের পশ্চিমবাংলার লোকসভার সদস্যদের। তার মধ্যে ত্রিদিব চৌধুরী ছিলেন সতীস সামন্ত ছিলেন, চপলাকান্ত ভট্টাচার্য্য ছিলেন। বিরোধী দল ও কংগ্রেস দলের ৭ জন বাংলাদেশের স্বার্থে, ভারতবর্ষের সামগ্রিক স্বার্থে সেদিন দলমতের উর্দ্ধে উঠে এক সাথে তাঁরা একটা সর্ট নোটিশ কোয়েশ্চন দিয়েছিলেন লোকসভায় এবং তখন যিনি মন্ত্রী ছিলেন হাফিজ মহম্মদ ইব্রাহিম সাহেব তিনি ক্যাটিগরিক্যাল এ্যাসিওরেন্স দিয়েছিলেন, সুস্পষ্ট ভাষায় এই প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সেই ব্রীজ তৈরী হোক আর না হোক ১৯৫৯ সালের মধ্যে ফরাক্কা ব্যারাজ সম্পূর্ণ করতে হবে। সেই প্রতিশ্রুতি আজ কতখানি প্রতিপালিত হচেছ্ তা আপনি দেখুন। আমি আপনার মাধ্যমে মাননীয় সদস্যদের কাছে তা রাখতে চাই। কতদূর তাঁরা এগিয়েছেন যে প্রতিশ্রুতি কেন্দ্রীয় সরকারের মন্ত্রী তখন দিয়েছিলেন আজকে কেন্দ্রীয় সরকার সেই ফরাক্কা ব্যারাজ পরিকল্পনাকে বাস্তবে রূপায়িত করতে কতখানি পর্য্যন্ত সাহায্য করছেন?

স্যার, কি হয়েছে কি? আজকে ফরাক্কা ব্যারেজ পরিকল্পনার কতটুকু হয়েছে? টাউনসিপ হয়েছে মুর্শিদাবাদে ফারাক্কা থেকে জঙ্গীপুর পর্যন্ত যে ডিভিসন ক্যানেল চালিয়ে নিয়ে এসে ফেলা হবে—জঙ্গীপুরের কাছে সেটা কিছুটা সুরু করা হয়েছে পুরাপুরি এখনও হয়নি। টাউনসিপ করা হয়েছে—খাল কাটা কিন্তু সবেমাত্র সুরু হয়েছে। জঙ্গীপুরে যে জল নিয়ে এসে ফেলবে কিন্তু স্যার, আসল যে কাজ রিভার বেঁধে দিয়ে যে পিলার তৈরী করতে হয় তার কাজ এখনও পর্যন্ত কিছু মাত্র হয়নি। কংক্রীট করার যে কাজ সুরু হবে কিনা তার কোন ঠিক নেই। স্যার সকলে হয়ত জানেন কিনা জানি না, মন্ত্রী মহাশয় জবাব দেবেন ঐ যে নদীতে ব্যারেজ তৈরী হবে স্যার, মাত্র ৬০ দিন শীতকালে প্রতি বছর সময় পাওয়া যায় আমাদের ঐ পিলার তৈরী করার কাজের জন্য। সেখানে রিভার বেঁধে পিলার তৈরী করতে ৬০ দিনের বেশী সময় পাওয়া যায় না। তার ফলে কি হচেছ্ ১৯৬৪ সালের নভেম্বরের মধ্যে সে কাজ হবে না এ আপনাকে বলে দিয়ে যাচ্ছি। ১৯৬৫ সালেও হবে না। একথা আপনাকে জানিয়ে দিয়ে যাচ্ছি। তাহলে কবে হবে ভগবান জানেন খোদা জানেন আর জানেন হয়ত অতুল্য ঘোষ। কারণ ৭ জন পার্লামেন্টে সদস্যরা সেখানে জোর গলায় দাবী করেছিলেন; শ্রীঅতুল্য ঘোষ তার মধ্যে ছিলেন না। স্যার, ত্রিদিববাবু জানেন না কেন্দ্রীয় সরকার যে প্রস্তাব যে টালবাহনা চলছে—তার কারণ ফারাক্কার যে কন্ট্রোল বোর্ড আছে, তার একজন সদস্য হচ্ছেন আমাদের পশ্চিমবাংলার মন্ত্রী শ্রীশ্যামাদাস ভট্টাচার্য তিনি এটা বুঝতে পারবেন; তিনি একথা স্বীকার করবেন ঐ ফারাক্কা ব্যারেজ রূপায়িত করবেন। যিনি সেই চীফ ইঞ্জিনীয়ার তিনি নামমাত্র সদস্য যদিও তিনি

chief executive on the spot in execution of that barrage scheme.

তাহলে স্যার, যদি তাঁকে তৈরী করতে হয় কবে অনুমতি পাবে—এছাড়া হবে না? সেন্ট্রাল ফাইনেন্স স্যাংসান ছাড়া হবে না। সব কিছু স্ক্রীন করবে ঐ ভদ্রলোক ও বোর্ডের ঐ সব সদস্যরা এবং বোর্ডের মধ্যে কেন্দ্রীয় যে সব বড় বড় অফিসার বসে আছেন—এঁদের দরদ আছে কি না জানি না পূর্ব এবং পশ্চিম বাংলার প্রতি তাঁরা সেই বোর্ডের সদস্য হয়ে বসে আছেন তাঁরা সব স্ক্রীনীং করবেন তার ফলে কাজ যা হচ্ছে তা বুঝতেই পারছি। অথচ যিনি চীফ এক্সিকিউটিভ অন দি স্পট তাঁকে প্রত্যেক ব্যাপারে মুখাপেক্ষী হয়ে থাকতে হচ্ছে। এবং সব থেকে বলার কথা মুর্শিদাবাদে টাউনসীপ গড়ে উঠেছে আবার সেখানে সব বাইরের থেকে আমাদের যে সব বিশিষ্ট অতিথি আছেন তাঁদের ঐ টাউনসীপ থেকে ঘুরিয়ে নিয়ে আসা হয়। এই ব্যারেজ যদি সম্পূর্ণ করতে হয়, দুদিক থেকে করতে হবে—মুর্শিদাবাদের

দিক থেকে করতে হবে আর এক মালদার দিক থেকে করতে হবে। স্যার, মালদার দিকে মালপত্রই এখনও কিছু যায় নি। অথচ মালদার দিক থেকে কাজ সুরু করলে সহজ হোত মুর্শিদাবাদের দিকে আছে টাউনসীপ সেখানে খাল কাটার কাজ সুরু করা হয়েছে। যে সিনার অফ রেসপনসিবিলিটি থাকলে এই কাজ তাড়াতাড়ি করা যায় আজকে তার সম্পূর্ণ অভাব তার কারণ বোর্ডে যে সব সদস্যরা রয়েছেন তাতে সেখানে একটা ষড়যন্ত্র আছে।

[5-5—5-15 p.m.]

এই ষড়যন্ত্র আজ থেকে নয়, বহুদিন ধরে চলছে। মিঃ ক্রাঞ্জি গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার ইরিগেসন ডিপার্টমেণ্ট-এর একজন চিফ ইঞ্জিনিয়ার ছিলেন। এই ভদ্রলোকই সেই ষড়যন্ত্র সুরু করে যান। কারণ এই ভদ্রলোক যখন ওখানে ইরিগেসনর ডিপার্টমেণ্ট কেন্দ্রীয় সরকারের চীফ ইঞ্জিনিয়ার ছিলেন তখন ফরাককা এই কাজ চালাইবার জন্য যিনি চীফ ইঞ্জিনিয়ার বিশেষজ্ঞ ভাল অফিসার, কর্মনিষ্ঠ শুধু নন, অত্যন্ত এফিসিয়েণ্ট এবং কৃতিত্বের সঙ্গে বহু কাজ করেছেন তাঁকে কাজ করতে দেননি। বাংলাদেশে ইঞ্জিনিয়ার-এর যে প্রতিভা সেই প্রতিভা এখনও নষ্ট হয়নি। আমি শ্রীরাম চক্রবর্তীর কথা বলছি। তিনি চীফ ইঞ্জিনিয়ার হিসাবে ময়ূরাক্ষীতে কাজ করেছেন, তিনি বহু দুর্যোগ, বাধাবিপত্তির মধ্যে ময়ূরাক্ষী পরিকল্পনা রূপায়িত করেছেন। তিনি তিলপাড়া, ম্যাসেনজোর ড্যাম করেছেন এবং তাতে তিনি তাঁর ইঞ্জিনিয়ারিং স্কীল-এর প্রমাণ করেছেন। কিন্তু এমন ঠোকাঠুকি সুরু হয়ে গেল এবং শ্রীরাম চক্রবর্তীর কাজ করার পথে ঐ মিঃ ক্রাঞ্জি এত বাঁধা সৃষ্টি করতে লাগলেন যে তিনি বিরক্ত হয়ে সেই পোষ্ট থেকে পদত্যাগ করে চলে এসেছেন। তিনি পশ্চিমবাংলার অফিসার ছিলেন, তাকে কেন্দ্রের অধীনে দেওয়া হয়েছিল এবং এখন তিনি পশ্চিমবাংলার চীফ ইঞ্জিনিয়ার, ফ্লাডস হয়ে আছেন। তারপর মিঃ ক্রাঞ্জির জায়গায় মিঃ আহুজা এসেছেন এবং তাতে আমাদের বাঁধাবিঘ্নের এতটুকু অভাব হয়নি বরং বাধাবিপত্তি যেমন আছে তেমনি রয়েছে। মিঃ ক্রাঞ্জি এলেন, চলে গেলেন, মিঃ আহুজা এলেন চলে গেলেন, কিন্তু বাংলাদেশের যে দুর্ভাগ্য যে বাঁধা এই পরিকল্পনাকে কার্যাকরী করার জন্য সেই বাঁধা আজও অপসৃত হয়নি। চীফ ইঞ্জিনিয়ার শ্রীদেবেন মুখার্জির যথেষ্ট কৃতিত্ব আছে, তিনি অত্যন্ত কৃতি ইঞ্জিনিয়ার, কুশী ড্যাম তিনি তৈরী করেছেন এবং বাংলাদেশে যে ইঞ্জিনিয়ারিং প্রতিভা আছে সেটা তিনি তাঁর কাজের মধ্যে দিয়ে প্রমাণ করেছেন। কিন্তু আমাদের আশঙ্কা কেন্দ্রের পক্ষ থেকে যে টালবাহানা, যে বাঁধা সৃষ্টি করা হয়েছিল সেটা এখনও পর্য্যন্ত অপসৃত হয়নি। প্রথম যেটা করা দরকার সেই পি. আর. করবার আগে যে কোনার ডাম সেই কোনার ড্যাম তৈরী করতে হবে। পি. আর. বসাবার আগে তারজন্য সীট পীল দরকার। সীট পীল এ যাতে মরচে না ধরে তারজন্য ২ মাসে সীট পীল দিয়ে কভার ড্যাম তৈরী করে সেখান থেকে জল পাম্প করে সেখানে ২ মাসের মধ্যে পি. আর. তৈরী করতে হবে। এই সীট পীল এর জন্য এতদিন না কি ফরেন এক্সচেঞ্জ পাওয়া যাচ্ছিল না। আশ্চর্য্য ব্যাপার এত বড় একটা পরিকল্পনা কার্যকরী না হলে সমগ্র পূর্বভারতের অর্থ নীতি নানাভাবে ব্যাহত হতে পারে তারজন্য যে সীট পীল এর দরকার কোনার ড্যাম তৈরী করবার জন্য পি. আর. বসাবার আগে, সেই সীট পীল-এর জন্য ফরেন এক্সচেঞ্জ পেতে টালবাহনা। এতদিনে না কি ফরেন এক্সচেঞ্জ পাওয়া গেছে। কিন্তু সীট পীল কবে আসবে? ফরেন এক্সচেঞ্জ পেলে তো সীট পীল চলে এল—তা নয় এ এসব বিদেশ থেকে আনতে হয়। সোভিয়েট ইউনিয়ন সম্পর্কে অনেক বিরূপ মন্তব্য ওখান থেকে হয়ে থাকে, কিন্তু তারা ভারতবর্ষের প্রকৃত বন্ধু। সোভিয়েট ইউনিয়ন এক সময়ে বলেছিল যে তারা সীট পীল সাপ্লাই করতে রাজী আছে এবং ফরেন এক্সচেঞ্জএর দিক থেকে সুবিধা জনক সর্ত্ত দিতে তারা রাজী ছিল। কিন্তু কেন্দ্রীয় সরকারের যে ইরিগেসন ডিপার্টমেণ্ট সেই ডিপার্টমেণ্ট-এর পক্ষ থেকে যে টালবাহানা নীতি চলল তাতে সোভিয়েট ইউনিয়ন-এর যে অফার সেই অফার এ্যাকসেপ্ট করা হল না। এতদিন বাদে ফরেন এক্সচেঞ্জ পাওয়া গেছে। সেই ফরেন এক্সচেঞ্জ পাবার পর করে সীট পীল আসবে কোন তার ঠিক নেই। এজন্য আমি বলছিলাম ১৯৬৪ নভেম্বরএ যে ২ মাস সময় পাওয়া যাবে তাতে হবে না। মালদহের ওদিক থেকে কোন মাল যায়নি, মুর্শিদাবাদে যা গেছে তা দিয়ে কাজ আরম্ভ হতে পারে না।

শুধু মাত্র তাই নয়, স্যার, আপনি অবাক হবেন যে রেলওয়ে যা নাকি কেন্দ্রীয় সরকারের অধিকারে সেই রেল পর্য্যন্ত মুর্শিদাবাদের দিক থেকে সাইডিংএর প্রয়োজনের কতকগুলি সাইডিং চাওয়া হয়েছিল সে বন্দোবস্তও আজ পর্যন্ত করতে পারেননি এবং ওদিক থেকে ফারাক্কা হাইওজের যে ক্যাপাসিটি যারজন্য নাকি মাল আনার যে কাজ সেটা বাড়ান দরকার তা হচ্ছে না। কিন্তু ইণ্টার প্রভিনসিয়াল রোড কেন্দ্রের অধীনে থাকা সত্ত্বেও আজকে তাদের গড়িমসির ফলে এক ভীষণ রূপ দেখা দিয়েছে। সন্দেহ হয় যাতে এই পরিকল্পনা দেরীতে কার্যকরী হয় তারজন্য বোধ হয় এরূপ কোন মতলব রয়েছে। স্যার, এখন যিনি মন্ত্রী শ্রীকে. এল. রাও তাঁর অবশ্য কিছুটা সহানুভূতি আছে। কিন্তু তিনি মিনিস্টার হবার আগে লোকসভা এবং রাজ্যসভায় এম. পি. দের যে সাব কমিটি ছিল যা তিনি গঠন করেছিলেন এবং কনভেনার ছিলেন এখন মন্ত্রী হয়েছেন বলে আর নেই, কিন্তু তাহলেও তাঁর সহানুভূতি আজও আছে। সুতরাং এই পরিপেক্ষিতে দেখা যাচেছ যে দিনের পর দিন সংবাদপত্রে নানা সংবাদ বেরোচেছ। দিল্লীর সংশোধিত খবর হচেছ যে ফারাক্কা ব্যারেজ পরিকল্পনা ঠিক সময়মত অর্থাৎ ১৯৬৯ সালের মধ্যেই হবে। ১৯৬৯ এর মধ্যে হবে এ কথা গতকাল আমাদের সেচমন্ত্রী মহাশয়ও প্রশ্ন উত্তরে বলেছেন, তিনি বলেছেন যে হ্যাঁ ঠিকমত কাজ এগোচেছ কিন্তু আমি জানি কাজ ঠিকমত এগোচেছ না। তাই আমি বলছি যদি বাংলাদেশকে বাঁচাতে হয় যদি হলদিয়া বন্দরকে বাঁচাতে হয়, যদি বাংলাদেশের প্রাণকেন্দ্র কলকাতাকে বাঁচাতে হয় এবং সমগ্র পূর্ব ভারতকে যদি বাঁচাতে হয় ও হেভি ইঞ্জিনিয়ারিং ইণ্ডাস্ট্রীকে রাউরকেল্লা, ভিলাই, দুর্গাপুর, জামসেদপুর এই সমস্ত বৃহৎ শিল্পকে এবং তার বন্দরকে যদি বাঁচাতে হয় তাহলে আজকে এই ফারাক্কা ব্যারেজ পরিকল্পনা অবিলম্বে ঐ ১৯৬৯ সালের মধ্যে যেন অবশ্যই কার্যকরী করা হয়। তারজন্য যে ব্যবস্থার দরকার যে ভাবেই হউক তা করতে হবে এবং সেইজন্যই আমি এ প্রস্তাব এনেছি। আজকে দেখা যাচেছ যে নানাভাবে এই ফরাক্কা ব্যারেজ পরিকল্পনার কাজ বাঁধা পাচেছ যে সমস্ত অফিসারদের উপর এই কাজের ভার রয়েছে তাতে আজকে দেখা যাচেছ তাদের কাজের উপর দরদ নেই, কোনো সহযোগিতা নেই, যাকে সেন্স অফ রেসপনসিবিলিটি বলে তা নেই এবং সেন্স অফ আরজেন্সী বলতে যেটা বুঝায় সেটাও আজকে ঐ যে সমস্ত অফিসাররা বসে আছেন ঐ বোর্ড ধরে রেখেছেন তাদের মধ্যে নেই এই কাজ ত্বরান্বিত করবার যে আগ্রহ সে আগ্রহও নেই। সেজন্য আমি প্রস্তাব করবো যে পারাদ্বীপ বন্দর তা যদি উড়িষ্যা সরকার গ্রহণ করেও তাকে গড়ে তোলবার যে দায়িত্ব সে দায়িত্ব যদি কেন্দ্রীয় সরকার উড়িষ্যা সরকারকে দিতে পারে তা হলে এ পশ্চিম বাংলার জীবন মরণ সমস্যা যার উপর নির্ভর করছে সেই ফারাক্কা ব্যারেজ পরিকল্পনার কাজ কার্যকরী করে গড়ে তোলার জন্য বা তাকে রূপায়িত করার জন্য, সুষ্ঠুভাবে পরিকল্পনা কাজ করার জন্য কেন পশ্চিমবঙ্গ সরকারের উপর এই ব্যারেজ গড়ে তোলার ভার দেওয়া হবে না? আমি সেজন্য প্রস্তাব আনছি যে পশ্চিমবঙ্গ সরকার কেন্দ্রীয় সরকারকে বলুন কারণ এ নজীর আমাদের সামনে রয়েছে। কেন্দ্রীয় সরকার দায়িত্ব নিয়ে হলদিয়া বন্দর আজকে উন্নয়ন করছেন এবং পারাদ্বীপ বন্দরের সমস্ত দায়িত্ব টাকা ইত্যাদি সমস্ত কিছুই আজ কেন্দ্র থেকে উড়িষ্যা সরকারকে দিয়েছেন। তাই আমি বলবো যে ফরেন এক্সচেঞ্জ-এর ব্যাপারে পশ্চিমবঙ্গ সরকারকে এই বাঁধের জন্য সাহায্য করা হোক এবং ভার দেওয়া হোক। পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় যে কথা একদিন সিংহ গর্জনে বলেছিলেন যে, "বাংলা দেশের মানুষের কাছে আমি আবেদন জানাবো, বাংলা দেশের জন্য আমি পরিকল্পনাকে রূপায়িত করবো এবং একে সুষ্ঠুভাবে গড়ে তুলবো"। স্যার, আমি আজকে সেই কথাই স্মরণ করিয়ে দিতে চাই। আমাদের সামনে উড়িষ্যা নজির হিসাবে রয়েছে এবং সে নজির দেখিয়ে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে যে সমস্ত সাহায্য পাওয়া দরকার সে সাহায্যের দাবী করা হোক।

[5-15—5-25 p.m.]

আমাদের এখানে যে ইঞ্জিনিয়ারিং প্রতিভা—তার অভাব নাই। আমি রামচক্রবর্ত্তী মহাশয়ের কথা বলেছি। বর্তমানে যিনি চীফ ইঞ্জিনিয়ার আছেন, তিনিও কৃতী ও কুশলা তাঁরা অতি সহজে তাড়াতাড়ি সাদিচ্ছা নিয়ে আন্তরিকতার সঙ্গে এই পরিকল্পনাকে ঠিক নির্দিষ্ট সময়ের মধ্যে

রূপায়িত করে তুলতে পারবেন, সার্থক করে তুলতে পারবেন এবং তাতে বাংলাদেশ বাঁচবে, কলকাতা বন্দর বাঁচবে, হলদিয়া বন্দর বাঁচবে, সমগ্র পূর্ব ভারতের অর্থনীতি বাঁচবে এবং ঐ ভিলাই, রৌরকেল্লা, দুর্গাপুর, জামসেদপুর সমস্ত শিল্পপ্রতিষ্ঠানগুলি বাঁচবে এবং আমাদের ভারতবর্ষের যে সমগ্র পরিকল্পনা সেগুলি সার্থক হয়ে উঠবে এবং সামগ্রিক যে অগ্রগতি সেই অগ্রগতির পথে আমরা এগিয়ে যেতে পারবো। এই বলে আমি আশা করবো আমি এই আবেদন জানাবো ওপক্ষের কাছে এই প্রস্তাবের মধ্যে কোন রাজনীতি নাই, আমি চাই আজকে সকলে মিলে আমরা এই বে-সরকারী প্রস্তাব গ্রহণ করে সমবেত ভাবে কেন্দ্রীয় সরকারের উপর আজকে আমরা চাপ সৃষ্টি করি। তার ফলে আমরা যদি দায়িত্ব নিতে পারি তাহলে সেই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে পারবো। এই আবেদন জানাচ্ছি যাতে আমার প্রস্তাব সর্ববাদিসম্মতভাবে গৃহীত হয়—এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, আমার একটা সংশোধনী প্রস্তাব আছে—

And that for ensuring expedition a vigilance committee consisting of eleven members of the Legislature be constituted with authority and facilities for supervision of the actual construction.

ফরাক্কা ব্যারাজ সম্বন্ধে অন্তরায় দুটি। বাংলাদেশের লোক সকলেই চায় এটা, সকলেই সাগ্রহে আশা করছে, অপেক্ষা করছে কিন্তু এর অন্তরায় হলো দুটো—আমাদের যাঁরা সরকারী নেতৃত্ব স্থানীয়—, তাঁরা এ সম্বন্ধে একমত নন এবং আর একটা অন্তরায় হচ্ছে পাকিস্তান এই দুটো। অন্তরায়কে কি করে প্রতিকূল অবস্থা থেকে সরিয়ে আনা যায় এই চেষ্টাই আজকে আমাদের করতে হবে। ডাঃ বিধান চন্দ্র রায় যখন ছিলেন ফরাক্কা ব্যারাজ সম্বন্ধে যে সব প্রস্তাব এসেছে একাধিকবার আমাদের সন্দেহ আমরা প্রকাশ করেছি। যতই লাফালাফি এরা করুক না কেন ফরাক্কা ব্যারাজ এবার হবে না। গত কয়েক বৎসর প্রস্তাবিত পথে এগিয়ে যাওয়া সত্ত্বেও আমাদের সেই আশংকা সম্পূর্ণরূপে নিরসন হয়নি। তার কারণ বাংলা সরকার এখনো জানেন না যে কেন্দ্রীয় সরকারের মনোভাবটা কি? দ্বিধাবিভক্ত কেন্দ্রীয় সরকারের একটা অংশ আছে। তাঁরা মনে করেন এটা ভারতবর্ষের সমস্যা, সেই জন্য ফরাক্কা ব্যারাজ সম্বন্ধে যা কিছু করণীয় তা করা উচিত, না করলে দেশের ক্ষতি হবে। আর একটা অংশ এবং তার প্রভাব এদেশে বেশী—তাঁরা মনে করেন—এটা পশ্চিমবাংলার নিজস্ব সমস্যা। পশ্চিমবঙ্গের সমস্যা সমাধানের জন্য ভারতবর্ষের কষ্টলব্ধ অর্থকোষ থেকে অতিরিক্ত টাকা ব্যয় করবার কোন যুক্তি নাই। যারা মনে করেন যে এটা ভারতবর্ষের সমস্যা সেই মনে করে কিছু কিছু টাকা তাঁরা লাগিয়েছেন এবং কাজও অনেকদূর এগিয়ে গেছে। তা সত্ত্বেও আমার মনে হয় শেষ পর্যন্ত যাঁরা এটা ভারতবর্ষের সমস্যা মনে করেন না, তাঁদের কাছে এই পরিকল্পনা পরাস্ত হয়ে যাবে এর যত টাকা খরচ হোক না কেন, বাকি আসল কাজ সম্পূর্ণতার পথে যাবে না। আমি ডাঃ বিধান চন্দ্র রায়ের কাছে যে কথা বলেছিলাম প্রকাশ্য হাউসে তখন প্রফেসর ভট্টাচার্য্য আমাকে সমর্থন করেছিলেন, নগেন ভট্টাচার্য্য মহাশয়ও ছিলেন, তখন আমি বলেছিলাম যে ওঁরা যে টাকার অজুহাত দিচ্ছেন, আমরা টাকার সমস্যার সমাধান করবো। আজকে সেই টাকার অজুহাত আরো বেশী হবে। চায়না যুদ্ধ করুক আর না করুক চাইনিজ এ্যাগ্রেসন-এর বাণী আমাদের সামনে আছে এবং তা স্লোগান হিসেবে সব সময় ব্যবহার করা হয় এবং শেষকালে যখন কোটী টাকা ব্যয়ের প্রশ্ন আসবে, তখন এঁরা বলবেন চাইনিজ এ্যাগ্রেসান-এর পরিপ্রেক্ষিতে আমরা আর টাকা দিতে পারবো না—এখন দাস ফার এ্যাণ্ড নো ফারদার। সঙ্গে সঙ্গে পাকিস্তান শুদ্ধ আক্রমণোন্মুখ হয়েছে, যখন পাক-চায়না এ্যাক্সিস আরো উগ্র হয়ে দাঁড়িয়েছে, সেদিক থেকে তাকিয়ে বলবেন পশ্চিমবাংলা কখন যে পাকিস্তানের দ্বারা আক্রান্ত হয়ে যায়। উত্তরে চীন, পূর্বে পাকিস্তান আক্রমণোন্মুখ এবং এর ভবিষ্যৎ ফলাফল কি বোঝা যাচ্ছে না। এই অবস্থা। অতএব টাকা সম্বন্ধে যা খরচ করেছি তো করেছি, আর আমরা খরচ করবো না। এই সম্ভাবনা আসতে পারে।

সেইজন্য আমি যে কথা বলেছিলাম তার পুনরুক্তি করছি যে ভারত গভর্নমেণ্টকে টাকার দায় থেকে আমরা মুক্তি দিই। আমরাই ফরাক্কা ব্যারেজ ডিভেনচার করি আসুন এবং তা করলে, আমি আপনাকে বলছি যে

Even a begger in Bengal will contribute to that debenture fund.

বাংলাদেশের সবাই জানে

If Farrakka lives nobody in West Bengal dies, and if Farrakka dies nobody in West Bengal lives.

পশ্চিমবাংলা সরকারের এ সম্বন্ধে অসহায় অবস্থা সত্ত্বেও—যদি ১৯৬৮–৬৯ সালের মধ্যে এটা হতো তা' হলে দেখতেন দিকে দিক সাড়া পড়ে যেত। ফরাক্কা ব্যারেজ হলে ইণ্ডাস্ট্রিয়াল প্লানিং করে হবে—এখন থেকেই তার প্রস্তুতি হয়ে যেত। সেদিন যতীন চক্রবর্ত্তী মহাশয়ের প্রশ্নের উত্তর দিচ্ছিলেন আমাদের ইরিগেশন মিনিস্টার সেখানে আমি একটা প্রশ্ন করেছিলাম যে ১৯৬৮ সালের মধ্যে হবে যে আশা করছেন—হলে যে ব্যাঙ্ক অফ ভাগিরথীর দুই দিকে ইণ্ডাস্ট্রিয়াল প্লানিং কি হবে—কি ইনভেস্টমেণ্ট হবে লোকাল রিসোরসেস কি হবে এই সব জানবার জন্য আপনারা চেষ্টা করেছেন? —তিনি অত্যন্ত কুশলী মন্ত্রী—উনি বললেন প্রশ্নটা খুব গুরুত্বপূর্ণ কিন্তু এ প্রশ্ন থেকে কি এটা উঠে?—'ওঠে না ঠিক, প্রশ্নটাও গুরুত্বপূর্ণ এটাও ঠিক। সেই প্রশ্ন আজকে লিডার অফ দি হাউস তুলেছেন যে তা সত্বেও বিশ্বাস করুন ১৯৬৮–৬৯ সালে ব্যারেজ হয়ে যাবে তাহলে প্রায় ৪ লক্ষ ইণ্ডাস্ট্রিয়াল প্ল্যানিং রাতারাতি হবে না। আমার মুর্শিদাবাদে আজ পর্যন্ত ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট হয়নি, নদীয়া জেলাতে টকেন এস্টেট সম্বন্ধে কোন কাজই হয়নি। ঐখান থেকে আরম্ভ করে মালদা মুর্শিদাবাদ নদীয়া বর্দ্ধমান বীরভূমের খানিকটা ২৪-পরগণা এই যে চারিদিকে যে ব্যারেজ যে ঐশ্বর্য্য যে সমৃদ্ধি এ থেকে আসবে তাকে কিভাবে কাজে লাগাব এই যে ইলেকট্রিসিটি তার সেটা দিয়ে কিভাবে আমরা কাজ করবো —আমাদের ইনটেরিয়র ভিলেজএ কি করে আমরা প্ল্যানিং করবো তার ছক এখন থেকে হবে না? এখন থেকে করা যাচেছ না এইজন্য যে বাংলা গভর্নমেণ্ট এখনও স্থিরভাবে—অবিশ্বাস না করলেও—ভরসা পেয়ে উঠছেন না—সত্য সত্যই দুরবস্থা—সেইজন্য আমি বলি যে আমাদের বাংলা দেশের সমস্ত মতামত নির্বিশেষে আজকে মন্ত্রী মণ্ডলীর কাছে গিয়ে এমন কি প্রধান মন্ত্রীর কাছে গিয়ে বলুন যে ফরাক্কা ব্যারেজ ডিভেনচার ফ্লোট করবো একথা আপনারা কি বলেন। তাহলে দেখবেন চারিদিকে একটা সাড়া পড়ে যাবে—নতুন উৎসাহ পড়ে যাবে আমাদের দারিদ্র মোচন করবার জন্য একটা নতুন প্রেরণা আসবে। আমরা দলমত নির্বিশেষে একত্রিত হয়ে তার পিছনে গিয়ে দাড়াব। আর একটা জিনিষ ভারত গভর্নমেণ্টকে একটা অনুরোধ করতে হবে যে আমাদের যে টাকা দেন সে টাকা দরকার নেই—আমরা যে ইনকাম ট্যাক্স আর্ন করছি সেই ইনকাম ট্যাক্সটা ইণ্ডিয়া গভর্নমেণ্ট আমাদের কাছ থেকে নেবেন না। 'ওরা তো সাবসিডি দেন, সাব ভেনসান দেন, এক্সগ্রাসিয়া পেমেণ্ট করেন —আমরা চাই না। অন্য সমস্ত দেশের থেকে ইণ্ডিয়া গভর্নমেণ্ট ফর এডমিনিস্ট্রেসানএ কনট্রিবিউশন থাকে এবং আমাদেরও থাকে—তো সেখান থেকে আমাদের ৫ বছর অব্যাহতি দেন এবং এই অব্যাহতির সঙ্গে সঙ্গে ইনকাম ট্যাক্স যথারীতি এডমিনিস্ট্রেটিভ অফিসার ভারত সরকারের, তার উপর আমাদের গভর্নমেণ্টের কনট্রোলটা দিন কারণ ইণ্ডিয়া গভর্নমেণ্টের অফিসারদের রেখে আমাদের কোন কাজ নেই কারণ তারা টপ টু বটম করাপট। আমাদের যদি ১২ হাজার টাকা বছরে ইনকাম হয় তাহলে ২ হাজার টাকা ইনকাম ট্যাক্স টেনে নেবে একেবারে। যারা বড বড় মারচেণ্ট তাদের কাছ থেকে মাস্থলি একটা কোটা খেয়ে— যারা লক্ষ লক্ষ টাকা রোজগার করে বছরে তারা কয়েক হাজার টাকা দেখিয়ে দেয় তাই এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসারদের উপর আমাদের ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট কনট্রোলিং ক্ষমতাটা যদি দেন আমরা সকলে যদি ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট-এর পিছনে দাড়াই তা হলে যে সব ট্যাক্স ইভেডেড রয়েছে তা আমরা গলা থেকে টেনে নিয়ে এসে এই ডিভেনচার ফাণ্ডে দিতে পারি।

(এ ভয়েস—এত সহজ নয়)

কেন সহজ নয়; খুব সহজ। এ যদি সহজ না হয় তা'হলে পর আমাদের অর্থনৈতিক উন্নতি কখনও হবে না। আর একটা হচ্ছে আমাদের যে পশ্চিমবাংলা তার মাতব্বর যারা তারা আমাদের কেবল এক্সপ্লয়েট করেন—আমাদের রিসোর্সএর নিউট্রেসান দিতে চান না।

[5-25—5-35 p.m.]

ইস্ট পাকিস্তান-এর মাতব্বর হচ্ছেন তাঁরা যারা ইস্ট পাকিস্তানকে ফডার হিসাবে ইউজ করেন, তাদের নিউট্রেসান দেব না। সেজন্য পাকিস্তান থেকে একটা ক্রাই আছে এবং সেই ক্রাই অনেকদিন পারসিস্ট করবে যে রিভার বোর্ডএ আমরা আমাদের রিপ্রেজেনটেসান নাও, আর জল টেনে নিলে ক্ষতি হবে না। এটা ওয়েস্ট পাকিস্তান-এর ক্রাই এবং পাঞ্জাবে এটা নিয়ে ডিসপুট হয়েছিল। আমাদের যদি ব্যারাজ হয় জল যদি আমাদের পশ্চিমবাংলা দিয়ে আসে তাহলে পূর্ববঙ্গের সুবিধা হবে সেটা তাঁরা জানেন। কিন্তু তাঁরা কণ্ঠ তুলতে পারেন না। কারণ তাঁরা বছরের পর বছর দেখেন স্যালো রিভার ফ্লোডেড যেটা সারপ্লাস হয় তাতে সমস্ত ইস্ট বেঙ্গলএ ফ্লাড হয়ে যাচ্ছে। আজ যদি জল ডাইরেক্ট করে দিয়ে নাবিয়ে নিয়ে আসে তাহলে আমাদের এখানে ওয়াটার রিসোর্সেস বাড়বে। তেমনি ফ্লাড পেরিল ও পেনিক অনেকখানি কমে যাবে। কিন্তু ইস্ট পাকিস্তানকে তুলতে হবে। আমাদের দুর্ভাগ্য আমাদের এখানে যাঁরা দেশপ্রেমিক তাঁদের আমরা আণ্ডারগো করে রাখি, যাঁরা দেশপ্রেমিক নন তাঁদের পেছনে আমরা ঘুরি, তেমনি ইস্ট পাকিস্তানএ যেসব ডেমোক্র্যাটিক দেশপ্রেমিক মুসলমান আছেন তাঁদের পাওয়ার দেবার জন্য আমরা কোন চেষ্টা করি না। আমরা কমপ্রোমাইজ-এর সময় তাঁদের সঙ্গে কথা বলি যারা ইস্ট বেঙ্গল ও ইণ্ডিয়ার বিরুদ্ধে। সেজন্য ইস্ট পাকিস্তানএ একটা মুভমেণ্ট যেটা গ্রো করছে তাকে গ্রো করার জন্য একটা ইকোনমিক আর্জি দেওয়া দরকার। তাঁদের বোঝান দরকার এই যে ব্যারাজ এই ব্যারাজ তোমাদেরও কাজে লাগবে এবং তাহলেই সেখানে একটা মুভমেণ্ট গ্রো করতে পারে। কাজেই পাকিস্তানের যে রেজিসটেন্স তাকে ডিজারম করার জন্য ইস্ট বেঙ্গলএর লোককে আমাদের সচেতন করে তোলা দরকার এবং ইণ্ডিয়া গভর্নমেণ্ট-এর ভেতরে ভেতরে একটা যে কনসিল্ড অ্যাপ্যাথি আছে সেটাকে লিকুইডেট করার জন্য আমাদের দাঁড়িয়ে বলতে হবে আমরা ফরাককা ব্যারাজ ডিবেনচার ফ্লোট করার টাকা দেব না। এইভাবে যদি আমরা এগুতে পারি তাহলে হয়ত আমাদের মারা যাবার পর আমাদের বংশধরেরা ফরাক্কা ব্যারাজের অ্যাডভানটেজ পেতে পারে। কিন্তু তা যদি না হয় তাহলে আমরা পেলাম না, আমাদের বংশধরবাও পেল না। এই কথা বলে আমি আমার রিজোলিউসান উপস্থিত করছি।

Shri Manoranjan Sen Gupta: Sir, I beg to move that in line 3, after the words "State of West Bengal" the words "for the improvement of the Port of Calcutta" be inserted.

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি যে এ্যামেণ্ডমেণ্ট এনেছি সেটা খুব সামান্য এবং সেটা হচ্ছে

whereas the construction of the Farrakka is of vital importance to the development and economy of the State of West Bengal and also for the improvement of the port of Calcutta.

এটার উদ্দেশ্য হচ্ছে তিনি যে ওয়েস্ট বেঙ্গল বলেছেন তাতে সমস্ত কভার করে যাচ্ছে তথাপি এটা বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন বলে আমি মনে করি। কোলকাতা পোর্ট-এর যে গুরুত্ব আছে সেকথা যতীনবাবু বলেছেন এছাড়া আমি বলতে চাই যে কোলকাতা পোর্ট-এর অবস্থা এত খারাপ হয়ে গেছে যে এর আশু প্রতিকার আবশ্যক। সেদিন কাগজে দেখলাম ৭০ থেকে ১০০ খানা জাহাজ খিদিরপুর ডকের প্রাঙ্গণে আটক রাখছে এবং বড় বড় জাহাজ কোলকাতা পোর্ট-এ আসতে না পেরে গঙ্গাসাগরে লঙ্গর করে থাকে। সুতরাং এই ব্যাপার অতি গুরুতর এবং কোলকাতা পোর্ট-এর প্রয়োজনীয়তা সর্বপেক্ষা বেশী। সমগ্র পূর্ব ভারত এর দ্বারা উপকৃত সেটা আমরা সকলেই জানি। যতীনবাবু এসম্বন্ধে বিস্তৃতভাবে আলোচনা করেছেন বলে আমি এটুকুন বলতে চাই যে ফারাক্কা ব্যারাজ ও গঙ্গার সংস্কার সাধন এতবেশী আমাদের পক্ষে প্রয়োজনীয় যে দ্যাট ডাস নট ব্রুক এনি ডিলে কিন্তু এটা যে গয়ং গচ্ছ ভাবে চলছে তারজন্য

আমরা দুঃখিত এবং আমার মনে যে পশ্চিমবঙ্গের ক্যাবিনেট তাঁরা এর গুরুত্ব সম্বন্ধে বিশেষভাবে সজাগ নন এবং যদি তাঁরা সজাগ হতেন তাহলে এ বিষয়ে অবহিত হয়ে তাড়াতাড়ি কাজ করার জন্য কেন্দ্রীয় সরকারের উপর চাপ দিতেন। কিন্তু সেরকম কোন আয়োজন দেখছি না। তার ফলেতে আজকে আমাদের যেটা লাইফ লাইন বলা যায়, যার উপর পশ্চিম বঙ্গের অস্তিত্ব নির্ভর করছে, এবং যার উপর কলকাতারও অস্তিত্ব নির্ভর করছে, পূর্ব্ব ভারতের যেটা সবচেয়ে প্রয়োজনীয় জিনিষ সেটার ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কোন উদ্বেগ নেই কেন সেটা আমরা বুঝতে পাচিছ না। আমার একটা ঐতিহাসিক ঘটনা জানা আছে। পূর্বে মোগল সম্রাটের আমলে ছাপাঘাটা বলে একটা জায়গা ছিল, সেখানে ২।৩ মাইল ধরে কপার এর একটা বাঁধ গঙ্গার ধারে দেওয়া ছিল যাতে নাকি বালি জমতে না পারে। পরে ব্রিটিশ সরকার সেটা মূল্যবান দ্রব্য বলে সরিয়ে নিয়েছেন, এবং তার ফলেই এই পরিস্থিতির উদ্ভব হয়েছে এবং তা অনেকদিন আগেই উদ্ভব হয়েছে। এক সময় গঙ্গা এমন প্রশস্ত ছিল যে ত্রিবেণী পর্যন্ত বড় বড় জাহাজ যেত, চুঁচুড়া, শ্রীরামপুরেও জাহাজ যেত। কিন্তু আজ এমন অবস্থা হয়েছে যে কলকাতা বন্দরে বড় বড় জাহাজ আসতে পারছে না তাদের অনেক দূরে থাকতে হচ্ছে সুতরাং এর গুরুত্ব বুঝে সরকার এটা না করলে পশ্চিমবংগবাসীর এমন আন্দোলন করা উচিত যাতে নাকি সরকার এটা করতে বাধ্য হন। অবশেষে আমি যতীনবাবুকে ধন্যবাদ দিচ্ছি এই প্রস্তাব আনার জন্য। আমি এই বলেই শেষ করছি।

Shri Mohitosh Rai Choudhuri: Mr. Chairman, Sir, I have got every sympathy for the object of the mover of the resolution. As a matter of fact, I agree with him on almost fifteen annas of the argument which he has put forward in favour of the expeditious execution of the Farrakka Barrage scheme. It is unnecessary for anybody to dwell on the vital importance of this scheme; everybody knows it. As my friend Shri Sasanka Sekhar Sanyal said a few minutes ago, nobdy lives in West Bengal if Farrakka Barrage dies; in other words, if the Farrakka Barrage scheme is not executed, nobody will live in West Bengal in the sense that the entire prospect of the future development of the State of West Bengal will be jeopardised. I also agree with the mover of the resolution that the gods in New Delhi, that is, those who are shaping our destiny from the Secretariat at New Delhi, have not the fullest sympathy for the project. I know it from a little bit of my personal experience and I also heard it from very, very reliable source. (Shri Jagannath Kolay: গুজবে কান দেবেন না।) This rumour has been current for such a long time that one finds it difficult to disbelieve it. In spite of this, I cannot agree with the mover of the resolution when he asks for handing over the responsibility for the execution of the scheme to the State Government here. Everybody agrees with him up to the following point, "whereas the construction of the Farrakka Barrage is of vital importance to the development and economy of the State of West Bengal, this Council is of opinion that in view of the slow rate of progress of this project the West Bengal Government should urge upon the Government of India forthwith." But there I would stop.

[5-35—5-45 p.m.]

Up to this everybody will agree. But with regard to this part of the resolution—to hand over to them the responsibility of the construction of the said barrage—I do not agree. I would have accepted his resolution with great enthusiasm if after erasing the words "to hand over to them the responsibility of the construction of the said barrage, he added after

the words "urge upon the Government of India forthwith." I want "to undertake the construction of the said barrage without delay." I want this thing to be executed by the Central Government, not by the State Government, and that for various reasons although I know that the Gods at New Delhi are not very sympathetic to this project. I know it, as I said a moment ago, not only from my bit of personal experience but also from very, very reliable sources. Still I feel it will not be advisable for the State Government to undertake the responsibility of the execution of this huge scheme. I know that there are many good engineers in West Bengal. I know Mr. Ram Chakraverty. I know Mr. Debesh Mukherjee. There are few engineers in the whole of India who can hold candles to them. They are very, very competent men, but, Sir, it is not the competency of the engineers that will carry us very far. As a matter of fact, everybody who knows anything about the Farrakka Barrage Scheme can realise this. I had been there at least ten times during the last two years. I have had intimate discussion with the authorities who are to execute the scheme. I know Mr. Ram Chakraverty. He is a very able man. Why could he not progress? We could not progress because of the apathy from New Delhi. We did not get the required machinery. He did not get the necessary materials. He did not get the necessary instruments in order to be able to execute the scheme. The result was that the execution was greatly delayed. And yet for this delay for which he was not responsibility incurred the displeasure of the authorities in New Delhi. It was really very unfortunate for him. that they did this great injustice to him. They did not give him the things which he wanted. Therefore, execution was delayed, but at the same time they laid the fault at the door of Mr. Chakraverty. It was on account of this unsympathetic attitude of the Central Authorities in New Delhi that he had to leave this project and come back. Mr. Debesh Mukherjee has now gone there. He is also a very able man. He is extremely anxious to do the work. Unfortunately he is in the same predicament as his predecessor. He is not getting the sympathy of the authorities in Delhi which he ought to have. Still in spite of all these things, I would urge upon my friend not to press the Government of West Bengal to request the Central Government to hand over the execution to them, because, in the first place, they will find it very difficult to get the necessary exchange.

If a debenture is floated I am sure that the people of Bengal will subscribe. But for the huge expenditure of the scheme only that money will not do, foreign exchange will be necessary and the State Government cannot get this foreign exchange unless it is given to them by the Central Government.

Then, in the second place, Pakistan is vitally interested in the scheme, and Pakistan will try to throw as many obstacles as possible in the successfull execution of the scheme although, as my friend Shri Sanyal told us, a section of public opinion is in our favour. But the people who are in our favour do not really count now. Those who really count, those who hold the power, are opposed to the scheme. Therefore, at every stage the State Government will be confronted with many difficulties. It will be impossible for the State Government to solve these difficulties. At every step it will be necessary for the State Government to consult the Central Government or to take the advice of the Central Government, and this will mean delay. Sir, red-tapism is rampant not only in West Bengal but every where in Government, and if at every step the State Government have to consult or take the advice of the Central Government then execution will be delayed.

Then, Sir, there is another thing. This Farrakka Barrage Scheme not a thing in which West Bengal alone is interested. People of Bil and people of other states are also vitally interested in this scheme, anc time may come, occasions may arise, when the interest of other Sta might be in conflict with the interest of West Bengal. In those ca there will be difficulties—execution of the work will be hampered, t State Government will again have to take the advice of the Central Go ernment—and therefore if the execution is left to the State Governme the work will be hampered. So, I would therefore urge upon my frie on the other side there not to press for getting the work done by the St Government, rather I would request them to put all sorts of pressure up the Central Government so that there might not be any dilly-dally on th part, there might not be any obstacle put forward from anybody, to t speedy execution of the scheme.

Therefore, Sir, although I have got every sympathy with the obje of the mover of the resolution and although I share with him almost fift annas of the sentiments which he expressed, still I would urge upon h not to press for the execution of the work to be done by the State Gove ment. I would rather ask him and all those of his way of thinking to p all sorts of pressure—political, moral and other kinds of pressure—up the Central Government so that they might not think of putting any ol tacle in the speedy execution of he scheme.

With these words, Sir, although I have got sympathy for the mov of the resolution, I have to oppose the resolution.

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, পূর্ববর্তী বক্তা শ্রদ্ধেয় মহীতোষ বাবু—ফরাক্কা ব্যারেজ, সম্পর্কে কথাগুলি বলছিলেন আমি খুব মনোযোগের সঙ্গে সেগুলি শুনছিলাম। ফরাক্কা বাঁধ সম্প কেন্দ্রীয় সরকারের মনোভাব আলোচনা করতে গিয়ে সব কথাই তিনি বলেছেন। পরিকল্পনার জন্য কেন্দ্রীয় সরকারের কি মনোভাব তা তিনি বলেছেন। ফরাক্কা বাঁ পরিকল্পনাকে অবিলম্বে কার্যকরী করবার যে প্রস্তাব তার মধ্যে দুটি জিনিষ আছে। প্রথম এটি পশ্চিম বাংলার স্বার্থে একান্ত প্রয়োজন। আর একটি হল যে এই বাঁধ কার্যকরী করব দায়িত্ব কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পশ্চিমবাঙ্গলা সরকারের হাতে নিয়ে নেওয়া হোক।

[5-45—5-55 p.m.]

প্রথম বিষয়ে আমরা সকলেই একমত—কোন রকম দ্বিমত নেই। কিন্তু আসল সমস্যা হো যে কাজটা কার্যকরী কে করবেন? কেন্দ্রীয় সরকার এতদিন যে ভাবে কাজ করেছেন সে দেখে এই সিদ্ধান্ত হয়েছে—দেখা যাচ্ছে সিদ্ধান্তের ব্যাপারে আমরা এপক্ষ, ওপক্ষ সকলে একমত—কেন্দ্রীয় সরকারের কোন রকম সহানুভূতি এই ব্যাপারে নেই। সহানুভূতি কেন সেটা যদি ভালভাবে বুঝতে পারি তাহলে কেন্দ্রীয় সরকারের হাতে দায়িত্ব না দিয়ে পশ্চিমব সরকারের হাতে এটা নিয়ে আসা উচিত। এই সিদ্ধান্তে আমরা সবাই একমত।

(এ ভয়েস ফ্রম কংগ্রেস বেঞ্চেস—একমত কে বলল?)

মহীতোষবাবুর বক্তৃতায় এই কথাই বুঝলাম। যাই হোক যেকথা আমি বলছিলাম যে কেন্দ্রী সরকারের কোন সহানুভূতি ফরাক্কা বাঁধ সম্পর্কে থাকতে পারে না। আমরা জানি ফরাক্ক বাঁধের প্রয়োজন কোলকাতা, কোলকাতা বন্দরকে বাঁচানোর জন্য। এবং আরও যে কতকগু সমস্যা আছে সেই সমস্যার কথা আমি পরে বলছি। কোলকাতা বন্দরকে বাঁচানো কেবলমা পশ্চিমবাংলার প্রয়োজনে নয়, সমগ্র পূর্ব ও উত্তর ভারতের জন্যও এর দরকার। পশ্চিমবাং সম্পর্কে কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের কথা আমরা জানি। কোলকাতা চা

চলছিল না বলে এতদিন তাঁরা কোলকাতাকে বাঁচাবার কথা ভাবছিলেন। কিন্তু যে মুহূর্ত্তে পারাদ্বীপ বন্দরের কথা শোনা যাচ্ছে এবং পারাদ্বীপ বন্দর সুন্দর ভাবে মনে গড়ে উঠবে আশা হচ্ছে সেই মুহূর্ত্তে কোলকাতা বন্দর সম্পর্কে তাঁরা—নিস্ক্রিয় হয়ে পড়েছেন। তাই আজকে কোলকাতায় বন্দর কেন্দ্রীয় সরকারের কাছে পূর্ব ও উত্তর ভারতকে বাঁচাবার একমাত্র প্রশ্ন নয়। কিন্তু কোলকাতা বন্দর বাংলাদেশের পক্ষে ভয়ঙ্কর রকম মরণ বাঁচন সমস্যা। গঙ্গা যদি মরে যায় তাহলে কোলকাতা তথা পশ্চিমবাংলা মরে যাবে। পারাদ্বীপ যদি সমগ্র উত্তর ও পূর্ব ভারতকে রক্ষা করতে পারে আমাদের তাতে আপত্তি নেই। এরূপ আরও অনেক বন্দর হোক এটাও আমরা চাই। কিন্তু কোলকাতা বন্দরকে বাদ দিয়ে গঙ্গাকে বাদ দিয়ে পশ্চিমবাংলা বাঁচবে না—এই যে একটা চেতনা এটা কেন্দ্রীয় সরকারের মধ্যে আমরা দেখতে পাচ্ছি না এবং সে চেষ্টাও নেই।

আরও কতকগুলি বিষয় আমি আপনার সামনে রাখব। ফরাক্কা বাঁধের প্রয়োজন সেটা কেবল মাত্র গঙ্গা ও কোলকাতাকে বাঁচানোর সমস্যা নয়—এটা একটা প্রধান সমস্যা বটে এর এদিক থেকে গুরুত্ব আছে কিন্তু এ ছাড়াও যে আরও কতকগুলি সমস্যা এর সঙ্গে সংশ্লিষ্ট রয়েছে যেগুলি বহু দূরে দিল্লীতে বসে ওঁরা বুঝতে পারেন না। এই বাঁধের সঙ্গে আমাদের উত্তরবঙ্গের যোগাযোগ ব্যবস্থা জড়িত আছে এবং ব্যারাজ হলে জল ওদিক থেকে যে আরও আসবে না নিয়ে জল সেচের ব্যবস্থা হবে। আবার এইসঙ্গে এখানে যে সেতু হবে তা দিয়ে উত্তর-বঙ্গের সঙ্গে যোগাযোগ হবে। উত্তরবঙ্গের সঙ্গে যদি যোগাযোগ হয় তাহলে পশ্চিমবঙ্গের উভয় অংশের সঙ্গে ঘনিষ্ট সম্পক স্থাপিত হবে এবং উত্তরবঙ্গ সমৃদ্ধ হবে। উত্তরবঙ্গে অনেক শিল্প গড়ে তোলা সম্ভব হবে। এই শিল্প গড়ে উঠলে তখন কেবলমাত্র দুর্গাপুরের উপর আমাদের নির্ভর করতে হবে না এবং তাতে পশ্চিমবাংলার চেহারা ফিরে যাবে। সেখানে সিমেণ্ট ও কাগজের কারখানা ইত্যাদি অনেক রকম হতে পারে। এ বিষয়ে আমি বিস্তৃত আলোচনা করব না। এই যে গঙ্গায় বিরাট বাঁধ রয়েছে এবং উত্তরবঙ্গের সঙ্গে যাতায়াতের কোন সুবিধা নেই বলেই কোন শিল্পপতি ও সরকার সেখানে কারখানা করতে চান না। এখানে কারখানা করতে বেসরকারী শিল্পপতিরা কোন উৎসাহ বোধ করেন না, কারণ খরচ বেশী পড়ে যাবে। আমরা যদি ফরাক্কা বাঁধ করতে পারি এবং সঙ্গে সঙ্গে যদি সেতু হয়ে যোগাযোগের ব্যবস্থা ভাল হয় তাহলে উত্তরবঙ্গে শিল্প গড়ে উঠতে পারে এবং তাতে করে পশ্চিমবাংলা সমৃদ্ধ হবে। দিল্লীর লোকেরা হয়তো কেবলমাত্র কোলকাতা বন্দরের কথা ভাবেন। কিন্তু যে মুহূর্ত্তে তাঁরা মনে করেন যে পারাদ্বীপ দিয়ে এই সমস্যার সমাধান হবে তাঁদের আগ্রহ তখন কমে যাবে অথচ এটা হলে উত্তরবঙ্গে শিল্প গড়ে উঠবে যাতায়াত ব্যবস্থা সহজ হবে, পশ্চিমবাংলার শাসন ব্যবস্থার সুবিধা হবে এবং সীমান্ত রক্ষা করা সহজ হবে। এসবগুলি তাঁরা ভালভাবে বুঝতে পারেন না। কিন্তু এগুলি পশ্চিমবঙ্গ সরকার ভালভাবে বুঝতে পারবেন।

পাকিস্তানের বাধার কথা এই প্রসঙ্গে আলোচনা করা হয়েছে। এই প্রসঙ্গে শশাঙ্কবাবু সুন্দরভাবে বলেছেন যে পাকিস্তানের বাঁধা আমরা কি ভাবে দূর করব। আমি তার সঙ্গে সম্পূর্ণ একমত যে পূর্ব পাকিস্তানের যারা দেশপ্রেমিক মুসলমান তাঁরা এই বাঁধের বিরুদ্ধে যাবেন না এটার গুরুত্ব তারা বুঝবেন এবং তাঁদের বোঝানও সম্ভব হবে। এ বাঁধের দ্বারা পূর্ব পাকিস্তানের উপকার হবে। কিন্তু বাধা দিচ্ছেন যাঁরা করাচীতে বসে রয়েছেন। তাঁদের সঙ্গে যখন আমাদের দিল্লীর কর্তাদের আলোচনা হয় তখন অতীতের অভিজ্ঞতা থেকে দেখা গেছে যে তখন পশ্চিম বাংলার স্বার্থ পাকিস্তানের উপরতলার কর্তাদের হাতে হাতে যেখানে নষ্ট হতে যায় সেখানে দিল্লীর কর্তারা পশ্চিমবাংলায় প্রতি সহানুভতি সম্পন্ন নন। পশ্চিমবাংলা যেখানে দাবী করে পাকিস্তানের কাছে পশ্চিমবাংলার স্বার্থ বিপন্ন করা চলবে না সেখানে কেন্দ্রীয় সরকার সহযোগীতা করেন না। এই ব্যাপারে আমি বেরুবাড়ীর কথা উল্লেখ করব। পশ্চিমবাংলার বিধান-মণ্ডলী এক বাক্যে প্রস্তাব গ্রহণ করলেন যে এটা পাকিস্তানকে দেওয়া যাবে না, কিন্তু কেন্দ্রীয় সরকার সেইভাবে জিনিষটা অনুভব করলেন না এবং তাঁরা দিয়ে দেবার প্রস্তাবকে সমর্থন করে সংবিধান সংশোধন করলেন। তাই এই ফরাক্কার ব্যাপারে পাকিস্তানের করাচীর কর্তারা যাঁরা পূর্ববঙ্গের স্বার্থ দেখেন না পশ্চিমবঙ্গে স্বার্থ তো দেখেনই না তাদের সঙ্গে কথা বলার দায়িত্ব যদি দিল্লীর কর্তাদের উপর ছেড়ে দিই তাহলে তাঁরা বলবেন যে এই কাজে আমরা অগ্রসর হব না, কারণ পাকিস্তান বাধা দিচ্ছেন। এই অজুহাত তুলে কাজ পিছিয়ে যেতে পারে।

Shri Rabindralal Sinha:

পশ্চিমবঙ্গ সরকারের হাতে এই ফরাক্কার ভার এলে, একে এক্সিকিউট করার দায়িত্ব এলে কেন্দ্রীয় সরকার যদি বলেন পাকিস্তান সরকার বাধা দিচ্ছেন তাহলে পশ্চিমবঙ্গ সরকারের ক্ষমতা আছে সেটা অতিক্রম করার?

Shri Nirmal Bose:

আলোচনা অবশ্যই কেন্দ্রীয় সরকার করবেন কারণ ভারত-পাকিস্তান সম্পর্কে বিষয় আন্তর্জাতিক ব্যাপার। কিন্তু আমি এই কথা বলতে চাই যে পাকিস্তান আপত্তি তুললেই কেন্দ্রীয় সরকার সঙ্গে সঙ্গে কাজ বন্ধ করে দেবেন। এই অজুহাতে কাজ যদি বন্ধ করে রাখা হয়, তাহলে তা অন্যায় এবং সেটাতেই আমার আপত্তি। আমি জানতে চাই পশ্চিমবঙ্গ সরকার সেটা করবেন কিনা?

আর একটা কথা বলতে চাই। এটা নিশ্চয়ই আপনি অপ্রাসঙ্গিক মনে করবেন না সেটা হল আজ মাছের সমস্যা একটা মস্তবড় সমস্যা। আজকে বাঙ্গালী মাছ পাচ্ছে না ফলে দারুন অসুবিধা ভোগ করছে। আজকে ইলিশ মাছ পাওয়া যাচ্ছে না, একেবারেই কমে গেছে, উলুবেড়িয়া, কোলকাতা, কোলাঘাট, ইত্যাদি জায়গায় আর ইলিশ মাছ দেখা পাওয়া যাচ্ছে না। এটা কেন পাওয়া যাচ্ছে না? এর কারণ হ'ল গঙ্গার জলে নুনের ভাগ বেশী হয়ে গেছে, সেই কারণে ইলিশমাছ আজ আর পাওয়া যাচ্ছে না। ইলিশ মাছ মিষ্টি জলে ডিম পাড়তে আসে। গঙ্গায় হলে নুনের ভাগ বেড়ে যাওয়ার তারা আর আসছে না। আজকে যদি ফারাক্কা বাঁধ হয় তাহলে গঙ্গার জলের পরিমাণ অনেক বেড়ে যাবে ও জলের নোনা ভাগ কমে যাবে তখন ইলিশ মাছ ডিম পাড়তে আসবে ও বাঙ্গালীও মাছ খেয়ে বাঁচবে। কিন্তু দিল্লীর কর্তা ব্যক্তিরা বাঙ্গালীর এই মাছের সমস্যা কিছুতেই বুঝতে পারবেন না।

তাই আমি এই কথাই বলতে চাই যে ফারাক্কা বাঁধ পশ্চিমবঙ্গ সরকারের হাতে এলে তাঁরা যতটা গুরুত্বর সঙ্গে এটা বিবেচনা করবেন যতটা দায়িত্ব নিয়ে করবেন কেন্দ্রীয় সরকার ততটা দায়িত্বের সঙ্গে বা উৎসাহের সঙ্গে তা করবেন না। কেবলমাত্র একথাই যথেষ্ট নয় যে ফারাক্কা বাঁধ ভাল জিনিষ করা দরকার এটুকু বললেই আমরা ঠিক কাজ করবো না। আসল কথা হল কাজটা আমাদের নিতে হবে। টাকা তাঁরা দেবেন কারণ পারাদ্বীপের বেলায় তাঁরা দিয়েছেন কাজেই আমি আবার পুনরাবৃত্তি করছি যে আপনারা এই প্রস্তাব সমর্থন করুন। যদিও নীতিগতভাবে আপনারা তা করেছেনও। পশ্চিমবঙ্গ সরকারের উপর দায়িত্ব কেন্দ্রীয় সরকার কেন দেবেন না সেটা বুঝে উঠতে পারছি না কারণ উড়িষ্যা সরকারের হাতে তো পারাদ্বীপের দায়িত্ব তাঁরা দিয়েছেন তবে পশ্চিমবঙ্গের হাতেই বা ফরাক্কার ভার দেবেন না কেন? তাই আমি বলছি, আসুন আমরা সকলে মিলে এক হয়ে এই প্রস্তাব গ্রহণ করি এবং পশ্চিমবঙ্গ সরকারের হাতে এ দায়িত্ব দিই।

Shri Upendranath Barman:

মাননীয় অধ্যক্ষ মহোদয় ফরাক্কা বাঁধ নিয়ে যে আলোচনা হয়েছে এই সভায় তাতে বিরোধী পক্ষ এবং আমাদের পক্ষে মহীতোষবাবুও কেন্দ্রীয় সরকারের উপর দোষারোপ করেছেন। একটা কথা আছে ওয়ান্স বিটার টোয়াইস সাই এটা যে একেবারে অবিশ্বাস্য বা অমূলক তা নয় এই ফরাক্কা বাঁধের কথা ও তার আবশ্যকতা সম্বন্ধে স্যার উইলিয়াম ওয়েলন্স থেকে আরম্ভ করে অনেক ইরিগেসন বিশারদই বলে গেছেন এটা হওয়া দরকার এবং এটা না হলে কলকাতা বাঁচবে না, এসব কথা অনেক দিন আগেই এই সব বিশারদরা বলেছেন। কিন্তু তা সত্বেও বৎসরের পর বৎসর চলে গেল তবু এটা হয় নি। স্বভাবতই বাঙ্গালী মনে করছেন কেন্দ্রীয় সরকারের বিমাতৃসুলভ মনোভাবের জন্য হচ্ছে না। এটা যদি একটু বিশ্লেষণ করে দেখা যায় তাহলে আমাদের চিন্তা করতে হবে প্রি ইনডিপেনডেন্স পিরিয়ড-এর কথা ও তার পরের পিরিয়ড-এর কথা যা হল ইনডিপেনডেন্স এর পর। পূর্বে যে সমস্ত গবেষণা হয়েছিল সেগুলি ব্রিটিশ পিরিয়ডএ হয়েছিল। ব্রিটিশরা ততটা এতে ইমপরটেন্স দেন নি

এবং সে দিন এ প্রবলেম এত গুরুতরও হয়নি। কিন্তু দেশ স্বাধীন হবার পরে এই জিনিষের পরিপ্রেক্ষিতে এটার সমস্ত পরিবর্তন হয়ে গেছে। তাহলে, এখন প্রশ্ন উঠতে পারে যে, ইনডিপেনডেন্স হয়েছে তো ১৯৪৭এ তাহলে এ কাজ করতে এত দেরী হল কেন?

[5-55—6-5 p.m.]

এ সম্বন্ধে—মাননীয় অধ্যক্ষ মহোদয় আমি সংক্ষেপে একটা বিষয় আভাষ দিতে চাই। আমি নিজেও স্বাধীনতার পর হতেই দিল্লীতে মেম্বার ছিলাম কনসটিটিউণ্ট এ্যাসেম্বলীর এবং পরবর্তী লোকসভার। এই ফরাককা বাঁধ নিয়ে আমি দিনের পর দিন আমাদের মিনিস্টারের সঙ্গে কথা বলেছি—যাতে তাড়াতাড়ি ফরাক্কা বাঁধ হতে পারে। আমি আপনার মাধ্যমে সভার অবগতির জন্য এটা আজকে বলতে পারি যে যখন শ্রীনন্দের হাতে এই চার্জ ছিল, তখনও আমি তাঁকে প্রেস করেছিলাম। তিনি তখন দুটো কারণ বলেছিলেন—একটা বলেছেন বার্সিলোনা প্যাক্ট—এই বার্সিলোনা প্যাক্টটা হচ্ছে এই যে সমস্ত রিভারস—ইনটারন্যাশনাল রিভার তাতে যদি কোন নেশান আপত্তি করে তাহলে অন্য নেশান তাদের ইচ্ছামত সেই বাঁধ দিতে পারে না—যতক্ষণ সেই বার্সিলোনা প্যাকট ছিল, ততক্ষণ আমরা জানি—এই প্রস্তাব উত্থাপন হওয়ামাত্র পাকিস্তান আপত্তি করবে এবং সেই আপত্তি ইনটারন্যাশনাল চুক্তি অনুযায়ী গ্রাহ্য হবে। এই বার্সিলোনা প্যাক্ট যখন অস্ত হয়ে গেল, তারপরে আমাদের ক্যানাল ওয়াটার্স নিয়ে পাকিস্তানের সঙ্গে তখন দ্বন্দ্ব চলছে।

সেই অবস্থায় এটা কোন গোপনীয় তথ্য নয়—যা প্রচার করা যেতে পারে না। আমাদের নন্দজী তখন বলেছিলেন যে আমাদের এই ঘটনাটা আগে নিঃশেষ হয়ে যাক,—পাকিস্তানের সঙ্গে চুক্তি চড়ান্ত হয়ে যাক তারপর আমরা ফরাক্কা বাধ নিয়ে কাজ আরম্ভ করবো। সুতরাং তাতেও কিছুদিন গেছে। এটা স্বাভাবিক বাংলাদেশের পক্ষে এই যে দিনের পর দিন বছরের পর বছর চলে যাচ্ছে, অথচ ফরাক্কা সম্বন্ধে কেন্দ্রীয় গভর্নমেন্ট কোন কথা বলছেন না—তাতে সন্দেহ হওয়া স্বাভাবিক এবং আমি মনে করি যদিও বাংলাদেশ একটা বিরুদ্ধ সমালোচনা ফরাক্কা নিয়ে কেন্দ্রীয় সরকারের বিরুদ্ধে সেটা অতীতের এই সমস্ত কার্যকারিতার ফল। একটা কথা বলা হয়েছে যে বাংলাদেশের মধ্যে ফরাক্কা বাঁধ নিতান্ত আবশ্যক, তা নাহলে বাংলাদেশ বাঁচবে না। আমি জিজ্ঞাসা করি মাননীয় অধ্যক্ষ মহোদয় আজকে বাংলা বাঁচবে না মানে কি? কলকাতা বাঁচবে না। কলকাতার পানীয় জল পর্যন্ত লোনা হয়ে গেছে। কলকাতা সহর যদি পানীয় জল না পায়, এই সহর ধ্বংস হয়ে যাবে। শুধু কি বাংলাদেশ ধ্বংস হবে না, বাংলাদেশ কেন, ভারতবর্ষের মধ্যে সর্বশ্রেষ্ঠ পোর্ট হলো যেটা, কোটি কোটি টাকা খরচে বছরের পর বছর ধরে এই যে বিরাট পোর্ট আজ গড়ে উঠেছে। যদি এই বাংলার কলকাতা পোর্ট ধ্বংস হয়ে যায় তাহলে দশটা বা বিশটা পারাদ্বীপ পোর্ট বা বিশটা অন্য কোন পোট তার সমস্যার সমাধান করতে পারবে না।

আমি একটা কথা বলছি—এটা বাংলার সমস্যার সাথে সাথে বলছি এটা পূর্ব ভারতের সমস্যা। যদি পূর্ব ভারতের সমস্যা হয়, যদি এটা আসামের সমস্যা হয়, বিহারের সমস্যা হয়? যদি পূর্বের যুক্ত প্রদেশের সমস্যা হয়, তাহলে কি এটা একমাত্র বাংলার সমস্যা হলো? আমি তো বলতে চাই এটা পূর্ব ভারতীয় সমস্যা। আজকে ভারতীয় সমস্যা শুধু পোর্ট নিয়ে নয়, এটাও আমরা জানি রেলের যে ইঞ্জিন সেই ইঞ্জিন পর্যন্ত লোনা গঙ্গাজল নিয়ে তার লাইফ নষ্ট হয়ে যাচ্ছে। যেটা কেন্দ্রের ক্ষতি, বাংলারও ক্ষতি। নিশ্চয়ই কেন্দ্র বাংলা ছাড়া নয়। আজ শুধু কেন্দ্রকে যদি আমরা বিমাতৃসুলভ মনোভাবের জন্য দায়ী করি, তাহলে সেটা ঠিক হবে না। কেন্দ্র কি বাংলাদেশের নয়? যেখানে বাংলাদেশের প্রতিনিধি নাই? সুতরাং বিমাতৃসুলভ মনোভাব এই আখ্যানটা সম্বন্ধে আমি আপত্তি করি। কেন আমরা নিজেদের জিনিষটা কিসের জন্য অস্বীকার করবো?

এখন অনেক কথা আলোচিত হয়েছে, পাকিস্তানের কথাও আলোচিত হয়েছে। আমার অবগতি মতে আমাদের কেন্দ্রীয় সেচমন্ত্রী একের পর এক বলেছেন ফরাক্কা বাঁধ করতে হবে, কারণ ফরাক্কা যদি না করা যায়, তাহলে আমাদের কলকাতা পোর্ট টিকবে না।

কাজটা হতে একটু দেরি হয়েছে নিশ্চয়, কিন্তু আরম্ভ করার যে সংকল্প গৃহীত হয়েছে— তার কাজ আরম্ভ হয়ে গিয়েছে—এ পর্যন্ত আমাদের অবিশ্বাস করার কোন কারণ নাই। এর পরে আমাদের অন্তত চোখে পড়ে নি যে পাকিস্তান ইণ্টারন্যাশনাল রাইট দাবী করে গঙ্গার জল নিতে কোনও আপত্তি করেছে? এ রকম প্রশ্ন কি তাঁরা উথাপন করেছেন? সুতরাং পাকিস্তান সম্বন্ধে অন্যমত প্রকাশ করে লাভ কি? পাকিস্তান আমাদের পড়শী রাষ্ট্র—তারা ফরাক্কা ব্যারেজ নিয়ে আমাদের নিকট কোন আপত্তি উথাপন করে নি। অতএব আমাদের দোষারোপ করার কোনও হেতু নাই। বলা হয়েছে যে কেন্দ্রদ্বারা কাজ হলে অনেক দেরীতে হবে। তার চেয়ে বাংলা সরকার যদি গ্রহণ করেন তাহলে তাড়াতাড়ি হবে। আমি খুব খুশী যে বাংলা দেশের উপর আমার বন্ধুদের অগাধ বিশ্বাস। কিন্তু এটাতো ঠিক যে আজকে ফরাক্কা ব্যারেজ হচ্ছে, তার কণ্ট্রোল বোর্ড হয়েছে যার ভিতর আমাদের বাংলার মিনিস্টার রয়েছেন—চেয়ারম্যান; বাঙ্গালী ইঞ্জিনিয়ার এর উপর সুপারভিশনের কাজ; আমার বিশ্বাস মতে এটা পূর্বে ৬৮ কোটি টাকার কাজ ছিল; এখন ইনফ্লেসনের জন্য সেটা হয়েছে ১০১ কোটি টাকা। কেন্দ্রীয় গভর্নমেণ্ট ১০১ কোটি টাকা খরচ করতে যাচ্ছেন আমার বন্ধু স্যান্যাল বলেছেন যে আমরা কেন কেন্দ্রের কাছে টাকা নিতে যাবো। নিজেরাও টাকা উঠাতে পারি। কিন্তু আমার মনে হয় যে আমাদের যদি তা করতে যেতে হয় তাহলেও কেন্দ্রের অনুমতি লাগবে। সুতরাং কেন্দ্রের কাছে টিকি আমাদের বাঁধা আছেই। (Shri Sasanka Sekhar Sanyal: টিকিই নাই—মাথায় টাক পড়ে গেছে তো) আজকে এটা স্বীকার করেন এবং মহীতোষবাবু বলেছেন এই সভায়—কিন্তু দেখুন আমাদের কাজ করতে গেলে আমাদের ফরেন এক্সচেঞ্জ দরকার হবে তাহলে কেন্দ্র ছাড়া উপায় নাই। তাহলে কেন্দ্রকে অবিশ্বাস করে নিজেদের ইঞ্জিনীয়ারের উপর আমাদের কেন্দ্রের ইঞ্জিনিয়ারদের উপরে থেকে নিয়ে সমস্ত ভার দিলেও টাকা নিতে হবে কেন্দ্রের কাছ থেকে। সুতরাং এই যে প্রস্তাব এটা এক্ষেত্রে অবাস্তব এর কোন মূল্য হতে পারে কি? আমি বিশ্বাস করি এর কার্যকারিতা আরও বাড়বে সেদিন মন্ত্রীমহাশয় যেকথা বললেন ফরাক্কার কাজ যেভাবে হচ্ছে তাতে বা আশা করি ১৯৬৮ সালের মধ্যেই আমরা এটার সমর্থ হবে। (Shri Sasanka Sekhar Sanyal: তখন আপনি আমি কবরে চলে যাবো)। ইতিপূর্বে কোন ইঞ্জিনীয়ারই বলেন নাই ৮৮ সালের নীচে এটা হতে পারে। এইটা আজ গৌরবের কথা যে এটা এমন জিনিষ নয় যে মেসিনে চালিয়ে দিলাম—অন্য দিক দিয়ে তৈরী জিনিষ বেরুলো। অটোমেটিক্যালি হবে যাবে এর জন্য বিচার বিবেচনা করতে হবে না। ইঞ্জিনীয়ারিং স্কুল করতে হবে না? যদি আমাদের এক্সপার্টরা বলে থাকে এ কাজ ১৯৬৮।৬৯ সালের সমাধা করবো—আমরা ধন্যবাদ জানাবো। তাদের হাত থেকে ছিনিয়ে নিয়ে

to change horse in the midstream

এই রকম আমরা করবো না আমার মনে হয় আমার বন্ধু পূর্বের সেই মনোভাব বদলে বর্তমান কেন্দ্রীয় সরকারের উপর আস্থা রেখে এই রেজলিউসনটা প্রত্যাহার করবেন।

[6-5—6-15 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় সভাপতি মহাশয়, আজকে আমাদের এদিকের সদস্য যতীনবাবু যে অতি গুরুত্বপূর্ণ প্রস্তাব এনেছেন তা নিয়ে আমরা অনেকক্ষণ ধরে আলোচনা করেছি। আমি আমার বক্তব্য ২।১ কথার ভেতর দিয়ে আপনার মাধ্যমে এই পরিষদের সামনে উপস্থিত করছি এবং পশ্চিমবাংলা রাজ্য সরকারের দৃষ্টি এদিকে আকর্ষণ করছি। অবশ্য এখানে একটু আগে ২ রকমের বক্তব্য ওদিকে থেকে আমরা শুনলাম—মহীতোষবাবুর বক্তব্য এবং উপেন বাবুর বক্তব্য। এই দুই

বক্তব্যের মধ্যে সুরের তফাৎও লক্ষ করলাম। মহীতোষবাবু ১৫ আনায় রাজী আছেন, এক আনায় খটকা আছে। অবশ্য উপেনবাবু তিনি সম্পূর্ণভাবে কেন্দ্রীয় সরকারের নেতৃত্বে ও তত্ত্বাবধানে আস্থা প্রকাশ করে এই আশা প্রকাশ করেছেন যে ১৯৬৯ সালের মধ্যে এই কাজ সম্পূর্ণ হবে। আমি জানি না এটা তাঁর সত্যি সত্যি দৃঢ় আশা ও আস্থা কিনা। কিন্তু এ বিষয়ে আমার কেন বাংলাদেশের অসংখ্য মানুষ, বিরোধী দল, নির্দলীয় সকলেরই খটকা আছে এই কারণে যে গতিতে ফরাক্কা ব্যারাজের নির্মাণের কাজ চলেছে তাতে এটা শেষ হবে কিনা। এই গতি যদি বজায় থাকে তাহলে ১৯৬৯ সাল কেন ১৯৭৯-৮৯ সালের মধ্যেও এই কাজ সম্পূর্ণ হবে না। আজ আমরা সকলেই এ বিষয়ে একমত যে ফরাক্কা ব্যারাজ আমাদের নির্মাণ করতে হবে পশ্চিমবঙ্গের স্বার্থে এবং ভারতবর্ষের অর্থনৈতিক অগ্রগতির স্বার্থে। কাজেই আমরা সকলে দলমত নির্বিশেষে সকলে ঐক্যবদ্ধ হয়ে এই একটা বিষয়ের উপর কেন্দ্রীয় সরকারের উপর চাপ সৃষ্টি করতে পারি যেটা নিশ্চয় করা উচিত—যাতে এই কাজ ত্বরান্বিত হয়। বাংলা দেশের বহু সরকারও বেসরকারী নদীনালা সম্বন্ধে বিশেষজ্ঞ ইঞ্জিনীয়াররা এ বিষয়ে বহু আলোচনা করেছেন। এ বিষয়ে বহু মূল্যবান প্রবন্ধ ও পুস্তকাদি রচিত হয়েছে। সেখানে ফরাক্কা ব্যারেজ না হলে যে কোলকাতা বন্দর বা শহরকে বাঁচাবার প্রয়োজনীয়তা আছে তা নয়, এর দ্বারা কৃষি ব্যবস্থা বাঁচবে। একথা কিন্তু এখানে আলোচিত হয়নি বলে আমি এদিকে দৃষ্টি আকর্ষণ করছি। ফরাক্কা ব্যারাজের উপর নির্ভর করবে পশ্চিমবাংলার কৃষি ব্যবস্থার অগ্রগতি। একথা অনস্বীকার্য যে দেশ স্বাধীন হবার পর এবং এমন কি জমিদারী বিলোপ হবার পর আমাদের পার একর যে ইয়েল্ড সেই ইয়েল্ড এখনও পর্যন্ত বাড়েনি। এখনও পর্যন্ত আমাদের খাদ্যের জন্য পি. এল. ৪৮০—অর্থাৎ আমেরিকার দিকে তাকিয়ে থাকতে হয়। আমেরিকা যদি গম না পাঠায় আমাদের খাদ্য সমস্যার সমাধান হবে না। আজ আমি আপনার মাধ্যমে একটা খুব বিপদের কথা বলছি। যতীনবাবু বলেছেন যে দুর্গাপুর, রুরকেল্লা, ভিলাই, জামসেদপুরকে যদি বাঁচাতে হয় কোলকাতাকে বাঁচাতে হবে। আমার আশঙ্কা হচ্ছে যে মারাত্মক উক্তি ভারতের প্রধানমন্ত্রী করেছেন তার প্রতি। তিনি বলেছেন চতুর্থ হেভী ইনডাস্ট্রিসকে একেবারে ছাঁটাই করে দিয়ে সেখানে ছোট ইনডাস্ট্রিস-এর উপর জোর দিতে হবে। কাজেই হেভী ইনডাস্ট্রির বিপদ আসছে। কোথা থেকে কলকাঠি নড়ছে তা জানি না, কিন্তু বিগত বিপদ গুরুতর। অর্থাৎ এই গুরুতর বিপদের ইঙ্গিত ভারতের নূতন প্রধানমন্ত্রী পরিকল্পনা কমিশনের সামনে তাঁর বক্তৃতা উপস্থিত করতে গিয়ে করেনি। আমেরিকা ও অন্যান্য সাম্রাজ্যবাদী দেশগুলির দিকে না তাকিয়ে ভারত ভারী শিল্পের দিক দিয়ে নিজের পায়ে দাঁড়াতে পারত, স্বাবলম্বী হতে পারত তো আর হবে না। কিন্তু শিল্পের দিক দিয়ে বিপদ আজ আসছে তা নয়, কৃষির অবস্থাও ততোধিক শোচনীয়। আজ তাই দেখছি স্বাধীনতা লাভের ১৭ বছর পরেও খাদ্যের দিক থেকে আমাদের দেশ এক অতল গহ্বরের দিকে চলেছে।

আজকে যে খাদ্য সঙ্কট দেখা দিয়েছে এরূপ খাদ্য সঙ্কট ১৯৫০ সালের পরে আর হয় নি, এত শোচনীয় অবস্থা আর কখনও হয়নি। স্যার আজকে এই ফরাককার উপর কৃষির উন্নতিও নির্ভর করছে। আমার বক্তব্য হচ্ছে আজকে বাংলা দেশের নদনদী, খাল বিল ইত্যাদি সব মজে গেছে এই ফরাককা বাঁধের অভাবে। একথা কে না জানে যে আজকে বাংলা দেশের লাইফ লাইন যে ভাগীরথী সে ভাগীরথী যদি নাব্য না থাকে সে যদি সারা বৎসর প্রবাহমানা না হয় তাহলে বাংলা দেশের যে অসংখ্য খাল বিল নদীনালা তা বন্ধ হয়ে যেতে আরম্ভ করবে। এগুলি সমস্তই নির্ভর করছে ভাগীরথীরই উপরে। কাজেই সে ভাগীরথী যদি শুকিয়ে যায় তাহলে বাংলা দেশের যে ইরিগেশান সিসটেম জমির যে সেচ কার্য্য তা বন্ধ হয়ে যাবে ও শস্য নষ্ট হয়ে যাবে। স্যার, আমি বেশী সময় নেব না কারণ অনেকেই ফারাক্কা ব্যারেজের গুরুত্বের কথা বলেছেন। আমার বক্তব্য হচ্ছে শুধু শিল্পই নয় কৃষিকে বাঁচাতে হলেও ফারাক্কা ব্যারেজ অপরিহার্য্য। এই প্রসঙ্গে আমি তাঁদের দৃষ্টি আকর্ষণ করে বলতে চাই যে আপনারা যখন ফরাক্কা ব্যারেজ-এর কথা চিন্তা করছেন তখন ফরাক্কা ব্যারেজের কাজ যাতে দ্রুত এগিয়ে নিয়ে যাওয়া যায় সে দিকেই সরকারের দৃষ্টি আকর্ষণ করছি। আজকে ভাগীরথীর গর্ভে পলি জমে রিভার বেড নদীগর্ভের উচ্চতা বেড়েছে ফলে সে আর জল ধরতে পাচ্ছে না আজকে যদি ভাগীরথীর খনন কার্য্য আরম্ভ না করি তাহলে সে আর জল ধরতে পারবে না। সুতরাং যথেষ্ট গুরুত্ব দিয়ে সে কাজ আরম্ভ করা উচিত। আজকে ড্রেজিন ওয়ার্ক

সাইমালটেনিয়াসলি করার উপর যদি গুরুত্ব না দিই এবং ভাগীরথীতে ড্রেজিন না করি তাহলে ভাগীরথীর গর্ভ বুঁজে যাবে তার উচ্চতা অসম্ভব হয়ে পড়বে। তার নাব্যতাকে বজায় রাখতে হলে খনন কার্য্য সাইমালটেনিয়াসলি গ্রহণ করতে হবে। কাজেই এদিকে আপনাদের দৃষ্টি আকর্ষণ করতে চাই। কিন্তু যদি ভাগীরথীতে খননের কার্য্য না চালান, নদী গর্ভের সংস্কার না করেন তাহলে এক প্রলয়ঙ্কারী বন্যা এবং তার আনুসাঙ্গিক যে সমস্ত কফল তা দেখা দেবে। যার ফল নাকি মারাত্মক হতে পারে। কাজেই সেদিকে সকলের দৃষ্টি আকর্ষণ করে, আমি এই প্রস্তাব সমর্থন করে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nirmal Chandra Bhattacharyya: Mr. Chairman, Sir, Mr. Chakravorty has moved his resolution with an eloquent speech which appears to have deluded some of my friends on the other side. In fact, an unwary would naturally be carried off his feet by his great eloquence, but today possibly it is an exception—today his eloquence had the better of his judgment and he forgot to consider some of the difficulties that stood in the way of the execution of the Farrakka Barrage plan. In the first place, he has forgotten that there is shortage of foreign exchange, and shortage of foreign exchange in time of developmental economy is fraught with grave consequences. Therefore, the Government of India have had to think twice before releasing foreign exchange. In the next place, he has completely forgotten that Chinese invasion has intervened and brought about a material change in the objective situation. The money that might have been spent by way of foreign exchange for the purpose of developing Farrakka and other development schemes had to be diverted to defence and, for this reason, some of the plans like Farrakka were delayed. In the third place, he has forgotten to consider that during the last ten years we have been suffering from shortage of food,

[6-15—6-25 p.m.]

and foot to the tune of five million tons has had to be imported almost every year during the last decade. Sir, he has also forgotten to consider that the project has had to be altered and consideably added to, and, in fact, the project has been more acceptable now to the people of India particularly to the people of West Bengal, and the delay is, to some extent, due to this alteration of the project. I have no doubt that Mr. Chakravorty will feel happy if he is told that the project today is a much richer one and of a more diversified character than that with which the Government of India started. Sir, after having considered the difficulties in the way—I will mention the reasons why I stand to oppose the resolution of Mr. Chakravorty—he does not appear to have considered fully the financial difficulties that would stand in the way of the Government of West Bengal. Possibly, he will remember that the Government of West Bengal has to depend upon the Government of India to the extent of 30 per cent — 29.4 per cent. to the exact—of their revenue. Out of State revenues we can incur 70.6 per cent., the rest 29.4 per cent is contributed by the Government of India. This being our economic situation, how can we, the people of West Bengal, carry forward a scheme—an existing scheme like the Farrakka Scheme? Sir, this Farrakka Scheme will cost Rs. 110.85 crores and in view of rising proes. I have no doubt that a little more may be needed. In view of this, it will be too much of a financal burden on the part of the Government of West Bengal to undertake this scheme. Financially, therefore, this is not acceptable. Sir, my friend, Mr. Sanyal, has mentioned his old scheme of floating a Farrakka Debenture. Sir, it is easy to flost debentures provided that the Government of India agree to it, but whenever you float a debenture, you must make arrangement for paying

back the interest as also the capital. Mere Farrakka will not enable you to pay for even the interest that will be needed. Therefore, it would be madness on the part of the Government of West Bengal to float the debenture for the purpose of financing it.

Shri Sasanka Sekhar Sanyal: Don't you think that the dividend that will accrue from the developed industries will be good enough—more than the interest?

Shri Nirmal Chandra Bhattacharyya: You cannot charge every industry in West Bengal for it. Some industry will grow up. Possibly the development will take place after about fifty years. What are you going to do during this interim period? So these difficulties are there.

There is, in the next place, the international problem. It is an international problem. Anybody who happens to be a student of International Law to which reference has been made by my distinguished friend, Upendranath Barman, knows that international rivers like the Danube or the Rhine are difficult problems to deal with. We have got to consult the opinion of Pakistan. We consulted Pakistan in the past. We may have to consult Pakistan in the future also. Therefore, it is desirable that the whole scheme should be in the hands of the Government of India. Sir, my friend, Mr. Barman, has referred to changing horses in midstream. That would be height of folly. What my friends opposite have advised is really nothing but to change the horses in midstream. That would be extremely dangerous.

Shri Sasanka Sekhar Sanyal: What about changing mules in the midstream?

Shri Nirmal Chandra Bhattacharyya: There are mules on both sides perhaps.

Shri Sasanka Sekhar Sanyal: So, that is an admission.

Shri Nirmal Chandra Bhattacharyya: I say so courteously. Sir, on his ground I am opposed to the resolution that has been moved by Shri Chakravorty.

Sir, I will take just a few minutes to consider some of the arguments of Shri Chakravorty. He has referred to some distinguished members of the Parliament who were anxious to get it through. Sir, it is my satisfying that those members of the Parliament do not say anything—it is Shri Chakravorty who is in favour of transferring the responsibility of construction from the Government of India to the Government of West Bengal. It is he who says so. Where are those members? Where is his leader Shri Tridiv Choudhuri? Even he does not say so but Shri Chakravorty comes forward, stands on the floor of the legislature, and says that transference is necessary.

Sir, he has advanced another argument that the Chief Engineer has to depend on the Construction Board and this he supposes to be a damaging one. All over the world where big construction takes place there do exist Construction Boards and these Boards have a direct operation and the Chief Engineer has to take orders of the Construction Board; he is also a member of the Board. So, it is very strange that this argument could have been advanced very seriously by Shri Chakravorty.

Sir, he has also complained that no expenditure is permitted to be undergone except with the consent of the Central Finance. But that is the rule all over the world—there must be financial control. Here also the Finance Department does control large expenditures and even with regard to grant that are made by the legislature it is the duty of the Finance Minister to see to it that the expenditure is undertaken within proper limit. Sir, he has spoken about want of sympathy and in the same breath also he has said that the Minister-in-charge, Shri K. L. Rao, is very sympathetic. Where is the question of want of sympathy then? Sir, the other side has expressed its great confidence in the Government of West Bengal. But in season and out of season they say that Government is not in a position to deliver the goods.

Shri Sasanka Sekhar Sanyal: In this matter we shall stand behind the Government. We did not say that we stand behind the Government in all matters.

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, if they had confidence about the efficiency of the Government they would not have proposed transference of responsibilities of this great construction from the Government of India to the Government of West Bengal.

Sir, there is one word more. A most absurd proposal has been made by my friend Shri Sanyal. He says that the best body for the supervision of the project would be a joint committee of the legislature composed of 11 members. Sir, think of 11 members of the legislature supervising a very difficult and highly technical construction! Nothing more absurd can be conceived of.

With these words, Sir, I oppose both the resolution and the amendment and I hope that better sense will prevail and the resolution and the amendment will be withdrawn.

Shri Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহোদয় অনেক সময় অতিক্রান্ত হয়েছে এবং অনেকক্ষণ ধরে এই আলোচনা হয়েছে। কংগ্রেস পক্ষের আমাদের শ্রদ্ধেয় বন্ধু উপেন্দ্রবাবু এবং অধ্যাপক নির্মল ভট্টাচার্য মহাশয়ের ভাষণের পর আমার জবাব দেওয়া খুব সহজ হয়ে গেছে। এই বিতর্ক শুনতে শুনতে দেখতে পেলাম বিরোধী পক্ষের মাননীয় বন্ধুদের বক্তৃতা তিন ভাগে ভাগ করা যায়—প্রথম ভাগ হচ্ছে ফরাক্কা অনতিবিলম্বে হওয়া প্রয়োজন—তো এ বিষয়ে কারুর সঙ্গে কারুর মতভেদ নেই সেখানে সরকার এবং বিরোধী পক্ষের মধ্যে কোন মতভেদ নেই। এমন কি বিধান মণ্ডলীতে এ প্রস্তাব নেওয়া হয়েছে এবং এ বিষয়ে কোন মতভেদও হয়নি। আমি সরকার পক্ষ থেকে জানাতে পারি এই কাজ ত্বরান্বিত করার জন্য পশ্চিমবাংলা থেকে কেন্দ্রে যতটুকু জোর দেওয়া উচিত—যে ভাবে রাখা উচিত—বরাবরই সেই অবস্থা হয়ে আসছে।

[6-25—6-35 p.m.]

দ্বিতীয় ভাগে তাঁরা বলেছেন এই কার্য্যের ভার কেন্দ্রীয় সরকারের হাত থেকে নিয়ে পশ্চিমবাংলা সরকারের হাতে দেওয়া হোক এবং এই প্রসঙ্গে তাঁরা কেন্দ্রীয় সরকারের নিন্দা করেছেন এবং বিলম্বিত হবার জন্য দোষারোপ করেছেন। শ্রদ্ধেয় উপেনবাবু তাঁর বক্তৃতায় এই কাজ হতে কেন দেরী হচ্ছে সে সম্বন্ধে তিনি বিস্তারিত ভাবে বলেছেন। বর্তমানে এই কাজটা দেরীতে হচ্ছে একথা আমরা স্বীকার করি না এবং বর্তমান অবস্থায় এই কাজ যথা সম্ভব তাড়াতাড়ি করা হচ্ছে। মাননীয় যতীনবাবু কেন্দ্রীয় সেচমন্ত্রীর এই কাজের জন্য বিশেষ ইচ্ছা কর্মদক্ষতার তিনি বিশেষ প্রশংসা করেছেন। সুতরাং আজকে বিলম্বিত হবার কোন

কারণ নেই যখন একজন দক্ষ ও সহানুভূতিসম্পন্ন মন্ত্রীর এই ভার আছে। অতএব এই ভার কেড়ে নেবার কি কারণ আছে সেকথা আমি বুঝতে পারছি না। আর দ্বিতীয় কথা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের প্রতি তাঁরা যে আস্থা প্রকাশ করেছেন তারজন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি। যতীনবাবু তাঁর প্রস্তাবে অবস্থা প্রকাশ করেছেন এবং শশাঙ্কবাবুও তাঁর সংশোধনীতে তাই করেছেন। আয়কর দুর্নীতি পরায়ণ বিভাগ এ অভিযোগ তাঁরা করে থাকেন। কিন্তু তা সত্ত্বেও একথা মেনে নিয়েছেন যে পশ্চিমবঙ্গ সরকারের হাতে এনে ঘোর দুর্নীতির ভয় থাকবে না। শশাঙ্কবাবুর মত ধীশক্তি সম্পন্ন ব্যবহারজীবী নিশ্চয় জানেন তাঁর দক্ষতা ও শক্তি কত আছে, নিজের শক্তির পরিমাপ তাঁর জানা আছে। এই যে আস্থা তাঁরা প্রকাশ করেছেন তারজন্য বাস্তবিক তাঁদের আন্তরিক ধন্যবাদ দিচ্ছি। তাঁরা বলেছেন এই যে বিলম্ব হচ্ছে কিন্তু এটা আদৌ হবে কিনা তা ঠিক নেই। আমার মনে হয় এই রকম নিরাশাবাদী মন থাকা উচিত নয়। আজ একথা মনে করবার কোন কারণ নেই। প্রথম কথা হচ্ছে ব্যারাজে কি করতে হবে? আজ যে অর্থ ব্যয় হবে, যেটা রিভাইজড এস্টিমেট হচ্ছে, তাতে দেখতে পাচ্ছি টাঃ ১১০.৮৫ ক্রোরস এই টাকা সংগ্রহ করা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে সম্ভব নয়। আমাদের পশ্চিমবঙ্গ সরকারের যে আর্থিক সঙ্গতি সেকথা বিরোধী দলের সদস্যরা জানেন। আজ আমাদের শিক্ষা খাতে টাকা কাটবার কথা চিন্তা করতে হচ্ছে—যদিও এখন কাটিনি (শ্রীনির্মল বসু—এই আশঙ্কা কি আছে?) আশঙ্কা বর্তমানে নেই। (শ্রীনির্মল বসু—অন্য খাতে নয় শুধু শিক্ষা খাতে হবে?) এমন কথা আমি বলিনি। আমার মুখে নির্মলবাবু একথা পুরে দেবার চেষ্টা করছেন এটা ঠিক নয়। (এ ভয়েস—আপনি বলে কি খুব বিচলিত বোধ করছেন?) মোটেই নয়। আমি বলেছি বাজেট বরাদ্দের অতিরিক্ত কিছু আমরা দিতে পারছি না। সুতরাং এই জায়গায় আমরা ১১০ কোটি টাকার দায়িত্ব গ্রহণ করব, এটা খুব বাস্তবধর্মী নয়। বস্তুত যতীনবাবু খুব বাস্তবধর্মী লোক—যেখানে তিনি বাস্তব থেকে বিচ্যুৎ হন সেটা তাঁর ইচ্ছাকৃত। কিন্তু আজ তাঁর এই ইচ্ছা হল কেন বুঝতে পারছি না। এছাড়া কি করতে হবে

The barrage will consist of 108 gated openings, each of 60 feet span, having 7,500 ft. distance between the statements এবং feeder canal, head and tail regulators—regulator type barrage across the Bhagirathi at Jangibar just upstream of the outfall of the feeder canal.

অর্থাৎ প্রচুর কাজ এবং দুরূহ কাজ। এরজন্য ফরেন এক্সচেঞ্জ এর দরকার হবে। কেন্দ্রীয় সরকারের লোকবল, অর্থবল এবং সমস্ত রাজ্য থেকে প্রয়োজন হলে সাহায্য নেওয়ার যে শক্তি আছে পশ্চিমবঙ্গ সরকারের হাতে এলে তা থাকবে না।

সুতরাং সর্ব দিক দিয়ে এটা একটা মস্ত বড় কাজ এবং অর্থের প্রয়োজনও অনেক। এ অবস্থায় কেন্দ্রীয় সরকার ছাড়া এ কাজ হতে পারে না। যদি আমরা সত্যই চাই যে এ কাজ তাড়াতাড়ি উঠুক তাহলে কেন্দ্রীয় সরকার ছাড়া হওয়া সম্ভব নয়। তবে একথা ঠিক যে আমাদের জোর দিতে হবে যাতে নাকি কাজ তাড়াতাড়ি হয়। ফরাক্কা কণ্ট্রোল বোর্ড তৈরী হয়েছে এটা আপনারা সকলেই জানেন। এই কনস্ট্রাকসান এর ভার আছে। এই সেণ্ট্রাল বোর্ড এর উপরেই তাতে আমাদের সেচ মন্ত্রী আছেন এবং বিভাগীয় সচিব আছেন সদস্য হিসাবে। কণ্ট্রোল বোর্ডএ সরকারের কাজে কিছু কিছু বটলনেক হয় এবং তা সর্বত্রই হয়। কেন্দ্রীয় সরকারের এই পরিকল্পনায় কিছু কিছু বটল নেক হয়নি তা নয়। কিন্তু আমাদের এই ফরাক্কা কণ্ট্রোল বোর্ড সেই বটল নেক দূরীভূত করবার জন্য প্রচেষ্টা চালাচ্ছেন এবং তাঁরা অনেকাংশে সমর্থও হয়েছেন। এটাকে দূরীভূত করতে। যার ফলে আমরা আশা করছি যে এটা যে সময় শেষ হবার কথা তার চেয়েও সর্টার পিরিয়ডএ তারা এটা করতে পারবেন। অর্থাৎ ১৯৬৮-৬৯ সালে এটা শেষ হবে বলে তারা আশা পোষণ করছেন এবং সেই মত তারা প্রোগ্রামও এগিয়ে এনেছেন। অতএব এই সব বিষয় বিবেচনা করে আজকে ভারত সরকারের হাতেই এটা রাখা উচিত এবং সঙ্গত। আর শশাঙ্কবাবু এর জন্য টাকা রাখা উচিত এবং সঙ্গত আর শশাঙ্কবাবু এর জন্য টাকা তোলার বিষয় যে সমস্ত কথা বলেছেন যে কি ভাবে তিনি টাকা তুলবেন ওঁর সেই কথার উত্তর নির্মলবাবু দিয়েছেন, সেই কারণে আমি আর ও প্রসঙ্গে গেলাম না। আর তা ছাড়া আজকে ফরাক্কা ব্যারেজ-এর প্রয়োজনীয়তার সম্বন্ধে কোনো দ্বিমত হবার কথাও নেই কারণও নেই। তারা কেন যে

পারাদ্বীপের ভয়—এই ভূতের], ভয় পাচ্ছেন তা বুঝতে পাচ্ছি না। পারাদ্বীপ কখনও কোনো অবস্থাতেই কলকাতার স্থান গ্রহণ করতে পারে না এবং পারবেও না। তাছাড়া একথা কেউ বিশ্বাস করে না আর চিন্তাও করে না। সুতরাং কলকাতাকে রাখতেই হবে। কলকতাকে বিসর্জন দিয়ে বা তার পরিবর্তে পারাদ্বীপ হওয়া সম্ভব নয়। আর এ কথা কেউ বলেনও নি। অতএব এটা ভূতের ভয় দেখা ছাড়া আর কিছুই নয়। সরকার কোনো সময়ে বলেননি যে আমরা এটা করতে চাই না। ব্রীজ আর ব্যারেজ-এর যে প্রশ্ন উঠেছিল তাতে বলতে চাই যে কেন্দ্রীয় সরকার কখনই ব্রীজ এর কথা বলেননি—সরকার অ্যাস সাচ। সুতরাং ব্যারেজ বরাবরই আছে অতএব সেদিক থেকে মনে করার কোনো কারণ নেই বা এ প্রস্তাব বাস্তব ধর্মীয় নয়। তা ছাড়া কিছু কিছু কাজ আরম্ভও হয়েছে। আমি ৩০.৭.৬৪ রিপোর্ট থেকে বলতে পারি। তাতে বলা হয়েছে

Some excavation in the foundation has already been done for the Farrakka Barrage. Some test sheet piles and sinking of a few wells were started before the monsoon set in. Arrangements are being made for procuring construction materials and equipments, both indigenous and imported. The work of the upstream lock and excavation of the canal are in progress.

আমাদের এই বর্ষাকালের মধ্যে বিদেশ থেকে মাল আনতে হবে এবং তার চেষ্টাও হচ্ছে এবং এ সবের ফরেন এক্সচেঞ্জ ও আমরা পেয়েছি আমরা ঐ মাল আনবার জন্য। আমাদের মাল আনাবার চেষ্টা হচ্ছে যাতে এই কাজ যত শীঘ্র করা যায়। মাননীয় অমর চক্রবর্ত্তী মহাশয়কে জানাচ্ছি তিনি যা জানতে চেয়েছেন তার উত্তরে, এটা হবে

108 gated openings each of 60 feet,

কাজেই এই যখন অবস্থা তখন এ ধরণের প্রস্তাব যা নাকি আনা হয়েছে সেটা তত বাস্তবধর্মী হচ্ছে না। আর পূর্ব পাকিস্তান থেকে কোনো প্রস্তাব এখনো আসেনি। তা ছাড়া পাকিস্তানের সঙ্গে কোন রকম লেন দেন বা কথাবার্ত্তা কইতে হলে তা কেন্দ্রীয় সরকারকে কইতে হবে, আমরা তা কইতে পারবো না কারণ আমাদের সে ক্ষমতা নেই। আর পাকিস্তানকেও কোনো কথা কইতে হলে তা আমাদের কেন্দ্রীয় সরকারের সঙ্গেই কইতে হবে। পূর্ব পাকিস্তানের সরকারের সঙ্গে আলোচনা হবে না বা ঢাকায় সে আলোচনা চলবে না। সে আলোচনা চালাতে হলে ঢাকার বদলে করাচীতে বসতে হবে। এটাই হলো আন্তর্জাতিক নীতি। এ নীতি লঙ্ঘন করবার উপায় নেই।

[6-35—6-40 p.m.]

আর জনমত পূর্ব পাকিস্তানে ? সে আমরা এই বিধান পরিষদে দাড়িয়ে বক্তৃতা অনেকদিন ধরে দিলেও সেটা আমরা করতে পারবো না। কিন্তু এমনিতেই যেটা হবে সেটা সেখানকার দেশের মানুষের নিজের ইচ্ছায় হবে এবং নিজের দেশপ্রেম ও স্বার্থবুদ্ধিতেই হবে। অতএব এই সমস্ত কথা বিবেচনা করে আমি বলবো যে বন্ধুবর যতীন্দ্রবাবুকে অনুরোধ করবো যে এ বিষয়ে আমাদের তার প্রিয়্যামবেল সম্বন্ধে কোন বিরোধ নাই; কিন্তু তার অপারেটিভ পোরসান অফ দি রিজোলিউসান যেটা, তার সঙ্গে আমাদের সম্পূর্ণ বিরোধ আছে। সুতরাং তাঁর প্রস্তাবের অপারেটিভ পোরসান হচ্ছে আসল জিনিষ। কাজেই আমরা যদি তার অপারেটিভ পোরসানকে অপোস করি, তাহলে তার গোটা প্রস্তাবকেই অপোস করা ছাড়া উপায় নাই। সেই জন্য অনুরোধ করবো এখানে যখন কেন্দ্রীয় সরকার আজকে তৎপরতার সঙ্গে কাজ করছে—এবং আমরা চাই যে পশ্চিমবাংলার একটা জীবন মরণসমস্যা এই হলো ফরাককা ব্যারাজ। আমরা এজন্য বরাবর বলে এসেছি—সর্ব সময় আমরা কেন্দ্র যথাযথভাবে যেমন করছেন এবং এর কাজ ত্বরান্বিত হয় যাতে তার জন্য পশ্চিমবঙ্গ সরকারের দিক থেকে যা করা উচিত—সেটা আমরা সর্বসময় করবো; সে বিষয়ে কোন ত্রুটী হবে না-এই আশ্বাস আমরা দিতে পারি এবং এর পরে আমি বন্ধুবর যতীন্দ্র বাবুকে অনুরোধ করবো তাঁর প্রস্তাব তিনি যেন প্রত্যাহার করে নেন।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বন্ধুবর রবীন্দ্র সিংহ মহাশয় যেটা বললেন সেটা শুনলাম। আমার সময় নাই। কাজেই তাঁর আমি জবাব দিতে যাব না। তবে তিনি যে প্রতিশ্রুতি ও আশ্বাস দিলেন যে পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে এটা ত্বরান্বিত করবার জন্য কেন্দ্রীয় সরকারের উপর সে চাপই হোক—বা লেখালেখি হোক বা তদ্বীরই হোক—সেটা যখন তাঁরা করবেন এবং যখন উনিও আমার সঙ্গে একমত যে ফরাক্কা ব্যারাজের সঙ্গে পশ্চিমবাংলার জীবন মরণ সমস্যা জড়িত আছে, তখন তাঁর অনুরোধ মত এবং বিশেষ করে আমাদের প্রবীণ সদস্য বর্মণ মহাশয় ও অনুরোধ করেছেন, আবার কি জানি হয়ত—বলা যায়না—আমাদের নির্মলবাবুও করতে পারেন সুতরাং তাঁদের সকলের প্রতি সম্মান দেখিয়ে ও ভবিষ্যতের কথা মনে রেখে আমি রবীন্দ্র সিংহ মহাশয়ের কথায় এই প্রস্তাব প্রত্যাহার করে নিচ্ছি।

Shri Sasanka Sekhar Sanyal :

আমার সংশোধনী প্রস্তাব ও আমি প্রত্যাহার করে নিলাম।

Shri Monoranjan Sen Gupta : I also withdraw my ammendment.

The motion of Shri Sasanka Sekhar Sanyal that the following words be added at the end of the Resolution, namely:—

"and that for ensuring expedition a vigilance committee consisting of eleven members of the Legislature be constituted with authority and facilities for supervision of the actual construction."

was then by leave of the House withdrawn.

The motion of Shri Manoranjan Sen Gupta, that in line 3, after the words "State of West Bengal" the words "for the improvement of the Port of Calcutta" be inserted, was then by leave of the House withdrawn.

The motion of Shri Jatin Chakravorty that whereas the construction of the Farakka Barrage is of vital importance to the development and economy of the State of West Bengal, this Council is of opinion that in view of the slow rate of progress of this project the West Bengal Government should urge upon the Government of India forthwith to hand over to them the responsibility of the construction of the said barrage so as to expedite its early completion, was then by leave of the House withdrawn.

Shri Jatin Chakravorty: Sir, I beg to move that whereas corruption is running rampant in the administrative set-up of the Government, this Council is of opinion that steps should be taken forthwith to set up (1) a "Committee of Enquiry" on the basis of the recommendations of the "Santanam Committee" to enquire into the report of corruptions amongst high Government officials and (2) a "Sadachar Committee" on the lines suggested by the Home Minister, Government of India, to root out corruption amongst the State Ministers and members of political parties and that the personnel of these Committees should be chosen from all the parties and groups of the State Legislature and from persons of integrity and character occupying high position in public life.

Mr. Chairman: The resolution is moved. It will be taken up for discussion at the next Non-Official Day.

Adjournment

The Council was then adjourned at 6-40 p.m. till 3 p.m. on Thursday, the 3rd September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shri Snehangshu Kanta Acharyya.
Shri Dhirendra Nath Bhattacharya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Promotho Nath Bisi.
Shri Narendra Nath Das.
Shrimati Labanyaprova Dutt.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudra Nath Ghosh.
Shri Manoranjan Gupta.
Shri Rajendra Nath Majumdar.
Shri Shaikh Mohammad Jan.
Shri Sudhindra Nath Mukherjee
Shri Musharruf Hossain.
Shri Rezaul Karim.
Shri Subodh Sen.

COUNCIL DEBATES

Thursday, the 3rd September, 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 3rd September, 1964, at 3 p.m. being the nineth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the chair.

[3—3-10 p.m.]

Obituary

Mr. Chairman: Honourable members, it is my melancholy duty to mention before the House the death of Shri Mohammad Ghiasuddin Biswas, a member of the Legislative Assembly, who breathed his last on the 23rd August, 1964, at the Medical College Hospital at the age of 54.

Shri Ghiasuddin was first returned on Congress ticket from Farakka Constituency in Murshidabad district in the first General Election of 1952 after our present Constitution started to operate. He remained in the House for the first five years. After that he was returned from the same Constituency in the General Elections of 1957 and of 1962, on these occasions also as a Congress candidate. He was connected with a good many philanthropic as well as developmental organisations of the district of Murshidabad. He was a member of the Subdivisional Red Cross Society of the Jangipur Minority Board and of the Farakka Barrage Project Co-ordination Committee, and besides he was President of the Pratapganj Union Board and Founder-Secretary of the Sahibnagar Junior High School. A gentleman of unassuming disposition, he was a silent worker, and he commanded the respect of all he came in contact with.

He has left behind him his wife and a daughter and a large number of friends and relations to mourn his loss.

I would now request the honourable members to show their respect to the memory of the deceased by rising in their seats and observe silence for two minutes.

(The honourable members then stood in their seats for two minutes.)

Thank you, ladies and gentlemen, the Secretary will send the message of condolence to the members of the bereaved family.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Crisis of rice and paddy in the State

*33. **Shri Sasanka Sekhar Sanyal:** Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state what steps have been taken afresh after the rice and paddy crisis from September, 1963, towards for stepping up production of paddy in the State—

(i) by bringing larger areas under cultivation;

(ii) by increasing overall per-acre yield;

(iii) by protecting grown crops from drought;

(iv) by protecting grown crops from inundation; and

(v) by larger godown facilities being made available for the actual producer?

Shri Smarajit Bandyopadhyay: (i) In West Bengal 87 per cent. of usable land is under cultivation, which is one of the highest in the world and indeed there is very little scope for bringing further areas under paddy cultivation.

(ii) A number of measures have been undertaken in order to secure an increase in the overall per acre yield of paddy. Amongst the measures taken are the following:—

(1) deep tube-well irrigation scheme,

(2) lift irrigation from rivers and beels,

(3) small irrigation schemes,

(4) tank improvement schemes,

(5) distribution of improved seeds,

(6) distribution of chemical fertilisers and manures,

(7) scheme for improved agricultural practices,

(8) distribution of Dhaincha seeds,

(9) scheme for compost making,

(10) distribution of implements,

(11) plant protection scheme,

(12) provision of large credit facilities to agriculturists through co-operatives,

(13) distribution of cattle purchase and fertiliser purchase loans to agriculturists,

(14) subsidised distribution of pumping plants, and

(15) subsidised distribution of 'Dones', bullock-driven pumps.

(iii) The minor irrigation schemes enumerated in (ii) above are designed to protect the grown crops from draught.

(iv) the flood control schemes of the Irrigation and Waterways Department of this Government are protective measures against inundation.

(v) The godowns of the State Warehousing Corporation and the co-operative societies are available for the producers to store their produces.

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি ২-এর উত্তরে বলেছেন এ নাম্বার অব মেজার্স হ্যাভ বিন আণ্ডারটেকেন, কিন্তু আমি প্রশ্নের উত্তর চেয়েছিলাম যে সেপ্টেম্বর ১৯৬৩র পর কি কি করা হয়েছে এবং তার মধ্যে একটা বলেছেন ডিপ টিউবওয়েল ইরিগেসান স্কীম কিন্তু ১৯৬৩ সালের সেপ্টেম্বর-এর পর কোথায় কোথায় কি কি ডিপ টিউবওয়েল ইরিগেসান স্কীম করা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

কোথায় কোথায় বলতে পারবো না, তবে আজ পর্যন্ত ৬০০ হয়েছে।

Shri Sasanka Sekhar Sanyal:

আজ পর্যন্ত আমি চাইনি। ১৯৬৩ সালের সেপ্টেম্বর-এর পর যখন ফুড ক্রাইসিস হল তারপর নূতন করে কটা হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

এক বছরের পর কটা ডিপ টিউবওয়েল হয়েছে তা আমার কাছে নেই তবে ১৯৬৪-৬৫ সালে ডিপ টিউবওয়েল বাবদ ২৮ লক্ষ টাকা ধরা হয়েছে।

Shri Sasanka Sekhar Sanyal:

Sir, my question is very clear. A number of measures have been undertaken, lift irrigation from mines and beels.

১৯৬৩ সালের সেপ্টেম্বর-এর পর আজ পর্যন্ত কটা হয়েছে এবং কোথায় হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

১৯৬৩ সালের পর কোথায় কটা হয়েছে বলতে পারব না—নোটিশ চাই। রিভার থেকে লিফট ইরিগেশান আজ পর্যন্ত ১৮টা হয়েছে।

Shri Sasanka Sekhar Sanyal:

১৯৬৩তে যে ফুড ক্রাইসিস হয়েছিল সেই ১৯৬৫ সেপ্টেম্বর-এর থেকে স্মল ইরিগেসান স্কীম কি হয়েছে এটাই আমার প্রশ্ন?

Shri Smarajit Bandyopadhyay:

স্মল ইরিগেসান স্কীম ছোট ছোট খাল বিল কোথায় কোথায় কটা হয়েছে তা বলতে পারব না।

Shri Sasanka Sekhar Sanyal:

এই স্কীমএ কোথায় কি হয়েছে।

Shri Smarajit Bandyopadhyay:

নোটিশ দিলে বলতে পারব।

Shri Sasanka Sekhar Sanyal:

নোটিশ দেবার কি আছে?

Shri Smarajit Bandyopadhyay:

আপনি তো ডিটেলস চাননি।

Shri Narendra Nath Das:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার মন্ত্রীমহাশয় বোধ হয় প্রশ্নটা ভালভাবে পড়েন নি। ১৯৬৩ সেপ্টেম্বর-এর পর কি হয়েছে তার উনি একটা জাবদা জবাব এনেছেন। প্রশ্ন যেভাবে এনেছেন সেভাবে জবাব আসেনি।

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, উনি যদি চান যে পরে ডিটেলস জানাবেন তাহলে এটা হেল্ড ওফভার থাক আমাদের আপত্তি নেই। এর মধ্যে কোন পলিটিক্যাল ক্ল্যাপট্র্যাপ নেই। এটা একটা ইমপরটেণ্ট জিনিষ, সকলের জানা দরকার।

Shri Smarajit Bandyopadhyay:

আপনি যদি ডিটেলস চান যে কি কি মেজার্স নেওয়া হয়েছে ১৯৬৩ সালের পর সেটা জানতে চাইলে আমি জানাব।

Shri Sasanka Sekhar Sanyal:

নূতন করে প্রশ্ন করার কিছুই নেই, এটা হেল্ড ওভার থাক।

Shri Prafulla Chandra Sen:

প্রশ্নটা ছিল
will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state what steps have been taken afresh after the rice and paddy crisis from September, 1963, onwards for stepping up production of paddy in the State.
উনি ১।২।৩।৪ করে উত্তর দিয়েছেন। উনি যদি প্রশ্ন করেন যে টিউবওয়েল ক টা হয়েছে, লিফট ইরিগেশান কটা হয়েছে এইবারে বললে বড় ভাল হয়।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি শুধু এটাকে মিনিস্টার হিসাবে দেখবেন না। আমার কোশ্চেন-এর মধ্যে কি এ সব ইমপ্লাইড নেই? আপনি বলুন যে আর একদিন উত্তর দেবেন।

Shri Prafulla Chandra Sen:

ইমপ্লাইড-এর প্রশ্ন নয় আমি বলেছি যে যদি ডিটেলস চান তাহলে উনি তার উত্তর দেবেন।

Shri Sasanka Sekhar Sanyal:

নূতন করে প্রশ্ন করার কিছু নেই।

Mr. Chairman: It is held over.

Shri Smarajit Bandyopadhyay:

এফ্রেস আমি কি কি স্টেপস নেওয়া হয়েছে বলেছি কিন্তু কোথায় কটা নেওয়া হয়েছে তা বলতে পারব না।

Shri Sasanka Sekhar Sanyal:

কি কি স্টেপস নেওয়া হয়েছে জানি, কোথায় কোথায় কটা নেওয়া হয়েছে?

Shri Prafulla Chandra Sen:

তৃতীয় পরিকল্পনা অনুসারে আমরা কাজ করছি এবং কতকগুলি মেজার নিয়েছি। কিন্তু ১৯৬৩ সালের ক্রাইসিসএর পর কোন্ কোন্ কাজ কত হয়েছে, বা আমরা নূতন কিছু মেজার নিয়েছি কিনা ইত্যাদি যদি ডিটেলস জানতে চান তাহলে নিশ্চয় জানাব।

Shri Sasanka Sekhar Sanyal:

তাহলে আমাকে আর নতন করে কোশ্চেন করতে হবে না।

Shri Smarajit Bandyopadhyay:

টা কি হয়েছে আমি নিশ্চয় জানাব।

Availability of unadulterated mustard oil

*55. **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether unadulterated mustard oil is available in the markets in Calcutta and in the district of West Bengal at the price fixed by Government;

(b) if so, the names and addresses of the establishments which sell such oil at the controlled price; and

(c) if the answer to (a) is in the negative, will the Hon'ble Minister be pleased to state what steps Government propose to take for the normal supply of unadulterated mustard oil in Calcutta and in the districts of West Bengal?

[3-10—3-20 p.m.]

Shri Smarajit Bandyopadhyay: (a) Yes.

(b) As the distribution of mustard oil has not been taken up by Government, no list of such establishments is maintained.

The consumers' co-operative stores in West Bengal have, however, been authorised to sell "Agmark" mustard oil to the consumers in sealed containers within the ceiling (inclusive of the cost of the container) already notified through a Press Note.

Pure ghani mustard oil is sold throughout the State of West Bengal by Bhandars certified by the Khadi and Village Industries Commission at the rate statutorily fixed by Government.

(c) No specific report has been received by Government that unadulterated mustard oil is not available in the open market but mustard oil is in short supply.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় 'এ' জবাবে বললেন যে আনএডালটারেটেড মাস্টার্ড অয়েল নাকি ক'লকাতা শহরে পাওয়া যায়। আমি জিজ্ঞাসা করছি এটা কি তিনি ঠিক জবাব দিলেন?

Shri Prafulla Chandra Sen:

রা সম্প্রতি ৭ হাজার মণ আগমার্কা মাস্টার্ড অয়েল পেয়েছি উত্তর প্রদেশের কাছ থেকে এবং । ইতিমধ্যেই কলকাতার কনজিউমার্স কো-অপারেটিভ ষ্টোর্স থেকে বিক্রি করা হচ্ছে। এ রব জন্য নয়, আমি আজকেই খবর পেয়েছি যে, প্রায় ৩ হাজার মণ আনএডালটারেটেড মার্ক মাস্টার্ড অয়েল ঐ সমস্ত কো-অপারেটিভ থেকে বিক্রি করা হয়ে গেছে এবং বাকিটাও ক্রি হবে।

Shri Jatin Chakravorty:

মার্ক মাস্টার্ড অয়েল-এর কথা যা বললেন তা শুনলাম কিন্তু আপনি নিজেও জানেন এবং য় মন্ত্রী এখানে স্বীকারও করেছেন যে তার মধ্যে ভেজাল রয়েছে। এখন সেটাকে আন-ড্যালটারেটেড বললে জবাবটা তো এ্যাডালটারেটেড হয়ে যায়?

Shri Prafulla Chandra Sen:

এডালটারেশান বা বিশুদ্ধর কথা মাননীয় স্বাস্থ্য মন্ত্রী একটা ঘি-এর ব্যাপারে বলেছেন, এবং এটা কোন গোপন কথা নয়। একটা ঘির ব্যাপারে এটা হয়েছিল এবং এডালটারেটেশন ছিল না আইনত: আমাদের দেশে ৩/৪ রকমের ঘিয়ে ফ্যাট কনটেণ্ট থাকে। সৌরাষ্ট্রে যে ঘি হয় তাতে ফ্যাট কনটেণ্ট কম থাকে কেন না তারা কটন সীড খায়। সেরূপ আমাদের বিষ্ণুপুরে গরুর যা ঘি তাতে ফ্যাট কনটেণ্ট কম থাকে, এর আর এন কনটেণ্ট না কি বলে একটা টেকনিকাল টার্ম আছে। যা হোক সেটা যদি পরীক্ষা করে দেখা যায় তাহলে দেখা যাবে যে যে স্ট্যাণ্ডার্ড ঘি-এ থাকা উচিত তাতে তার কম আছে, সেজন্য তারা এডালটারেশান চার্জএ পড়েছিল। সত্য যে ছেঁদা করে অন্য জিনিষ ঢুকিয়ে দিয়েছে তা নয়। কাজে কাজেই আমরা আগমার্ক তেল হোক বা যে কোন জিনিষ হোক তা বিশুদ্ধ বলে স্বীকার করে নিয়েছি।

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রী মহাশয় বলছেন কত মণ তেল এনেছেন। এখন আমার জিজ্ঞাস্য হচেছ যে তেল কনজিউমার্স কো-অপারেটিভ স্টোর্স মারফৎ বাজারে ছাড়বেন কি? আমি আপনার কাছে জানতে চেয়েছিলাম আনএডালটারেটেড মাস্টার্ড অয়েল জনসাধারণের যতটা প্রয়োজন সেই মত আনএডালটারেটেড মাস্টার্ড অয়েল কি জনসাধারণ কিনতে পাচেছন?

Shri Prafulla Chandra Sen:

জনসাধারণের যতটা প্রয়োজন ভারতবর্ষে ততটা মাস্টার্ড অয়েল এখনও পাওয়া যায়না। কাজে কাজেই এটা দেওয়া সম্ভবপর নয়. আমাদের মাননীয় মন্ত্রীমহাশয় সে কথার উল্লেখও করেছেন যে সর্ট সাপ্লাই আছে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় সাংবাদিকদের বলেছেন যে মাস্টার্ড অয়েল-এর বিকল্প হিসাবে কয়েক হাজার টন নারিকেল তেল আনাচেছন।
[redacted]
আমার জিজ্ঞাস্য এ্যাডলটারেটেড মাস্টারড অয়েল সম্পর্কে কোনো ব্যবস্থা অবলম্বন করবেন কিনা যাতে নাকি প্রচুর পরিমাণে সরবরাহ করা যায়? আপনি কি নারিকেল তৈল আনছেন বলেই আর এই সম্পর্কে কোনো ব্যবস্থা অবলম্বন করবেন না?

Shri Prafulla Chandra Sen:

আমরা এই ক বৎসর ধরে হিসাব করে দেখেছি যে ৩৫ লক্ষ মণ সরষের তৈল আমরা বাঙ্গালীরা প্রতি বছর খাই, তার সামান্যই আমাদের দেশের সরষে থেকে হয় অর্থাৎ অনেক পরিমাণ সরষের তেল ও বীজ বাহিরে থেকে আসে। আর আমি বিশুদ্ধ নারিকেল তেলের যে কথা বলেছি তার পরিমাণ ৫৪ হাজার টন। কাজে কাজেই সরষের তেলের সঙ্গে কোনো কমপিটিশন করছি না।

Shri Sasanka Sekhar Sanyal:

এই আগমার্ক জিনিসটার একজাক্ট কনোটেসান কী?

Shri Prafulla Chandra Sen:

কেন্দ্রীয় সরকারের এগ্রিক্যালচারেল ডিপার্টমেণ্ট থেকে একটা ডিপার্টমেণ্ট করেছিলেন তার কাজ ছিল যে কতকগুলি জিনিষ যেমন ডিম, সরিষার তেল, সরিষার বীজ ইত্যাদি যা লিস্টে আছে আমার সিডিউলটা মনে নেই, এই কতকগুলি জিনিষে তারা আগমার্ক দেন বিশুদ্ধতা সম্বন্ধে জেনে।

Shri Sasanka Sekhar Sanyal:

: যে কনটেনার যা আসে টীনই বেশীর ভাগ, সেই টীনে যদি আগমার্ক জাল দেওয়া হয়, কে প্রিভেনট করার কী ব্যবস্থা আছে?

Shri Prafulla Chandra Sen:

য়াতে জালিয়াতি—এই সব হচ্ছে আমরা জানি। কিন্তু আগমার্ক টীনের নিয়ম হচ্ছে যে পুরান চলবে না, প্রত্যেকবারই নূতন কনটেনার দিতে হবে। তারপর যখন সীল করে দেয় সেই আগমার্ক দিয়ে দেয়। প্রথমে তাকে ল্যাবোরেটরীতে পরীক্ষা করা হয় এবং সেই লেবরেটরীর নি কেমিষ্ট তিনি পরীক্ষা করে সীল দেওয়ার ব্যবস্থা করেন।

Shri Sasanka Sekhar Sanyal:

মি ঐ ইনটারন্যাল ব্যাপার জিজ্ঞাসা করছি না, আমার জিজ্ঞাস্য হচ্ছে ভেতরে যেমন ভেজাল নিষ দিয়ে বাইরে জেনুইন মার্ক দেওয়া যায় তেমনি ভেতরে ভেজাল জিনিষ দিয়ে বাইরে, নুইন জিনিষের জাল করা যায় কাজেই স্টেট গভর্নমেণ্টের কাছে আগমার্ক-এর ফ্যাকসিমিলির নে স্পেসিম্যান কি এখানে আছে এবং যেটা দিয়ে মিলিয়ে নেবার কোন ব্যবস্থা কিছু ছে?

Shri Prafulla Chandra Sen:

গমার্ক জিনিষটা কেন্দ্রীয় সরকারের এবং আমাদের এখানে সেটা যাচাই কারবার ব্যবস্থা ছে। আমাদের যিনি এডিশন্যাল ডাইরেক্টর, এগ্রিকালচারেল মার্কেটিং, তিনি এই সমস্ত কাজ-রে থাকেন, এবং যাচাই করে তিনি দেখেন।

Shri Sasanka Sekhar Sanyal:

সম্বন্ধে কতকগুলি এসরটেড গোডাউন-এ গিয়ে আগমার্ক যে সমস্ত জিনিষ আছে সে তেলই হোক ঘি হোক বা ডিম হোক সেই কণ্টেনারের-এর মধ্যে যে সব জিনিষ আছে এর আগমার্কটা জেনুইন এটা কি এসিওর্ড হবার জন্য গভর্নমেণ্ট থেকে এসরটেড ড্রাইভ নেওয়া হয়?

Shri Prafulla Chandra Sen:

মাদের যদি সন্দেহ হয়, তাহলে নিশ্চয়ই ড্রাইভ নেওয়া হয় এবং এ পর্যন্ত আমরা তাতে কোন কার ভেজাল পাইনি। কিন্তু রোজই আমরা এই রকম ড্রাইভ নেই না।

Shri Sasanka Sekhar Sanyal:

পনাদের হোম ডিপার্টমেন্ট থেকে কি কোন ডাইরেকটিভ আছে যে আপনাদের ডিপার্টমেণ্টালপিপল সেই সব পারসোন্যাল এসরটেড জায়গায় মাঝে মাঝে ঘরবে এবং ঘুরে সেখানে বলবে যে মরা সেখানকার আগমার্ক দেখেছি জেনুইন?

Shri Prafulla Chandra Sen:

টা আমরা করবো। তবে মাননীয় সদস্য মহাশয়কে আমি একথা বলতে পারি যে আগমার্ক তেল তো পাওয়া যেত না। এটা সম্প্রতি মাত্র ৭ হাজার মণ এসেছে। এই সমস্ত কথা যা রা বলেছেন আমরা সেগুলি আস্তে আস্তে করবো এবং কেন্দ্রীয় সরকারকে আমরা এও লেছি যে আমাদের আগমার্ক-এর উপর কর্তৃত্ব দিতে হবে। তাতে তাঁরা রাজী হয়েছেন।

Shri Jatin Chakravorty:

ননীয় মুখ্য মন্ত্রী মহাশয় আমার প্রশ্নের উত্তরে বলেছেন আনএডালটারেটেড সরিষার তেলের টিতি আছে এবং ৫৪ হাজার মন মাত্র আপনি নারিকেল তেল বিকল্প হিসেবে আনছেন।

তাহলে কি এটাই ধরে নিতে হবে যে এখানো কিছুদিন পর্যন্ত কলকাতা এবং বাংলা দেশের সাধারণ মানুষ আনএডালটারেটেড সরিষার তেল যা প্রচুর পরিমাণে সরবরাহ হওয়া দরকার—তা পাবে না ?

Shri Prafulla Chandra Sen:

আমাদের দেশে তেলের উৎপাদন যদি কম থাকে তাহলে কি করে তা পাবো আমি তো জানি না।

Shri Nirmal Bose:

এই যে প্রশ্ন ছিল আনএডালটারেটেড সরিষার তেল কোথায় কোথায় পাওয়া যায়—তার উত্তরে মুখ্যমন্ত্রী বললেন—খাদিভাণ্ডার ও কনজিউমার্স কো-অপারেটিভ সোসাইটি মারফৎ পাওয়া যাবে। তাহলে কি এটাই ধরে নিতে হবে যে এই জায়গাগুলি ছাড়া বাজারে যা পাওয়া যাচ্ছে তা সবই ভেজাল ? সরকার কি এই কথাই বলতে চাইছেন।

Shri Prafulla Chandra Sen:

আমি এই কথাই বলতে চাইছি বাজারে যা পাওয়া যাচ্ছে তা সবই যে ভেজাল একথা আমি বলতে পারবো না যতক্ষণ না তা প্রমাণিত হবে। আমি শুধু বলতে চাইছি সরকার যে বিশুদ্ধ তেল এনেছেন, আমাদের এখানে ঘানিতে যে বিশুদ্ধ তেল উৎপন্ন হচ্ছে তা অমুক অমুক জয়গায় পাওয়া যাচ্ছে। বাজারের যদি কোন তেল বিশুদ্ধ হয়, তাহলে পরে তাকে তো আমি অবিশুদ্ধ বলতে পারবো না।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্যমন্ত্রী নিশ্চয়ই জানেন যে জেলখানায় যে তেল ঘানিতে তৈরী হয়, তা জনসাধারণের কাছে সপ্তাহে একদিন করে বিক্রী করা হয়; তাহলে আপনি তো সেই জেলখানার তেল আনএডালটারটেড বললেন না ? তাহলে কি সেই তেল এডালটারেটেড বলে ধরে নেওয়া হবে ?

Shri Prafulla Chandra Sen:

জেলখানার তেল এডালটারেটেড মোটেই নয়। সেদিন আমাদের কারামন্ত্রী বলেছিলেন যে জেলখানার তেল আমরা হাসপাতালে দেই এবং বাজারে খুব সামান্যই দেই। সামান্য যেটা বাইরে দেওয়া হয় সেটা আনএডালটারেটেড না বলাটা ত্রুটী হয়েছে।

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই আগমার্ক তেল স্টেনডারডাইজেশন এর কোন প্ল্যাণ্ট আছে কি সেণ্ট্রাল গভর্নমেণ্টের ?

Shri Prafulla Chandra Sen:

এই আগমার্ক তেল যেখানে হয় সেখানে প্রত্যেক ফ্যাক্টরীতে একটা করে লেবরেটরী থাকে এবং সেই লেবরেটরীর যে কেমিস্ট তাঁকে কেন্দ্রীয় সরকার নিযুক্ত করেন। অবশ্য বেতনটা দিতে হয় সেই কোম্পানীকে শুধু লোক নযুক্ত হয় কেন্দ্রীয় সরকারের দ্বারা তিনি পরীক্ষা করে দেখেন তাঁর তত্ত্বাবধানে বা তাঁর যে স্টাফ আছে তাদের তত্ত্বাবধানে সীল করে বাজারে বিক্রী করা হয়।

3-20—3-30 p.m.]

Shri Nirmalya Bagchi:

লকাতায় এই রকম কয়টি আছে যেখানে এই রকম টেস্টিং ব্যবস্থা আছে?

Shri Prafulla Chandra Sen:

ামরা কতকগুলি ব্যবস্থা করবার চেষ্টা করছি এবং অনেকগুলি কলই রাজী হয়েছে যে তারা াগমার্ক দেবেন।

Shri Nirmal Bose:

াপাতত এটা কি হবে—যেখানে কল নেই সেখানে আগমার্ক টেস্টের.....

Shri Prafulla Chandra Sen:

ামি বলতে পারবো না।

Shri Santosh Bhattacharyya:

ননীয় মন্ত্রী মহাশয় বললেন যে কয়েক দিন আগে আমরা যেটা সংবাদপত্রে দেখেছি যে লকাতা করপোরেসনে যে তেলকলগুলি আছে সেখানে সরষের থেকে যে তেল হয় সেই ষে সংগ্রহ করে দেখা গেছে পরীক্ষা করে যে শতকরা ৫০ ভাগ তার মধ্যে যেটা াত্মক সবচেয়ে সেই শেয়ালকাটা—আর্জিমনি মিশ্রিত। সেটা কলকাতা করপোরেসনে পরীক্ষা য়েছে এবং সংবাদপত্রে প্রকাশিত হয়েছে—এই দিকে আপনার দৃষ্টি আকৃষ্ট হয়েছে কি?

Shri Prafulla Chandra Sen:

ই আকৃষ্ট হয়েছে—তবে একথা এর বেশী কিছু বলতে পারবো না।

Shri Santosh Bhattacharyya:

মার প্রশ্ন হচ্ছে এই বিশুদ্ধতা সেটা তাহলে থাকছে না কেননা সরষে যেটা সেটা র প্রদেশ এবং রাজস্থান থেকে আমদানি করা হয় সেখানেই প্রচুর পরিমাণে আর্জিমনি ক—তাহলে সেই সরষে পিষে আগমার্ক টিনের মধ্যে ভরে দিলেই বিশুদ্ধ হয়ে ব।

Shri Prafulla Chandra Sen:

রা এখানে যে সরষে আছে তা পিষে যে তেল হয় তাতেই আগমার্ক দিই না—আমরা ষ বীজের উপরেও দেই এবং আগমার্ক সরষের তেলের উপর যেটা আগমার্ক দেওয়া —সেখানে বীজের বিশুদ্ধতা জেনে সেই বীজ থেকে যে তৈল নিষ্কাশিত হয় সেই তেলের র আগমার্ক দেওয়া হয়।

Shri Santosh Bhattacharyya:

লে প্রশ্ন হচ্ছে এটা কি সত্য—সংবাদপত্রে যেটা বেরিয়েছে সেটা যদি সত্য হয়— পনাকে সে সম্বন্ধে অনুসন্ধান করতে হবে এই যে সরষে আমাদের দেশে আসছে উত্তর দশ, রাজস্থান থেকে এর ভেতর প্রচুর পরিমাণে যে আর্জিমনি পাওয়া যাচ্ছে—যেটা াত্মক এপিডেমিক বেরীবেরী ও অন্যান্য রোগের প্রকোপ বাড়তে পারে বলে আমরা আশঙ্কা করছি এটা বিবেচনা করে যাতে করে এই ভেজাল সরষের আমদানি বন্ধ র এই ভেজাল সরষের তেল আমাদের দেশে যাতে তৈরী না হয় তার কোন ব্যবস্থা করবেন ?

Shri Prafulla Chandra Sen:

সেজন্য আমরা বলছি আগমার্ক তেল খেতে—অন্য তেল খাওয়া উচিত নয়। আমরা য তেল খাই বা কিনি তাঁরা যদি অনুগ্রহ করে আগমার্ক বা ঘানির ছাড়া অন্য (না খান তাহলে আপসে বন্ধ হয়ে যাবে।

Shri Santosh Bhattacharyya:

টাকাটা কেটে নিতে চাচ্ছি শুধু সেই টাকাটা নয়—আমরা ইন দি অর্ডার যদি কোন কিছু প্রেসক্রাইব করা যায় কোন নিযমকানুন করা যায় তাহলে শাস্তিমূলক ব্যবস্থা হিসাবে তাহাদের কাছ থেকে বেশী টাকা বাজেয়াপ্ত করবার জন্য নিয়ম করা যেতে পারে। অবশ্য এক্ষেত্রে বাজেয়াপ্ত করার বিরুদ্ধে তারা উপযুক্ত কর্তৃপক্ষের কাছে আপীল করতে পারবেন। সে বিধান এর মধ্যে রয়েছে। এর পর হচ্ছে সেকসন ৪২১ এখানে খাজনা ধার্য্যের কথা আছে। প্রথম কথা হচ্ছে

having regard to rents payable or paid for non-agricultural lands.

ধার্য হবে। কিন্তু এমনও হতে পারে অনেক জায়গায় দেখা যাচ্ছে যে পুষ্করিণী হাট-বাজার বা অনুরূপ সম্পত্তি সরকারে বর্তেছে কিন্তু তার অনুরূপ কোন জমি বা সম্পত্তি পাওয়া যাচ্ছে না। যার সঙ্গে তুলনা করে এই জমিটির খাজনা ধার্য করা যেতে পারে যে সূত্রটি এখানে দেওয়া আছে। আমাদের আইনের মধ্যে

non-agricultural land of similar description with similar advantage in the vicinity.

কিন্তু এই রকম যদি না পাওয়া যায় তখন আমাদের পক্ষে একটু অসুবিধা হয় যে আমরা কোন সূত্র দ্বারা পরিচালিত যে এট সাচ রেট সেখানে মনে হবে আমরা সিমিলার ডেসক্রিপসন যেখানে সিমিলার এডভানটেজ নিকটবর্ত্তী কোন জমি পাচ্ছি না সেখানে আমরা কিভাবে ধার্য করতে পারবো। যেটা এখানে বলা আছে। সেকসান ৪২ কুজ ২তে বলা হচ্ছে যে

not exceeding five per centum of the net annual income from the land estimated in the prescribed manner, as the Revenue Officer may deem fair and equitable.

এখানে এনুয়েল ইনকাম এর শতকরা ৫ ভাগ পর্যন্ত খাজনা ধার্য করা যেতে পারে। তারপর আর একটি কথা, চাবাগানের ব্যাপার। মাননীয় সদস্যগণ জানেন যে অনেক চাবাগানের খাজনার হার বর্তমানে অনেক কম। চাবাগানের একটি অতি কৌতুহলোদ্দিপক ইতিহাস রয়েছে। অনেক চাবাগানের এখনও খাজনা ধার্য হয়নি। বা হয়ত বৃটিশ আমল থেকে অনেক কম খাজনায় আছে। এখানে আমি মনে করি যে অনেকটা আয় সরকারের বাড়ানো যেতে পারে। অথচ আমাদের চা শিল্পের কোন ক্ষতি হবে না। এই শিল্পের কোন ক্ষতি না করে, বৈদেশিক মুদ্রার ক্ষেত্রে কোন ক্ষতি না করে আমরা চা বাগানের জমির উপর খাজনা ধার্য করে বা একটু বাড়িয়ে আমরা প্রচুর টাকা অর্জন করতে পারবো। নিকটবর্তী রাজ্য আসামের কাছ থেকে আমরা জানতে পেরেছি এবং একটি অনুরূপ বিধেয়ক আনবার চেষ্টা করছেন, পাশ হয় এনেছেন। আমরা তরাই এবং জলপাইগুড়িডুয়ার্স অঞ্চলে বিভিন্ন জায়গাতে যেখানে চা উৎপন্ন হয় সেখানে প্রতি একরে কত খরচ পড়ে কত উৎপন্ন হয় তার সূত্রতা জেনেছি। অস্থায়ী চাবাগানের উপর নূতন নিয়ম করে কর ধার্য করার চেষ্টা করছি মাননীয় সদস্যগণ নিশ্চয় সেটা দেখেছেন।

মাননীয় সভাপতি মহাশয়, আমি সংক্ষেপে আমার আনীত বিধায়কটির গুরুত্বপূর্ণ বিষয়গুলির প্রতি মাননীয় সদস্যগণের দৃষ্টি আকর্ষণ করলাম এবং আশা করি এই বিধায়কটি তাঁরা সমর্থন করবেন।

[5-10—5-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয় সনৎ সভাধীপ মহাশয়, শ্রদ্ধেয় মন্ত্রিমহাশয় যেসব কথা বললেন সেই উদ্দেশ্য সম্বন্ধে ছোটখাট মতের পার্থক্য থাকলেও এ সম্বন্ধে বিশেষ কিছু তীব্র বিরোধীতা আমাদের নেই। কিন্তু আমি মনে করি যে আইনটা সংশোধন করার চেষ্টা করা হচ্ছে এবং এর সঙ্গে সংশ্লিষ্ট যে ভূমি সংস্কার আইন তাকে জোড়াতালি দিয়ে সংশোধনী প্রস্তাব কিস্তিবন্দী করে আনার চেয়ে বর্তমান পরিস্থিতির খাদ্য সঙ্কোচ ও খাদ্য সঙ্কট যখন উৎকট আকার ধারণ করেছে তখন তার মুখোমুখি হয়ে একটা বলিষ্ঠ পথ গ্রহণ করা উচিত এবং সেই পথে চলবার জন্য ভূমি সংস্কার আইনের আমূল সংশোধন করা প্রয়োজন। ১৯৫৩ সালে এই আইনটার জন্ম হয়েছে এবং তারপর থেকে ৩ জন রাজস্বমন্ত্রী স্বর্গীয় এস. কে. বসু, স্বর্গীয় বিমল চন্দ্র সিংহ এবং আপনি গড়ে বোধ হয় প্রত্যেক অধিবেশনে একটা করে খুচরো সংশোধনী এনেছেন ও আনছেন। এই ক'বছরের মধ্যে যদি এইরকম গুরুত্বপূর্ণ আইনের এতবার সংশোধন করার প্রয়োজন হয় তাহলে আইনের মূল প্রকরণে কোন গলদ আছে, অথবা আইন কার্য্যে পরিণত করার বিষয়ে কোন ত্রুটী আছে, অথবা উভয়েই। আমি দুঃখের সঙ্গে বলছি বর্তমানে মন্ত্রিমহাশয়ের কর্মকুশলতা ও সদেচ্ছা সম্বন্ধে সন্দেহ নেই। তবু আমি বলব বর্তমান মন্ত্রিসভার সদস্যরা স্রোতে গা ঢেলে চলেন—স্রোত যেখানে নিয়ে যায় সেদিকেই যান নূতন স্রোত

সৃষ্টি করতে পারেন না। অর্থাৎ পরিস্থিতির মুখোমুখি হয়ে পরস্থিতি যেদিকে টেনে নিয়ে যায় সেদিকেই যান, মোড় ফেরাতে পারেন না। আজ এই ভূমি বণ্টন পশ্চিমবাংলায় জন-সাধারণের কাছে জীবনমরণের প্রশ্ন। একজন প্রসিদ্ধ আমেরিকান বৈজ্ঞানিক ইকনমিষ্ট যে উক্তি করেছেন তাতে বলেছেন যে বিশ্বব্যাপী ১৯৮০ সালে একটা তীব্র মহামারী দুর্ভিক্ষ হবে এবং আরও বলেছেন সপ্তদশকে ভারতবর্ষ ও পাকিস্তান তীব্র দুর্ভিক্ষের সম্মুখীন হবে আমরা চোখের সামনে দেখতে পাচ্ছি ১৯৭০ সালের পূর্বে পশ্চিমবাংলা গভীর খাদ্য সঙ্কটের মুখে পড়বে। এখানে এমন হবে যে মানুষে মানুষ খাবে। এ রকম সমস্যা আগে ছিল যে লোকে অর্থাভাবে কিনতে পারতো না, এখন সমস্ত লোকের পকেটে অর্থ পকেট থেকে যাচেছ এবং বাজার গিয়ে জিনিষ পাচেছ না ফিরে আসছে। লকারের টাকা উদ্ধার করতে পারবেন, খাদ্য হোর্ডিং আছে তাও নিয়ে আসবেন। লকারের টাকা দিয়ে বাহিরে থেকে কিছু আনতে পারেন, কিন্তু খাদ্য শষ্য হোর্ডেড মাল বার করার পর তা পর্যাপ্ত হবে না। কিন্তু মানুষে যে মানুষ খাবে এটা হচেছ কলির ভবিষ্যৎ বাণী এবং ২।৩ বছর পর হয়ত আমাদের চোখের সামনে এটা দেখব। কাজেই আমার মনে হয় বাংলা সরকারের আগে করণীয় হচেছ মাঠে নামা দরকার। আইনের এখানে একটু প্যাচ ওখানে একটু প্যাচ করলে কিছুই হবে না। আমার বন্ধু মন্ত্রিমহাশয় চায়ের কথা বলেছেন।

আমার বন্ধু নরেন দাস বলছিলেন যে এতদিন ধরে ওরা খাজনা আদায় করেন নি এর জন্য ওদের মেডেল দেওয়া উচিত। সত্য সত্যই রাজস্ব মন্ত্রী এবং অন্যান্য মন্ত্রীদের ভারত রত্ন উপাধি দেওয়া উচিত কারণ ঐ সব চা বাগানের উপর এখনও খাজনা ধার্য্য করেন নি বলে। কিন্তু খাজনা ধার্য্য করা হবে না? আজকে যখন কেন্দ্রীয় সরকার এবং সমস্ত অন্য রাজ্যের সরকার এবং জনসাধারণ সকলেই আমরা রাষ্ট্রীয় খাদ্যশস্য বা রাষ্ট্রীয় বাণিজ্যের কথা অনুমোদন করছি ও রাজনৈতিকরাও প্রত্যেক স্থানে এই দাবী করছেন যে রাষ্ট্রায়ত্ত খাদ্য শস্যের ব্যবস্থা করা হোক। এটা হলো একদিকের কথা আর একদিকের কথা হচেছ রাষ্ট্রের তত্ত্বাবধানে খাদ্য শস্যের উৎপাদন হওয়া দরকার এবং রাষ্ট্রের তত্ত্বাবধানে খাদ্যশস্যের বিভাগ ও বণ্টন হওয়া প্রয়োজন। এই পথে আমরা কতটা এগিয়েছি? ১৯৫৩ সালের আইনের পরে যত জমি রাষ্ট্রের হাতে অর্থাৎ সরকারের হাতে এসেছে তাতে আমরা কি কাউকে আমরা তাতে বিকল্প খাদ্য টেপিওকা উৎপাদন করতে পেরেছি? ধান আমরা অধিক পরিমাণে উৎপন্ন করতে পেরেছি, আমরা কি বন্যানিয়ন্ত্রণ করতে পেরেছি, না আমরা জলাভাব দূর করতে পেরেছি। আমাদের মাছের যোগাড় আমরা কিছু করতে পারিনি আমরা কিছুই পারিনি। আজকে আপনি লক্ষ্য করেছেন যে আমার একটা প্রশ্ন ছিল তাতে শ্রদ্ধেয় মন্ত্রী শ্রীস্মরজিৎ ব্যানার্জি উত্তর দিলেন না, তাঁর ডিপার্টমেণ্ট থেকে কোনো উত্তর লিখে দেয় নি এই জন্যই কি? আমার প্রশ্ন ছিল যে সেপটেম্বর এ খাদ্য সঙ্কট যখন তীব্র আকার ধারণ করলো তারপর থেকে আজ পর্যান্ত কটা টিউবওয়েল বসান হয়েছে। ছোট ছোট জলসেচের জন্য। কটা বন্যা নিয়ন্ত্রণ হয়েছে তার কোন উত্তর নেই। এই পঞ্চবার্ষিকী পরিকল্পনা করে কি হবে? এ সেই বাইবেল-এর উক্তি করা হচেছ। কাজেই আমি বলছি এঁরা কোনটাই গুরুত্ব দিয়ে বিবেচনা করেন না। এখানে একটা কেণ্টিন এর মত দোকান খুলে আইন পাশ হচেছ। কোথায় হাই কোর্ট এ কি মন্তব্য করেছে বা হাই কোর্ট এ কোন মন্তব্য করতে পার এই আশঙ্কায় আইন নিয়ে আসা হচেছ। এখন কোন আইনই কার্যকরী হওয়া উচিত নয়। এমন আইন আলোচনা হওয়া উচিত যা নাকি বর্তমানে যে খাদ্য সঙ্কট তার মুখোমুখী হয়ে দাড়াতে পারে। এখনে যা হচেছ এ হচেছ অবাস্তব, এ যেন প্রহসন চলছে। এসটেটস একুইজিসান অ্যাক্ট থাকলেই বা কি আর না থাকলেই বা কি এ ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট থাকলেই বা কি হবে আর না থাকলেই বা কি হবে? আমার কথা হচেছ আপনারা সমস্ত আইন সাসপেণ্ড করুন, একটা আইন নিয়ে আসুন ঐ কনস্টিটিউসান এর ৩১এ ধারায় যে ক্ষমতা আছে সেই মত এক বৎসরের জন্য বা সাত বৎসরের জন্য সমস্ত-ল্যাণ্ড এর ম্যানেজমেণ্ট নিয়ে নিন। চাষীর হাতে দিতে চান? কিন্তু চাষী নিস্ক্রিয়, দুর্বল ও অসহায়। সে অভাবে, অনাহারে দুর্ব্বল হয়ে গেছে কিছুই করতে পারে না, আর সঙ্গতি সম্পন্ন চাষী তারা গুদামজাত করছে গোলাজাত করছে। এই অসমতা চলেছে। এই অসমতা দূর করবার জন্য এবং খাদ্যশস্য উৎপাদন করবার জন্য গভর্নমেণ্ট এর এখনই উচিত যে

সমস্ত বাংলাদেশের কৃষি এবং ভূমি সেগুলি কো-অপারেটিভ বা সমবায় যে কোনটির ম্যানেজমেণ্ট-এ ব্যবস্থা করা। আজকে জমির যে দুরবস্থা তা গভর্নমেণ্ট এর ব্যর্থতার জন্যই হয়েছে। আরও দুরবস্থা দেখা দিয়েছে। যারা নাকি অনেক জমি স্বনামে এবং বেনামে রেখেছে তাদের জন্য। তারা তা থেকে অন্যায় ভাবে লাভ করছে আর সাধারণ লোক তার ফলে দুর্ভোগ ভোগ করছে। এ দূর করতে যদি গভর্নমেণ্ট ব্যর্থ হয় তা হলে এ গভর্নমেণ্টএর পরে আর এক গভর্নমেণ্ট আসতে পারে এবং সে সম্ভাবনা'ও আছে। আজকে আমরা কি দেখছি? আমরা দেখছি, ভূমিহীন কৃষকের হাতে ভূমি নেই, দুর্বল কৃষকের হাতে কিছু ভূমি আছে আর আছে সঙ্গতি সম্পন্ন ব্যক্তির হাতে যেখানে এটা হলো প্রয়োজনের অতিরিক্ত। এ প্রয়োজনের অতিরিক্ত তারা লাভ করেন বলে তারা যতটা এদিকে মনোনিবেশ করা দরকার বা অধিক ফসল উৎপাদনের জন্য যতটা শক্তি প্রয়োগ করা দরকার তা তারা করেন না। আমি জানি যে বাংলা দেশে যে সমস্ত জমি ফসল উৎপাদন করে তাতে যদি সরকার সক্রিয় ভাবে ইনটেনসিভ কালটিভেসান করে তাহলে অন্ততঃ ৫০ ভাগ খাদ্যশস্য আরও বাড়তে পারে এবং সে ৫০ ভাগ খাদ্যশস্য বাড়াটা কম কথা নয়। আপনারা যদি ফিগার্স নিয়ে দেখেন তাহা হলে দেখবেন যে প্রত্যেক জেলা বা প্রত্যেক এরিয়ায় যে সমস্ত জমি আছে তাতে গত পনের বৎসরে যে পরিমাণ ফলন হয়েছে এখন সে ফলনের পরিমাণ তাহার চেয়ে আরও কম হয। এটা কেন হয়? এটা হবার তার কারণ হলো যাদের হাতে বেশী জমি আছে তারা সে জমি নেগলেক্ট করেন এবং যা ফসল পান তাতেই তার লাভ।

আর যাদের হাতে কম জমি আছে, তাদের শক্তি নাই তার উর্বরা শক্তি বাড়াবার জন্য এবং গভর্নমেণ্টের এগ্রিকালচার ডিপার্টমেণ্ট ইরিগেসান ডিপার্টমেণ্ট তাঁরা আবাদ করেন ঘরে বসে বসে ফ্যাকটস এ্যাণ্ড ফিগারস সেই ফ্যাকটস এণ্ড ফিগারস দিয়ে ফসল উৎপাদন হবে না। সক্রিয়ভাবে মাঠে নামতে হবে; সমবায় শক্তিতে উদ্বুদ্ধ করতে হবে, জমির উৎপাদন শক্তি বাড়াতে হবে, ছোট ছোট টিউবওয়েল ইরিগেসান, এবং ফ্লাড কনট্রোল করতে হবে। আর করতে হবে কী? প্রত্যেক থানায় দুটো না হোক একটি করে গোডাউন করা দরকার যাতে চাষীরা তাদের উৎপন্ন ফসল সেখানে গিয়ে রাখতে পারে।

আর এই যে কমপেনসেসান দেওয়ার কথা বলছেন, সেই কমপেনসেসান ঐ রকমভাবে দিলে চলবে না। আপনারা যদি ৫।৭ বছরের পরিকল্পনা করে কো-অপারেটিভ বেসিস-এ কালটিভেসান করে যারা জমির মালিক তাদের আপনারা শেয়ার দেন এবং কোঅপারেসান যারা পেটী জোদ্দার তাদের দেবেন। ১৯৫৩ সালে যে টাকা দিতেন আজকে সেই টাকার দাম কমে গেছে। সেই অনুপাতে তাদের শেয়ার দিয়ে দেন। টাকা দিয়ে কি হবে। পকেটের টাকা পকেটেই থাক। আপনারা প্রত্যেক জায়গায় শেয়ারহোল্ডার নিন, কালটিভেটারদের নিয়ে কো-সেয়ার বাড়ান, যা প্রোডাকসান হবে তা ঠিক ঠিক ডিসট্রিবিউসান করুন। স্টেট ট্রেডিং করুন। তা না হলে কিছুতেই হালে পানি পাবেন না। আমার বক্তব্য হচ্ছে এসটেটস এ্যাকুইজিসান অ্যাক্ট বলুন ল্যাণ্ড রিফর্মস অ্যাক্টই বলুন—শুধু টিংকারিং প্যাচ ওয়ার্ক করলে পরে হবে না। যেটা বেসিক প্রবলেম স্কারিং প্রোবলেম যেটা মনস্টার-এর মত চোখের সামনে এসে দাঁড়াচেছ্ন, সেই প্রবলেম-এর ধারে কাছে আমরা যাব না—যদি না আমরা এমন আইন এখনই করি যে আইন চাষের উৎপন্ন বৃদ্ধি ও উৎপন্ন বণ্টনে সমতা রক্ষা করে এবং সেই উৎপন্ন যাতে প্রত্যেকের হাতে যায় গভর্নমেণ্ট একদিকে স্টেট ট্রেডিং নেবে, স্টেট মিনস প্রোডাকসান স্টেট মিনস ডিসট্রিবিউসান এবং স্টেট ট্রেডিং—এই তিনটা কো-অর্ডিনেট করবার জন্য যে আইন প্রণয়ন করা দরকার, সেই আইন যদি আপনারা করেন তাহলে ভাল হয়। তারপর যদি ঘাটতি পড়ে আমরা অন্য ইনডাসট্রির টাকা দিয়ে বাইরে থেকে খাদ্য নিয়ে আসতে পারবো। কিন্তু এই আইন আজ এইভাবে করে কো-অর্ডিনেট করে যদি আপনারা উৎপাদন বণ্টন বৃদ্ধি না করেন তাহলে কেবল ইণ্ডাস্ট্রির টাকা দিয়ে দেশের লোকের পেট ভরবে না। দেশের লোক চোখের সামনে যে অবস্থায় এসেছে, সেই আতংকিত ও আশংকাজনক অবস্থার হাত থেকে তারা আর পরিত্রাণ পাবে না।

Shri Abdullah Rasul:

মাননীয় সভাপতি মহাশয়, মন্ত্রিমহাশয় যে বিল এখানে উত্থাপন করেছেন, সেই বিলটা আমাদের এই সম্পূর্ণ হাউসকে একটা কমিটিতে রূপান্তর করে আলোচনার জন্য আমি একটা প্রস্তাব দিয়েছি। এই প্রস্তাব মাননীয় শশাঙ্কবাবুও দিয়েছেন এবং তাঁর বক্তব্যও তিনি রেখেছেন। এই বক্তব্য আজকেই যে প্রথমে বলছি তা নয়। কারণ এমনি বিল-এর পূর্বেও এখানে এসেছে। তখনও আমরা একই কথা বলেছি। স্টেটস একুইজিসান অ্যাক্ট-এর যখন ছোটখাট একটা প্রয়োজন দেখা দিচ্ছে, তখন সেই প্রয়োজন মেটাবার জন্য এই রকম একটা ছোট খাট বিল নিয়ে আসা হলো এবং সাময়িকভাবে দায় সারার ব্যবস্থা করা হলো। কিন্তু ব্যাপারটা আমরা অন্ততঃ এইভাবে না দেখে একটু অন্যভাবে দেখতে চাই এবং সেই কারণ এর পূর্বে এবং এবারও এই প্রস্তাবই করতে চাচ্ছি যে গভর্নমেণ্ট এই ধরণের ছোট ছোট সংশোধনের জন্য বিল না এনে সামগ্রিক ভাবে ভূমি ব্যবস্থাকে নূতন করে ঢেলে সাজার জন্য যে পরিমাণ যে ধরণের বিল প্রয়োজন সেই ধরণের বড় একটা কমপ্রিহেনসিভ বিল নিয়ে আসুন। প্রয়োজনটা যদি এই হয় যে কেবল খয়েরাট পাচ্ছি না, অথবা যাদের ক্ষতিপূরণ অল্প টাকা দিতে হবে, তাদের যদি এ সঙ্গে টাকাটা দেওয়া যায়,—এনুইটি ২৫ বছর ধরে না দিয়ে,—তাতে সুবিধা কিছু করলাম তাহলে এই ধরণের টুকিটাকি জিনিষ নিয়ে সমস্যা দেখলে আমার মনে হয়, আসল সমস্যাকে ঠিক ভাবে দেখা হবে না।

[5-20—5-30 p.m.]

উচিত হচ্ছে এই যে বর্তমানে শশাঙ্ক বাবুও বলেছেন, এই যে খাদ্য সঙ্কট চলছে, এ খাদ্য সঙ্কটের মীমাংসা বহু পরিমাণে নির্ভর করছে ভূমি ব্যবস্থার উপযুক্ত সংস্কারের উপরে। সে সংস্কারের জন্য আমাদের দু দুটো আইন পাশ হয়েছে এবং প্রায় দশ বছর ধরে আট বছর ধরে সেই আইন দেশেতে প্রয়োগ করা হয়েছে এবং সম্পূর্ণ ভাবে না হলেও অনেকখানি করা হয়েছে কিন্তু তার দ্বারা ভূমি সংস্কারের যে কাজ সে কাজ সমাধা করা হচ্ছে না। এবং এই আইনের দ্বারা হতে পারেও না। আবার একটা বিল হয়তো আসবে ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট এর একটা সংশোধনীয় আসবে। একই কথা, সেখানে হয়তো এই কথাই বলবো যা বলে আসছি, আমরা জানি সরকার আমাদের কথায় কান দেবেন না কারণ পূর্বে বহু কথাই বলা হয়েছে তারা কোনরূপ কান দিয়েচেন বলে আমাদের মনে হয়নি। এক্ষেত্রেও দেবেন না। তবে আমরা আছি বলতে হয় বলে যাচ্ছি। আমার বক্তব্য হচ্ছে যদি তারা শোনেন সমস্যাকে সমস্যা হিসাবে যদি দেখেন এবং তা সমাধানের প্রচেষ্টা যদি কিছু মাত্র করতে চান সেক্ষেত্রে আমার বক্তব্য আমি মনে করি এই যে ভূমি সংস্কারকে সামগ্রিক সংস্কার হিসাবে যদি গ্রহণ করেন তাহলে এস্টেট একুইজিসান অ্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট এই দুটো [illegible] পৃথক ভাবে না রেখে বরং এইসঙ্গে একটা বড় কমপ্রিহেনসিভ বিল আকারে তাদের নিয়ে আসুন এবং নিয়ে আসার কারণটা কি সেইটা আমি একটু ব্যাখ্যা করতে চাই। কারণ [illegible] প্রথমত একথা ঠিকই তাঁরাও হয়তো স্বীকার করবেন যে এই যে বিল আছে বর্তমানে [illegible] সমস্যা তার তুলনায় এই বিল যথেষ্ট নয়। দ্বিতীয়তঃ এই বিল অ্যাক্ট হয়ে যাবার পর কার্যকরী করতে হলে দেখা যাবে অনেক ফাঁক পূরণ হয়ে গেছে তার মধ্যে সেই ফাঁক পূরণ করতে হলে যে ধরণের এডমিনিস্ট্রেশান দরকার হয় সেটারও অভাব রয়েছে। কিন্তু তা সত্ত্বেও আমি এই কথাই বলতে চাইছি যে ভূমি ব্যবস্থার সংস্কার যদি না হয় বর্তমানে ভারতবর্ষে তো বটেই সাধারণ ভাবে বিশেষ করে বাংলা দেশের কথাই বলছি যে বাংলা দেশের সমস্ত সমাজটার অগ্রগতি নানাদিক থেকে ব্যাহত হচ্ছে এবং হবে। পূর্বের সরকারের একটা উদ্দেশ্য ছিল তাঁরা বলেছিলেন এবং আজও বলেন যে ভূমি ব্যবস্থার সংস্কারের দ্বারা সমাজের উন্নয়ন তারা করতে চান জনসাধারণের অবস্থার উন্নতি তাঁরা করতে চান। এগুলো তাদের উদ্দেশ্য আছে ঘোষিত নীতি হিসাবে রয়েছেও কিন্তু কার্যকরী নীতি হিসাবে এ জিনিষ কাজ করছে না। এই নীতিকে কাজ করাতে হলে প্রথম প্রয়োজন হচ্ছে যারা অধিক এবং বিশেষ করে প্রচুর জমির মালিক যারা সেই সমস্ত ব্যক্তির হাত থেকে জমি গভর্নমেণ্ট-এর নিয়ে নেওয়া উচিত এবং সেই জমি যারা কৃষক নিজের হাতে যারা উৎপাদন করে, তাদের মধ্যে বণ্টন করে দেওয়া উচিত। সেই সঙ্গে স্বভাবতই এই প্রশ্ন

উঠবে যে শুধু আমার মনে আছে এক সময় ডাঃ রায় বলেছিলেন শুধু পাঁচ বিঘা বা দশ বিঘা জমি যদি একজন কৃষককে দেওয়া হয় তবে সে চাষ করবে কি করে। নিশ্চয়ই জমি যদি দিই তাহলে চাষ করবার উপযুক্ত সংস্থানও তাকে দিতে হবে। আর তা যদি না দেওয়া হয় তাহলে দায় সারা হল, দায়িত্ব পালন হলো না।

মহালনবীশ রিপোর্টেই রয়েছে সারা ভারতবর্ষের হিসাব তারা দিয়েছেন, অন্ততঃ শতকরা ২০ জন গ্রামবাসী কৃষক সম্পূর্ণভাবে ভূমি হীন। এই শতকরা ২০ জনকে সরকার বা গভর্ণমেণ্ট কাজ দিতে পারেন না। আর জমিও তারা দেবেন না অথচ অকৃষকের হাতে জমি থাকে। এই অকৃষকের হাতে জমি থাকলে সেই জমির চাষ এবং উৎপাদন খুব ভাল ভাবে হয় না। এখানে চাষ করবার পদ্ধতিটা প্রধানতঃ এখনও রয়েছে ভাগ চাষ প্রথায়, পুঁজীবাদী ধরণের যে কৃষি ব্যবস্থা অনেক দেশে আছে এবং আমাদের দেশেও কোথাও কোথাও অল্প বিস্তর আছে সেই ধরণের কৃষি ব্যবস্থা বাংলাদেশে খুবই কম। এবং তার ফলে সামন্তবাদী প্রথায় এই ভাগ জমি চাষ করিয়ে ফসল উৎপাদন আমরা যথেষ্ট পরিমাণ করবো এবং তার দ্বারা খাদ্য সঙ্কটের সমাধান করে ফেলবো এটা বাতুলতা ছাড়া আমি আর কিছু মনে করি না। প্রয়োজন হচ্ছে সেই জন্য জমি বণ্টন করা, কৃষককে জমির মালিক করা। কৃষককে জমির মালিক করলে শুধু টেকনিক্যাল ব্যাপার নয় এর মধ্যে একটা মানবতার সম্পর্ক রয়েছে। মানুষের মনের সম্পর্ক রয়েছে। মানুষকে জমি দিলে জমির মালিক করলে তার মনে যে উৎসাহের সৃষ্টি হয় ভাল করে চাষ করবার এবং উৎপাদন বৃদ্ধি করবার জন্য সেই জিনিষ তার হাতে জমি না থাকলে কখন হতে পারে না।

এই ঘটনা বাস্তব জীবনে আমি দেখেছি, মালিক নিজের হাতে চাষ করে না, কিন্তু মজুর দিয়ে চাষ করিয়ে যে জমিতে ১৪ মণ ধান পেয়েছে সেই জমি থেকে ভাগে চাষ করিয়ে ৮ মণ পেয়েছে। অর্থাৎ উৎপাদন কমে গেল। এ জিনিষটা ঘটছে। সরকারী হিসাব থেকে আমরা পেয়েছি যে বাংলাদেশে গত বছরে ৪৮ লক্ষ টন চাল উৎপাদন হয়েছে। অথচ আমাদের খাদ্যের প্রয়োজন হচ্ছে ৬২।৬৪ লক্ষ টন। এর মানে কি? এর মানে ৪৮ লক্ষ টনের উপরে এক তৃতীয়াংশ বৃদ্ধি করলে ৬৪ লক্ষ টন হয়। বাংলাদেশে যে জমিতে চাষ হচ্ছে সেই জমিকে ভাল ভাবে চাষ করতে পারলে, কৃষককে জমি দিলে চাষ করার ব্যবস্থা করে দিলে এবং তার দ্বারা যে উৎসাহ মনে জাগবে সেই উৎসাহ সৃষ্টি করতে পারলে এক তৃতীয়াংশ কেন, খুব সহজেই অধিক ফসল বৃদ্ধি করতে পারা যায়—অর্থাৎ ৪৮ লক্ষের জায়গায় ৭২ লক্ষ টন হওয়া আশ্চর্যজনক কিছু নয়।

এই যে প্রয়োজন এই প্রয়োজনের একটা দিক হল খাদ্যের দিক কিন্তু এর আর একটা দিক আছে। সামগ্রিক ভাবে সমাজের অগ্রগতির প্রয়োজন, ভূমিবণ্টন ব্যবস্থা ও ভূমি সংস্কার ব্যবস্থার প্রয়োজন। তার কারণ এই উপায়ে যেমন একদিকে খাদ্য সঙ্কট সমাধান করতে পারে। অন্য দিকে কৃষির দিক থেকে শুধু খাদ্য সঙ্কটের সমাধান হয় না, তা থেকে আরও বেশী কাজ হয়। সরকার এখন প্রচুর কাঁচামাল চান। শিল্প, কারখানা করতে গেলে এর প্রয়োজন আছে। বাংলাদেশে ও ভারতবর্ষকে শিল্পায়িত করতে হবে। কয়েকটা কারখানা করলাম, ২।৫ হাজার কারখানা করলাম কিন্তু ভারতবর্ষে যেখানে ৪৫ কোটি লোকের বাস সেখানে হাজার হিসাবে কারখানা কিছুই হয় না। আমরা প্ল্যান করছি তৃতীয় পরিকল্পনার ২।১ বছর বাকী আছে ৪।৫টা পরিকল্পনা হবে—ভগবান জানেন কতগুলি পরিকল্পনা হবে কিন্তু দেশে শিল্পায়ন কতদিনে হবে তা কেউ বলতে পারেন না, গভর্ণমেণ্টও বলতে পারবেন না। স্ট্যাটিস্টিক্স-এ অনেক ভুল কথা থাকে স্ট্যাটিসটিক হচ্ছে এক ধরণের মিথ্যা। এ বিষয়ে একটা গল্প আছে। কিন্তু এর দ্বারা সমস্যা সমাধান হবে না।

আজ আমাদের প্রচুর পরিমাণে তুলা দরকার। সরষের তেল দরকার। এটা যদিও এক হিসেবে খাদ্যশস্য হয় তাহলেও এটা শিল্পের জন্য কাঁচামাল হিসাবে ব্যবহার করা হচ্ছে এর জন্য ১ লক্ষ ৬৫ হাজার একর জমি লাগবে ইত্যাদি কথা শুনছি। পাটের জমি সম্পর্কে মন্ত্রিমহাশয় অনেক কান্নাকাটি করেছেন। অর্থাৎ এর জন্য কয়েক লক্ষ একর জমি চলে গেল বলে আমাদের জমির উৎপাদন কম হল। ধানের উৎপাদন যে জমিতে করা

হচ্ছে বর্তমানে তাতে আমরা অনেক বেশী ধান উৎপাদন করে খাদ্যসমস্যার সমাধান করতে পারি এবং পাটের জন্য যে জমি লাগিয়েছি সেই জমি থেকে অনেক বেশী পাট উৎপাদন করতে পারি, তবে ভাল কোয়ালিটি হবে কিনা তা বলতে পারি না। তবু হয়তো পাকিস্তান থেকে পাট নাও আনতে পারি। এইভাবে আমরা সরষে, তিল, তেলের চাষ করতে পারি এবং আখের চাষ করে আমরা চিনি উৎপাদনের ব্যবস্থা করতে পারি। রামনগর ও বেলডাঙ্গায় দুটো কল দিয়ে কিছুই হবে না আমেদপুরে তো শেষ হয়ে গেছে। এই ভাবে কাঁচামাল যে সমস্ত শিল্পে ব্যবহার করা হয় সেই মাল আমরা বহুল পরমাণে উৎপাদন করতে পারি। এছাড়া যেটুকুন জমি আছে ১ কোটী ২০ লক্ষ একর সেই জমি থেকে আমরা অনেক বেশী পরিমাণে ফসল উৎপাদন করতে পারি। আমরা বলি না যে সমস্ত দিয়েই সমস্যার সমাধান হয়ে যাবে। ভারতবর্ষে কিছু আনতে হবে না এবং অন্য দেশে কেবল পাঠাতে হবে। আমরা বলছি এই রকমভাবে গর্তে পড়ে আর উঠতে না পারার মত মহাপঙ্কে নিমজ্জিত অবস্থা হয়েছে এবং সেজন্যই শিল্পোন্নতি যথেষ্ট হচ্ছে না। আমি মনে করি না শিল্প থেকে যথেষ্ট আয় হচ্ছে। শিল্প আমরা করছি আমাদের দেশের লোকের অবস্থার পরিবর্তন ও উন্নত করার জন্য কিন্তু তা হয়নি।

[5-30—5-40 p.m.]

আমাদের আরও শিল্প দরকার—যে পরিমাণ শিল্প হচেছ তার চেয়ে আরও বেশী পরিমাণ শিল্প করতে হবে। সেই শিল্প যদি করতে হয় তা হলে কৃষিজাত কাঁচা মাল আরও উৎপাদন করতে হবে ও এই শিল্পে যারা কাজ করবে সেই সমস্ত লোককে ও কৃষককে খাওয়াবার জন্য যথেষ্ট পরিমাণ খাদ্যশস্য উৎপাদন করতে হবে। এই দুটো জিনিষের একান্ত প্রয়োজন। তা যদি না করা হয় তা হলে বর্তমানে অর্থনৈতিক উন্নতি যে পরিমাণ হলে সমাজ ব্যবস্থার উন্নতি ও কালচার এর উন্নতি হতে পাবে সেই অবস্থায় কোন দিনই আমরা আনতে পারবো না।

এর সঙ্গে আর একটু বিবেচনা করার প্রয়োজন আছে সেটা হলো আমরা যে শিল্পজাত দ্রব্য তৈরী করবো সেই শিল্পজাত দ্রব্য বিক্রয় করার জন্য যে বাজারের দরকার সে বাজার কোথা থেকে আসবে? আমাদের যে জিনিষ উৎপাদন হলো তা যদি ঠিক বাজার না পায় তা হলে কি হবে? যদিও বাংলা দেশের লোক পেট ভরে খেতে পায় না বা কাপড়ও পরতে পাচেছ না, তবু বিদেশে মাল চালান না করলে আমাদের এখানে মাল কাটতি হবে না। শুধু ফরেন এক্সচেঞ্জ-এর জন্য নয়, ফরেন এক্সচেঞ্জ ছাড়াও আমাদের মাল কাটথি করার দরকার আছে এবং সে জন্য বাজারের দরকার। তা হলে বাজার খোঁজবার আগে বা যতক্ষণ তা না পাচ্ছি ততক্ষণ অন্ততঃ আমাদের দেশের বাজারের উন্নতি করি না কেন?

Mr. Chairman: Are you not actually straying away from the subject under discussion?

Shri Sasanka Sekhar Sanyal: No, he is not. I will tell you why-because in the statement of objects and reasons many things have been given and some of them relate to the vital question of land and land reforms-and, therefore, these observations are quite relevant.

Shri Abdullah Rasul:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার বক্তব্য শেষ হয়ে এসেছে। আমার বক্তব্য ছিল ভূমি সংস্কার এবং এসটেটস এ্যাকুইজিসান অ্যাক্ট এটা কমপ্রিহেনসিভ বিল হিসাবে আনার জন্য এটা এই বিষয়ের মধ্যে পড়ে। খাদ্য সমস্যা এবং তার সমাধানের পথ সম্বন্ধে আমি কিছুটা বললাম এবং শিল্পের নিজের যে সমস্যা আছে বাজারের যে সমস্যা সেটা এর ভেতরের থেকেই আসে। আমি সেই কারণে বলছি এই বাজার যদি ব্যাপক ভাবে বাড়াতে হয় তা হলে দেশের ভিতরে উৎপাদন বাড়াতে হবে। ভূমি সংস্কার করতে হবে ও কৃষকের হাতে জমি দিতে হবে কৃষকের হাতে জমি গেলে তার ক্রয় ক্ষমতা বাড়ে ও সে খাদ্য উৎপাদন বেশী করতে পারে এবং কাঁচা মালও বেশী উৎপাদন করতে পারে।

তার ক্রয় ক্ষমতা বাড়লে যে প্রচুর জিনিষ কিনতে পারবে। ফলে তার সামগ্রীক ভাবে সমস্যার সমাধান এবং অর্থনৈতিক দিকটার অন্ততঃ সমাধান হতে পারে। আমি সে দিকে লক্ষ্য রেখে আপনার মাধ্যমে মাননীয় মন্ত্রী মহাশয় তথা গভর্নমেণ্টের কাছে আবেদন করছি যে তাঁরা এই এস্টেটস একুইজিসান অ্যাক্ট এবং ল্যাণ্ড রিফর্মস অ্যাক্ট এই দুটা আইনকে একটা কমপ্রিহেনসিভ আইনে পরিণত করুন। যদি একটার অসুবিধা হয় তাহলে দুটাই করুন। এই দুটা কমপ্রিহেনসিভ বিল তৈরি করবার জন্য উপযুক্ত ভাবে প্রস্তুত হোন এবং তার জন্য ভাল ভাবে ২টা বিল তৈরী করে আমাদের কাছে উপস্থিত করুন। আমরা এ নিয়ে আলোচনা করি এবং যেভাবে এই সমস্যার সমাধান হতে পারে তার ব্যবস্থা করবার চেষ্টা আমরা করতে পারি।

Copy of statement made by Hon'ble Minister

Shri Satya Priya Roy:

মাননীয় চেয়ারম্যান স্যার, একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আমাদের ঐ দিকের মাননীয় সদস্য শ্রীউপেন্দ্রনাথ বর্মণ মহাশয় বলেছিলেন যে প্রশ্নের উত্তর বা কলিং এটেনশান এর যে সমস্ত উত্তর মাননীয় মন্ত্রিমহাশয়রা দেন তার একটা নকল টেবিলে রাখা উচিত। আজকে আমরা অত্যন্ত তীব্রভাবে তার প্রয়োজনীয়তা অনুভব করেছি, আজকে মাননীয় বিজয় সিং নাহার মহাশয় ফাইনেন্স মিনিস্টার এর পরিবর্তে যে স্টেটমেণ্ট পড়ে গিয়েছেন সে বিষয়ে আপনি নিশ্চয়ই লক্ষ্য করেছেন—যে আমরা দুবার সরকারের সে বক্তব্য শুনবার চেষ্টা করেছি কিন্তু তা সত্ত্বেও আমরা তা বুঝতে পারি নি। অথচ সে স্টেটমেণ্ট-এর নকলও নাকি অফিস-এর টেবিলে নেই আর রিপোর্টারদের কাছ থেকে আজকে পাওয়ারও কোনো উপায় নেই। কাজেই আজকে যারা আমাদের কাছে আসবেন বা জিজ্ঞাসা করবেন যে মন্ত্রিমহাশয় ঐ স্টেটমেণ্ট-এ কি বলেছেন তাদের কাছে আমরা সঠিক কথা বলতে পারবো না। আমি এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। কিন্তু কোন রকমেই এ কপি পাবার কোনো লক্ষণ দেখছি না। আমাদের স্যার, এটা আজকে বিশেষ দেখার প্রয়োজন।

Shri Sasanka Sekhar Sanyal: It is not merely a question of expedience; It is a question of decorum, It is a question of the dignity of the House. The Minister has run away with statement without, leave you Sir.

Mr. Chairman: I understand that the Minister has now left the House.

Shri Sasanka Sekhar Sanyal: The document is in the possession of the House. If he has taken away, it is stolen.

Mr. Chairman: I shall have to look into the matter. Please have patience. As soon as the House is over, you will get it.

Shri Sasanka Sekhar Sanyal: You have to bring this matter to the Committee of Privilege because whenever a matter is mentioned, that becomes a property of the House. The property of the House has been taken away by a Minister without the permission of the Chair. It is a serious matter.

Mr. Chairman: It is not a document really.

Shri Sasanka Sekhar Sanyal: It is a property of the House. It must be laid on the Table.

The Hon'ble Syamadas Bhattacharyya: It was read in the House. A copy of the statement can be circulated to the Members, say this evening or tomorrow.

Shri Sasanka Sekhar Sanyal: That is a different matter. The question is what should be in respect of the Minister who has been guilty of misconduct.

Dr. Srikumar Banerjee: There is no question of misconduct.

Shri Sasanka Sekhar Sanyal: For a Minister nothing can be worse than a misconduct.

Shri Satya Priya Roy:

আমি দুঃখের সঙ্গে বলছি স্যার, বিশ্বনাথবাবু এই মাত্র সেটা নিয়ে গেলেন। তিনি সেটা সঙ্গে রেখে দিচ্ছেন আর বলছেন মিনিস্টারের কাছে সেটা আছে, আনতে পাঠাচ্ছি। তিনি দশ বছর ধরে এখানে আছেন, আর এই রকম ব্যবহার করছেন।

Shri Sasanka Sekhar Sanyal: You please send for the Minister at once.

Mr. Chairman: Let us proceed with the business now. I shall look into the matter.

Shri Sasanka Sekhar Sanyal: Urgency is a constitutional propriety. He must come and apologise. Without the permission of the Chair he has taken away the document. Please send your Marshal to bring him.

Shri Nirmalya Bagchi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে বিলটা আমাদের রাজস্ব মন্ত্রী এখানে উপস্থিত করেছেন, সেই বিল সম্পর্কে আমার মাননীয় বন্ধু আব্দুল রসুল সাহেব যে কথা বলেছেন একটা সামগ্রিক বিল আনা অত্যন্ত জরুরী কর্তব্য। তিনি যে প্রস্তাব করেছেন আমি তা সর্বান্তঃকরণে সমর্থন করছি।

[5-40—5-50 p.m.]

১৯৫৪ সালে যে জমিদারী দখল আইন বাংলাদেশে চালু হয়েছিল, আজ দশ বছর অতিবাহিত হবার পর আজকে যখন এই নূতন বিলটা উপস্থিত করেছিলেন, তখন আশা করেছিলাম এই দশ বছর ধরে বাংলাদেশে এই আইন চালু করবার ফলে এই আইনকে কতটা কার্যকরী করেছেন। এই আইনের কি দোষত্রুটী ধরা পড়েছে ইত্যাদি সম্পর্কে তিনি একটা পূর্ণ বিবরণ আমাদের কাছে উপস্থিত করবেন এবং তার ভিত্তিতে আমরা এই তারই ভিত্তিতে তিনি এমন একটি বিল আনবেন আমাদের কাছে যেটার ভিতর প্রতিফলিত হবে ১০ বৎসরের অভিজ্ঞতা এমন একটি কম্প্রিহেনসিভ বিল সর্বাঙ্গ সুন্দর আইন তিনি উপস্থিত করবেন কিন্তু রাজস্ব মন্ত্রী তাতে আমাদের হতাশ করেছেন। মূল যে আইন ১৯৫৪ সালে হয়েছে তার একটি ত্রুটির কথা আমি উল্লেখ করছি এবং

West Bengal Estates Acquisition (Second Amendment) Bill, 1960.

যখন ১৯৬১ সালে এই হাউসের সামনে আলোচিত হয় তখন রাজস্ব মন্ত্রী ছিলেন বিমল চন্দ্র সিংহ—তিনি আমাদের সামনে বলেছিলেন—

As you remember, section 5A relates to the question of retaining a benami transfer and making enquiries into such cases."

কিন্তু আপনারা যদি আইনের ৫১৪ ধারাটা ভাল করে পড়ে দেখেন তাহলে দেখবেন এই আইনের ধারার মধ্যে কোন ট্রান্সফার সম্বন্ধে একটা কথাও উল্লেখ নাই। এই বেনামী ট্রান্সফার কথাটি সম্পূর্ণরূপে অনুল্লিখিত রয়েছে এবং সেখানে শুধু মালাফাইড ট্রান্সফার সম্পর্কে উল্লেখ রয়েছে ইস্ট ইণ্ডিয়া কোম্পানী আমলের থেকে বাংলা দেশে সেই ইস্ট ইণ্ডিয়া কোম্পানীর যে সমস্ত কর্মচারীরা ছিলেন তারা নানারকম বেনামী কারবার করতেন এবং আইনের চোখে এই

ভারতবর্ষেই সেটা শুধু সম্ভব হয়েছে—এ আর কোথায়ও নেই। এই বেনামী আইনের চক্ষে সিদ্ধ বলে স্বীকৃত হয়েছে। এই ম্যালাফাইডী ট্রান্সফার-এর চেয়ে এই বেনামী ট্রান্সফার আর কতদূর দুরভিসন্ধিমূলক তা লক্ষ করবেন। এই বেনামী আছে এ সম্পর্কে যেটুকু বক্তব্য সেটা মন্ত্রীমহাদয়ের সুবিধার জন্য ইংরাজী বলছি।

In cases of benami, the real ownership rests with the owner of the property, though the title deed stands in the name of the benamdar. The question of intention arises. In the case of benami, the intention of the owner is to retain the title with him. But in the case of mala fide transfer, the transfer is complete. His intention is not to retain the property but to part with the same with the mala fide object of frustrating the provisions of the Act.

আমি বলবো এই বেনামী ট্রান্সফার বাংলাদেশে বহু বহু হয়েছে। সেটাকে বাধা দেবার ব্যাপারে কোন ব্যবস্থা ১৯৫৪ সালের আইনে নাই। তার জন্য বিরোধী পক্ষ বাংলাদেশের জনমত আন্দোলন করেছে। এবং এই মন্ত্রী মণ্ডলীর দৃষ্টি আকর্ষণ করেছে কিন্তু কোন ব্যবস্থা এই মন্ত্রী সভার কাছ থেকে হয়নি। ৫এ(৪) ধারাতে অফিসারদের যে এনকোয়ারীর ভার দেওয়া হয়েছে সেটা হচ্ছে শুধু ম্যালাফাইডী ট্রান্সফার—বেনামী এনকোয়ারী তার স্কোপ-এর মধ্যে পড়ে না।

খনির সত্ব সম্পর্কে ১৯৬৪ সালে তাঁদের ঘুম ভেঙ্গেছে তার জন্য সংশোধনী আনা হচ্ছে এবং এর মধ্যে মাইনিং ফেডারেসন রয়েলটি বাবদ পশ্চিমবঙ্গ সরকারকে সাড়ে তিন কোটি টাকা ফাঁকি দিয়েছে এই সাড়ে তিন কোটি টাকা আদায় করবার জন্য পশ্চিমবঙ্গ সরকারকে হাই কোর্টে হিমসিম খেতে হচ্ছে। আজ এতদিন পরে হাইকোর্টে রায় বেরোতে বোঝা যাচ্ছে যে সরকারের হার হয়েছে। ওয়েস্ট বেঙ্গল এসটেট এ্যাকুইজিসান অ্যাক্ট-এর ৪নং ধারা মতে যে নোটিফিকেসন দেওয়া উচিত ছিল—সেটা তাঁরা ঠিক ঠিক ভাবে দিতে পারেন নি। এই গলদ ও গাফেলতির অনুসন্ধানের জন্য একটি উচ্চ পর্যায়ের একটি কমিটি নিযুক্ত করা উচিত। এই মাইনিং ফেডারেসন-এর এতো শক্তি যে সরকারকে উপেক্ষা করে যে ৪ আনা একরে যে জমির খাজনা আছে সেটা ১৯৫৪ সাল থেকে আজপর্যন্ত তারা ফেলে রেখেছে একটি পয়সাও তারা দেয় নি। এই এমেণ্ডমেণ্ট পাশ হওয়া সত্বেও ফেডারেশনের সাথে তারা হয়তো আপোষ আলোচনায় বসবেন। এবং তাঁরা হয়তো বেশ বড় অঙ্কের টাকা ছেড়ে দিয়ে একটা রফা করবেন। আমি এই ব্যাপারে রাজস্ব মন্ত্রীর কাছে একটি পূর্ণ আশ্বাস চাচ্ছি—এই আইনের সংশোধনের ফলে সেই রকম ব্যবস্থা করে এটা বলবৎ করবার চেষ্টা করবেন।

চাবাগান সম্পর্কে আজ ১০ বৎসর পরে তাঁদের সম্বিৎ ফিরে এসেছে।

চা বাগানে এতদিন পর্যন্ত ১।।০ একর প্রতি কর দেওয়া হোত অর্থাৎ ।।. আনা তাঁরা বিঘা-প্রতি কর দিয়ে এসেছেন বছর বছর ধরে। আমি যতদূর জানি ১০০ স্কোয়ার মাইল চা বাগান এলাকা রয়েছে যেগুলি হচ্ছে সম্পূর্ণ নিষ্কর জমি যেখান থেকে পশ্চিমবঙ্গ সরকার কোন কর আদায় করেন না। যেখান থেকে তাঁরা কর আদায় করবেন কিনা এটাই তাঁর কাছে আমার জিজ্ঞাস্য। আর একটা প্রশ্ন হচ্ছে যে চা বাগানের জমির ক্ষেত্রে ম্যাকসিমাম রেণ্ট ধরেছেন ৬.৫০ নঃ পঃ পার একার এই ম্যাক্সিমামএ তাঁরা পেঁৗছাবেন কিনা সেবিষয়ে সন্দেহ আছে। কিন্তু সেখানে এই গরীব কৃষকদের ঠিকাদারী হিসাবে যে জমির তাঁরা লাইসেন্স দিয়ে থাকেন সেখানে বছর বছর একর প্রতি ১০ টাকা করে লাইসেন্স ফি গ্রহণ করে থাকেন। সেখানে চা বাগানের মালিকদের প্রতি তাঁদের এই দুর্বলতা কেন সেটাই আমার জিজ্ঞাস্য ও পশ্চিম বঙ্গ সরকার ১৯৫৪ সাল থেকে আজ ১৯৬৪ সাল পর্যন্ত এসটেট অ্যাকুইজিসান আইন তাঁরা প্রবর্তন করে কি সাফল্য লাভ করেছেন তার একটা হিসাব আমি রাজস্ব মন্ত্রীমহাশয়কে উপহার দিতে চাই। ১৯৬২ সালের ৩১এ ডিসেম্বর পর্যন্ত এই হিসাবে টোটাল ক্রপট এরিয়া ইন ওয়েস্টবেঙ্গল ১ কোটি কত লক্ষ ৭৬ হাজার একর এবং টোটাল এরিয়া ভেসটেড চাষের জমির থেকে কত জমি সরকারের হাতে এসেছে যা ১১ লক্ষ ৩০

হাজার ২০ একর। অর্থাৎ টোটাল ক্রপড এরিয়া যেখানে জমি চাষ হচ্ছে এগ্রিকালচারাল ল্যাণ্ড—তার মাত্র শতকরা ৮ ভাগ নিজেদের দখলে আনতে পেরেছেন এবং ৮ পারসেণ্ট তার মধ্যে যে জমি তাঁর যেটাতে কৃষকদের মধ্যে সেটল করেছেন তার পরিমাণ হচ্ছে ১ লক্ষ ৩৯ হাজার ৬৪৪ একর। অর্থাৎ যে জমি তাঁদের হাতে ভেসটেড হয়েছে তার ১২.৩ ভাগ মাত্র তাঁরা গরীব কৃষকদের সেটেল করতে পেয়েছেন এবং এই সেটলমেণ্ট সম্পূর্ণভাবে ঠিকাদারী বন্দোবস্ত। অর্থাৎ এক বছরের জন্য তাঁরা এই বন্দোবস্ত দিয়েছেন এবং তাঁরা ১০ টাকা একর প্রতি ফী দিয়ে বার্ষিক লাইসেন্স ইস্যু করে থাকেন। পশ্চিমবঙ্গ সরকারকে স্মরণ করিয়ে দিতে চাই যে গুজরাট ও মহারাষ্ট্রে এই খাজনার পরিমাণ হচ্ছে একরপ্রতি যা গ্রস প্রডিউস তার মাত্র এক ষষ্ঠাংশ, আর এখানে ১০ টাকা একর প্রতি লাইসেন্স ফী আদায় হচ্ছে। সেখানে যারা ইণ্টারমিডেয়ারী জমি যাঁরা পূর্ব থেকে ভোগ করে আসছেন তাঁরা পূর্বের যা খাজনা তাই তাঁরা এখন দিতে পারবেন। অর্থাৎ হিসাব করে দেখুন যে তাঁরা এভারেজ এক একর প্রতি ৫০ নঃ পয়সার করে খাজনা দেন—আমার প্রশ্ন হচ্ছে এই যে জমি তার ১২.৩ পারসেণ্ট জমিতে আপনারা সেটেল করতে পেরেছেন সেই জমির সম্পর্কে পূর্ণ অধিকার এই কৃষকদের হাতে আপনারা করে দেবেন? এখানে আমাদের রাজস্বমন্ত্রী স্বীকার করেছেন এখন পর্যন্ত ফাইনাল রেকর্ড অফ রাইটস তাঁরা তৈরী করতে পারেন নি। এই রেকর্ড অফ রাইট যতদিন পর্যন্ত না তৈরী হচ্ছে ততদিন পর্যন্ত বাংলাদেশের কৃষি ব্যবস্থায় কার কি জমি আছে সে সম্পর্কে কোন হদিস পাবার কোন উপায় নেই। সুতরাং আমরা দেখতে পাচ্ছি যে সাধারণ চাষী সম্পর্কে এক নীতি, আর যারা পুরাণো আমলের জমিদার ও মধ্য স্বত্বভোগীদের সম্বন্ধে সরকার আর এক নীতি অনুসরণ করে চলেছেন। ডাবল স্টেণ্ডার্ড অনুসরণ করছেন। তারপর বাংলাদেশে ১৯৫৪ সালে যে জমিদারী দখল আইন প্রবর্তিত হয়েছে তার ফলে বাংলার বাস্তব জীবনে প্রকৃত কোন কল্যাণ সাধন হয়েছে কিনা সেটার দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ১৯৫৬-৫৭ সালে সারা ভারতবর্ষে দ্বিতীয়বারের মত ভূমিহীন, কৃষক মজুরদের একটা সমীক্ষা হয়ে গেছে। বাংলাদেশ সম্পর্কে জানা আছে যে ১৯৫০-৫১ সালে যেখানে ভূমিহীন কৃষক পরিবারের সংখ্যা ছিল শতকরা ৫৩.৭১, সেখানে ১৯৫৬ সালে এই পরিবারের সংখ্যা বৃদ্ধি পেয়ে দাঁড়িয়েছে ৬৩.৪৯। আর এই সমস্ত পরিবারগুলি ক্রমেই ঋণে নিমজ্জিত হয়ে পড়েছে। তাঁদের হিসাব অনুসারে বলছি ১৯৫০-৫১ সালে যেখানে ৩২.৯ ভাগ এই সমস্ত পরিবার ঋণে নিমজ্জিত ছিল, সেখানে ১৯৫৬-৫৭ সালে এই সংখ্যা বৃদ্ধি হয়ে দাঁড়িয়েছে ৬৯.২ ভাগ এবং এদের ঋণের পরিমাণ হচ্ছে ১৯৫০-৫১ সালে প্রতি পরিবারের ৪৪ টাকা সেখানে ১৯৫৬-৫৭ সালে হচ্ছে ৫৬ টাকা।

পশ্চিমবঙ্গ সরাকারের এই রাজস্ব আদায়ের কি যোগ্যতা তার এই নমুনা আপনারা গ্রহণ করুন!

[5-50—6 p.m.]

পশ্চিমবঙ্গ সরকার আজকে জমিদার হয়ে বসেছেন, সারা বাংলা দেশের জমিগুলি অধিকার করে তাঁরা খাজনা আদায় করতে বসেছেন। এই হচ্ছে বাংলা দেশের মানুষের সাথে তাঁদের সম্পর্ক এবং এটুকুও তারা যোগ্যতার সাথে করতে পারছেন না। রাজস্ব আদায় সম্পর্কে পশ্চিম বাংলার যে খরচ হয় তার একটা হিসাব শুনুন, ১০০ নঃ পঃ যদি কালেকসান হয়, সেখানে রাজস্ব আদায়ের খরচ হচ্ছে ৬২.৮ নঃ পঃ। পশ্চিমবঙ্গ সরকারের এই হচ্ছে জমিদারী পরিচালনার যোগ্যতা। এবং এই সম্পর্কে অমৃতবাজার পত্রিকার ১৩.২.৬৩ তারিখের খবর বেরিয়েছিল যে পশ্চিমবঙ্গ সরকারের রাজস্ব অনাদায়ী পড়ে আছে ১০ কোটি টাকা। এই ব্যবস্থার যদি আজকে পরিবর্তন করতে হয় তাহলে পরে মাত্র ২৭ টাকার মাহিনা দিয়ে ঐ তহশীলদার কে দিয়ে রাজস্ব আদায় করালে চলবে না। আমি মাননীয় রাজস্ব মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করতে চাই এই যে তহশীলদারদের ২৭ টাকা মাহিনা দিয়ে রাজস্ব আদায়ের জন্য নিযুক্ত করে রেখেছেন তা আজ কত তহবিল তছরূপের মামলা স্পেশাল কোর্টের সামনে ঝুলছে। এবং তারপর প্রতিবছর বছর

লাইসেন্স ফী দিয়ে জমির ব্যবস্থা করছেন তারফলে এক বিরাট দুর্নীতি চলছে ও গ্রামাঞ্চলে এই সব সাধারণ চাষী জানতে পারে না; পঞ্চায়েতের সদস্যরা, কংগ্রেসের সদস্যরা তাদের নিজেদের মধ্যেই ব্যবস্থা করেন এবং এভাবে বহু টাকা লেনদেন হতে থাকে। আমার আর একটা বক্তব্য হচ্ছে যে এই রাজস্ব ব্যবস্থা অত্যন্ত জটিল, এই রাজস্বের ব্যাপারে অভিজ্ঞতা প্রয়োজন। সেজন্য আমার মনে হয় রাজস্ব পরিচালনার ক্ষেত্রে কেবলমাত্র রাজস্ব বিভাগের জন্য নিযুক্ত বিশেষ কর্মচারী নিযুক্ত করুন। আজকে যেটা হয়ে আসছে তা হল এ. ডি. এম এর উপর জেলার রাজস্ব আদায়ের ভার আছে। দেখা গেল আজকে তাঁর উপর ভার দেওয়া আছে কিন্তু পরের দিনই তিনি রাইটার্স বিল্ডিংস-এর লেবার ডিপার্টমেন্টের এক ডিপুটি সেক্রেটারী ভার নিয়ে বসেছেন। কাজেই আমার কথা হচ্ছে এই ভাবে রাজস্ব ব্যবস্থা চলতে পারে না। আমি আর একটা কথা আপনার কাছে বলছি তা হল যে বণ্ড আপনারা দিতে আরম্ভ করেছেন ক্ষতি পূরণ হিসাবে তার কথা। কিন্তু আপনারা খোঁজ রাখেন কিনা জানি না যে, উত্তর প্রদেশ এবং বিহারে ১০০ টাকার বণ্ড ডিসকাউণ্ট এ ৪০ টাকায় বিক্রী হচ্ছে এবং বড়লোকেরা তা কিনে নিতে আরম্ভ করেছে। আজকে বাংলাদেশের রাজস্ব ব্যবস্থার মধ্যে যে বিফলতা দেখা দিতে আরম্ভ করেছে ভূমি সংক্রান্ত আইন বাংলা দেশের গ্রাম্য জীবনে কোনো বাস্তব পরিবর্তন আনতে পারেনি তার কারণ হচ্ছে যে পশ্চিম বাংলা সরকার এবং কংগ্রেস দল বাংলা দেশের গ্রামাঞ্চলে যে নূতন শ্রেণী গড়ে উঠতে আরম্ভ করেছে সেই ধনী কৃষক তাদের স্বার্থের সাথে এঁরা জড়িত। এই ব্যাপারে স্টেটস-ম্যান পত্রিকাতে গত ১০ই জুলাই ১৯৬৪তে যে প্রবন্ধ বেরিয়েছে তার একটা অংশ পাঠ করেই আমি আমার বক্তব্য শেষ করবো। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি এটা শুনলেই বুঝতে পারবেন। আজ আমাদের রাজস্ব মন্ত্রীর দুর্বলতা কেন? তিনি কেন একটা সর্বাঙ্গ সুন্দর আইন আনতে পারছেন না? শুধুমাত্র টিনকারিং উইথ দি প্রোবলেমস করছেন কেনো বৃহৎ দৃষ্টিভঙ্গী নিয়ে আজ তিনি কোন পূর্ণ উপস্থিত হতে পারলেন না। তার কারণ হচ্ছে কংগ্রেস রাজনৈতিক দলীয়স্বার্থে। এই প্রবন্ধে লেখক বলেছেন,

The inescapable answer is that the failure is not so much for economic or administrative reasons for political. The mainstay of the Congress in the villages is the rich peasant who has gained from what has so far been done by way of land reforms, Co-operatives and extensive services. This class contributes the bulk of Congress workers in villages.

সুতরাং এই শ্রেণী স্বার্থের বিরুদ্ধে বর্গাদার এবং ভূমি হীন কৃষক যারা নাকি শত শত লক্ষ লক্ষ রয়েছে তাদের স্বার্থের দিকে তাকিয়ে কোনো বৈপ্লবিক ভূমি সংস্কার আইন আনতে পারছেন না।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. The Minister who was responsible for making the statement came to the lobby. He is not entering the House; he has not returned the document. We cannot allow business of the House to go on unless he comes and explains and makes amends.

(কংগ্রেস ও বিরোধী পক্ষের সদস্যগণের মধ্যে বাদানুবাদ ও হৈ চৈ)

Shri Jatin Chakravorty:

স্যার তিনি লবীতে রয়েছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, আপনি লোক পাঠান।

He must come and produce the document and apologise. If he does not come and make amends, you adjourn the House.

Shri Satya Priya Roy:

স্যার, এটা কি হচ্ছে? মিনিষ্টার স্টেটমেণ্ট নিয়ে বাহিরে বসে থাকবেন? আপনি বারবার বলছেন তা সত্বেও তিনি কি ভেতরে আসবেন না?

Shri Nirmal Bose:

স্যার, আপনার প্রতি ওঁরা কোন সম্মান দেখাচ্ছেন না।

Shri Sasanka Sekhar Sanyal: Finance Minister should come and hand over the document. He should supply a copy to the Members.

Shri Rabindralal Sinha: Is there any provision for that? There is no provision that such statements are to be placed on the table. When a statement is read, their duty is to take note of it.

Shri Sasanka Sekhar Sanyal: He must produce the document.

Shri Rabindralal Sinha: Sir, a note is taken thereof. For their convenience we hand over the papers and they return the papers to us. There is no rule that such statements will be laid on the table.

Shri Sasanka Sekhar Sanyal: You on behalf of the House have asked the Minister to come and produce the document. That matter is closed It is not a question of controversy. If the order is not complied with, we shall not allow Government to proceed with the business one inch. The Minister is guilty of contempt of the Chair.

Mr. Chairman: There is no specific rule in this case. It is not a document. However, a copy will be placed in the House.

Shri Rabindralal Sinha: It is simple matter. I do not understand why this should be the case. First of all, the question is whether it requires to be placed or not That is a question to be decided by you As a matter of practice, we hand over the papers generally and they return to us. For their convenience they come to us and we hand over the papers. That is the procedure.

Shri Sasanka Sekhar Sanyal: Please obey the Chair.

Shri Rabindralal Sinha: The position is this. The Minister made a statement according to ordinary practice. While he went away, nobody asked for it He has left. Tomorrow we will produce it.

Shri Sasanka Sekhar Sanyal: It must be done today.

Shri Rabindralal Sinha: That is for the Chairman to decide.

Mr. Chairman: If necessary, a copy can be made and placed here.

Shri Jagannath Kolay:

না, না, স্যার, আমরা বলেছি, একটা স্টেটমেণ্ট দিয়েছি। আমাদের দেখতে হবে সেই স্টেটমেণ্ট কিসের উপর দিয়েছি। অন কলিং এ্যাটেনসান নোটিশ এই সেই কলিং এ্যাটেনসান-এর উপর কোন স্টেটমেণ্ট আমরা পড়ে বলতে পারি, এমনিও বলতে পারি, লিখেও বলতে পারি। ধরুন যদি কোন মিনিষ্টার কোন স্টেটমেণ্ট করেন, তিনি সেটা পড়েও বলত পারেন, না পড়েও বলতে পারেন। আপনার এখানে কোন রুলস নাই, যে মিনিস্টারের সেই স্টেটমেণ্ট টু বি লেইড অন দি টেবল অব দি হাউস করবেন। তা যদি থাকতো তাহলে মিনিষ্টার বাধ্য হতেন তা টেবিলে রাখতেন কিম্বা মিনিষ্টার যদি বলতেন যে ইট ইজ এ লেংদি স্টেটমেণ্ট একবার আমি বলেছি সেটা খুব বড় আছে।

(ইণ্টারাপসান) শুনুন, শুনুন, আমাকে শেষ করতে দিন।

[6—6-10 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order, Sir. The parliamentary practice is that whenever a member of the House or a Minister refers to a document in course of a speech in the House and if any member wants that document then the same must be produced.

Shri Jagannath Kolay: No, it is not at all a document.

Shri Sasanka Sekhar Sanyal: Whenever a Minister reads something the me must be produced if wanted by the House.

Shri Jagannath Kolay:

নো শশাঙ্কবাবু কি বলতে চান? আমি একটা কথা বলতে চাই যে তিনি অনেকদিন ধরে এখানে আছেন. তাঁর মত একজন শ্রেষ্ঠ পার্লিয়ামেণ্টারিয়েন অনেকদিন ধরে এখানে আছেন আমি যদি একট কলিং এটেনসান এর স্টেটমেণ্ট কলি সেটাকে যদি উনি বলতে চান ডকুমেণ্টারী স্টেটমেণ্ট তাহলে ভল করছেন। ডকুমেণ্ট কোনখানে বলবেন? না, আমি যদি এমন কোন ডকুমেণ্ট পড়ি তাহলে

that will be laid on the table of the House, otherwise not.

কিন্তু যদি মনে করেন কলিং এটেনসন-এ

statement is that will be documentary statement.

তাহলে ভুল হচ্ছে।

Shri Sasanka Sekhar Sanyal:

পার্লিয়ামেন্টারী প্র্যাকটিস থেকে বলছি পেপার যেটা হাউস পড়েছেন সেটা তিনি প্রডিউস করতে এব চেয়ারম্যান সেটা প্রডিউস করতে বলছেন সেটা ইমিডিয়েটলি করতে হবে।

Mr. Chairman: The question is whether the statement is a document or not. A statement has been made and some members complained to me that they were not able to understand some portion of the statement, particularly towards the end. Therefore, they want a copy.

Shri Jagannath Kolay:
It is the duty of your Secretary to circulate it.

(Voice from the Opposion—No, it cannot be)

Shri Jatin Chakravorty:

নিশ্চয় রিপোর্টারবা সেটা সারকুলেট করবে, সেক্রেটারী সারকুলেট করবে।

Dr. Srikumar Banerjee: Sir, will you kindly enquire as to whether the Reporters have got a copy ready now?

Shri Narendra Nath Das:

রিপোর্টাররা তো একমাস পরে পাঠান, তাদের মেলাতে হয়।

Mr. Chairman: I understand that the Reporters as their duty have got to make a copy of it and it will take a few minutes after the close of the sitting to-day.

Shri Sasanka Sekhar Sanyal: Don't shift, Sir. You wanted the Ministers to come and hand over the document. What will happen to that?

Mr. Chairman: The position has since changed—now the question is whether the statement is a document or not.

Shri Sasanka Sekhar Sanyal: Then you suspend the business, go to your chamber, call a committee and make enquiry?

Mr. Chairman: The House will be in possession of a copy of that statement as soon as it is ready with the Reporters.

Shri Sasanka Sekhar Sanyal: Don't look to the poor Reporters. They may do it now or they may do it after. You wanted the Minister to come and produce the document. What will happen to that?

Shri Narendra Nath Das:

বিজয় বাবু কোন কাগজ পড়েছেন, না মুখে বলেছেন? বিজয়বাবু যদি কাগজ পড়ে থাকেন তাহলে দ্যাট ইজ এ ডকুমেণ্ট।

Mr. Chairman: That I wanted with the idea that it was document. But now the question arises as to whether it is a document or not.

Shri Sasanka Sekhar Sanyal: "Document" means a written paper. Look up to the dictionary. Legally, linguistically and according to dictionary it is a document.

Shri Rabindralal Sinha: It is not a document.

Shri Narendra Nath Das:

অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, আপনি এটা ফাইণ্ড আউট করুন যে বিজয়বাবু কোন কাগজ থেকে পড়েছেন, না মুখে স্পীচ দিয়েছেন? উনি যদি কাগজ থেকে পড়ে থাকেন তাহলে দ্যাট ইজ এ ডকুমেণ্ট। এই ডকুমেণ্ট সরকারী অফিস থেকে এসেছে এবং সেটা তিনি এখানে পাঠ করেছেন—দ্যাট ইজ এড কুমেণ্ট। সেদিন উপেন বর্মণ মহাশয়.....;

Shri Sasanka Sekhar Sanyal:

'Document' means any writing or inscription. So, any writing is a document.

Shri Rabindralal Sinha:

But what is the rule? If the Hon'ble Minister refers to a document.

Shri Jagannath Kolay:

But he has not referred to any document.

Shri Jatin Chakravorti:

আপনি যে অর্ডার দিলেন তার কি হল? আপনার অর্ডার যদি আমরা মানি তাতে ডিফিকালটি কি? আপনি বলছেন রিপোর্টারদের কাছ থেকে কপি করে দেবেন। কিন্তু আমাদের মেম্বার্সরা যখন শুনতে পাননি, তখন রিপোর্টাররা কি করে শুনবেন? রিপোর্টাররা

অনেক সময় শুনতে না পেলে তাঁরা টুকে নেন। তাঁরা যদি শুনতে না পেয়ে থাকেন তাহলে তো সেটা ইনকমপ্লিট ষ্টেটমেণ্ট হবেএবং উনি যদি একটা স্টেটমেণ্ট করেন তাহলে সেটা তো ডিফার করবে। আজকে পার্লিয়ামেণ্টারী মিনিষ্টার-এর লজ্জা করছে না নিজেদের দায়িত্ব পরোব রিপোর্টারদের ঘাড়ে চাপাচ্ছেন। আজ মিনিস্টারদের লজ্জা হয় না এ ভেবে তাঁরা রিপোর্টারদের স্কেপগোট করছেন।

Mr. Chairman: It is a basic question—whether a statement is a document or not. The honourable Member has quoted the dictionary—a document is any writing or inscription. Written eloquence is forbidden here. So, it is usual, for a member to consult written notes or to read out extracts from something—a sort of aide-memoire. There are some Members who have read out their speeches and other Members have taken exception to that.

Shri Sasanka Sekhar Sanyal: That relates to debate and not to statement.

Mr. Chairman: Please look at the dictionary meaning of 'statement'.

Shri Nirmal Bose:

আমরা তো কেউ ভালভাবে শুনতে পাইনি, সুতারাং মন্ত্রীরা তো রয়েছেন তাঁরা বিষয়টা দেবেন না কেন?

Shri Santosh Kumar Bhattacharyya: What stands in the way of placing that statement before the House?

Mr. Chairman: Is statement a document or not?

Shri Rabindralal Sinha: Sir, I would request you to tell us whether under the rules we are required to produce it or not. Of course, when you have asked us to produce it, we shall certainly produce it. But, Sir, you should understand our difficulty. After a statement is made in the House, it is not the practice to place it before the House. Moreover, the particular Minister, who made the statement, has left with the file and he is not in the Assembly Buildings now.

Shri Satya Priya Roy:

দ্যাট ইজ এ রঙ স্টেটমেণ্ট। মিনিস্টারকে জিজ্ঞাসা করায় তিনি বলেছিলেন যে আমি অফিসে দিয়ে দিয়েছি।

The Leader of the House has made a wrong statement.

Shri Jagannath Kolay:

উইথ ডিউ রিগার্ড আমি আপনাকে বলছি অনেক সময় আমরা যে স্টেটমেণ্ট পড়ি রিপোর্টাররা নিতে পারেন না বলে, রিপোর্টাররা আমাদের কাছ থেকে চেয়ে নেন যে স্টেটমেণ্টএকি হয়েছে? এইভাবে বিজয়বাবুর কাছ থেকে রিপোর্টাররা চেয়ে স্টেটমেণ্ট নিয়েছেন এবং কারেক্ট করে দিয়েছেন। কলিং এটেনসান এর যখন স্টেটমেণ্ট হয় তখন আমাদের কোন মিনিস্টার তাঁর স্টেটমেণ্ট এর পর হাউস এর টেবলে এতা লে করেন না এবং এটাই জেনারেল প্র্যাকটিস হয়ে গেছে। স্টেটমেণ্ট ওঁরা চেয়েছেন ও বিজয় বাবুকে সেটা ওঁরা ফেরৎ দিয়ে দিয়েছেন এবং বিজয়বাবু সেটা নিয়ে চলে গেছেন।

Shri Nirmal Bose:

বিজয়বাবু এখান থেকে নিয়ে গেছেন কিন্তু তা নয়।

Shri Jagannath Kolay:

বিজয়বাবু এখান থেকে দেখিয়ে নিয়ে এসেম্বলী থেকেই চলে গেছেন।

Shri Satya Priya Roy:

আমি জানি বিশ্বনাথবাবু নিয়ে গেছেন এবং তাঁর পকেটে আছে।

Shri Narendra Nath Das:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, রিপোর্টার-এর উপর দায়িত্ব দিলে চলবে না।

Shri Jagannath Kolay:

It is the duty of the Reporters to take down the statement. তাদের জন্য টেপ রেকর্ডার আছে।

Shri Narendra Nath Das:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, রিপোর্টার-এর উপর এই দায়িত্ব দিচ্ছেন সে সম্বন্ধে বলতে চাই হাফ এন আওয়ার ডিসকাসান-এর জন্য আমি এখান থেকে একটা রিপোর্ট নিয়েছি, ত সমস্ত জায়গায় গ্যাপ রয়েছে। রিপোর্টাররা শ্রীমতী আভা মাইতির স্পীচ ঠিক ভাবে রেক করতে পারেন নি। অতএব রিপোর্টাররা যে রিপোর্ট দেবেন তা কখনই অথারাইজড হ না; কেন না সেটা কানেকটেড হচ্ছে না। কেন না, সেখানে অনেক গেপ রয়েছে।

Shri Jagannath Kolay:

The Reporters are not capable of taking down reports.

[6-10—6-23 p.m.]

Shri Narendra Nath Das:

সেদিন হাউসে, উপেনবাবু এই নিয়ে প্রশ্ন তুলেছিলেন, এবং মাননীয় মুখ্য মন্ত্রী মহাশয়ও ে দিন উপস্থিত ছিলেন। তিনি বলেছিলেন যে কলিং এটেনসান-এর যে রিপ্লাই তাই এখানে লেইড অন দি টেবল হবে। মুখ্য মন্ত্রী মহাশয় প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি এই এই কথা বলেছিলেন। সুতরাং মুখ্য মন্ত্রীর সে কথাটা আমরা রুলস'এর মত মনে করি।

Shri Biswanath Mukherjee:

স্যার, আরও দুটা কলিং এ্যাটেনসান-এর রিপ্লাই হয়েছে। তার অরিজিনাল স্টেটমেণ্ট এখানে আছে কিনা সেটা আমি জিজ্ঞাসা করছি? (একটি স্বর—এটা তো মিনিস্টারর কাছে আছে?) কোন্ মিনিষ্টারর কাছে আছে? আপনারা যে মিনিস্টারের কথা বলছেন তিনি চলে গেছেন।

Shri Satya Priya Roy:

স্যার, আমি মেটিরিয়েল টাই একটু বলবো, এরূপ স্টেটমেন্ট তো অনেক বারই দেওয় হয়েছে। এখানে আপনি অর্ডার দিলেন এবং জগন্নাথবাবুও বললেন যে আমি মিনিট কয়েকে [illegible]

Shri Jagannath Kolay:

আমি বলেছি যে আপনারা যদি চান তা হলে আমি পরে সারকুলেট করবো।

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, আপনি আমাদের কথা শুনুন আপনি স্যার রাগ করবেন না কারণ রাগাটা অশোভন এতগুলি কথা অন্য মন্ত্রীরা বলছেন কিন্তু যিনি সংশ্লিষ্ট মন্ত্রী তিনি কেন এসে ম্যাটারটা এক্সপ্লেন করছেন না?

Shri Jagannath Kolay:

বিজয় বাবু নেই, তিনি স্টেটমেন্ট করেছেন এবং তা সঙ্গে নিয়ে চলে গেছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

তিনি কেন চলে গেলেন? তাঁকে ডেকে পাঠানো হয়েছিল তবু কেন তিনি চলে গেলেন? আমি মাননীয় চেয়ারম্যানের দৃষ্টি আকর্ষণ করবরা এক মিনিট আগেও তিনি বাইরে দাঁড়িয়ে ছিলেন। সুতরাং তেনি কেন চলে গেলেন?

Mr. Chairman: I have been given to understand that the Sheet of paper from which the Minister read or which he used, whatever he may have done, is not a document—there were other portions. But let the Reporters first make a copy of what they have taken down of the statement made by the Minister and hand it over.

Shri Sasanka Sekhar Sanyal: Are you promising the House that no business will be transacted before the Minister comes and produces the correct document?

Mr. Chairman: Whether it is a document or not has to be decided first. Let the Reporters make a copy of what they have taken down.

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয় অন এ পয়েণ্ট অব অর্ডার আপনার কাছে আমার পয়েণ্ট অব অর্ডার যেটা তা হচ্ছে যে আমাদের এখানে অনেকবার আমরা পুলড আপ হয়েছি। যখন বাহিরের লোক বা যারা নিজেদের ডিফেণ্ড করতে পারে না তাদের সম্পর্কে যখন রেফারেন্স হয়..। আমার পয়েণ্ট অব অর্ডর হচ্ছে এই দিজ পুওর র রিপোর্টার্স যারা আজকে ডবর খাটুনি খাটছে, যারা সময় পায় না লেখবার তাদের সম্পর্কে আজকে এই Minister of Parliamentary affiairs and the leader of the House এই কথা বলছেন, যারা আজকে এর জবাব দিতে পারং না যে এটা ঠিক হচ্ছে কিনা।

Mr. Chairman: I understand that.

Shri Jatin Chakravorty:

স্যার, এই পোরসান টা এক্সপাঞ্জ করা হোক। এটা তাদের পক্ষে হিউম্যানলি ইমপসিবল।

Shri Nirmal Bose:

স্যার উনি বলেছেন তারা ত [illegible]!

Shri Jagannath Kolay:

আপনি অসত্য কথা বলছেন। আমি বলেছি যে তাদের দোষ হয়েছে।

Shri Rabindralal Sinha: No body has cast any reflection on the Reporters.

Mr. Chairman: If it is at all necessary, I would adjourn the House for ten minutes and, in the meanwhile, let the Reporters prepare a copy.

Shri Sasanka Sekhar Sanyal: Unless the Minister comes, nothing will be done. The Minister must come. Whatever has been said has been taken down by the Reporters. There is no question of privilege in respect of the Reporters. We raised the question of the conduct of the Minister. At one time you, in your wisdom, were good enough to say that he must come with the paper. Even if you want to go back, we won't allow our Chairman to go back. The Minister should come with the paper, otherwise we shall not allow the proceeding of the House or the Government business to go on.

Shri Nirmal Bose:

আমার একটা কথা বলার আছে। আমাদের পার্লামেণ্টারী য়্যাফেয়ার্সের মন্ত্রী মহাশয় বললেন যদি রিপোর্টাররা ঠিকমত না তুলে থাকেন, তাহলে সেটা তাঁদের অযোগ্যতা হবে। দোষ হবে। আর আমাদের শ্রমমন্ত্রী মাননীয় বিজয়বাবু যখন বললেন, তখন আপনিও স্বীকার করেছেন যে তাঁর সমস্ত কথা শোনা যায়নি এবং আমরাও কেউ তাঁর কথা শুনতে পাইনি। তাহলে এটা তাঁরও অযোগ্যতা? মাইক থাকা সত্ত্বেও তিনি ঠিকমত বলতে পারলেন না এবং আমরাও তা শুনতে পারলাম না যার জন্য এই অসুবিধার সৃষ্টি হলো। তাহলে মন্ত্রীর অযোগ্যতার বিচার কোথায়? তাঁর বিচার কে করবেন? তার প্রতিকার কোথায়?

The Hon'ble Jagannath Kolay:

এই হাউসে যা কিছু হবে তা রিপোর্টাররা নেবে না তো কে নেবে? আমরা যা বক্তৃতা দেব আমাদের অন্য লোক যাঁরা বক্তৃতা দেবেন রিপোর্টাররা তা যদি মিস করেন, তার জন্য টেপ রেকর্ডার আছে। আমাদের কোন ডিউটি নাই। কালকে এটা হবে কিনা—তা সেক্রেটারী দেখবেন। ইট ইজ দি ডিউটি অব দি সেক্রেটারী।

(এভয়েস: তাহলে তিনিও অযোগ্য?)

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি যদি রিপোর্টারদের সম্বন্ধে এনকোয়ারী করতে চান তাহলে কমিটি অব প্রিভিলেজ দিয়ে কমিটির থ্রু দিয়ে এনকোয়ারী করুন। এটা ইন ক্যামেরা মেটার চলবে না।

আর স্যার, আপনি যে অর্ডার দিয়েছেন সেই অর্ডার পালিত হবে এটাই আমরা চাই।

Mr. Chairman: If a Minister quotes in the Council a despatch or other State Paper which has not been presented to the Council, he shall lay the relevant Paper on the Table. It is not of that nature. It is not a despatch, nor is it a document.

Shri Sasanka Sekhar Sanyal: Our contention is that the Minister read from a document. Are you revising your order? The paper should be produced now. If it is not possible for the Minister to come and produce it, let the House stand adjourned till he comes and produces the Paper. Otherwise there will be no business.

Shri Satya Priya Roy:

On a point of privilege, Sir'

একজন মেম্বার রিপোর্টারদের থেকে কাগজটা নিয়ে গেছেন এই নিয়ে যাওয়াটার দ্বারা হাউসের প্রিভিলেজ ভাওলেট করেছে কিনা—আমি সেই প্রশ্ন জানতে চাই। এখানে যে কাগজখানা ছিল সেটা যদি মিনিস্টার নিয়ে যেতেন, সেটা আলাদা কথা ছিল, তাঁর নিজের পেপার কিন্তু সংশ্লিষ্ট মিনিস্টার সেটা না নিয়ে গিয়ে একজন মেম্বার নিয়ে গেছেন, আই ক্যান পয়েণ্ট হিম আউট এবং

That is a fact. The point is whether he has violated the privilege of the House.

Mr. Chairman: With regard to the statement concerned, I would ask the Reporters to prepare a copy immediately and, after that is done, it will be presented before the Members.

Shri Sasanka Sekhar Sanyal: The Minister should come before that. Let the House stand adjourned till that time.

Mr. Chairman: If the Members are agreeable then we may adjourn for 10 minutes. The House has a right to know the statement in full. The statement, as it has been uttered by the Minister, has been taken down by the Reporters and they will make a copy of it and place it before the House.

Shri Jatin Chakravorty: That will be a mere unrevised copy—who will check it up ? Therefore, adjournment for 10 minutes will not do.

Mr. Chairman: Then the House will have to be adjourned.

Shri Sasanka Sekhar Sanyal: Adjourn it now.

Mr. Chairman: Are all the Members agreable to that?

Dr. Esmail Ebrahim: Sir, we do not agree to the suggestion of Mr. Sanyal. When the Leader of the House has stated that the statement will be placed before the House next day, I don't think the whole house should be adjourned for this trifling thing.

(Noise and interruptions)

Mr. Chairman: My final decision is that the Reporters will prepare a copy of the statement from their Shorthand Note Books as it was spoken or uttered, and as you have heard it and as the Reporters have heard it, for all members who are interested in it. In the meantime, I adjourn the House until 3 p.m. on Tuesday the 8th of September, 1964.

Adjournment

The Council was accordingly adjourned at 6.23 p.m. till 3 p.m. on Tuesday, the 8th September, 1964, in the Legislative Buildings, Calcutta

Members absent.

Dr. Anil Chandra Banerjee.
Shri Dhirendra Nath Bhattacharya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Amar Prasad Chakrabarty.
Shrimati Abha Chatterjee.
Shrimati Labanyaprova Dutt.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Nanda Kishore Ghose.
Shri Ashutosh Ghosh.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Pashupatinath Muliah.
Shri Shaikh Mohammad Jan.
Shri Dhirendra Nath Moitra.
Shri Musharruf Hossain.
Shri Lakshman Prodhan.
Dr. Charu Chandra Sanyal.
Shrimati Reba Sen.
Shri Subodh Sen.

COUNCIL DEBATES

Tuesday, the 8th September, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 8th September, 1964, at 3 p.m. being the Tenth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the chair.

3—3-10 p.m.]

Expression of condolence

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি এখানে একটা শোক প্রস্তাব উত্থাপন করছি। খবরে প্রকাশ যে কেরালায় কংগ্রেস মন্ত্রীসভার ৭৩—৫০ ভোটে পতন ঘটেছে। সুতরাং এখানে যদি একটা শোক-জ্ঞাপন প্রস্তাব আমরা গ্রহণ করি তাহলে ভাল হয়।

Mr. Chairman : It will come out in the press. Of course, you have given the information. I suppose most of the members will be reading the report in the newspapers and their reaction might be different in different cases.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Establishment of a medical college at Jalpaiguri

74 Shri Nirmal Bose :

স্বাস্থ্য বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) জলপাইগুড়িতে একটি মেডিক্যাল কলেজ স্থাপনের বিষয়ে সরকার কি বিবেচনা করিতেছেন; এবং

(খ) 'ক'-এর উত্তর 'হ্যাঁ' হইলে, কবে ইহা স্থাপন করা সম্ভব হইবে?

Shrimati Purabi Mukherji :

(ক) না। (খ) প্রশ্ন উঠে না।

Shri Nirmal Bose:

জলপাইগুড়িতে একটা মেডিক্যাল কলেজ স্থাপন করা হোক এই বিষয় নিয়ে যে অনেক প্রস্তাব আছে সে সম্বন্ধে আপনি কি বিবেচনা করবেন?

Shrimati Purabi Mukherji :

নর্থ বেঙ্গল-এ একটি মাত্র মেডিক্যাল কলেজ করার পরিকল্পনা আছে। এর জন্য আমরা মনে করছি শিলিগুড়িতে যেখানে নর্থ বেঙ্গল ইউনিভার্সিটি হয়েছে তার সংলগ্ন যদি এটা হয় তাহলে নর্থ বেঙ্গল-এর ডিস্ট্রিক্টসগুলির পক্ষে বিভিন্ন জায়গা থেকে আসা সম্ভবপর হবে।

Shri Nirmal Bose:

আপনি শিলিগুড়িতে করার কথা বিবেচনা করছেন ভাল কথা। জলপাইগুড়িতে একটা মেডিক্যাল স্কুল ছিল—জ্যাকস্‌ন মেডিক্যাল স্কুল। সুতরাং নিউক্লিয়াস একটা যেখানে আছে সেখানে যদি মেডিক্যাল কলেজ করা যায় তাহলে কি অনেক অর্থের সাশ্রয় হবে না এবং কাজের সুবিধা হবে না?

Shrimati Purabi Mukherji:

না।

Shri Nirmal Bose:

তিনি মেডিক্যাল কলেজ সম্বন্ধে বললেন, কিন্তু তিনি কি জানাবেন যে জলপাইগুড়িতে মেডিক্যাল কলেজ করা সম্বন্ধে ইণ্ডিয়ান টি প্ল্যাণ্টার্স এ্যাসোসিয়েসন থেকে অর্থের কোন প্রস্তাব আছে কিনা যে তাঁরা এর জন্য টাকা দেবেন?

Shrimati Purabi Mukherji:

একটা বিশ্ববিদ্যালয় বা কোন মেডিক্যাল কলেজ কেবলমাত্র ইণ্ডিয়ান টি প্ল্যান্টার্স এ্যাসোসিয়েসন-এর টাকায় গড়ে ওঠা সম্ভব নয় এবং গড়ে উঠুক সেটাও বাঞ্ছনীয় নয়। আমরা চতুর্থ পরিকল্পনায় শিলিগুড়িতে করার যে প্রস্তাব নিয়েছি এই প্রস্তাবের উপরন্তু যদি অন্য কোথাও করি তাহলে তখন লোকাল কণ্ট্রিবিউসান-এর কথা ভাবব।

Shri Nirmal Bose:

জলপাইগুড়িতে মেডিক্যাল কলেজ হলে ইণ্ডিয়ান টি প্ল্যান্টার্স এ্যাসোসিয়েসন তার জন্য টাকা দেবেন এই রকম কোন প্রস্তাব এসেছে কি না?

Shrimati Purabi Mukhopadhyay:

টি প্ল্যাণ্টার্স এ্যাসোসিয়েসন চিঠি দিয়েছেন, তবে এই রকমভাবে খোলাখুলিভাবে লেখেন নি যে তাঁরা পুরো টাকা দেবেন কিনা, তাঁরা বলেছেন তাঁরা যথাসাধ্য সাহায্য করবেন।

***75. Shri Rabindralal Sinha:** Sir, I would request you kindly to change the order of questions and not to take up this question now as the Hon'ble Transport Minister is actually on his legs in the other House

Mr. Chairman: All right.

Sports Stadium

***76 Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what is the progress made up till now about construction of a sports stadium at Calcutta;

(b) what is the total amount spent so far for this project; and

(c) who are the persons entrusted for the execution of this project?

Shri Rabindralal Sinha: (a) (i) After protracted negotiations with the Government of India, they have agreed to release 22.77 acres of land in he Ellenborough Course for the Stadium.

(ii) Plans and estimates for the Stadium have been prepared by an expert and are ready for execution.

(iii) The construction work could not be taken up so far as the Government of India in the Ministry of Defence did not hand over the possession of the land to the State Government.

(iv) They have recently intimated that they would be prepared to hand over the site subject to settlement of terms with their representative. The representative of the Government of India is expected in the middle of August 1964.

I would like to add this. They came and we had discussions with them and they have left for New Delhi. They said that they would let us know their reaction and Government of India's final decision from New Delhi.

There is another point. The reply was sent more than a month ago and thereafter we have come to know that the second Howrah Bridge over the Hooghly in its Calcutta approach is going to pass by the side of the proposed Stadium. So, we have to consider from the traffic point of view the heavy traffic on the second Howrah Bridge and the heavy traffic on a games day near the Stadium and also the question of parking of cars, etc. near the Stadium. Therefore, we have to take advice of traffic experts and also of the C.M.P.O. in this connection before any final decision could be reached in the matter.

(b) A little over Rs. 2 lakhs has been spent for the preparation of the plans and estimates by an expert;

(c) The question of the execution of the project would be taken up as soon as the site is actually handed over by the Government of India. Nothing has been done so far.

Shri Jatin Chakravorty:

আপনি 'সি'র উত্তরে তো কিছু বললেন না,

(c) Who are the persons entrusted with the execution of this project.

Shri Rabindralal Sinha: Nobody has been entrusted with the work as yet. The question of execution of the project would be taken up after the site is handed over to us; after the site is handed over to us the Government of West Bengal will decide about the agency.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন আপনাদের একটা স্পোর্টস কাউন্সিল আছে কি না?

Shri Rabindralal Sinha:

স্টেডিয়াম যাতে তাড়াতাড়ি হয়, যাতে তাড়াতাড়ি সম্পন্ন হয় তারজন্য সরকারকে পরামর্শ দেবার জন্য একটা ছোট কমিটি আছে, এবং সে কমিটিতে ৩ জন আছেন শ্রীঅতুল্য ঘোষ, Chairman, West Bengal Sports Council and Education Minister, West Bengal and the Development Commissioner, and the Development Commissioner is the Convener.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে আগস্ট মাসের ২ তারিখে আপনাদের ঐ কমিটির সভা হয় রাজভবনে এবং সেই সভায় সর্বসম্মতিক্রমে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছিল যে যত তাড়াতাড়ি সম্ভব স্টেডিয়াম একজিকিউট করা হবে।

Shri Rabindralal Sinha:

ঠিক ২ তারিখে কি মনে নেই, তবে রাজভবনে স্টেডিয়াম কমিটি একবার মিট করেছিল এবং সেখানে আই এফ এ-র রেপ্রেজেন্টেটিভ ও সি এ বি রেপ্রেজেন্টেটিভ ও স্পোর্টস কাউন্সিল-এর মেম্বারদের ডাকা হয়েছিল পরামর্শ নেবার জন্য। সেখানে কোন ডিসিসন নেওয়া হয় নি। এছাড়া যত তাড়াতাড়ি সম্ভব স্টেডিয়াম করার এই সিদ্ধান্ত ত সরকার করেছেন।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় এই খবর অস্বীকার করতে চান যেটা আনন্দবাজার এবং যুগান্তরে ৩ তারিখে বের হয়েছিল, যেটা প্রকাশিত হয়েছে তাতে আছে, "রাজ্য ক্রীড়া পরিষদ কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সরকারের প্রস্তাব নিয়ে আলোচনা হয় এবং সভায় একটা স্টেডিয়াম নির্মাণ প্রস্তাব সর্বসম্মতিভুমে গৃহীত হয়", সেইজন্য প্রশ্ন করছিলাম যে সভায় যে একটা সর্বসম্মতি-ক্রমে সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে যে খেলাধুলায় যারা সংশ্লিষ্ট তাঁদের সকলকে নিয়ে আপনা-দের যাঁরা উপস্থিত ছিলেন তাঁদের সকলকে নিয়ে আপনারা এটা করবেন?

Shri Rabindralal Sinha:

মাননীয় চেয়ারম্যান, স্যার, যতীনবাবু যা বলেছেন ও আমি যা বলেছি তার মধ্যে কোন বিরোধ নেই. স্টেডিয়াম যাতে তাড়াতাড়ি হয় এবং যত তাড়াতাড়ি করা সম্ভব সেই ইচ্ছা সরকারই প্রকাশ করেছিলেন এবং স্টেডিয়াম কমিটিও সেই ইচ্ছা প্রকাশ করেছেন। সেদিন কোন সিদ্ধান্ত নেবার জন্য সভা ডাকা হয় নি। সভা ডাকা হয়েছিল স্পোর্টস-এর সংগে কনেক্টেড বিভিন্ন লোকের পরামর্শ ও মতামত নেবার জন্য। তবে যত তাড়াতাড়ি সম্ভব স্টেডিয়াম করা হবে এটা তো বটেই এবং এটা তো অস্বীকারও করি না। আর কবে আরম্ভ করতে পারবো সেটা এখন বলা মুস্কিল। এলেনবোরা কোর্স সম্পর্কে ফাইনাল কথা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমরা পাইনি আজ পর্যন্ত। তবে আমরা আশা করছি যে তাঁরা যখন কথাবর্তা বলেছেন তখন অনতিবিলম্বেই পাবো। যে নূতন ব্রীজ অর্থাৎ হাওড়া ব্রিজ ক্রসিং-এর প্রশ্ন উঠেছে এখানেও সি, এম, পি, ও এবং ট্র্যাফিক এক্স্পার্ট-এর সংগে আলোচনা করা দরকার।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে, যে এলেনবোরা কোর্সে সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এতদিন পরে দিতে রাজী হয়েছেন এবং সেখানে কয়েকটি সর্তর কথা বলেছেন। আমার জিজ্ঞাস্য হলো যে সর্তগুলি কি তা বলবেন কি?

Shri Rabindralal Sinha:

আমি আগেই বলেছি যে তাঁরা দখল দিতে রাজী হয়েছেন ইমার্জেন্সি-এর মধ্যে। এতদিনের আলোচনাতেও তারা বলেন নি, যা হোক আমরা যখন দখল নিতে গেলাম তখন ডিফেন্স ডিপার্টমেন্ট দখল আমাদের দিলেন না। তাঁরা এটা কেন্দ্রের কাছে রেফার করলেন। এবং তার-পর থেকে বর্তমান অবধি আমরা বহুবার চেষ্টা করেছি দখল পাবার জন্য যদিও তা আমরা পাই নি। এবং যে চিঠি লিখেছেন তার সম্বন্ধে আলোচনা করে টার্মস সেট্‌ল করা হলে পরে তারা দিতে পারবেন। কিন্তু সে টার্মস আমাদের কাছে এসেছিল তা নিয়ে আমাদের সংগে আলাপ আলোচনা হয়েছে। এখন এই টার্মস ফাইন্যাল হবার আগে আলোচনা কি ধারায় চলেছে সেটা প্রকাশ করা উচিত নয়।

[3-10—3-20 p.m.]

Shri Jatin Chakravorty:

আজকে আমরা সংবাদপত্রে দেখেছি যে লোকসভায় প্রফেসার হীরেন মুখার্জীর এক প্রশ্নের উত্তর দেবার সময় প্রতিরক্ষা উৎপাদন দপ্তরের মন্ত্রী এ. এম, টমাস্ বলেছেন তাঁরা ইজারা

দিতে রাজী হয়েছেন এবং কতকগুলি সর্ত আপনাদের সামনে রেখেছেন। অথচ আপনারা বলছেন এখনো সর্ত তাঁরা জানান নাই বা তা নিয়ে আলোচনাও ঠিক হয় নাই। এই কি রকম কথা? তাহলে কি টমাস্ অসত্য কথা বলেছেন?

Shri Rabindralal Sinha:

আমাকে যেটা য়্যাসক্রাইব করা হচ্ছে আমি সেটা বলিনি যে তাঁরা কোন সর্ত না নিয়ে কলিকাতায় এসেছিলেন। তাঁরা সর্ত নিয়ে কলিকাতায় এসেছিলেন। কিন্তু তার যে ফাইন্যাল রেসাল্ট কি হলো তা বলতে পারছি না, আলোচনা হয়েছে, কেন্দ্র যদি আমাদের আবার লিখেন যে এই সমস্ত করতে পারবো না, তাহলে আবার আমাদের কেন্দ্রকে লিখতে হবে। সুতরাং কেন্দ্রের কাছ থেকে ফাইন্যালি সর্ত সম্বন্ধে আমরা এখনো জানতে পারিনি। হীরেনবাবুর প্রশ্নের জবাবে যে কথা তাঁরা বলছেন, সে তো বহুকাল ধরে কেন্দ্রীয় সরকার বলেছেন আমরা দিতে রাজী কিন্তু রাজ্য সরকার দখল পাচ্ছেন না।

Shri Jatin Chakravorty:

আলোচনা হয়েছে সর্ত সাপেক্ষ তিনি বলছেন। তাহলে একথা কি সত্য নয় সর্তের মধ্যে এটা আছে যে যেহেতু এটা মিলিটারীর জায়গা সেইহেতু এখানে স্টেডিয়াম হলে সেই স্টেডিয়াম থেকে যে আয় হবে তার একটা অংশ মিলিটারীদের যে ওয়েলফেয়ার, সেই ওয়েলফেয়ারের জন্য কিছু টাকা দিতে হবে? একথা কি সত্য—এটা একটা সর্ত?

Shri Prafulla Chandra Sen : .. ...

এ সম্বন্ধে আমার সঙ্গে আলোচনা হয়েছিল—ডিফেন্স ডিপার্টমেন্টের লোকদের সঙ্গে এবং যে সমস্ত সর্তের কথা তাঁরা তুলেছিলেন আমরা তাতে রাজী হতে পারি নাই। কাজে কাজেই যতদিন পর্যন্ত এই নিয়ে একটা চরম ও চূড়ান্ত আলোচনা না হয়, ততদিন কোন সিদ্ধান্তে আমরা উপনীত হতে পারছি না।

Shri Jatin Chakravorty:

আজকে যে নূতন কথা শুনছি। মন্ত্রী মহাশয় এইমাত্র বললেন, শিক্ষামন্ত্রী বললেন যে সি, এম পি, ও-র সঙ্গে পরামর্শ করতে হবে, ওখানে আর একটা হাওড়া ব্রীজ হতে পারে ইত্যাদি। আমার প্রশ্ন হচ্ছে এই আপনাদের এই যে কমিটির কথা বললেন, সেই কমিটি এবং যিনি রাজ্য স্পোর্টস কাউন্সিল-এর সভাপতি, আই, এফ, এ-র সভাপতি শ্রীঅতুল্য ঘোষ মহাশয়, ইনি একটা অভিমত প্রকাশ করেছেন ৬ই আগষ্ট তারিখের সংবাদপত্রে দেখেছি বেরিয়েছে যে তিনি এই জায়গায় স্টেডিয়াম হওয়া পছন্দ করছেন না। তিনি বলতে চান যে কলকাতা থেকে ৮।১০ মাইল দূরে অন্ততঃ দেড়শো একর জমিতে একটা বৃহৎ ষ্টেডিয়াম হোক। এই অভিমত প্রকাশ করেছেন বলেই কি আপনারা ঐ সি, এম, পি, ও-র অজুহাত দিয়ে এখানে ষ্টেডিয়াম না করে অন্য জায়গায় ষ্টেডিয়াম করবার পরিকল্পনা করছেন এবং সেইজন্য ঐ অভিমত প্রকাশ করছেন?

Shri Prafulla Chandra Sen:

স্পোর্টস কাউন্সিল-এর সভাপতি কি বলেছেন আমি জানি না। কারণ আমার সঙ্গে কিম্বা শিক্ষামন্ত্রীর সঙ্গে এরকম কোন কথাবার্তা হয় নাই বা পত্র ব্যবহারও হয় নাই। আমরা আগে এই জমি চেয়েছিলম ডিফেন্স ডিপার্টমেন্ট-এর কাছে। প্রথমে তাঁরা রাজী হয় নাই। তারপর যখন তাঁরা রাজী হলেন, তখন আমাদের চিঠি লিখলেন যে কতকগুলি সর্তে আমাদের আবদ্ধ হতে হবে। আমরা বললাম, কি তোমাদের সর্ত জানাও। তখন তাঁরা সেই সর্ত পাঠিয়ে দিয়েছিলেন, তা নিয়ে আমাদের সঙ্গে আলোচনা হয়েছিল, আমরা সমস্ত সর্তে রাজী হতে পারি নাই, এখনও কথাবার্তা চলছে। শিক্ষামন্ত্রী যে ব্রীজ্ য়্যাপ্রোচের কথা বললেন সেটা তো পরের কথা। জমি পাওয়ার সম্বন্ধে এখনো আলোচনা হচ্ছে। জমিটা সর্তাধীনে নিতে কতটা পারবো কিংবা সর্তে রাজী হতে পারবো কি না সে সম্বন্ধে এখনো চরম সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

Shri Jatin Chakravorty:

তাহলে এটা কি ধরে নিতে হবে যে রাজ্য স্পোর্টস কাউন্সিল-এর সম্পাদক শম্ভু মল্লিক মহাশয় যে বিবৃতি দিয়েছিলেন সংবাদপত্রে যে এটা ঠিক হয়ে গেছে যে ষ্টেডিয়াম সল্ট লেক এলাকায় যে জমি নেওয়া হচ্ছে সেখানে করা হবে? এটা কি আন্‌অথারাইজড বা বেস্‌লেস?

Shri Prafulla Chandra Sen:

যদি মনে করেন সল্ট লেক অঞ্চলে ষ্টেডিয়াম হোক,—তা মনে করতে পারেন তবে এখনো এ সম্বন্ধে কোন চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করা হয় নাই।

এটা তাঁরা যদি মনে করেন যে সল্ট লেক অঞ্চলে ষ্টেডিয়াম হোক, তাঁরা তা মনে করতে পারেন সরকার এ সম্বন্ধে কোন চরম সিদ্ধান্ত গ্রহণ করেন নি।

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রী মহাশয় কি দয়া করে জানাবেন যে তাঁর সরকার যে পরিকল্পনা গ্রহণ করতে যাচ্ছেন —এলেনবারা কোর্সে—যেখানেতে কেন্দ্রীয় সরকার জায়গা দিয়েছেন এবং যেখানে এতগুলি ক্লাব রয়েছে এতগুলি ক্লাবের টেন্ট রয়েছে এবং বিশেষ করে ডালহাউসী এলাকায়—যাকে এতো ডেভেলপ করছেন—বা এতো বাড়ী হচ্ছে; এই সব কথা বিবেচনা করে এখানে যাতে স্টেডিয়াম হয় সে সম্পর্কে সিদ্ধান্ত গ্রহণ করবেন কিনা?

Shri Prafulla Chandra Sen:

এলেনবারায় স্টেডিয়াম করা হবে এ নূতন কিছু নয়—পুরানো কথা এবং আমি এর পূর্বে ঐ, জায়গা পাই নি ডিফেন্স ডিপার্টমেন্ট রাজী হয় নি মাঝখানে। এখন রাজী হয়েছে। কিন্তু কতকগুলি সর্ত আরোপ করতে চাচ্ছে। সেই সর্ত সম্বন্ধে আলোচনা চলছে। এ জায়গা বাদে অন্য জায়গায় স্টেডিয়াম করবার কথা পশ্চিমবঙ্গ সরকার কিছুই ভাবেন নাই।

Shri Sreepada Bhattacharya:

শিক্ষামন্ত্রী দয়া করে বলবেন কি যে কোন স্টেডিয়াম যদি হয় তাহলে সেটা কলকাতা করপোরেসনের ভিতর হবে কিনা?

Shri Rabindralal Sinha:

এ সম্বন্ধে জোর করে কিছু বলা যাচ্ছে না।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে গড়ের মাঠে স্টেডিয়াম করলে কলকাতায় যে নিশ্বাস ফেলার জায়গা যেটুকু আছে সেটুকুও নষ্ট হয়ে যাবে এই বলে স্টেটস্‌ম্যানে কিছুদিন আগে একটা অভিমত পেশ করা হয়েছে—গড়ের মাঠে স্টেডিয়াম হলে আরও ক্ষতি হবে এ লার্জ সেকসন অফ দি পিপ্‌ল একটা জনমত আছে—কারণ একে তো ব্রীজ হচ্ছে আর একটা গঙ্গার ধারে তাতে এন্‌ক্রোচ হবে?

(এ ভয়েস ঃ লার্জ সেকসন নয়—আপনার মত লোক)

স্টেটসম্যানের সম্পাদকীয় কলমে যেটা প্রকাশিত হয়েছে। মন্ত্রিমহাশয় সেটা জানেন কি?

Shri Prafulla Chandra Sen:

যদি স্টেডিয়ামে ৫০।৬০ হাজার লোক বিশুদ্ধ বায়ু সেবন করেন তাহলে তাঁদের কল্যাণই হবে।

Shri Sasanka Sekhar Sanyal:

মুখ্যমন্ত্রীর কি এটা জানানো সম্ভব হবে কি যে কোন কোন উল্লেখযোগ্য বিষয় সর্তের মধ্যে যেগুলি সরকার গ্রহণ করতে পারছেন না?

Shri Prafulla Chandra Sen:

আমি মনে করি, একথা এখানে যদি বলি বা আলোচনা করি তাহলে আমাদের ক্ষতি হবে—আলোচনা শেষে মাননীয় সদস্যকে আমি নিশ্চয় জানাবো।

Shri Jatin Chakravorty:

মুখ্যমন্ত্রীকে একথা জানাতে চাচ্ছি—তার কারণ তিনি যখন জবাবগুলি সরকার পক্ষ থেকে দিচ্ছেন যে ষ্টেডিয়াম তৈরী করার ক্ষেত্রে এলেনবারা কোর্সটাকে অগ্রাধিকার দেওয়া হবে?

Shri Prafulla Chandra Sen:

যদি সর্ত আমাদের মনোমত হয়, নিশ্চয় অগ্রাধিকার দেবো।

Tuition fees for children of teachers

*77. **Shri Satya Priya Roy:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state what steps have been or are proposed to be taken by the Government for disbursement of the dues of the teachers of non-Government aided schools on account of tuition fees of their wards and the approximate time when the disbursement will be made?

Shri Rabindralal Sinha: The Director of Public Instruction, West Bengal, has arranged for payment of the tuition fee grants for 1962-63 as per list furnished by the Board of Secondary Education, through the District Offices. The District Inspectors/Inspectresses of Schools have also been requested to invite applications from the schools and to intimate their requirements for 1963-64 on receipt of which allotments would be placed at their disposal. It is expected that payments on this head will be made within the current financial year.

Shri Satya Priya Roy:

পূজার আগে সেটা পাওয়া সম্ভব কিনা সেটা মন্ত্রীমহাশয় বলবেন কি?

Shri Rabindralal Sinha:

১৯৬২-৬৩ সালের একটা লিষ্ট পেয়েছি বোর্ডের কাছ থেকে। আমাদের ধারণা এটা ইনকমপ্লিট—তবে ইনকমপ্লিট হোক আর কমপ্লিটই হোক যেটা পেয়েছি সেটা অলরেডি দেবার জন্য আমরা অর্ডার দিয়েছি—আশা করি সেটা পূজার আগেই পাওয়া সম্ভব। আর ১৯৬৩-৬৪ সেটা আপনারা জানেন যে য়্যাপ্লিকেসান ইনভাইট করে করতে হবে।

[3-20—3-30 p.m.]

Number of State Buses burnt since January, 1964

*75. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(i) the number of State buses completely and partially burnt since January 1, 1964;

(ii) the causes of burning ;

(iii) whether any person or persons have been arrested in this connection; and

(iv) what steps the Government have taken to stop recurrence of such events ?

Shri Prafulla Chandra Sen: (i) Two.

(ii) Could not be properly traced.

(iii) None arrested.

(iv) The Calcutta State Transport Corporation have appointed an Expert Committee headed by the Director, Forensic Institute, to investigate the causes of burning of the two buses. Further action will be taken by the Corporation on receipt of their report. In the meantime, steps have been taken to supervise runing repair work in different Depots and there has been no such case since then.

Shri Narendra Nath Das:

আপনি এই যে দুটো স্টেট বাস-এর কথা উল্লেখ করলেন তাতে এই ধরণের ঘটনা এর আগে কখনও হয়েছে কিনা ?

Shri Prafulla Chandra Sen:

ঠিক এই ধরণের ঘটনা আগে হয়নি।

Shri Narendra Nath Das :

৬নং স্টেট বাস পুড়ে গিয়েছিল তা আমি দেখেছি এবং তার কিছুই বাকী ছিল না—তার স্ট্রাক-চার পর্যন্ত পুড়ে গিয়েছিল। এই রকম ধরণের ঘটনা যে ঘটল তখন এর পেছনে যদি কোন গভীর কারণ না থাকে তাহলে এটা কেমন করে ঘটল সেটা এখনও পর্যন্ত ট্রেস করতে পারলেন না কেন?

Shri Prafulla Chandra Sen:

আমার এখানে যে তথ্য আছে তাতে দেখছি—এই যে পুড়ে গেছে তার ক্ষতির পরিমাণ হচ্ছে মাত্র ৪৫০ টাকা।

Shri Narendra Nath Das :

একটা স্টেট বাস কি কমপ্লিটলি বার্ন্ট হয়ে যায় নি?

Shri Prafulla Chandra Sen: Only two State Buses belonging to C.S.T.C. were burnt since January, 1964, i.e., on the 12th March, 1964. The seats were completely burnt off and the intense heat also melted the aluminium sections of the body. The cost of renovation will be about Rs. 450.

Payment of University Grants Commission Scales of Pay

***78. Shri Nirmal Bose:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) ১৯৬৩ সালের ৩১এ মার্চ তারিখের পর যে সব অধ্যাপক বে-সরকারী কলেজের চাকুরীতে প্রবেশ করিয়াছেন, তাঁহাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন নির্ধারিত বেতনক্রমের সুবিধা দিবার বিষয়ে সরকার কি কোন সিদ্ধান্ত গ্রহণ করিয়াছেন;

(খ) 'ক'-এর উত্তর 'হ্যাঁ' হইলে, কবে হইতে ইহা চালু করা হইবে; এবং
(গ) 'ক'-এর উত্তর 'না' হইলে, ইহা না করিবার কারণ কি?

Shri Rabindralal Sinha:

(ক), (খ) ও (গ) ১৯৬৩ সালের ৩১এ মার্চ তারিখের পরে যে সব অধ্যাপক বে-সরকারী কলেজে পূর্বতন অনুমোদিত পদে নিযুক্ত হইয়াছেন, তাঁহাদের বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্ধারিত বেতন ক্রমের সুবিধা দেওয়া হয়। ঐ তারিখের পর কলেজ কর্তৃপক্ষ যদি কোন অতিরিক্ত নূতন পদে কোন অধ্যাপক নিযুক্ত করেন, তবে তাহার পূর্ণ আর্থিক দায়িত্ব কলেজ কর্তৃপক্ষেরই বহন করিতে হইবে।

Shri Nirmal Bose:

৩১এ মার্চের আগেকার পদে যাঁরা নিযুক্ত হয়েছেন তাঁদের দায়িত্ব সরকার গ্রহণ করেছেন সেটা ভাল কথা। কিন্তু ৩১এ মার্চের পর যাদের নূতন পদে নিয়োগ করা হয়েছে সেই নূতন পদের দায়িত্ব সরকার গ্রহণ করবেন কিনা এবং এই প্রশ্নের উত্তরে, শিক্ষামন্ত্রী মহাশয় বললেন ৩১এ মার্চের পর যাদের নিয়োগ করা হয়েছে তাঁদের দায়িত্ব কলেজের কিন্তু সরকার তাঁদের দায়িত্ব গ্রহণ করবেন কিনা?

Shri Rabindralal Sinha:

এখনও পর্যন্ত আমরা এই দায়িত্ব গ্রহণ করিনি, একথা ঠিক। কারণ আজ ৩১এ মার্চের মধ্যে ইউ, জি, সি-র বেতনক্রম জানা হয়ে গেল সকলের। যাঁরা নূতন পদ সৃষ্টি করবেন তাঁদের নিজেদের সংগতি বুঝে করা উচিৎ—তাঁদের বোঝা উচিৎ আজকে অধ্যাপকের বেতনক্রম এই এবং আমাকে নূতন পদ সৃষ্টি করতে হলে এই বেতনক্রম অনুযায়ী বেতন দিতে হবে। বেসরকারী কলেজ কর্তৃপক্ষ যখন খুশী পদ সৃষ্টি করে যাবেন, আর সেই আনস্পেসিফায়েড লায়েবিলিটি সরকারের পক্ষে নেওয়া সম্ভব নয়। তবে আজকে অনেক কলেছে এইরকম নিযুক্ত কিছু কিছু হয়ে আছে। আমরা একথা পরিষ্কার ভাবে জানিয়ে দেব যে ভবিষ্যতে শিক্ষা দপ্তরের পূর্ব অনুমোদন ব্যতীত কোন পদ সৃষ্টি করা হলে সেই পদের দায়িত্ব সরকার কখনও গ্রহণ করবেন না। কিন্তু ইতিপূর্বে বিভিন্ন কলেজে কিছু কিছু অধ্যাপক নিযুক্ত হয়ে গেছেন—যদিও কলেজ কর্তৃপক্ষের করা উচিৎ বলে মনে করি না। তাহলেও আমরা সহানুভূতির সংগে সেগুলি বিবেচনা করছি এবং সে পদগুলি আবশ্যক কি না সেটা দেখছি।

Shri Nirmal Bose:

মাননীয় চেয়ারম্যান, স্যার, আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে ধন্যবাদ দিচ্ছি যে তিনি ৩১এ মার্চের পরে যে নূতন অধ্যাপকের পদ সৃষ্টি করা হয়েছে তাদের কথা সহানুভূতির সংগে বিবেচনা করবেন। কিন্তু এখানে আমার জিজ্ঞাস্য যে তাদের যে কেস কিসের ভিত্তিতে বিবেচনা করবেন। আমরা এটা কি ধরে নেবো যে ৩১এ মার্চের পর যারা নিযুক্ত হয়েছেন বিভিন্ন কলেজে অধ্যাপক হিসাবে তাদের সবাইকে ইউ, জি, সি স্কেল দেবেন?

Shri Rabindralal Sinha:

সবাইকে দেবো এমন কথা ত বলিনি বা কাউকে দেব না এ কথাও বলতে পারছি না—অধ্যাপকের পদ সৃষ্টি করার দরকার কিনা সেটা দেখা দরকার। ধরুণ ৭৫ জন ছাত্র নিয়ে ১০ জন অধ্যাপক নিয়োগ করা হোল, সুতরাং স্টেট এক্সচেকার থেকে এইভাবে টাকা দেওয়া যাবে না। আমি সভায় অন্য সব কথা আগেই বলেছি—সুতরাং এই বিষয়ে তর্ক করে লাভ নেই। কারণ সহানুভূতির কথা সেদিনই বলেছি।

Shri Nirmal Bose:

আর একটা কথা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় বলেছেন ভবিষ্যৎ সম্পর্কে যে আনস্পোসফায়েড দায়িত্ব নেবেন না। যদি কোন কলেজে নূতন অধ্যাপকের পদ সৃষ্টি হয় তাহলে সরকারের আগে অনুমোদন কি নিতে হবে? এবং এই বিষয়টাই বুঝতে চাই যে অনুমোদন দেবার অধিকার যেটা কে স্থির করবেন? আইন অনুসারে কলকাতার বিশ্ববিদ্যালয় বা যে কোনো বিশ্ববিদ্যালয় বর্ধমান, উত্তরবঙ্গ বা কল্যাণী ইত্যাদি জায়গাতে দেখলে দেখবেন যে কোনো বিষয়ে অধ্যাপক নিয়োগ করার দরকার তা সে বিষয়ে অনুসন্ধানের জন্য কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে অনুসন্ধানের জন্য ইনস্পেক্টর অফ কলেজেস এরা যান এবং অন্যান্য অধ্যাপকেরা যান এই সভার বিশিষ্ট সদস্যরাও গিয়ে থাকেন। সুতরাং তারা এসে বলেন অধ্যাপক নিয়োগ করো তবে কলেজ করে। সুতরাং সরকার কি করে আসছেন?

Shri Rabindralal Sinha:

সরকার আসছেন এজন্য যে সরকারের কাছে টাকার জন্য আসছেন। সরকারের কাছে যদি টাকা না নেন তাহলে সরকার আসছেন না।

Shri Nirmal Bose:

কলেজ চালাবার টাকা না দিতে পারলে কলেজ চলবে কি করে?

Shri Rabindralal Sinha:

প্রথম কথা হচ্ছে অধ্যাপক নিয়োগ করবেন কি করবেন না তা সরকার দেখবেন না। কথা হচ্ছে আপনারা যদি সে ক্ষেত্রে সরকারের আর্থিক সাহায্য চান তাহলে সরকারের অনুমোদন প্রয়োজন।

Shri Nirmal Bose:

কথা হচ্ছে ডায়ার্কি কি হবে। বিশ্ববিদ্যালয়ের ইনস্পেক্টর অফ কলেজেস তার ব্যবস্থা অনুসারে বললেন যে এ করা দরকার। পরে শিক্ষামন্ত্রী মহাশয়ের দপ্তর থেকে ডি, পি, আই, বললেন করার দরকার নেই। এই বিষয়টা যে শিক্ষাগত ব্যাপার য়্যাকাডেমিক ব্যাপার—এর কি প্রয়োজনীয়তা নেই? আমার কথা হল এ বিষয়ে সিদ্ধান্ত করবার মালিককে ইনস্পেক্টার অফ কলেজেস বিশ্ববিদ্যালয় না ডাইরেক্টোরেট?

Shri Rabindralal Sinha:

আপনারা আর্থিক দায়িত্ব গ্রহণ করতে পারেন। কিন্তু যদি সে দায়িত্ব আপনারা সম্পূর্ণ না নেন এবং আমাদের উপর যদি আর্থিক দায়িত্ব চাপে তাহলে আমাদের অনুমোদন দরকার।

Shri Nirmal Bose:

আপনি আর্থিক দায়িত্বের কথা বার বার বলছেন। ইউ জি সি স্কীম যখন চালু করা হয় তখন এই কথা পরিস্কার ছিল যে এই বেতন ক্রমের টাকা কলেজগুলির পক্ষে দেওয়া সম্ভব নয়। এবং তারজন্য প্রথমে স্থির ছিল যে ইউ, জি, সি-র অর্ধেক দেবেন রাজ্য সরকার, এবং ৫ বৎসর পরে রাজ্য সরকার পুরা দায়িত্ব নেবেন। সুতরাং কলেজগুলির পক্ষে দায়িত্ব নেওয়া সম্ভব নয় এটা তো অত্যন্ত পরিষ্কার এবং তারপরে এ কথা বলার কি কারণ থাকতে পারে। একমাত্র বলতে পারেন যে টাকা দেবো না, তোমরা দাবী করো না তাতে কলেজ চলুক বা না চলুক। কিন্তু কলেজ চালাতে হলে টাকা দিতে হবে। সুতরাং এই কথা কি করে বলছেন?

Shri Rabindralal Sinha:

এটা তো আপনার মতামত বললেন। আমি এরকম কথা বলিনি। আমি এই কথাই বলতে চেয়েছি যে এই তারিখের পরে কলেজের অধ্যাপকদের বেতনক্রম স্থির হয়ে যায় ইউ, জি, সি-এর বেতন অনুযায়ী। নূতন পদ সৃষ্টি করতে হলে সে দায়িত্ব সম্পূর্ণ তাদের সম্পূর্ণ বুঝে করা উচিত

কিন্তু অনেকের নিয়োগ অনুমোদিত হয়ে গেছে এবং তাদের সম্বন্ধে আমরা বিবেচনা করছি। কিন্তু ভবিষ্যতে কলেজগুলি নিজেদের খেয়াল খুসীমত যদি পদ সৃষ্টি করতে চান তা হলে সে সম্বন্ধে দায়িত্ব নেওয়া সরকারের পক্ষে সম্ভব নয়। সুতরাং যদি বলেন আপনারা দায়িত্ব গ্রহণ করুন তা হলে স্বভাবতই এটার প্রয়োজন আছে কিনা সেটা বিবেচনা করার দরকার হবে।

[3-30—3-40 p.m.]

Shri Nirmal Bose:

আমি একথা কোন সময় বলিনি যে খেয়ালখুসি মত নিয়োগ করবেন। আমি এই কথা বলতে চাচ্ছি যে কলেজের অধ্যাপক দরকার কিনা সেটা স্থির করবেন বিশ্ববিদ্যালয়। এখন সরকার কি বিশ্ববিদ্যালয়ের সেই ক্ষমতাটা নিয়ে নিতে চান?

Shri Rabindralal Sinha:

বিশ্ববিদ্যালয়ের কোন ক্ষমতা আমরা নিতে চাই না। বিশ্ববিদ্যালয় যা বলবেন আপনারা করতে পারেন, কোন বাধা নাই। তবে যদি আপনারা বলেন যে সরকারকে তার জন্য টাকা দিতে হবে, পাবলিক এক্সচেকার থেকে আমরা টাকা দেব—অনার্স কোর্সে ৫টা ছেলে হলো, তারজন্য ৪ জন অধ্যাপক নিয়োগ করলেন—,আইডিয়াল কণ্ডিসন-এ সেটা হওয়া উচিত ; কিন্তু আমাদের দরিদ্র দেশে যেখানে সাধারণ মানুষের সংগতি অত্যন্ত সীমাবদ্ধ, সেখানে আমাদের বিবেচনা করতে হবে টাকা দেবার ক্ষমতা সরকারের আছে কি না!

Shri Nirmal Bose:

মন্ত্রীমহাশয় কি এই প্রস্তাব বিবেচনা করতে রাজী আছেন যে বিশ্ববিদ্যালয়গুলিকে তিনি জানিয়ে দেবেন যে কোন কলেজে অধ্যাপক নিয়োগ সম্বন্ধে যখন তারা বিবেচনা করবেন, তখন তাঁদের চূড়ান্ত উত্তর দেবার আগে ডাইরেকটোরেট-এ ফাইল পাঠাবে, আমরা তোমাদের যে জবাব দেব তার ভিত্তিতে তোমরা জানতে পারবে অধ্যাপক নিয়োগ করা উচিত কি উচিত নয়?

Shri Rabindralal Sinha:

আপনি সম্পূর্ণ উল্টো কথা বললেন। আমি একথা কখনো বলিনি। দ্যাট ইজ এ ম্যাটার বিটুইন দি কলেজ এ্যান্ড দি ইউনির্ভাসিটি। আপনারা যদি বোঝেন, ইউনির্ভাসিটি যদি বলেন, আপনারা নিয়োগ করবেন। তবে আপনারা যদি বলেন আমাদের সংগতি নাই, তাহলে আমাদের কাছে আসতে হবে টাকার জন্য, পাবলিক এক্সচেকার-এর কাছে আসতে হবে টাকার জন্য, তখন নিশ্চয়ই যারা পাবলিক এক্সচেকার পরিচালিত করেন, তাঁরা দেখবেন বৈকি?

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে যেখানে কলেজকে কোন বিষয়ে নূতন করে এ্যাফিলিয়েসান নেওয়া হয় বা অনার্স বিষয়ে অনুমোদনের জন্য ব্যবস্থা করতে হয়, সেখানে, এগুলি সমস্তই এ্যাকাডেমিক ম্যাটার, এগুলি সম্পর্কে বিশ্ববিদ্যালয়ের পূর্ণ অধিকার বা কর্তৃত্ব থাকা উচিত এবং আজও তা থেকে আসছে এবং সরকার আজ তাই করছেন। এ দায়িত্ব হচ্ছে ইউ, জি, সি-র, তাদের সেই দায়িত্ব অর্পণ করছেন। সুতরাং ইউ, জি, সি, এই সর্তটা মেনে নিয়েছেন। আজকে এই সরকারের পক্ষ থেকে এই নূতন ব্যবস্থা করা হচ্ছে কেন? কেন সরকার এই এ্যাকাডেমিক ম্যাটার-এ হস্তক্ষেপ করছেন? যেখানে কলেজগুলি আনপ্ল্যান্ড ওয়ে-তে এক্সপ্যান্ড করছে, সেখানে চেক হচ্ছে ইউনির্ভাসিটি, ইউনির্ভাসিটির ইন্সপেকটর অফ কলেজেস রয়েছে, সিনেট, সিণ্ডিকেট রয়েছে তাদের অনুমোদন দ্বারা যদি সরকারের শিক্ষা বিভাগ পরিচালিত হয়,

তাহলে পরে সেটা সুষ্ঠু ব্যবস্থা হয় না? এর দ্বারা এক একটা সুষ্ঠু য়্যাকাডেমিক য়্যাটমে ফিয়ার বাংলাদেশে গড়ে উঠতে পারে না?

Shri Rabindralal Sinha:

এত লম্বা প্রশ্ন করেছেন যে সবটা বুঝে ওঠা কঠিন। যা হোক মনে হচ্ছে আপনি বলতে চাে এই যে নূতন পদ সৃষ্টির পূর্বে অনুমোদনটা সরকারের কাছ থেকে নিতে হবে, তার অর্থ তি বলছেন যে এ্যাকাডেমিক ব্যাপারে সরকার ইণ্টারফেয়ার করছেন। এই তো? যেটা বিশ্ববিদ্যাল হওয়া উচিত। নূতন পদ সৃষ্টি করতে হলে সরকারের অনুমোদন নিতে হবে না। য়্যাকাডে ব্যাপারে সরকার ইন্টারফেয়ার করতে চান না। বিশ্ববিদ্যালয় অনুমোদন দেন তো তাঁরা নূ পদ সৃষ্টি করতে পারবেন, কিন্তু সরকারের কাছে টাকার জন্য এলে তার পূর্ব অনুমোদন দ কার হবে কারণ তাকে বিবেচনা করতে হবে পাবলিক এক্সচেকার থেকে টাকা দেওয়া যায় না!

Dr. Janaki Ballabha Bhattacharyya :

যদি কোন অধ্যাপক নিতে হয় কিম্বা সুপারয়্যানুয়েটেড হয় অথবা কেউ কলেজ ছেড়ে চ যায়, সেই জায়গায় নূতন অধ্যাপক নিয়োগ করতে হলে কি সরকারের অনুমোদন নিতে হবে

Shri Rabindralal Sinha:

না। এই রকম কোন নিয়ম আছে বলে তো আমি জানি না।

Potato crop

*79. **Shri Narendra Nath Das:** (a) Will the Hon'bl Minister-in-charge of the Agriculture Department be pleased to state if it i a fact that the last production of potato crop in the State in general and i the district of Hooghly in particular failed?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be please to state—

(i) the reasons therefor;

(ii) when the matter of failure caught the eyes of the State Government, and

(iii) the steps taken to augment the shorfall?

(c) Will the Hon'ble Minister be further pleased to state—

(i) the number of cold storages where potato was deposited;

(ii) the approximate quantum deposited; and

(iii) whether the depositing of potatoes began earlier this year than previous years?

Shri Smarajit Bandyopadhyay:

(a) No, but the production has been less than that in previous years.

(b) The reasons for less production of potato during the last season are stated below :—

I. Late sowing of potato due to rains at the normal sowing season;

II. Unfavourable weather conditions prevalent during the growing season;

III. Intermittent hot spells which were not at all congenial for the crop;

IV. Attack of standing crop by late blight disease resulting in pre-mature of plants in certain areas. The disease could be prevented if adequate quantities of pesticides were available but for want of foreign exchange the requisite quantities of copper could not be improted for the production of pesticides.

(ii) The matter caught the eyes of the State Government immediately after occurrence of the disease which was in the latter part of December, 1963.

(iii) A quantity of about 70,000 maunds of seed potato have been stored in cold storages by the Government for distribution amongst the cultivators during the next sowing season. Also 15 lakh maunds of table potatoes have been stored by other parties in private cold storages of West Bengal. The shortfall in production in the last year is being partly met from the supplies from the Punjab and the Khariff crop of Madras, Mysore and Himachal Pradesh; in addition Government of India have been approached to release foreign exchange to import potato seeds from Burma.

(c) (i) 91 private cold storages and 2 Government cold storages.

(ii) 15 lakh maunds *plus* 70,000 maunds;

(iii) In the usual time.

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় কি লক্ষ্য করেছেন যে আমি সাধারণভাবে জিজ্ঞাসা করলেও specially in the district of Hooghly.
হুগলীতে এটা ফেল করেছে—সে সম্পর্কে আপনি জবাব দিয়েছেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

হ্যাঁ, হুগলী জেলার কথাও বলেছি।

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় যে বল্লেন যে এই এই কারণে পোটাটো ক্রপ-এর কম ফলন হয়েছে। কিভাবে তাঁরা এটা জানলেন?

Shri Smarajit Bandyopadhyay:

সীড নিয়ে যেসব গোলমাল হয়েছে এটা তো এমনিই জানা—যার লেট ব্লাইট ডিজিস সেটার জন্য কপার ফাঙ্গিসাইড দেবার দরকার—সেটা আমাদের ফরেন এক্সচেঞ্জ না পাবার জন্য সাফিসিয়েণ্ট দিতে পারি নি এজন্য প্রিকসনারী মেজার নেওয়া যায় নি বলে কিছু শস্য হানি হয়েছে।

Shri Narendra Nath Das:

ডিজিস যে হতে পারে সে সম্পর্কে এ্যাগ্রিকালচার ডিপার্টমেণ্ট আগের থেকে কি প্রস্তুত থাকে না?

Shri Smarajit Bandyopadhyay:

নিশ্চয় প্রস্তুত থাকে—কিছু, কিছু ঔষধ আমরা দিয়েছি তা না হলে আরও ভীষণভাবে ক্ষতি হোত—কিন্তু যে পরিমাণ প্রয়োজন ফাঙ্গিসাইড ততটা আমাদের ছিল না—এর জন্য ফরেন এক্সচেঞ্জ দরকার—এই কপার ফাঙ্গিসাইড তৈরী করতে গেলে।

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় বল্লেন যে ৯১টী কোল্ড স্টোরেজ প্রাইভেট এবং ২টী গভর্ণমেণ্টের—প্রশ্ন হচ্ছে এই ৯১টী প্রাইভেট কোল্ড স্টোরেজ যে রয়েছে; এর ইন্সপেকসন রীতিমত বা মেকানিজম ঠিকমত হচ্ছে কিনা সেসম্বন্ধে আপনাদের কোন ব্যবস্থা রয়েছে কি?

Shri Smarajit Bandyopadhyay:

এটা আমরা দেখি না—এটা কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রীজ ডিপার্টমেণ্ট থেকে দেখে।

Shri Narendra Nath Das:

গভর্ণমেণ্ট দেখে কিনা—তাহলে কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রীজ ডিপার্টমেণ্ট দেখে?

Shri Smarajit Bandyopadhyay:

আপনি যে ধরণের ইন্সপেকসন-এর কথা বলছেন সেটার সম্বন্ধে আমরা একটি কোল্ড স্টোরেজ লাইসেন্সিং বিল যেটা আমাদের বিবেচনাধীন আছে সেটা এলে আমরা এটা করতে পারবো।

Shri Narendra Nath Das:

অসুবিধা হচ্ছে এই যে কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রিজ ডিপার্টমেণ্ট যেটা দেখবেন সেই জিনিষটা হচ্ছে এগ্রিকালচার ডিপার্টমেণ্ট-এর এবং এগ্রিকালচার মিনিষ্টার এ্যাফেক্টেড হবেন—হয়তো কমার্স এণ্ড ইণ্ডাষ্ট্রিজ ডিপার্টমেণ্ট এ সম্বন্ধে কিছুই জানে না—সেখানেই হচ্ছে অসুবিধা।

Shri Smarajit Bandyopadhyay:

আপনি যে সমস্যার কথা বল্লেন তাতে আমি আগেই বলেছি যে এই সমস্যা সমাধানের জন্য কোল্ড ষ্টোরেজ বিল যেটা বিবেচনাধীন আছে সেটা এলেই আমরা সমস্যা সমাধান করতে পারবো।

Shri Narendra Nath Das:

মন্ত্রী মহাশয় জানাবেন কি যে এই ধরণের কম্প্রিহেনসিভ বিল কবে আনবেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের বিলটা ড্রাফ্‌ট হয়ে এখন ভারত সরকারের কাছে আছে—এটা এলেই পাশ করা হবে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয়কে শেষের (iii) জিজ্ঞাসা করেছি যে—আমাদের যা খবর—যে পটেটো ক্রপ ম্যাচিওর হবার আগে কোল্ড ষ্টোরেজ রাখা হয়েছিল এবং এর জন্য যথেষ্ট আলু নষ্ট হয়েছে—একথা কি সত্য?

Shri Smarajit Bandyopadhyay:

না, একথা সত্য নয়।

Shri Nirmalya Bagchi:

B (i) সম্পর্কে জিজ্ঞাসা করছি যে হুগলী জেলাতে প্রচুর পরিমাণ ব্লিক কিল্ড গড়ে ওঠার ফলে আলু নষ্ট হয়ে যাচ্ছে এটা একটা কারণ বলে কি মনে করেন না?

Shri Smarajit Bandyopadhyay:

এটা খুব ব্যাপকভাবে হচ্ছে না, তবে এটা নিয়ন্ত্রণ করার জন্য অঞ্চল পঞ্চায়েতকে ক্ষমতা দেওয়া হচ্ছে এবং আশা করা যায় তাঁরা এটা দেখবেন।

Shri Nirmalya Bagchi:

এটা আপনি উল্লেখ করেননি কেন?

Shri Smarajit Bandyopadhyay:

এটা একমাত্র কারণ নয়।

Shri Amar Prasad Chakraborty :

কোল্ড ষ্টোরেজ আলু রাখার জন্য মণ প্রতি খরচ কত পড়ে?

Shri Smarajit Bandyopadhyay:

নোটিশ চাই।

Shri Amar Prasad Chakrabarty :

কোল্ড ষ্টোরেজ-এ আলু কত করে কিনে রাখা হয়?

Shri Smarajit Bandyopadhyay:

জানি না।

Shri Amar Prasad Chakrabarty :

মুখ্যমন্ত্রী বলেছিলেন ৬ আনা করে আলু পাওয়া যায়, কিন্তু এখন বাজারে আলুর দাম এক টাকা। কোল্ড ষ্টোরেজ-এ রাখার জন্য কি আলুর দাম বাড়ল?

Shri Prafulla Chandra Sen:

এবছরে ৬ আনা করে পাওয়া যায় সেকথা বলিনি। মাননীয় সদস্যদের একটা ভ্রান্ত ধারণা যে কোল্ড ষ্টোরেজ-এ আলু রাখলেই আলুর দাম বৃদ্ধি পায় এইমাত্র মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে শুনলেন যে আমাদের পশ্চিমবাংলায় মাত্র ১৫ লক্ষ মণ আলু কোল্ড ষ্টোরেজ-এ রাখা হয়েছে টেবল-এর জন্য, আর ৭০ হাজার মণ রাখা হয়েছে বীজের জন্য। পূর্বে পশ্চিমবঙ্গের আলুর উৎপাদন হোত প্রায় ৬০ লক্ষ মণ এখন বাড়তে বাড়তে আমাদের আলুর উৎপাদন গত বছরের আগের বছরে ২ কোটি মণ করেছিলাম, আর গত বছরে কম হলেও ১ কোটি ৩৫ লক্ষ মণ করেছিলাম। ১ কোটি ৩৫ লক্ষ মণের মধ্যে ১৫ লক্ষ মণ কোল্ড ষ্টোরেজ-এ আছে। কোল্ড ষ্টোরেজ-এ আলু যদি না থাকতো তাহলে বাড়ান হোত। আমাদের অনেক আলু নষ্ট হয়ে যায়, আলু রাখা যায় না। অবশ্য কোল্ড ষ্টোরেজ নিয়ন্ত্রণ করার জন্য আমরা একটা আইন প্রণয়ন করার চেষ্টা করছি? সেই আইন আমরা কেন্দ্রীয় সরকারের কাছে পাঠিয়েছি, অনুমোদন পেলে আমরা সেটা আইনসভায় উপস্থাপিত করব।

Shri Sreepada Bhattacharyya :

আপনি কি বলবেন যে কোল্ড ষ্টোরেজ যখন আলু রাখা হয়েছিল তখন ১০ থেকে ১৫ টাকা মণ ছিল এখন সেটা ১০০ টাকা করা হয়েছে—তাহলে এটা কালো টাকা কিনা?

Shri Prafulla Chandra Sen:

কোল্ড ষ্টোরেজ-এ দু রকমের আলু রাখা হয়। এক রকম কৃষকরা আলু রেখে দেয়। মাননীয় সদস্য একজন জিজ্ঞাসা করলেন কত রেট তাতে মন্ত্রীমহাশয় বললেন পরে জানাব। ২ রকমের আলু রাখা হয়—এক রকম যে কৃষক, যারা উৎপাদক তারা আলু কোল্ড ষ্টোরেজ-এ রাখে। তারা যদি পরে বেশী দামে বিক্রি করে তাতে কৃষকই লাভবান হবে। আর কোন কোন জায়গায় তার পরিমাণ আমি যতদূর জানি কম—কত যে সঠিক পরিসংখ্যান দিতে পারব না। কোল্ড ষ্টোরেজ-এর মালিক তাঁরাও কিছু আলু কিনে রেখে পরে বিক্রি করে নিশ্চয় লাভ করেন।

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় রিপ্লাই দিয়েছেন তাতে দার্জিলিং-এ যে ওয়ার্টস ডিজিস আছে সেটা কি কভার করেছেন?

Shri Prafulla Chandra Sen:

ওয়ার্টস ডিজিসেস নিবারণ করার জন্য আমরা ব্যবস্থা অবলম্বন করছি প্রায় এই নিয়ম করছি যে উপরের আলু নীচে নামবে না।

Shri Narendra Nath Das:

আপনি বললেন সীডস-এর জন্য কিছু আলু কিনেছেন, সেই আলুগুলি কোথা থেকে কিনেছেন জানাবেন?

Shri Prafulla Chandra Sen:

কৃষকের কাছ থেকে কিনেছি এবং কোল্ড ষ্টোরেজ-এ রেখেছি এবং সেসব চাষের সময় আবার কৃষকদের দেব।

Shri Upendra Nath Barman :

মন্ত্রীমহাশয় এটার কারণ বলেছেন উপযুক্ত ফরেন এক্সচেঞ্জ-এর অভাবে ফাঙ্গিসাইড পাঠান। 'because sufficient quantities of copper and other materials could not be indented due to paucity of foreign exchange. Now, considering the food difficulty, specially at the present moment, will the Hon'ble Minister be pleased to state whether that difficulty of foreign exchange will continue so that we cannot have fungicide produced in this country to protect our crops?'

Shri Prafulla Chandra Sen : I may inform the honourable member that since then the Government of India has released foreign exchange so that we can now import adequate quantities of copper.

Playing of National Anthem

***80. Shri Jatin Chakravorty**: (a) Will the Hon'ble Minister in charge of the Education Department be pleased to state whether the attention of the Government has been drawn to the public reaction that during the international football match between India and Iran at the Rabindra Sarovar Stadium at Calcutta recently the National Anthem was not played properly?

(b) Will the Hon'ble Minister be pleased to state—

(i) whether there is any direction from the State Government for playing National Anthem in connection with any international sports held in Calcutta ; and

(ii) if so, whether the Government has any machinery to see that National Anthem is played properly with dignity and honour in such connection?

Shri Rabindralal Sinha : (a) The Government did not receive any complaint directly but some letters to the Editors were published in the Press criticising the manner in which Indian National Anthem was played during the International Football Match between India and Iran.

(b)(i) The State Government, at the instance of the Government of India, have issued certain instructions to their Departments and Executive Officers as to how and when the National Anthem should be played.

(ii) Government expect of every organisation that National Anthem should be played properly and with dignity.

The Indian Football Association have since explained to Government that due to some unforeseen mechanical defects the Anthem could not be played properly. They have expressed their sincere regrets.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে, এই যে ম্যাচ হয়েছিল আই-এফ-এ এক্সপ্রেসড রিগ্রেট করেছিল কেন ওরাই কি খেলার ভার নিয়েছিলেন?

Shri Rabindralal Sinha:

আমার সঠিক জানা নেই। আমার মনে হয় আমার চেয়েও যতীনবাবু এই বিষয়টা ভাল জানেন। বোধ হয় এখানের ভার অই-এফ-এ-এর উপরে ছিল যার জন্য আই-এফ-এ চিঠি লিখেছিল। আই-এফ-এ তার চিঠিতে লিখেছেন
I would like to inform that there have been some mechanical defects in the machine which could be discovered later on.".
এবং তার জন্য তারা দুঃখ প্রকাশ করেছেন।

Shri Jatin Chakravorty:

আপনারা যে চিঠিটা পেয়েছেন তাতে কি আই-এফ-এ-এর সভাপতি সই করেছিলেন?

Shri Rabindralal Sinha:

সাধারণতঃ সভাপতি সই করেন না এটা যতীনবাবুও জানেন এ সব সম্পাদকই সই করে থাকেন।

Shri Jatin Chakravorty:

মন্ত্রীমহাশয় সেদিন উপস্থিত ছিলেন। কিন্তু এই ন্যাশানাল য়্যান্থেম-এর যে দায়িত্ব তা তারা নিলেন না কিন্তু প্লেয়ার-দের সঙ্গে হ্যাণ্ড সেক করবার দায়িত্ব তা নিয়েছিলেন?

Shri Rabindralal Sinha:

আপনি বললেন যে মাননীয় মন্ত্রীমহাশয় উপস্থিত ছিলেন। আপনার একথা ঠিক নয়, আমি সে দিন খেলার মাঠের ধারে কাছেও ছিলাম না।

Shri Jatin Chakravorty:

জগন্নাথবাবু, বিজয়বাবু এরা ত সব উপস্থিত ছিলেন?

Shri Rabindralal Sinha:

আপনি আমায় প্রশ্ন করেছিলেন, আপনি যদি বলতেন কোনো মন্ত্রী উপস্থিত ছিলেন কিনা তাহলে সে কথা আলাদা। কিন্তু আপনি বলেছেন মন্ত্রীমহাশয় উপস্থিত ছিলেন তিনি দায়িত্ব নেন নি। সুতরাং সে দায়িত্ব আমার উপর এসে পড়ে। তা আপনার অবগতির জন্য আমি পুনরায় জানাচ্ছি যে আমি সেদিন খেলার মাঠের ধারে কাছেও ছিলাম না।

Shri Prafulla Chandra Sen:

এ সব কথা বাদে জানাচ্ছি যে হ্যান্ড সেক করবার জন্য তো যন্ত্রের প্রয়োজন হয় না।

(হাস্য)

Increased dearness allowance to college teachers

***81. Shri Nirmal Bose:**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) বেসরকারী কলেজ শিক্ষকদের সরকারের দেয় বর্তমান মাগ্‌গী ভাতা বৃদ্ধি করিবার কোন সিদ্ধান্ত কি সরকার গ্রহণ করিয়াছেন·

(খ) 'ক'-এর উত্তর হ্যাঁ হইলে, কবে হইতে ইহা চালু করা হইবে; এবং

(গ) "ক'-এর উত্তর "না' হইলে, ইহা না করার কারণ কি?

Shri Rabindralal Sinha:

(ক), (খ) ও (গ) এই বিষয়টী বর্তমানে সরকারের বিবেচনাধীন আছে। এ ছাড়া একটা কথা বলছি আপনার এ প্রশ্নের জবাব প্রায় ১ মাস আগেই পেয়েছি। বর্তমানের এই বিষয়টী বিবেচনা করে দেখছি এবং আপনাকে দুঃখের সংগে বলছি যে বর্তমানে মাগ্গী ভাতা বৃদ্ধি করবার কোন উপায় আমাদের নেই।

Shri Nirmal Bose:

তা হলে মন্ত্রীমহাশয় যা বললেন তাতেই এ কথা বুঝলাম যে বর্তমানে বিষয়টী সরকারের বিবেচনাধীন নেই এটাই তাঁরা স্থির করেছেন যে বর্তমানে দেওয়া সম্ভব নহে। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে বর্তমানে শিক্ষকদের যে সরকারী মহার্ঘ ভাতা দেওয়া হয় তার পরিমাণ হলো মাসে ১৭৷৷ টাকা। এই টাকা ১৯৫৫ সালের প্রথম থেকে দেওয়া হচ্ছে। কথা হচ্ছে ১৯৫৫ সালের পর থেকে আজ পর্যন্ত মূল্য বৃদ্ধি যথেষ্ট হয়েছে। সুতরাং এই কথা বিবেচনা করে তারা ডি-এ বাড়ানোর কথাটা ভাবছেন না কেন?

Shri Rabindralal Sinha:

বর্তমানে স্পেশ্যাল ডি-এ যেটা দেওয়া হয়েছে সেটা সরকারী কর্মচারী যারা ৩০০ টাকা পর্যন্ত বেতন পান তাদের দেওয়া হয়েছে। আর ৩০০ টাকার উপরে যারা পান তাদের দেওয়া হয়নি এবং মাধ্যমিক শিক্ষকদের ক্ষেত্রেও তাই। সুতরাং আজকে এই পরিপ্রেক্ষিতে আর নূতন কোনো

একটা ক্যাটাগরী-কে আলাদা করে মাগ্গী ভাতা দেওয়া যাবে না কারণ মূল্য বৃদ্ধিই বলুন আর যাই বলুন তা তো সর্বব্যাপী। সুতরাং কলেজের টিচারদের কথা আলাদা করে বিবেচনা করা সম্ভব নয়।

Shri Nirmal Bose :

সরকার যে মাগ্গী ভাতা দিয়ে থাকেন বিভিন্ন জায়গায় তা কি সর্বত্র একই হারে দিয়ে থাকেন?

Shri Rabindralal Sinha:

আমি আগের কথা বলতে পারবো না তবে বর্তমানে মূল্য বৃদ্ধির জন্য যে মাগ্গী ভাতা দেওয়া হয়েছে তা সর্বত্রই একই হারে দেওয়া হয়েছে।

Shri Nirmal Bose :

বর্তমানে বৃদ্ধির কথা বলছেন এবং বলছেন যে সেটা একই হারে হয়েছে। কথা হচ্ছে বিভিন্ন ক্ষেত্রে সরকারী কর্মচারীরা যে ভাতা পান তারা তার চেয়েও কম পান না বেশী পান সেটা বিবেচনা করেন নি। সুতরাং তারা যে কম পান সেটা কি বিবেচনা করবেন?

Shri Rabindralal Sinha:

আমি ঠিক বুঝতে পারলুম না।

Shri Nirmal Bose :

আমার প্রশ্ন হলো বর্তমানের মূল্য বৃদ্ধির জন্য যে মাগ্গী ভাতা দেওয়া হয়েছে যারা ৩০০ টাকা পর্যন্ত পান তাদেরই দেওয়া হয়েছে সে ক্ষেত্রে আপনি বললেন যে মূল্য বৃদ্ধি সর্বব্যাপী একই হারে হয়েছে। সেখানে কাউকে বেশী বা কম দেওয়া হচ্ছে না। তা হলে আমার জিজ্ঞাসা হচ্ছে এই যে সবাইকে একই হারে দেওয়া হবে এটা স্থির করবার সময় যারা সরকারী কর্মচারী মাগ্গী ভাতা পেয়ে থাকেন তারা কি সবাই একই হারে পান?

Shri Rabindralal Sinha:

নিশ্চয়ই পান না।

Shri Nirmal Bose :

সবাই যদি এক হারে না পান তা হলে যারা কম পাচ্ছেন তাদের বেশী দেওয়া হবে না কেন?

[3-50—4 p.m.]

Shri Rabindralal Sinha:

সকলকে এক হার দেওয়া হয় সেকথা আমি বলিনি, তবে বর্তমানে মাগ্গী ভাতা যে হারে দেওয়া হচ্ছে পাঁচ টাকা, দশ টাকা সেই হারটা একই রাখা হয়েছে। সকলে সমান রেটে পান একথা বলিনি। একটা স্কীমে যে হার ঠিক হয়েছে, সেটাকে মেনটেন্ করা হয়?

Shri Nirmalya Bagchi:

যে তিনশো টাকার নীচে বাংলাদেশের প্রায় অধিকাংশ কলেজ অধ্যাপক মাইনে পেয়ে থাকেন, তাদের কি?

Shri Rabindralal Sinha:

দুটো জিনিষ আছে—সরকারের আর্থিক সঙ্গতির কথা আছে—এবং ঐ যে কথা আগে বললাম।

সেটাও আছে, আমরা যে হারে সরকারী কর্মচারীদের বর্তমান মাগ্গী ভাতা দিতে পেরেছি কলেজ অধ্যাপক সমিতি আমার সংগে যখন দেখা করেছিলেন। আমি তাঁদের প্রস্তাব নিইনি বটে তাঁদের মনোভাবটা জেনেছিলাম। তাঁরা সে হারে নিতে প্রস্তুত নন।

Shri Sasanka Sekhar Sanyal:

On a point of information, Sir.

আপনি একজন বড় লিংগুইস্ট এবং এখানকার সভাপতি, ঐ মাগ্গী ভাতা কথাটা অনেকদিন থেকে চলে আসছে বটে, কিন্তু কানে বড় লাগে, এর চেয়ে সুইটার একটা ল্যাংগুয়েজ আপনি দেবেন কি?

Shri Prafulla Chandra Sen :

মহার্ঘ ভাতা বলতে পারেন।

Mr. Chairman:

আপনি ইংরেজী অনুবাদ যদি করেন, তাহলে বলতে পারেন—"প্রিয় ভাতা"।

Shri Sasanka Sekhar Sanyal:

মাগ্গী বাদ দিয়ে মহার্ঘ বলা বরং ভাল। আর "মাগ্গী" কথাটা আনপার্লামেণ্টারী বলে ডিক্লেয়ার করুন এবং ভাতা বদলে অন্য কিছু করে দিন।

Shri Rabindralal Sinha:

চেয়ারম্যান সাহেবের কথাটা আপনি মানবেন না?

Mr. Chairman:

তাহলে "গৃহিণী" বলতে হবে, "গিন্নী" বলা চলবে না।

Express Highway between Calcutta and Durgapur

***82. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Development (Roads) Department be pleased to state—

(a) the progress so far made in the construction of—

(i) Exress Highway between Calcutta and Durgapur, and

(ii) Super Highway between Dum Dum Airport and Calcutta;

(b) whether the original plans in this behalf have undergone any change;

(c) if so, the nature of change, and

(d) the approximate date when the construction of the two roads are going to be completed ?

Shri Khagendra Nath Das Gupta: (a) (i) Calcutta-Durgapur Expressway—Out of 40 miles of land required up to Palsit, possession of lands has been obtained in respect of waste and arable land over a length of about 35·5 miles of the alignment. Proceedings for acquisition of land other than waste and arable and homestead which cover a length of about 4·5 miles are nearing completion.

Earthwork has been completed in 30 miles while such work on the remaining miles have been completed in the tune of 75 per cent. Construction of culverts, bridges, etc. is in progress.

(ii) Calcutta-Dum Dum Superhighway—Possession of the entire stretch of land required for Superhighway has been received excepting a few small pockets in the 1st, 2nd and 3rd and 5th miles. Earthwork has been completed on the area where possession of land has been obtained. About 50 per cent. of the other items of work has been completed.

(b) and (c). No. But it has been decided by the Government that construction of the Expressway should be completed up to Palsit which is its junction with the G. T. Road at the 43rd mile, in the 1st phase.

(d) Calcutta-Durgapur Expressway—The original programme for completion of the expressway was for 6 years and was subsequently reduced to 3 years but in view of paucity of funds, the execution of projects has been adversely affected and the date of completion cannot be definitely stated.

Calcutta-Dum Dum Superhighway—According to the present programme construction of Dum Dum Superhighway is to be completed by 31st December 1965 provided possession of land for the entire alignment is made over to this Corporation sufficiently ahead of the target date.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় বল্লেন পালসিট পর্য্যন্ত ৪০ মাইল রাস্তা য়্যাকোয়ার করা হয়েছে—তাহলে তারপর কি ওটা গ্র্যান্ড ট্রাঙ্ক রোড ধরে যাবে—না, বিকল্প রাস্তা ধরে যাবে?

Shri Khagendra Nath Das Gupta:

আপাততঃ পালসিট পর্য্যন্ত করছি ফাস্ট স্টেজে।

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় এইযে বল্লেন (বি) প্রশ্নের জবাবে যে ওরিজিন্যাল প্ল্যান বাতিল হয় নি কিন্তু আবার সংগে সংগে কিছুটা বাতিল হয়েছে একথাও বললেন—বাতিলটা কি রকম ধরণের?

Shri Khagendra Nath Das Gupta:

আপ টু পালসিট না গিয়ে গ্র্যান্ড ট্রাঙ্ক রোড যেখানে কাট করছে—আমাদের যে প্ল্যান ছিল সেটাই আমরা আপাততঃ করছি।

Shri Narendra Nath Das:

তাহলে যেকারণে এই এক্সপ্রেস হাইওয়ে তৈরী হবার প্রস্তাব এসেছিল রাস্তা ছোট এবং গ্র্যান্ড ট্রাঙ্ক রোডেতে ট্রাফিক খুব বেশী এই য়্যাক্সিডেন্ট সাধারণত বর্তমানে মেলে আসানসোলের দিকেই হয় সেটা যদি এই রাস্তা করা যায় তাহলে যে উদ্দেশ্য ছিল সেটা ব্যর্থ হবে না কি?

Shri Khagendra Nath Das Gupta:

আপাততঃ বর্ধমান থেকে আসানসোল রাস্তাও উইডেন কিছুটা করা হচ্ছে। এবং পালসিট পর্য্যন্ত নিয়ে যাচ্ছি—ফাষ্ট স্টেইজ, সেকেন্ড ফেজ বাকী পোরসনটা করতে পারবো।

Dr. Srikumar Banerjee: Is there a difference in quality between a Super-Highway and the Express Highway to justify the change of designation?

Shri Khagendra Nath Das Gupta: The difference lies in the width of the road. For Calcutta-Durgapur Express Highway we have acquired 300 feet but for Super Highway we generaly acquire 250 feet.

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় বল্লেন ৩ বছরের মধ্যে করতে হবে এই টারগেট ছিল কিন্তু যখন পরিকল্পনা করলেন তখন ফাণ্ড সম্বন্ধে কোন পরিকল্পনা করেন নি?

Shri Khagendra Nath Das Gupta:

ক্যালকাটা দমদম সুপার হাইওয়ে এবং ক্যালকাটা দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ে যখন হয় তখন এই দুটার ফাণ্ড সম্পর্কে আমরা আশা করেছিলাম যে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার কাছ থেকে ফাণ্ড পাবো বা ক্যালকাটা দমদম সুপার হাইওয়ে কলকাতা ডেভেলপমেণ্টের জন্য যে টাকা তার ভেতর থেকেও কিছু পাবো কিন্তু এখন গভর্ণমেণ্ট অফ ওয়েষ্ট বেঙ্গল-এর থেকে আমরা টাকা এখন লোন হিসাবে নিয়েছি; ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপমেণ্ট করপোরেশান—এই অর্গানাইজেসন এই দুটি রাস্তা করবার দায়িত্ব নিয়েছেন। কলকাতা দুর্গাপুর এক্সপ্রেস হাইওয়ের টাকা পাওয়া সম্পর্কে ডিফিকালটি দাঁড়িয়েছে যে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া দিতে চাচ্ছে না।

Sports Council

***83. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) what is the composition of the Sports Council;

(b) what are the names of the members of the Council;

(c) what are the principles followed in selection of members of this Council; and

(d) what are the terms of reference of the said Council ?

Shri Rabindralal Sinha: (a) The Council consists of 27 members nominated by the Government of West Bengal.

(b) The names of the members of the Council are :—

(1) Shri Atulya Ghosh, M.P. (President),
(2) Shri S. P. Roy (Vice-President),
(3) Shri Tusherkanti Ghosh (Hony. Treasurer),
(4) Shri Sambhu Nath Mullick (Secretary),
(5) Shri N. K. Ghose, M.L.C.,
(6) Dr. Srikumar Banerjee, M.L.C.,
(7) Shri G. N. Khaitan, M.L.C.,
(8) Shri Ashoke Krishna Dutta, M.L.A.,
(9) Shri T. Manaen, M.P.,
(10) Shri Ashoke Kumar Sarkar,
(11) Shri Khitindra Nath Roy,
(12) Shri Dr. Sanmatha Dutta,
(13) Shri Kartick Bose,

(14) Shri Dilip Bose,
(15) Shri Pankaj Roy,
(16) Shri Sailendra Nath Manna,
(17) Dr. Amarnath Mookerji,
(18) Shri Nirmalendu Dey,
(19) Shri L. Claudius,
(20) Shri K. K. Das,
(21) Shri Gulam Karim,
(22) Shri Dhirendra Nath Dey,
(23) Shri Debendra Nath Bhattacharjee,
(24) Sm. Mamata Adhikari,
(25) Shri Nirmal Kumar Mookerjee,
(26) Shri Gopal Das Nag,
(27) Major N. K. Bose (Replaced Major A. L. Kar).

[4—4-10 p.m.]

(c) The selection of the members has been made to make the State Council of Sports an expert advisory body, constituted with persons having long association with various sports organisations and wide experience and knowledge of different branches of sports and games.

(d) The Council is an Advisory Body and have the following functions and powers, namely :—

feeling difficulty in securing surplus food, surplus grain in order to meet the crisis It is because of the fact that though the amount of land continues to be the same or perhaps a few more acres might have been brought under the plough, though irrigation facilities have been extended to a certain extent, yet the distribution of the land has been so haphazard that no one person possesses any surplus. Ninety per cent of land is possessed by people who cannot have any surplus beyond their own consumption, and only ten percent is possessed by people who have some surplus So whatever be your hopes to acquire the marketable surplus, it will only come from those ten per cent people. Take the case of a tank, if you spread it in such a way that it becomes absolutely superficial, it lacks in depth, there can be no water in it, the water will dry up. Similarly, if you distribute your land in such a way that no surplus will remain in the hands of any person or some surplus will remain with a very small number of people, how can you expect surplus grain to come to the market to enable you to tide over your food crisis ? All these factors will have to be taken into account before you dedcide upon any further spreading of the sense of insecurity among the landless tenantry.

After all, I shall strike a note of warning that land is not a fit subject for speculation I am prepared to admit that my friend Mr. Abdullah Rasul, who spoke the other day, has a very intimate knowlede of the tenantry and of the peasant population, but, at the same time, he approaches the peasantry with a particular aim in order to sow the seeds of discord between the big owners of land and the small owners, and the approach is agitation. They don't look seriously into the question as to how the food problem is to be solved and how the yield of land is to be increased. Although they have intimate knowledge of the condition of the peasantry, still it is because of their ideological obsession they do not arrive at the right solution of our food problem. If you stick to the principle of distribution of land among the landless people, you will never solve the food problem. Two and two will make four ; two and two will not make five. Distribution of land among the landless will anything, reduce the yield of land, because mere possession of land by landless people is not enough ; they must possess capital, they must possess other resources, they must possess enthusiasm and enterprise. If they are lacking in these qualities, merely giving them some land would not act as an incentive to them to produce more food. We have heard that land should be an economic unit ; and any land that may be given to the people who donot possess the economic unit will not add to our yield and will not contribute towards solution of the food problem.

I would, therefore, request our friends not to look at such a matter of life and death —such a vital issue as the question of land from strictly ideological point of view. There is enough scope for ideological disputes, but land, I might say, should be kept above the reach of the ideological disputes. There is certain lacuna in our policy regarding land. As the years roll on, we find that our food supply is not increasing. Our food deficit goes on. It is decreasing from year to year, and our food problem grows more and more acute and more and more difficult of solution. I entirely agree with the belated wisdom which has been testified to by the Secretary of the Planning Commission. He has realised that our tampering with the land tenure system, our tampering with the policy of land distribution is at the root of our failure to increase the yield of the land produce, and he has laid down a very healthy injunction that for the next ten years a moratorium should be imposed above any land legislation. Therefore, Sir, while I fully support the Hon'ble Minister in the presentation of the present Bill with its limited objectives and the desire to plug loopholes and to guarantee urgent remedies, I would appeal to him with the request that let this be the last instalment of the land legislation that he thinks fit to introduc. After all, Sir, the Government cannot affort to enter into a competition of ingenuity with the people. If the people have outwitted the Government, if the people have defrauded the Government, Government must accept the situation. You cannot tear up the whole thing by the roots. If the Government has been defrauded by

the superior intelligence of the people, then it is for the Government to accept the position and not to enter into an unfair competition with the people for all time to come, because people in general will always be engaged in a game of hide and seek with the Government and Government will not certainly be the gainer by protracting the struggle with the people. So let the Government take what has happened ill or for good. Let them take for granted twhat has actually happened, and let them make the best of a bad bargain and let them concentrate upon showing the proper way to the cultivators in order to give them the necessary security of tenure so that they can concentrate on the increase of their yield, and let them be given the assurance that for the next few years Government does not entertain any proposal to put forward any further depredatory measures on the possessions of the peasants That is the only condition on which the food problem can show a reasonable prospect of being solved.

Shri Abdul Halim :

মিঃ ডেপ্‌ুটি চেয়ারম্যান, স্যার, মাননীয় ভূমিরাজস্ব মন্ত্রী আমাদের সামনে যে বিল এনেছেন সে সম্বন্ধে আমি কিছ্‌ু বলতে চাই। উনি অবশ্য ঐ বিলের, সংশোধনী সম্পর্কে ৫ ধারা ও অন্যান্য ধারার কোন পরিবর্তন দরকার—সেই সম্পর্কে বলেছেন। সে সম্পর্কে আমি অবশ্য বিশেষ কিছ্‌ু বলতে চাচ্ছি না। এই বিল ১৯৫৩ সালে জমিদারী দখল এ্যাক্ট পাশ হয়েছে। তারপর ভূমি সংস্কার আইনও পাশ হয়েছে। এই কয়েক বৎসরের মধ্যে এই আইনটার খ্‌ুচরা খ্‌ুচরা ভাবে অন্ততঃ আট-দশবার সংশোধনী বিল আনা হয়েছে। আমরা জানি ইংরেজ আমলে আমরা আন্দোলন করেছিলাম চাষীর খাজনা কমাতে হবে, জমিদারদের অত্যাচার থেকে চাষীকে বাঁচাতে হবে এবং তার জন্য আমরা বলেছিলাম ভূমি ব্যবস্থার আম্‌ূল পরিবর্তন দরকার। তারপর ১৯৫৩ সালে স্টেটস এ্যাকুইজিসান এ্যাক্ট আনা হয়। আমরা সকলেই তখন এই আইনকে অভিনন্দন ছিলাম। আমরা চেয়েছিলাম ভূমি ঘটিত বিপ্লব যদি আনা না যায়, একটা বৈপ্লবিক ভূমিসংস্কার আইন যদি করা না যায়, তাহলে দেশের খাদ্য সমস্যার সমাধান কোনদিন হবে না, কৃষকদের হাতে যদি জমি দেওয়া না যায়, তাহলে খাদ্য সমস্যার সমাধান কখনো হতে পারে না। এই বিল যখন আনা হলো, তখন জমিদারদের মোটা ক্ষতিপ্‌ূরণ দেবার ব্যবস্থা দিয়েই আনা হল এবং সেই বিল পাশ হলো, আইনে পরিণত হলো। তাতে চাষীদের হাতে জমি দেবার কথা ছিল, তাদের খাজনা কমানোর কথা ছিল, আজও তার কোন ব্যবস্থা হচ্ছে না। ক্ষতিপ্‌ূরণ দেবার কথা ছিল, আজ তাদের কাছ থেকে জমি নিয়ে ক্ষতিপ্‌ূরণ দেওয়া হচ্ছে না।

[5-35—5-45 p.m.]

আমরা দেখলাম এই বিল পাশ হবার পর যাদের নিজের হাতে যতটা জমি রাখা দরকার সেই জমি রাখবে গভর্নমেন্ট নিতে পারবো না। এই আইনের পরিবর্তন করা হোল যাতে ৭৫ বিঘার বেশী জমি রাখতে না পারে সেইজন্য। জয়েন্ট সিলেক্ট কমিটিতে অনেক সাজেসন দেওয়া হোল— কংগ্রেস মন্ত্রী সভা এই আইন আনলেন না—সিলেক্ট কমিটির যে রেকমেণ্ডেসন সেই রেকমেণ্ডেসন তারা গ্রহণ না করে ন্‌ূতন বিল আনলেন—যাহোক কিন্তু ম্‌ূল সমস্যাটার কি ছিল?—ম্‌ূল সমস্যাটা ছিল ইংরাজ চলে যাবার পর জমিদারী প্রথা উচ্ছেদের পর জমিদারদের যে অনাচার, যে জ্‌ুল্‌ুম রয়েছে তার হাত থেকে কৃষক সাধারণকে বাঁচাতে হবে। কৃষক সাধারণের হাতে জমি দিতে হবে। খাদ্যে যে দ্‌ুরবস্থা দেখছি—উৎপাদন হচ্ছে না; মাননীয় সদস্য শ্রী শ্রীকুমার ব্যানার্জি বললেন যে চাষীদের হাতে জমি দিলে কৃষকের হাতে জমি দিলে পর খাদ্যসঙ্কট আরও বাড়বে—কৃষকদের জমি দিলে উৎপাদন বাড়বে না—তাতে আরও ক্ষতি হবে। আমি তাঁর এই য্‌ুক্তির সঙ্গে একমত নই। যদি জমির স্‌ুষ্ঠ্‌ু বন্টন হোত—জমিদারদের হাত থেকে জমি নিয়ে যাবা মধ্যবিত্ত আছে তাদের হাতে থেকে জমি নিয়ে একটা স্‌ুষ্ঠ্‌ু বন্টন করার ব্যবস্থা হোত—জমি সংস্কার আইন যে পাশ করা হয়েছিল সেটা যদি কার্যকরী হোত তাতে কি বলা হয়েছিল?—বলা হয়েছিল যে ১৮ লক্ষ বিঘা জমি তারা উদ্ধার করবেন এবং সেই জমি কৃষকদের দেওয়া হবে। সেই জমি কৃষকদের যদি দেওয়া হোত তাহলে কি দেশে খাদ্যসঙ্কট হোত? আমি জানি

৬০ লক্ষ বর্গা চাষী আছে—জমি নেই তাদের। তারা যদি উৎপাদন করতে পারতো তাহলে দেশে উৎপাদন বাড়তো—খাদ্য সমস্যার সমাধান হোত এবং এই খাদ্য সঙ্কট চলছে এটা হোত না। মাননীয় সদস্য মহাশয় বল্লেন যে না এইভাবে আর কোন আইনের পরিবর্তন দরকার নেই। একটা সামগ্রিক আইন আনা দরকার যাতে এই যারা চাষ করে না (যারা মহাজন চাষী) এদের হাতে জমি রয়েছে—এরা জমি লুকিয়ে ফেলেছে। এই সমস্ত লুপহোলসগুলোর ব্যবস্থা করতে গেলে পর একটা জমি বিশেষজ্ঞ যাঁরা আছেন বা যাঁরা এর সম্বন্ধে জানেন—কিষান সভা বা অন্যান্য প্রতিনিধি যারা আছে তাদের সম্মিলিত চেষ্টাতে একটি কমিটি হওয়া দরকার। সেই কমিটীতে একটি সিদ্ধান্ত হওয়া দরকার যে এই সমস্ত লুপহোল যাতে না হয়—সেই লুপহোলসগুলি প্লাগ করার জন্য একটি কম্প্রিহেনসিভ বিল আনা দরকার। সেদিন সান্যাল মহাশয় বলেছিলেন—আবদুল রসুল সাহেব সেদিন বললেন—আমাদের সদস্য শ্রীনির্মাল্য বাগচী মহাশয় সেদিন বলেছেন যে আমাদের এই ভূমি ব্যবস্থা গভর্ণমেন্ট যে গণতান্ত্রিক নীতি নিয়ে করছে—একটা উচ্চ শ্রেণীর স্বার্থের দিক থেকে লক্ষ রেখে এই আইনগুলি করছে—যখন কোন রকম অসুবিধা হয়েছে তখন কিছু কিছু নূতন সংশোধনী আনবার—ও আইনকে কিছু পরিবর্তন করতে হয়—তাহলে এইখানে আমি বলতে চাচ্ছি যে একটি কম্প্রিহেনসিভ আইন আনা দরকার। আমি মাননীয় শ্রীকুমার ব্যানার্জির সঙ্গে একমত নই—

(শ্রী শ্রীকুমার ব্যানার্জি ঃ সে কথা আমি জানি—তা তো আমি আগেই বলেছি)

যেটা ঘোষণা করা হয়েছিল যে ভূমি ব্যবস্থা একটি বিপ্লব সৃষ্টি করা হবে। সেখানে সে সংস্কার এখনও হয় নি। ৭৫ বিঘার বাইরে বহু জমি রয়েছে—সুন্দরবন অঞ্চলে, গ্রামাঞ্চলে বহু জমি এইভাবে লোকে রেখে দিয়েছে। হাটের কথা তোলা হয়েছে—সেখানে জমিদার যারা তারাই এগুলি কন্ট্রোল করছে এবং মুনাফা করছে—মাইনের কথা বলছি—ঠেলায় পড়ে এই সংশোধনী তারা এনেছেন। চা বাগানের থেকে খাজনা নূতন করে হচ্ছে—কিন্তু এই সমস্ত চাষীদের কিভাবে শোষণ করা হয়েছে?

এগুলি বন্ধ করতে হয়, খাদ্য সমস্যা সমাধান যদি করতে হয় তাহলে যে সমস্ত লোক চাষ করে না, যাদের বেশী জমি আছে সেগুলি আস্তে আস্তে নিয়ে আসতে হবে এবং এগুলি বন্টন করতে হবে। গোচারণ ভূমি যেখানে আছে—আজ গ্রামে দুধের বড় সমস্যা—সেখানে জমিদাররা চাষ করছে এবং সেখানে গোচারণের কোন ব্যবস্থা নেই। সেজন্য গ্রামে দুগ্ধ নেই। খাদ্য সমস্যার কথা সকলেই বলেছেন। দেশে যদি ভূমি ব্যবস্থার আমুল পরিবর্তন হোত বৈপ্লবিক পরিবর্তন হোত তাহলে খাদ্য সংকট হোত না। উনি বলেছেন যে রাজনৈতিক দৃষ্টিভঙ্গী থেকে বলছি, রাজনৈতিক দৃষ্টিভঙ্গীর কোন প্রশ্ন নয়। ইংরেজ চলে যাবার পর কংগ্রেস গভর্নমেন্ট যে নীতি নিয়েছিলেন সেই নীতি তাঁরা পালন করছেন না। এই হাউসে ১৯৫৩ সালে জমিদারী আইন আলোচনা হয়েছে; ১৯৫৫ সালে ভূমি সংস্কার আইন আলোচনা হয়েছে এবং আরও বহুবার এ নিয়ে আলোচনা হয়েছে। কিন্তু এ সমস্যার সমাধান হচ্ছে না। এই সমস্যার সমাধান হচ্ছে না মানে একটা (কম্প্রিহেনসিভ বিল) আনা দরকার এবং যেখানে যেখানে লুপহোলসগুলি আছে সেগুলি বন্ধ করা দরকার। এই আইনের সুযোগে যে জমি তারা লুকিয়ে ফেলেছে সেগুলি উদ্ধার করে চাষীদের হাতে জমি দেওয়া দরকার, তা না হলে এই সমস্যার সমাধান হবে না। আমি এদিক থেকে এই আইনের সমালোচনা করছি। ডাঃ শ্রীকুমারবাবু বলেছেন চাষীর হাতে জমি দিলে কিছু হবে না। চাষীর হাতে জমি দিলে ক্ষতি কি? আমাদের এটা পরিকল্পনা হয়েছে—২য় পরিকল্পনা শেষ হয়ে গেছে ৩য় পরিকল্পনার আর এক বছর বাকী আছে। ইরিগেশন এর ব্যবস্থা করেছেন, ফার্টিলাইজার ফ্যাক্টরী করেছেন। চাষীর হাতে জমি দিয়ে যদি সারের ও ইরিগেশন-এর ব্যবস্থা করে তাদের ইনসেন্টিভ দেওয়া হোত তাহলে দেশের খাদ্য সমস্যার সমাধান হোত। গভর্ণমেণ্ট এই যে খুচরো খুচরো ভাবে আইন আনছেন তাতে এর দ্বারা এই সমস্যার সমাধান হবে না। সেজন্য আমরা জোর দিয়ে বলছি যে খুচরো খুচরো আইন আনবেন না। এখানে য়্যানুইটি-র ব্যাপার আছে, হাটের ব্যাপার আছে, টী-গার্ডেনস-এর ব্যাপার আছে, মাইনস-এর ব্যাপার আছে—এ নিয়ে হাইকোর্ট-এ মামলা ঝুলছে। এই সমস্ত দিক থেকে ল্যাকুনাগুলি দূর করে একটা সামগ্রিক আইন আনুন। আপনাদের বিঘোষিত নীতি ছিল ল্যাণ্ড রিফরমস্ করা এস্টেট এ্যাকুইজিশন-এ গভর্নমেন্ট জমি দখল করে জমিদার হয়ে বসে আছেন গভর্নমেন্ট জমিদার হলে কি হবে? কৃষকদের আগে জমিদাররা শোষণ করত; ইরিগেশন-এর

ব্যবস্থা করত না, সুদ বেশী নিত। সেই জমিদারদের হাত থেকে মুক্ত করার জন্য জমিদারী উচ্ছেদ আইন পাশ করলেন, কিন্তু আপনাদের নীতি ব্যর্থ হয়েছে এবং সেজন্য বার বার আপনারা এই আইন পরিবর্তন করছেন। সেজন্য আমি বলব এই ল্যাণ্ড এক্সপার্টস অর্থনীতিবিদদের নিয়ে একটা সামগ্রিক আইন করা দরকার এবং তা যদি করেন তাহলে এই সমস্যার সমাধান হবে, দেশের খাদ্য সংকট দূর হবে। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, এ সম্বন্ধে আমি খুব বেশী কিছু বলব না, ২।১টি কথা মাত্র বলব। অবশ্য একথা বলা এদিকে বসে অপ্রাসঙ্গিক যে এই বিল সর্বাঙ্গীন না হলেও সমর্থন করছি কেননা সমর্থন করতেই হবে এ পাশে যখন বসেছি। অবশ্য এর ভেতরে এমন কতকগুলি ব্যাপারও আছে যা বাস্তবিকই সমর্থনযোগ্য। কিন্তু এই বিলের আলোচনাকালে একটা কথা যা উঠেছে সেটা আমি অপ্রাসঙ্গিক বলে মনে করি। আজকের দিনে ভূমি সংস্কার বিল বা জমিদারী উচ্ছেদ আইন প্রণয়ন করা উচিৎ কি অনুচিৎ সেটা বিবেচনা করে কোন লাভ নেই। এই বিল যখন প্রথম উঠেছিল তখন আমি বিরোধী দলে ছিলাম, তখন আমি বার বার বলেছি জমিদারী উচ্ছেদ বিল যেটা আনছেন তা আনুন কারণ দেশের আবহাওয়া হচ্ছে এই রকম বিলের অনুকূল। কিন্তু এনে বিশেষ কিছু ফল হবে না। রবিং পিটার পে টু পল, এই যখন পলিসি হয়েছে বা হতে বসেছে তখন জমিদারী উচ্ছেদ বিল নিয়ে আসুন। কিন্তু শেষ পর্যন্ত দেখবেন এতে বিশেষ কিছু রাজস্ব বাড়বে না। যেসব উদ্দেশ্যে আপনারা এই ভূমি সংস্কার আইন পাশ করতে যাচ্ছেন সেটা যে কিছুই হবে না, খাদ্য বা রাজস্ব বৃদ্ধি হবে না। কারণ ল্যাণ্ড টেনিওর সিসটেম খারাপ বা ভাল তার সঙ্গে আমাদের উৎপাদন বৃদ্ধির বিশেষ কিছু সম্বন্ধ নেই। এই কথা বলছিলাম বলে সে সময় আমার এখনও স্পষ্ট মনে আছে নির্মলবাবু বিশেষ করে আমায় বিদ্রূপ করেছিলেন এবং আমাকে জমিদার পক্ষের লোক বলেছিলেন। যা হোক সে সব পুরানো কথা বলে আজ আর লাভ নেই। যে পথে আমরা পা দিয়েছি তার শেষ সীমায় যেতেই হবে, পছন্দ করি বা না করি। ভূমি সংস্কার আইন যা আমরা করেছি এবং কৃষকদের হাতে সমস্ত জমি দেওয়া ও খাদ্যের পরিমাণ বৃদ্ধি করার যে উদ্দেশ্য আমরা নিয়েছি সেটা আমাদের অনুসরণ করতেই হবে—যদিও এতে শেষ পর্যন্ত বিশেষ কোন লাভ হবে কি না সেটা আমি জানি না। কিন্তু একটা কথা বুঝতে পারছি না যে, যে বিলটি নিয়ে আমরা আলোচনা করছি সেই বিলটি প্রধানতঃ খাদ্য উৎপাদন বৃদ্ধি করার উদ্দেশ্যেই কি আনা হচ্ছে?

[5-45—5-55 p.m.]

এই বিল আনার আগে যে ভূমি সংস্কার আইন করা হয়েছিল এবং বর্তমানেও যে ভূমি সংস্কার আইন এনে আবার যে ভূমি সংস্কারের চেষ্টা হচ্ছে তার কারণ হিসাবে এই কথা শুনতে পাই যে এ ব্যবস্থা না করলে জমির ইল্ড বা ফসলের পরিমাণ বাড়বে না অর্থাৎ খাদ্যের পরিমাণ বাড়বে না। অবশ্য এইটিই যদি প্রকৃত উদ্দেশ্য হয় তা হলে খাদ্যের পরিমাণ এবং উৎপাদন বৃদ্ধি করার জন্য এটা করা দরকার। তাতে সন্দেহ নাই। কিন্তু আমি একটা কথা বুঝতে পাচ্ছি না যে যদি খাদ্যের আপনারা পরিমাণ বৃদ্ধিই বাঞ্ছনীয় হয় তা আপনারা এর ভেতর থেকে ফিসারিস বাদ দিলেন কেন অনেকেই হাটে বাজারে এই কথা বলেন। এই প্রশ্নটি যে অতি গুরুত্বপূর্ণ এটা কেউ বুঝছেন না। আমরা চা বাগানের জমি রাষ্ট্রায়ত্ব করলাম, মাইনস্‌গুলো হাতে নিলাম ভালো কথা কিন্তু ফিসারিস বা ভেড়ী যেগুলো আছে সেগুলো কেন গভর্ণমেন্ট নিচ্ছেন না? ভেড়ী নেবার প্রয়োজনীয়তা যে কি সে কথা আজকের এই মাছের নিদারুণ দুর্ভিক্ষের দিনে নিশ্চয়ই বলার কোন প্রয়োজন হবে না। অতএব এমন একটি কমপ্রিহেনসিভ বিল আনুন, যাতে করে এক একটা জিনিসকে রাষ্ট্রায়ত্ব করবার জন্য পৃথক পৃথক আইন করবার প্রয়োজন হবে না। আজকের দিনে কি খাদ্যের ব্যাপারে, কি খাদ্যের উৎপাদন বৃদ্ধির অজুহাতে, যখন এক একটা জিনিসকে বা ব্যক্তিগত অধিকারকে রাষ্ট্রায়ত্ব করা হচ্ছে তখন ভেড়ীগুলি কেন নেওয়া হচ্ছে না তা একবারেই বুঝতে পাচ্ছি না। আমি জানি যখন জমিদারী উচ্ছেদ বিল প্রথম তৈরী করা হয়—সত্যেনবাবু মিঃ এস, কে, বোস মিনিষ্টার সাহেবের আমলে, তখন কেন

ভেড়ীগুলি নেওয়া হয় নি। এ সম্বন্ধে আমার ব্যক্তিগত জ্ঞান কিছু কিছু আছে। ডাঃ রায়ের কাছে ভেড়ীর মালিকরা আড় হয়ে পড়েছিলেন যাতে করে ভেড়ীগুলি ছেড়ে দেওয়া হয়। তারই জন্য 'ফিসারিজ' বা ভেড়ীগুলি নেওয়া হয় নি। এই ভেড়ীওয়ালারা আজ কি ভাবে তাদের ভেড়ীগুলি পরিচালনা করছে সে বিষয়ে আমার কিছুটা ব্যক্তিগত জ্ঞান আছে। আমি জানি ভেড়ীওয়ালারা মাছ সহজে ধরে না আর ধরলেও কি ভাবে সেই মাছ তারা বাজারে বিক্রী করছে তা জানি। আমি কিছুতেই বুঝতে পাচ্ছি না সরকার যখন খাদ্যের উৎপাদন বৃদ্ধির জন্য চেষ্টা করছেন ফুড প্রবলেম সল্ভ করবার জন্য ক্রমে ক্রমে সমস্ত ব্যক্তিগত ব্যবসা নিজেদের হাতে নিচ্ছেন, তখন ভেড়ীগুলি নিচ্ছেন না কেন? মাইনস্ নিচ্ছেন ভাল কথা তা নিন। কিন্তু ভেড়ীওয়ালাদের তার এত ক্ষমতা কেন? যা হোক আজকার দিনে জমিদারী উচ্ছেদ বা ভূমি সংস্কার সম্বন্ধীয় আইনের যৌক্তিকতা বা তার মধ্যে লজিক্যাল ইনকর্নাসিসটেন্সী বা আফসের কথা আলোচনা করে লাভ নেই। এ হচ্ছে "যৌবন জলতরঙ্গ রুধিবে কে ?" এই যে রাষ্ট্রীয় করণের হাওয়া আজকে পড়েছে, জনগণের চাপে রাষ্ট্রীয় করণের স্রোত এসেছে এ হাওয়ায়, এ স্রোতে সকলকে ভাসিয়ে নিয়ে যাবে। স্বয়ং ঐরাবতও ভেসে যাবে, এ হচ্ছে মূর্খ জনসাধারণের যাকে আমি সেদিন বলেছিলাম ইগনোর্যান্ট পাবলিক তাদের এজিটেশন-এর ফলে। বলা বাহুল্য আমি এসব কথা অনেকবারই বলেছি।

I am not a great believer in democracy.

সুতরাং এই যে অজ্ঞ জনসাধারণের চাপে ভেসে যাওয়া একে আমি সমর্থন করি না। কিন্তু একথাও আমি জানি কোনও ঐরাবতেরই সাধ্য নেই একে বাধা দেয়। কলিযুগ এসেছে সব শেষ হয়ে যাবে। আজকে গভর্নমেন্টও সেই স্রোতে গা ভাসিয়েছেন। আমার শুধু জিজ্ঞাস্য এই যে তারা ফিসারী বাদ দিলেন কেন? সরকারের কাছে আমার অনুরোধ আপনারা ফিসারীগুলিও নিন এবং মাছের প্রবলেম সলভ করুন। আজকের এই বিলের মধ্যে ফিসারীগুলি না নেওয়ায় এই যে একটা মস্ত ফাঁক থেকে গেল, এজন্য আমি সরকারকে অভিনন্দন করতে পারছি না। এই যদিও আমি বিলটি সমর্থন করছি কিন্তু এই ত্রুটির জন্য অত্যন্ত দুঃখ প্রকাশও করছি। আমি মাননীয় শ্যামাদাসবাবুকে বলছি তিনি ফিসারীকে রাষ্ট্রায়ত্ব করবার প্রস্তাব নিয়ে আসুন। আজকে সমস্ত সম্পত্তি, সমস্ত ব্যক্তিগত সম্পদই যখন স্টেট-এর হাতে নিচ্ছেন তখন ফিসারীগুলিকে কেন আনবেন না? একেও আপনারা রাষ্ট্রের অধীনে নিয়ে আসুন। তাতে দেশের লোক অন্ততঃ মাছ খেয়ে বাঁচবে।

Shri Amar Prasad Chakrabarty:

স্যার, আইন হিসেবে আমরা এটা চেয়েছিলাম। আমরা এদিক থেকে যখন আন্দোলন করেছি, কৃষকের হাতে জমি দিতে বলেছি তখন কংগ্রেসই সমাজতন্ত্রের নাম করে প্রগতিশীল মনোভাব দেখাবার জন্য, তাঁরা আইন প্রণয়ন করে, সেই আইন অন্ততঃ কার্যকরী হোক আর না হোক, একটা আইন পাস করেছেন। তাঁরা নীতিগত দিক থেকে ১৯৫৫ সালে এই আইন করেছেন এই এ্যাক্ট ওয়ান অফ ১৯৫৪। তারপর স্যার, আপনি দেখবেন বছর বছর এর য়্যামেণ্ডমেন্ট হয়েছে। এই য়্যামেণ্ডমেন্টটার পেছনে তাদের উদ্দেশ্যটা কি? তাঁরা যদি সত্যিকার টিলাসদের হাতে জমি দিয়ে, যারা সত্যকার চাষী, তাদের হাতে জমি দিয়ে খাদ্যের প্রডাকসন বাড়িয়ে জনসাধারণকে খাদ্য দেবার জন্য খাদ্য সমস্যা সমাধানের সুষ্ঠু চেষ্টা থাকতো, তাহলে পরে এর একটা অর্থ আমরা খুঁজে পেতাম। প্রথম যখন এ'রা আইন করেছেন, তখন যদি আইনটা এমনভাবে করতেন যাতে অহেতুক অনেক লিটিগেশন থেকে রেহাই পাওয়া যেত। তা না করে বিভিন্নভাবে লিটিগেশন-এর বীজ এই আইনের মধ্যে ঢুকিয়ে রেখেছেন। এবং আজকে যে আইন এনেছেন এটা হচ্ছে ও'দের কৃষকদের ভোট আদায়ের কৌশলমাত্র। কৃষকদের ভোটের দরকার তাই ওদেরকে দেখাবেন যেমন জনসাধারণকে দেখাচ্ছেন, যে দেখো, তোমাদের স্বার্থের জন্য আমরা এটা করেছি, তোমাদের হাতে জমি দিচ্ছি, কিন্তু এ্যাকচুয়্যালি যখন কার্যকরী ব্যবস্থা হয় আইনের মারফৎ তখন সত্যিকার চাষী কৃষকের হাতে জমি যায় না। স্যার, আইনের ল্যাকুনাগুলি এখন পর্যন্ত কি ভাবে আছে তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষন করছি। প্রথমতঃ আপনি য়্যামেণ্ডমেন্ট-টা দেখবেন ঐ সেকসনের রেট্রোস্পেকটিভ এফেক্ট দেওয়া হয়েছে, কিন্তু নরম্যালি কোন স্ট্যাটিউট-এ এই রকম রেট্রোস্পেকটিভ এফেক্ট দেওয়া হয় না। এ সম্বন্ধে বিভিন্ন ডিসিসন হয়েছে। যাতবাস

ঝরিয়া কোলিয়ারী মামলায় তার যে ডিসিসন, সেখানে বিভিন্ন ভাবে বলছেন হাইকোর্ট যে গভর্নমেন্ট পলিসি করতে পারে, প্রপার নটিফিকেসন দিয়ে খবর দিয়ে তাঁরা ইচ্ছা করলে এটা করতে পারেন, কিন্তু আইনের মধ্যে এমন ল্যাকুনা ঢুকিয়ে রেখেছেন—যেহেতু তাঁরা বাইরে ইচ্ছা প্রকাশ করছেন যে আমরা এটা করছি কৃষকদের স্বার্থে। কার্যতঃ আইনটা এমনভাবে করবো যাতে তা না হয়। এই আইনের ফলে কোলিয়ারী নিচ্ছেন বলে আমরা আনন্দিত হচ্ছি। সেই কোলিয়ারীর কি অবস্থা হয়েছে দেখুন। মেন কোলিয়ারী ওনার যারা আছে, তাদের আণ্ডার-এ লেসী আছে, এই লেসী থেকে তারা রয়াল্টি পায় আবার যে লেসী আছে তাদের আবার সাব লেসী আছে সেখান থেকেও একটা রয়াল্টি তারা পাচ্ছে ১৯৫৪ সাল থেকে ১৯৬৪ সাল পর্যন্ত এই দশ বছর ধরে এটা তারা এনজয় করে আসছে। আর আজকে হঠাৎ এই অ্যামেণ্ড এসে বলেছিলেন যে

with retrospective effect, it shall be deemed to have been there in the Act.

তার মানে আজকে এই আইন পাস হলে আরো দশ বছর আগে থেকে তার এফেক্ট দেওয়া হবে। কার্যতঃ আইনের পক্ষে এটা য়্যাপ্লিকেবল বা ফিজিবল্ কি না

ইট নিডস ইয়েট টু বি সিন।

কেননা আমি আগেই বলেছি রেট্রোস্পেক্টিভ এফেক্ট এই ভাবে ১০ বছর আগে থেকে দেওয়ায় ঐ যে লোকটা বহুদিন থেকে প্রপার্টিটা এন্‌জয় করছে, ঐ যে সেখানে স্ট্রাকচার করেছে, প্রোডাক্-সন-এর জন্য টাকা ইনভেষ্ট করেছে, কালকে এসে বলছে যে প্রপার্টি ওন আমি করছি সেটা তোমরা বাই দিস য়্যাক্ট একটা রেট্রোস্পেকটিভ এফেক্ট দিয়ে নিতে পার না। কারণ য়্যাকচুয়াল এফেক্ট-এর কি হবে? আমি প্রথমে যেটা বলেছিলাম আমি দেখতে চাচ্ছি যে আইন করছেন তারা, সেই আইনের মধ্যে এমন ব্যবস্থা তাঁরা করে দিতে যাচ্ছেন যাতে এটা কার্যকরী না হয়। এই ল্যাকুনা রয়ে যাচ্ছে যাতে য়্যাকচুয়াল য়্যাপ্লিকেসন না হয় এই দশ বছর আগে থেকে রেট্রো-স্পেক্টিভ এফেক্ট দিয়ে, আপনি শুনে স্যার আশ্চর্য হবেন যে টু হাণ্ড্রেড টোয়েণ্টি সিক্স এর মত য়্যাপ্লিকেসন এখনো পড়ে আছে এবং তাঁরা করবেন কি? কোর্টগুলিতে রয়েছে, সেখানে জজেরা এটা আটকে দিচ্ছেন,—আমরা কি করবো? কিন্তু

Act itself defective. Act is itself not a comprehensive Act.

এবং য়্যাক্ট এর মধ্যে ল্যাকুনা ঢুকিয়ে রেখেছেন, আমি বলবো ইনটেনসেনালি। কারণ এঁরা সত্যি কারে বিশ্বাস করেন না বা চান না যে টিলার-দের হাতে সত্যিকার জমি যাক্। এঁরা বিশ্বাস করেন না যে দেশের ক্যাপিট্যালিষ্ট যারা, যাদের হাতে মাইনস্ আছে, মাইন্‌স্ ওনার যারা, সত্যিকার তাদের হাত থেকে এই জিনিসগুলি নিয়ে নেবেন। কাজেই স্যার এ্যানাদার ল্যাকুনা করলেন কিনা কোলিয়ারী সম্বন্ধে সেটা বিচার করুন। সেকেণ্ডলি আপনি দেখুন (থ্রি এ) অফ সেক্‌সন এইট্ মন্ত্রীমহাশয় বলছেন

If an intermediary executes any instrument purporting to transfer any like land which he has not retained under sub-section (1) of section 6 to any person and puts such person in possession of such land at any time before the payment of the compensation under section 23 to him, then without prejudice to its right to recover possession of such land from such person, the State Government may by order made in this behalf, direct that such intermediary shall forfeit such part of the compensation payable to him as may be specified in the order.

[5-55—6-5 p.m.]

স্যার, এখানে দুইটি জিনিস আছে—মন্ত্রী মহোদয় যদি এটা পড়েন স্যার, এটা প্রাইমাফেসী কি না। এমনি দেখুন এটা ঠিকই আছে। যে লোক অন্যায় করছে তাদের হাত থেকে নিয়ে নিচ্ছেন—কিন্তু য়্যাকচুয়্যালি আপনি করছেন কি—সে যদি ট্রান্সফারও করে তাহলে আমি তার টাইটেল নিয়ে নিচ্ছি, আমি কমপেনসেসন তাকে দিচ্ছি ডবল পেনাল্টি আমি দিতে পারি কী-দিতে পারি না

It is yet to be seen

তার মানে ইন্‌হেরেন্ট ল্যাকুনা দিয়ে দিচ্ছি এটা হলেও কোর্টে এটা য়্যাকচুয়্যাল এফেক্ট

আরও কতকগুলি সমস্যা কালকেই হয়তো এ্যামেণ্ডমেন্ট আনবেন—একটা পরিবারে ধরুন ৫টি ছেলে আছে—আপনি ঠিক করে দিলেন টোয়েন্টি ফাইভ য়্যাকার্স পার হেড। যদুবাবুর ৪টি ছেলে আছে তার মধ্যে পাঁচ শত বিঘা জমি তিনি ভাগ করে রেখেছেন এদের মধ্যে প্রত্যেক ছেলের নামে ৭৫ বিঘা রেখেছেন। যদুবাবু মারা গেলেন তখন ৭৫ বিঘা কার ভাগে যাবে? আবার এ্যাক্ট আনতে হবে যে ঐ ৭৫ বিঘা জমি তাতে আর যোগ হতে পারবে না।

These are the problems.

সেজন্য বলছি যদি একটি কম্প্রিহেনসিভ এ্যাক্ট করেন এবং সমস্ত প্রবলেমগুলি এনে ফেলতেন তা হলে বছরে বছরে এ্যাক্ট করে এ্যাকচুয়েল পারপাস অব দি এ্যাক্ট ফ্রাস্ট্রেটেড হয়ে যেতো না। নীতি য়্যাকচুয়্যালি এ্যাক্টটা ফিনিশ্‌ড হয়ে যাচ্ছে সত্যপ্রিয়বাবু যেটা বলেছেন আমরা সেটা স্বীকার করি। ২টা সিস্টেম হতে পারে হয় টিলারদের বলে দিন সমস্ত জমি আমার না হয় সমস্ত টীলারদের জমি ভাগ করে দিন, এবং জমি সিলিং করে ভাগ করে দিন অথবা তাঁরা বলে দিন, সীলিং করে আইদার ক্যাপিটালিস্ট সিস্‌টেম, বা সোসালিষ্টিক সিস্‌টেম টীলার সেখানে বেনিফিটেড হয় তা করুন কিন্তু আইন করে এমন একটা ব্যবস্থা করে দিয়েছেন যাতে কোন উদ্দেশ্য সফল হচ্ছে না। কাজেই দেখা যাচ্ছে যে এ্যাকচুয়ালী শ্রীকুমারবাবু যা বল্লেন—টীলাররা প্রডিউস করতে পারছে না—কেন না তাদের হাতে কত জমি আছে তারা কি পায়? যারা বড় লোক বিভিন্ন ভাবে যেমন গ্রামদেশে ৫০০ বিঘা জমি রেখেছে ভাগ ভাগ করে, এবং টিলারদের দিয়ে চাষ করছে—চাষ করে বর্গা কিছু পায় আর বাকী সমস্ত গোলফার করছে মালিকরা এবং তা বিভিন্ন নামে ডিস্ট্রিবিউট করে রাখেন। মার্কেটে সেই নামটা যেটা জমিদার চাষ করছে এবং যারা মালিক নয় শ্রম দিয়ে চাষ করছে যদি সেই লোকের হাতে জমি যেতো তাহলে সে মোর প্রডাকসন করতো। সুতরাং এ্যাক্ট সম্বন্ধে গভর্নমেন্টের উদ্দেশ্য কি? গভর্নমেন্টের উদ্দেশ্য সম্পর্কে এই-জন্যই সন্দেহ প্রকাশ করছি কারণ প্রত্যেক বছরই এই রকম এ্যামেণ্ডমেন্ট আনেন এবং দেখান যে আপনার প্রোগ্রেসিভ লেজিস্‌লেশন্ করছি কিন্তু এ্যাক্টের মধ্যে এমন ল্যাকুনা ঢুকিয়ে দিচ্ছে যাতে এটা আলটিমেটলি ফ্রাসট্রেটেড হয়ে যাচ্ছে সেই জন্য স্যার, আমাদের থেকে ওটা সাপোর্ট করছি। এই ল্যাকুনা রিমুভ করে একটা কম্প্রিহেনসিভ এ্যাক্ট আনুন তাতে এ্যাকচুয়্যাল পার-পাস অব দি এ্যাক্ট সেটা হচ্ছে—এবং আমাদের দেশের সমস্যার সমাধা হচ্ছে আর একটা জিনিস দেখুন—টী গার্ডেনে মাত্র ৬·৫০ নয়া পয়সা মাত্র পার একর উনি কর ধার্য করেছেন—আমার মনে হয় এটা টু লো। কারণ টী গার্ডেন-এর যারা ওনার সেখানে ৬·৫০ কেন ধার্য হোল জানি না। মন্ত্রী মহাশয় হয় তো যুক্তি দেবেন কিন্তু এটা রিজনেবল হয়েছে কিনা এটা ভেবে দেখবেন ৬·৫০ নয়া পয়সা বিভিন্ন টী গার্ডেনসের পার একর অর্থাৎ তিন বিঘায় ৬·৫০। এই যে মোটিভ—তারা আসলে ক্যাপিটেলিস্টদের ডিসপ্লিজ করতে চায় না অথচ তারা দেখাচ্ছেন যে আমরা করছি। সেজন্য এটা প্রগতির অন্তরায় হয়ে যাচ্ছে—প্রগ্রেসিভ লেজিস্‌লেশন এনটায়ারলি ফ্রাস্ট্রেটেড হয়ে যাচ্ছে।

হাট সম্বন্ধে অনেকে বলেছেন বলে হাট সম্বন্ধে বলব না। আমি মন্ত্রী মহাশয়কে একটা কথা বলতে চাই যে এই যে রিট্রস্পেক্টিভ এফেক্ট ১৫ বছরের যেটা দেখছি তাতে আমার মনে হয় এনটায়ার পারপাস ফ্রাস্ট্রেটেড হবে এবং য়্যাক্ট ইমপ্লিমেন্ট করার পক্ষে এবং আলটিমেটলি ট্রুয়েন্ট সক্ষম হবে না। আমি ল'ইয়ার হিসাবে বলছি যে এ বিষয় বিভিন্ন জাজমেন্ট দেখুন। আমি খাতরাস ঝরিয়া কেস-এর জাজমেন্ট-এর কথা বলছি

There are dozons of judgements.

এবং হাপ কোর্ট-এর জাজমেন্ট-এর বিভিন্ন ডিসিসন-এ আপনি দেখতে পারতেন এবং সেই ভাবে ইনকরপোরেট করে একটা আইন করতে পারতেন। কিন্তু সেটা তাঁরা করলেন না। আমি নীতিগত দিক দিয়ে এই আইনকে ওয়েলকাম করছি, কিন্তু এর য়্যাকচুয়্যাল পারপাস-কে ফ্রাস্ট্রেট করার জন্য যে চক্রান্ত সেটার বিরুদ্ধে আমি প্রতিবাদ করছি।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় ডেপুটী চেয়ারম্যান মহোদয় আমি মাননীয় সদস্যদের বক্তৃতা খুব মনোযোগ দিয়ে শুনেছি। এইমাত্র মাননীয় বন্ধু অমরবাবু বললেন আপনারা এই আইন প্রণয়ন করছেন, কিন্তু

হাইকোর্ট রয়েছেন, ধর্মবতার রয়েছেন। আমি জানি হাইকোর্টে গিয়ে হৈ চৈ করতে পারবেন এবং হয়ত আমাদের ডোবাতে পারবেন। কিন্তু করা হচ্ছে যে জাজমেন্ট-এর উপর ভিত্তি করে এই সংশোধনী বিধায়কটি আনলাম মাননীয় সদস্য সে সম্বন্ধে একটা কথা বললেন না। এটা ৪ বছর ধরে আদালতে ঝুলছে। আদালতের আগেকার রায় হচ্ছে নূতন করে
fresh notification under section 4
আনতে হবে। মাননীয় সদস্য বিশেষ অভিজ্ঞ আইন ব্যবসায়ী। তিনি কি জানেন না নূতন নোটিফিকেসান মানে কি হবে এবং কত কোটি টাকা রাজ্য সরকারকে হারাতে হবে? এক্ষেত্রে তিনি যদি আমাকে একটা সাজেসন দিতেন যে ভাবে আমি এ্যামেণ্ডমেন্ট এনেছি সেটা না করে অন্য ভাবে আনলে আমরা হাইকোর্টের আওতা থেকে দূরে থাকতে পারতাম অর্থাৎ ২২৬ কেউ করতে পারত না তাহলেই আমি তাঁর বক্তৃতা সমর্থন করতে পারতাম। আমি বলছি কাতরাস ঝরিয়া কোল কোং বনাম রাজ্য সরকারের যে মামলা তার ফলে আমরা অনেক টাকা আদায় করতে পারিনি আজ আমরা যে রিট্রস্পেকটিভ এফেক্ট দিচ্ছি সেই সম্বন্ধে মাননীয় সদস্য বললেন যে রিট্রস্পেকটিভ এফেক্ট ভুল হয়েছে, আইনটা ভুল হয়েছে। আইন যদি ভুল হয়ে থাকে তাহলে এখানকার আইনকর্তা হিসাবে তিনি বলুন যে কিভাবে আমরা সংশোধন করতে পারি। আমরা নিশ্চয় রিট্রস্পেকটিভ এফেক্ট চাই যাতে আমরা এত বছরের টাকা আদায় করতে পারি। আমরা চাই না আইনের কোন ত্রুটি থাক। কিন্তু সে সম্বন্ধে তিনি কিছু বললেন না, শুধু বললেন ট্রুয়েলিসিক্স রয়েছে এবং সামনে হাইকোর্ট রয়েছে। মাননীয় সদস্য হালিম সাহেব বললেন কয়েক বছরের মধ্যে—৮।১০ বছরের মধ্যে আইন বদলান হচ্ছে এটা খুব খারাপ কথা। সত্যি সত্যি এমন একটা আইন করতে পারতাম যা বদলাবার দরকার হোত না। বেঙ্গল টেন্যান্সি এ্যাক্ট বহুদিন আগে হয়েছিল, তা বদলাবার দরকার হয়নি, কিন্তু যখন প্রগতিশীল মনোভাব নিয়ে আইনসভার সদস্যরা এলেন তখন বেঙ্গল টেন্যান্সি এ্যাক্ট বদলান হল। কথা হচ্ছে আমরা যে আইনগুলি বদলাচ্ছি সেগুলি মূল লক্ষের সঙ্গে সঙ্গতি রেখে বদলাচ্ছি কি না? এটা বড় কথা নয় যে ৮।১০ বার বদলেছি কেন। এটা একটা আইনের সংশোধন সম্পর্কে বলা চলে। আমাদের দুইটা লক্ষ সম্মুখে রয়েছে। একটা হচ্ছে সামাজিক ন্যায় বিচার সাধন করতে হলে, জমিজমার মালিকানা সম্পর্কে কারুর অনেক জমি থাকবে, কারুর জমি থাকবে না, অনেকে ভূমিহীন কৃষক থাকবে এবং অনেকে বড় ভূমিমধ্যাধিকারী থাকবে সেটা আমরাও চাই না। আর একটা কথা হচ্ছে আমাদের এ্যাগ্রেরিয়ান স্ট্রাকচার-এর ভেতরে যেখানে যেখানে বাধা বিপত্তি রয়েছে বেশী ফসলের পথে সে সব বাঁধা বিপত্তিগুলি দূর করতে হবে। প্ল্যানিং কমিশন মোটামুটি এই দুটা লক্ষের কথা বলেছেন। এই দুটা লক্ষ্য সম্মুখে রেখে আমরা চলেছি। আমি আশ্চর্য হলাম মাননীয় অমরবাবু বললেন সেকসান ফাইভ কেন বদলালেন চাষীকে কি আপনারা জমি দিতে চান না? চাষীর হাতে জমি দেবার সঙ্গে সেকসন ফাইভ-এর কোন সম্পর্ক নেই।

[6-5—6-15 p.m.]

হতে পারে চাষীর হাতে জমি দিই নি, কিন্তু একটা কথা বলতে পারি যে আমাদের যে জমি আছে এর মধ্যে বড় বড় জোতদারের বেশী জমি আছে এটা স্বীকার করি, এবং এটা লজ্জার সঙ্গে, ক্ষোভের সঙ্গে এবং দুঃখের সঙ্গে স্বীকার করতে পারি যে সে জমি আমরা উদ্ধার করতে পারি নি। পারি নি ঠিক। মাননীয় সদস্যগণ যদি তুলনা করে দেখেন অন্যান্য রাজ্যের সঙ্গে এমন কি
Mid-term Apprisal of the Third Five Year Plans.
পড়ে দেখেন, তাহলে দেখবেন এই পশ্চিমবঙ্গে রাজ্য যত ক্ষুদ্র আয়তনই হোক না কেন এখানে ৫ লক্ষ একর জমি সরকার গ্রহণ করেছেন। উত্তর প্রদেশ, মহারাষ্ট্র, মহীশুর যাদের পশ্চিমবাংলার আড়াই গুন আয়তন সে সব জায়গার সঙ্গে তুলনা করে দেখলে আনন্দিতই হবেন। আমার কথা হচ্ছে এখানে যত জমি উদ্ধার করা দরকার তা হয়ত আমরা করতে পারি নি। আমাদের শ্রদ্ধেয় শ্রীকুমার ব্যানার্জী বলেছেন যে তিনি একটা প্রতিশ্রুতি চান মন্ত্রী মহাশয়ের কাছ থেকে যে আর যেন আইন সংশোধন না করা হয়। আমি এ কথাই বলতে চাই যে আইন সংশোধন আমরা ছেলেখেলা হিসাবে করি না আইন সংশোধন করি আমরা লক্ষ্য সিদ্ধির উপায় হিসাবে। যদি দেখি কোন আইন সংশোধন করে আমরা লুকান জমি উদ্ধার করতে পারবো এবং কৃষকের হাতে

অধিকতর জমি দিতে পারবো, কৃষককে স্বকীয় মর্যাদায় প্রতিষ্ঠিত করতে পারবো তাহলে নিশ্চয়ই আমরা আইন সংশোধন করবো। তাই অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি আমি এ প্রতিশ্রুতি দিতে পারছি না। মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, আর একটা কথা অত্যন্ত দুঃখের সঙ্গে এখানে উত্থাপন করতে হচ্ছে। আমি এখানে রুলস্ অফ প্রোসিডিওর দেখছিলাম। আমাদের যে বিধেয় এখানে আলোচনা হচ্ছে সে বিধেয়কে যে কয়টি বিধান (সেকসন) আলোচনার জন্য উপস্থিত করা হয়েছে, আমার মনে হয় যে আমাদের তার মধ্যেই নিবন্ধ থাকা উচিত। আমি রুলস্ অফ প্রোসিডিওর-এ তাই দেখছি। এমন নয় একটা য়্যামেন্ডিং বিল যখন আসে তখন তার মধ্যে আমরা সমস্ত বিল আলোচনা করতে পারি। কিন্তু মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার দুদিন ধরে আলোচনায় যা দেখলাম যে এমন বিষয় ছিল না যা নিয়ে আলোচনা করা হয় নি। এমনও দেখেছি যে কেউ কেউ আলোচনা করলেন পাটের জমির চাষ কতটা হয়েছে, তুলা চাষ হতে পারে কি না, সরিসার তেলের ব্যাপারটা কি? শিল্পের উন্নতি যথেষ্ট হয় নি, এবং এমন কি শিল্পজাত দ্রব্যের বাজারের সমস্যা ইত্যাদি নিয়েও আলোচনা হয়েছে। আমি এ বিষয় কি বলবো? মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, আমার এসব শুনতে শুনতে মনে হয়েছে যে আমাদের যেটা আলোচ্য বিষয় সে বিষয়টি এঁরা পড়বার সময় পান নি। তাঁরা অনেক বড় বড় সমস্যার কথা ভেবেছেন। নিশ্চই সেগুলি গুরুত্বপূর্ণ—সে কথা আমি নতমস্তকে স্বীকার করে নিচ্ছি। কিন্তু কথা হচ্ছে আমরা এখানে এসব আলোচনা করবো কেন? এসব বিষয় সত্যসত্যই এ আলোচনার গণ্ডির বাইরে? মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, একটা কথা মাননীয় নির্মাল্য বাগচী মহাশয় সেদিন বলেছিলেন ঐ বেনামী ট্র্যানজ্যাকসন-এর কথা। বেনামী ট্র্যানজ্যাকসন-এর কথা বলতে গিয়ে তিনি হাই কোর্ট-এর একটা রায়ের উদ্ধৃতি করেছেন, যে বেনামী ট্র্যানজ্যাকসন ব্যাপারে

Real ownership rests with the original owners.

এটা এতই সোজা কথা যে হাইকোর্ট-এর রায়ের কথা বলবার দরকার ছিল না। হাইকোর্ট-এর প্রতি আমার শ্রদ্ধার কিছুমাত্র অভাব নেই যদিও হাই কোর্ট-এর রায় অনেক সময় আমাদের বিপক্ষে গেছে। কথা হচ্ছে, এখানে, বেনামী ট্র্যানজ্যাকসন যদি প্রমানিত হয় সেখানে আমার অসুবিধা নেই কারণ বেনামী ট্র্যানজ্যাকসন যেখানে হল সেখানে সরকারী কর্মচারীদের সে জমি নিতে অসুবিধা হচ্ছে না। মাননীয় নির্মাল্য বাগচী বোধ হয় ভাবছেন সেকসন ফাইভ-এ এ্যাপ্লাই করলো না বলে হাইকোর্ট রায় দিয়েছে। সেকসন-এর মানে হচ্ছে, ম্যালাফাইডি য়্যাণ্ড বেনামী ট্র্যানজ্যাকসন বা ট্র্যানফারস অফ ল্যাণ্ড। কথা হচ্ছে

Benami transaction is not a transaction at all and therefore it is not something which is covered by section 5. So it does not affect us.

সুতরাং একটা লোকের কাছে যদি দেখি যে তারা বেনামী ১০০ একর জমি আর একজনকে দিয়েছেন এবং সে জমির তিনিই মালিক তখন তার বাড়তি জমি নিতে কিছু আটকাবে না। সুতরাং আমরা হাই কোর্ট-এ হেরে গেছি দেখে যদি আতঙ্কিত হন—যে ৫(ক) ধারায় মামলা হলো হাই কোর্ট-এ আমরা হেরে গেলাম আর তাতে সর্বনাশ হয়ে গেল এ যদি ভাবেন তো সর্বনাশের ব্যাপার। এই কি আমাদের আইনের বিদ্যা? আমি এই কথাই বলতে পারি এখানে যে জমি আমরা উদ্ধার করে নিচ্ছি বর্তমান আইনের মধ্যে.........।

Shri Nirmalya Bagchi:

সেখানে আমাদের যে সমস্ত কর্মচারীদের সঙ্গে আপনি ডেলিগেট করবেন পাওয়ার এনকোয়ারীর জন্য, তাদের আপনি ম্যালাফাইডি ট্র্যান্স্ফার-এর এনকোয়ারী করবার ক্ষমতা দিন।

Shri Syamadas Bhattacharyya:

আমার এনকোয়ারীর তো দরকার নাই

As soon as I come to know that a particular land has been transferred benami, then we can take the surplus land covered by the benami transaction also.

এখন ডেপুটী চেয়ারম্যান মহোদয়, আমি এই প্রসঙ্গে একটুখানি কথা বলতে চাই। সেটা হচ্ছে

যে এক্ষুণি আমাদের বন্ধুবর নরেন দাস মহাশয় বলেছিলেন আচ্ছা, ক্ষতিপূরণের দশ বছর লিমিট তুলে দিলেন, কবে দিবেন? আমি যদি সত্যি সত্যি বলতে পারতাম কোন্ সময়ের কবের মধ্যে শেষ করবো, তাহলে খুব ভাল হতো। আমি মাননীয় সদস্যদের সামনে একটা হিসেব দিতে পারি আমরা এ পর্যন্ত এই ১৯৬৪ সালের ৩০এ জুন পর্যন্ত ১৬,১৪,০০০ রোল চূড়ান্ত-ভাবে প্রকাশ করেছি এবং প্রায় সাড়ে চার লক্ষ রোল চূড়ান্তভাবে প্রকাশিত করতে বাকি আছে। এই যে রোলগুলি প্রকাশিত হয়েছে এ বেশীর ভাগ অল্প অল্প টাকার সঙ্গে জড়িত। বেশী বেশী টাকা যাদের বড় বড় রাজা মহারাজা যারা ছিলেন তাদের অনেকগুলি জেলা জুড়ে জমিদারী বিস্তারিত, তাদের ক্ষতিপূরণের চূড়ান্ত তালিকা কবে প্রকাশিত হতে পারবে তা এখন বলতে পারবো না।

দ্বিতীয় কথা—কাতরাস কোলিয়ারী কোম্পানী বনাম রাজ্য সরকারের যে মামলা চলছে, তার ফলে এই নূতন আইন আনতে হচ্ছে। এই আইন করবার পর সেই সব জায়গায় স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করতে পারবো, সেটা তৈরী করে তারপর সেখানে ক্ষতিপূরণের তালিকা প্রণয়নের ব্যাপারে হাত দিতে পারবো। আজকে আমার পক্ষে সঠিক তারিখ বলা সম্ভব হচ্ছে না। আমি বলতে পারি ক্ষতিপূরণের টাকা দেওয়া সম্পর্কে এইটুকু বলতে পারি যে চূড়ান্ত তালিকা আমরা ১৬ লক্ষ ১৪ হাজার সম্পন্ন করেছি এবং এ পর্যন্ত আমরা টাকা দিয়েছি ১৫ লক্ষ টাকা এবং দিয়েছি ১ লক্ষ ৪৬ হাজার ইন্টারমিডিয়ারী-কে তা ছাড়া আমি যদি হিসেব করে দেখাই, তাহলে দেখতে পাবো তাদের আমরা কতকটা টাকা দেই সেটেলমেন্ট বিভাগের মারফৎ স্থানীয় পেমেন্ট করে অর্থাৎ বিভিন্ন থানার মধ্যে বিভিন্ন জায়গায় ঘুরে ঘুরে হাজার টাকা পর্যন্ত হাতে হাতে নগদ দেওয়া হয়। তারজন্য সদর অফিসে বা মহকুমা অফিসে আসতে হয় না। সেইখানে ইউনিয়ন বোর্ডের প্রেসিডেন্টদের বা অঞ্চল প্রধানদের সামনে টাকা হাতে হাতে দিয়ে দেওয়া হয়। এই ভাবে সেটেলমেন্ট বিভাগের মাধ্যমে টাকা দিয়েছি ৩ লক্ষ ৩,৫০৮টা রোলকে লোকাল পেমেন্ট করে এবং মোট ১ কোটী ৬ লক্ষ ৮০ হাজার টাকা হাতে হাতে দেওয়া হয়েছে। আর কালেক-টরের অফিসের মারফৎ দেওয়া হয়েছে ১,১৯,৫৬৩ রোলে দেওয়া হয়েছে মোট ১৩ লক্ষ ৮৩ হাজার টাকা। তা ছাড়া আমরা স্পেশ্যাল পেমেন্ট দিয়েছি, যাতে ইন্টারিম পেমেন্ট দিয়েছি, য়্যানুয়িটী দিয়েছি, এবং এই ভাবে মোট প্রায় ১৬ কোটী টাকা এ পর্যন্ত আমরা দিয়েছি। আমা-দের আরো অনেক টাকা দিতে হবে। আমরা ক্রমশঃ দেখতে পাচ্ছি যাঁরা বড় বড় জমিদারীর মালিক ছিলেন, আমরা বোধ হয় তাঁদের জন্য বেশী ব্যস্ত এবং আমাদের বিপক্ষের মাননীয় সদস্যরা নিশ্চয়ই তাদের জন্য খুব ব্যস্ত নন; আমরা বেশী ব্যস্ত নই বলে তাঁদের এখনো টাকা দেওয়া হয় নি।

(এ ভয়েস ঃ আর বণ্ড দেবেন কাদের?)

বণ্ড দেব বড়লোকদের। সেজন্য নিশ্চয়ই আপনারা খুব বেশী ব্যস্ত নন। আমার কথা হচ্ছে এখানে যে কত জমি আমরা পেয়েছি ও কত জমি আমরা বিলি করেছি? এ পর্যন্ত আমাদের এগ্রিকাল-চারাল ল্যাণ্ড ভেস্ট করেছে ৪,৯৪,৬৬৯ একর। তার মধ্যে পজেসন নেওয়া হয়েছে ৩,২৩,০০০ একর। তাছাড়া অকৃষি জমি ভেস্ট করেছে ৩,৭৬,৩৩১ একর তার মধ্যে পজেসন নেওয়া হয়েছে ২৮,০০০ একর তাছাড়া বনভূমি ৮,৬৪;০০০ একর সমস্তটা নেওয়া হয়েছে এবং তা সমস্ত বন-বিভাগকে দিয়েছি। এই জমি বণ্টন ব্যাপারে আমরা সর্বসাধারণের কাছ থেকে যাতে সাহায্য এবং পরামর্শ পেতে পারি, উপদেশ পেতে পারি : সেজন্য আমরা ভূমি বণ্টন উপদেষ্টা কমিটি বিভিন্ন সার্কেলে গঠন করেছি। সেই কমিটীতে আছে স্থানীয় অঞ্চল প্রধান, সমস্তই বে-সরকারী সদস্য। তাছাড়া যেখানে আই এল আর ও আছেন, এগ্রিকালচার বিভাগের একজন কর্মচারী আছেন, কো-অপারেটিভ বিভাগের একজন আছেন।

[6-15—6-24 p.m.]

Shri Syamadas Bhattacharyya:

এরা সকলে মিলে সেই জায়গাতে যতখানি জমি পাওয়া গিয়েছে সেই জমি বন্টনের ব্যবস্থা কর-বেন।

Shri Nirmalya Bagchi:

টোট্যাল এ্যামাউন্টটা কত?

Shri Syamadas Bhattacharyya:

আমি সেটা এখনই বলতে পারছি না। আমার কথা হচ্ছে বন্টন করবার জন্য বিভিন্ন জায়গাতে ভূমি বন্টন উপদেষ্টা কমিটি গঠন করেছি। আমি আমাদের ভূমি বন্টন উপদেষ্টা কমিটির কথা এই জন্য বলছি যে মাননীয় সদস্যগণ অনেক সময় আমাদের সন্দেহ করেন যে সরকারী কর্মচারীরা যোগসাজস করে হয় তো অযোগ্য লোক নিয়ে থাকে। আমরা তা করছি না। আমরা বলছি যে সরকারী কর্মচারীদের পরামর্শ নিশ্চয় গ্রহণ করি, তাদের সাহায্য গ্রহণ করি—কিন্তু চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করবার সময় স্থানীয় জনপ্রতিনিধি যাঁরা আছেন তাঁদের পরামর্শ ও উপদেশ গ্রহণ করি, তার পর আমরা স্থির করি। এখনও আমরা চূড়ান্তভাবে বা স্থায়ীভাবে বন্দোবস্ত দিচ্ছি না—স্থায়ীভাবে বন্দোবস্ত দেবো তখনই যখন আমরা ঠিক মত বুঝতে পারবো যে জমি বন্টন সম্পর্কে যেসব তালিকা ঠিক হয়েছে সেগুলি মোটামুটি ঠিক। আপাততঃ অস্থায়ীভাবে বন্দোবস্ত দিয়ে থাকি। সেটা আমরা শীঘ্রই স্থায়ীভাবে দিতে পারবো বলে আশা করি। কিন্তু ঠিক এক বছরের মধ্যে—না দু বছরের মধ্যে সেটা আমি বলতে পারবো না। কোন কোন জায়গায় হয়তো আগামী বৎসরের মধ্যে স্থায়ীভাবে বা কোন দীর্ঘ মেয়াদে বন্দোবস্ত দিতে পারবো।

Shri Amar Prasad Chakrabarty:

যত পজেসন পেয়েছেন তার ওয়ান থার্ডও ডিস্ট্রিবিউসন হয় নি।

Shri Syamadas Bhattacharyya:

আমি এখন তা বলতে পারি না। আমরা বিভিন্ন জায়গায় কমিটিকে দিয়েছি এবং একথাও যখন পজেসন পেয়েছি এই সব জমি পজেসন পাবার পরেও তারা হাইকোর্টে মামলা যে করেছে সেটা অনেক দিনই চলছে। জলপাইগুড়ি জেলাতে ১ লক্ষ ২ হাজার একর জমি আমরা পজেসন নিয়েছি, ২০ হাজার একর জমি সম্পর্কে হাইকোর্টে মামলা করছি পূর্বতন মালিকরা—সেই মামলার কোনটা ৪ বছর কোনটা পাঁচ বছর ঝুলছে। মামলা সম্পর্কে কোন সিদ্ধান্ত হচ্ছে না। মাননীয় সদস্যদের মধ্যে অনেকেই ব্যবহারজীবী আছেন—এটা যদি তাঁরা গ্রহণ করেন তাহলে আমার মনে হয় ভাল হতে পারে। এই যে জমি পাচ্ছি তার মধ্যে লক্ষ লক্ষ জমি হাই কোর্টের আদেশ বলে বা অন্য কোর্টের আদেশ বলে হয়তো হাতছাড়া হয়ে যাচ্ছে। কিন্তু তাহলেও আমরা জমি উদ্ধারও করেছি। আমি একটা কথা বলছি—ঐ যে সেকসন ফাইভ এ—তা প্রয়োগ করে আমরা কোন কোন জায়গাতে অনেক জমি উদ্ধারও করেছি। এ পর্যন্ত আমরা সেকসন ফাইভ "এ"-র দ্বারা ৫০ হাজার একর জমি পেয়েছি। তার মধ্যে দুটা একটা নামও বলতে পারি রাজা মহারাজাদের কাছ থেকে যা পেয়েছি। একটি রাজার কাছ থেকে আমরা পেয়েছি ৬ হাজার ৩৯৫ একর জমি,

Because transfer was consideed to be mala fide by the competent authority. In another case we got 5,395 acres because transfer was declared mala fide.

Shri Nirmalya Bagchi:

নামগুলি বলে দিন।

Shri Syamadas Bhattacharyya:

বলে দিচ্ছি। একটি হচ্ছে স্মৃতিপতি না—৬ হাজার ৩৯৫ একর—

Shri Nirmalya Bagchi:

On a point of information total mala fide transfer
কত হাতছাড়া হয়েছে তার সংখ্যা কত?

In West Bengal as well, excluding Purulia and Darjeeling areas may be estimated to have been transferred during 1952-56 to evade calling restrictions.

Shri Syamadas Bhattacharyya:

এখন শ্রী এল, সি রাও,—চাকদীঘী—২ হাজার ৮ শত ১৯ একর,—শ্রী জে, পাল চৌধুরী—৭ শত ৫ একর, মহারাজা বর্ধমান ২৮৫ একর, আরও অনেকগুলি আছে—আমার কথা হচ্ছে মাননীয় সদস্যগণ আমাকে বার বার তীক্ষ্নস্বরে আঘাত করেছিলেন যে আপনারা জমিগুলি হারাবার জন্যই আছেন—এই জন্যই আমি এই উদ্ধৃতিটি দিচ্ছি যে জমি নিশ্চয়ই আমরা হারাতে চাই নি—সেইজন্য আমরা প্রতিশ্রুতি দিতে অক্ষম হলাম যে আইন আমরা আর সংশোধন করবো না—দরকার হলে আইন পরিবর্তনের জন্য এখানে আমরা আসবো।

The portion covered by mala fide transfer comes to the State. As regards transfers between two relevant dutes. You will have to consider whether it is bona fide or mala fide. If it is mala fide, immediately it goes to state.

সুতরাং ম্যালাফাইডি অথচ স্টেট-এ এল না এটা তো হতে পারে না। সেজন্য আমি বলছি য়্যাকচুয়্যালি যদি ম্যালাফাইডি ট্রান্সফার হয়ে থাকে, তাহলে সেটাকে ধরার জন্য এবং কৃষকদের আরও বেশী অধিকার দেবার জন্য এবং আমাদের প্ল্যানিং কমিশন কতৃক ল্যান্ড রিফরম-এর যে ২টি ওবজেকটিভ-কে বিশেষ ভাবে জোর দিয়ে বলা হয়েছে সেই দুটি পূর্ণ করার জন্য প্রয়োজন হলে আমি আবার আপনাদের কাছে আইন সংশোধন করার জন্য আনতে পারব।

Shri Amar Prasad Chakrabarty:

চা বাগানে এত কম করলেন কেন?

Shri Syamadas Bhattacharyya:

চা বাগান সম্পর্কে যখন বলেছিলাম সেই সময় তিনি ছিলেন না, অন্যত্র নিশ্চয় ব্যস্ত ছিলেন, আরও বেশী জরুরী কাজে। আমি যখন প্রথম ইন্ট্রোডাকসান করি তখন খুব দীর্ঘভাবে চা বাগান সম্পর্কে বলেছিলাম। আমরা দার্জিলিং, জলপাইগুড়ি, ডেরাই অঞ্চলের বিভিন্ন চা বাগানে কোথায় কত উৎপাদন হয়, কোথায় কত জমি আছে—টি বাসেস আছে, কত জমি অন্যভাবে আছে ইত্যাদি সব খবর নিয়েছি। আসামে কোন্ জায়গায় কত উৎপাদন হয়, কত খরচ হয়, কত নীট লাভ হয়, কি পরিমাণ তাদের আনুসাঙ্গিক খরচ রয়েছে এ সব জানার জন্য আসাম সরকারকে আমরা লিখেছিলাম, কেন না সেখানে প্রচুর চা হয়। আমরা এমন ভাবে অগ্রসর হতে চাই যাতে চা শিল্পের ক্ষতি না হয়, চায়ের দাম বাড়তে না পারে এবং অন্যান্য রাজ্যের সঙ্গে প্রতিযোগিতায় আমরা হটে না যাই। এই সমস্ত বিষয়ে বিচার করার জন্য আমরা আসাম সরকারকে লিখেছিলাম এবং সেখান থেকে যে জবাব পেয়েছি তাতে সমস্তটা বিচার করে আমরা মনে করছি যে এ পর্যন্ত করা যেতে পারে এবং তাতে আমরা কয়েক লক্ষ টাকা আয় করতে পারব ছবং এই আয় করার জন্য আমাদের অধিকতর ব্যয় করতে হবে না।

The motion of Shri Sasanka Sekhar Sanyal that the Bill be referred to a Committee of the whole Council with instructions to submit their report by the 31st December, 1964, was then put and lost.

The motion of Shri Abdullah Rasul that the Bill be referred to a Committee of the whole Council with instructions to submit their report by the 15th September, 1964, was then put and lost.

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration was then put and agreed to.

Clauses 2 to 11

The question that Clauses 2 to 11 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and title of the Bill

The question that Clause 1, Preamble and Title do stand part of the Bill was then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Estates Acquisition (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 6-24 p.m. till 3 p.m. on Wednesday, the 9th September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shri Snehangshu Kanta Acharyya.
Shri Ahmed Hossain.
Shri Sudhir Kumar Banerjee.
Shri Dhirendra Nath Bhattacharyya.
Shri Byomkesh Chakravarty.
Shri Hansadhwaj Dhara.
Shri Sukumar Dutta.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Nanda Kishore Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Pashupati Jha.
Shri Rajendranath Majumdar.
Shri Pashupatinath Maliah.
Shri Rebati Raman Manna.
Shri Dhirendra Nath Moitra.
Shri Sudhindra Nath Mukherjee.
Dr. Ras Behari Pal.
Shri Lakshman Prodhan.
Shri Chittaranjan Roy.
Shri Subodh Sen.

COUNCIL DEBATES

Wednesday, the 9th September, 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 9th September, 1964, at 3 p.m. being the Eleventh day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

[3—3-10 p.m.]

Obituary

Mr. Chairman: Honourable Members, before taking up the business of the day, I have to bring before the House the painful news of the tragic death of Shri Hem Nath Sanyal, Solicitor-General of India. He was found dead this morning in his Delhi residence. The Police suspect it to be a case of murder, by strangulation, and burglary is supposed to be the motive.

He was 62. He was a brilliant scholar—a Ph.D. of the University of London. He was called to Bar as a Barrister-at-law, and he joined the Calcutta High Court about thirty years ago. He became a leading Counsel of the Calcutta Bar holding a very high position there for many years. He was appointed to the office of Additional Solicitor-General of India, and later he became the Solicitor-General, the second highest legal office in India. His knowledge of law was both extensive and profound. The vacuum created in his untimely death will take a long time to be filled.

He has left behind him his wife and two daughters, Kumari Sujata Sanyal and Mrs. Sumitra Ray Chaudhuri, and a large number of friends to mourn his loss.

May his soul rest in peace.

I would now request the honourable members to show their respect to the memory of the deceased by rising in their seats and observing silence for two minutes.

(At this stage the honourable members rose in their seats and stood in silence for two minutes.)

Mr. Chairman: Thank you, ladies and gentlemen. The Secretary will send our message of condolence to the members of the bereaved family.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Government township at Patipukur, Calcutta

***95. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Development and Planning Department be pleased to state—

(a) how far the Government township at Patipukur, Calcutta, has progressed;

(b) whether the Government has any report that most part of the township is inundated whenever there is a fairly heavy shower during the monsoon;

(c) if so, whether they have investigated the causes thereof; and

(d) (i) whether the roads in the township are provided with lights required for a modern township,

(ii) whether there is police arrangement in that area sufficient to give protection to the lives and properties of inhabitants, and

(iii) whether the land of the township has been developed according to the initial plan before the sale of structures and plots in the township?

The Hon'ble Ardhendu Shekhar Naskar: (a) All the roads of the 'A' Block have been black-topped and roads constructions have been started in the 'B' Block and brick-work on the same has also been completed.

Waterworks for supplying purified water is nearing completion. Meanwhile, arrangement has been made for supplying tubewell water to the houses.

The construction of market is nearing completion. The works for construction of a big park and garden in the township have been started.

The sewerage scheme of the township will be taken up by the Public Health Engineering Department very shortly for which they have stored a large number of hume-pipes in the township. Meanwhile, kutcha drain has been provided in the township.

Plantation of big flower trees and other trees for the purpose of shadows on the roads of the township has been completed.

(b) and (c) Yes.

(d) (i) Yes, in some of the streets.

(ii) and (iii) Yes.

Shri Jatin Chakravorty :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই যে 'ওখানে যে বিল্ট হাউস সেগুলি অ্যালট করবার জন্য এ্যাপ্লিকেসান চাওয়া হয়েছিল, সেই অ্যাপ্লিকেসন-এর সঙ্গে ২৫ টাকা করে জমা দিতে হয়েছিল, তাতে আপনি কত টাকা পেয়েছেন এ পর্যন্ত এবং কি বেসিসে সেই বিল্ট হাউসগুলি য়্যালট করেছেন ?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আপনার মূল প্রশ্নের থেকে এই প্রশ্ন আসে কিনা জানি না। তবে মাননীয় সদস্য যদি অন্যভাবে প্রশ্ন করেন, তাহলে ভাল হয়।

Shri Jatin Chakravorty :

গভর্নমেন্ট টাউনশিপ পাতিপুকুরে কতখানি প্রগ্রেস করেছে, সেটাও জানতে পাব না?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আপনার প্রশ্নের (ডি)(২)তে আছে

Whether the land of the township has been developed according to the initial plan before the sale of structures and plots in the township?

আপনি হ্যাজ বিন বলেছেন, আমি বলেছি ইজ বিং ডেভেলপড।

Shri Jatin Chakravorty :

ওখানে যে বাড়ীগুলো য়্যালট করেছেন, সেই য়্যালটমেণ্ট ব্যাসিস কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এ সম্পর্কে আমাদের একটি কমিটি আছে, তারা স্থির করেন কে পাবে না পাবে।

Shri Jatin Chakravorty :

এটা কি সত্য নয় আপনাদের ওখানে জমি য়্যালট করবার জন্য স্থির করা হয়েছে, পাঁচশো থেকে পনেরশো টাকা যাদের ইনকাম অর্থাৎ যারা মিডল ইনকাম গ্রুপ, যেখানে মিনিমাম ঠিক রেখেছেন পাঁচশো টাকা কিন্তু ম্যাকসিমাম কোন লিমিট ঠিক হয় নাই—এটা কি সত্য?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সেটা জেনে বলবো।

Shri Jatin Chakravorty :

এটা কি জানাবেন কোন কোন সরকারী অফিসার যাঁরা পনেরশো টাকা মাইনে পান, তাঁরা একটু বেশী করে অতিরিক্ত বা একাধিক প্লট রেখেছেন?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

সেটা আমার জানা নাই।

Shri Jatin Chakravorty :

মন্ত্রিমহাশয় জানাবেন কি প্লট দেবার জন্য প্লান করে যেভাবে য়্যালট করছেন, তাতে ইণ্ডিয়া গভর্নমেণ্টের

Industrial museum for the whole of Eastern Region

যেটা আছে, তার জন্য কি ওখানে কিছু জমি কেন্দ্রীয় সরকার নিয়েছেন এবং যতখানি জমি প্রয়োজন ছিল, দেখা গেল তদতিরিক্ত জমি য়্যালটমেণ্ট করা হয়েছে বলে তাঁরা সেই উদ্বৃত্ত বা প্রয়োজনাতিরিক্ত জমি যেটা পশ্চিমবঙ্গ সরকারকে দিয়েছিলেন, সেই অতিরিক্ত জমিটা একজন কণ্ট্রাক্টর এবং একজন ল্যাণ্ড কালেক্টর অফিসারকে সরকার দিয়ে দিয়েছেন একথা সত্য?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

আমি এ সম্পর্কে অনুসন্ধান করে পরে জানাব।

Shri Jatin Chakravorty :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন 'ওখানে যে খালি যায়গা ছিল ড্রেনেজ-এর জন্য যেহেতু সেখান দিয়ে আণ্ডার গ্রাউণ্ড ড্রেন হবে বলে তা ভরাট করা হয়েছে, সেই জমিটা উইদাউট এ্যাডভারটাইজমেণ্ট আপনাদের পূর্তমন্ত্রী খগেন দাশগুপ্ত 'ও ডেভেলপমেণ্ট কমিশনার এস কে ব্যানার্জী তাঁদের আত্মীয় স্বজনদের কুড়িটা প্লটে ডিস্ট্রিবিউট করা হয়েছে, সব লুটেপুটে খাওয়া হচ্ছে ?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

একথা সত্য নয়।

Shri Jatin Chakravorty :

আপনি বলবেন কি ১৯৬৩তে ঐ সমস্ত বিলটি হাউসে বসবাস করবার জন্য লোকজন এসে দেখলেন সেখানকার কাঠের জানালাদরজা সব ঘুনে খাওয়া, সেগুলো পালটে দেবার জন্য ওভারসিয়ারকে বারবার বলা সত্বেও আজ পর্যন্ত তা পালটে দেওয়া হয় নাই, কণ্ট্রাক্টর-এর সঙ্গে তার কত বখরা হয়েছে জানাবেন ?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এটা ঠিক নয়।

Shri Sasanka Sekhar Sanyal:

যতীন চক্রবর্ত্তী মহাশয়ের প্রশ্ন ছিল সেখানে লুটেপুটে খাওয়া হচ্ছে কিনা, তার উত্তরে উনি বললেন ওকথা সত্য নয়, তাহলে কোনটা সত্য, লুটেপুটে সত্য না, খাওয়াটা সত্য ?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

কোনটাই সত্য নয়।

Shri Jatin Chakravorty :

দশ হাজার টাকা এ্যাডভান্স দিতে হবে ঐ বিল্ট হাউস নিবার সময় তারপর সাবসিকোয়েন্টলি কবা হয়েছে দুশো টাকা মাসে মাসে দিতে হবে ইনস্টলমেণ্টএ যতক্ষণ না শোধ হয়। এই নীতিটা ছিল যারা ঐ বাড়ীতে থাকবে। এইভাবে বিল্ট হাউসগুলো য়্যালট করা হয়। কিন্তু কয়েকটা ক্ষেত্রে দেখা গেছে দশহাজার টাকা এ্যাডভান্স করলো, বাড়ী নিল, তারপর সেখান থেকে চলে গেল, স্টেটসম্যান কাগজে এ্যাডভারটাইজমেণ্ট দেখেছি যেখানে বাড়ীর জন্য দুশো টাকা করে ইনস্টলমেণ্ট দেবার কথা, সেখানে আড়াইশো, তিনশো টাকা মাসিক ভাড়ায় সেটা ভাড়া দিচ্ছে এবং এইভাবে কিস্তির টাকা শোধ করে দিচ্ছে একথা সত্য কিনা মন্ত্রিমহাশয় জানেন ?

[3-10—3-20 p.m.]

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

একথা আমি জানি না, অনুসন্ধান করে দেখব।

Shri Jatin Chakravorty :

আপনি কি জানেন এইরকম ভদ্রমহিলা যাঁর সঙ্গে আমাদের পূর্তমন্ত্রী খগেনবাবুর ঘনিষ্ঠ পরিচয় আছে এবং এই ভদ্রমহিলার ২টা ছেলের নামে বেনামী ২টা বাড়ী নেওয়া হয়েছে, ভদ্রমহিলা দিল্লীতে আছেন এবং সেখান থেকে ঐ দুটো বাড়ীর জন্য ২৫০/৩০০ টাকা ভাড়া দেওয়া হচ্ছে, তার মানে ১০ হাজার টাকা আসছে ?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

এটি সম্পূর্ণ অসত্য।

Shri Satya Priya Roy:

আপনি বললেন খগেনবাবু ও তাঁর আত্মীয়স্বজন যে জমি পেয়েছেন সেটা সত্য নয়, তাহলে সেই জমিগুলি কে পেয়েছেন জানাবেন কি?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

জমি বা বাড়ী কাকে কাকে য়্যালট করা হয়েছে তা আমি নোটিশ দিলে জানাবো।

The Hon'ble Rabindralal Sinha: On a point of order, Sir. This question relates to progress in the development of the Patipukur Colony. Is it possible to reply if questions on all aspects about Patipukur are asked? My point of order is that supplementary about allotment of houses does not arise out of this question.

Shri Sasanka Sekhar Sanyal: On a point of order. If the particular Minister concerned does not raise the objection that the supplementary is not covered by the original question, is it in order for another Minister to raise that?

The Hon'ble Rabindralal Sinha: Am I not a member of this House who can raise a point of order if anything is being done in the House which is not in order, to draw the attention of the Chairman?

Shri Satya Priya Roy:

খগেনবাবু ও তাঁর আত্মীয়স্বজন পাননি বলে তিনি বারবার না করছেন, কিন্তু তিনি একথা বলছেন না কেন যে খোঁজ নিয়ে জানাবো?

The Hon'ble Ardhendu Shekhar Naskar:

খগেনবাবুর আত্মীয় কিনা তা আমি বলতে পারব না।

Shri Jatin Chakravorty :

Mr. Deputy Chairman: I have before me two notices of calling attention, one from Shri Sasanka Sekhar Sanyal about advance publication of books in Calcutta in respect of turf races at Poona, Bombay and other places, and the other from Shri Satya Priya Roy about revised pay scales for the teachers and employees of the secondary schools at Chandernagore. The honourable members may now formally call attention.

Shri Sasanka Sekhar Sanyal: My calling attention notice runs thus that in respect of turf races at Poona, Bombay and other places books are published in Calcutta days ahead of the days on which such races are held thereby facilitating unauthorised betting which has become rampant in West Bengal although such books are not permitted to be published and circulated in other States of India, and they are not even published in the relevant places where races are held more than one hour before the actual racing—a state of things which is undermining the moral tone of our people of all classes and denominations, calling for immediate prevention by the appropriate executive action and, failing that, legislative measures as may be needed.

Shri Satya Priya Roy: My calling attention notice runs thus: since the merge of Chandernagore, the pay-scale of teachers of premerger days have not been revised to bring them in line with those now obtaining in West Bengal and no new service rules have yet been drawn up for them. The pre-merger teachers have not been offered the privilege of opting for the West Bengal scales. This is unfair and in equitable and it means hardships to a good number of teachers and other employees of schools in Chandernagore. The Education Minister is requested to look into the matter to do justice to these employees.

The Hon'ble Ardhendu Shekhar Naskar: The statements will be made on the next working day.

The West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964

The Hon'ble Rabindralal Sinha: I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

Under article 266(3) of the Constitution of India, no moneys out of the Consolidated Fund of the State can be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in this Constitution.

The West Bengal Legislative Assembly has passed the present Bill to regularise the payment and appropriation of certain further sums from and out of the Consolidated Fund of West Bengal towards defraying the charges incurred in excess of the sanctioned provisions during the years 1959-60 and 1960-61. The Bill has been transmitted to this House by the Legislative Assembly for its recommendations under the provisions of article 198(2) of the Constitution of India.

The details of the proposed appropriation will appear from the schedules to the Bill.

With these words, I move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly, be taken into consideration.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, I beg leave of the House to offer a few words on the question of General Administration. I confine myself to the lopsided, discriminatory, partial and unjust application of the Defence of India Rules.

The Hon'ble Prafulla Chandra Sen: The excess expenditures relate to 1960-61. I do not think the honourable member will be justified in making a reference to Defence of India Rules which came into operation much later.

Shri Sasanka Sekhar Sanyal: Whenever the money is asked for, the members can criticise the propriety of getting the money not only in relation to the time of the time when it was spent but also at the time when the sanction has been asked for.

The Hon'ble Prafulla Chandra Sen: Please confine yourself to the excess expenditure.

Shri Sasanka Sekhar Sanyal: We are going to say that excess expenditure is not justified because this Government has forfeited the sympathy and confidence of this side of the House and a large section of the people on account of the faulty policy adopted by Government. The real hoarders and stockists are not touched by the Defence of India Rules but the people who are seeking for food are hounded out, whipped and clapped in jail by the Defence of India Rules.

The Hon'ble Prafulla Chandra Sen: A large number of millers and wholesalers and retailers have been arrested, and about twenty wholesalers and millers are still in jail under the Defence of India Rules.

Shri Sasanka Sekhar Sanyal: I am extremely grateful to my friend for having arrested these twenty wholesalers, but my grievance is that these twenty wholesalers are only underlings and underwear of the bigger persons who are beyond the reach of this Ministry and whom this Ministry does not venture to touch. That is my grievance and the pity of it is that those who are agitating peacefully and asking for food are being clappsed in person. ('question' from Government benches.)

Then, Sir, there is the question of not touching the reactionaries who are going to sabotage the basis of the stability of this State. There are Pakistani agents. You know that the other day there was a conference at Lucknow—Muslim Conference, not a Hindu Conference. Some of our

trusted friends and comrades were invited. Unfortunately, Mr. Rezaul Karim was not invited. Those people who have been nationalist Muslims from generation to generation are not respected by any invitation. Anyway, some of our Legislators went there—Shri Syed Kazem Ali Meerza and other people. What the Lucknow Conference put down first in the agenda was for maligning and vilifying our Prafulla Sen's Government, his Chief, Shri Atulya Ghosh, all sorts of Hindus—officials and non-officials. This is only to create a handle for Pakistani propaganda before the world. This was so much so that some of my friends who were there had to come out in protest. Things happened in Lucknow. That is outside our territorial jurisdiction. This conference has created an organisation like the old Muslim League, and I hope my friend, the Home Minister, will support me and bear me out that this conference has started preparing a branch organisation in this State of West Bengal also. We are getting a repetition of the picture of what happened in the British days: the nationalist Mussalmans stood by us but gradually their community slipped from below their feet. Similarly, today the nationalist Mussalmans on both sides of this House are not counted. The Muslim League in a new shape is aggrandising new power and is trying to assemble Muslim following for their support, and this has created a very unhealthy climate inside our country,

[4-10—4-40 p.m.]

and their trick of the trade is very obvious. Our Government is eager to arrest and put into prisons those persons here who stand by the State but go against the Government. But these people who are enemies to the State but who stand by the Government party in the matter of the votes are very safe. If you kindly refer to the Ananda Bazar Patrika, 27th May edition, you will find that there was a report that in the Sundarbans there have been camps of Pakistanis. They come there during day time, they behave like citizens of India, but during night, under the cover of darkness, they assemble all shady people and start organising them and they organise for the zero hour, so much so that in some places certain objectionable materials were found.. They have created a machinery for smuggling goods from this side to the other across the Sundarbans so much so that even our fish and our ice are being taken and transmitted to the Pakistan side and from Pakistan they are brought here at inflated rates. This was published in the Ananda Bazar Patrika of the 27th May but the Government did not start taking any action on this report. That confirms us in our misgiving that the Government is not serious in maintaining peace and stability, the Government is only serious in getting its own voting strength. Therefore, we are gradually proceeding to a very unenviable position when the State may be shaken and the Government will stand till the Government is also ousted.

Sir, I may be permitted now to refer to a recent letter. It will show that certain refugees who have been living in a village in Nadia for a long time and who are absolutely patriotic citizens of India were informing the District Authorities of Nadia for some time past that certain Mussalmans on this side were negotiating with the Pakistanis on the other side absolutely without any let or hindrance. This letter was written on the 8th August, 1964 by Hiralal Mukherjee and Chandmohan Biswas. This is a postal letter.

প্রণাম নিবেদন, বিশেষ সংবাদ এই যে তেহট্ট জেলার অন্তর্গত নাজিরপুর গ্রামের ক্ষমতাপূর্ণ প্রভাবশালী মুসলমান জেলার হোসেন বিশ্বাস পাকিস্তানের মুসলমানের সঙ্গে যোগাযোগ করে এবং

দেজ্জারের বাড়ীতে যাতায়াত করে। মুর্শিদাবাদের মুসলমান অমূক মাঝে মাঝে আসিয়া মিটিং করে, দেদারের বাড়ীতে। দেদার বিশ্বাসের যোগাযোগে তেহট্ট থানায় অন্তর্গত মাণিকনগরের রেয়াজউদ্দিন পাকিস্তানে যাবার সময় পুলিশ কর্ত্তৃক ধৃত হয়। কৃষ্ণনগর কোর্টে মোকদ্দমা আগে বাগাডোবার ইউসুফ পাকিস্তানে যাবার পথে পুলিশ কর্ত্তৃক ধৃত হয়। খোদাবক্স মণ্ডলের পুত্র ফজলুর রহমান মণ্ডল পাকিস্তানে থাকে এবং পাকিস্তানের লোককে বাড়ীতে আনিয়া বসবাস করিতেছেন। দেদারের ভাইপো আজও বহরমপুর জেলে আছে। পাকিস্তানের আবদুল বিশ্বাসের পুত্র আগরুল বিশ্বাস দেদারের বাড়ীতে থাকে এবং দেদারকে ভয়ে কিছু বলিতে সাহস করে না। বহু মুসলমান দেদার হোসেনকে এজন্য ভয় কিছু বলিতে পারে না। দাদা যা ভাল হয় তাই করিবেন। আমরা ভাল আছি।

This letter is written by Hiralal Mukherjee and Chandmohan Biswas—they are the two leaders of the local people, even leaders of both the communities. (Dr. Srikumar Banerjee: Who is the addressee?) Dr. Nalinakshya Sanyal. These panicky people were complaining against this Dedar Hossain who has recently gone to Pakistan again, but this Chandmohan Biswas has been arrested on the 20th August, 1964. So, the Defence of India Rules have become an instrument of terror for law-abiding citizens, for citizens who want that law defying persons are not kept secured but want that the country should be freed and eliminated of the Pakistani elements. Well, you sow the kind and reap the whirlwind.

So, how long and how far shall we go in this march? People who are sabotaging the State and the country, naturally they will take shelter in the Congress Party and the Government. But is it enough that the Government should remain a silent spectator when the State is in danger or is it not the function of the Government that the State should give top priority so far as the safety of the State is concerned? My humble submission is that after what has happened in the Lucknow Conference and after what is going on in the country—the ghost of the Muslim League and the soul of Pakistan are working inside West Bengal—it is necessary for us to settle down once for all to eradicate communal and communal-cum-anti State activities. Therefore, I would suggest that the Chief Minister should go in for setting up a High-Power Committee so that the Committee might go into the picture of communalism—particularly anti-State communalism—within the country and advise the Government to take such measures and steps so that communalism, which was a thing of the past and which has been revived again and which is going to stay, should not be given any further lease of life and the stability of the State must be made safe and secure.

(At this stage the House was adjourned for 20 minutes)

(After adjournment)

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমাদের সামনে ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালের অতিরিক্ত ব্যয় বরাদ্দের উপর এ্যাপ্রোপিয়েসন বিল রয়েছে। এই কথা ঠিক সে সময় যাঁরা আমাদের সরকার পরিচালনা করেছেন। যাঁরা সে সময় অর্থ ব্যয় করেছিলেন তাঁরা এখন আর নেই, কিন্তু তাঁদের সে দল আছে। এবং তাঁদের মধ্যে তখন যাঁরা ছিলেন তাঁদের অনেকেই এই মন্ত্রী সভায় আছেন। সুতরাং তখন যাঁরা অতিরিক্ত ব্যয় করেছেন তাঁদের অনেকেই এখনও আছেন এবং সেই ব্যয় মঞ্জুরীর জন্য যখন আমাদের সামনে প্রস্তাব এসেছে এবং যখন আমরা আলোচনা করছি তখন সেই ব্যয় কি ভাবে হয়েছে তা দেখা দরকার। যে সব ভাবে হয়েছে তা দেখা দরকার। যে সব বিভাগ সম্পর্কে বর্ত্তমানে টাকা চাওয়া হচ্ছে সে সব বিভাগ সম্পর্কে আমাদের বক্তব্য রাখা প্রয়োজন।

আমি আর একটা কথা এই প্রসঙ্গে বলতে চাই। সে সময় যে অতিরিক্ত অর্থ ব্যয় হয়েছে সে সম্পর্কে অডিটর জেনারেল তাঁর বিবরণ দিয়েছেন ও পাবলিক এ্যাকাউণ্টস কমিটি-তে এ সম্পর্কে আলোচনা হয়েছে। মাননীয় অর্থ মন্ত্রী এই কথাই বলেছেন যে, পাবলিক এ্যাকাউণ্টস কমিটির সুপারিশ অনুযায়ী, পেমেণ্টকে রেগুলারাইজ করবার জন্য সমস্ত বিষয়টা আনা হয়েছে। আমরা যখন পাবলিক এ্যাকাউণ্টস কমিটির পি রিপোর্ট এবং অডিটার জেনারেল-এর রিপোর্ট-এর উপর পেমেণ্ট রেগুলারাইস করবার জন্য আলোচনা করছি তখন যে বিবরণের অংশ সংশ্লিষ্ট দলিল বা পেপার হিসাবে হাউসএ দেওয়া হলে আমাদের আলোচনার সুবিধা হত। আমি জানি না কবে পাবলিক এ্যাকাউণ্টস কমিটির কেবলমাত্র রিপোর্ট নয় আমরা পাব। সম্পূর্ণ বিবরণ পেলে আমাদের আলোচনার সুবিধা হত। আমরা দেখছি কেবল কতকগুলি ব্যয় বরাদ্দের কথা এখানে আছে। কিন্তু সংশ্লিষ্ট যে অংশ পাবলিক এ্যাকাউণ্টস কমিটির যে রিপোর্ট বা অডিটর জেনারেল এর যে রিপোর্ট তার মন্তব্য আমাদের সম্মুখে আজ নেই। এই এ্যাপ্রোপ্রিয়েসন বিল আলোচনা করতে গিয়ে যে সমস্ত বিষয় বরাদ্দ চাওয়া হোয়েছে সে সম্পর্কে আলোচনা করবো। কিন্তু ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সনের সঙ্গে সম্পর্ক আছে এবং এই দিকে লক্ষ রেখে আমি আলোচনা করবো। সাধারণভাবে আলোচনা করতে গেলেও আমি দেখছি যে এই বরাদ্দে শিক্ষার জন্য ৩৭—এডুকেশন সবচেয়ে বেশী টাকা দাবী করা হয়েছে। আমি প্রধানতঃ শিক্ষার সম্পর্কেই আলোচনা করব।

এবং আমাদের কলেজীয় শিক্ষার সমস্যা সম্পর্কে আলোচনা করবো। বর্তমানের সঙ্গে সম্পর্ক আছে—তার কতখানি, সেই সম্পর্কে উল্লেখ করেই আমি সমস্যাটা তুলতে চাই।

4-40—4-50 p m.]

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি জানেন বর্তমানে বাংলাদেশে কলেজ ও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপকেরা এক আন্দোলনের পথে নেমেছেন। আগামী ১৮ই সেপ্টেম্বর বাংলাদেশে কলেজে ও বিশ্ববিদ্যালয়ের কর্মবিরতী হচ্ছে এবং আগামী বছর সমস্ত পরীক্ষা বর্জন করবার কথা তাঁরা বলছেন। আপনি হয়ত একথা বলতে পারেন এর সঙ্গে ১৯৫৯-৬০ ও ১৯৬০-৬১ সালের ব্যয় বরাদ্দের কি সম্পর্ক আছে। আমি দেখছি আমাদের কলেজ শিক্ষকদের যে দাবী সেই দাবী আপনি জানেন এই দাবী হচ্ছে বর্দ্ধিত বেতনের দাবী। তাদের এই দাবীর কথা বহুদিন ধরে বিবেচনা করা হচ্ছে আমরা দেখেছি যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কলেজ শিক্ষকদের বেতন বৃদ্ধির জন্য একটা পরিকল্পনা গ্রহণ করেছেন এবং সেই পরিকল্পনা চালু হয়েছে। এই পরিকল্পনা চালু হয়েছে কবে? ১৯৫৭ ৫৯ সালের মধ্যে এই পশ্চিমবাংলায় এই পরিকল্পনা চালু হয়েছে ১৯৫৮ সালে সুরু হয়ে ১৯৫৯ সালের শেষের মধ্যে কলকাতা শুদ্ধ সমস্ত বাংলাদেশের কলেজে এটা চালু করা হয়েছে। ১৯৫৯-৬০ সালের মধ্যে আমাদের বাংলা দেশের কলেজে ইউ জি সি স্কেল অনুযায়ী টাকা দেবার ব্যবস্থা হয়। সেই সময় পশ্চিমবঙ্গ সরকার যদি অবহিত হতেন যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন যে পররিকল্পনা গ্রহণ করেছেন, তা পাঁচ বছরের জন্য এবং সেই পাঁচ বছর পরে রাজ্য সরকারকে এই দায়িত্ব নিতে হবে। তাঁরা যা সুরু করেছেন, তার পর আরো যদি কিছু অতিরিক্ত কাজ করবার দরকার হতো তা রাজ্য সরকারকে করতে হবে, এ কথা যদি রাজ্য সরকার সেদিন বুঝতেন তাহলে আজকে এই রকম অবস্থা হত না। কিন্তু আমরা দেখছি ১৯৫৯-৬০ সালে এত অর্থ ব্যয় করা হচ্ছে এবং নূতন করে ক্ষমতা চাওয়া হচ্ছে সেই সময়কার জন্য। সেই সময় রাজ্য সরকার কেন এতটুকু অবহিত হন নি, কেন তাঁরা সে বিষয়ে ভাবেন নি? ১৯৬০-৬১ সালের কথা বলি, ১৯৬০ সালে খাদাকভাসালায় সর্ব ভারতীয় উপাচার্য্য সম্মেলনে কলেজ শিক্ষকদের আরো বেতন বৃদ্ধির কথা বলা হয়েছিল। সেই সকল বিবরণ আমাদের রাজ্য সরকার নিশ্চয়ই পেয়েছিলে। এবং শিক্ষামন্ত্রী ও নিশ্চয়ই জানেন তখন খাদাক ভাসলায় উপাচার্য্য সম্মেলনে কি বলা হয়েছিল। তখন তাঁরা এ বিষয়ে কেন অবহিত হন নাই? কেন সেই সময় তাঁরা এ বিষয়ে দৃষ্টি দেন নাই? কেন সেই সময় তাঁরা এ বিষয় দৃষ্টি দেন নাই যার জন্য এই সঙ্কট হয়েছে? ১৯৬০ সালে যদি তাঁরা এ বিষয়ে সাবধান হতেন, তখন থেকে গোটা শিক্ষানীতি ও কলেজ

শিক্ষকদের সমস্যা—যার সঙ্গে বাংলাদেশের কলেজী শিক্ষা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষা জড়িয়ে আছে—এ বিষয়ে যদি তারা ভাবতেন তাহলে আজকে এই সঙ্কট হত না এবং আজকে কলেজ শিক্ষকদের তাঁদের দাবীদাওয়া নিয়ে পথে নামতে হত না ও আজকে তাঁদের কর্মবিরতির কথা বলতে হত না, আর আগামী বছর তাঁদের পরীক্ষা বয়কটের কথাও বলতে হত না। কেন এ প্রশ্ন আসছে? ১৯৬০ সালে খাদাকভাসলায় উপাচার্য্য সম্মেলনে কেন বেতনবৃদ্ধির কথা বললেন? আর কেনই বা ইউ জি সি-কে নূতন করে স্কীম নিতে হল? এ বিষয়ে এখন আর বিস্তারিত আলোচনার প্রয়োজন নেই। আজ কলেজ শিক্ষকদের বেতন অত্যন্ত কম—এবিষয়েও বিস্তারিত আলোচনার প্রয়োজন নাই। কারণ এ বিষয় শিক্ষামন্ত্রী থেকে আরম্ভ করে সকলে স্বীকার করেছেন। তবু এ বিষয়ে কয়েকটা কথা উল্লেখ করবো। বিশেষজ্ঞরা কি বলছেন? বর্তমান সঙ্কটের সময় ১৯৫৯-৬০ ও ১৯৬০-৬১ সালের সঙ্গে সম্পর্ক রেখে এই কথাগুলি বলা আজকে আমি প্রয়োজন বলে মনে করি। কলেজ কোড কমিশন যেটা পশ্চিমবঙ্গ সরকার গঠন করেছিলেন কলকাতা হাইকোর্টের প্রাক্তন প্রধান বিচারপতি ফণি ভূষণ চক্রবর্তী মহাশয়কে নিয়ে তিনি এই কথা বলছেন

"Salaries of teachers are diverse but all unduly low."

ইউ জি সি পার্লামেন্টে যে তৃতীয় রিপোর্ট দিয়েছেন সেই ইউ জি সি রিপোর্ট-এর এক জায়গায় বলা হয়েছে

The basic time-scale of pay for University and College lecturers should compare favourably with that for Class I posts in the administrative services of the State and Central Government.

এবং সেদিন ৫ই সেপ্টেম্বর উপলক্ষ্যে, রাষ্ট্রপতি রাধাকৃষ্ণনের জন্মদিনে শিক্ষক-দিবস উপলক্ষে, বর্তমান কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী শ্রী এম সি চাগলা বলছেন

The future of education in India depends wholly upon the trained and dedicated teacher. We must recruit to this profession our best young men and women and this will only be possible provided we make the terms of service of the teadher attractive.

এখন আর টার্মস অব সার্ভিস এ্যাট্রাকটিভ নয়। এই অবস্থা ইউ জি সি যখন ১৯৫৭ সালে কাজটা সুরু করলেন, সেই সময় থেকে তাকে ফলো আপ করবার যে কাজ তা আমাদের রাজ্য সরকার করে আসছেন না। আজকে তাঁদের বলতে হচ্ছে যে আমাদের টাকা নাই, আমরা ব্যবস্থা করতে পারবো না। টাকা নেই একথা মানতে আমরা রাজী নই। বিভিন্ন ব্যাপারে তো টাকা পাওয়া যাচ্ছে, টাকা খরচও হচ্ছে। আসল সমস্যা হচ্ছে অগ্রাধিকারের প্রায়রিটির কথা, শিক্ষকে তাঁরা অগ্রাধিকার দিচ্ছেন না। তার জন্য এত টাকা খরচ করেও আমরা দেখতে পাচ্ছি যে কলেজ শিক্ষকদের মাইনে বাড়ানো সম্ভব হচ্ছে না; এবং শিক্ষার জন্য যে ব্যবস্থা করা দরকার, তা করা যাচ্ছে না; কলেজ শিক্ষকদের জন্য যা করা দরকার তা করা যাচ্ছে না। জাতি গঠনের জন্য এ সব করা প্রয়োজন একথা যদি আমরা স্বীকার করি, তাহলে সেই ব্যবস্থাগুলি কেন হবে না?

আমরা দেখছি যে ইউ. এস. সি. স্কীম অনুযায়ী ১৯৬৩ সালের ৩১এ মার্চ পর্যন্ত যে ব্যবস্থা ছিল তারা সেটা তুলে নিলেন এবং রাজ্য সরকার পুরো দায়িত্ব গ্রহণ করবার জন্য তৈরী নন। গতকাল শিক্ষা মন্ত্রী মহাশয় বলেছেন ১৯৬৩ সালের ৩১এ মার্চ পর্যন্ত তাদের দায়িত্ব তারপর দায়িত্ব কলেজগুলির। সুতরাং যে বিষয়ে চালু করা হচ্ছে তার পুরো দায়িত্ব গ্রহণ করার জন্য রাজ্য সরকার এখনও পর্যন্ত তৈরী নন। এ বিষয়ে আমি বলতে চাই বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন যে বেতনক্রম রাজ্যসরকার যেটুকু গ্রহণ করেছেন সেটা বেতন হিসাবে অধ্যাপকেরা পাচ্ছেন না। এটা একটা বেনিফিট হিসাবে পাচ্ছেন। ইউ জি. সি-র পাওনা হিসাবে যে টাকা দেবার কথা সেটা এখনও পর্যন্ত তাঁরা মাসে মাসে পুরো দিচ্ছেন না এবং দেওয়ার পরও হিসাব করে প্রভিডেণ্ট ফাণ্ড এর উপর কাটা হচ্ছে না। তাছাড়া যে সব ৩১শে মার্চ, ১৯৬৩-এরও আগে হয়েছে তৃতীয় পরিকল্পনার মধ্যে হয়েছে, যেমন পাঁশকুড়া ঘাটাল ইত্যাদি। তাঁরা এখনও ইউ. জি এস. সি.র টাকা পাচ্ছেন না।

অর্থ নেই বলে নূতন করে মাইনে বাড়ান সম্ভব নয় এবং নূতন করে দায়িত্ব নেওয়া সম্ভব নয়। এর পেছনেও না হয় যুক্তি আছে বুঝলাম, কিন্তু যেখানে অর্থ বরাদ্দ করা হচ্ছে ও সরকার অর্থ দিচ্ছেন সেই অর্থ সেখানে তাঁরা নিয়মিতভাবে দেবার ব্যবস্থা করছেন না কেন? আজ শিক্ষা মন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরের সময় স্বীকার করেছেন যে ৬ মাস পর পর তাঁরা টাকা ইউ.এস.সি. হারে স্কেল অনুযায়ী অধ্যাপকদের দেবেন সেই টাকা নিয়মিতভাবে দেবার ক্ষেত্রে কি অসুবিধা হয়ত ডি.এ হিসাবে সাড়ে সতেরো টাকা করে ভিক্ষা প্রতি মাস মাস দেওয়া হয়। এটা ৩ মাস অন্তর অন্তর পড়ে থাকে। কিন্তু তা'ও ৩ মাস পর দেবার কথা সেটা অনেক সময় ৫।৬ মাস পর দেওয়া হয়। এটা নীতির কথা, প্রিন্সিপল-এর কথা বলছি। যে টাকা ব্যয় করছেন, কলেজকে দিচ্ছেন, শিক্ষকদের কাছে পৌছে দিচ্ছেন সেটা নিয়মিতভাবে ঠিক সময় দেবার ব্যবস্থা এখন তাঁরা করতে পারছেন না। এই যে লালফিতার বাঁধন, এটা আর কতদিন চলবে? যে টাকা দাবী করা হয়েছে সেটা যাতে ঠিক সময় ব্যয় হয়, যাতে আটক না থাকে একথা বলার প্রয়োজন আছে।

আর একটা বিষয়ে বলব যেটার প্রতি সরকারের দৃষ্টি বহু আগে আকৃষ্ট হওয়া উচিত ছিল ১৯৫৯-৬০ সালে হওয়া উচিত ছিল। এটা হচ্ছে কলেজের শিক্ষকদের ব্যাপার। সরকারী ও বেসরকারী শিক্ষকদের মধ্যে কোনরকম বৈষম্য করা উচিত নয়। একই যোগ্যতা নিয়ে তাঁরা পড়াচ্ছেন, কিন্তু সেখানে মাইনের ব্যাপারে ভয়ঙ্কর রকমের বৈষম্য এবং অনেক বিষয়ে বৈষম্য রয়েছে। এটা শুধু আমার কথা নয়, কলেজ বোর্ড এনকোয়েরী কমিশন-এর সভাপতি শ্রীফণিভূষণ চক্রবর্তী এই কথা বলেছেন

The college scales of pay are still low by any standard and even those scales which are relatively liberal, compare most unfavourably with scales enjoyed by the teachers of Government Colleges who do the same kind of work and possess, generally speaking, the same qualifications.

Shri Mohitosh Rai Choudhuri: Sir, I cannot understand the bearing of this kind of heated discussion on the subject. What is the relevancy of this? Whatever he is saying is very sound and I have got the fullest support for it. But I fail to understand in what connection is he haranguing.

Shri Nirmal Bose:

আমি রেলিভ্যাণ্ট কানেকসন-এ বলছি। নূতন বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে আমি দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের সরকার ক্রমাগত নূতন বিশ্ববিদ্যালয় করে চলেছেন, কিন্তু বিশ্ববিদ্যালয়গুলি কিভাবে পরিচালিত হচ্ছে, সেখানে উপাচার্য যাদের নিয়োগ করা হয়েছে, তাঁরা কিভাবে কাজকর্ম করছেন, বিশ্ববিদ্যালয়ের শিক্ষাকে কি ভাবে নষ্ট করছেন ইত্যাদি সব বিষয়ে তাঁরা সজাগ নন। এ বিষয়ে যোগাযোগের ব্যবস্থা এবং এই বিষয়ে ভাল ভাবে কাজ করাব ব্যাপারে দিকে তারা কিছুই করছেন না। ১৯৫৯ সাল থেকে আরম্ভ করে বহু বিশ্ববিদ্যালয় হয়েছে, এই সময়ের অর্থের কথা আমরা যখন আলোচনা করছি তখন এ বিষয়ে তোলা উচিত বলে আমি মনে করি। আর একটা বিষয় হচ্ছে যে বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের একটি অদ্ভুত কথা আপনাদের কাছে নিবেদন করছি। কিভাবে এই বিশ্ববিদ্যালয় চলছে তার একটা দৃষ্টান্ত হিসাবে বলা যেতে পারে যে সেখানে এম এ ক্লাস-এ পলিটিক্যাল সায়েন্স বিষয়টি খোলায় ব্যাপারে প্রস্তাব বহুদিন ধরে হচ্ছে কিন্তু কিছুতেই তাঁরা খুলছেন না। আমি কোলকাতা বিশ্ববিদ্যালয়ে কমপোজিট কোর্স ছিল অর্থ-ইকনোমিকস এর মধ্যে ইকোনোমিকস ও পলিটিক্যাল দুইই পড়ান হোত। তারপর দুইই বিষয় আলাদা হয়ে গেল। বর্দ্ধমান ইউনিভারসিটি যখন হল তখন ইউনিভারসিটিতে পোষ্ট গ্রাজুয়েট পিওর ইকনোমিকস খোলা হোল তার মধ্যে পলিটিক্যাল সায়েন্স-এর কোন পেপার নেই। আণ্ডার গ্রাজুয়েট স্তরে পলিটিক্যাল সায়েন্স রয়েছে এম এ তে নেই। নর্থ বেঙ্গল ইউনিভারসিটিতে পলিটিক্যাল সায়েন্স ইনটার ন্যাসন্যাল রিলেশন রয়েছে ক্যালকাটা ইউনিভারসিটি-এ রয়েছে, যাদবপুর ইউনিভারসিটি রয়েছে কিন্তু, এই একটা বিশ্ববিদ্যালয় যেখানে তাঁরা কিছুতেই খুলছেন না আণ্ডার গ্র্যাজুয়েট ছাত্ররা দিনের পর দিন এটা পড়ছে; কিন্তু এম এ তে এই সাবজেক্ট খোলা হচ্ছে না, অথচ অন্যান্য বিষয়ে যেখানে ছাত্র হয় না সে সব বিভাগ খোলা হচ্ছে।

4.50—5.00 p.m.]

এই বিশ্ববিদ্যালয়ে ক্রমাগত বৎসরের পর বৎসর একটি ব্যক্তি পছন্দ করছেন না, তিনি চান না বলে পলিটিক্যাল সায়েন্স খোলা হচ্ছে না। এ সরকারের দৃষ্টি এ বিষয়ে আকৃষ্ট হয়েছে বহুবারই, কিন্তু শুধু ব্যবস্থা করছেন না। নূতন বিশ্ববিদ্যালয় খুলে পড়াশুনার ব্যবস্থা যদি না থাকে তাহলে এই সব বিশ্ববিদ্যালয় খোলবার কি যৌক্তিকতা থাকতে পারে এটা আমি জিজ্ঞাসা করতে চাই।

এছাড়া খাদ্যের কথাও আছে। এখানে জেনারেল এ্যাডমিনিস্ট্রেশান এর জন্য অর্থমঞ্জুরীর দাবী করা হয়েছে। জেনারেল এ্যাডমিনিস্ট্রেশান-এর জন্য অর্থ মঞ্জুরীর দাবী করা হয়েছে জেনারেল অ্যাডমিনিস্ট্রেসন প্রসঙ্গে আমি একটা বিষয় উল্লেখ করতে চাই। ১৯৫৯-৬০ এর জন্য টাকা চাওয়া হয়েছে, বর্ত্তমান সময় এই কথা আমরা ভুলতে পারি না যে ১৯৫৯ সালে কি শোচনীয় অবস্থা হয়েছিল। যখন খাদ্যের দাবীতে মানুষ আন্দোলন করেছিল সেই আন্দোলনকে দমন করার জন্য সরকার নৃশংসভাবে গুলী চালিয়েছিলেন এবং তারই জন্য প্রায় একশো জন মানুষকে কলকাতা এবং হাওড়ায় মারা হয়েছিল। আজকে এই জন্যই আমরা দেখছি যে এই প্রশাসনের ক্ষেত্রে এই শাসকদল যে টাকা খরচ করেন বা যে টাকা ব্যয় করেছেন তা পুলিস দিয়ে মানুষকে হত্যা করার জন্য ব্যয় করা হয়েছিল। আর আজকে তাঁরাই সেই জেনারেল এ্যাডমিনিস্ট্রেশান-এর জন্য এই অর্থ চাইছেন, বিধানসভায় এই কথা যখন উল্লেখ করা হয়েছিল তখন মাননীয় অর্থ মন্ত্রী তাঁর জবাবে বলেছিলেন যে ১৯৫৯ সালের পরে ১৯৬২ সালে নির্ব্বাচন হয়েছিল এবং তখন জনসাধারণ তাঁদেরই ভোট দিয়েছেন। ভোট-এর কথা বারে বারে বলবেন না? ভোট-এর কথা আমরা জানি। আমরা জানি আমাদের দেশে কি ভাবে ভোট হয়। গোণ্ডা নির্ব্বাচনের খবর বেরিয়েছে। গোণ্ডায় কি ভাবে টেম্পারিং করা হয়েছে, কি ভাবে অসাধু উপায়ে ভোটে জেতা হয়েছে তা জানা আছে। আজ বিচার হয় না, মামলা হয় না তাই এসব হয়। যদি বিচার হতো, যদি ঠিক মত নির্বাচনী মামলা হতো তা হলে [illegible] দেশে নির্বাচনেও গণ্ডায় গণ্ডায় গোণ্ডার মত ঘটনা পাওয়া যেত। সাধারণভাবে প্রার্থীরা [illegible], তাই অন্যায় করলেও বিচারের জন্য যেতে পারেন না এবং তাই [illegible] ভোট-এ বিচার হয় না। আর ভোট-এর কথা বলেছেন, কেরোলাতেও ভোটএ জিতে [illegible], তার ফল কি হলো, আমরা দেখেছি ১৯৬২ সালে যখন অনাস্থা প্রস্তাব এসেছিল [illegible] হয়েছিল তখন ৭১-২৮, তারপর ১৯৬৩ সালে যখন অনাস্থা প্রস্তাব এসেছিল [illegible] হয়েছিল ৬৫-৪৫ এবং গতকাল যে অনাস্থা প্রস্তাব এসেছিল [illegible] ৭৩-৫০ [illegible]-এ পাস হয়ে গেছে। তাই ভোট-এর বড়াই করে সমস্ত কিছু অগ্রাহ্য করবেন না।

সেখানে বাংলা দেশের সমস্ত কলেজ এবং বিশ্ববিদ্যালয়ের শিক্ষকেরা আজ বিপন্ন হয়ে [illegible]-এর পথে নেমেছেন আজ তাদের এ সমস্যা মেটাবার চেষ্টা করুন। যেখানে মানুষ খাদ্যের অভাবে মরছে তাকে পুলিশ দিয়ে ভয় দেখিয়ে আন্দোলন বন্ধ করবার চেষ্টা করবেন না। [illegible] খাদ্যের দাবী আপনারা মেনে নিন। আপনারা ক্ষমতায় আছেন সুতরাং এ্যাপ্রোপ্রিয়েশান বিল পাস হবে। কিন্তু জনসাধারণের অর্থ যাতে ঠিকমত ব্যয় হয় সেটা দেখা আইন সভার কাজ [illegible] সেটা দেখার প্রয়োজনও বটে।

Dr. Srikumar Banerjee:

[illegible] এ পয়েণ্ট অব ক্ল্যারিফিকেশান—বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় সম্পর্কে একটা ভ্রান্ত ধারণা আছে। কাজেই আমার মনে হয় এর প্রকৃত ঘটনা বলা দরকার। বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ের কাউন্সিল এর মেম্বারস [illegible], আমি একথাটা পরিবেশন করা উচিত বলে মনে করি যে, বর্দ্ধমান বিশ্ববিদ্যালয়ে পলিটিক্যাল সায়েন্স-এর ব্যবস্থা আছে, এই কালকে কাউন্সিল-এর মিটিং হয়েছে তাতে দুটো আলাদা বোর্ড তৈরী করা হয়েছে। পলিটিক্যাল ইকনমিক এবং পলিটিক্যাল সায়েন্স বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় থেকে একটা কমিটি এ্যাপয়েণ্ট করা হয়েছিল তাতে প্রায়রিটি অর্থাৎ কোন কোন বিষয় খোলা হবে। এটার একটা প্রায়োরিটি ঠিক করবার জন্য একটা কমিটি এ্যাপয়েণ্ট করা

হয়েছিল। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর তিনি এটা করেছিলেন। বর্ধমান বিশ্ববিদ্যালয়ের শিল্প বাণিজ্য এবং বিজ্ঞান এ তিনটির প্রতিই গুরুত্ব আরোপ করা হয়েছে। এবং সেখানে চ্যান্সেলর একটি প্রয়োরিটি কমিটি এ্যাপয়েণ্ট করেছিলেন যে কোন কোন বিষয় অগে খোলা হবে। সেই অনুসারে কতকগুলি বিভাগ বিজ্ঞান বিষয়ে খোলা হয়েছে। জিওগ্রাফিও খোলা হয়েছে। এবং আর্টস-এর সমস্ত বিষয়ও আছে সুতরাং নির্মল বোস যে কথা বললেন যে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে পলিটিক্যাল সায়েন্স-এ এম এ ক্লাস খোলা হয়নি এটা ঠিক নয় এটা ঠিক সময় হতে এবং এটা ঠিক সময় হবে এবং এবারে বি এ অনার্স আলাদা করে করা হবে। কালকের এ্যাকাডেমিক কাউনসিলএর মিটিংএ পলিটিক্যাল এনকোয়ারী এবং পলিটিক্যাল ফিলজফি—এই দুটি আলাদা বোর্ড ক্রিয়েটেড হবে।

Shri Nirmal Bose:

এই ইনফরমেশান দেওয়ার জন্য মাননীয় সদস্যকে ধন্যবাদ জানাচ্চি গতকাল বর্ধমান বিশ্ববিদ্যালয় পলিটিক্যাল সাইন্স খোলার সিদ্ধান্ত করেছেন, সুতরাং পূর্ব থেকে এ সংবাদ আমার পক্ষে জানা সম্ভব হয় নি।

Dr. Srikumar Banerjee:

আপনি যা বলেছেন আমি তার কোনো প্রতিবাদ করছি না আমি যা তথ্য এবং যা সত্য বলে জানি তাই পরিবেশন করলাম।

Shri Nirmalya Bagchi:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি পশ্চিমবঙ্গ সরকারের প্রশাসনিক ব্যাপার সম্পর্কে আপনার কাছে কিছু নিবেদন করতে চাচ্ছি। পশ্চিমবঙ্গ সরকারের ২ লক্ষ ৩০ হাজার যে কর্মচারী আছেন, তার মধ্যে শতকরা ৬৯ ভাগ এখনো অস্থায়ী অবস্থায় রয়েছে, এদের স্থায়ীকরণ সম্পর্কে এখন কোন ব্যবস্থা এখনো করেন নাই। আর চতুর্থ শ্রেণীর কর্মচারী যাদের সংখ্যা ৮৪ হাজার তাদের মধ্যে শতকরা ৮২ ভাগ হচ্ছে অস্থায়ী এবং এই সমস্ত কর্মচারীরা তাদের যৌবন ও তাদের জীবনের শ্রেষ্ঠ সময় অস্থায়ী অবস্থায় কাটিয়ে দিচ্ছেন এবং জীবনের নিরাপত্তার অভাবের ফলে প্রশাসনিক দক্ষতার অভাব সেখানে ঘটতে আরম্ভ করেছে এবং এই স্থায়ী কর্মচারী ও আর কর্মচারীদের মধ্যে বৈষম্য দেখা দিতে আরম্ভ করেছে। সেই বৈষম্য বিশেষকরে পেনসন এবং লীভ রুলসের ব্যাপারে দেখা দিতে আরম্ভ করেছে। আমার প্রশ্ন হচ্ছে মাননীয় অর্থ মন্ত্রীর কাছে যে এই সমস্ত সরকারী কর্মচারী হাজার হাজার যারা আজকে অস্থায়ী হয়ে রয়েছে, তাদের স্থায়ী করণ সম্পর্কে কোন নীতি সরকার গ্রহণ করেছেন কি না এবং গত কয়েক বছরে কি পরিমাণ সরকার তাদের অস্থায়ী থেকে স্থায়ী করেছেন? এই সরকারী কর্মচারীদের যে সংস্থা আছে তাঁদের সঙ্গে আমাদের শৈলবাবু কেন দেখা করেন না? কিন্তু তাদের যে দাবী, সেই দাবী আজকে আমি পৌছে দিতে চাই। তাঁরা বলছেন ৩ বছর যাদের কাজের মেয়াদ শেষ হয়ে গেছে, তাদের সকলকে স্থায়ী বলে ঘোষণা করা হোক।

দ্বিতীয় আর একটি প্রশাসনিক ব্যাপারে তাঁর দৃষ্টি আর্ষণ করতে চাই। সরকারী কর্মচারী কিছু ছাটাই হয়েছে এবং ১৯৫৬ সালে আপনি জানেন নিশ্চয়, যখন সরকারী কর্মচারীরা সারা রাজ্যব্যাপী আন্দোলন করেছিলেন, তখন তাঁদের কিছু নেতৃস্থানীয় ব্যক্তিদের সরকার প্রতিহিংসামূলকভাবে ছাটাই করেন তারপর ১৯৬২ সালে যখন দেশে জরুরী অবস্থা চলছে তখন এই সরকার কতকগুলি কর্মচারীকে বিনাকারণে ছাটাই করেন, যাদের বিরুদ্ধে আজ পর্যন্ত সরকার কোন চার্জসীট উপস্থিত করতে পারেন নি। যে পাঁচজন কর্মচারীকে সরকার ছাটাই করেন, সেই পাঁচজন কর্মচারী সম্পর্কে পশ্চিমবঙ্গ সরকারের হোম ডিপার্টমেণ্ট থেকে বলা হয় যে যদি তাঁরা ইনডিভিজুয়ালি রিপ্রেজেণ্টেশান করেন, তাহলে পরে তাদের বিষয়টা সরকার বিবেচনা করে দেখবেন। এই চিঠির তারিখ ২৮এ ডিসেম্বর ১৯৬৩। তারপর পনের জন সরকারী কর্মচারী প্রত্যেকে ব্যক্তিগতভাবে সরকারের কাছে রিপ্রেজেনটেসন করেন।

কিন্তু আজ আট নয় মাস হতে চললো এখনো পর্যন্ত সরকার এই সম্পর্কে কোন সিদ্ধান্ত গ্রহণ করেন নাই। এই সমস্ত মধ্যবিত্ত পরিবারের লোক যাঁরা কর্মচারী তাঁদের ভাগ্য নিয়ে সরকার ছিনিমিনি খেলছেন। যাঁরা আবেদন পত্র পেশ করেছেন তাঁদের নামগুলি আমি সংক্ষেপে বলে দিচ্ছি:

১। শ্রীরাজেন্দ্র চন্দ্র ভট্টাচার্য্য।
২। শ্রীমানস রঞ্জন ঘোষ।
৩। শ্রীশিশির ঘোষ।
৪। শ্রীঅনিল দাস।
৫। শ্রীঅরবিন্দ ঘোষ।
৬। শ্রীচিত্তরঞ্জন সেন।
৭। শ্রীনরেন্দ্র দাশগুপ্ত।
৮। শ্রীদেবীপ্রসাদ সান্যাল।
৯। শ্রী শান্তি ভট্টাচার্য্য।
১০। শ্রীদিলিপ কুমার সেনগুপ্ত।
১১। শ্রীশম্ভু সান্যাল।
১২। শ্রীমদন মুখার্জি।
১৩। শ্রীআব্দুল মান্নান।
১৪। শ্রীধনবাহাদুর ছেত্রী।
১৫। শ্রীবৈদ্যনাথ বসু।

আর একটি প্রশাসনিক বিষয় সম্পর্কে আপনার মাধ্যমে মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করতে চাচ্ছি। সেটা হচ্ছে সম্প্রতি সরকারী কর্মচারীদের একটি চিকিৎসা প্রকল্প—আমাদের সরকার রচনা করেছেন এবং এই প্রকল্প গেজেটে প্রকাশিত হয়েছে দু দফায়। যদি আপনার কোন দিন সেটা পড়বার অবসর হয়, তাহলে দেখবেন সরকারের অনিচ্ছুক হাত থেকে সরকারী কর্মচারীদের আন্দোলনের ফলে এই ভাবে নিংড়ে বেরিয়ে এসেছে। তা বেশ স্পষ্ট বোঝা যায়। তার মধ্যে দেখবেন—এর মধ্যে দেখবেন বাধানিষেধ কণ্টকিত এবং নানারকম ত্রুটিপূর্ণ। আমি দু একটি ত্রুটি সম্পর্কে এখানে উল্লেখ করছি। যেমন একটি কথা বলা হচ্ছে ৭৫ টাকা সিলিং। রোগের চিকিৎসার ব্যাপারে কোন সিলিং বাঁধা যায় না। এটা জমির ব্যাপারে দেওয়া যায়। রোগের চিকিৎসার ব্যাপারে সিলিং বেঁধে দেওয়া যায় না। এ ব্যাপারে কেন্দ্রীয় সরকারের কর্মচারীদের জন্য যে চিকিৎসা প্রকল্প আছে, সেটা যদি এঁরা অনুসরণ করতেন, তাহলে কিছুটা সহানুভূতি, উদারতা বা সহৃদয়তার পরিচয় তাঁরা দিতে পারতেন। আর ফ্যামিলীর যে ডেফিনিশান তাঁরা দিয়েছেন তাতে মনে হয় আমরা বাংলা দেশে বাস করি না—বিলেতে বাস করছি। ফ্যামিলীর মধ্যে বৃদ্ধ পিতামাতা নাই, এর মধ্যে নির্ভরশীল ভাইবোন নেই, এমন কি পোষ্যরাও এর থেকে বাদ পড়ে গেছে এবং ফ্যামিলি মেম্বাররা যদি কর্মচারীর সাথে এক জায়গায় বসবাস না করেন, যেমন ধরুন কলিকাতায় কর্মচারীটি কাজ করেন, পরিবার মফঃস্বলে রয়েছে, সেই সমস্ত পরিবারের সদস্যরা এই সুযোগ সুবিধা পাবেন না। কিংবা যদি অন্যান্য রাজ্যে বাস করেন, তাহলে তাঁরাও কোন সুবিধা পাবেন না।

[5—5-10 p.m.]

এবং সম্প্রতি এক্সট্রা অর্ডিনারি গেজেট, জুলাই ১৫এ তাঁরা একটা বিরাট গেজেট বার করেছেন আপনার অবসর মত এটা যদি কোনদিন পাঠ করেন তাহলে দেখতে পাবেন কি কি ওষুধ তাঁরা কিনতে পারবেন না। ১৬ পৃষ্ঠা ধরে এ টু জেড দু কলমে তাঁরা এটা পেশ করেছেন। সরকারী কর্মচারীদের ৭৫ টাকা দেওয়া হবে। এই ৭৫ টাকায় কি কি ওষুধ পাওয়া যায়? আপনি আশ্চর্য্য হয়ে যাবেন যে সমস্ত ওষুধগুলি ডাক্তাররা হামেশাই প্রেসক্রাইব করেন সে সমস্ত ওষুধ এই টাকার মধ্যে কেনা চলছে না। সুতরাং এই যে চিকিৎসা প্রকল্প করেছেন তাতে যেকথা আমি আগে বলেছি যে সরকারের অনিচ্ছুক হাত থেকে এটা বেরিয়ে এসেছে এবং এর পেছনে কোন উদারতা নেই, সহানুভূতি নেই। সুতরাং আমি বলব এই চিকিৎসা প্রকল্প

সম্পর্কে একটা টাকার দৃষ্টি গ্রহণ করেন এবং যাতে এটা কার্যকরী হতে পারে সে সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করুন।

Shri Jatin Chakravorty:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৫৯-৬৯, ১৯৬০-৬১ সালে যে ব্যয় বরাদ্দ ছিল যে খরচ হয়েছে সে সম্পর্কে আজ এ্যাপ্রেপ্রিয়েশন বিল এসেছে। অর্থাৎ এটা অনেকটা ভূতের বাপের শ্রাদ্ধের মত খরচ হতে গেছে এবং এখন ওঁরা আমাদের কাছে এই বিল এনেছেন যা ওঁরা প্রতি বারই আনেন। আরও কথা হল আদের বর্তমানে অর্থ মন্ত্রী যিনি এই বিল এনেছেন তিনি, সেদিন ছিলেন না সরকারের মধ্যে। ১৯৫৯-৬০, ১৯৬০-৬১ সালে তিনি তখন ম্যাকলিওড কোম্পানী কাজ করছিলেন ডাইরেক্টর হিসাবে এর অনেক কিছু সই করেছেন। এই মেকলিওড কোম্পানী সম্পর্কে এখানে কিছুদন আগে পুলিসের রেকে তদন্ত হয়ছে ফরেন এক্সচেঞ্জ ফাঁকি দেবার ব্যাপারে। এখন এসব আনছি সেদিন নন-অফিসিয়াল বিল হবে সদাচার সমিতির ব্যাপারে সেদিন সব বলব। তিনি তখন যেসব সই করছিলেন সেই সইয়ের ব্যাপারে আমি লোক লাগিয়েছি তদন্ত করে দেখছি এবং যদি আমি সংগ্রহ করতে পারি সেদিন সব বলব। সুতরাং আমি শুধু সংক্ষেপে ২।৪টি কথা ঐ সময়কার বলব অর্থাৎ ১৯৫৯-৬০, ১৯৬০-৬১ সালের কথা বলব। সে জন্য বলছি শৈলবাবু নির্ভয়ে আমার বক্তৃতা শুনতে পারেন। প্রথমে আমি বলতে চাই আমাদের এখানে যে সমস্ত সিনিয়র পুলশ অফিসার আছেন, বড় বড় উর্দ্ধতন কর্মচারী আছেন তাঁরা প্রত্যেকেই আমরা দেখি প্রকাণ্ড প্রকাণ্ড বাড়ী তৈরী করছেন এবং এটা একটা বিগ স্ক্যাণ্ডাল হয়ে দাঁড়িয়েছে। সেই সমস্ত উর্দ্ধতন অফিসার তাঁরা এখনও আছেন তারা দেখান যে তাঁরা গভর্মেণ্টের কাছ থেকে লোন নিয়ে বাড়ী করেছেন। তারা এমন একটা ভ্যালুয়েশান দিয়ে সেই বাড়ী করেন যাতে দেখান যে বাড়ীটা তাঁরা তৈরী করেছেন এটা গভর্নমেণ্টের কাছে লোন নিয়েই করেছেন। অর্থাৎ ভ্যালুয়েশানটা কমিয়ে দেখান যাতে এটা কভর হয়ে যায়। এজন্য তাঁদের বিরুদ্ধে কোনরকম দুর্নীতির অভিযোগ আনা মুস্কিল হয়ে পড়ে। আমি একটা প্রস্তাব রাখছি যে আমাদের গভর্নমেণ্টের পক্ষ থেকে এমন একটা এজেন্সি থাকা উচিত যাঁরা এসব দেখবেন। অর্থাৎ প্রপার ভ্যালুয়েসান করে বাড়ীর পর বাড়ী তৈরী করে চলেছেন সে সম্পর্কে সরকারের পক্ষ থেকে একটা প্রপার এজেন্সি থাকা উচিত যাঁরা ঐ ভ্যালুয়েসন-এর ব্যাপারে কত হয়ে এবং হওয়া উচিত এবং যে লোন নিয়েছেন তাতে কভার্ড হচ্ছে কিনা সেটা দেখবেন। আর তা না হলে তদন্ত হওয়া উচিত যে কোথা থেকে টাকা এসেছে। এ বিষয়ে ২।১টি উদাহরণ দিলেই বুঝতে পারবেন যে ঐ সমস্ত উর্দ্ধতন পুলিস ও বড় বড় কর্মচারীর যাঁদের সঙ্গে শৈলবাবুর খুব মাখামাখি আছে—কি করে বাড়ী গুলো তুলছেন।

আপনার এর মধ্যে যিনি পুলিস কমিশনার ছিলেন এবং আই জি হয়ে ছিলেন শ্রীহরিসাধন ঘোষ চৌধুরী মহাশয় তাঁর নিউ আলিপুরে গিয়ে যদি দেখেন তাহলে দেখবেন যে তিনি কি বিরাট বাড়ী করেছেন। তিনি এখন ওয়েষ্ট বেঙ্গল ডেভেলপমেণ্ট করপোরেশান এরও চেয়ারম্যান হয়েছেন। তিনি কি মাহিনা পেতেন সে সম্পর্কে তদন্ত হওয়া দরকার বলে আমি মনে করি। আর এক জন যিনি বর্তমান ডি, আই, জি শ্রীরনজিৎ গুপ্ত মহাশয়ের কথা। আমি এসব কথা এখানে উত্থাপন করছি কারণ জেনারেল এ্যাডমিনিস্ট্রেশান এসব আসে। কাজে কাজেই এসবের তদন্ত হওয়া দরকার। এবং গভর্নমেণ্ট পক্ষেও তদন্তে রাজী হওয়া দরকার। ডি আই জি রণজিৎ গুপ্ত মহাশয়ের কথাই ধরুন। তিনি ঐ সময় ২১ শত টাকার মত মাহিনা পান। সংসার চালিয়ে ইনকাম ট্যাক্স বাদ দিয়ে বর্তমান অবস্থায় কত টাকা লোন নিয়ে কি পেল্লায় বাড়ী তিনি আজ করে ছেন। দেখা যাচ্ছে তিনি ৬০ হাজার টাকা লোন নিয়েছেন, ও যে বাড়ী করেছেন তার ভ্যালুয়েশান হচ্ছে দেড় লক্ষ টাকা অথচ মাহিনা পেতেন ঐ ২১ শত টাকার মত। সুতরাং আমার বক্তব্য হচ্ছে এই যে এই বিষয়ে তদন্ত হওয়া দরকার। এটা জেনারেল অ্যাডমিনিস্ট্রেশনটা কি ভাবে পড়ে তা দেখুন এবং সে জন্যই আমি এ সব কথা এখানে তুলেছি। ঐ সময়ে তিনি ৬০ হাজার টাকা লোন নিয়ে প্রায় দেড় লক্ষ টাকার বাড়ী করেছেন সুতরাং বাকি টাকা কোথা থেকে এসেছে এবং কেমন করে এসেছে তা দেখা দরকার। ২১ শত কি ২ হাজার টাকার মত মাহিনা পেয়ে সংসার চালিয়ে ইনকাম ট্যাক্স বাদ দিয়ে আজকালকার দিনে কত টাকায় লোক বাঁচাতে পারে যাতে নাকি এরূপ

াড়ী করা যায়? আমাদের অর্থমন্ত্রী যিনি প্রায় মুখ্য মন্ত্রীর পরেই সুতরাং তাঁকে অনুরোধ করছি তিনি তদন্ত করে দেখুন। আমার দ্বিতীয় অভিযোগ হচ্ছে রিফিউজি রিলিফ এ্যাণ্ড রিহ্যাবিলিটেশান ডিপার্টমেণ্ট এর ব্যাপারে। ২৪-পরগনা গড়িয়া, লস্করপুর এরিয়ার কি ভাবে দেড় কোটি টাকা খরচ করা হয়েছে। অথচ দেখুন আজ তার কি অবস্থা দাঁড়িয়েছে? কি রকম বিল্ডিং হয়েছে এবং ম্যালাফাইডি ল্যাণ্ড ট্রানজ্যাকশান কি ভাবে হচ্ছে। সরকার এই অর্থের কিভাবে অপচয় করছেন সেটা আপনার মাধ্যমে সভার সামনে রাখতে চাই। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি জানেন যে সরকারের অধিকারে আছে যে ল্যাণ্ড ডেভেলপমেণ্ট এ্যাক্ট ও ল্যাণ্ড এ্যাকুইজিশান এ্যাক্ট এতে তাঁরা জমি দখল করতে পারবেন, এবং দল করে রিফিউজি বসাবার বন্দোবস্তো করতে পারবেন, ও বিভিন্ন কতকগুলি আইন গত ধাপ তা র করে সে সব জমি দখল করতে পারেন। আমরা দেখতে পাচ্ছি কতকগুলি ম্যালাফাইড ইনটেনসন মন্ত্রিমহাশয়রা এবং উচ্চ পদস্থ অফিসার বা তাঁদের এ সবের সহযোগিতায় এবং ষড়যন্ত্রে কি ভাবে আজকে এই আইনকে বিকৃত করা হচ্ছে তারা জেনেশুনে ভুল করছেন আজকে কি ভাবে সেগুলি মামলা করে কোয়াস্ট করা হচ্ছে। এবং সে একোয়ারএর ফলে কি করে লক্ষ লক্ষ টাকা অপচয় হয়েছে। রিফিউজী রিহ্যাবিলিটেসন ডিপাটমেণ্ট-এর জন লক্ষ লক্ষ টাকা খরচ হচ্ছে। সে টাকা গুলি কি ভাবে বরবাদ হয়ে যাচ্ছে তার দু'একটা নমুনা আপনার মাধ্যমে রাখতে চাই। স্যার এই গড়ড়িয়া লস্করপুর-এর যে স্কীম তাতে ল্যাণ্ড ডেভেলপমেণ্ট এ্যাক্ট অনুসারে তাঁরা ১৫ শত বিঘা জমি এ্যাকোয়ার করেছেন। তার গ্রাবাব করলেন এবং নোটিফিকেশান দিলেন কেবলমাত্র সেকশান ৪ এ্যাণ্ড ৬ অব ল্যাণ্ড ডেভেলপমেণ্ট এ্যাক্ট ও ল্যাণ্ড এ্যাকুইজিশান এ্যাক্ট অনুসারে ৬১ বিঘা জমি ও ৬৭৬ বিঘা জমি তাঁরা অ্যাকোয়ার করলেন এবং সে নোটিফিকেসন অনুসারে সেই ৪ ও ৬ ধারায় তাঁরা এট করলেন টোটাল টাকা এতে খরচ হল ১ কোটি ৩২ লক্ষ টাকা, এবং ঐ ১ কোটি ৩২ লক্ষ টাকার উপর যোগ দিতে হয়ে আমাদের ৬ পারসেণ্ট যে সুদ সেটা, সেটা যোগ দিতে হবে যে টাকা খরচ হয়েছে তার উপর।

[5-10—5-20 p.m.]

তাহলে টাকার পরিমাণ কোথায় গিয়ে দাঁড়ায় সেটা দেখুন এবং স্যার গত ১৯৬১ সালের একটা কেস—কেস নং ১২৮ অব নাইনটিন সিক্সটি ওয়ান—আমরা যে সীমা বেঁধে দিয়েছি তার বাইরে আমি যাচ্ছি না। শ্রীসুধীর ব্যানার্জী বলে এক ভদ্রলোক তিনি রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপার্টমেণ্ট এর কর্মচারী, তার পিতৃদেব হলেন শ্রীনরেন ব্যানার্জী—তিনি গিয়ে গভর্নমেণ্ট যে জায়গা দখল করেছে সেখানে গিয়ে স্কোয়াটার হয়ে বসে গেলেন। তারপর বসে থাকার কিছুদিন পরে বারুইপুর কোর্টে একটি মামলা করে দিলেন, যেখানে তাঁর ছেলে কাজ করেন রিফিউজি রিহ্যাবিলিটেশন ডিপাট মেণ্ট তাদের বিরুদ্ধে একটি মামলা করে দিলেন এই বলে যে ঐ নরেন ব্যানার্জীর পক্ষে যেন ঐ জমিটার টাইটেল দিয়ে দেওয়া হয়। মজা হলো স্যার এই বাপ বেটা মিলে পিতাপুত্র মিলে কি ভাবে যে ম্যানিপুলেসন করলেন আমাদের যে বর্তমান মুখ্যমন্ত্রী পি সি সেন সেই সময় তিনি রিফিউজি মিনিষ্টার এবং শ্রীমতী মায়া ব্যানার্জী ছিলেন সেই সময় ডেপুটি এবং অমল চ্যাটার্জী তিনি ডাইরেক্টর অব রিহ্যাবিলিটেশান এঁরা মিলে বর্তমানে যিনি আমাদের ঐ ডিপার্টমেণ্টের মন্ত্রী আছেন এঁরা সবাই মিলেটিলে মজা হলো সেই কেসটা কনটেস্টই করলেন না। তার ফলে বারুইপুরের মুন্সেফ নরেন ব্যানার্জীর পক্ষে ফেভারএ রায় দিয়েছেন জাজমেণ্ট দিয়েছেন হ্যাঁ, ঐ জমি তার। লক্ষ লক্ষ টাকা খরচ করে দখল করা সরকারের যে জমি তার একটি একটি অংশ দখল করে নিয়ে ঐ একজন লোক সরকারী কর্মচারীর পিতা তিনি গিয়ে কেস করলেন। আর সরকার পক্ষ থেকে কোন রকম কনটেস্ট করা হল না এবং শেষ পর্য্যন্ত তার পক্ষে কোর্টের রায় হয়ে গেল। আশ্চর্য্য ব্যাপার। আর একটা কেস এই রায় হবার পরে একজন প্রাইভেট ইনডিভিজুয়াল তার বিরুদ্ধে কেস রিভাইভ করলেন। এবারও মজা হলো এই গভর্নমেণ্ট-এর যে তাগিদ থাকার প্রয়োজন ছিল যেটা কনটেস্ট করায় এরকম কোন ব্যাপারই দেখা গেল না এবং যার ফলে এই বছর ২৯।৮।৬৪ তারিখে জাজমেণ্ট বেরিয়েছে সেই জাজমেণ্টে দেখা গেল ঐ যে এ্যাকুইজিশান প্রসিডিংস যে এ্যাকোয়ার করেছিলেন জমি যেটা এবং ব্যানার্জীর পক্ষে যে রায় দিয়েছেন এ্যাকয়ার করা প্রসিডিংস যা গভর্নমেণ্ট বলেছিলেন, সরকার সেটা

কোয়াস করে দিলেন, খারিজ করে দিলেন এই বলে যে তার মধ্যে গলদ ছিল, সেজন্য ব্যানার্জী কোয়াটার হওয়া সত্ত্বেও তার পক্ষে রায় দেওয়া হয়েছে তিনি মালিক হয়ে গেলেন। সরাকারের টাকা লক্ষ লক্ষ টাকা সরকার খরচ করেছেন কিন্তু তার ফলে কি হয়েছে? ল্যাণ্ড ডেভেলপমেণ্ট এ্যাক্ট এ্যাণ্ড ল্যাণ্ড অ্যাকুইজিশ্যান এ্যাক্টএর চার ও ছয় ধারায় নোটিফিকেশান দেওয়া হল। নিয়ম হচ্ছে ৪, ৬, ৯, ১১, ১৩, এই সমস্ত বিধি যা আছে যে সেক্সন আছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই নোটিফিকেশন যদি দেওয়া না হয় তাহলে সম্পূর্ণ হয় না। যার ফলে বারুইপুর কোর্টের মুন্সেফ ঐ রায় দিয়েছেন এবং সরকার তাতে পরাজিত হয়েছেন। কোন তাগিদ নাই সরকারের সেখানে হাজির হবে। যার ফলে দেখা গেল কমপেনসেশান যে জমির জন্য দেওয়া হয়ে গেছে প্রায় ৫০ লক্ষ টাকার মত এ্যাকয়ার করবার দরুন এবং সেখানে যে রিফিউজি বসান হয়েছিল তারজন্য প্রায় এক কোটি টাকার মত খরচ করা হয়েছে তাদের রিহ্যাবিলিটেট করবার জন্য সেই জমি অ্যাকোয়ার যেভাবে করা হয়েছে আইনে ত্রুটি থাকার ফলে আজকে সেখানকার বৈধ রিফফিউজিরা ট্রেসপাসারস বা অনধিকার প্রবেশকারী পর্য্যায়ে গিয়ে পৌঁছেচে।

ট্রেসপাসার, অনধিকার প্রবেশকারী পর্য্যায়ে গিয়ে পৌঁছায়। তাদের স্ট্যাটাস হল এই মুন্সেফের জাজমেণ্ট-এর ফলে হাজার হাজার রিফিউজি, এই সমস্ত ছিন্নমূল মানুষ যারা কবে এসেছিল যাদের পেছনে টাকা খরচ করে পুনর্বাসনের বন্দোবস্ত হয়েছে, জমি দখল হয়েছে, এক কোটি টাকার উপর খরচ হয়েছে ঐ সমস্তদের ৫০ লক্ষ টাকা কমপেনসেশান দেওয়া হল। এর ফলে এই সমস্ত ছিন্নমূল মানুষদের মধ্যে একটা ত্রাসের সঞ্চার হচ্ছে, তারা খুব সন্ত্রস্ত হয়ে উঠেছে এব মধ্যে ঐ যে অমল চ্যাটার্জি তিনি হচ্ছেন নটের গুরু ভিলেইন অব দি পিস এবং তিনিই এ সমস্ত করাচেচ। তিনি ডিরেক্টর অব রিহ্যাবিলিটেশান-এর সঙ্গে সঙ্গে ডেপুটি রিফিউজি রিহ্যাবিলিটেশান কমিশনার এইভাবে ঐ সময়ে অর্থের অপচয় দুর্নীতি হয়েছে এবং মন্ত্রী উপমন্ত্রী সবাই মিলে এই সমস্ত দুর্নীতি পরায়ণ অমল চ্যাটার্জীর মত অফিসারদের যোগসাজসে সরকারের টাকা খরচ করে অপচয় করে দুর্নীতির মারফৎ পুনর্বাসন যাদের হবার কথা তাদের আজকে অনধিকার প্রবেশ-কারী, ট্রেসপেসার-এর পর্য্যায়ে ফেলছেন। এই ১টি নমুনা আপনার মাধ্যমে সভার কাছে উপস্থিত করছি।

Shri Narendra Nath Das:

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, আপনি জানেন যে সময় সম্পর্কে আমরা আলোচনা করছি এই সময়ে রিফিউজী রিহ্যাবিলিটেশন-এর একটা নূতন পলিসি সরকার গ্রহণ করেন এবং পশ্চিমবাংলার ক্যাম্পে যেসব উদ্বাস্তু ছিলেন তাঁদের পুনর্বাসনের জন্য দণ্ডকারণ্যে প্রকল্প তখন রচনা হয়। আপনার নিশ্চয় মনে আছে তখন ১৯৫৯-৬০ সালে এখান থেকে কাউন্সিল, এ্যাসেম্বলীর মেম্বার দণ্ডকারণ্য প্রজেক্ট দেখতে যান। দণ্ডকারণ্য প্রোজেক্ট সেদিন যে সৃষ্টি হয়েছিল সেই দণ্ডকারণ্য প্রজেক্ট সম্বন্ধে আমি কিছু আপনার মাধ্যমে বলতে চাই। আপনি জানেন তখন দণ্ডকারণ্য প্রজেক্ট-এর চেয়ারম্যান মিঃ কুচার ছিলেন এবং জনসন ছিলেন এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার। তখন থেকে আরম্ভ করে দণ্ডকারণ্য প্রজেক্ট আজ কোথায় এসে দাঁড়িয়েছে সে সম্পর্কে আপনার মাধ্যমে পশ্চিমবঙ্গ সরকারের কাছে অনুরোধ করব এ সম্বন্ধে অনুসন্ধান করার জন্য। কারণ এটার জন্য পশ্চিমবঙ্গ সরকারের অর্থভাণ্ড থেকে টাকা না গেলেও পশ্চিমবঙ্গ সরকার অত্যন্ত নিবিড়ভাবে এর সঙ্গে জড়িত। অর্থাৎ দণ্ডকারণ্য প্রোজেক্ট-এর স্বার্থকতায় উপর রিফিউজি রিহ্যাবিলিটেসন-এর পলিসি নির্ভর করে। সেজন্য আপনার মাধ্যমে এই প্রোজেক্ট-এর কি অবস্থা হয়েছে তা জানাতে চাই। আপনি জানেন এই প্রোজেক্টকে কতকটা তার পায়ে খাড়া করেছিলেন স্বর্গত শ্রীসুকুমার সেন। তিনি অত্যন্ত কর্মকুশলী লোক ছিলেন। কিন্তু তাঁর অকাল মৃত্যুর পর আমাদের পশ্চিমবাংলা সরকারের সুপারিশ অনুযায়ী পশ্চিমবাংলা থেকে একজন অভিজ্ঞ সৎ অফিসার শ্রীশৈবাল গুপ্তকে এখান থেকে পাঠান হয়। তাঁর সঙ্গে আপনার নিবিড় পরিচয় আছে। তিনি একজন খুব দরদী মানুষ এবং এই পোস্ট-এর জন্য পশ্চিমবঙ্গ সরকার ঠিক লোককেই সুপারিশ করেছিলেন। কিন্তু তিনি এখান থেকে চলে আসতে বাধ্য হচ্ছেন। তাঁর জীবন দুর্বিসহ হয়ে উঠেছে। আমি ৬ই এপ্রিল সেখানে গিয়েছিলাম। অর্থমন্ত্রী হাসছেন,

কিন্তু আমার যে অভিযোগ রয়েছে সেই অভিযোগ আপনাকে শুনতে হবে যখন এ্যাপ্রো-প্রিয়েশান বিল আমাদের সামনে এনেছেন। টেকনিক্যালি আমি হয়ত বলতে পারিনা, কিন্তু তাহলেও আমি বলব। শৈবালবাবু যে প্রশ্ন তুলেছেন তাতে তাঁর যে রিপোর্ট আমি যতদূর জানি যে তিনি সেই রিপোর্ট কেন্দ্রীয় সরকারের কাছে করছেন এবং তার একটা কপি আমাদের মুখ্যমন্ত্রীর কাছে পাঠিয়েছেন এবং এর মধ্যে দিয়ে একটা ভয়াবহ ছবি আমাদের সামনে এসেছে।

[5-20—5-30 p.m.]

যার ফলে ওখানে আমরা দেখেছি যে উদ্বাস্তু পুনর্বাসন সম্পূর্ণভাবে ব্যর্থ হয়ে যাবে, সেখানে কৃষির ক্ষেত্রে যে পুনর্বাসন তা সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছে, সেখানে সেচের কোন বন্দোবস্ত নেই। কুটির শিল্পের সেখানে ঠিক ঠিকমত কাজ হচ্ছে না। তারপর আপনি জানেন যে সেখানে একজন এ্যান্টি করাপশান অফিসার এ্যাপয়েন্ট করেছিলেন স্বর্গতঃ সুকুমার সেন তাঁর মৃত্যুর সঙ্গে সঙ্গে যে এ্যান্টি করাপসান অফিসার-এর পদ তুলে দেওয়া হয়েছে। তখন সে সে জায়গার একটা প্রশ্ন তুলেছিলেন যে আমাদের গান্ধী প্রিনসপিল এ্যাকসেপ্ট করা হয়েছিল সেণ্ট্রালাইজেশান সেই ডিসেণ্ট্রালাইজেশান-এ পারচেজিং অরগ্যানাইজেশানকে দিয়ে যেতে হবে অর্থাৎ সবাই মিলে একটা সেণ্ট্রাল পারচেজিং-এ থাকলে অসুবিধা হয় এবং এর যা কিছু সুযোগ সুবিধা মুষ্টিমেয় লোক উপভোগ করে তাই সেটা ডিসেণ্ট্রালাইজেশান এবং পারচেজিং অরগ্যানাইজেশান করা দরকার। কিন্তু তা না করে এঁরা দফে দফে কলকাতায় আসে এবং নগদ টাকা দিয়ে সব নিয়ে যান। বহুদিন থেকে এ সম্বন্ধে যা রিপোর্ট তা দেখলে অবাক হতে হয়, এঁদের প্রায় ৭ লক্ষ টাকা ১ বৎসরে টি, এ বিল দিতে হয়েছে। ওখানের যে সমস্ত গাড়ীর এক্সপেনসন তা প্রায় ১৪ লক্ষ টাকার মত হয়েছে। এই ধরণের অবস্থা আজকে সেখানে চলেছে, একটা লোক সেই জনসন সাহেব তাঁর জন্যই এই অবস্থা হয়েছে। তাঁর হাতে যে ক্ষমতা রয়েছে এবং তাঁর চাপে ও ষড়যন্ত্রে একটার পর একটা ঘটনা ওদের ঘটেছে। আজকে সুকুমার সেনের মৃত্যু হয়েছে এবং যে সৎ অফিসার আছেন তাঁকে আজ সরান হচ্ছে, জনসন ভদ্রলোকের এতই প্রভাব রয়েছে যে কেন্দ্রের পুনর্বাসন মন্ত্রী তাঁর দ্বারা প্রভাবিত হয়েছেন। আজকে কাগজে দেখা যাচ্ছে শ্রীগুপ্তের পদত্যাগপত্র গৃহীত হয়েছে। শৈবাল গুপ্তের ওখানের পদত্যাগ পত্র গৃহীত হওয়ায় পুনর্বাসনের যে নীতি তা আজ ব্যর্থ হয়ে যাবে আজকে পশ্চিমবঙ্গ সরকার সরাসরি ভাবে তদ্‌বির করতে পারেন না। তাঁর এরূপ একজন সৎ কর্মচারীকে রাখার জন্য তাঁরা তা করতে পারতেন কিন্তু আমরা যে সুযোগ থেকে আজ বঞ্চিত হয়েছি। এই কথা বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, সংক্ষেপে দু একটা কথা বলবো, কারণ এটা একটা তামাশার ব্যাপার। ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালে খরচ হয়ে গেছে তার ৫ বৎসর পরে আজ এ্যাপ্রোপ্রিয়েশান বিল আনা হয়েছে। কাজেই ইট ইজ অলরেডী পাষ্ট, এটা কেবল আমাদের এখানে আইন বাঁচাবার জন্য আনা হয়েছে, এবং আমার মনে হয় এরূপ আনার কোন অর্থ হয় না। তবু যেহেতু এনেছেন এবং যেহেতু বলতে হয় তাই বলছি। এটাই একমাত্র লাভ। সিতা কথা এটাই একমাত্র লাভ।

(হাস্য)

এখন আমার বক্তব্য হচ্ছে ১৯৫৯-৬০ এবং ১৯৬০-৬১ সালেতে যে অতিরিক্ত ব্যয় করেছেন সেটাই মঞ্জুরীর জন্য এখানে এসেছেন। আমি দেখতে পাচ্ছি বিভিন্ন খাতে কয়েক লক্ষ টাকা করে খরচ যা হয়েছে এবং আমরা এও দেখছি এক্সেস এক্সপেণ্ডিচার সবচেয়ে বেশী শিক্ষা খাতেই করা হয়েছে। ১৯৫৯-৬০ ও ১৯৬০-৬১ তে শিক্ষা খাতে এই দুটা সিডিউল তো সিডিউল ওয়ান এ্যাণ্ড সিডিউল টুতে মিলিয়ে আমি দেখেছি যে প্রায় ২ কোটি কি আড়াই কোটি টাকার মত অতিরিক্ত খরচ করেছেন। আমরা শিক্ষার বিষয় নিয়ে অনেক কথাই এখানে বলে থাকি

এটা আপনিও জানেন। আপনি এও জানেন যে ১৯৫৭ সাল থেকে এরা শিক্ষার ব্যাপার নিয়ে যে সমস্ত কাণ্ডকারখানা করেছেন। কেন্দ্রীয় সরকার এবং কেন্দ্রীয় শিক্ষা দপ্তর এই হাই স্কুল এবং হায়ার সেকেণ্ডারী স্কুলগুলি একাদশ শ্রেণী করে এ বিষয়টা একটা বিতর্কের ব্যাপারে পরিগণিত হয়েছে। আজ শিক্ষা দপ্তরের সুস্পষ্ট অভিমত যে এটা সম্পূর্ণ ভাবে ব্যর্থ হয়েছে। এই টাকা খরচ করে রাতারাতি একাদশ শ্রেণী করা যায় না। আমি স্যার এখন আর দীর্ঘ বক্তৃতার মধ্যে যাব না কারণ এ সম্বন্ধে আমাদের যা বক্তব্য তা এই পরিষদে বারাবার আমাদের পক্ষ থেকে রাখা হয়েছে। আমি আর একটা কথা যা বারবার এখানে বলেছি সেটা আজকেও আপনার মাধ্যমে আবার বলতে চাই। সেটা হচ্ছে আপনি বোধ হয় জানেন যে ১৯৫৭ সালের পর ১৯৫৮-৫৯ এবং ১৯৫৯-৬০ ও ১৯৬০-৬১ সালেতে।

আপনি জানেন স্যার ১৯৫৭ সালের পর থেকে ১৯৫৮-৫৯, ৫৯-৬০, ৬০-৬১ সাল বিশেষ করে ৫৯-৬০ এবং ৬০-৬১—এই দু বছরে এই বাংলাদেসে একাদশ শ্রেণী করার নামে এবং বিল্ডিং করার নামে অন্তত চার কোটি টাকা খরচ করা হয়েছে। ১৯৫৯-৬০ সাল ও ১৯৬০-৬১ সালে এই দু বছরে খরচ মোটামুটিভাবে ৪ কোটি টাকা ধরে আজ পর্যন্ত এই ব্যাপারে প্রায় ৮ কোটি টাকা খরচ করা হয়েছে এবং এ বিষয়ে বারবার। ওঁদের দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। কেন না—বড় বড় যাঁরা ঐ শিক্ষা নিয়ে আজকাল ব্যবসায় চলছে, তাঁদের কিছু লোক বেশ কিছু সংখ্যক বিদ্যালয় তাঁদের হাতের মধ্যে রেখে দিয়ে ঐ "এলোমেলো করে দে মা, লুটে পুটে খাই" এই ভাবে বছরের পর বছর চালিয়ে যাচ্ছেন। স্যার আমরা বারবার করে ওঁদের বলেছি আমরা নূতন কিছু চাই না, আমাদের অভিযোগ সত্য কি অসত্য এটা বিচার করবার ভাব আমাদের নয়। কিন্তু এ বিষয়ে কোন সন্দেহ নাই যে এই যে টাকা খরচ করা হয়েছে শিক্ষার উন্নয়নের নামে এর অন্ততঃ পক্ষে তিন ভাগের একভাগ ৮ কোটি টাকা খরচ করা হয়ে থাকলে, অন্ততঃ পৌণে তিনকোটি টাকা তছরূপ হয়েছে এবং এর ভূরি ভূরি দৃষ্টান্ত আমরা এখানে বারবার উপস্থিত করেছি। স্যার, আপনি জানেন এমন কি ১৯৬০ সালে এই বিধান পরিষদে আমি একটা চিঠি উপস্থিত করেছিলাম—তদানীন্তন ঐ যে তের তলা নূতন সেক্রেটারীয়েট তার একজন কর্মচারী প্রজেক্ট অফিসার প্রভাত চক্রবর্তী তিনি কোন একটা স্কুলের হেড মাষ্টারকে চিঠি লিখেছেন, সেই চিঠি প্রভাত চক্রবর্তীর হাতের লেখা—আপনি যদি পরিষদের বিরবণী দেখেন, তাহলে দেখতে পারেন, আমি সেই চিঠি এখানে প্রোডিউস করেছিলাম পেশ করেছিলাম বিধান পরিষদের সভাপতির কাছে। এই চিঠিতে তিনি পরিস্কার লিখেছেন প্রোজেক্ট অফিসার বসে বসে হেড মাষ্টারকে যে অমুক যে ট্রেডিং কর্পোরেশন আছে, সেই ট্রেডিং করপোরেশান-এর কাছে আপনি আপনার স্কুলের উন্নয়নের জন্য এই সব ফারনিচার ইত্যাদি বাবদ যে টাকা, সেই টাকার অর্ডার সেখানে প্লেস করুন। স্যার আজও সেই ধারা অব্যাহত আছে, আজও সেই জিনিষ চলছে। আজও ঐ রাইটার্স বিল্ডিংসে আজও ঐ তেরতলা নূতন সেক্রেটারিয়েটে আপনি যদি যান তাহলে দেখবেন ঐ ওখানে শিক্ষা দপ্তরে যাঁরা বড় বড় অফিসার শোভাবর্দ্ধন করে বসে আছেন, তাঁদের চেম্বারের বাইরে বেঞ্চিতে চেয়ারে কিছু সংখ্যক লোক তাঁরা শিক্ষক নয়, তাঁরা শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সংশ্লিষ্টও নন—তারা ব্যবসাদার আমাদের দুর্ভাগ্য ওঁদের কাছে মাঝে মাঝে যেতে হয় স্কুলের ব্যাপার নিয়ে বিদ্যালয়ের কোন আবেদন নিয়ে দরখাস্ত নিয়ে। কেন না কোন উপায় নাই, তাই যাই, কিন্তু আমি আপনাক বলছি যে কোন দিন গেলেই আপনি দেখেন স্যার, বাইরে সেই সব নানান ধরণের লোক, নানা কলেবরের লোক সেখানে ঘোরাঘুরি করছে। ঘোরাফেরা করছে। এখনো দেখবেন ঐ শিক্ষা উন্নয়নের নামে কোন বিদ্যালয়ের জন্য টাকা মঞ্জুরী হবে, সঙ্গে সঙ্গে সেই টাকা মঞ্জুরী দেওয়া হবে অলিখিত ব্যাপার সেটা, কাগজপত্র কিছুই নাই, যদি অমুক ব্যক্তিকে বা অমুক ফার্মকে নিয়ে ঐ টাকার অর্ডার দেন। শুধু রাইটার্স বিল্ডিংসে নয়, তেরতলা নূতন সেক্রেটারিয়েটে নয়, ঐ যে বোর্ড অব সেকেণ্ডারী এডুকেশান যেটা নাকি তথাকথিত একটা স্ট্যাটিউটরি বডি সেখানেও গিয়ে দেখবেন ঐ একই ব্যাপার চলছে। ঐ বোর্ড অফিসের ও কিছু সংখ্যক কর্মচারী আছেন, অফিসার আছেন। তাঁদের বেনামীতে চালাও কারবার সেখানে চলছে সমস্ত রকমের। একটা গোটা শিক্ষা বিভাগে শিক্ষা জগতে দুর্নীতির পংকিলতা এমনস্তরে নেমে এসেছে যে সেটাকে বাঁচান যাবে কিনা জানি না। আমি তো স্যার এককালে সেদিন পর্য্যন্তও ইনকরিজিবিল অপটিমিস্ট ছিলাম, আজকে আমি স্পেসিমিস্ট হয়ে পড়ছি। বোধ হয় স্যার, আমরা এদের হাত থেকে

তথা দেশ ও জাতি কখনো উদ্ধার পাব না। কারণ এই রকম অসহনীয় একটি অবস্থা এখানে চলছে।

আমার বক্তব্য হচ্ছে খরচ তো তাঁরা করেই ফেলেছেন, আমি একটা কথা বলতে চাই সেটা হলো ১৯৬১ সালের কথা। আপনি স্যার জানেন ১৯৬১ সালে শিক্ষকরা আমরা বাধ্য হয়ে আন্দোলন করেছিলাম, রাস্তায় নেবে সত্যাগ্রহ করেছিলাম। তখন পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায়ের সঙ্গে ১৯৬১ সালের ১৮ই সেপ্টেম্বর তারিখে আমাদের অল বেঙ্গল টিচার্স এ্যাসোসিয়েশান এর একটা আপোষ নিষ্পত্তি হয়েছিল। তাতে করে ১৯৬০-৬১ সালে দু কোটি আড়াই-কোটি টাকা অতিরিক্ত খরচ করেছেন সকার এবং ভবিষ্যতেও এই রকম খরচ করবেন সেই সময় তিনি সেই প্রতিশ্রুতি দিয়েছিলেন। অবশ্য আমাদের ভূতপূর্ব শিক্ষামন্ত্রী রায় হরেন্দ্র নাথ চৌধুরী সেই প্রতিশ্রুতির কথা অস্বীকার করেছেন। এখন বর্তমান শিক্ষামন্ত্রী রবীন্দ্রলাল সিংহ মহাশয় সেটা অস্বীকার করবেন কিনা জানি না। আপনি স্যার ১৯৬১ সালের ১৮ই সেপ্টেম্বরের এ্যাসেম্বলী প্রসিডিংস খুলে দেখুন; সেখানে ডাঃ রায়ের যে স্পিচ সেই স্পিচ নথীবদ্ধ হয়ে আছে। ঐ এ্যাসেম্বলী প্রসিডিংস থেকে সেটা আমরা ছাপিয়ে বিতরণ করেছিলাম। তারপর এঁরা এখন নির্লজ্জের মত তা অস্বীকার করেছেন।

[5-30—5-40 p.m.]

আমি শিক্ষকদের কথায় আসছি না, আমি আসছি বেয়ারাদের কথায় যারা অত্যন্ত বঞ্চিত। সেই বেয়ারাদের কথা শুনলে আপনি অবাক হয়ে যাবেন যে আজকের দিনেও তারা ৪৫ টাকা মাইনে পায় এবং যারা ক্লার্ক তাঁরা ৭০ টাকা মাইনে পান। এই ক্লার্ক এর বেয়ারা ছাড়া কোন স্কুল কোন প্রতিষ্ঠান কোন দপ্তর সরকারী বা বেসরকারী চলতে পারে না। আমি একটা বিখ্যাত উক্তির কথা বলব যেটা ইংল্যাণ্ড এর এডুকেশান এ্যাক্ট এর সময় তদানীন্তন শিক্ষামন্ত্রী করেছিলেন তা হচ্ছে আমি এখন একটা এ্যাক্ট করতে চাই যাতে ফ্রম গাটার টু ইউনিভার্সিটি সবায়ের ভাল হবে। সেই গাটার টু ইউনিভার্সিটি বিদ্যালয়ের ক্ষেত্রে বেয়ারা থেকে আরম্ভ করে প্রিন্সিপ্যাল পর্যন্ত সামগ্রিক শক্তি দিয়ে না করা যায় তাহলে কোন প্রতিষ্ঠান চলতে পারে না। এ বিষয়ে ডাঃ রায় যে প্রতিশ্রুতি দিয়েছিলেন তা এ্যাসেম্বলী প্রসিডিংস-এর লিপিবদ্ধ আছে যে আমি ঐ সরকারী বিভাগের কর্মচারীদের ত বেতন হার দেব। আমি ক্লার্কদের সরকারী শিক্ষা বিভাগের এল. ডি. ক্লার্ক-এর মতন কাছাকাছি বেতন হার দেব তাতে ৫ টাকা কম বা বেশী হতে পারে। একথা আজও লিপিবদ্ধ রয়েছে। কিন্তু আমাদের দুর্ভাগ্য সবচেয়ে যারা বঞ্চিত তাদের ডি. এ-এর টাকাটা পর্যন্ত ৫ টাকা তাঁরা দিতে পারলেন না। এই যে অতিরিক্ত ব্যয় করলেন সেই সময় ডাঃ রায়ের প্রতিশ্রুতির প্রতি লক্ষ রেখে তাঁকে সম্মান দেখিয়ে অন্ততঃ পক্ষে যারা সবচেয়ে বঞ্চিত তাদের যদি কিছু টাকা দিতেন তাহলে বুঝতাম যে কিছু টাকার সংব্যয় হয়েছে। ঐ ক্লার্ক-এর বেয়ারাদের দিকে তাকিয়ে দেখুন তাঁরা আজও ৪৫ ও ৭০ টাকায় পচে মরছে। মাননীয় অর্থ মন্ত্রী মহাশয় এসবের উত্তর এখানে দেবেন এটা আমি আশা করি। আর আপনি যদি উত্তর না দেন তাহলে আপনার অমৃতময় বাণী আমরা আজ শুনতে পাবো না। সরকার অন্ততঃ পক্ষে এই যারা সবচেয়ে দুর্ভাগ্য বেয়ারা ও করনিক তাদের দিকে তাকিয়ে যারা মৃত্যুর দিকে যাচ্ছে—৫ টাকা যেটা তাঁরা প্রহসন হিসাবে শিক্ষকদের দিয়েছেন সেটাও যদি দেন তালেও বুঝব যে এঁদের একটা মানবিকতা আছে হৃদয় বলে একটা পদার্থ আছে। কিন্তু দেখা যাচ্ছে যে এঁদের হৃদয় বলে কিছু নেই। বক্তৃতায় এঁদের গলবে না, পাষাণও যদি বা গলে, কিন্তু শৈলবাবু গলবেন না। আমি আপনার মাধ্যমে এই কথা বলে শেষ করবে যে বক্তৃতায় গলানোতে আমরা বিশ্বাস করি না, তাই কলেজের অধ্যাপকরা ১৮ই সেপ্টেম্বর তারিখে তাঁরা রাস্তায় প্রতীক কর্মবিরতি এক দিনের জন্য করেছেন। আর ৩৫ হাজার মাধ্যমিক শিক্ষক, করণিক, গ্রন্থাগারিক, অধঃস্থন কর্মচারী তার আগামী ১৫ই সেপ্টেম্বর সরকারের এই হৃদয়হীন নীতির প্রতিবাদ একদিন কর্মবিরতির মাধ্যমে আমরা দেখিয়ে দেব সরকারের যে আচরণ তার প্রতিবাদ আমরা করতে বলি এবং তাতেও যদি কিছু না হয় তাহলে আগামী জানুয়ারী মাসের মাঝামাঝি পশ্চিমবাংলায় সমস্ত মাধ্যমিক বিদ্যালয়ের দরজা আমরা অনির্দিষ্ট কালের জন্য বন্ধ করে দেব।

(Noise and interruption)

Shri Nirmal Bose:

চাপরাশীর চেয়ে এ'রা কম মাহিনা পান।

Shri Upendra Nath Barman: Mr. Deputy Chairman, Sir, I seek your permission to draw the attention to the House and your attention also to the Practice and Procedure of Indian Parliament, at page 323 of the first edition, where it has been given:—

> "Persons who are not in the House to defend themselves—No person should be criticised who is not in the House to defend himself.
>
> "............Criticism of State Ministers, Birlas, Tatas and Dalmia was deprecated as they were non-members. No charge of corruption can be made against a Government Officer by name. This point has become the subject of several rulings."

So, I do not think that high Government officials who are not here to defend themselves should, by name, be criticised. Of course, general criticism may be made against officers.

Shri Jatin Chakravorty: On a point of order,

স্যার, আমি এটাই বলতে চাই যে, এই কথা বহুবার এ্যাসেম্বলী ও কাউনসিলেতে উঠেছে। যারা বাইরের লোক তাঁদের সম্বন্ধে কিছু বলা না যাক, কিন্তু যারা অফিসিয়াল তাঁদের কথা বলা যায়, কারণ তাঁদের ডিফেণ্ড করবার জন্য মন্ত্রী মহাশয়েরা আছেন, মিনিষ্টার আর রেসপনসেবল টু ডিফেণ্ড দেন। সুতরাং—মিনিষ্টার ডিফেণ্ড করুন।

Shri Upendranath Barman: Criticize the Ministers certainly.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, it is a very simple and formal Bill to obtain the constitutional sanction of the Legislature. Sir, many things have been said. I should not and I am not expected to reply to all those things because that will be putting a premium on utter irrelevance which is one of the most dangerous things and not conducive to parliamentary democracy.

Sir, I feel sympathy and I feel sorry for Shri Nirmal Bose. He is an eminent Professor of Political Science. Of course, he is new to the Legislature. He is a very eminent authority on Constitution, I suppose, and he should pay more attention to the provisions under which we have come here with this Excess Expenditure Bill. Sir, what have we come here for and under what circumstances? The Constitution provides that even a single farthing beyond the budgeted amount cannot be spent without placing it before the Legislature and without having its formal sanction. So, we have come here for formal sanction of the excess expenditure for the years 1959-60 and 1960-61. The budgets for those years were, as usual, discussed for 24 days and ultimately they were sanctioned by the Legislature. The Constitution says: "No moneys out of the Consolidated Fund of India or the Consolidated Fund of a State shall be appropriated except in accordance with law and for the purposes and in the manner provided in this Constitution." So, the manner of expediture has also been provided in the Constitution. Now, Sir, according to the provisions of the Constitution, after the budget is passed and the amounts spent in the manner indicated, it is the duty of the Government to have the accounts scrutinised, passed and checked by the Auditor-General of India who is an independent person—independent of the Legislature—and who is appointed by the

President. The Auditor-General's report is placed before the Legislature under the provisions of the Constitution. Perhaps Mr. Bose was not here at the time, Article 152(2) of the Constitution says: "The reports of the Comptroller and Auditor-General of India relating to the accounts of a State shall be submitted to the Governor of the State, who shall cause them to be laid before the Legislature of the State." Therefore, this House has already had the complete audited accounts for the years 1959-60 and 1960-61.

Shri Nirmal Bose: On a point of personal explanation. Sir, I only wanted the relevant papers along with the Bill, as is usually done.

The Hon'ble Saila Kumar Mukherjee: These have already been placed before the Legislature. As Mr. Bose is new to the House, he might not have got them.

Shri Nirmal Bose: Sir, it would have been better if the relevant papers had been placed in our hands along with the Bill.

The Hon'ble Saila Kumar Mukherjee: If my friend had been intelligent enough, if he had been anxious enough, he could have easily got them from the Secretary for the mere asking.

[5-40—5-50 p.m.]

Shri Nirmal Chandra Bhattacharyya: Sir, under article 205(1)(b) of the Constitution of India, "if any money has been spent on any service during a financial year in excess of the amount granted for that service and for that year, the Governor shall cause to be laid before the House or the Houses of the Legislature of the State another statement showing the estimated amount of that expenditure or cause to be presented to the Legislative Assembly of the State a demand for such excess." So in case of excess no statement is required to be placed before the Council; the statement is to be laid before the Legislative Assembly under article 205(1)(b) of the Constitution of India. Therefore, the point that has been raised by Professor Bose should not be upheld by you.

Shri Jatin Chakravorty: What is the point of order?

Shri Nirmal Chandra Bhattacharyya: The point is that no papers are to be laid before the Council so far as excess expenditure is concerned.

The Hon'ble Saila Kumar Mukherjee: I have already said that the report of the Auditor-General of India has to be laid before both Houses of the Legislature. The other honourable members have got it and if Mr. Bose was anxious he would have got it merely by the asking. The report of the Auditor-General is placed before the Public Accounts Committee on which the members of the Opposition are there, as also the Government members. They go through the accounts. The members of the Public Accounts Committee ask for the reasons why excess expenditure was incurred, and the Government have to explain why the excess expenditure was incurred and satisfy the Public Accounts Committee. Before that Government have to satisfy the Auditor-General about the excess expenditure. The Public Accounts Committee were satisfied about the excess expenditure and they recommended that the excess expenditure be regularised under article 205 of the Constitution of India. We have come

before you under article 205 of the Constitution of India.. That is the proper procedure. If we had not done so, we would have been guilty of the breach of rules.

Many honourable members spoke about many things. I should not deal with all of them. One point made by them was, why has this excess expenditure been incurred? One of a sum of Rs. 400 crores the excess expenditure has been incurred to the extent of about Rs. 2 crores, i.e., the proportion will be less than half per cent. If you look at the savings made, you will find that we have made a lot of savings in the budget expenditure.

Shri Nirmalya Bagchi:

এটা এ্যাসেম্বলীর বক্তৃতা, এটা কেউ এখানে তোলে নি।

The Hon'ble Saila Kumar Mukherjee: The Assembly members are sensible enough.

(Voices: It is an aspersion.)

(Noise)

Shri Jatin Chakravorty: On a point of order Sir,

আমার প্রথম কথা হচ্ছে মন্ত্রিমহাশয় কি আমাদের পাঠ শেখাচ্ছেন? আমরা সকলে জানি এটা যে এ্যাপ্রোপ্রিয়েশান বিল এর আলোচনার সময় আমরা কিছুটা সমালোচনা করার সুযোগ পাই এবং আমরা তার সদ্ব্যবহার ও করি। উনি আমাদের এই সমস্ত সমালোচনাকে ইরেলিভ্যাণ্ট ইত্যাদি বলে কী বোঝাচ্ছেন? আমাদের উপর মস্ত বড় অ্যাজপারসান করেছেন। আপনি স্যার ওঁকে ধমকে দিন। হি সুড উইথড্র ইট ওঁর কি পারলিয়ামেণ্টারি এটিকেট জ্ঞান নাই?

(Noise)

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, উনি যেটা বললেন

Assembly members are sensible enough—that is a direct aspersion—that we are all insensible.

কাজেই তিনি এটা উইথড্র করুন এক্ষুণি।

The Hon'ble Saila Kumar Mukherjee: I have not said that the members of the Council are insensible.

Shri Nirmalya Bagchi:

মাননীয় অর্থমন্ত্রী যে আলোচনা করেছেন সেই আলোচনা সম্পূর্ণ অপ্রাসঙ্গিক এবং আমি এ সম্পর্কে এ. আর. মুখার্জীর পার্লিয়ামেণ্টারী প্রসিডিওর ইন ইণ্ডিয়া বইতে যেখানে এক্সেস গ্র্যাণ্ট সম্বন্ধে বলা আছে সেখানে সেটা আমি দেখাচ্ছি

"It sometimes happens that money is spent by a department in excess of the amount granted by the Legislature. Then it has been said—"Procedure is the same as that for an ordinary grant including the possing of the Appropriation Act." Then it has been said in the Upper House and Appropriation Bill—"In this debate all questions of administrative policy of the Government involved in the grants are relevant." Our Finance Minister, who occupied the question of Speaker of the other House does not accept this.

Shri Nirmal Bose:

উনি যে মন্তব্য করেছেন ওঁরা সেনসিবিল অর্থাৎ আমরা সেনসিবিল নয় এটার দ্বারা আমাদের প্রতি কটাক্ষ করা হয়েছে। এই মন্তব্য ওকে প্রত্যাহার করতে হবে তা না হলে আমরা বলতে দেব না।

(নয়েজ)

The Hon'ble Saila Kumar Mukherjee: I never meant that. If Assembly Members made sensible speeches, then does that mean the members here made insensible speeches? I have never said that.

(Noise and interruption)

Shri Jatin Chakravorty: He should learn manners and parliamentary etiquette.

Shri Narendra Nath Das: On a point of order, Sir,

এখানে যেটুকু আলোচনা হয়েছে তার জন্য আপনি পারমিশান দিয়েছেন এবং আমরা এটা করতে পারি বলেই দিয়েছেন।

Mr. Deputy Chairman: The procedure of the House is this. In relation to the expenditure that has been incurred, they can criticise the policy also. This is the procedure that is going on here always. I have allowed the discussion for that. I know that this is the procedure of the House. I tell the Hon'ble Minister that a comparison between the Assembly and Council Members should not have been made.

The Hon'ble Saila Kumar Mukherjee: I repeat here hundred times that I never meant that. There are eminent Profssors and distinguished members here. All members here are most sensible members.

Now, Sir, I have come here on the recommendations of the Public Accounts Committee of the Legislature. The other House passed the Bill under the provisions of the Constitution. I think the House will agree to this.

The motion of the Hon'ble Rabindralal Sinha that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Schedules I and II and the Title

The question that Clause 1, Schedules I and II and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Saila Kumar Mukherjee: Sir, I beg to move that the West Bengal Appropriation (Excess Expenditure, 1959-60 and 1960-61) Bill, 1964, be returned.

The motion was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 5-50 p.m. till 3 p.m. on Wednesday, the 16th September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shri Abdullah Rasul.
Shri Snehangshu Kanta Acharyya.
Shri Ahmad Hossain.
Shri Dhirendra Nath Bhattacharya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Byomkesh Chakravarty.
Shri Hansadhwaj Dhara.
Shri Sukumar Dutta.
Shri Nanda Kishore Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Pashu Pati Jha.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Pashupatinath Maliah.
Shri Rebati Raman Manna.
Shri Shaikh Mohammad Jan.
Shri Dhirendra Nath Moitra.
Shri Chittaranjan Roy.
Shri Subodh Sen.

COUNCIL DEBATES

Wednesday, the 16th September 1965.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 16th September 1964, at 3 p.m. being the twelveth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

Obituary

[3—3-25 p.m. including adjournment.]

Mr. Chairman: Honourable members, it is with a heavy heart I stand before you to perform the sad duty of making a reference to the passing away of Shri Annada Prasad Chaudhuri, who was for twelve years a prominent and a popular and universally respected member of the Council. Shri Chaudhuri was elected to the Council as a P.S.P. member in 1952 and ceased to be a member of the House from the month of June of the present year. Latterly he devoted himself exclusively to rural reconstruction work in his native village, and was working in this line in spite of indifferent health. For the last month and a half he was very ill, suffering from a number of ailments and had to be in hospital. The end took place rather suddenly after a vomiting fit after taking his midday meal at about 1 p.m. on Tuesday the 15th of September, at the age of 69.

Shri Chaudhuri presented a unique combination of scientific attainments, of high idealism, of love of his country and people and earnest desire to serve them, of efficiency in social work and economic organisation and an all-absorbing patriotic desire to free his country, with absolute integrity and noble seriousness of purpose, which will be rare to find in any country.

Shri Chaudhury was born at Khirpai in Ghatal subdivision of Midnapore district on 30th August, 1896. He was in Orissa with his father in his childhood, and there his early education started. He developed in his boyhood a spirit of social service, and gathered together a number of his schoolmates into an organisation for helping the needy and the distressed, and while at school he interested himself in the political uplift of the people.

His educational career was brilliant. He got a scholarship at the I.Sc. Examination and joined the Presidency College in Calcutta and passed his B.Sc. Examination and then his M.Sc. with a First Class in Chemistry. He joined the National College at Dacca as Professor of Chemistry, and while at Dacca he came in intimate touch with a band of ardent young patriots burning with the desire for social service and for winning the freedom of the country, like the late Dr. Suresh Chandra Banerji and Dr. Prafulla Chandra Ghosh. With them he was associated in founding the Abhay Ashram at Dacca, that great institution for work in rural uplift through the Gandhian technique of fostering home industries like the Khadi. When the institution was transferred to Comilla, he retained his close connexion with it, and joined it there. He threw himself whole-heartedly into Mahatma Gandhi's Non-Cooperation Movement of 1920-21. He became one of the most active and successful propagandists and organisers of the Khadi Movement not only in Bengal but over a good part of India. He was for a long time the Secretary of the Khadi Department of the Abhay Ashram, and from his lead the people in the villages round about, Muslim peasantry mostly, were immensely benefited through a flourishing business in Khadi. He became a member of the All-India Khadi Board and a member of the West Bengal State Khadi Board, and these memberships he retained till his death.

For his active participation in the National Movement, Shri Chaudhuri had to go to jail several times and had to suffer at the hands of the British Government in various other ways. In connexion with the Civil Disobedience Movement of 1932, he was kept in prison for a year and a half. While the Quit India Movement was on in 1942, he had to go underground, and from his position as an organiser working behind scenes, he substantially helped to channel the national upsurge in Bengal and elsewhere. He was later arrested and put into prison. But after his release in 1946 he joined his old political associates like Dr. Prafulla Chandra Ghosh and the late Dr. Suresh Chandra Banerji. After transfer of power in 1947, when Dr. Prafulla Chandra Ghosh became the first Chief Minister of Bengal in Independent India, Shri Chaudhuri was made Political Secretary to Dr. Ghose, and then he joined the West Bengal Cabinet as the Finance Minister of the State.

In 1948 the Ghosh Ministry resigned from office, including Shri Chaudhuri. He was then a leader of the Krishak Mazdoor Praja Party and later he became one of the most prominent members of the Praja Socialist Party organisation. With Dr. P. C. Ghosh, he started the Bengali journal the Lok Sevak.

He joined the West Bengal Legislature once again in 1952 after the first General Election in independent India and was in the Council until the 4th June, 1964, when he virtually retired from active politics. He had resigned from the P.S.P. earlier, and he devoted himself wholeheartedly to social work in his native village.

He was held in highest esteem by political workers of all shades of opinion and by his loss Bengal has lost one of the noblest of her sons, and this loss is of the whole of India as well.

We in the Council had the good fortune of having him in our midst for 12 years. His personality was one of gentleness and sweet reasonableness and he never uttered an angry expression or strong language. His persuasiveness in speech was that of his high ideals and his moral purpose. Although in the Opposition, his suggestions were always constructive in their nature, and he was listened to with respect by all. I can bear my personal testimony to the greatness and goodness of Shri Annada Prasad Chaudhuri who can be properly described as one of the builders of modern Bengal; and to know him as a dedicated soul and to work with him was a privilege and an honour. He was a noble personality which can never be replaced.

Shri Annada Prasad Chaudhuri has left behind his widow Srimati Hiranbala Chaudhuri who was at his bed-side till the end. He died childless, and his funeral was performed by his nephew. He had a large number of friends and relations to mourn his loss.

Ladies and gentlemen, I would now request you to stand in your seats for two minutes to offer homage to the memory of Shri Annada Prasad Chaudhuri.

(The honourable members then stood in their seats for two minutes.)

Thank you, ladies and gentlemen. The Secretary will transmit our sincere condolence to the bereaved family.

The House stands adjourned for 15 minutes as a mark of respect to the memory of Shri Chaudhuri.

(At this stage the House was adjourned for 15 minutes.)

(After Adjournment)

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Proposed sale of land reclaimed from Salt Lake

[3-25—3-35 p.m.]

*96. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-chare of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) if it is a fact that the Government propose to sell land reclaimed from salt lake to Bengalee middle class people;

(b) if so—

(i) the size of the plots;

(ii) proposed price per cottah; and

(iii) whether the Government will consider the desirability of fixing a ceiling price in this regard?

Shri Syamdas Bhattacharyya: (a) Yes, mainly to Bengalee middle class people.

(b) (i) The size of the plots will mostly vary from 3 to 7 cottahs.

(ii) The price has not yet been fixed.

(iii) Yes.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় এর জবাব দিলেন কি তা ঠিক ভাল শুনতে পেলাম না, আপনি কি মেইনলি টু মিডিল ক্লাশ পিপ্‌ল বলে বললেন? যদি মেইনলি বলে থাকেন তা হলে কেন বললেন?

Shri Syamadas Bhattacharyya:

এটা মিডিল ক্লাশ পিপ্‌লদেরই দেওয়া হবে নিশ্চয়ই। কথা হচ্ছে এখানে আমরা মনে করি যাঁরা আবেদন করেছেন তাঁরা প্রধানত মিডিল ক্লাশ-এর লোক এবং বাঙ্গালী সম্প্রদায়ের লোকই থাকবেন বলে মনে করি।

Shri Narendra Nath Das:

তাহলে মেইনলি না করে প্রশ্নটা যে ভাবে ছিল বেঙ্গলী মিডল ক্লাশ এটা কি করা যেত না?

Shri Syamadas Bhattacharyya:

আমি ঠিক বলতে পারেবো না। হয়ত সাংবিধানিক প্রশ্ন উঠতে পারে, অর্থাৎ শুধু বাঙ্গালীর জন্য। এই জমি রিজার্ভ করে রাখা হবে। সংরক্ষণ করে রাখা হবে। এই কথাবলার মধ্যে আমার মনে হয় সাংবিধানিক অসুবিধা হতে পারে।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় বললেন থ্রি টু সেভেন কাঠা তাহলে আমার মনে হয় সেভেন কাঠা হলে তো মিডল ক্লাশ-এর হাতে যাবে না এবং তারজন্য এভিডেণ্টলি দাম বেশী হবে?

Shri Syamadas Bhattacharyya:

এটা মতামতের প্রশ্ন। আমরা মোটামুটি ১৪ শত একর রেসিডেন্সিয়াল হিসাবে আলাদা করে রাখা হয়েছে।

Shri Satya Priya Roy:

এই যে ১৪ শত একরের কথা বলেছেন সেটা আউট অব কত?

Shri Syamadas Bhattacharyya:

আমি মোটামুটি খানিকটা তথ্য দিলে বোধ হয় সুবিধা হবে। আমরা মোটামুটি ১৪ শত একর জমি রেসিডেন্সিয়াল পার্পাস-এ আলাদা করে রাখা হয়েছে এর মধ্যে আউট অব কত তা এখনই বলতে পারবো না।

ওখান থেকে আমাদের ১৪০০ একর জমি রেসিডেন্সিয়াল পার্পাস-এ রাখা হয়েছে। এর মধ্যে

(এ ভয়েস: ঐ ১৪০০ একর আউট অব কত?)

এখনই তা বলতে পারছি না। তবে যে ১৪০০ একর নেট রেসিডেন্সিয়াল-এ আলাদা করে রাখা হয়েছে, তার ½ অংশ ইনডিভিজুয়াল প্লটস—ব্যক্তিগতভাবে দেওয়া হতে পারে এবং আর বাকী অংশ কতকগুলি মাল্টি-ষ্টোরিড টেনিমেণ্ট-এর জন্য রাখা হয়েছে। এতে দেখতে পাচ্ছি ১২ হাজার প্লট ব্যক্তি হিসেবে দেওয়া যেতে পারবে এবং প্রায় ৪৮ হাজার টেনিমেণ্ট তৈরী করা যেতে পারবে। এখনো এর সেল প্রাইস ঠিক করতে পারিনি। তার কারণ হচ্ছে ওয়ার্টার সাপ্লাই, গ্যাস, ইলেকট্রিক ইত্যাদির খরচ কি রকম দাঁড়াবে তা জানা যায় নাই বলে আমরা বিক্রয় মূল্য কতটা ধার্য্য হতে পারে তা ঠিক করতে পারি নাই।

Shri Narendra Nath Das:

এই টেনিমেণ্টগুলো কি গভর্ণমেণ্ট করবেন?

Shri Syamadas Bhattacharyya:

হ্যাঁ।

Shri Sasanka Sekhar Sanyal:

এই মিডল ক্লাশ পরিবারের মান্থলি ইনকাম কত ধরা হবে?

Shri Syamadas Bhattacharyya:

এটা বলা বড় কঠিন; এ সম্বন্ধে এখনো কোন স্থির সিদ্ধান্ত করি নাই আমরা।

Shri Sasanka Sekhar Sanyal:

এ্যাপ্রোক্সিমেটলি কত হবে বলতে পারেন?

Shri Syamadas Bhattacharyya:

এখন বলা সম্ভব নয়।

Shri Sasanka Sekhar Sanyal:

প্লটের জন্য যে এ্যাপ্লিকেশান হবে সেই এ্যাপ্লিকেশান ফরম-এ এমন কোন ক্লজ দেওয়ার ব্যাপার চিন্তা করা হয়েছে কিনা যাদের স্বনামে বা বে-নামে রেসিডেন্সিয়াল হাউস নিজেদের আছে— তারা পাবে না? এই রকম কোন ডিক্লারেশান ফর্ম-এ চাওয়া হবে কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আমরা এখনো ডিক্লারেশান ফর্ম ঠিক করি নাই, তবে মাননীয় সদস্য যেকথা বললেন তা বিবেচনার যোগ্য।

Shri Sasanka Sekhar Sanyal:

এমন কোন বিধান করা হবে কিনা যাঁরা বাড়ী নেবেন, তাঁরা নিজেরা বাস করবেন, কিন্তু ভাড়া দিতে পারবেন না?

Shri Syamadas Bhattacharyya: I do agree there.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এ্যাপ্লিকেশান ফর্ম-এ যেমন পাতিপুকুর কলোনীর এ্যাপ্লিকেশান-এর জন্য ২৫ টাকা চাচ্ছেন, এখানে কত টাকা ধার্য্য করবেন?

Shri Syamadas Bhattacharyya:

এখনো এ বিষয়ে আমরা কোন স্থির সিদ্ধান্ত করি নাই। তবে আমার নিজের মনে হয় এ্যাপ্লিকেশান ফর্ম-এর সঙ্গে টাকা নেওয়া হবে বলে প্রশ্ন উঠবে না।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যেমন পাতিপুকুর কলোনীর জন্য পাঁচশো টাকা থেকে পনেরশো টাকা আপনারা লিমিট করে দিয়েছেন পাঁচশো মিনিমাম আর পনেরশো ম্যাক্সিমাম সেখানে কেবল মিনিমামটা অবজার্ভ করা হয়, ম্যাক্সিমামটা অবজার্ভ করা হয় না, সেই রকম যাতে না হয়, তেমন কোন বন্দোবস্ত করবেন?

Shri Syamadas Bhattacharyya:

নিশ্চয়ই করা হবে।

Shri Jatin Chakravorty:

পাতিপুকুর কলোনীতে মাড়োয়াড়ী ভদ্রলোক যাদের যথেষ্ট ইনকাম, তাদের বে-নামীতে জমি দেওয়া হয়েছে, বাড়ী দেওয়া হয়েছে, এখানে যাতে সেই রকম না হয়, তেমন বন্দোবস্ত মন্ত্রীমহাশয় করবেন কি?

Shri Syamadas Bhattacharyya:

পাতিপুকুরে কি হয়েছে তা আমার জানা নাই। তবে মাননীয় সদস্য যা বললেন তা গ্রহণ করতে পারি না। এটা ধনী ব্যবসায়ী বা ধনী মাড়োয়াড়ী লোকেরা যাতে কুক্ষিগত করতে না পারে, কেবলমাত্র সাধারণ মিডল ক্লাশ পরিবারের লোকেরা এই সল্ট লেক রিক্লামেশান করা জমি ও টেনিমেণ্ট-এর দখল পেতে পারে ও বাড়ী করতে পারে তার ব্যবস্থা আমরা করবো।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বললেন, ৭ কাঠা হচ্ছে টেনিমেণ্ট-এর জন্য আর ৩ কাঠা হচ্ছে ইনডিভিজুয়াল হেবিটেশান-এর জন্য?

Shri Syamadas Bhattacharyya :

এইটুকু বলতে পারি ব্যাপারটা হচ্ছে টাউন প্ল্যানিং ; এই টাউন প্ল্যানিং এখনো সম্পূর্ণ হয় নাই। যেটা ইনডিভিজুয়াল হোল্ডিং-এর জন্য ব্যক্তিকে যেটা দেওয়া হবে, সেটা ৪ কাঠা দেওয়া হবে ; আর ৭ কাঠা ১০ কাঠা যেটা বৃহত্তর আয়তনের জমি সেটা আমার নিজের যেটুকু মনে হচ্ছে, মাল্টি-ষ্টোরিড টেনিমেণ্ট-এর জন্য হবে।

Shri Narendra Nath Das:

এই যে মাল্টি-ষ্টোরিড বিল্ডিংস হবে, তা মধ্যবিত্ত শ্রেণীকে ভাড়া দেওয়ার জন্য হবে কিনা? মধ্যবিত্ত শ্রেণীকে ভাড়া দিতে হবে কিনা?

Shri Syamadas Bhattacharyya :

মাল্টি-ষ্টোরিড টেনামেণ্ট-এ যেগুলি হবে সেগুলি মধ্যবিত্ত সম্প্রদায় যাতে পেতে পারে তার ব্যবস্থা করা হবে।

Shri Upendra Nath Barman:

টেনামেণ্টগুলির মূল্য নির্ধারণ হবে যেগুলি সেগুলি কি কষ্ট প্লাস সাইট বেসিসে হবে না অন্য কোন বেসিসে হবে?

Shri Syamadas Bhattacharyya :

এখনও ঠিক হয়নি,—তবে এইটুকু বলতে পারি যে আমরা এখনও কোন প্রফিট-এর কথা ভাবছি না—কষ্ট বেসিসে যাতে মোটামুটি ভাবছি নো প্রফিট নো লস এই বেসিসের কথা আপনি যে কথা বলছেন ওভাবে প্রফিট-এর কথা ভাবছি না।

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্য যেটা বল্লেন তাতে বলছি যে খানিকটা নিশ্চয় দামের তারতম্য হবে রাস্তার কাছে যেটা হবে তার একটু দাম বেশী হবে, ভেতরের দিকে যেটা হবে তার একটু দাম কম হবে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে টেনামেণ্টসগুলি শুধু ভাড়া দেবার জন্য না প্লট বাই প্লট বিক্রি করা হবে?

Shri Prafulla Chandra Sen :

না, বিক্রির জন্য করা হবে।

Pay-scales of Primary Teachers

***97. Shri Nirmal Basu :**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের আনুমাণিক কতজন প্রাথমিক শিক্ষক বর্তমানে ১০০ টাকার কম মাসিক বেতন পান ; এবং

(খ) সর্বনিম্ন মাসিক বেতন ১০০ টাকা দিবার জন্য সরকার কি কোন ব্যবস্থা গ্রহণ করিয়াছেন?

Shri Rabindralal Sinha:

(ক) আনুমানিক ৯৩,৪৬৭ জন।

(খ) না।

Shri Rajkumar Chakraverty: Will the Hon'ble Minister kindly tell us if it is possible for a teacher to live on even Rs. 100 per month with dignity in these days?

Shri Rabindralal Sinha: That is a matter of opinion.

Shri Rajkumar Chakraverty: Does the Hon'ble Minister know that our late Prime Minister said on several occasions that the pay of primary teacher is less than what a chaprassi gets under the Central Government?

Shri Rabindralal Sinha: I do now know what the chaprassis under the Central Government get and what the late Prime Minister said.

Shri Rajkumar Chakraverty: Will the Hon'ble Minister kindly tell us if it is a fact that our Chief Minister of West Bengal told at an election meeting at Burdwan and also told the members of the deputation of the primary teachers in West Bengal that the minimum pay of primary teachers should be Rs. 100 per month?

Shri Prafulla Chandra Sen: That is the desire of the West Bengal Government. As soon as funds permit, we will try to raise the salary of the primary school teachers to Rs. 100.

Shri Sasanka Sekhar Sanyal: When is the desire of the Hon'ble Chief Minister expected to be fulfilled?

Shri Prafulla Chandra Sen: The desire must be fulfilled some time or other.

Shri Satya Priya Roy: Is it expected to be fulfilled during your tenure of office?

Shri Prafulla Chandra Sen: I cannot say whether my desire will be fulfilled during the tenure of my office.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি থার্ড-ফাইভ ইয়ার প্ল্যান-এর ভেতর হবে কি না?

Shri Prafulla Chandra Sen:

থার্ড ফাইভ-ইয়ার প্ল্যান-এর মধ্যে হবে বলে আশা করি না।

Shri Satya Priya Roy:

মন্ত্রীমহাশয় বলবেন কি যে অন্যান্য অনেকগুলি রাজ্যেতে ১ শত টাকার বেশী বেতন দেওয়া হচ্ছে, পশ্চিমবঙ্গ সরকারের পক্ষে কেন ১০০ টাকা বেতন দেওয়া সম্ভব হচ্ছে না?

Shri Rabindralal Sinha:

আমরা জানি না অন্য কোথায় কি দেওয়া হচ্ছে।

Shri Nirmalya Bagchi:

মন্ত্রীমহাশয় জানেন কি যে এই পশ্চিমবাংলার প্রাথমিক শিক্ষকরা যারা ম্যাট্রিক পাশ তারা কেন্দ্রীয় সরকারের চতুর্থ শ্রেণীর কর্মচারীদের যাদের চাপরাশী বলা হয়, তাদের থেকে কম বেতন পেয়ে থাকেন কি না?

Shri Rabindralal Sinha:

এ কথার জবাব তো আমি আগেই দিয়েছি যে জানা নাই।

Shri Nirmalya Bagchi:

মন্ত্রীমহাশয় কি এই প্রশ্নের উত্তর দেবেন যে 'সি" ক্যাটাগরী প্রাথমিক শিক্ষক স্কুলবোর্ডের যে চাপরাশী ফোর্থ ক্লাশ এমপ্লয়ই,—যারা টুলে বসে থাকে তাদের থেকেও কম মাইনে পেয়ে থাকেন?

Shri Rabindralal Sinha :

আমার জানা নাই।

Shri Nirmalya Bagchi:

স্কুল বোর্ড সম্পর্কে আপনার জানা নাই? একথা কি আপনারা জানেন যে কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী আপনাদের ভরসা দিয়েছেন যে রাজ্য সরকার যদি প্রাথমিক শিক্ষকদের বেতন বৃদ্ধি করেন তাহলে তাতে ফিফটি পারসেণ্ট এ্যাসিসট্যান্স তাঁরা করবেন?

Shri Rabindralal Sinha :

এরকম কোন সংবাদ পেয়েছি বলে আমার জানা নাই।

Shri Nirmalya Bagchi:

এসম্পর্কে কি আপনারা অনুসন্ধান করবেন এবং যদি এই আশ্বাস সত্যি পেয়ে থাকেন তাহলে সেটা কার্যকরী করবার জন্য কোন ব্যবস্থা গ্রহণ করবেন কি?

Shri Rabindralal Sinha :

৫ টাকা বেতন বাড়ালে ৫০ লক্ষ টাকার উপর খরচ হবে এবং তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে এই রকম একটা মোটা খরচ বহন করার শক্তি আমাদের নেই বলে আমরা মনে করি।

Shri Prafulla Chandra Sen :

মাননীয় সদস্যের অবগতির জন্য একথা বলতে পারি যে কেন্দ্রীয় সরকার এরকম কোন প্রস্তাব যদি করেন তাহলে সেই প্রস্তাব কার্যকরী করতে হলে, এই তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার জন্য আমাদের তাঁরা যে টাকা দেবেন তার এক পয়সা বেশী তাঁরা দেবেন না—আবার আমাদের তৃতীয় পরিকল্পনা যখন হয় তখন এই সিদ্ধান্ত গৃহীত হয়েছিল যে কেন্দ্রীয় সরকার আমাদের ১৬০ কোটি টাকা দেবেন আর রাজ্য সরকার ৯০ কোটি টাকা দেবে—এই ২৫০ কোটি টাকা—এখন কেন্দ্রীয় সরকার বলছেন ১৬০ কোটি টাকা দিতে পারবো না।

[3-35—3-45 p.m.]

১৫৬ কোটি টাকার বেশী দেবেন এবং আমরা ৯০ কোটি টাকার জায়গায় এখন আমরা ১৪৪ কোটী টাকা দেবো ঠিক করেছি বোধ হয় সব চেয়ে বেশীই দিতে হবে।

Shri Mohitosh Rai Choudhuri:

প্রত্যেক প্রাইমারি টিচার-কে মাসে ১০০ টাকা বেতন দিতে হলে কত টাকা খরচ হবে তার কোনো এষ্টিমেট করা হয়েছে?

Shri Prafulla Chandra Sen :

সেটা দিতে গেলে তখন নিশ্চয়ই দেখবো কিন্তু বর্তমানে যে টাকা খরচ হচ্ছে, সেটা কমই হোক আর বেশীই হোক আমাদের দেবার সামর্থ্য নেই।

Shri Nirmalya Bagchi:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় যে কথা বললেন তাতে মনে হয় আমাদের বিভ্রান্ত করছেন। আসল বক্তব্য হচ্ছে কেন্দ্রীয় সরকার সারা ভারতবর্ষে শিক্ষকদের জীবন-যাত্রার হার বর্দ্ধিত করবার জন্য যে টাকা বরাদ্দ করেছেন তৃতীয় পঞ্চবার্ষিক পরিকল্পনাতে সে টাকার সম্পূর্ণ সৎ ব্যয় এখনও হয় নি সে টাকা সঞ্চিত রয়েছে এবং তারা এটা অফার করেছেন যে কেন্দ্রীয় সরকার যদি বেতন বৃদ্ধি করবে তা হলে অর্ধেক অর্থাৎ পঞ্চাশ পারসেণ্ট তাঁরা দিতে বাধ্য রয়েছেন।

Shri Prafulla Chandra Sen:

যদিও এটা অতিরিক্ত প্রশ্ন নয় তবুও আমি মনে করি এটার উত্তর দেওয়া উচিত। মাননীয় সদস্য মহাশয় যে কথা বললেন এটা ভুল কথা। আমরা কাউকে বিভ্রান্ত করবার চেষ্টা করিনি। আজকে যদি মাননীয় সদস্য মহাশয় টাকা এনে দিতে পারেন তা হলে নিশ্চয় দেবো তবে ১৫৬ কোটী টাকার উর্ধে এনে দিতে হবে।

Shri Satya Priya Roy:

মাননীয় মন্ত্রী মহাশয় জানেন কি যে পঞ্চাশ পারসেণ্ট যে টাকা দেবেন বলেছেন সেণ্ট্রাল গভর্ণ-মেণ্ট সেটা প্ল্যান সিলিং এ্যাডিশন—এই টাকা দেবে।

Shri Prafulla Chandra Sen:

এটা আদৌ নয়।

Shri Satya Priya Roy:

এটা আপনি দেখেছেন কি?

Shri Prafulla Chandra Sen:

ভাল করেই দেখেছি।

Shri Nirmalya Bagchi:

মাননীয় শিক্ষামন্ত্রী কি জানেন যে মহারাষ্ট্রে প্রাথমিক শিক্ষকদের বার্ষিক বেতন দেয় ১ হাজার ২ শো ২২ টাকা, পাঞ্জাবে ১ হাজার ২ শো ১২ টাকা, গুজরাটে ১ হাজার ১ শো ১৩ টাকা, রাজস্থানে ৯ শো ৮৮ টাকা এবং মাদ্রাজে ৯ শো টাকা আর পশ্চিম বাংলায় দেয় ৮ শো ২১ টাকা। এবং ১৫টী রাষ্ট্রের মধ্যে পশ্চিম বাংলার স্থান অষ্টম যেটা ষ্টেটসম্যান পত্রিকায় প্রকাশিত হয়েছে ১১ই আগষ্ট ১৯৬৪।

Shri Rabindralal Sinha:

এটা আমি বলতে পারবো না কারণ আমার জানা নেই, তবে এখানে আমাদের গড় বেতন হল ৮৫ টাকা।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে এই প্রাথমিক শিক্ষকদের যাঁরা সন্তান সন্ততি তাঁরা স্কুল ফাইনাল এবং হায়ার সেকেণ্ডারী পর্যন্ত পড়ার সুবিধা আছে বিনা বেতনে। এই সুবিধা টাকা কলেজ পর্যন্ত প্রসারিত করতে রাজী আছেন কি?

Shri Rabindralal Sinha:

এই প্রশ্নের মধ্যে বলতে পারবো না নোটিশ দিলে খোঁজ করে বলবো।

Shri Nirmalya Bagchi:

পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষক সমিতি অর্থাৎ পশ্চিম বাংলার প্রাথমিক শিক্ষকদের নিম্নতম ৩০ টাকা এবং মহার্ঘ ভাতা ২৫ টাকা যখন সহরাঞ্চলে শিক্ষকের জন্য অতিরিক্ত ২৫ টাকা অতিরিক্ত দাবী করেছেন, এটা কি মাননীয় শিক্ষা মন্ত্রীমহাশয় জানেন।

Shri Rabindralal Sinha:

কেবল সংবাদপত্রে এই ধরণের একটা সংবাদ পড়েছি।

Shri Rajkumar Chakraverty: Will the Hon'ble Minister kindly tell us if his attention has been drawn to a recent statement of Mr. Chagla, the Education Minister at the Centre, that the minimum pay of teachers of all categories should be fixed and there is a limit to their endurance? I am quoting his words exactly, "There is a limit to their endurance."

Shri Rabindralal Sinha:

এই কথার কোন বিরোধ নেই। আমরা সকলেই স্বীকার করি যে আর্থিক সঙ্গতি সাপেক্ষে বাড়ান উচিত।

Latest enhancement of fares by the Calcutta Tramways Co. Ltd.

*98. **Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) what were the terms and conditions agreed upon when the Government accorded its approval to the last enhancement of fares by the Calcutta Tramways Co. Ltd.;

(b) whether these terms are being implemented by the Company; and

(c) if not, what steps the Government proposes to take in the matter?

Shri Saila Kumar Mukherjee: (a) There were no terms and conditions agreed upon when the Government accorded its approval to the last enhancement of fares by the Calcutta Tramways Company Ltd.

(b) (c) Does not arise.

Shri Jatin Chakravorty:

সেইসময় সংবাদপত্রে বেরিয়েছিল যে ভাড়া বাড়াবার ফলে যে আমদানী হবে কোম্পানীর, তার কিছু টাকা ওয়ার্কারদের মজুরী বৃদ্ধি হিসেবে দেবে, আর আপনি এখনতো বললেন কোন কণ্ডিসন হয়নি এবং বাকী তার একটা অংশ এ্যামিনিটিস ফর দি প্যাসেঞ্জার্স রাখবেন—একথা সত্যি কিনা?

Shri Saila Kumar Mukherjee:

হ্যাঁ, একথা সত্যি।

Shri Jatin Chakravorty:

যদি টার্মস এ্যাণ্ড কণ্ডিসানস্ হয়নি,—তবে একথা বললেন কেন?

Shri Saila Kumar Mukherjee:

তবে লিখিত কোন টার্মস এ্যাণ্ড কণ্ডিসানস্ হয়নি।

Shri Jatin Chakravorty:

লিখিত ছাড়া ভদ্রলোকের চুক্তি হয়েছিল কিনা?

Shri Saila Kumar Mukherjee:

ট্রাম কোম্পানীর আইনানুসারে
under section 9 of the Calcutta Tramways Act
ট্রাম কোম্পানী সরকারের কাছে তাদের মতামত দেবার জন্য বাধ্য নয় এবং তাদের এ্যাডভাইসারী কমিটীর অধিকার আছে ভাড়াবৃদ্ধি সম্বন্ধে অনুমোদন দেওয়ার। তবে সরকারের কাছে তারা কেন আসে? ভাড়া বৃদ্ধির সঙ্গে ল' এ্যান্ড অর্ডার-এর বিরাট প্রশ্ন জড়িত আছে। ভাড়া বৃদ্ধির ফলে সহরে যাতে কোন অশান্তি সৃষ্টি না হয়, তার জন্য সরকারের সঙ্গে আলোচনা হয়। এই আলোচনায় দু-নয়া পয়সা বাড়াবার জন্য সরকারের কাছে অনুরোধ জানিয়েছিলেন। কিন্তু সরকার সমস্ত কিছু বিবেচনা করে তাদের এক নয়া পয়সা ভাড়া বৃদ্ধির অনুমোদন দিয়েছেন সেই সময় সরকার আলোচনার মাধ্যমে দেখেছিলেন তাদের কর্মচারীদের সঙ্গে চুক্তি অনুসারে তাদের এবছর ২৩ লক্ষ টাকা বাৎসরিক ব্যয় বৃদ্ধি হবে এবং সেই সাথে তাদের অন্যান্য ট্যাক্স ও ডিউটি ইত্যাদি বৃদ্ধির ফলে খরচ বেড়েছে ২৮ লক্ষ টাকা বছরে। সেই খরচের টাকাটা পূরণের জন্য ঐ এক নয়া পয়সা বৃদ্ধির অনুমোদন দেওয়া হয়।

Shri Jatin Chakrabarty:

মাননীয় মন্ত্রীমহাশয় স্বীকার করলেন ভাড়া বৃদ্ধির যেটা আমদানী হবে তার একটা অংশ এমিনিটিস্ ফর প্যাসেঞ্জারস ব্যয় করা হবে। আমার এখন প্রশ্ন হচ্ছে মন্ত্রীমহাশয় জানেন কিনা—

(শ্রীশৈলকুমার মুখার্জীঃ নিশ্চয়ই জানি, বলুন)

ঐ ট্রামওয়ে ট্রাক তারা ঠিক করছে না, রাস্তা মেরামত করছে না, তৈরী করছে না, লার্জ নাম্বারস অফ কারস্ ডিফেক্টিভ হয়ে পড়ে আছে, যার ফলে ড্রাইভার কণ্ডাক্টরদের সঙ্গে প্যাসেঞ্জারদের ঝগড়া লাগছে গাড়ীর ছাদ দিয়ে জল পড়ে, নূতন গাড়ী ছাড়ছে না এই সবের ফলে, তারা আপনাদের কাছে যে প্রতিশ্রুতি দিয়েছিল, তারা তা রক্ষা করছে না—সে সম্পর্কে আপনারা অবহিত আছেন কিনা?

Shri Saila Kumar Mukherjee:

আমরা শুধু অবহিত নই ট্রান্সপোর্ট সম্বন্ধে—ট্রাম কোম্পানীর সঙ্গে আমরা আলোচনা করেছি। তারা নূতন গাড়ী কিনবে ৪০ খানা, যাত্রীদের সুযোগ সুবিধার জন্য পাখা, ফ্লোরেসসেণ্ট ল্যাম্প, উন্নততর গাড়ী ইত্যাদি ব্যবস্থা করবে। তারা এবিষয়ে অগ্রসর হচ্ছে, তারা বোম্বে থেকে গাড়ী আনতে আরম্ভ করেছে। এজন্য যে বিরাট টাকা লোনের প্রয়োজন, তা দেবার ক্ষমতা আমাদের নাই।

Shri Jatin Chakrabarty:

মন্ত্রীমহাশয় কি জানেন বোম্বে থেকে যে গাড়ী তাঁরা আনছেন, তা রিজেক্টেড মাল, সেখানে যে সমস্ত গাড়ী ডিফেক্টিভ হয়ে গেছে, সেগুলো এনে তাঁরা সারাচ্ছেন? শোনা যায় এই উদ্দেশ্য নিয়ে ট্রাম কোম্পানী এটা করছেন যে ১৯৭২ সালে তো সরকার নিয়ে নেবেন। সুতরাং তাঁরা এমন কিছু নূতন ক্যাপিটাল ইনভেষ্টমেণ্ট করতে চায়না, সেই সম্পর্কে তদন্ত করে দেখেছেন কি?

Shri Saila Kumar Mukherjee:

আপনি প্রশ্নটা তুলে ভাল করেছেন আপনাদের জানিয়ে দেবার সুবিধা হয়েছে। ট্রাম কোম্পানীর সঙ্গে সরকারের ১৯৫১ সালে যে চুক্তি হয় সেই চুক্তির ফলে যেখানে টাকা সরকারী তহবিলে

জমা দেবার কথা—, যার ফলে ৪ কোটী টাকার বেশী দিয়ে ট্রাম কোম্পানী ১৯৭১ সালে জাতীয় করণের সিদ্ধান্ত সরকার গ্রহণ করেছেন। এক বছর আগে তার নোটীশ দিতে হবে। তার সঙ্গে আরো বহু সমস্যা জড়িত, তা এক একটি স্পেশাল অফিসার দিয়ে ইনভেষ্টিগেশান করছি, যতই ১৯৭০ সাল এগিয়ে আসছে, সরকার একটি হাই পাওয়ার অফিসার দিয়েছেন। আমরা এগ্রিমেণ্ট অনুসারে প্রতিশ্রুতি পালন করছি, দেখে বিবেচনা করছি এবং যদি প্রয়োজন হয় কেন্দ্রীয় গভর্ণমেণ্টকে বলে রেখেছি যে দরকার হলে আমরা আইন বদলাবো। আর সরকার পক্ষের অসুবিধা থাকলে তারজন্য আমরা আইন পরিবর্তন করবার চেষ্টা করবো।

Shri Jatin Chakrabarty:

মাননীয় মন্ত্রিমহাশয় একথা বলবেন কি—বর্তমানে ট্রাম কোম্পানী যে অব্যবস্থার মধ্যে তাঁদের কাজ চালাচ্ছেন, ট্রাক তাঁরা মেরামত করছেন না, নূতন গাড়ী আনছেন না, ডিফেক্টিভ গাড়ী সারাচ্ছেন না যার ফলে জনসাধারণের অসুবিধা হচ্ছে, এই সব বিবেচনা করে সরকার কি ভেবেছেন ১৯৭২ সালের আগেই এটা নিজেদের হাতে নিয়ে নেবেন?

Shri Saila Kumar Mukherjee:

সেই কথাই তো আপনাকে বল্লাম যে কিনে নিতে হলে ৪ কোটি টাকা ক্ষতিপূরণ দিতে হবে। আমরা সেই ৪ কোটি টাকা যাতে ১৯৭১ সালের আগে যোগাড় করতে পারি তার চেষ্টা করছি। এখন ট্রাম কোম্পানীর তত্বাবধানের মধ্যে যাবার আমাদের আইনগত ক্ষমতা নেই এবং যে এগ্রিমেণ্ট হয়েছে তাতে আমাদের এ ক্ষমতা নেই। সেই উদ্দেশ্যেই আপনি যেটা বল্লেন সেটা বিবেচনা করছি।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন হচ্ছে এই অব্যবস্থার ফলে যা হচ্ছে তাতে ১৯৭২ সালের আগে ঐ টাকা দিয়ে, যদি দরকার হয়, তাহলে এটা নিয়ে নেবার পরিকল্পনা সরকারের আছে কিনা?

Shri Saila Kumar Mukherjee:

এখন তো আমরা আইনগত বাধ্য ট্রামওয়ে এ্যাক্ট এবং ১৯৫১ সালের এগ্রিমেণ্ট অনুসারে। তা থেকে এক ইঞ্চিও নড়বার ক্ষমতা নেই যেটা পরিবর্তনের কথা আমরা চিন্তা করছি।

Shri Janaki Ballabha Bhattacharyya:

মন্ত্রী মহাশয় বলবেন কি যে এই ট্রাম কোম্পানীর আগে যে কন্ট্রাক্ট হয়েছে এবং যে এ্যাক্ট আছে, তার মধ্যে তাদের সমস্ত চালু রাখবার ব্যবস্থা এবং ডিফেকটিভ ট্রাম যত আছে সেগুলি রিপেয়ার করবার ব্যবস্থা—এই সব দেখে নেবার কথা কনট্রাক্ট-এর মধ্যে আছে কিনা?

Shri Saila Kumar Mukherjee:

এ্যাক্ট-এর মধ্যে আছে ট্রামওয়ে এ্যাডভাইসরি কমিটি থাকবে সেই কমিটি এইসব বিষয় দেখবেন, সরকার দেখবেন না।

Shri Janaki Ballabha Bhattacharyya:

সরকারের কি এবিষয়ে কোন দায়িত্ব নেই?

Shri Saila Kumar Mukherjee:

দায়িত্ব আছে বলেই তো এতো কথা বল্লাম এবং সে দায়িত্ব পালনের চেষ্টাও আমরা করছি।

Navigable canal of D.V.C. between Durgapur and Kunti khal

*99. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) whether the State Government have taken over the canal of the D.V.C. between Durgapur and Kunti khal;

(b) whether the said canal is nevigable or has got immediate prospect of being navigable; and

(c) if not, what is the scheme of the State Government in this regard in respect of this canal?

[3-45—3-55 p.m.]

Shri Syamadas Bhattacharyya: (a) The State Government have taken over only the portion of the Damodar Valley Corporation Irrigation canal from Durgapur to Palla for maintenance and operation but not the portion of the canal between Palla and the Kunti Khal, which is exclusively navigation canal. It is still under Damodar Valley Corporation.

(b) According to Damodar Valley Corporation authorities the canal is navigable.

(c) The question of preparation of a scheme will arise if and when the State Government take over the portion of the navigation canal from Palla to Kunti.

Shri Narendra Nath Das:

মন্ত্রী মহাশয় জানাবেন কি—যে যে কারণে এই নাব্য খালগুলি হোল—সে সম্পর্কে পশ্চিমবাংলা সরকারের সঙ্গে এরা কোন পরামর্শ করেছিল কিনা প্রথম করা হয় যখন?

Shri Syamadas Bhattacharyya:

সেটা আমার জানা নাই। ডি ভি সি একটা আলাদা স্ট্যাটুটরী বডি, তারা যখন নাব্য খাল সৃষ্টি করে তখন সেটা পশ্চিমবাংলা সরকারের সঙ্গে পরামর্শ করেছিল কিনা এটা আমার জানা নাই। তবে আলোচনা করতে তারা বাধ্য ছিল বলে আমার মনে হয় না।

Shri Narendra Nath Das:

একথা কি সত্য যে কোল বেল্ট থেকে কোল যাতে সস্তা দামে ট্রান্সপোর্ট হতে পারে নৌকার মাধ্যমে, তার জন্যই কি এই নাব্য খাল তৈরী করার পরিকল্পনা হয়েছিল?

Shri Syamadas Bhattacharyya:

আমারও তাই ধারণা প্রিন্সিপ্যাল আইটেম অব ট্রান্সপোর্ট হোল কোল যেটা দুর্গাপুর থেকে এ পর্যন্ত আসবে এই ছিল ধারণা। ডি ভি সি অথরিটি বলেন যে পাল্লা থেকে কুন্তি পর্যন্ত নাব্য আমাদের ইঞ্জিনীয়াররা এখনও পর্যন্ত এ বিষয়ে সন্তুষ্ট হতে পারেন নি সেজন্য ডি ভি সি'র নেভিগেশান এ্যাডভাইসরি কমিটি ১৯৫৬ সালে বসেছিল তাদের পরামর্শক্রমে আমাদের একটা ওয়ার্টার ট্রান্সপোর্ট বোর্ড এই সরকার থেকে বসানো হয়, তারা এ বিষয়ে পরীক্ষা করে দেখে এবং বিভিন্ন তরফের ইঞ্জিনীয়াররা এখন পরীক্ষা করে দেখছেন যে এটা সত্যিই নাব্য হতে পারে কিনা। তারা একটি রিপোর্ট তৈরী করেছেন। সেই রিপোর্ট সম্পর্কে এখনও চূড়ান্ত মীমাংসা করতে পারছি না।

Shri Narendra Nath Das:

মন্ত্রী মহাশয় বলবেন কি যে দুর্গাপুর থেকে কোল ট্রান্সপোর্ট নদী পথে যদি হয় তাহলে নিশ্চয় তা সস্তা হবে—এটা পশ্চিমবাংলার স্বার্থে এবং এই স্বার্থকে সামনে রেখে যাতে করে এটার নেভিগেবিলিটি থাকে সে সম্পর্কে কোন ব্যবস্থা করবেন কি?

Shri Syamadas Bhattacharyya :

আমরা এবং আমাদের ইঞ্জিনীয়াররা দেখছেন যে ঐ পোরসানটা নেভিগেবল ক্যানাল হিসাবে ব্যবহার করা যায় কিনা এখনও পর্যন্ত এ বিষয়ে আমরা স্থির করতে পারিনি যে এটাকে কিভাবে নেভিগেবল করা যাবে এবং বর্তমানে যেভাবে যাচ্ছে তাতে নেভিগেবল করা যাবে কিনা। এন্যা ডি ভি সি অবশ্য প্রস্তাব করেছে যে তাদের পোরসনটা যেটা নেভিগেবল ক্যানেল বলে পরিচিত সেটা যেন পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে বলা হয়েছে যে আমরা নেভিগেবল ক্যানেল সম্পর্কে সন্তুষ্ট না হওয়া পর্যন্ত ওটা আমরা নিতে পারবো না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে এখন এটা নেভিগেবিলিটি করবার পরিকল্পনা হয় তখন ইঞ্জিনীয়ার বা এক্সপার্টদের সঙ্গে কোন পরামর্শ করা হয়েছিল? কারণ কথা হচ্ছে তখন যা নেভিগেবিলিটি করা সম্ভব ছিল আজ তার সঙ্গে তারতম্য কেন হচ্ছে?

Shri Syamadas Bhattacharyya :

ডি ভি সি এটা করেছেন, তখন পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এটা করা হয় নি। কাজেই এর দায়িত্ব আমরা নিতে পারবো না। কিন্তু আজকে যদি দায়িত্ব নিতে হয়

for operation and maintenance of the canal

তাহলে আগে আমাদের ভাল করে বুঝে নিতে হবে যে এটা সত্যকারের নেভিগেবল কিনা অথবা কি কি কাজ করলে এটা নেভিগেবল করা যায়। এটা নেভিগেবল ক্যানেল হিসাবে ব্যবহার করতে পারলে যে আমাদের উপকার হবে সে বিষয়ে সন্দেহ নেই, কিন্তু আসলে নেভিগেবল ক্যানেল হিসাবে ব্যবহার করা যাবে কিনা বা এখনই নেভিগেবল ক্যানেল হিসাবে ব্যবহার করা যায় কি না সে সম্পর্কে আমাদের বিশেষজ্ঞ ইঞ্জিনীয়ারদের নিয়ে তদন্ত ও পরীক্ষা করে দেখছি।

Shri Narendra Nath Das:

তাহলে এখন পশ্চিমবঙ্গ সরকারের অভিমত কি, এটা কি নেভিগেবল নয়? আমার জিজ্ঞাসা এর নেভিগেবিলিটি আছে কিনা?

Shri Syamadas Bhattacharyya :

এখনই ঠিক হ্যাঁ কি না বলে উত্তর দেবো না। কারণ এটা পরীক্ষা করে দেখছি।

Shri Sasanka Sekhar Sanyal:

এই যে নেভিগেবল হলে ভাল হয়। কিন্তু নেভিগেবল হবে কিনা বলা যায় না, এবং পরেতে আমরা সঙ্গত হবে কিনা এই নেভিগেবিলিটির বিরুদ্ধে এক্সপার্টস-দের কি কি অপিনিয়ন আছে?

Shri Syamadas Bhattacharyya :

আমরা এটা ইঞ্জিনীয়ারদের কাছে পাঠিয়েছি এবং এটা পরীক্ষা করে দেখছি, মোটের উপর তাঁদের প্রাথমিক রিপোর্ট খুব সুবিধার ছিল না, তাঁরা আবার এটা ভাল করে দেখছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

যদি আজকের এই প্রশ্ন উত্তরের উপর হাফ এ্যান আওয়ার ডিসকাশন-এর নোটিশ দেওয়া হয় তাহলে নেকস্ট উইক-এর মধ্যে সমস্ত বিষয়ের তথ্য এই হাউসে আনতে পারবেন?

Shri Jagannath Kolay:

Half-an-hour discussion

এর-নোটিশ দিলে বলতে পারবো কি হবে।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি জানতে চাই হাফ এ্যান আওয়ার ডিসকাসন-এর নোটিশ দিলে কিছু জানাতে পারবেন কিনা?

Shri Syamadas Bhattacharyya:

আমি আশা করি পারবো।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যখন এটা তৈরী হয় তখন কে বি রায় বলে একজন বিখ্যাত ইঞ্জিনীয়ার তিনি ভূয়ো ভূয়ো প্যাম্‌প্লেট লিখে ও স্টেটসম্যান ইত্যাদি খবরের কাগজে লিখে এ অভিমত ব্যক্ত করেছিলেন যে এটা নেভিগেবল আপনারা করতে পারবেন না। জলের নৌকা এসে ডাঙ্গায় বেঁধে যাবে এবং আপনি এও কি জানেন যে এ ব্যাপার নিয়ে ডাক্তার রায়ের সঙ্গে তাঁকে আমি ইনট্রোডিউস করে দিয়েছিলাম। পরে ডাঃ রায় তাঁকে দিল্লী নিয়ে গিয়েছিলেন এবং সেখানে গিয়ে কে বি রায়-এর অপিনিয়ন বলেছিলেন। কিন্তু তা বললেও দিল্লী কর্তৃপক্ষ সে কথা স্বীকার করেন নি। তাঁদের অপিনিয়ন ছিল না এটা নেভিগেবল হবে।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য যে অতিরিক্ত প্রশ্ন করেছেন তাতে তিনি তাঁর অভিযোগেব কথাই বলেছেন এবং বিশেষজ্ঞের অভিমতের কথা বলছেন। আমি এ সম্পর্কে কিছুই জানি না। শুধু একথা বলতে চাই যে ডি ভি সি একটা সম্পূর্ণ পৃথক সত্ত্বা হিসাবে এই ক্যানেল করেছে। এই ক্যানেল করে ভাল করেছে কি মন্দ করেছে সেটা নিশ্চই দেখা দরকার কারণ যখন নাকি আমরা গ্রহণ করবো কিনা তা বিবেচনা করে দেখছি।

Shri Upendra Nath Barman:

ডি ভি সি অথোরিটী যখন মালটিপারপাস স্কীম আরম্ভ করেন তখন

So far as the navigation is concerned, the entire liability will be of West Bengal.

কারণ, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট এবং বিহার গভর্ণমেণ্ট এতে কোন ইউটিলিটি নেই এই স্কীমটা যখন এক্সটেনসন হয় তখন সব রকম চেষ্টা করা হয়েছিলো যাতে এটা রিয়ালি নেভিগেবল স্কীম হয়। এটা এই কারণে আমি জিজ্ঞাসা করছি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কি কোনো চেষ্টা করা হয়েছিলো যাতে নেভিগেবল হয়? কিন্তু এখন দেখছি

Now the matter is finished.

Shri Syamadas Bhattacharyya:

আমি এটা বলতে পারবো না। তবে একথাই বলতে পারি যে যদি এটা নেভিগেবল না হয় তা হলে পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে এটা গ্রহণ করা হবে না।

Shri Narendra Nath Das:

মন্ত্রী মহাশয় কি পুরান তথ্য খোঁজ করে দেখবেন? মাননীয় অজয় মুখোপাধ্যায় মহাশয় এই পরিষদে প্রশ্নের জবাবে বলেছিলেন যে এটা নেভিগেবল হবে?

Shri Syamadas Bhattacharyya:

নিশ্চয়ই, তিনি আমার কথা বলেছিলেন।

Expenditure for the Departmental publications in respect of Primary Schools

***100. Shri Nirmal Basu :**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) প্রাথমিক বিদ্যালয়ের সরকার প্রকাশিত পুস্তকগুলির জন্য ১৯৬৩-৬৪ সালে কত ব্যয় হইয়াছে ;

(খ) এই পুস্তকগুলির জন্য কি পরিমাণ বৈদেশিক সাহায্য পাওয়া গিয়াছে ;

(গ) পুস্তক বিক্রয় বাবদ সরকার এ পর্যন্ত কত টাকা পাইয়াছেন ; এবং

(ঘ) ভবিষ্যতে এই পুস্তকগুলি বিনামূল্যে ছাত্রদের দিবার কোন প্রস্তাব কি সরকারের বিবেচনাধীন আছে?

[3-55—4-05 p.m.]

Shri Rabindralal Sinha :

(ক) ১৯৬৩-৬৪ সালে প্রকাশিত পুস্তকের জন্য মোট ব্যয়ের পরিমাণ কিঞ্চিন্যূন ৯,০০,০০০ টাকা। প্রয়োজনীয় কাগজ বৈদেশিক সাহায্য হিসাবে পাওয়া গিয়াছে। তাহার মূল্য এই হিসাবের মধ্যে ধরা হয় নাই।

(খ) বৈদেশিক সাহায্য হিসাবে মোট ১৩৮৫ টন কাগজ পাওয়া গিয়াছে।

(গ) ১৮,৮০,০০০ টাকা।

(ঘ) পশ্চিমবঙ্গে যে সমস্ত অঞ্চলে প্রাথমিক শিক্ষা আবশ্যিকভাবে প্রবর্তিত হইয়াছে, সেই অঞ্চলের সকল ছাত্র-ছাত্রীর শতকরা ২৫ জন পর্যন্ত দুঃস্থ শিক্ষার্থীগণের ব্যবহারের জন্য বিনামূল্যে পাঠ্য পুস্তক সরবরাহ করিবার ব্যবস্থা আছে।

বিনামূল্যে পাঠ্য পুস্তক, স্লেট, পেন্সিল ইত্যাদি সরবরাহ করিবার জন্য ১৯৬৩-৬৪ সালে বিভিন্ন জেলা বিদ্যালয় পর্ষৎ-কে মোট ৮,৯৮,৯৩০ টাকা মঞ্জুর করা হয়।

Shri Satya Priya Roy:

এই যে মন্ত্রী মহাশয় বললেন বিনামূল্যে পুস্তক বিতরণের জন্য যে ৮ লক্ষ টাকা বরাদ্দ আছে, তার থেকে ডিস্ট্রিক্ট বোর্ডস কত লক্ষ টাকার বই বিনা মূল্যে বিতরণ করেছেন?

Shri Rabindralal Sinha :

আমরা বলেছি শতকরা ২৫ ভাগ দুঃস্থ দেখে দিতে হবে। তার জন্য ৮ লক্ষ ৯৮ হাজার ৯৩০ টাকা প্লেস করেছি

at the disposal of different District School Boards.

এখন তাঁরা কি করেছেন আমি বলতে পারবো না।

Shri Nirmalya Bagchi:

একথা কি সত্য পশ্চিমবঙ্গ সরকার থেকে প্রকাশিত পিক্‌ক রিডার বইখানার কপিরাইট জাল করবার জন্য ডি পি আই থেকে একটা মামলা দায়ের করা হয়েছে?

Shri Rabindralal Sinha :

পৃথকভাবে উনি যদি এই রকম প্রশ্ন করেন, তাহলে আমি অনুসন্ধান করে বলবো।

Shri Rajkumar Chakravorty: Will the Hon'ble Minister kindly tell us if it is a fact that the books published by the Government are not available in the market within 3 or 4 months after the beginning of the school session, that is, not before 4 months after January?

Shri Rabindralal Sinha: Sir, this had been discussed threadbare last year. I can assure that we shall strain our every nerve to see that books are available this year in the beginning of the next session.

Industrial Training Centres

***101. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state whether the Government have had under consideration any proposal for transferring the Industrial Training Centres to the Labour Department to facilitate co-ordination between the Training Centres and the National Employment Service?

Shri Ardhendu Shekhar Naskar: In 1962, the Government of India in the Ministry of Lobour and Employment made a suggestion to the State Government for transferring the Industrial Training Institutes/Centres from the control of the Commerce and Industries Department to that of the Labour Department. After due consideration the proposal was not accepted.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে স্পেশাল কমিটি অন এমপ্লয়মেন্ট বলে যে একটা কমিটী আছে তার টুয়েণ্টি ফোর্থ এপ্রিল, ১৯৬১ যে সমস্ত রিজলিউশান পাসড হয়, সেগুলি এই এইটিন্থ আগষ্ট, ১৯৬২ তারিখে যে মিটিং হয় সেখানে আমাদের মুখ্যমন্ত্রী শ্রী পি সি সেন উপস্থিত ছিলেন এবং তিনি সেই মিটিং ইনঅগারেট করেন। সেই মিটিং-এ আমিও ছিলাম আইটেম নং ৩-তে বলা হচ্ছে

To request the Government to ensure co-ordination of the activities of the Directorate of National Employment Service and Training Section of the Directorate of Industries.

সেখানে ছিল

The matter has been referred to the Government and is pending consideration at the Government level.

মন্ত্রী মহাশয় কি জানেন গভর্নমেন্টের এটা কনসিডারেশন-এ ছিল তার ফলে কি হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

শ্রীশশাঙ্ক শেখর সান্যাল মহাশয় বলেছেন পার্টি সিষ্টেম আজকাল হবার ফলে জুরী প্রথা বাতিল করে দেওয়া উচিত। কারণ স্বাধীনভাবে তাঁরা কোন মতামত দিতে পারেন না। আমি তাঁর কথার পুনরুক্তি করে বলবো আজকে তিনি একজন অভিজ্ঞ আইনজীবী হয়েও যদি মনে করে থাকেন যে পার্টি সিষ্টেম এ দেশে প্রচলিত হবার ফলে পার্টির জন্য, পার্টির স্বার্থে কোন লোকের বিরুদ্ধে যদি মামলা দাখিল করা হয়, তাহলে এই জুরী সিষ্টেম থাকার দরুণই যে সাধারণভাবে একটা ফেয়ার ট্রায়াল পাবার আশা করতে পারবে, কারণ এই জুরীতে তাঁরাই যেতে পারবেন যাঁরা ল পাশ করেননি বা যাঁদের আইনের অভিজ্ঞতা নাই। তার মধ্যে স্যার, আপনার মত বহু অধ্যাপক আছেন এবং বহু নির্দলীয় লোকও আছেন, যাঁরা

(Shri Sasanka Sekhar Sanyal: Teachers are convicting Jurors.)

5-20—5-30 p.m.]

একটা স্বাধীন মতামত প্রকাশ করতে পারবেন।

সুতরাং শশাঙ্কবাবুর মতো যদি এই অবস্থা হয়ে থাকে যে দলের স্বার্থের জন্য বিরুদ্ধে দায়রা কোর্টে অভিযোগ আনা হয় এবং তাকে জেলে পাঠাবার জন্য এব হয় তাহলে তা বন্ধ করবার একমাত্র উপায় হচ্ছে স্বাধীনভাবে এই জুরী প্রথাকে প্রবর্তিত করে রাখা। আমাদের এখানে এই জুরী প্রথার জন্য ইংরাজ আমলে ভারতবর্ষে যে সংগ্রাম চলেছে আমি তার উল্লেখ করতে চাই না। যেটা ইতিহাসের বিষয়বস্তু—সবাই সেটা জানে কিন্তু আজকে স্বাধীনতার ১৭ বছর পরে যে জিনিষটা বহু সংগ্রাম করে আয়ত্তে আনা গেছে তাকে এক কলমের খোঁচায় বন্ধ করতে যাচ্ছেন এবং শশাঙ্কবাবুর মত একজন আইনজীবীর মতে দলীয় স্বার্থের জন্য লোককে যদি অভিযুক্ত করা হয় যেখানে স্বাধীন বিচারের যে একটু আশা যা আছে তাকে বন্ধ করবার কোন প্রয়োজন নাই। তাই আমি এই বিধেয়কটী যা শিক্ষা মন্ত্রী এখানে উপস্থিত করেছেন তার বিরোধীতা করছি এই পক্ষ থেকে।

Shri Janaki Ballav Bhattacharyya:

আজকে আমি এই বিলের বিরোধীতা করতে দাঁড়িয়েছি এবং বলছি যদি রাজকুমার চক্রবর্তী মহাশয় যে রকমভাবে বলেছেন তার একটু এ্যামেণ্ডমেণ্ট যদি উনি করতেন তাহলে ভাল করা হ'ত। কারণ রিটায়ার্ড হাইকোর্ট জাজ এবং রিটায়ার্ড জাজেস সংখ্যা নিতান্ত কম নয়। বিশেষ বিশেষ গুরুতর বিষয়ে এঁরা জুরী হবেন আর কেউ হতে পারবে না—এই মতটা যদি গ্রহণ করেন তাহলে পর জুরী সিষ্টেম এ্যাবলিশ করতে হয় না কিন্তু যদি একজন জাজের

ইচ্ছায় বিচার প্রথা করতে যাচ্ছেন তার আমরা ঘোরতর বিরোধীতা করছি। যদি অন্তত ১৩ জন জাজ তারা করতেন তাহলে পর খানিকটা ভাল বিচার হোত বলে আমাদের ধারণা। এবং জুরীর মধ্যে যারা রিটায়ার্ড সুপার এ্যানুয়েটেড হাইকোর্ট জাজ বা যে সমস্ত জাজেস আছেন তাদের মধ্য থেকে নেওয়া হোক। যার পার্টি সিষ্টেমের কথা। অন্যান্য জায়গায় এটা থাকা সত্বেও যদি জাজেস পাওয়া যায় তাহলে পর আমাদের দেশে কেন পাওয়া যাবে না এটা ঠিক আমি বুঝতে পারছি না।

Shri Monoranjan Sen Gupta:

অধ্যক্ষ মহাশয়, যদিও আমি লেম্যান তবুও আমি বহুকাল জুরী ছিলাম। একটি ভ্যালুড রাইট যেটা আমরা সংগ্রাম করে পেয়েছি, যেটাকে হরণ করবার জন্য হাইকোর্টের জজের থ্রু দিয়ে যে ব্যবস্থা করছি
দিন এণ্ড অফ দি ওয়েজ।

এবং এর যে অরিজিন সেটা যদি আলোচনা করে দেখি, বিশেষ করে ইংরাজী ইতিহাস থেকে তাহলে দেখবো যে যারা লইয়ার অব জজেস ছিলেন তারা ছিলেন টেকনিক্যাল ম্যান, তাঁরা এসব বিষয়ে এক্সপার্ট ছিলেন, আইনে বেশী জোর দিয়ে বিচার করতেন। অনেক আন্দোলনের ফলে এই জুরী সিসটেম আনা হয়েছে। এটা কমন সেন্স এবং ফ্যাক্টস-এর উপর বিচার হয়—আইনের যে টেকনিক্যাল নলেজ সেটা তারা দেখবে না তার ফলে সত্যিকারের বিচার সেখানে হওয়ার একটা সম্ভাবনা থাকে। এইজন্যই জুরী সিসটেম অনেক আন্দোলনের পর হয়েছিল। আমরা ইংরাজের কাছ থেকে এটা পেয়েছি। সেই জিনিসটা আজকে তুলে দেবার জন্য কি প্রয়োজন হয়েছে? অবশ্য একথা বলতে পারেন যে তাড়াতাড়ি বিচার বা ট্রায়াল শেষ করবার জন্য তা হতে পারে। আজকাল জিল বলে একটা কথা উঠেছে—বিচারে অনেক দেরী হচ্ছে। সেজন্য এ-রকম একটা কথা উঠতে পারে কিন্তু তাতে ভুল হতে পারে। অসুবিধা হবে এবং যে অবিচার হবে সে সম্বন্ধে কিছু আলোচনা হয়েছে সুতরাং সেদিক থেকে কমন সেন্স-এ বিচার হয় এর জন্য যে ব্যবস্থা রয়েছে সেটা কি সঙ্কুচিত করার আমি কোনো প্রয়োজনীয়তা অনুভব করছি না। এইভাবে যে এসেছে বলা হচ্ছে যে ডিরেকটর অফ প্রসিকিউশন থাকবেন তিনি এই জিনিসটা প্লেস করবেন। কিভাবে করবেন হাইকোর্ট-এ জাজ-এর কাছে সেটা এক কথা। হাইকোর্ট-এ নিজে থেকে এসে দেখে সেটাকে এনডোরস করে দিয়ে যান, সাপোর্ট করে দিয়ে যান তাহলে জিনিসটা কি হতে পারে? সব হাইকোর্ট-এর জাজ সবসময় প্রসিকিউশন-এর কাজ ঠিক করে করবেন সেটা বলা যায় না। সুতরাং যে অধিকারটা রয়েছে যা নাকি দীর্ঘদিন ধরে চলে আসছে সেটাকে দেখা উচিত। সেইজন্য আমি এই এ্যামেণ্ডমেন্টটা করেছি। আমি মাননীয় রাজকুমার চক্রবর্তী মহাশয় যে কথা বলেছেন আমি তাকে সমর্থন করি।

Shri Rabindralal Sinha:

মাননীয় পরিষদ পাল, মহাশয় আমার মনে হয় যে এই ক্ষুদ্র বিধায়কটী গৃহীত হওয়ার মধ্যে যে আপত্তি উত্থাপিত হয়েছে তার মূল কারণ এই বিধানের বিধানাবলী তারা ভাল করে উপলব্ধি করেন নি এবং তার জন্যই কিছু ভুল বোঝার কারণ ঘটেছে। প্রথমেই বলে নিই যে এই বিধায়কের দ্বারা নির্ণায়ক সভার সাহায্যে—জুরীর সাহায্যে যে বিচার হওয়ার কথা সেই নির্ণায়ক সভার সাহায্যে বিচার করা হচ্ছে না। মাননীয় পরিষদ পাল মহাশয় আপনি জানেন যে ফৌজদারী আইন অনুযায়ী সারা ভারতবর্ষে নির্ণায়ক সভার সাহায্যে বিচারের ব্যবস্থা প্রবর্তিত হয়েছিল। দীর্ঘদিনের বিচার বিভাগীয় অভিজ্ঞতার দ্বারা ভারতবর্ষের উপযোগী বিবেচনা করে ভারতীয় সংসদ অর্থাৎ পার্লিয়ামেন্ট এই ফৌজদারী কার্যবিধি আইনগুলি সংশোধন করেন! আমি এই প্রসঙ্গে ফৌজদারী কার্যবিধি আইনের ২৬৯ ধারার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। সেখানে পরিষ্কার ভাবে দীর্ঘদিনের এই অভিজ্ঞতার পর দেখা গেলো যে নির্ণায়ক সভার সাহায্যে বিচার হলেও এমন কতকগুলি ক্ষেত্র হতে পারে যেখানে নির্ণায়ক সভার সাহায্যে বিচার না হয়ে বিচারকের উপরিই বিচারের পূর্ণ দায়িত্ব ন্যস্ত করা উচিত। সেইজন্য ১৯৫০ সালে যে আইন হয় এবং যেটা ১৯৫৬ সালে কার্যকরী হলো, যে ফৌজদারী কার্যবিধি আইন সংসদে পাস হলো সেটা তাঁরা যদি দেখেন তা হলে দেখবেন যে ২৬৯নং

ধারায় এই জুরী বিচারের সারা ভারতবর্ষেই এই অবস্থা গেছে এখানে আজকে বিধায়কের যে বিধান সন্নিবেশিত করতে চলেছি সেই বিধান ভারতীয় সংসদ সন্নিবেশিত করেছেন। বিচার যেখানে দায়রা আদালতে নির্ণায়ক সভার সাহায্যে হবে সেখানেও মহাধর্মাধিকরণে অর্থাৎ হাই-কোর্ট-কে কতগুলি বিশেষ ক্ষেত্রে এই আদেশ দেবার ক্ষমতা দেওয়া হয়েছে। তারা বিচার করে আদেশ দেবেন। তারা কোন আদেশ দিতে বাধ্য নন। তারা বিচার করে আদেশ দেবেন যে এই এই ক্ষেত্রে নির্ণায়ক সভার প্রয়োজন নেই। সেই ক্ষেত্রগুলি বর্তমান বিধায়কে একবারে যে ভাবে ফৌজদারী কার্যবিধি আইনে আছে সেইভাবে সন্নিবেশিত হয়েছে, কোন প্রভেদ করা হয় নি। এই বিধান গৃহীত হলেও কলকাতা নগর দায়রা আদালতে যে সমস্ত বিচার হবে তার থেকে নির্ণায়ক সভা উঠে যাবে না। কিন্তু এই দুটার ক্ষেত্রের কথা যেখানে যেখানে বলা হয়েছে সেখানে মহাধর্মাধিকরণেই সব হবে অর্থাৎ তার জায়গায় যে বিশ্বাস তা ন্যস্ত করতেই হবে, আজকে জুরীর সাহায্যে বিচার হলেও উত্তর বিচার যাচ্ছেন মহাধর্মাধিকরণে সুতরাং তাদের মহাধর্মাধিকরণের উপর বিশ্বাস ন্যস্ত করতেই হবে।

[5-30—5-40 p.m.]

তাঁরা সমস্ত বিষয় বিবেচনা করে যদি এই আদেশ দেন, রায় দেন যে এ ক্ষেত্রে নির্ণায়ক সভার দ্বারা বিচার হওয়ার চেয়ে বিচারক বিচার করলে ভাল হবে এবং বিচারক বিচার করুন, তবেই হবে, সরকার ইচ্ছা করলে হবে না, আদালত মহাধর্মাধিকরণ বিচার করে যা বললেন সেই অনুসারে হবে। সুতরাং নির্ণায়কসভার বিচার এই আইনের দ্বারা তিরোহিত হচ্ছে—একথা বলা ঠিক নয় এবং তিরোহিত হচ্ছে না। একটা প্রশ্ন উঠেছে অবশ্য বন্ধুবর মাননীয় শশাংকশেখর সান্যাল তার জবাব দিয়েছেন। এখানে কি বলা হচ্ছে দেখুন। যেখানে হাইকোর্ট অন এ্যান এ্যাপ্লিকেশন মেড টু ইট অর আদারওয়াইজ অর্থাৎ হাইকোর্টের কাছে আবেদন করলেও হতে পারে অথবা হাইকোর্ট স্বেচ্ছায় বিনা আবেদনেও করতে পারেন। অর্থাৎ পুরা ক্ষমতা হাইকোর্টের। করে কি করবেন? কোন ক্ষেত্রে দেখেন যে ভলিউম অন কমপ্লেকসিটি অফ এভিডেন্স ইন এ কেস এখন যে—যেটা বিশেষজ্ঞ বিচারক দ্বারা বিচার হওয়া উচিত, সেখানে বিচারকের দ্বারা বিচারের আদেশ দেবেন। তা না হলে দেবেন না। আর দেওয়া না দেওয়াটা তার সম্পূর্ণ ইচ্ছাধীন অন জুডিসিয়াল অর্ডার। এটা বিচার বিভাগীয় আদেশ—এ ক্ষেত্রে কিভাবে বিচার হওয়া উচিত। অর্থাৎ এতে সরকারের কোন হাত নাই। সরকারের উপর হাজার অবিশ্বাস থাকলেও তাতে কিছু আসে যায় না যদি মহাধর্মাধিকরণের উপর বিশ্বাস থাকে, হাইকোর্টের উপর বিশ্বাস থাকে। তা ছাড়া মে বাই অর্ডার—এ আদেশ দেওয়া না দেওয়া মহাধর্মাধিকরণের ইচ্ছাধীন; সুতরাং এদিক থেকে নূতন এখন কোন ক্ষমতা গ্রহণ করা হচ্ছে না যা সর্বভারতীয় ক্ষেত্রে যেখানে এখনো জুরীর দ্বারা বিচার ব্যবস্থা প্রবর্তিত আছে বা বাংলাদেশে জুরীর দ্বারা বিচার ব্যবস্থা মফঃস্বলে প্রবর্তিত থাকার সময় যে আইন ছিল, সেই আইন কলকাতার ক্ষেত্রে প্রয়োগ করা হচ্ছে। কলকাতার ক্ষেত্রে আলাদা বিশেষ আইন প্রয়োগ করার কি প্রয়োজন আছে তা আমি বুঝতে পারছি না। সুতরাং এরকম ক্ষেত্রে মনে করা হয়েছিল, মাননীয় সদস্য বন্ধুরা ভুল বুঝেছেন যে এই বিধেয়কের সাহায্যে নির্ণায়ক সভার দ্বারা বিচারাধিকার হরণ করা হচ্ছে, তা ঠিক নয়। অতএব আমি মনে করি এ বিষয়ে আপত্তি করার বিশেষ কি কারণ আছে বুঝতে পারি না।

মাননীয় বন্ধুবর জানকীবাবু বললেন জুরী হিসেবে রিটায়ার্ড হাই কোর্ট জজ বা জজকে আনতে। এই রকম কয়জন পাওয়া যাবে? তাতে ভাল কি হল? দু সপ্তাহের সময় দেওয়া হয়েছে বলে কেউ কেউ বলেছেন। বাস্তবিক যে সমস্ত জুরী বিশেষ গুরুত্বপূর্ণ দৈনন্দিন কাজে নিযুক্ত থাকেন, ব্যস্ত থাকেন যেমন কলেজের অধ্যক্ষগণ, বিশিষ্ট অধ্যাপকগণ; দীর্ঘদিন ধরে তাঁদের যদি কলেজের বা মহাবিদ্যালয়ের পঠন-পাঠন ছেড়ে দিয়ে এসে এই কাজ করতে হয়, তাহলে তা তাঁরা খুসীর সঙ্গে করেন না। এটা আমার অভিজ্ঞতা এবং শশাঙ্কবাবুর অভিজ্ঞতা। এমন কি বিদ্যালয়ের প্রধান শিক্ষক মহাশয়দের জুরী করে ডাকলে তাঁরা প্রথমে চেষ্টা

করেন কি করে নামটা কাটিয়ে দেওয়া যায়। কাজেই দীর্ঘ দিন ধরে যদি বিচারের কাজ চলে, তাহলে কি অবস্থা হয় বুঝতে পারেন। বরং আমার মনে হয়

(শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: সেই কারণে অ্যামেন্ডমেন্ট হলো নাকি?)

কারণটা আগেই বলে দিয়েছি। তাছাড়া কি কি অসুবিধা হয় বলছি। সুতরাং আমার মনে হয় যে এতে জুরী অধিকার কেমন করে এসেছিল, ইংল্যাণ্ডে কি আছে—এত কথা বলার প্রয়োজন নাই, প্রয়োজন আছে বলেও আমি মনে করি না। আমি আশা করবো যে এই বিধেয়ক পরিষদ কর্তৃক গৃহীত হবে।

The motion of the Hon'ble Rabindralal Sinha that the City Sessions Court (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration was then put and agreed to.

Clauses 2 and 3

The question that clauses 2 and 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and the Title

The question that clause 1, the Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

Shri Rabindralal Sinha: Sir, I move that the City Sessions Court (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Sasanka Sekhar Sanyal:

স্যার, আমার মুস্কিল হচ্ছে এই যে আমি রাজনীতি করি, আবার আইনও করি। আর আমার বন্ধু যারা বিরোধীতা করলেন, তাঁরা আইন করেন না, রাজনীতি করেন। পার্টি সিসটেম সম্বন্ধে—পার্টি সম্বন্ধে বলারই কিছুই না—কারণ আমিও একটি পার্টির পক্ষপুষ্ট। কিন্তু আমার মনে হয় যে যেখানটায় রাজনীতি সেখানটায় পার্টি সিসটেম প্রয়োজন।

(এ ভয়েস: পক্ষ দুষ্টও তো আছেন অনেকে ওদিকে।)

পক্ষদুষ্ট ওদিক আর পক্ষপুষ্ট এদিক। যাহোক অন্তত রুষ্ট কেউ নয়। এখন যেখানে রাজনীতি আছে সেখানে পার্টি সিসটেম থাকবে। তবে ইংল্যাণ্ডে জুরী সিসটেম প্রবর্তন করে—তাতে অনেক রিজারভেসন ছিল—এখনও আছে। এবং ইংল্যাণ্ডে যে ডেমোক্রাটিক সেট আপ-এ যে জুরী ট্রায়াল চালিয়েছিল এটা অস্বীকার করার উপায় নেই যে আমাদের এখানেও সেই রকম পার্টি সিসটেম ডেভেলপ করে নি। সিজনড ডেমোক্রাসি নয়। একথা আমি বলি না। এখন যেখানায় বিচারের প্রশ্ন সেখানটা থেকে রাজনীতির আওতা থেকে দূর যতখানি থাকা সম্ভব তা থাকতে হবে এবং আমি যে কথাগুলি বলেছি সেগুলি আমার দলের এবং আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলেছি। আমার বন্ধু মোহিত মৈত্র মহাশয় বল্লেন যে হাইকোর্টের জজ যে বলবে এটা জুরী ট্রায়াল হবে না—এটা কে বলবে? সেটা পাবলিক প্রসিকিউটার বা ডিরেক্টার অব প্রসিকিউটার বা আসামী পক্ষ থেকে বলতে পারে—গভর্নমেন্ট মুভ করতে পারে বা আসামী মুভ করতে পারে এবং "না"টা সম্বন্ধে—সমস্ত পক্ষকে নোটিশ নিয়ে হাইকোর্ট শুনানী করে তবে ডিসিসন করবেন। আর আমার বন্ধু যে বলেছেন যে হাইকোর্টের জজদের আজই মন মেক আপ হয়ে যাবে—সর্বনাশের কথা—তাহলে তো আর হাইকোর্টে ট্রান্সফার অব এ্যাপ্লিকেসন করা যাবে না। আমার মনে পড়ছে আমার বন্ধুর কথা—যে মুর্শিদাবাদে একজন সাব ডেপুটি ম্যাজিস্ট্রেট ছিলেন। তিনি পেলেই সাজা দিতেন—আবার কোর্ট সাব ইন্সপেকটর ছিলেন মুসলমান আর ইনি ছিলেন বৈরাগী। এঁরা দুজনে বসে ঠিক করতেন যে সাজা দিতে হবে। আমাদের এখানে একজন এ্যাপিলিয়েট ম্যাজিস্ট্রেট লিখলেন যে

This Magistrate does not seem to understand what a land dispute is.

অনবরত আপিল—তার লেখা হচ্ছে—কি হোল না—মারলো—মারার পরে কি হোল—কোর্ট সাব ইন্সপেকটার বল্লেন কি হোল বলো—কোথায় পড়লো জমিতে! এই যে কোর্ট সাহেব আবার ল্যান্ড এসে গেল......ক্যালকাটা হাইকোর্টের কাছে একটা ম্যাটার গেলে পরেই একটা মাইন্ড মেক আপ হবে এই রকম কোন মানে নেই—এটা আমি মনে করি। আর একটা জিনিস উত্থাপন করতে চাই। ল বলেছে যে গভর্নমেন্ট ঠিক করবে যে জুরী ট্রায়াল হবে কিনা—২৬৯-এ বলে দিয়েছে যখন ওপিনিয়ন চাওয়া হোল গভর্নমেন্টেতে যে জুরী ট্রায়াল থাকা উচিত কিনা—বাংলা দেশের চারি দিক থেকে প্রায় সর্ববাদীসম্মত হয়ে বলা হয়েছে সেখানে যে এখন বর্তমানে জুরী ট্রায়াল থাকা উচিত নয়। নগেন ভট্টাচার্য মহাশয় তখন বিরোধী দলে ছিলেন—তিনি প্রতিভাবান ফৌজদারী উকিল এবং এই বইটা হাতে আছে এটা তাঁরই এডিসন—কিন্তু সে সময় কোন সরকার বিরোধী বা সরকার পক্ষের রাজনীতিক দল এসেম্বলীর বা কোন লেজিসলেচারে এই প্রশ্ন কেউ আনেন নি যে আজকে এই জনসাধারণের এই অধিকারকে হরণ করা হোল কেন। কাজেই যদি তাঁরা জুরী ট্রায়াল রেষ্টোর করতে চান তাহলে এ্যাজিটেসন ষ্টার্ট করুন। আমি বলছি এটা ভাল করে ট্রায়াল হয়েছে। কিন্তু এটা হচ্ছে পিওর কনসিকোয়েন্সিয়াল ম্যাটার। কাজেই আমি দীর্ঘ অভিজ্ঞতা থেকে বলছি।

[5-40—5-48 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya:
জুরীরা লেফট মাইন্ডেড কখনও হয় না তারা রাইট মাইন্ডেড হয়।

Sasanka Sekhar Sanyal:

সুতরাং রাইট মাইন্ডেড, রাইট থিংকিং লোকের কাছে যখন এরূপ ব্যাভিচার তখন তারা রাইট থিংকিং নয় সুতরাং তাদের হাতে পড়লে সর্বনাশ হয়ে যাবে। (হাস্য)

আর যদি আমার বন্ধু রাজকুমার চক্রবর্তী রাইটলি প্রেসক্রাইবড হন এবং নট রাইট থিংকিং যদি জুরী হন তাহলে খালাস হয়ে যাবেন, (হাস্য) কাজেই এ ব্যাপার নিয়ে কণ্ট্রোভারসির কোন কোয়েশ্চেন নেই। এই যে বিল
It is a logical extension of what was done here before and there was no protest or dispute over this.

The motion of the Hon'ble Rabindralal Sinha that the City Sessions Court (Amendment) Bill, 1964(as settled in the Council, be passed was then put and agreed to.

The Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964

Shri Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, as passed by the Asssembly, be taken into consideration.

মাননীয় চেয়ারম্যান স্যার আমার এই বিলটা খুবই ছোট ল্যান্ড অ্যাকুইজিশন এ্যাক্ট এইটিন নাইনটি ফোর এই ধারা মতে বর্তমানে আমাদের অনেক জমি দখল করতে হয়। আগে জমি দখলের পরিমাণ ছিল কম। কিন্তু কিছু দিন হলো পঞ্চবার্ষিক পরিকল্পনার কাজ রূপায়ণের জন্য আমাদের অনেক জমি দখল করতে হচ্ছে। এই জমি দখল করতে গিয়ে আমাদের একটা অসুবিধা পাচ্ছি। আজকে আমরা দেখতে পাচ্ছি যে এ ধরনের অনেক অসুবিধার মধ্য দিয়ে আমাদের যেতে হচ্ছে এখনে অনেক মাননীয় সদস্য আমাদের তুলেছিলেন। যারা নাবালক যারা নট কমপিটেন্ট টু এলিয়েন্ট তাদের টাকা পেতে বড় অসুবিধা হতো। ল্যান্ড এ্যাকুইজিসন এ্যাক্ট-এ ৩১ এবং ৩২ ধারা এই দুটী যোগকরে এই দাঁড়ায় যে তাদের প্রাপ্য টাকায় জজের কাছে জমা

থাকবে এবং জজ ইনভেস্ট করবেন বিনিয়োগ করবেন এবং তারা যখন সাবালক হবেন তখন তারা টাকা ফেরত পাবেন। এই জন্য অনেক অসুবিধা দেখা দিয়েছিল, সেজন্য আমাদের অনেক সদস্যই আমাদের এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেছিলেন এবং তারা বলেছিলেন এই রকম সমস্যা আজ ক্ষতিপূরণের বেলায় দেখা দিয়েছে। আমি বলেছিলাম ওয়েস্ট বেঙ্গল স্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট-এ ক্ষতিপূরণ দিতে হবে সে ক্ষতিপূরণ দেবার বেলায় এই প্রশ্ন উঠেছিল যে অসুবিধা দূর করবার জন্য ওয়েস্ট বেঙ্গল এস্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট ১২ নং ধারায় ও ৩ উপধারায় সংযোজিত করা হয়েছে। সেই ১২ নং ধারার ৩ উপধারায় সংযোজিত করবার পর আমাদের এটা করতে হয়েছে আমাদের এ বিষয়ে অনেক অসুবিধা হয়েছে। এস্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট-এর সেকসন ১২(৩)-তে দেখা যে পুরাপুরি আমরা এখানে ল্যান্ড এ্যাকুইজিসন (এ্যামেন্ডমেন্ট) বিল-এর মধ্যে আমরা সন্নিবেশিত করতে যাচ্ছি যাতে অসুবিধা না হয়। আমরা ওয়েস্ট বেঙ্গল এস্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট সেকসন ১২(৩) অনুসারে আমরা আজ পর্যন্ত কোনো অসুবিধায় পড়ি নি তবে আমার মনে হচ্ছে ল্যান্ড এ্যাকুইজিসন এ্যাক্ট-এর মধ্যেও ঐ এস্টেট এ্যাকুইজিসন এ্যাক্ট সেকসন ১২(৩)-এর মত একটি ধারায় সন্নিবেশিত করলে কাজের সুবিধা হবে। আমি এই উদ্দেশ্য নিয়ে মাননীয় সদস্যদের নিকট এই বিধায়কটি উপস্থিত করলাম।

Shri Sasanka Sekhar Sanyal:
আপনি কি বলতে পারেন কোনো কোর্ট-এ এই ব্যাপার সম্বন্ধে ফাইন্ডিং হয়েছে?

Shri Syamadas Bhattacharyya:
না কোর্ট-এ কোনো ফাইন্ডিংস হয় নি ব্যাপারটা হচ্ছে এই যে আমি বিশেষ ভাবে বলতে পারি যে কয়েক হাজার একর জমি দখল করতে আমাদের হয়েছে। বিশেষ করে বিধান সভার অনেক মাননীয় সদস্যই এই বিষয়ে গত কয়েক বৎসর ধরে আমার দৃষ্টি আকর্ষণ করেছে এবং আমরা বিভিন্ন জায়গায় গিয়ে আমরা বিভিন্ন অসুবিধা পেয়েছি। কোন আদালতে প্রশ্ন উঠেছে তা নয় কথা হচ্ছে ল্যান্ড এ্যাকুইজিসন এ্যাক্ট-এ ধারা মতে টাকাটা নাবালক নিজে অথবা
other persons who are not compedent to alinate
তাকে বা তাদের গার্জিয়ান-কে দেওয়া হয় না, ন্যাচরাল গার্জিয়ান-কেও দেওয়া যাবে না, সিকিউরিটি-কেও দেওয়া যাবে না। সাধারণতঃ টাকা যার জমি তাকে অথবা যে টাকা জমা রাখে সে সব টাকাটা আন্ডার সেকশান থার্টিটু অব দি ল্যান্ড এ্যাকুইজিসন এ্যাক্ট-এ বিনিয়োগ করবেন। তাকে তা থেকে মুনাফা দিতে হবে। কথা হচ্ছে এখানে যতদিন পর্যন্ত সেই নাবালক সাবালক না হচ্ছে, ততদিন পর্যন্ত টাকা জমা থাকছে, সাবালক হলে পর সেই টাকাটা তারা উইথড্র করতে পারবে। সেই জন্য আমাদের সমস্যা হচ্ছে এই অনেক আগে নাবালকদের সংখ্যা পশ্চিমবাংলায় এমন লোকের সংখ্যা এইসব ক্ষেত্রে কম ছিল, এখন অনেক সংখ্যা হয়েছে এবং আমরা নিত্য দরখাস্ত পাই এমন কাতর আবেদন জানিয়ে লেখেন যে যদিও আমরা নাবালক নাবালিকাদের মা-বাপ হিসেবে আমরা ন্যায্য গার্জিয়ান, আমরা টাকা পাচ্ছি না, অসুবিধায় পড়েছি।

Shri Sasanka Sekhar Sanyal:
(গার্জিয়ান হিসেবে সার্টিফিকেট নিতে গেলে অনেক খরচ লাগে।)

হ্যাঁ, অনেক খরচ আমরা যেটা এখানে করতে যাচ্ছি সেটা অতি সামান্য জিনিস এস্টেট এ্যাকুইজিশান এ্যাক্ট-এর ১২(সি) মতে আমরা এখন টাকা দেই, ন্যাচরাল গার্জিয়ানকে দেই। লুনাটিক হলে আন্ডার লুনাটিক এ্যাক্ট ম্যানেজার, গার্জিয়ান ঠিক হয়েছে, তাকে দেই, এইভাবে দিয়ে থাকি এবং যেখানে গার্জিয়ান নাই, সেখানে আর যদি কাউকে দিতে হয়, তাহলে যে উপযুক্ত সিকিউরিটি রাখলে, আমরা দিতে পারবো। এইভাবে টাকা দেওয়াতে আমরা কোন অসুবিধার সংবাদ পাই নি। সেইজন্য আমরা সেখানে এই ধারাটা হুবহু নকল করে এখানে দিতে চাচ্ছি

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the Land Acquisition (West Bengal Amendment) Bill, 1964, as passed by the Assembly, be **taken into consideration, was then put and agreed to.**

Clauses 2, 3 and 4

The question that clauses 2, 3 and 4 do stand part of the Bill was then put ınd agreed to.

Clause 1, preamble and the title of the Bill

The question that clause 1, preamble and the title do stand part of the Bill vas then put and agreed to.

Shri Syamadas Bhattacharyya: I beg to move that the Land Acquisition West Bengal Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

ADJOURNMENT

The Council was then adjournment at 5.48 p,m, till 3 p.m. on Thursday, he 17th September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Member Absent.

Shri Snehangshu Kanti Acharyya.
Shri Ahmed Hossein.
Shri Dhirendra Nath Bhattacharya.,
Shri Amar Prasad Chakraborty.
Shrimati Labanya Prova Dutt.
Shri Nanda Kishore Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Nar Bahadur Gurung.
Shri Rajendra nath Mujumdar
Shri Shaikha Mohammad Jan.
Dr. Ras Behari Pal.
Shri Lakshman Prodhan.
Chitaranjan Roy.
Shri Subodh Sen.
Jatindra Singha.

COUNCIL DEBATES

Thursday, the 17th September, 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 17th September, 1964, at 3 p.m. being the Thirteenth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (Dr. Suniti Kumar Chatterji) was in the Chair.

[3—3-10 p.m.]

Complaint against the Commerce and Industries Department

Shri Narendra Nath Das:

স্যাব, এই প্রশ্নের উত্তর দেবার আগে একটা কথা বলে নিতে চাই—সাধারণত প্রশ্নগুলির জবাব দেবাব আগে লাইব্রেরী টেবিলে রাখা হয় কিন্তু কমার্স অ্যাণ্ড ইনডাস্ট্রিজ ডিপার্টমেণ্ট-এর কোন প্রশ্ন বাখা হয় না। এটা আমার একটা স্পেসিফিক কমপ্লেইণ্ট এগেন্ষ্ট দি কমার্স এণ্ড ইনডাস্ট্রিজ ডিপার্টমেণ্ট।

Mr. Deputy Chairman: Attention of the Hon'ble Minister has been drawn. You go on with your question.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Progress of Haldia Port

*104. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) whether the State Government have their representation on the Calcutta Port Trust and on the Advisory Board of the Haldia Port;

(b) whether the State Government received any information:

(i) that the progress of the work of construction of Haldia Port has been slowed;

(ii) that the traffic to Calcutta and Haldia Port is diverted to Paradip and Vishakhapatnam;

(c) whether the State Government have ascertained the causes of the slowing down of the progress of construction of the Haldia Port;

(d) whether the attention of the State Government has been drawn to the payment of Rs. 9 crores promised to be paid by the World Bank for the development of the Calcutta and the Haldia Ports being deferred;

(e) if so, whether the State Government has considered its effect on the State; and

(f) the steps taken or proposed by the State Government to speed up the completion of the Haldia Port?

Shri Prafulla Chandra Sen: (a) The State Government is represented on the Calcutta Port Trust by its Secretary in the Commerce and Industries Department. The State Government have no information about the existence of an Advisory Board of the Haldia Port.

(b) (i) and (ii) No.

(c) Does not arise.

(d) The administration on major ports is a subject dealt with by the Central Government. The State Government is, however, aware of the fact that an application made by the Government of India to the World Bank for the Subsidiary Deep Sea Port at Haldia for a amount of 14 crores of rupees is still under consideration of the World Bank.

(e) The State Government is fully aware of the far-reaching effect of the proposed Subsidiary Deep Sea Port at Haldia on the economy and industrial growth in the State and have been watching the developments.

(f) The State Government have been taking necessary steps for speeding up of the completion of the Haldia Port for providing the facilities of land acquisition (including resettlement of displaced persons), power supply and roads communication.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বলবেন কি যে আমার ঐ 'ডি' প্রশ্নের উত্তরে যে কথা বলেছেন—তাতে সরাসরি জবাব দেন নি। নয় কোটি টাকা এই পোর্টের জন্য স্যাংসান করা হয়েছিল—সেই ৯ কোটি টাকা পাই যাতে পোর্ট ট্রাস্টের চেয়ারম্যান মিঃ মিত্র ইউনাইটেড ষ্টেটসে যান ওয়ার্ল্ড ব্যাঙ্কের সঙ্গে কথা বলেন তার পর পেমেণ্ট ডেফার্ড হয়—তার পর ৯ কোটি টাকা পাই কিন্তু সেই ৯ কোটি টাকা আবার পেমেণ্ট ডেফার্ড হয়ে সেই টাকা পারাদ্বীপে চলে যাচ্ছে একথা পশ্চিমবঙ্গ সরকার জানেন কি না।

Shri Prafulla Chandra Sen:

না, আমার এটা জানা নাই—ঠিক বলতে পারবো না। তবে এটুকু বলতে পারি যে এই টাকা পারাদ্বীপে চলে যাচ্ছে না।

Shri Narendra Nath Das:

৯ কোটি টাকা ডেফার্ড হচ্ছে কিনা এটাও জানা নাই—পারাদ্বীপে চলে যাচ্ছে কিনা সেটা আমার প্রশ্ন নয়।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যর পেতে দেরী হচ্ছে বলে যে অভিযোগ আমার কাছে এই টাকা পেতে দেরী হচ্ছে বলে সে সংবাদ নাই।

Shri Narendra Nath Das:

বোঝা যাচ্ছে না—একথা নয়—কথা হচ্ছে এই ৯ কোটি টাকা হলদিয়া পোর্টে দেওয়া হবে কিনা —এ খবর জানা আছে কি না?

Shri Prafulla Chandra Sen:

এ খবর জানি না—তবে এটাও ঠিক নয়।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় জানেন কি না—যে পারাদ্বীপ একটি রাইজিং এণ্ড রাইভ্যাল পোর্ট টু হলদিয়া ?

Shri Prafulla Chandra Sen:

না, হলদিয়া পোর্ট আলাদা, আর পারাদ্বীপের ব্যাপার আলাদা। আমি এটাকে ঠিক রাইভ্যাল বলে মনে করি না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে উড়িষ্যা স্টেট গভর্নমেণ্ট পারাদ্বীপ পরিচালিত করছেন এবং এটা ফাইভ ইয়ার প্ল্যানের মধ্যে করছে। এবং করছে এই কারণে যে যাতে করে ওখান থেকে আয়রণ ওবস এই হলদিয়া সেই আয়রণ এক্সপোর্ট হবে—এবং [ওখানে এটাকে জব্দ করার জন্য] স্টেট গভর্নমেণ্ট এই ব্যবস্থা করছে।

Shri Prafulla Chandra Sen:

কোন স্টেট গভর্নমেণ্ট-এর একটা পোর্ট করবার মতন অর্থের সঙ্গতি আছে বলে আমি মনে করি না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এ উড়িষ্যায় যে টাকা দেওয়া হয়েছে সেই টাকা দিয়ে স্টেট এক্সচেকার থেকে পোর্ট হচ্ছে। এটা কোনো পোর্ট ট্রাস্ট-এর আণ্ডার-এ নয় বা এটা ইণ্ডিয়া গভর্নমেণ্ট-এর নয় এটা স্টেট গভর্নমেণ্ট-এর আণ্ডার এটা কি আপনি খবর রাখেন।

Shri Prafulla Chandra Sen:

এই সম্বন্ধে আমি কোনো বিতর্কে যেতে চাই না। তবে এই কথাই মাননীয় সদস্যকে বলতে পারি যে পারাদ্বীপ পোর্ট সম্পর্কে বিশেষ কোনো কিছু এগোয় নি।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এখানে ক্যালকাটা পোর্ট চার্জেস এক্সপোর্ট -এর জন্য পার টন আয়রণ ওর যে খরচা পারাদ্বীপ এবং ভিশাখাপট্নাম-এর চেয়ে বেশী এ খবর কি তিনি রাখেন ?

Shri Prafulla Chandra Sen:

না আমার জানা নেই।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে হলদিয়া পোর্ট যদি হয় তা হলে হলদিয়া উইল ষ্ট্যাণ্ড এ্যাট্ পার উইথ পারাদ্বীপ এণ্ড ভিশখাপট্নাম এবং সেই জন্যই হলদিয়া পোর্টকে বাধা দেওয়া হচ্ছে ?

Shri Prafulla Chandra Sen:

আমি তো বলেছি যে পারাদ্বীপ পোর্ট সম্বন্ধে বিশেষ যে কিছু এগিয়েছে তা আমার জানা নেই। এবং আমাদের হলদিয়া পোর্ট যতটা এগিয়েছে পারাদ্বীপ পোর্ট ততটা এগোচ্ছে না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয়কে জানাচ্ছি যে পারাদ্বীপ পোর্ট আমাদের হলদিয়া পোর্ট-এর চেয়ে আগে ওয়ার্ক করবে। আমি সে দিন ইষ্টার্ন ইকনমিষ্ট-এ এই সংবাদ পড়েছি আপনি কি এ সংবাদ জানেন ?

Shri Prafulla Chandra Sen:

হতে পারে, হলদিয়া পোর্ট-এর সঙ্গে পারাদ্বীপ পোর্ট-এর কোনো প্রতিদ্বন্দ্বিতা নেই। আমার যতদূর সংবাদ জানা আছে তাতে আমি মাননীয় সদস্যকে এইটুকুই বলতে পারি যে পারাদ্বীপ হবে কি হবে না এটাই ঠিক করে বলতে পারছি না তবে আমাদের হলদিয়া পোর্ট যে হবে এটা বলতে পারি।

Shri Narendra Nath Das:

আপনি বলছেন পারাদ্বীপ হবে কি হবে না। আমদের মাননীয় রাজবাহাদুরের একটা স্টেটমেণ্ট থেকে এই সন্দেহ হয়েছে এবং পশ্চিমবাংলায় সমস্ত কাগজেই এই সম্পর্কে বিতর্ক হয়েছে যে পারাদ্বীপকে এগিয়ে হলদিয়া পোর্টকে পিছিয়ে দেওয়া হয়েছে, মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আশা করি সেটা দেখেছেন?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার মাধ্যমে আমি পুনরায় বলছি যে পারাদ্বীপ পোর্ট এখনও মেটেরিয়েলাইজ করেনি।

Shri Nirmal Bose:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় হলদিয়া পোর্টের -এর কাজ যাতে শীঘ্র হয় তারজন্য রাজ্য সরকার কি কি করেছেন তা বলেছেন। তিনি বলেছেন যে এই এই কাজ রাজ্য সরকার করেছেন, এই প্রশ্নের (ই) অংশের যেখানে রাজ্য সরকারের এফেক্ট সম্বন্ধে বিবেচনা করেছেন কিনা সে সম্বন্ধে বলেছেন যে করেছেন, কিন্তু এর ফলে কি কি উপকার হবে সে বিষয় কি ভেবেছেন সেটা জানাবেন কি?

Shri Prafulla Chandra Sen:

এটা কিছু ভাববার কথা নয় বা চিন্তা করবার কথা নয়। এটা সবার সামনেই জ্বলজ্বল করছে। একটা দ্বিতীয় পোর্ট তৈরী হলে আমাদের বহু লোকের কর্মসংস্থান হবে, আমাদের এখানে শিল্পের উন্নয়ন হবে এবং আমাদের এখানে আরও বেশী মাল আসবে। এই তিনটি জিনিষ যদি হয় এবং যদি আমরা বহু শিল্প বাড়াতে পারি তা হলে আমাদের পশ্চিমবাংলার যে অনেক উন্নতি হবে সে বিষয় কোনো সন্দেহ নেই।

Shri Prafulla Chandra Sen:

আমার অতিরিক্ত প্রশ্ন এই জায়গাতেই যে শিল্পের কথা তিনি বললেন হলদিয়াকে কেন্দ্র করে কোন্ কোন্ শিল্প গড়ে তুলবেন বলে ভাবছেন?

Shri Prafulla Chandra Sen:

আপাততঃ পেট্রো কেমিক্যাল ওয়ার্কস ত হবেই। এবং যদি পেট্রো কেমিক্যাল ওয়ার্কস হয় তা হলে সেটা একটা খুব বড় শিল্পই হবে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় যা বললেন যে হলদিয়া পোর্ট হলে অনেকের কর্মসংস্থান হবে আমার প্রশ্ন হচ্ছে এই যে সেখানে স্থানীয় লোকেদের অর্থাৎ যে সমস্ত বাঙ্গালীরা সেখানে থাকে তাদের কর্মসংস্থান করবার জন্য কোনরূপ ব্যবস্থা অবলম্বন করবেন কি?

Shri Prafulla Chandra Sen:

এদিকে আমাদের প্রখর দৃষ্টি আছে।

Shri Jatin Chakravorty:

মাননীয় মুখ্য মন্ত্রিমহাশয় কি জানেন যে ইতিমধ্যে ঐখানে যে সমস্ত স্থানীয় বাঙ্গালী আছে তারা যাতে চাকুরী না পায় এবং যারা অন্যান্য প্রদেশ থেকে কলকাতার ডকে এবং পোর্ট-এ কাজ করছে তাদের জন্য চাপ দেওয়া হচ্ছে যে তাদের অগ্রাধিকার দেওয়া হোক এই সম্পর্কে পশ্চিম বঙ্গ সরকারের পক্ষ থেকে তাদের কাছে এর কোনো বিকল্প প্রস্তাব রাখা হয়েছে কিনা ?

Shri Prafulla Chandra Sen:

আমার জানা নেই, তবে মাননীয় সদস্যকে এই কথা বলতে পারি যে এই সম্বন্ধে পশ্চিমবঙ্গ সরকার সজাগ দৃষ্টি রেখেছেন, রাখবেন এবং যাতে বেশী করে ঐ সব লোকের কর্ম সংস্থান হয় সেদিকে নজর দেবেন।

Representation of the State Legislature before the Supreme Court

***105. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Judicial Department be pleased to state what is the total expenditure incurred by the Government for the representation of the State Legislature before the Supreme Court in connection with the Presidential Reference No 1 of 1964?

[3-10—3-20 p.m.]

Shri Saila Kumar Mukherjee: Nothing has been spent as yet. Expenditure likely to be incurred will be more or less Rs. 13,000.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে সবশুদ্ধ ১৩ হাজার টাকা হতে পারে—এখন পর্যন্ত খরচ হয় নাই। আমি জিজ্ঞাসা করতে চাই আমাদের পশ্চিমবঙ্গের বিধান পরিষদের পক্ষ থেকে যিনি গিয়েছেন তাঁর জন্য কি কিছুই খরচ করেন নাই এখন পর্যন্ত ?

Shri Saila Kumar Mukherjee:

স্টেট লেজিসলেচার থেকে চীফ মিনিষ্টার একজন পাঠিয়েছিলেন, য়্যাডভোকেট জেনারেলকে বিধান পরিষদের পক্ষ থেকে পাঠিয়েছিলেন—এটা যদি পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে হয়, তাহলে গভর্ণমেণ্টের যা দেয় হয় তা দেবেন।

Shri Jatin Chakravorty:

আপনি কোন খবর জানেন না ? এঁকে রেখেছেন কেন ?

Shri Saila Kumar Mukherjee:

আমাদের মাননীয় শশাঙ্ক শেখর স্যান্যাল গিয়েছিলেন, তিনি আমাকে রিপ্রেজেণ্টেশান পর্যন্ত দেখিয়েছেন—এবং আমি পড়েছি, আবার জানি না কি।

Shri Jatin Chakravorty:

কত খরচ হয়েছে তাঁর পেছনে ? আপনি খরচ হয়নি বলছেন কি ?

Shri Saila Kumar Mukherjee:

খরচ হয়নি মানে খরচ তো তিনি নেন নাই।

Shri Jatin Chakravorty:

তিনি যাতায়াত খরচ নেন নাই কি ?

Shri Saila Kumar Mukherjee:

যাতায়াতের জন্য বিল করলে তিনি পাবেন।

Shri Jatin Chakravorty:

বিল আবার করবেন কি ? এখান থেকে তো টিকিট কেটে দেওয়া হয়েছে।

Shri Saila Kumar Mukherjee:

আমি তা জানি না। আপনি যদি জানেন—তাহলে দেওয়া হয়েছে।

Shri Jatin Chakravorty:

আমি জিজ্ঞাসা করছি তাঁর যাতায়াত খরচ কত হয়েছে এবং সেই টাকা পেমেণ্ট করা হয়েছে কি না ?

Shri Saila Kumar Mukherjee:

এখানে আমার কাছে তেমন কোন সংবাদ নাই—আমি জানি না।

Shri Narendra Nath Das:

জুডিসিয়াল ডিপার্টমেন্টের রিপ্লাই মাননীয় মন্ত্রী শৈলবাবু দিচ্ছেন কেন ?

Shri Saila Kumar Mukherjee:

তিনি অসুস্থ বলে আসেন নাই—ভদ্রতার খাতিরে আমি উত্তর দিচ্ছি।

Shri Jatin Chakravorty:

মাননীয় সদস্য শশাঙ্ক বাবু আমাদের এখান থেকে প্রতিনিধিত্ব করবার জন্য দুবার দিল্লী গিয়েছিলেন এবং সেই সম্পর্কে কত খরচ হয়েছে সেটা শশাঙ্ক বাবু এখানে আছেন, তিনি সে জবাব দিতে পারেন।

Shri Saila Kumar Mukherjee:

যা খরচ হয়েছে, তা তো তিনি পাবেন।

Shri Jatin Chakravorty:

পাবেন কি খরচ তো হয়ে গেছে।

Shri Sasanka Sekhar Sanyal: Sir, as he asked this question to me, I may answer this question.

আমি যতীনবাবুর সঙ্গে এয়ারে গিয়েছিলাম এবং এয়ারের যেটা ফেয়ার সেটা নিয়েছি বিল করে।

I am representing my House and I cannot treat my House as a professional client. I billed for only the bare travelling charges.

Shri Prafulla Chandra Sen: Thank you

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এসেম্বলীর পক্ষ থেকে যে ষ্টাণ্ডিং কাউনসেল আপনারা দিয়েছেন অনিল মিত্র মহাশয়ের তাঁর পেছনে যে টাকা খরচ হবে, তার মধ্যে কি টাইপ ইত্যাদি সমস্ত কিছুই ইনক্লুডেড থাকবে ?

Shri Saila Kumar Mukherjee:

আজ্ঞে না। তার মধ্যে থাকবে ফিস কনসালটেসান বাবদ এবং ট্রাভেলিং এক্সপেন্স ।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে আমাদের এখানকার এ্যাসেম্বলী এবং কাউনসিল-এর স্টেনো টাইপিষ্ট যারা, তাঁদের ঐ ভদ্রলোকের বাড়ীতে গিয়ে রাত্রি আট-ন'টা পর্যন্ত কাজ করতে হয়েছে অতিরিক্ত ?

Shri Saila Kumar Mukherjee:

তা যদি হয়ে থাকে তাহলে সমস্ত জগতে নিয়মিত পারিশ্রমিকের যা রুলস আছে, সেই অনুসারে তাঁরা নিশ্চয়ই পাবেন।

Shri Jatin Chakravorty:

তিনি কি জানেন যে তাঁদের একটি পয়সাও এখন পর্যন্ত পেমেণ্ট করা হয় নাই ?

Shri Saila Kumar Mukherjee:

তা জানি না। তবে নিশ্চয়ই তাঁরা ষ্টাণ্ডিং কাউন্সেল-এর কাছে তাঁদের বিল দিয়েছেন এবং তিনি যদি তাঁর মধ্যে ইনক্লুডেড করেন। অর্থাৎ ষ্টাণ্ডিং কাউন্সিল যদি তাঁর ফি'র মধ্যে ইনক্লুড করে দেন সেটা তাহলে গভর্নমেণ্টকে দিতে হবে।

Shri Jatin Chakravorty:

যারা অতিরিক্ত খাটনী খেটেছেন ঐ ষ্টাণ্ডিং কাউনসেল-এর বাড়ীতে গিয়ে, তাঁদের কি মন্ত্রিমহাশয় এই আশ্বাস দিচ্ছেন যে সেই অতিরিক্ত খাটনীর জন্য হয় সরকারের কাছ থেকে না হয় ষ্টাণ্ডিং কাউনসিল-এর থেকে তাঁরা সেই অতিরিক্ত পয়সা পাবেন ?

Shri Saila Kumar Mukherjee:

আমার তো জানা নাই যে জগতে এমন কোন ভদ্রলোক আছেন, যিনি একজনকে তাঁর কাজের জন্য খাটিয়ে তাঁর পারিশ্রমিক দেবেন না।

Shri Jatin Chakravorty:

এটা কি তিনি জানেন না যে অতিরিক্ত খাটনী খাটিয়ে তাদের অনেককে বঞ্চিত করা হয়ে থাকে যেহেতু তাদের উপায় নাই সেটা দাবী করবার সেই জন্য তারা বঞ্চিত হয় ?

Shri Saila Kumar Mukherjee:

না, আমার জানা নাই। আইন সঙ্গতভাবে যা বিধি আছে, তা থেকে এক পয়সা কাউকে বঞ্চিত করা হয় এটা আমি জানি না।

Shri Jatin Chakravorty:

আমি আপনার কাছ্ থেকে এই ক্যাটিগরিক্যাল এনসার চাই যে এসেমব্লীর যে সমস্ত কর্মচারীকে হুকুম দেওয়া হয়েছে তাঁর বাড়ীতে গিয়ে খাটবার জন্য তাঁরা যদি এ সম্বন্ধে বিল করেন, তাঁদের সেই পেমেণ্ট হয় অনিল মিত্র মহাশয় কিংবা আপনার এসেম্বলী ডিপার্টমেণ্ট থেকে দেবেন ?

Shri Saila Kumar Mukherjee:

একটা মস্তবড় হাইপথেটিক্যাল কোয়েশ্চেন আপনি করলেন যদি তাঁরা বিল দেন তাহলে সেই বিল আসবে এবং সেখানে ষ্ট্যাণ্ডিং কমিটি গভর্নমেণ্টকে রেফার করবে তার পরের কথা—গভর্নমেণ্টের তাঁদের বঞ্চিত করবার—এমন কি এক পয়সাও—নীতি গ্রহণ করেন নি।

Shri Sasanka Sekhar Sanyal: On a point of correction. It is not correct to say that Mr. Mitra was appointed as the Standing Council but he was appointed by the State Legislature as Shri Anil Chandra Mitra.

Mineral deposits in the State

***106. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the names of areas within the State (districtwise) where mineral deposits (other than coal) can be commercially worked out in pursuance of the findings of the geological survey done by the Central in consultation with the State Government;

(b) the detailed scheme, if any, of the State Government for working these mineral deposits—

(i) in the State Sector,

(ii) in the Private Sector,
to be shown areawise and mineralwise;

(c) will the Hon'ble Minister be further pleased to state—

(i) whether the Government have any scheme for working these mineral deposits in the State Sector; and

(ii) if not, the reasons therefor?

Shri Prafulla Chandra Sen: (a) Prospecting by the Geological Survey of India is in progress. No area in the State has yet been found where mineral deposits (other than coal) can be commercially worked.

(b) Does not arise.

(c)(i) Not yet.

(ii) Commercial deposit of any mineral of importance (other than coal) in any area has not yet been finally proved.

Shri Narendra Nath Das:

মুখ্যমন্ত্রী মহাশয় বললেন কয়লা ছাড়া আর কোন রকম ইনডাস্ট্রি এখানে কমার্সিয়েলি করা যায়না—মন্ত্রিমহাশয় জানেন কি, যে কয়লা ছাড়া আরও অনেক মিনারেল ইনডাস্ট্রিজ রয়েছে।

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্যের জন্য আমি একটু বিশদভাবে এ সম্বন্ধে বলতে চাই—

The Mining Adviser to the Government of West Bengal some time ago requested the Geological Survey of India to take up prospecting work in some selected areas. They acceeded to the request in the case of the following areas: (1) Binpur, (2) Jhalda, (3) Manbazar, (4) Para and Kashipur, (5) Mohammadbazar, Suri, Dubrajpur in the district of Birbhum.

Coal and fireclay deposits in the Raniganj coal-field as well-known and had been prospected long ago. The potentialities of these two minerals in this area need not be emphasized.

In the Binpur area in the district of Midnapore, the Geological Survey of India prospected for Manganese and China Clay. Although they located some Manganese deposits the quality was poor. Even the reserves in the different isolated places were not much. The Manganese percentage varied between 20 per cent. and about 30 per cent. and in some cases mixed with high percentage of iron.

In some places occurrences of China Clay have been located. The details about quality and reserve have not been received as yet from the Geological Survey of India. They expect to carry on further prospecting for China Clay.

In the Jhalda police-station in the district of Purulia, the area was prospected for limestone by the Geological Survey of India in collaboration with the staff of this Government. Broadly speaking the limestone occurrances in Jhalda area are interbanded and sometimes inter-mixed with silica The total reserve of limestone with about 36 per cent. insoluble, down to a mineable depth, came to about 3 million tons. Most of the area is covered by leases issued by the intermediaries and the Government cannot interfere in the matter because of existing High Court injunction.

[3-20—3-30 p.m.]

The State Government's Geological Department is also prospecting for sulphide minerals in that area. Except Iron Pyrites in small percentage, no other sulphide minerals of any economic significance has been found yet The prospecting work is, however, continuing in order to understand the nature of formation and origin of the sulphide minerals with a view to locating more economic deposits, if any.

Manabazar police-station in Purulia District: The Geological Survey of India has taken up the work of prospecting for copper ore in this area. The work is in hand and it will take some years before any positive conclusion can be reached.

Para and Kassipur police-stations in Purulia District: The Geological Survey of India undertook prospecting for silica rock. They have recently completed the work. State Geological Department in the past undertook some work and analysed some samples and on that basis the Geological Survey of India was requested to make an extensive survey. Their work suggests certain areas, where fairly good silica deposits can be expected. The report is expected soon.

Muhammad Bazar, Suri and Dubrajpur police-stations in Birbhum District: This area has been prospected by the Geological Survey of India. They have almost completed the work and submitted an interim report sometime in June, 1964. This covers the period up to July, 1961. The final report is expected by the end of this year. They have located China

Clay beds at different places right from Rampurhat area down to Muhammad Bazar. They have done extensive drilling and millions of tons of clay has been proved. The clay is rather high in iron content. The details would be known when they submit the final report.

Clay is also known to occur in Chandidaspur and adjacent Mouza. This area would be prospected by drilling by the Geological Survey of India and by the State Government's Geological Department. At present the Geological Survey of India and the State Government's Geological Department are engaged in drilling near Aritpur near Suri.

Names of some of the places between Rampurhat and Muhammad Bazar where clay has been found are given below:—

(1) Muhammad Bazar-Kharia-Kumarpur.
(2) Makhdumnagar-Shaikerdah-Salko.
(3) Sursal-Alinagar-Kapasdanga.
(4) Haridaspur-Bharkata-Chowbatta.
(5) Damra.
(6) Bartala.
(7) Masra-Hasthikanda-Kashtagra.
(8) At a place about 3 to 4 miles west of Rampurhat on either side of Rampurhat-Dumka Road.

The names of the places south of Suri where China Clay has been known to occur are given below:

(1) Pirijpur-Chandidaspur-Shahpur.
(2) Bhurkuna-Metegaon.
(3) Harinsinga-Kondpahari.
(4) Dowanganj.
(5) Raghunathpur.

Apart from China Clay, coal deposits occur in Khairasol area in Birbhum district. This is an extension of the Raniganj Coalfield and there are some coal mines in that area.

Fire Clay is also known to occur in Hingla-Khayrasole area, Panshui Punchra area, Tangsuli area, Muhammad Bazar area.

Whole of Birbhum district abounds in laterite deposit. The iron percentage of laterite deposits go up to about 50 per cent. Iron used to be extracted from laterite in Muhammad Bazar area some years ago. Because of the discovery of high grade ore in other parts of India such laterite deposit has no demand for extraction of iron. Only special technological process, discovered in some foreign countries can make use of the laterite for extraction of iron. The details and economics of such extraction procedure are not known to us.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয়কে ধন্যবাদ যে তিনি বহুদিন পরে অন্তত আমাদের কাছে একটা ভাল স্টেটমেণ্ট করেছেন। মাননীয় মুখ্যমন্ত্রী যে স্টেটমেণ্ট করলেন এখানে কোশ্চেনের জবাবে বলেছেন কোল ছাড়া আর কোন মিনারেল ইণ্ডাস্ট্রি এখানে হতে পারে না, কমার্সিয়াল হবার সম্ভাবনা নাই—আর তিনি যেটা পড়লেন তাতে দেখা যাচ্ছে ঝালদাতে প্রফিউজ লাইম ষ্টোন পাওয়া যাচ্ছে। লাইম ষ্টোন এমন আছে যে যেখানে সাহু জৈনকে ভারত গভর্নমেণ্ট একটা সিমেণ্টের ফ্যাক্টরী করবার পারমিশান দিয়েছিলেন। শেষে এখানকার আলোচনার পরে আবার সেই সাহু জৈনের ভিভিয়ান বোস এনকোয়ারী কমিটির রিপোর্টের পরে তা তাঁরা উইথড্র করেছেন। অতএব সেখানে লাইম ষ্টোনকে কেন্দ্র করে কোন সেখানে ইণ্ডাস্ট্রি গড়ে উঠতে পারে না—বা যেমন তিনি আরসেনিক

সম্বন্ধে বলেননি বোধ হয় সরকার ভুলে গেছেন। আমার কাছে যে সংশ্লিষ্ট বই আছে তাতে দেখতে পাই যে দার্জিলিং-এ আরসেনিক যথেষ্ট পাওয়া যায়। এখানে চায়না ক্লে ফায়ার ক্লে কোয়ার্টজ, ফেলস্‌পার এই সবগুলি প্রাইভেট সেক্টারএ খুব হচ্ছে। কাজেই আমার প্রশ্ন হচ্ছে এগুলি যদি প্রাইভেট সেক্টরে হয়, তাহলে পশ্চিমবঙ্গের আরো এখানে গ্রামের অধিবাসীকে এমপ্লয় করবার জন্য এগুলি স্টেট সেক্টরে করতে সরকার রাজী আছেন কিনা ?

Shri Prafulla Chandra Sen:

মাননীয় সদস্য মহাশয়ের প্রশ্ন ছিল

"The names of areas within the State where mineral deposits other than coal can be commercially worked out in pursuance of the findings of the geological survey done by the Centre in consultation with the State Government." Prospecting by the Geological Survey of India is in progress. No area in the State has yet been found to contain mineral deposit other than coal which can be commercially worked

এখনো তো হচ্ছে। কাজে কাজেই যদি কখনো হয়, আমরা নিশ্চয়ই করবো।

Shri Sudhindra Nath Mukherjee: On a point of information

আমি একটা কথা জিজ্ঞাসা করছি—যখন ঐ আরসেনিক কথাটা শুনলাম,—এর সঙ্গে মিনারেল-এর কি সম্বন্ধ আছে ?

Shri Prafulla Chandra Sen:

আরসেনিক তো মিনারেল নয়।

Shri Narendra Nath Das:

রবীনবাবু ফায়ার ক্লে সম্বন্ধে একজন এক্সপার্ট, ওঁর একটি কারখানা আছে। কাজেই তিনি বলতে পারবেন যে প্রাইভেট সেক্টরে হচ্ছে অথচ মুখ্যমন্ত্রীমহাশয় বললেন কোল ছাড়া আরকিছু হচ্ছে না। যখন ফায়ার ক্লে হচ্ছে, চায়না ক্লে হচ্ছে কোয়ার্টজ্ ফেলসপার করছে, তখন সেগুলি স্টেট সেক্টরে কেন করা হবে না ?

Shri Prafulla Chandra Sen:

আমি বলেছি আমরা জিওলজিক্যাল সার্ভের কাছ থেকে ফাইনাল রিপোর্ট যদি পাই আর তাঁরা যদি বলেন যে আমরা কমার্সিয়ালি এক্সপ্লেয়ট করতে পারবো, তাহলে স্টেট সেক্টরে এগুলি এক্সপ্লয়েট করবার ব্যবস্থা আমরা নিশ্চয়ই করবো।

Shri Sasanka Sekhar Sanyal:

মন্ত্রিমহোদয় নিশ্চয়ই জানেন যে বীরভূমে বক্রেশ্বর বলে একটা জায়গা আছে; সেখানে হটস্প্রীং আছে। সাত আটটা টাপিড থেকে বয়েলিং হিট পর্য্যন্ত পাশাপাশি সেখানটায় সালফার ডিপজিট সম্বন্ধে কোন রিপোর্ট আপনাদের কাছে আছে কি ?

Shri Prafulla Chandra Sen:

আমাদের কাছে যা রিপোর্ট আছে সেটা তো পড়লাম, তাতে কোন উল্লেখ নাই। তবে আমি একথা বলতে পারি হয়ত সেই গরম জলে কিছু সালফার ডিপোজিট থাকতে পারে। তবে এমন সালফার ডিপোজিট কোথাও নাই যা কাজে লাগাতে পারি।

Shri Sasanka Sekhar Sanyal:

নদীয়া জেলার ধুবুলিয়ায় আছে, সেখানে কতকগুলো প্রাইভেট সেক্টরে এটেম্পট হচ্ছিল আশে পাশের জমি খুঁড়ে ভেতর থেকে সালফার এক্সট্রাক্ট করার, তাতে হবে সেখানটায় অনেক লোক রোগ নিয়ে গিয়ে সেরে আসে এ সর্ট অফ স্যানাটারিয়াম হয়। বেঙ্গল গভর্নমেণ্ট থেকে সেটা ডেভেলপ করবার একটা প্রসপেক্ট আছে, স্কীম আছে। কাজেই আমি সেটা জিজ্ঞাসা করছি এই জন্য যে সেখানটার সালফারটা ডিসটার্ব করা উচিত নয়, তাতে ওখানকার লোকের হেলথ খারাপ হয়ে যাবে। তাই বলছিলাম—

Shri Prafulla Chandra Sen:

সেই সালফার ডিসটার্ব আমরা করবো না। কেন না কমার্সিয়েলি এক্সপ্লয়েট করবার মত সেখানে কোন রিজার্ভ নাই।

Shri Sasanka Sekhar Sanyal:

নোদে জেলায় ধুবুলিয়া মুর্শিদাবাদের ডোমকল থানায় এবং কৃষ্ণনগরের কাছে একটি বেল্টে পেট্রোলের জন্য যে প্রসপেকটিং হয়েছিল তার রেজাল্ট এবং পসিবিলিটিস কি ?

Shri Prafulla Chandra Sen:

আমি অফ-হ্যাণ্ড বলতে পারবো না।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয়ের জবাব থেকে এটা বুঝতে পারলাম যে বীরভূম, পুরুলিয়া এই দুটো প্রাকৃতিক সম্পদ ভর্তি—তারা কাশিপুর, বীরভূম এক্সটেনসিভলি—আর রামপুর হাট থেকে দুবরাজপুর পর্যন্ত এবং পুরুলিয়া আমাদের পশ্চিমবাংলায় আসার পর খুব ডেভেলপমেণ্ট ওয়ার্ক হয়নি, পুরুলিয়ার আনএমপ্লয়মেণ্ট এবং সেখানে একটা ষ্টারভেসন অবস্থা রয়েছে সেখানে এই পুরুলিয়ায় পশ্চিমবঙ্গ সরকার কোন বিশেষ এ্যাটেনসন দেবেন কি যাতে করে এখানকার মিনারাল রিসোরসেসকে নিয়ে ঠিক ঠিকভাবে এক্সপ্লয়েট করা যায় ?

Shri Prafulla Chandra Sen:

কমার্শিয়ালি এক্সপ্লয়েট করবার বিন্দুমাত্র সম্ভাবনা থাকে তাহলে আমরা নিশ্চয় তা এক্সপ্লয়েট করবো এবং সেখানকার লোকের যাতে উন্নতি হয় তার ব্যবস্থা করবো।

Shri Sasanka Sekhar Sanyal:

তার আগে এটা কি চিন্তা করা দরকার নয় যে আমাদের দেশে যে স্বাস্থ্য আছে সেই স্বাস্থ্য যেমন নির্ভর করে জল হাওয়ার উপর—তেমনি জলের কোয়ালিটি নির্ভর করে মিনারাল কনটেনসের উপর। কাজেই কমার্শিয়ালি এক্সপ্লয়েট ছাড়া আমাদের দেশে যতটুকু সবের কনটেন্স আছে মিনারাল ইত্যাদি নিয়ে—সেটা ডিসটার্ব করলে হেলথ এবং ক্লাইমেট সাফার করবে কিনা সে সম্বন্ধে অবগত হওয়া প্রয়োজন কিনা ?

Shri Prafulla Chandra Sen:

দুনিয়ায় মাতৃগর্ভে এতো জিনিস আছে এবং যা আমরা এক্সপ্লয়েট করছি শেষ পর্যন্ত কোথায় গিয়ে যে আমাদের সভ্যতা দাঁড়াবে তা তো আমি জানি না—মাননীয় সদস্য খুব ভাল প্রশ্ন করেছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি একটি সাপলিমেণ্টারী করতে চাই আপনার এবং মুখ্যমন্ত্রীর অনুমতি নিয়ে—অবশ্য এটা ঠিক পার্টিনেণ্ট হবে না এই কোয়েশ্চেনের সঙ্গে ইচ্ছা করলে উত্তর দিতে পারেন—কারণ,

মুখ্যমন্ত্রী এটা জানেন আমরা যে দণ্ডকারণ্যে বাংলা দেশের লোকজনদের পাঠিয়েছি, বাংলাদেশেরই সেটলমেণ্ট হয়েছে—কলোনী হয়েছে—এখন দণ্ডকারণ্যে যে মিনারালস এবং মাইনস-এর যে সমস্ত প্রসপেক্ট আছে এবং সে সম্বন্ধে মুখ্যমন্ত্রির কাছে রিপ্রেজেণ্টেসন দিয়ে বেঙ্গল চেম্বার অব কমার্স, ন্যাশন্যাল চেম্বার অব কমার্স-এর থেকে হয়েছে সেগুলি এক্সপ্লয়েট করার জন্য কি ব্যবস্থা করা হচ্ছে?

Shri Prafulla Chandra Sen:

এটা ঠিক কথাই এবং সেখানে অনেক সম্পদ আছে মাটির তলে—কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে অবহিত আছে —তবে আমাদের তো ঐ অঞ্চলের উপর কোন কর্তৃত্ব নেই—তবে আমি এইটুকু বলতে পারি যে কেন্দ্রীয় সরকার এ সম্বন্ধে চেষ্টা করছেন।

Shri Sasanka Sekhar Sanyal:

কর্তৃত্ব চাচ্ছি না, আমি চাচ্ছি, আপনাদের সজাগ দৃষ্টি। সেখানে যখন এক্সপ্লয়টারী সমস্ত স্টেপ নেওয়া হবে এবং মাইনস এবং মিনারালস যখন পাওয়া যাবে তখন যারা ওখানে বাঙ্গালী আছে বাঙ্গালী ব্যবসাদার—তাদের হাতে না গিয়ে সমস্ত বেহাত হয়ে যাবে—সেজন্য এখন থেকে সজাগ থাকতে পারবেন কিনা?

Shri Prafulla Chandra Sen:

আমার মনে হয় সেখানে বাঙ্গালী যাঁরা আছে তাঁরা ইতিমধ্যেই একটু এ্যাডভেঞ্চারাস হয়ে গেছে—ব্যবসা-ট্যাবসা করতে পরে—আমাদের এখানে আমরা নিজেরাই ব্যবসা করতে পারছি না।

Shri Sasanka Sekhar Sanyal:

রিসোরসেস যা আছে সেটা যদি তোলা যায় তাহলে ফরেন এক্সচেঞ্জ আর্ন করা যায়—ফরেন এক্সচেঞ্জের যে সর্টেজ আছে—এ সম্বন্ধে কোন স্পেসিফিক এ্যাটেনসন দেবার পরিকল্পনা সরকারের কি আছে?

(উত্তর নাই)

Shri Narendra Nath Das:

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে দুটি অঞ্চল যেসব জায়গায় রিপোর্ট ভালভাবে এসেছে—অন্যান্য জায়গায় যেখানকার রিপোর্ট এখনও পর্যন্ত এসে পৌঁছায়নি তার মধ্যে দার্জিলিং এবং ডুয়ার্স ও জলপাইগুড়ি জেলা আছে কি? সেখানে নাকি খনিজ সম্পদ আছে বলে লোকের ধারণা?

Shri Prafulla Chandra Sen:

আমার কাছে এখনও এ সম্বন্ধে কোন তথ্য নাই—বলতে পারি না।

Shri Narendra Nath Das:

মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন আগের প্রশ্নোত্তরে যে তিনি এ বিষয়ে খোঁজ নিয়ে দেখবেন—আজকে তাঁর অবগতির জন্য জানাচ্ছি যে ঐ অঞ্চলে একটি কোলীয়ারী রয়েছে এবং যিনি এটা প্রতিষ্ঠা করেছিলেন পরলোকগত এম. কে. রায়— তিনি একজন মস্তবড় জিওলজিষ্ট—তিনি একথা

বলেছিলেন যে কেবলমাত্র কয়লা নয়—ঐ অঞ্চলে আরও বহু খনিজ সম্পদ রয়েছে। এ বিষয়টি নিয়ে যদি ইতিমধ্যে কাজ না হয়ে থাকে—যাতে করে ভালভাবে ঐ অঞ্চল তলিয়ে দেখা হয় এ বিষয়ে তিনি চেষ্টা করবেন কি?

Shri Prafulla Chandra Sen:

হঁ্যা, নিশ্চয় করবো।

Shri Jagannath Kolay:

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই কোশ্চেনটা হেলডওভার থাক এটা কাল হবে।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the Table)

Provident Fund to "Craft" Teachers

84. Shri Nirmalya Bagchi: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether "Craft" teachers serving in Primary Schools in rural areas are entitled to the benefit of Provident Fund; and

(b) whether such teachers in 24-Parganas, Nadia and Murshidabad are enjoying the benefit?

Minister for Education (Shri Rabindralal Sinha): (a) Craft teachers serving in Government-sponsored Free Primary Schools who complete continuous service for ten years are eligible for subscribing to the Provident Fund.

(b) Yes; if they have completed continuous service for 10 (ten) years.

Conversion of Primary Schools into Basic Schools under the Orientation Scheme

85. Shri Nirmalya Bagchi: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state the number of traditional Primary Schools in different districts which have been converted into Junior Basic or Part-basic Primary Schools under the Orientation Scheme for teaching according to basic pattern in 1961, 1962 and 1963 respectively?

Minister for Education (Shri Rabindralal Sinha): The Scheme for Orientation of Primary Schools towards basic pattern envisages gradual orientation of traditional Primary Schools towards Basic pattern by introducing certain educationally significant activities and simple crafts in them.

With this end in view teachers of Primary Schools are being given short training so that they may introduce simple crafts and other activities as envisaged under the orientation scheme in their respective schools. But no School has been converted into Basic or Part-basic School.

Districtwise distribution of the 6,844 Primary Schools taken up under the Orientation Programme up to 1963-64 is given in the statement laid on the Table.

STATEMENT

District	No. of Primary schools already taken up for orientation (i.e., where the Primary teachers on their return from the seminars introduced simple crafts and other activities).
1. Bankura	426
2. Birbhum	393
3. Burdwan	588
4. Cooch Behar	193
5. Darjeeling	107
6. Howrah	240
7. Hooghly	441
8. Jalpaiguri	145
9. Malda	280
10. Midnapur	1,160
11. Murshidabad	240
12. Nadia	538
13. Purulia	313
14. West Dinajpur	320
15. 24-Parganas	1,460
Total	6,844

Pay-scale of Matric Basic Trained teachers serving in G.S.F.P. Schools in 24-Parganas

86. Shri Nirmalya Bagchi: (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state if it is a fact that Matric Basic Trained teachers serving in G.S.F.P. Schools of 24-Parganas are in the enjoyment of the scale of Junior Basic Trained teachers?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) whether the said benefit will be extended to such teachers in other districts; and

(ii) if Senior Trained teachers serving in G.S.F.P. Schools would be entitled to the same benefit by virtue of the Government Order No. 13305-Edn., dated the 21st/23rd December, 1959?

Minister for Education (Shri Rabindralal Sinha): (a) No.

(b) (i) Does not arise.

(ii) The G.O. under reference clearly states that Senior Trained women teachers may be treated as equivalent to Junior Basic Trained teachers for the purpose of appointment in Junior Basic and Pre-Basic Schools. G.S.F.P. Schools do not come within the purview of the Government Order No. 13305-Edn., dated 21st/23rd December, 1959.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Deputy Chairman: I have got three calling attention notices regarding (i) recognition of the 10th class pass certificate, given by Shri

Nirmalya Bagchi, (ii) token cease-work observed by the teachers of secondary schools, given by Shri Manoranjan Sen Gupta, and (iii) special cadre teachers placed in secondary schools, given by Shri Satya Priya.

Honourable members may formally call attention.

আমার মনে হয় এটা করা সব চেয়ে বেশী দরকার। এরই পরিপ্রেক্ষিতে তাঁর কাছে একটা অ্যাসুওরেন্স চাইছি যাতে এটা তাড়াতাড়ি ব্যবস্থা করা যায় কেননা আমার মনে হয় এবং আশা করি তিনিও এটাই মনে করবেন যে সমুদ্রের মাছ ব্যবহার না করলে এ মাছের সমস্যার সমাধান হবে না ?

Shri S. M. Fazlur Rahaman:

সেজন্যই আমরা যে পরিকল্পনা পাঠিয়েছি সেই ৪ কোটি ৭০ লক্ষ ৫০ হাজার টাকা ক্র্যাস প্রোগ্রাম যে স্কিম বা পরিকল্পনা যাতে দ্রুততর কার্য্যকরী করা যেতে পারে with the Central Government assistance foreign collaboration-এ এ স্কিম চালু করবার জন্য দিয়েছি এবং সেই স্কিম এর ফলাফল যদি শুভ হয় তা হলে এটা কার্য্যকরী করা যেতে পারে।

Shri Satya Priya Roy:

তা হলে কি আর একবার সমুদ্রে মাছ ধরার যে পরিকল্পনা আগে হয়েছিল সেটা করা হবে এবং সরকার পক্ষ থেকে এটা ঘোষণা করা হয়েছিল কি যে এটা ব্যর্থ হয়েছে ?

Shri S. M. Fazlur Rahaman:

না ব্যর্থ হয়েছে এ কথা বলেনি যে উদ্দেশ্যে এই ডিপ সি ফিসিং হয়েছিল তার ট্রেনিং ঐ ডিপ সী ফিসিং-এর যে ট্রেনিং এবং সারভে করে ফিসিং গ্রাউণ্ডস সার্ভে করে যে গুলি ঠিক হয়েছে তার মেয়াদ ফুরিয়ে যাবার ফলে মাছ ধরা কার্য্যকরী করার জন্য সেদিক থেকে আমরা সফল হতে পারিনি। আমাদের উদ্দেশ্য ঠিক ছিল এবং ঠিক আছে।

Shri Narendra Nath Das:

যে সমস্ত ট্রেনিং প্রাপ্ত লোক তৈরী হয়েছিল তারা কি এখন বেকার বা তারা কোথা এবং কি ভাবে এমপ্লয়েড হয়েছে?

Shri S. M. Fazlur Rahaman:

তাদের শতকরা ৯০ জনেরও বেশী লোককে সেণ্ট্রাল গভর্নমেণ্ট অফার দিয়েছিল তাদের মধ্যে কেউ কেউ গিয়েছিলেন এবং কেউ কেউ যাননি। যারা যাননি তাদের আমরা আমাদের বিভিন্ন বিভাগে য়্যাবজরব করে নিয়েছি।

Non-payment of Rs. 70 lakhs out of Union Government grant to the Calcutta Corporation

***114. Shri Narendra Nath Das:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Local Self-Government Department be pleased to state—

(i) whether the State Government have received any complaint from the Calcutta Corporation for non-payment of Rs. 70 lakhs out of Union Government grant to the Corporation in the Second Plan;

(ii) if so, the reasons of such non-payment?

(b) Will the Hon'ble Minister be further pleased to state when the Government propose to make this payment?

Shri S. M. Fazlur Rahaman: (a)(i) No.

(a)(ii) and (b) The questions do not arise.

UNSTARRED QUESTIONS

(To which Written Answers were laid on the table)

Report prepared by C.M.P.O. on the needs for primary education in Calcutta

87. Shri Nirmalya Bagchi: (a) With reference to the answer to the unstarred question No. 41, given in the Council on the 31st July, 1963, will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state if the report prepared by the Calcutta Metropolitan Planning Organisation experts on the state of primary education in Calcutta has been considered by the Government?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to lay a copy of the report on the Table, together with the observations of the Government on it?

Minister for Education (Shri Rabindralal Sinha): (a) Shrimati Jharna Roy, Community Organiser of the Calcutta Metropolitan Planning Organisation, submitted a "preliminary report on the needs for primary education in Calcutta. A copy of this report was received in the Education Department. The matter has since been under consideration of the State Government who are also consulting the Corporation of Calcutta.

(b) Only one copy of the report was received in the Education Department. The question of placing it on the Table will be considered later.

Free studentship for girl students reading in classes from five to eight in urban areas

88. **Shri Manoranjan Sen Gupta**: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state whether the Government has any scheme under consideration for conferring the benefit of free tuition fees to girl pupils reading in classes from five to eight in schools in Calcutta and other urban areas as in the cases of girl students reading in those classes in schools in villages?

Minister for Education (Shri Rabindralal Sinha): Yes. There is such a scheme for urban areas under consideration in connection with the Fourth Five-Year Plan.

Phased conversion of all primary schools into 5-class schools

89. **Shri Nirmalya Bagchi**: Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) if the Government would consider the desirability of bringing class V of Secondary Schools under free education in order to implement the programme of introducing free and compulsory primary education for the age group 6-11;

(b) if not, the reasons therefor; and

(c) if the Government would further consider the desirability of upgrading 4-class primary schools into 5-class schools for the same purpose?

Minister for Education (Shri Rabindralal Sinha): (a) to (c) The State Government has under consideration a scheme for the phased conversion of all primary schools into 5-class schools comprising classes I to V.

Ceasework by teachers

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি আপনার মারফৎ শিক্ষামন্ত্রীর কাছে একটা বিষয় রাখতে চাচ্ছি। আপনি জানেন পশ্চিমবঙ্গ কলেজ ও বিশ্ববিদ্যালয় অধ্যাপক সমিতির ডাকে বেতন বৃদ্ধি ও অন্যান দাবীর সমর্থনে আজ পশ্চিমবঙ্গের বে-সরকারী কলেজের কয়েক সহস্র অধ্যাপক ও অধ্যাপিকা কর্মবিরতি পালন করতে বাধ্য হয়েছেন, তাঁদের দাবীর প্রতি কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করবার চেষ্টা করেছেন, সরকারেরও দৃষ্টি আকর্ষণ করেছেন। কিন্তু সরকার তাঁদের দাবী মানতে পারেন নি। তার জন্য বাধ্য হয়ে আজ তাঁদের এই পথ বেছে নিতে হয়েছে। সকালে কলেজ হয়নি, দুপুরে কলেজ হয়নি, বিকেলে ও সন্ধ্যাতে কলেজ হবে না। মফঃস্বলে হয়নি নানান জায়গা থেকে খবর আসছে এবং এই কর্মবিরতির কর্মসূচীর এটাই শেষ নয়। আপনি জানেন যে এটা ব্যাপক য কর্মসূচী—তার সুরু মাত্র। এটা ঘোষণা করা হয়েছে যে কর্মবিরতিতেও যদি আমাদের সরকার এই দাবী না মানেন, অতিরিক্ত বেতনের দাবী, তাহলে আগামী বছর বাংলা দেশের সমস্ত বিশ্ববিদ্যালয়ের সর্বস্তরের পরীক্ষার কাজের সঙ্গে তাঁরা অসহযোগিতা করবেন এবং তাতে যে শিক্ষাক্ষেত্রে এক বিরাট বিপর্যয় দেখা দেবে সে বিষয়ে কোন সন্দেহ নাই। সেই অবস্থা যদি সৃষ্টি হয়, তাহলে তার সম্পূর্ণ দায়িত্ব বর্তাবে সরকারের উপর।

অধ্যাপক সমিতি দীর্ঘকাল এইভাবে অপেক্ষা করেছে, আজকে তাঁরা পথে নেমেছেন। আজকের কর্মবিরতি। মধ্য দিয়ে সেই কথা প্রমাণ হয়েছে যে এই অধ্যাপক সমিতি সেটাকে নির্দেশ করেন। আমি একথা বলতে চাই যে আগামী বছর পরীক্ষাদি বর্জন করবার মত অবস্থা

যাতে সৃষ্টি না হয়, তার জন্য শিক্ষামন্ত্রী এগিয়ে আসুন এবং অধ্যাপক অধ্যাপিকাদের দাবী যাতে তিনি মেনে নিতে পারেন তারজন্য চেষ্টা করুন এবং শিক্ষা বিপর্যয়ের হাত থেকে দেশকে রক্ষা করুন এবং ছাত্রছাত্রী ও অভিভাবকদের সকলকে বাঁচান।

Shri Nirmalya Bagchi : The situation is unprecedented and we expect the Hon'ble Education Minister to make a statement.

Shri Rabindralal Sinha : I am not going to make a statement.

Ad Hoc Committee

Shri Satya Priya Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমার একটু বলার আছে, তবে এ সম্পর্কে নয়, অবশ্য এই সম্পর্কে আমাদের যথেষ্ট সহানুভূতি আছে এবং শিক্ষামন্ত্রী এই সমস্যা সম্পর্কে কিছু বলবেন আমি আশা করি।

স্যার, আপনার কাছে একটা গুরুত্বপূর্ণ প্রশ্ন করতে চাই। আমরা যে অ্যাড হক কমিটির মিটিং করেছিলাম এখানে লেজিসলেচারের সেক্রেটারিয়েট এমপ্লয়িজদের রেমুনারেসন সম্পর্কে, তার কি হলো পরবর্তী কালে তার তো আমরা কিছু জানতে পারলাম না—ষ্টিল বর্ণ চাইল্ড হিসেবে একদিনের সিটিংএ সেটা শেষ হলো কিনা?

Mr. Chairman : We wanted to proceed in collaboration with the other House. We have not received intimation from the other House.

Shri Satya Priya Roy :

আপনি থাকতে থাকতে এর একটা মীমাংসা করে দিয়ে যাবেন এটা আমরা আশা করছি যত তাড়াতাড়ি হয় তার ব্যবস্থা করবেন।

Mr. Chairman : I should try my best but it is not in my hand.

Shri Satya Priya Roy :

দ্বিতীয় হচ্ছে আপনার মাধ্যমে আমি শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে শিক্ষামন্ত্রী মহাশয় দপ্তর থেকে যে সারকুলার দিয়েছেন সব স্কুলে আর অর্থমন্ত্রীর পক্ষ থেকে শ্রমমন্ত্রী এখানে যে বিবৃতি পাঠ করেছিলেন তার মধ্যে পরস্পর বিরোধিতা রয়েছে। সেই সম্পর্কে শিক্ষামন্ত্রী মহাশয় বলেছিলেন পরবর্তী কালে একটা বিবৃতি আমাদের হাউসে দেবেন। সেই বিবৃতি দেবার জন্য আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ জানাচ্ছি।

Mr. Chairman : There are two matters on which you want that light be thrown—one is in connection with what has come from Shri Nirmal Bose—light to be thrown by the Education Minister—and the other is in connection with what has come from Shri Satya Priya Roy.

Shri Satya Priya Roy:

আর একটা ব্যাপার স্যার, আমরা বিদ্যালয়ের সমস্ত ধরণের কর্মীদের জন্য সমস্ত সরকারী কর্মচারীদের মহার্ঘ্যভাতার সমহারে দেবার জন্য বলেছি অন্তর্বর্তীকালীন ব্যবস্থা হিসেবে। ২৫ হাজার শিক্ষকদের স্বাক্ষর করে দিয়ে দিয়েছিলাম মুখ্যমন্ত্রীর হাতে এবং যার সমর্থনে যারা পশ্চিমবঙ্গের মাধ্যমিক বিদ্যালয়গুলি একদিনের কর্মবিরতি পালন করেছে নৈতিক প্রতিবাদ হিসেবে সেই সম্পর্কে অবশ্য শিক্ষামন্ত্রী মহাশয় যদি তাঁর বক্তব্য রাখেন তাহলে আমার মনে হয় তিনি যে আমাদের প্রতি সহযোগিতার হাত বাড়াচেছন তার জন্য তাকে আমি অভিনন্দন জানাবো।

Shri Rabindralal Sinha: I am not going to make any statement at the present moment.

Shri Nirmal Bose:

এটা তো স্টেটমেণ্টের ব্যাপার নয়, তাঁর কাছে আবেদন করছি এই সংকটের হাত থেকে রক্ষা করবার জন্য তিনি এগিয়ে আসুন, চেষ্টা করুন। তাঁর সহানুভূতি আছে আমি জানি তিনি এ সম্বন্ধে একটু চেষ্টা করুন।

Shri Rabindralal Sinha:

মাননীয় পরিষদপাল মহাশয়, এ বিষয়ে প্রশ্ন হয়েছে, কলিং য়্যাটেনসন হয়েছে অনেককিছু হয়েছে এবং আমার যা বক্তব্য তা আমি ইতিপূর্বে এখানে রেখেছি। তাছাড়াও তিনি যদি কোন কলিং য়্যাটেনসন দেন, তাহলে আমি নিশ্চয়ই চেষ্টা করবো।

Messages

[4—4-25 p.m. including adjournment]

Secretary: Sir, the following Messages have been received from the West Bengal Legislative Assembly :—

(i)

"The Police (West Bengal Amendment) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 17th September, 1964, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

K.C. BASU,
Speaker,
West Bengal Legislative Assembly."

Calcutta :
The 18th September, 1964.

(ii)

"The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 17th September, 1964, has been on duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

K.C. BASU,
Speaker.
West Bengal Legislative Assembly."

Calcutta :
The 18th September, 1964.

Sir, I lay on the table the Messages and the Bills.

(At this stage the House was adjourned for twenty minutes.)

(After adjournment)

[4-25—4-35 p.m.]

Non-Official Resolution

Shri Jatin Chakravorty :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে প্রস্তাব আমি ১৯এ আগষ্ট তারিখে উত্থাপন করেছিলাম সে প্রস্তাব মুখ্যমন্ত্রী অনেক আগে মেনে নিয়েছেন। কারণ ৩০।৭।৬৪ তারিখে তিনি বলেছিলেন আমার প্রশ্নের উত্তরে, যাতে আমি জানতে চেয়েছিলাম যে পশ্চিমবাংলায় সদাচার সমিতি গঠিত হবে কিনা ভিজিলেন্স কমিটি গঠিত হবে কিনা। মুখ্যমন্ত্রী সেদিন যে জবাব দিয়েছিলেন সেটা আমি আপনাকে পড়ে শুনাচ্ছি "আমি কেন্দ্রীয় সরকারের সঙ্গে এনিয়ে অনেক কিছু আলোচনা করছি এবং আগষ্ট মাসের মধ্যে আমি ভিজিলেন্স কমিটি বা কমিশনার নিয়োগ করতে পারবো, সদাচার সমিতি প্রবর্ত্তন করতে পারবো"। আমি আশা করবো যে আজকে আমার যে প্রস্তাব তার জবাবের পরিপ্রেক্ষিতে ইতিমধ্যে আরও একটি ব্যাপার ঘটে গেছে। এ মাসের ১৬ তারিখে সংবাদপত্রে আছে যে ক্যাবিনেটের পক্ষ থেকে কেন্দ্রীয় মন্ত্রী এবং রাজ্য সরকারের যে মন্ত্রী তাদের মধ্যে একটি কোর্ট সৃষ্টি বা তৈরী করেছেন এবং যে সমস্ত উচচ পদস্থ কর্মচারী তাদের জন্য একটি কোর্ট তৈরী হচেছ সান্তনম কমিটি যে সুপারিশ করেছিলেন তার পরিপ্রেক্ষিতে। সুতরাং মোটামুটি ভারতবর্ষের কেন্দ্রীয় সরকারের এবং যারা দুর্নীতির বিরুদ্ধে যে সমস্ত সুবুদ্ধি সম্পন্ন মানুষ তাদের মনে একটা উৎসাহ জেগেছে এবং তাঁরা আগ্রহী হয়েছেন যে আমাদের সমাজ ও রাষ্ট্রীয় জীবনে দুর্নীতি যেভাবে বাসা বেধেছে তাতে আজকে দেখতে পাচিছ খাদ্য সংকট এবং অন্যান্য সংকট এবং যেটা এই দুর্নীতির ফলেই।

এই দুনীতির ফলে আজকে আমরা কি দেখছি? আমি স্যার, ১৪ই জুলাই তারিখে আমাদের যিনি স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারীলাল নন্দ সাহেবের কাছে একটা চিঠি লিখেছিলাম। আজকে লোকের মনে নানা রকম কথার উদয় হয় এবং নানা প্রকার সন্দেহের উদয় হয়, আজকে বিভিন্ন দল নেতা, বিশেষ করে শাসক সম্প্রদায়ের যাঁরা নেতৃস্থানীয় তাঁদের আচরণে এবং ব্যবহারের অনেক সময় মানুষের মনে নানা রকম সন্দেহের উদ্বেগ হয়। স্যার, সেই জন্য আমি আজ এসব বলছি, আমি স্বরাষ্ট্র মন্ত্রীকে চিঠি লিখেছিলাম, এটা কেবল শাসক সম্প্রদায় বা রুলিং পার্টির নয় সমস্ত রাজনৈতিক দল ও নেতৃবৃন্দের পক্ষেই প্রয়োজ্য হোক আমি এটা বলেছিলাম। আমি বলেছিলাম একটা কোড গ্রহণ করা উচিত। যে কোড-এর মধ্যে দিয়ে এটা নির্দ্ধারিত হবে ও সিদ্ধান্ত হবে যে প্রতিদিন সে যত ছোট বা বড় রাজনৈতিক দল হোক, বা শাসক গোষ্ঠীরই দল হোক

তারা যে টাকা পায় সে টাকার হিসাব প্রকাশ করা, আমি এটা জানি রাজনৈতিক দল পরিচালনা করতে গেলে বন্ধুবান্ধব বা সমর্থকদের কাছ থেকে টাকা নিয়েই দল চালাতে হয় এবং প্রতি দলই এই ভাবে চলে। সুতরাং যে কোন দলই হোক তারা এই ভাবেই চলে। আমি আমার দলেরই কথা বলছি আমাদের দলে যদি বড় টাকা কোনখান থেকে আমরা পাই বা অন্য কোনো দলনেতারাই তা পান সে দলের পক্ষে এটা কর্তব্য হবে ঘোষণা করা। পাবলিকলি যে কার কাছ থেকে তাঁরা এই বড় টাকা পাচ্ছেন, স্যার, আমাকে গুলজারী লাল নন্দ মহাশয় সে চিঠির প্রাপ্তি স্বীকার করেছেন এবং তিনি খুব ভাল কথাই বলেছেন। তিনি বলেছেন

"I agree that in the matter of collection of funds as in other matters. Politica Parties should have a code of conduct. We have been giving thought to this."

এবং তার পরে আমরা দেখছি তিনি কোড তৈরী করেছেন কেন্দ্রীয় সরকারের জন্য এবং কেন্দ্রীয় মন্ত্রীদের জন্য ও রাজ্য সরকারের মন্ত্রীদের জন্য। যারা উচ্চপদস্থ কর্মচারী তাদেরও জন্য। আমি স্যার আগেই আমাদের মুখ্যমন্ত্রীর কথা বলেছি, তিনি বলেছিলেন এরূপ কমিটি আগষ্ট মাসের মধ্যে তিনি গঠন করবেন। দুর্ভাগ্যবশতঃ আজ পর্যন্ত মুখ্য মন্ত্রী গঠন করতে পারেন নি। আমাদের এখানে মুখ্যমন্ত্রী উপস্থিত ছিলেন না এখন তিনি এসেছেন, তিনি একথা ঘোষণা করেছিলেন, এবং সে প্রসিডিংসও আমি পড়ে শুনিয়েছি, স্যার, দুর্নীতির বিরুদ্ধে যখন জনমত গড়ে উঠছে এবং গুলজারীলাল নন্দ যখন সদাচার সমিতির কথা ঘোষণা করলেন তখন সাধারণ মানুষের মনে একটা আস্থা এবং আশার ভাব দেখা দিলে একটা সৎ প্রচেষ্টা সুরু হলো, দেশময় একটা চমৎকার আবহাওয়া সৃষ্টি হল। স্যার সদাচার সমিতিটা কি? সদাচার সমিতি আর কিছুই নয়, সদাচার সমিতি হল একটা সার্চ লাইট যে সার্চ লাইট যে কোনো দল হোক বা যে কোন লোক হোক, যত উচ্চ পদস্থ থাকুক না কেন, তার উপর এই সার্চ লাইট ফেলা হচ্ছে এবং দেখা হচ্ছে যে কিছু করছে কিনা। যে অসৎ নয়, যার মধ্যে কোন দোষ নেই কোনো গলদ নেই সে তাতে ভয় পায় না। কিন্তু যদি দেখা যায় কোনো লোক বা কোনো উচ্চ পদস্থ নেতৃস্থানীয় লোক যার অসটেনসেবল মিন বলতে কিছু নেই সে যদি দেখা যায় যে লক্ষ লক্ষ টাকার অধিকারী হয়েছে, এবং লক্ষপতি যে ভাবে জীবন যাপন করছে যে ভাবে সে বিলাস ব্যসন করছে সেই ভাবে সে যদি জীবন কাটায় তা হলে লোকের মনে সন্দেহ দেখা দেয়। আমি স্যার এখান থেকে ২০০ টাকা পাই এবং ট্রেড ইউনিয়ন থেকে আরও কিছু পাই। আমি যদি রাজ্যপালের মত চলতে থাকি তাহলে নিশ্চয়ই আমার উপর লোকের সন্দেহ হবে। সুতরাং সদাচার সমিতিই হল সেই সার্চ লাইট—এ সার্চ লাইট সম্পর্কে ভীত হবার কোনো কারণ নেই যদি নাকি তার মধ্যে গলদ ও ত্রুটি না থাকে। এর স্যার, আমরা যখন দেখলাম যে জনমত গড়ে উঠছে, সাধারণ মানুষের মনে আজকের উৎসাহ দেখা দিয়েছে, আশা দেখা দিয়েছে যে দুর্নীতি আমাদের সমাজদেহে, রাষ্ট্রদেহে আজকে অনুপ্রবেশ করেছে তখন অত্যন্ত ক্ষোভ এবং লজ্জার সঙ্গে লক্ষ্য করেছি যে কায়েমী স্বার্থবাদী যারা, যারা সদাচার সমিতি চায় না, তাদের তরফ থেকে যে পালটা ব্যবস্থা সুরু হল এই সৎ প্রচেষ্টাকে ব্যর্থ করে দেবার জন্য তাদের নেতৃত্ব অত্যন্ত লজ্জার সঙ্গে, বেদনার সঙ্গে লক্ষ করলাম, যে পশ্চিমবাংলার একজন সর্বভারতীয় নেতা তিনি বোধ হয় আতংকিত হলেন— যদি সদাচার সমিতি প্রতিষ্ঠিত হয় তাহলে যে সদাচার সমিতি এতদিন...

Mr. Deputy Chairman: Don't impute motive on any thing.

Shri Jatin Chakravorty:

না, স্যার, আমার রেজলিউসন-এর মধ্যে তাই আছে, আপনি একটু পড়ে দেখুন। আমার রেজলিউসন-এর মধ্যে আছে পলিটিক্যাল পার্টির নেতাদের সম্পর্কে।

Mr. Deputy Chairman: Don't impute any motive.

Shri Jatin Chakravorty :

একথা তো না বললে চলবে না। তাদের কথা তো আনতেই হবে। এমন মহৎ ব্যক্তি যিনি উচ্চ পদে প্রতিষ্ঠিত আছেন তিনি আতঙ্কিত হবেন মনে হয়। মনে হয় যে সদাচার সমিতি যদি প্রতিষ্ঠিত হয়, তাহলে যে সদাচার সমিতি এতদিন পর্যন্ত চলে আসছে, সেই সদাচার সমিতি লুপ্ত হয়ে যাবে এবং যার নেতৃত্বে করছেন যে গোদাচোর, এতদন পর্যন্ত যে লুটপাট চলছিল তার অবসান হবে। আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় তিনি কিছুটা সদিচছার পরিচয় দিয়েছেন। সেদিন প্রশ্নোত্তরের সময় তিনি বলেছিলেন সদাচার সমিতি তিনিও করতে চান এবং তিনি কিছুদিন মাত্র আগে অনেককে ধরেছেন, যারা দুর্নীতি পরায়ণ, যারা সমাজ বিরোধী, তাদের ডি আই রুলস-এ ধরেছেন আমরা তার জন্য তাঁকে নিশ্চয়ই অভিনন্দন জানাব। কিন্তু মুসকিল হচেছ আমাদের মুখ্যমন্ত্রী মাঝে মাঝে অত্যন্ত দুর্বল হন, দুর্বলতা দেখান ; আবার মাঝে মাঝে তিনি শক্ত হন—যেমন ভূতপূর্ব রাষ্ট্রমন্ত্রী শ্রী আশুতোষ ঘোষ মহাশয়কে ধরেছেন। ধরা সুরু হয়েছে। আমরা আশা করবো যে আরো অনেক ঘোষ, অনেক বৃহত্তর ঘোষের ক্ষেত্রে তিনি কোন দুর্বলতা দেখাবেন না এবং আমি তাঁর কাছে কতকগুলি অনাচারের দৃষ্টান্ত আস্তে আস্তে উপস্থিত করবো। স্যার, আমাদের যিনি মুখ্যমন্ত্রী তাঁর দুর্বলতার কথা আমরা অনেক সময় জানি তিনি পেরে ওঠেন না দল রাখতে গিয়ে। তাঁকে দল রাখতে হয়, তাঁকে দিয়ে অনেকে অনেক কাজ করিয়ে নেন। তিনি শক্ত হবার চেষ্টা করেন। কিন্তু স্যার, আমি জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রীকে যে পরলোকগত ভূতপূর্ব মুখ্যমন্ত্রী বি সি রায় কো-অপারেটিভ নামে একটা কো-অপারেটিভ হয়েছিল এবং সেই কো-অপারেটিভের পক্ষ থেকে বিধান সরোবর ও মায়া সরোবর—এই দুটি বড় বড় সরোবর তৈরী হয়েছে। তার অডিট যখন হলো তখন তাতে দেখা গেল যে ৮৫ হাজার টাকার মত হিসেবে গরমিল রয়েছে। কারচুপি হয়েছে এবং শ্রীযুক্তা মায়া ব্যানার্জী তিনি তার সভাপতি ছিলেন। হঠাৎ তাঁকে সরিয়ে দেওয়া হলো এবং অশোক দত্ত মশায় তিনি এখন চেয়ারম্যান হয়েছেন। আমি খালি এইটুকু তাঁকে আবেদন করছি তিনি এই সম্পর্কে একটা তদন্ত করুন এবং সেই তদন্তের ফলাফল কি হয় সেটা আমাদের জানান। তিনি স্যার এই হাউসে একদিন আশ্বাস দিয়েছিলেন যে ব্যক্তিগতভাবে তিনি ওয়েস্ট বেঙ্গল খাদি বোর্ড—যার সঙ্গে শ্রীমতী প্রতিমা বসু জড়িত ছিলেন সেখানে দু লক্ষ টাকার গোলমাল আছে, গরমিল আছে, তিনি আশ্বাস দিয়েছিলেন তার তদন্ত করবেন। জানি না কি তদন্ত তিনি করেছেন। তাঁকে জিজ্ঞাসা করতে পারি কি মুখ্যমন্ত্রীর কাছে যে আজকে যখন সিমেণ্ট পাওয়া যায় না, কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে পশ্চিমবাংলাকে যে সিমেণ্ট দেওয়া হয়েছে, সেই সিমেণ্ট-এর তখন এত অভাব যে অনেকে বাড়ী তৈরী করা বন্ধ করে রেখেছেন, সেখানে যে দুর্গাপুর ইণ্ডাষ্ট্রিজের জন্য পনেরশো টন সিমেণ্ট হঠাৎ দেখা গেল ৪০টি রেসিডেন্সিয়াল হাউস বিলডিং তৈরী করবার জন্য হঠাৎ সেখানে অর্ডার পাসড হয়ে গেল। শুধু তাই নয় গত মাসে আমাদের এখানকার যে মন্ত্রীমণ্ডলী তার মন্ত্রী সভায় সিদ্ধান্ত হলো যে ২০ লক্ষ টাকা প্রায়রিটি দেওয়া হল, মঞ্জুরী দেওয়া হলো যে দুর্গাপুরে হঠাৎ রাস্তা-টাস্তা সব ডেভেলপ করতে হবে।

[4-35—4-45 p.m.]

দুর্গাপুরে হঠাৎ রাস্তা ডেভেলপ করতে হবে। সেই ডেভেলপমেণ্টের জন্য ২০ লক্ষ টাকা প্রায়রিটি দিয়ে মঞ্জুর করে দেওয়া হোল। স্যার, জিজ্ঞাসা করতে পারি কি—যে আজকে এটা হঠাৎ কেন হোল যখন শিক্ষকদের টাকা দিতে পারছি না, দরিদ্র কর্মচারীদের টাকা দিতে পারি না। সেই সময় এইভাবে ওখানে ১৫ শ টন সিমেণ্ট ২০ লক্ষ টাকা আমাদের মন্ত্রীসভা টপপ্রায়রিটি দিয়ে দেবার সিদ্ধান্ত করা হোল। স্যার, গতকাল যে পুলিস কমিশনের রিপোর্ট আমাদের কাছে বিতরণ করা হয়েছে। স্টেটসম্যানে ভাল করে দিয়েছে এবং তাতে লিখেছে আই জি পির ভার দেওয়া হোক। পুলিস কমিশনারের উপর এই দায়িত্ব দেওয়া হোক যে তারা যাতে অন্যান্য অধস্তন কর্মচারীরা কোন জায়গা কোন পার্টিতে যাতে না যায় সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করা হোক দুর্নীতি বন্ধ করার জন্য। স্যার সরসের মধ্যে ভুত। স্যার, আপনি জানেন এই সভায় আমরা বলেছি যে কালিম্পংয়ের যিনি মিউনিসিপ্যালিটির ভাইস চেয়ারম্যান শ্রীওঙ্কারমল মিস্ত্রি তিনি আজও সেখানে রয়েছেন এই

ভদ্রলোককে ডি আই য়্যাক্টএ গ্রেপ্তার করা হয়েছিল। কি অপরাধে? —না, চীনের সাথে যোগাযোগ আছে। চীন চুম্বি ভ্যালীতে সৈন্য ফৌজ একত্রিত করেছে—ভূটানের মধ্য দিয়ে তিনি তাদের খাদ্য সরবরাহ করছেন। তাকে ডি আই রুলএ ধরা হয়। তার বিরুদ্ধে মামলা চালু আছে। স্যার, অবাক হয়ে যাবেন যে হঠাৎ একদিন আগে মামলার প্রত্যাহার করা হোল কেন্দ্রীয় সরকারের নির্দেশে আমাদের এখানে এবং একজন সেক্রেটারীও সেখানে গেলেন। কিন্তু অবাক হবেন স্যার, যার বিরুদ্ধে দেশদ্রোহিতার অভিযোগ সেই লোকটি ব্যক্তিগতভাবে ১১ই মে তারিখে আমাদের আই জি অব পুলিস তাকে পার্টি দিচেছন ব্যক্তিগতভাবে শ্রী এবং শ্রীমতী উপানন্দ মুখার্জি মিউনিসিপ্যাল বিল্ডিংসে (একটি কার্ড দেখাইয়া) এবং এই ছাপানো কার্ডে রয়েছে এটা সরকারী কোন পার্টি নয় কারণ চেয়ারম্যান এই পার্টি দেন নি। পার্টি দিয়েছেন ওঙ্কারমল মিস্ত্রি তাঁকে সন্তুষ্ট করবার জন্য। (একটি ছবি দেখাইয়া) স্যার আমার কাছে তার ছবি রয়েছে, কার্ডে রয়েছে । স্যার কি করে অধস্তন কর্মচারীদের পার্টিতে যাওয়া বন্ধ করবেন? এবং আমি জানি যে এই ভদ্রলোকের ওঙ্কারমল মিস্ত্রীর আত্মীয় স্বজনের যখন বিয়ে হয় সেই বিয়ের প্রসেসন লিড করেন এই আইভেন সুরিটা যিনি ডিভিসনাল কমিশনার। যে লোক দেশদ্রোহিতার অপরাধে অপরাধী এবং যার বিরুদ্ধে ডি আই রুল-এর মামলা হয়েছিল স্যার, আমি মুখ্য মন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই সদাচার সমিতি গঠন কেন করবেন না? কেন এর করা প্রয়োজন? স্যার স্টেট ইলেকট্রিসিটি বোর্ডে একটি মেসিন আনা হয়েছিল জার্মাণী থেকে সাড়ে তিন কোটি টাকায় ডাঃ রায় অর্ডার দিয়ে গিয়েছিলেন এবং সেটা ডেলিভারী হোল তাঁর মৃত্যুর পর, জিজ্ঞাসা করতে চাই মুখ্যমন্ত্রীকে সে বৈদ্যনাথ ভট্টাচার্য এবং যে চীফ ইঞ্জিনীয়ার ভৌমিক সাহেব যে ১২ লক্ষ টাকা কমিশন নিয়েছিলেন ঐ কোম্পানীর কাছ থেকে কিন্তু সে মেসিন কিভাবে অর্ডার দেওয়া হোল কেন দেওয়া হোল যা আমাদের কোন কাজে লাগছে না সেই মেসিন ইয়ুজলেস হয়ে পড়ে আছে। বৈদ্যনাথ ভট্টাচার্যর বাড়ী সার্চ করা হয়েছিল এনকোয়ারী করা হয়েছিল এবং কেন সেই এনকোয়ারী বন্ধ করা হয়েছে? আমি তাঁর কাছে জানতে চাই যে এ বি গাঙ্গুলী সম্পর্কে যে অভিযোগ বিধান সভায় করা হয়েছিল যে ৪০ লক্ষ টাকা কমিশন নিয়েছেন তিনি। সেখানে নানাভাবে সে সম্পর্কে কেন্দ্রীয় সরকারের এণ্টিকরাপসন ডিপার্টমেণ্ট থেকে তদন্ত সুরু হয়েছে। আজকে জিজ্ঞাসা করতে চাই যে তার তদন্তের ফল কি হোল? একথা কি সত্য নয় যে তাকে চীফ সেক্রেটারী করার জন্য পশ্চিমবঙ্গের সর্বভারতীয় যে কংগ্রেস নেতা শ্রীঅতুল্য ঘোষ মুখ্যমন্ত্রীর উপর আজকে চাপ দিচেছন এবং এই অভিযোগ এ বি গাঙ্গুলীর বিরুদ্ধে উঠেছে এবং তদন্ত চলছে বলে তাকে চীফ সেক্রেটারী করা হবে না?

স্যার, আর দুএকটা কথা মাননীয় মুখ্যমন্ত্রীকে জিজ্ঞাসা করতে চাই। তিনি খাদ্যের স্টেট ট্রেডিং করতে চলেছেন। আমি স্যার, জানি মাত্র কয়েকদিন আগে যে কয়েকজন চোরাকারবারী ব্যবসায়ীকে ধরা হয়েছে ডি আই রুল-এ যারা ঐ ফ্লাওয়ার বা ময়দা আটা ইত্যাদির ফাটকা করেছে, এবং যাদের একজন পালিয়েছে বলে সংবাদও বেরিয়েছে, তাদের একজনকে ধরেছেন। কিন্তু স্যার আমি বলছি যাদের পলাতক বলে বলা হচেছ তারা কলকাতা সহরে আছে এবং বড় বড় গাড়ী করে অনেক মন্ত্রীর সাথে তাদের যোগাযোগ আছে দেখা করছে ও ঘোরাফেরা করছে। তারা মন্ত্রী মহাশয়দের বাড়ীতে যাচেছ এবং তাদের সাথে সাথেই যোগাযোগ আছে এবং একথা তারাও বলছে। একথা পুলিস অফিসারদের যখন জিজ্ঞাসা করা যায় তাঁরা বলেন কি করি মশাই ধরতে পারছি না, নানা প্রকার টানা পড়েনের মধ্যে আছি। আরও শক্ত হাতে মুখ্য মন্ত্রী যদি নির্দেশ না, দেন তাহলে তাদের ধরা যাবে না। স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই এদের মধ্যে একজন যাকে ধরা হয়েছে কিশোরী চৌধুরী যে বাহাদুরমল এবং সুরজমল এই নামে যে কোম্পানী আছে সে কোম্পানীর প্রোপ্রাইটর। স্যার আপনি এসব শুনলে আশ্চর্য্য হয়ে যাবেন। আমাদের মুখ্যমন্ত্রী খাদ্যের স্টেট ট্রেডিং করতে যাচেছন, অথচ দেখুন আজ কি ঘটছে। ঐ ভদ্রলোকের কোম্পানীর নামে বিভিন্ন ব্যবসা আছে তা স্বনামী ও বেনামীতে আমার কাছে এসবের লিস্ট আছে। এণ্টালী এলাকায় ফেয়ার প্রাইস সপ এর দোকান রয়েছে। তার ফেয়ার প্রাইস সপ, রেশন সপ ইত্যাদির সমস্ত কারবার রয়েছে। অবাক হবেন যে আজকে এই ভদ্রলোককে যে গ্রেপ্তার করা হয়েছে তিনি শাসাচেছন যে আমি সব ফাঁস করে দেবো আমার ধরা হয়েছে আমি অনেক

গুপ্ত খবর জানি। আমি জিজ্ঞাসা করতে চাই পুলিস ময়দা ব্ল্যাক মারকেট করার জন্য তাকে ধরেছে কিন্তু চিনির যে লাইসেন্স বা পারমিট আছে তার তো অবাধে ব্যবসা সে চালিয়ে যাচ্চে? এবং এ ভাবেই তাকে সুযোগ দেওয়া হচ্ছে। স্যার ৫৯টা রেশন ফেয়ার প্রাইস ইত্যাদি সপ আছে এই কলকাতাতে। প্রত্যেক দোকান কে দেবার আগে যারা বেশীর ভাগই ওঁর জানা লোক তাদের কাছ থেকে ১০ হাজার টাকা করে নিয়েছেন। এবং ১০ হাজার টাকা করে নিয়ে প্রায় ৬ লক্ষ টাকার মত নিয়েছেন ঐ কিশোরীলাল চৌধুরী বাহাদুরমল সুরজমল কোম্পানী। শুধু কি তাই? আমি এ ছাড়াও আরো কয়েকটি বিষয় মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের বিধান সভা এবং বিধান মণ্ডলীর সদস্যদের ৪ হাজার ৮ শত কিলো মিটার যে রেলওয়ে কুপন দেওয়া হয় তা নিয়েও ডাবল স্ট্যাণ্ডারড্ হয়। কংগ্রেসের কোন কোন সদস্যকে যিনি অতুল্য ঘোষ মহাশয়ের অত্যন্ত স্নেহভাজন এরূপ বিধান সভার একজন সদস্যকে এক্সট্রা কুপন দেওয়া হয়েছে। আমি স্যার তার নাম বলে দিচ্ছি।

(হৈ চৈ ও গণ্ডগোল)

Mr. Deputy Chairman : Mr. Chakravorty, I remind you that the name of the man who is not here should not be mentioned.

Shri Jagannath Kolay :

কাকে কি কুপন দেওয়া হয়েছে ৪,৮০০ কিলোমিটারর বেশী?

Shri Jatin Chakravorty :

শ্রীআনন্দগোপাল মুখার্জীকে দেওয়া হয়েছে। এর তদন্ত করে দেখা হোক। এটা আমাদের য়্যাসেম্বলীর সেক্রেটারিয়েট থেকে দেওয়া হয়েছে। যিনি পারলামেণ্টারি য়্যাফেয়ার্স-এর মন্ত্রী তিনি খোঁজ করুন। স্যার, এই সদাচার সমিতি যাতে না হয় তা বাধা দেবার চেষ্টা তিনি করেছিলেন। সুতরাং তার সম্পর্কে কিছু বলা দরকার কারণ এই প্রস্তাবেও তার নাম এসে পড়ে।

Mr. Deputy Chairman : You should not mention the name of the man who cannot defend himself.

Shri Jatin Chakravorty :

তার যদি কিছু বলার থাকে মুখ্য মন্ত্রীর মধ্যে সে তা বলবেন।

[4-45—4-55 p.m,]

আমার প্রস্তাবের মধ্যে মিনিষ্টার না হোক, আমার প্রস্তাবের মধ্যে কংগ্রেস নেতাদের কথা আছে রাজনৈতিক দলের নেতাদের কথা আছে।

Mr. Deputy Chairman : Don't make any allegation against a person who is not here.

Shri Jatin Chakravorty :

আমি না হয় নাম না করলাম। ভাল। গত ১১।৮।৬১ তারিখে দর্পণ কাগজে "কংগ্রেসী প্রতিষ্ঠানে পুলিসী তল্লাস" "গুড়াদুধের চোরা কারবার" শিরোনাম দিয়ে যে সংবাদ বেরিয়েছিল, পুলিস কমিশনার সেই সম্পর্কে তদন্ত করছেন। তাতে তার নাম করা হয়েছিল। অতুল্য ঘোষের

স্পষ্ট করে নাম আছে—ওয়েল ফেয়ার বোর্ডের যে গুড়া দুধের যে চোরাকারবার চলছে, এ্যান্টি করাপশান এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ পুলিস কমিশনার সে সম্পর্কে তদন্ত করছেন আণ্ডার দি ডিরেকসন অফ সি. পি. এম. এবং দর্পণ কাগজে লিখেছিল অতুল্য ঘোষ কর্তৃক যেটা ধামাচাপা দেবার অপচেষ্টা। এ কথা যদি মিথ্যা হয়ে থাকে তাহলে তার বিরুদ্ধে কেন তিনি তখন মামলা করলেন না ? একথা আমি জিজ্ঞাসা করি।

Mr. Deputy Chairman : Again you are mentioning about a man who cannot defend himself here

Shri Jatin Chakravorty :

কেন তিনি সেদিন তার বিরুদ্ধে মামলা করলেন না ? প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় এখানে সেদিন একটা ডোনরস লিস্ট পড়লেন। আমি প্রশ্ন করেছিলাম কংগ্রেস ফাণ্ডে কাবা কারা টাকা দেন তিনি সরল বিশ্বাসে একটা লম্বা লিষ্ট পড়লেন তাঁকে যা বুঝিয়ে দেওয়া হয়েছে। এমপায়ার জুট মিলের কথা বললেন। কেলভিন জুট মিলের কথা বললেন। এই সব গুলির ম্যাক ম্যাকলিয়ড গ্রুপএর কর্তা হচ্ছে চিরঞ্জীলাল বাজরিয়া এবং তিনি ইণ্ডিয়ান জুট মিলস এ্যাসোসিয়েসন-এর বড় কর্তা ওয়ান অব দি বসেস স্যার, এই চিরঞ্জীলাল বাজরিয়ার কাছে কংগ্রেস ফাণ্ডের জন্য ঐ কংগ্রেস নেতা তিনি ১০ লক্ষ টাকা চেয়েছিলেন যে দুর্গাপুরে কংগ্রেস অধিবেশন হচ্ছে এবং তিনি ৫ লক্ষ টাকা এই জুট মিলস য়্যাসোসিয়েসন থেকে দিতে চেয়েছিলেন কিন্তু ১০ লক্ষ টাকা যে দিতে তিনি রাজী হয়েছেন, তার একটি সর্ত আছে; সেই সর্ত হলো এই যে ইণ্ডিয়ান জুট মিলস অ্যাসোসিয়েশন তারা চায় ফাইনালস জুট মিলস এ্যাসোসিয়েসন তারা চায় ফাইনানস মিনিস্টার কেন্দ্রীয় সরকারের টি কৃষ্ণমাচারী ইণ্ডিয়ান জুট মিলস এ্যাসোসিয়েশন কে যেন একটা ক্লিয়ারেন্স ফর এক্সপোর্ট ডিউটি দেন। যেটা পাকিস্তান পেয়ে থাকে—কিছু সুযোগ সুবিধা এক্সপোর্ট করার জন্য, সেই ইনসেনটিভ এবং এক্সপোর্ট করার সুযোগ ইণ্ডিয়ান জুট মিলস এ্যাসোসিয়েসন যাতে পায় তার জন্য যদি কৃষ্ণমাচারীকে বলে সেই কংগ্রেস নেতা সুবিধা করে দিতে পারেন, তাহল স্যার, কয়েক কোটি টাকা মুনাফা করতে পারবে এই ইণ্ডিয়ান জুট মিলস এ্যাসোসিয়েসন এবং তার পরিবর্তে তাঁরা যে ৫ লক্ষ টাকা দিতে প্রতিশ্রুত হয়েছে তাছাড়া ও আরো ৫ লক্ষ টাকা তাঁরা দেবেন। এই সর্ত তাঁরা করেছেন। গত ১৭ই আগষ্ট তারিখে এই কংগ্রেস নেতাটি ও আমাদের মুখ্যমন্ত্রী সেদিন দিল্লী গিয়েছিলেন। সেই সময় আই জে এম. এ. থেকে চিরঞ্জীলাল বাজরিয়া এবং আরো কয়েকজন সদস্যের এক ডেলিগেশান দিল্লীতে গিয়ে তাঁরা ঐ কংগ্রেস নেতাকে ধরলেন ও বললেন। তিনি স্যার ক্যানিং লেনে থাকেন। সেখানে গিয়ে তাঁকে ধরলেন। তিনি গিয়ে দেখা করলেন এবং কৃষ্ণমাচারীকে বললেন যে এইটুকু তাদের সুবিধা করে দেওয়া হোক তাঁরা ১০ লক্ষ টাকা দিতে প্রতিশ্রুত হয়েছেন আমার প্রশ্ন হচ্ছে এটা পারসোনাল না, কংগ্রেস ফাণ্ডে যাবে ? এর হিসেবটা কি ? আমি সেটা জানতে চাই। আরো মজা স্যার, ঐ যে ইণ্ডিয়ান জুট মিলস এ্যাসোসিয়েশন বড় শাঁসালো। স্যার যখন কল্যাণী কংগ্রেস হয় সেই সময় এই ইণ্ডিয়ান জুট মিলস এ্যাসোসিয়েশন ১০ লক্ষ টাকা ঐ কংগ্রেস নেতার হাতে দিয়েছিলেন। কেন দিয়েছিলেন ঐ কল্যাণী কংগ্রেসের জন্য এবং তার সর্ত কি ছিল না, ডাঃ বি. সি. রায় তখন মুখ্যমন্ত্রী তাঁকে দিয়ে আমরা তখন শ্রমিকদের পক্ষ থেকে জুট ট্রাইবুনাল ওমনিবাস ট্রাবুনালস এর কথা তুলি এবং ওমনিবাস ট্রাইবুনাল কয়েকমাস পরে হলো। কালীবাবু তখন লেবার মিনিষ্টার। পরলোকগত কালী মুখার্জী মশায় বিধান সভায় দাঁড়িয়ে তিনি প্রতিশ্রুতি দিয়েছিলেন বোনাস ইসু ঐ ট্রাইবুনালের মধ্যে যাবে। এই আই. জে. এম. এ. সর্তকরলো তখন ঐ ১০ লক্ষ টাকা যে দেব—কিন্তু আপনি মুখ্যমন্ত্রী বিধান চন্দ্র রায়কে দিয়ে ট্রাইবুনাল থেকে ঐ বোনাস ইসু ড্রপ করে দিন। স্যার, তাই হল। কল্যাণী কংগ্রেসের জন্য ১০ লক্ষ টাকা তিনি পেলেন। জুট ট্রাইবুনাল যখন তখন ঐ বোনাস ইসু তা থেকে এক্সক্লুডেড হলো। যখন কালীবাবুর কাছে আমরা গেলাম, তখন তিনি দুঃখ করলেন এবং বললেন কল্যাণী কংগ্রেস তোমাদের বোনাস খেয়ে ফেলেছে। ১০ লক্ষ টাকার বিনিময়ে লক্ষ লক্ষ......

Shri Jagannath Kolay :

অন এ পয়েণ্ট অব অর্ডার—তিনি এখানে নাই—মুখ্যমন্ত্রী এখানে নাই—অথচ উনি তাঁর কথা বলছেন......

Shri Jatin Chakravorty :

তাঁর কথা তো আমি বলছি না। আবার এখন বোনাস ইস্যু এসেছে—বোনাস এগ্রিমেণ্ট করেছে এবং বোনাসের রায়ও বেরিয়েছে—২ পারসেণ্ট থেকে ২.৫ পারসেণ্ট জুট ইণ্ডাস্ট্রিতে বোনাস দেওয়া হয় তাতে টোটাল খরচ পড়ে ২০ থেকে ৩৫ লক্ষ টাকা। কিন্তু বোনাস কমিশনের রেকমেণ্ডেসন যে করেছে সেই অনুসারে দিতে গেলে ৭০ থেকে ৭৫ লক্ষ টাকা দিতে হবে এই ৪০ লক্ষ টাকা বাঁচাবার জন্য চীরঞ্জীলাল বাজোরিয়া ঐ কংগ্রেস নেতার স্মরণাপন্ন হয়েছে। মুখ্যমন্ত্রীর কাছে এসেছিল আই. জি. এম-এর লোকরা। অস্বীকার করতে পারেন না। মুখ্যমন্ত্রী বলেছেন আমি এ সব জানি না, লেবার মিনিস্টারের কাছে যাও—এই বলে তিনি তাদের কাটিয়েছেন। আমি তাঁকে সাধুবাদ দিই। আমাদের যিনি লেবার মিনিস্টার তিনি খুব কঠিন মনোভাব অবলম্বন করেছেন—তাই ঐ আই. জি এম-এর লোকরা ঐ চীরঞ্জীলাল বাজোরিয়া ঐ কংগ্রেস নেতার কাছে গেছেন এবং বলেছে যে ৪০ লক্ষ টাকা আমাদের বেশী দিতে হবে—সেই ৪০ লক্ষ টাকার কিছু অংশ কংগ্রেস ফাণ্ডে দিতে হয়। সুতরাং আজকে সেই চক্রান্ত হয়ে চলেছে। শ্রমিকদের ন্যায্য দাবী আজকে কংগ্রেস ফাণ্ডে টাকা দিয়ে ঐ লক্ষ লক্ষ কোটি কোটি যে মুনাফা করেছে সেই মুনাফা থেকে শ্রমিকদের বঞ্চিত করবার চক্রান্ত চলেছে। ৩ লক্ষ টন চাল উড়িষ্যা থেকে আমাদের পাবার কথা ছিল। মুখ্যমন্ত্রী বলেছেন মাত্র ৮৪ হাজার টন আমরা পেয়েছি। কেন পেয়েছি—কেন উড়িষ্যা চাল দেয় নি—কারণ কি? কারণ হোল—কথা ছিল গভর্নমেণ্টে লেভেলে নেসিনারী সেট-আপ করতে হবে সেই চাল আনার জন্য। তার পরিবর্তে লিফটিং এজেণ্ট ঠিক করা হোল তাকে এ্যাপয়েণ্ট করা হোল এবং উড়িষ্যা থেকে যে চাল কলকাতায় আসবার কথা সেটা ডাইভার্টেড হতে লাগলো ঐ লিফটিং এজেণ্টের দ্বারা। মফঃস্বলে তথাকথিত স্কেয়ারসিটি এরিয়ায় বাই লরী এণ্ড ট্রাক চাল নিয়ে গিয়ে সেটা ব্ল্যাক মার্কেট হতে লাগলো। কিন্তু কেন সুযোগ দেওয়া হোল?—কেন না ঐ কংগ্রেস নেতা আপনারা যার নাম করতে বারণ করেছেন তিনি একটি লেভি বসিয়েছিলেন লিফটিং এজেণ্টদের উপর যে ৫ টাকা করে পার টন দিতে হবে। তাই এখানে ৮৪ হাজার টন এসেছে। তাহলে টাকাটা হিসাব করে দেখুন প্রায় ৪।৫ লক্ষ টাকা। আমি জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রী এখানে আছে যে কংগ্রেস ওয়ার্কিং কমিটিতে বিজু পট্টনায়ক মুখ্যমন্ত্রী উড়িষ্যার বিরুদ্ধে অভিযোগ করেন যখন যে ৩ লক্ষ টনের জায়গায় ৮৪ হাজার টন পেয়েছি—তিনি তার জবাবে এই বলেছিলেন যে কেন দেব—উড়িষ্যার ব্যবসায়ীরা সেই টাকা পাবে না—তাদের সেই টাকা মারবেন—এ হবে না—তিনি বলেছিলেন যে উড়িষ্যার ব্যবসায়ীরা এই দাম থেকে বঞ্চিত হবে কেন? জিজ্ঞাসা করি মুখ্যমন্ত্রী আছেন যখন উড়িষ্যার মন্ত্রী এখানে এসেছিলেন তখন তাঁকে ব্যক্তিগতভাবে রাইটার্সবিল্ডিংসয়ে একথা বলেছিলেন কিনা? এবং আমি আপনাকে বলছি এনফোর্সমেণ্ট ব্রাঞ্চ থেকে তদন্ত সুরু হয়েছিল—বলুন প্রফুল্লবাবু—আপনি তো সদাচার সমিতি চান—আপনার তো সদিচ্ছা আছে দুর্নীতি বন্ধ করার জন্য—জিজ্ঞাসা করতে চাই মুখ্যমন্ত্রীর কাছে যে বি. এন. ইলিয়াস এণ্ড কোং দু মাস আগে কাষ্টম বিভাগ থেকে ফরেন এক্সচেঞ্জ ইভেসনের জন্য সেখানে সার্চ করা হয়েছিল—আমি গত কাল রাত্রে গিয়ে খোঁজ করে এসেছি—আমার কথা সত্য যে চেকের কাউণ্টারফয়েলস—সেটা কাষ্টম ডিপার্টমেণ্ট থেকে নিয়েছে তাতে প্রায় ৪০ হাজার টাকার মত বেয়ারার চেক দেওয়া হয়েছে ঐ কংগ্রেস নেতাকে। আমার জিজ্ঞাস্য হচ্ছে যে কিভাবে সেই টাকা তিনি খরচ করেছেন সেটা তদন্ত করুন কংগ্রেস পার্টি থেকে। শুধু কি তাই—সেই টাকা কংগ্রেস ফাণ্ড-এ দেওয়া হয়েছি কিনা—তিনি ব্যক্তিগতভাবে খরচ করেছেন তার তদন্ত করা হোক—কাষ্টম বিভাগের কাছে সে সম্পর্কে ঐ চেকমুড়ি—কাউণ্টারফয়েলস—তার মধ্যে রয়েছে তার নাম—কিভাবে সেটা এলো—কত টাকা দেওয়া হোল বা কেন দেওয়া হোল সেটা তদন্ত হোক।

4-55—5 p.m.]

শুধু তাই? স্যার কংগ্রেসদলের পক্ষ থেকে বিরোধী দলের পক্ষ থেকে আই. এন. টি. ইউ. সি'র পক্ষ থেকে এ. আই. টি. ইউ. সি.র পক্ষ থেকে, হিন্দু মজদুর সভার পক্ষ থেকে, ইউনাইটেড ট্রেড ইউনিয়ন কংগ্রেস-এর পক্ষ থেকে যার সাথে আমি জড়িত এই সবের পক্ষ থেকে ব্যাঙ্ক ন্যাসনালাইজ করা হোক এই দাবী করা হয়েছিল। লোকসভায়ও কংগ্রেস দলের পক্ষ থেকে এই প্রস্তাব এসেছিল ব্যাঙ্ক যদি ন্যাসনালাইজ হয় তা হলে অসুবিধা হবে, পশ্চিমবাংলার সমস্ত ট্রেড ইউনিয়ন ব্যাঙ্ক ন্যাশনালাইজেসন-এর দাবী জানিয়েছে। কিন্তু দেখা গেল ঐ কংগ্রেস নেতা যিনি ব্যাঙ্ক-এর ইউনিয়ন-এর সঙ্গে যুক্ত তিনি চেষ্টা করছেন যাতে এ না হয়। কিন্তু তাঁর একটুও কংগ্রেস-এর কেন্দ্রীয় সংগঠনের সাথে ঐ শ্রমিকদের সাথে তার একটু যোগাযোগ নেই। ঘটনায় দেখা গেল যে ইউনাইটেড ব্যাঙ্ক অব ইণ্ডিয়া এর পক্ষ থেকে তার যে ম্যানেজিং ডাইরেক্টর বটু দত্ত মহাশয় ২৫ হাজার টাকার জন্য সেই কংগ্রেসে নেতা টেলিফোন করলে একজন গিয়ে তা নিয়ে এসেছিল। আসবার পরে, ঐ যে একটা দালাল ব্যাঙ্ক কর্মচারীদের ইউনিয়ন তারা বললো আমরা এ কথাই আওয়াজ তুলবো যে ব্যাঙ্ক ন্যাসনালাইজেসন আমরা চাই না। এবং ২৫ হাজার টাকা এই ভাবে তিনি নিয়ে এসেছেন, কংগ্রেস বিরোধী শ্রমিক বিরোধী. আই. এন. টি. ইউ. সি. বিরোধী, এ. আই. টি. ইউ. সি. বিরোধী, এবং ইউ. টি. ইউ. সি. বিরোধী তিনি কাজ করে চলেছেন. আমি কয়েকদিন আগেই এই হাউসে বলেছিলাম যে সাতলক্ষ টাকা বেনেট কোলম্যান কোম্পানীর কাছ থেকে নেওয়া হয়েছে। একটা সংবাদপত্রে যে সংবাদপত্র ঐ কংগ্রেস নেতা পরিচালিত করেন তারা প্রকাশ করেছেন। এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এর প্রতিবাদ করতে পারেন নি। আমার বাড়ীতে কংগ্রেস ভবন থেকে ২ দিন টেলিফোন করা হয়েছিল। বিশিষ্ট নেতা টেলিফোন করে বলেছিলেন এ কথা সত্য নয়, আমি বলেছিলাম যে মুখ্যমন্ত্রীকে দিয়ে প্রতিবাদ করান। সাত লক্ষ টাকা দিয়ে রোটারি মেসিন কেনা হয়েছে। বেনেট কোলম্যান কম্পানী যার বিরুদ্ধে ঐ কম্পানীর ল অ্যাণ্ড এডমিনিস্ট্রেসন-এর মামলা চলেছে। কথা হচ্ছে যে এস পি. জৈন এই কম্পানী থেকে সরাবার জন্যও মামলা হচ্ছে বলছেন আমাদের তারা টাকা দেয় নি। বটু দত্ত মহাশয় টাকা দিয়েছেন ইউনাইটেড ব্যাঙ্ক এর পক্ষ থেকে আমি তদন্ত করে দেখলাম যে বেনেট কোলম্যান কম্পেনী ২ কোটি টাকার মত এ্যাকাউণ্ট ইউনাইটেড ব্যাঙ্ক-এ আছে। তারা বলে দিয়েছিলেন যে বেনেট কোলম্যান কম্পানীর ম্যানেজিং ডিরেক্টরকে ওদের ৭ লক্ষ টাকা দিয়ে দাও। নূতন মেসিনারি আসুক। ওখানে নূতন রোটারি মেসিন বসান হয়েছে। আমি আরও জিজ্ঞাসা করছি যে বাঁকুড়ায় যেটা ঘটেছে তা কি সত্য নয়। বাঁকুড়ায় কংগ্রেস নেতার লক্ষ টাকা দিয়ে তৈরী বাড়ী আছে। দেওলাগড় বলে জায়গাতে ঐ কংগ্রেস নেতার বাড়ী। স্যার, বাঁকুড়া থেকে খাতরা পর্য্যন্ত ২৮ মাইল রাস্তা, ঐ রাস্তা হঠাৎ ডাইভারসন করে দেওয়া হল দেওলাগড়ের জন্য। দেখবেন ২৫ বিঘা জমির উপর বাড়ী আছে তাঁর গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া ৪ লক্ষ টাকা খরচ করেছে তাদের টাকা নিয়ে ওয়েস্ট বেঙ্গল গভর্নমেণ্ট ঐ ডাইভারসন করে দিল ঐ ৪ মাইল রাস্তা। বাঁকুড়া থেকে কারণ হল খাতরায় যেতে হবে। অথচ অজুহাত কি? হঠাৎ দেখা গেল রাতারাতি একটা কো-অপারেটিভ সোসাইটি গজাল. কিসের কো-অপারেটিভ সোসাইটি না লিদার কো-অপারেটিভ, সোসাইটি। তাতে কে কে আছেন? আমাদের যিনি মন্ত্রী তিনি উপস্থিত নেই, আভা মাইতি মহাশয়া আছেন ও কংগ্রেসের আর একজন নেতা অপরেশ চন্দ্র ভট্টাচার্য্য রাস্তা তৈরী হল এই কো-অপারেটিভ সোসাইটি-এর অজুহাত দেখিয়ে কিন্তু তারপর কো-অপারেটিভ সোসাইটি লালবাতি জ্বলেছিলো এবং তার কাজ শেষ হয়েও গেল। আমি জিজ্ঞাসা করছি ঐ খাতরার যে ফরেস্ট রেনজ ছিল তার কি হলো? আমাদের চীফ হুইপ স্যার লয়ালটি দেখাচ্ছেন।

(নয়েজ)

Shri Jagannath Kolay :

সব তো উনি বাজে কথা বলছেন।

Shri Jatin Chakravorty :

মোটেই বাজে কথা নয়, সবই কাজের কথা। আমাদের চীফ হুইপ যে লয়ালটি দেখাতে চান, তাঁর সেই লয়ালটিতে কিছু হবে না।

Shri Sasanka Sekhar Sanayal :

That is a different matter.

Shri Mohit Kumar Moitra : Sir, you are there the custodian of the privileges of this House and you are controlling the proceedings of the House. If the Speaker uttered any *bajeh katha,* you certainly would have pulled him down, but you did not do that. You did not think all that to be *bajeh katha.*

Shri Jatin Chakravorty:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি জিজ্ঞাসা করতে চাই ঐ খাতরা থেকে যে ফরেস্ট রেঞ্জার্স অফিস ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্টের সেখান থেকে ২৫ জন কর্মচারীকে নিয়ে গিয়ে দেওলাগড়ে কিছু ওখানে গাছগাছড়া জঙ্গল, বন বাগান ইত্যাদি তৈরী করা হয়েছে সেই ২৫ বিঘা জমির উপর আজকে সেই ডিপার্টমেণ্টের সেখানে বাগান টাগান হয়েছে বলে ফরেস্ট রেঞ্জার্স অফিস সেখানে সিফট করা হয়েছে কিনা এবং আমি জিজ্ঞাসা করতে চাই এই টাকা তিনি কোথায় পেলেন ঐ কংগ্রেস নেতা কোথায় পেলেন? ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট-এর কাছে তা বেচবার জন্য নিগোসিয়েসন করা হয়েছে? তার দর চেয়েছেন সাড়ে চার লক্ষ টাকা। বিধান সভায় এ বছর এটা ওঠে; বেচে দেওয়া হোক। সাড়ে চার লক্ষ টাকার দর হচ্ছে, তাতে তৈরী হতে পারে। জিজ্ঞাসা করতে চাই—সেটা যদি বেনামী হয়ে থাকে—হতে পারে, বেনামী হলে ইনকাম ট্যাক্স ওয়েলথ ট্যাক্স যে দান করছে তাকে গিফট ট্যাক্স ইত্যাদি এগুলো দিতে হবে এবং এই ইনকাম ট্যাক্স ওয়েলথ ট্যাক্স, গিফট দিয়া সেগুলি দেওয়া হয়েছে কিনা? সেটা আমি জানতে চাই। এও শুনেছি দেওলাগড়ের বাড়ীতে কোন তরুণ মন্ত্রী তিনি নাকি সংবাদপত্রের য্যাকাউণ্ট থেকে সেখানে ডাইনামো ফিট করবার সমস্ত খরচ তিনি সেখানে দিয়েছেন।

স্যার, আমার শেষ কথা হলো এই—এই যে দুর্নীতি চলছে এবং আরো তথ্য আমার কাছে আছে যা সময়াভাবে এখানে পেশ করতে পারছি না; স্যার জি এল নন্দের কাছে আমি লিখেছি কয়েকদিন আগে জনৈক বিধান পরিষদের সদস্য সম্পর্কে এবং ভূতপূর্ব মন্ত্রী সম্পর্কে শ্রীপ্রবীর চন্দ্র জানা এবং চারুচন্দ্র মহান্তী এদের নামে নিয়ে বসুমতীতে ফোটোস্ট্যাট কপি ছবি বেরিয়েছে। সেখানে তারা কিভাবে দু হাজার টাকা ঘুষ দেবার কথা বলছে। সেই সমস্ত কথা বিস্তারিত ভাবে বেরিয়েছে। আমার কথা হচ্ছে কংগ্রেস নেতা কংগ্রেস মন্ত্রী তাঁহারা যদি আজকে এইসব কারন এর সাথে আমরা কি দেখছি; আমরা দেখছি যে ঐ কংগ্রেস নেতার একজন এই বিধান পরিষদের সদস্য দু হাজার টাকা মুখ্যমন্ত্রী টাকা তাঁকে দিয়েছেন। একটা স্কুলেতে একটা টিউবওয়েল করবার জন্য এবং তার থেকে এক হাজার টাকা সেই স্কুলে দিয়েছেন, আর এক হাজার টাকা স্কুলে জমা দেন নাই। এই অভিযোগ সম্পর্কে একটি মেমোর‍্যাণ্ডাম সাবমিট করা হয়েছে গুলজারিলাল নন্দের কাছে। লোক্যাল কংগ্রেস নেতারা. এটা করেছেন। আরো মজা এই স্যার আমাদের যিনি মন্ত্রী আভা মাইতি মহোদয় তাঁর যে বাড়ী, সেই বাড়ী দেখছি একটি

den of corruption—P.14, Durga Charan Mitra Street

এ সম্পর্কে বসুমতীতে একটি চিঠি বের করেছেন টাকা ঘুষ চাওয়া হচ্ছে। আমি আর একটি চিঠির ফোটোস্ট্যাণ্ট কপি পড়ছি ঐ ঠিকানা থেকে। আপনি দেখতে চান তো দেখতে পারেন স্যার। কি লিখেছে? তাতে লিখেছে এই আমাদের এই বাসার একটি মেয়ের চাকরীর জন্য দশম শ্রেণীর সার্টিফিকেট প্রয়োজন। ওকে সপ্তম শ্রেণীতে ভর্তি করতে হবে এবং আমাদের স্কুলের দশম শ্রেণীতে অধ্যয়নকালীন গত ১৫।১১।৬২ সাল থেকে পড়া বন্ধ করেছে

হলে দেখাতে হবে ঐ দিন ওর বয়স ২০ বৎসর ২ মাস এবং জন্মের তারিখ হবে ১৫।৮।৪২ সার্টিফিকেটে ২০।১২।৬৩ তারিখ দিয়ে দেবে। অতি অবশ্য অবশ্য। পি-১৪, দুর্গাচরণ মিত্র ষ্ট্রীট, এই ঠিকানায় পাঠাবেন। মেয়ের নাম কুমারী মঞ্জু নাথ, পিতা স্বর্গীয় নগেন্দ্র নাথ নাথ।

তারপরের কথা আরো মজার তার পর আরও মজা বিষয়টি অত্যন্ত জরুরী ও গোপনীয়, সার্টিফিকেট ফাইলের পেছন দিক থেকে একটি পাতা অথবা অব্যবহার্য্য ফর্ম থেকে নিয়ে তুমি নিজে লিখিয়া হেডমাষ্টারের সই নিজে করিয়া পাঠাবে। অপর কেউ এ বিষয় জানিবে না। জ্যাঠাবাবু রবীন্দ্রনাথ গিরি বা প্রবীর চন্দ্র জানা অথবা ঐ যে মন্ত্রী মহোদয় তাঁর বাড়ীর ঠিকানা থেকে এই চিঠি যেটা দুর্নীতির চরম সেই রকম নোংরা কাজ এখান থেকে চলছে। সুতরাং এই যদি চলে তাহলে, আমার প্রশ্ন এখানে দুর্নীতি যেভাবে প্রতিরন্ধ্রে রন্ধ্রে, উচ্চতম সরকারী কর্মচারী মহল আই. জি. থেকে সুরু করে এ. বি. গাঙ্গুলী যাঁকে চীফ সেক্রেটারী করার কথা হচ্ছে তাতে সকলেই নিস্পেষিত হচ্ছে। এবং তারজন্য পশ্চিমবাংলার সর্বভারতীয় নেতা শ্রীঅতুল্য ঘোষ মহাশয় যাঁর সম্পর্কে এই সমস্ত কথাগুলি আমি বললাম সবই তাঁর সম্পর্কে প্রযোজ্য।

[5-5—5-15 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal :

স্যার, আমার বন্ধু মন্ত্রী মহোদয়দের পেছনে যারা দুর্নীতি করছে তাদের দেখাতে চাই এবং আইন অনুসারে গভর্নর এবং এই যে মন্ত্রীমণ্ডলী, এই যে একসিকিউটিভ, এঁরা সবাই করাপট। করাপসন এর একটা মানে আছে ইংরাজী ডিকসনারিতে। ডাঃ ব্যানার্জি জানেন যে করাপসন-এর আর একটা মানে হচ্ছে পারভারসন। আমি দেখাবো যে পারভারসন হয়েছে গভর্নর-এর এবং মিনিস্ট্রিতে। গভর্নর য্যাপয়েনটেড হন আর্টিকল ১৫৬ অনুসারে

The Governor shall hold office during the pleasure of the President. Subject to the foregoing provisions the Governors shall hold office for a term of 5 years from the date on which he enters upon his office.

Provided that a Governor shall, notwithstanding the expiration of his term, continue to hold office untill his successor enters upon his office.

আর্টিকল ৫৭ অনুযায়ী আউটগোইং প্রেসিডেন্ট রি-ইলেকসন সিক করতে পারেন। কিন্তু আর্টিকল ১৫৬তে য্যাপয়েন্টমেন্ট হোল ৫ বছরের জন্য, তার বেশী এক্সটেনসন হতে পারে না। ১৯৫৬ এর থার্ড নভেম্বর শ্রীমতী পদ্মজা নাইডু গভর্নর য্যাপয়েন্টেড হয়েছিলেন। তাঁর মেয়াদ ফুরিয়ে গেল ১৯৬১ সালের নভেম্বর তিনি কেয়ারটেকার হিসাবে ২।৩ দিন থাকতে পারেন

extra until her successor enters upon office

তার মানে সাকসেসর ইজ য্যাপয়েনটেড। এনটার করতে অর এরোপ্লেন আসতে দেরী হয়েছে কিংবা হঠাৎ অসুস্থ হয়ে পড়েছে সেই অবস্থায় তিনি হোল্ড ওভার করতে পারেন। আমি এই হাউসের কাছে জিজ্ঞাসা করি ৫ বছর তাঁর মেয়াদ থার্ড নভেম্বর ১৯৬১ শেষ হয়ে গেল এখন আরও তিন বছর কি কোয়ারটেকার য্যারেঞ্জমেন্ট করে চলছে। তার চেয়েও দেখছি যারা আমাদের শিক্ষাবিদ যারা আমাদের জননায়ক, যাঁরা আমাদের সাধনার চিন্তা দেবেন তাঁরাই বেশী করে কোরাপ্টেড হয়ে গেছেন। তারপর আসুন এই যে আমাদের গভর্নমেণ্ট অর্থাৎ মিনিস্ট্রি তাঁদের দুটি রেসপনসিবিলিটি আছে। একটি রেসপনসিবিলিটি হচ্ছে

Responsibility to the Assemhly by Votes

আর একটা হচ্ছে

Responsibility to the people.

সেটা হচ্ছে সেডিউল 'ভি' তে ওথ নিতে হয়েছে

I will do right to all manner of people

আমি মন্ত্রী মহাশয়কে জিজ্ঞাসা করছি যে উনি কি জোর করে বলতে পানে যে ভোটার্সরা ওর পেছনে আছেন। হাউসে সংখ্যা বেশী আছে বা বাইরে ভোট বেশী পেয়েছেন। কিন্তু এটা অত্যন্ত ভুল ধারণা মাত্র একটা রেসপনসিবিলিটি হচ্ছে কাউনসিল ও য়্যাসেম্বলী কিন্তু আর একটা হচ্ছে Majority of votes not majority of the people সেখানে বলতে হচ্ছে I will do right to all manner of people.

আজকে কি অবস্থা দাঁড়িয়েছে? মন্ত্রী মহাশয়রা বিশেষ করে খাদ্যমন্ত্রী আমার সঙ্গে চলুন কোন খাদ্যের দোকানে দেখবেন সেখানে কিউ পড়েছে। ঐ মন্ত্রী মণ্ডলীকে কি ভাবে লোক আশীর্বাদ করছে। তারা এই কথা শুনে আসুন। আমাদের মৎস্য মন্ত্রীও র‍্যাট মন্ত্রী হয়ে গেছেন। ফজলুল রহমন সাহেবের জেলা নদীয়া শ্রীচৈতন্যদেব সেখানে মৎস্য ছাড়িয়ে দিয়ে বৈষ্ণব করে গিয়েছিলেন এখন আবার তিনি গৌরাঙ্গ অবতার হয়ে র‍্যাট অবতার হয়ে তিনি সমগ্র বাংলা দেশকে সধবা অবস্থা থেকে বিধবা অবস্থায় রূপান্তরিত করলেন। যদি এই অবস্থা চলে তা হলে কি হবে? একথা বাসে চলুন দেখবেন ঐ স্টেট বাসে এগিয়ে দাঁড়ালে শুনবেন লোকেরা গভর্নমেণ্টকে কি ভাবে ধিক্কার দিচ্ছে। কংগ্রেসের মেমবার যারা তাঁদের বাড়ীর ভেতরে যান দেখবেন সেখানে গৃহিনীরা মিনিস্ট্রিকে ধিক্কার দিচ্ছে রেল স্টেসন দেখবেন সেখানে প্রতিটা লোক ধিক্কার দিচ্ছে, হাসপাতালে যান দেখবেন প্রতিটি রুগী ধিককার দিচ্ছে, এই ভাবে প্রফেসরস স্টুডেণ্টস ইত্যাদি সকলেই ধিককার দিচ্ছে। শুধু ভোট এর জোরে য়্যাসেমব্লি মেজরিটি নিয়ে বলছেন (এ ভয়েস—ভোট টা কার?) ভোটটা ভোটারের এর

আপনাদের ধৈর্য্য সহকারে এই শুনা পড়া উচিত থার্ড সেডিউলএ আছে, কাজেই আমি বলছি যে আপনারা করাপট হয়েছেন। গভর্নর একসিকিউটিভ হেড তিনি যখন করাপট হয়ে গেছেন। ল এ যদি আনসিটেড হয়ে থাকেন সেখানে আপনারা ত আছেন গভর্নরকে য়্যাডভাইস দেবার জন্য। গভর্নর-এর যদি আইন কানুনেব অস্থিরতা তা হলে আপনাদের য়্যাডভাইসারী ক্যাপাসিটি কোথা থেকে আসবে।

Dr. Srikumar Banerjee:

এটা কি সদাচার সমিতির পারভিউ-এর মধ্যে পড়ে?

Shri Sasanka Sekhar Sanyal:

I am saying that the Governor's is corrupt and the ministry is corrupt এবং এই হল গভর্নর লেজিসলেচার এর উয়িং তিনি যদি আইন অনুসারে না থাকেন তা হলে লেজিসলেচার এর অবস্থা কি দাঁড়াচ্ছে সেই জন্য সদাচার সমিতিতে যে কথা বলতে তা হল আর্টিকল ৩৫৬এ এটা পড়ে গেছে এবং এই গভর্নমেণ্ট গায়ের জোরে টেঁকে আছে। তাকে আমরা সরাতে পাচ্ছি না কিন্তু কনসটিটুসন এ-এর বিধান আছে।

Shri Upendra Nath Barman:

সুপ্রিম কোর্ট ত আছে।

Shri Sasanka Sekhar Sanyal:

সুপ্রিম কোর্ট-এর দরকার নেই। এখানে আছে, এখানে বলছে যখন প্রেসিডেণ্ট আরটিকল ৩৫৬এ বলেছে

if the President, on receipt of a report from the Governor of a state or otherwise যে গভর্নর নিজে করাপট তিনি রিপোর্ট করবেন না। আপনি স্যার এখানে বসে আছেন আপনি একটা বড় হাউসে রিপ্রেজেনটেটিভ আদার ওয়াইজ এটা হয় কি করে আপনাকে রিপোর্ট করুন এবং সে রিপোর্ট এ বলতে হবে

The State cannot be carried on, the Government of the State cannot be carried on in accordance with the provisions of this constitution because the oath has been forfeited the oath has betrayed, the Governor is there on outlaw, therefore, the Government cannot be carried on in accordance with the provisions of this constitution.

এবং তখন প্রেসিডেণ্ট

may assume to himself all or any of the functions of the Government of the State and all or any of the powers vested in or exercisable by the Governor or anybody or authority in the State other than the Legislature of the State.

আর আমাদের অবস্থা কি হবে?

The President may declare that the powers of the Legislature of the State shall be exercisable by or under the authority of Parliament.

এই যে কনস্টিটুসন এত গুলি প্রভিসনস আছে এগুলি কি রিডানডাণ্ট? এইগুলি কি সুপার ফ্লুয়াস এগুলি কি

meant to be used in serious situations.

আজকে স্টেট-এর যে অবস্থা দাড়িয়েছে করাপসন-এর রেজাল্ট কি হচ্ছে? আজকে

Legal corruption, contributional corruption, financial corruption, moral corruption, intellectuanl corruption and overall corruption.

এখন এ অবস্থায় কি বলবো

the Government of the State cannot be carried on in accordance with the provisions of the constitution and law.

Mr. Deputy Chairman : You speak on your amendment.

Shri Sasanka Sekhar Sanyal : I am speaking on the motion I do not move of my amendment

আমি আপনাকে অনুরোধ করছি

You Sir, as the representative of this House and, to some extent, as representative of the province of West Bengal.

আপনি রিপোর্ট করুন।

[5-15—5-25 p.m.]

আপনি রিপোর্ট করুন—আমরা এই মিনিস্টারদের ধরে ওখান থেকে নামিয়ে দেই—লেজিসলেচারটা এক হয়ে যাক—আমরা মুখোমুখি হই পার্লামেণ্টের সামনে। আজকে আমার বন্ধু যতীনবাবু বলেছেন যে আশুঘোষ মহাশয় সম্বন্ধে প্রসিকিউসন হয়েছে। আশু ঘোষ মহাশয় যতদিন মন্ত্রী ছিলেন, ততদিন তাঁর গলদ আমরা কেউ ধরতে পারিনি বা পুলিস ও ধরতে পারে নি আমরা জানি মন্ত্রীদের মধ্যে অত্যন্ত ভাল লোক আছেন, যাঁরা আছেন তাঁরা অত্যন্ত শ্রদ্ধা পাত্র। কিন্তু শ্রদ্ধা ও বন্ধুত্বের চেয়ে বড় নিশ্চয়ই হচ্ছে একটা প্রভিন্সের নিরাপত্তা। তার আওতায় কি কি করাপসন হচ্ছে, কারা কারা করছে এটা জানবার জন্য প্রথম দরকার হচ্ছে তাদের মিনিষ্টারের গদি থেকে সরে আসবো এবং পার্লামেণ্ট ও লেজিসলেচারের মোকাবিলা হবো এবং তখন আমাদের পক্ষে পার্লামেণ্টে যাঁরা সুপারভাইস করবেন তাঁদের কাছে বলা সম্ভব হবে যে মিনিস্টারদের মধ্যে কেউ বা কার ডাইরেক্টলি অথবা ইনডাইরেক্টলি কোন করাপসন-এর সাথে ইনভলভড আছেন। তার কারণ আজ যদি প্রফুল্ল চন্দ্র সেন মহাশয় তিনি যদি গিলটি অব করাপসন হন, তাহলে তাঁকে পুলিস প্রসিকিউট করবে না।

Because he is the Government and his department cannot prosecute him.

সুতরাং তাঁকে প্রসিকিউট করাতে হবে পরে তাঁকে ঐ গদি থেকে নেমে এসে এখানে বসতে হবে অরডিনারি মেম্বারের মত

So that it may be possible for the Parliament to direct the arms of law and order to pursue him and prosecute him.

তা না হলে সদাচার সমিতির কোন মূল্য নাই। সদাচার সমিতির যদি কোন গভর্নমেণ্ট লেভেলে করাপসন ধরাতে হয়, তবে আজকে যারা গভর্নমেণ্টের হেড আছেন তাঁদেরকে সদাচারণ অবলম্বন করে সাধারণ পর্য্যায়ে নেমে আসতে হবে। এটাই হলো আমার নিবেদন।

Shri Manoranjan Sen Gupta : I beg to move that in line 2, after the word "Government" the words "from the highest to the lowest cadre" be inserted.

I also move that in lines 5-6, for the words "high Government officials" the words "Government officials, high as well as low" be substituted.

I further move that the following be added at the end, namely :

"This Council is further of opinion that moral and religious education should be intoroduced in schools and colleges under Universities in West Bengal and that every sitting of either House of the State Legislature should begin with a prayer to God on universal basis and for that purpose the Central Government may be requested to amend the Constitution, if necessary."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি প্রথমে নমস্কার জানাই আমার বন্ধু যতীন চক্রবর্তীকে যে তিনি যে রকম নির্ভীকভাবে এবং সাহসিকতার সঙ্গে লোমহর্ষণ সমস্ত আনাচার এবং দুর্নীতির ঘটনা—উচ্চস্তরের কথা, বিবৃত করলেন, তাতে তাঁকে আমি ধন্যবাদ দেব। তাঁকে আমার নমস্কার জানাচ্ছি। এই রকম সমস্ত ঘটনা যদি ইংল্যাণ্ডে বা অন্যকোন সভ্যদেশে উদঘাটিত হতো তাহলে, আমি জোর করে বলতে পারি, তার পরদিনই সেখানকার মন্ত্রীসভার পতন ঘটতো। আপনি জানেন স্যার, ইংল্যাণ্ডে কীলারকে নিয়ে কত কি কাণ্ড হলো। তার ফলেতে একজন মন্ত্রী সেখানে জড়িত ছিলেন বলে ইংল্যাণ্ডের মন্ত্রীসভা পতনোন্মুখ হয়েছিল, এবং পরিণামে প্রধান মন্ত্রীকে পর্যন্ত সেখানে পদত্যাগ করতে হয়েছিল। সেখানে পাবলিক ওপিনিয়ন এত ষ্ট্রং। এখানে ভোটের মূল্য কি আছে। এখানতে ডেমোক্রেসি মানে হচ্ছে ইললিটারেট ভোটার অধিকাংশ এবং টাকার জোরে করা পটমেন যাঁরা আছেন আজকে যাঁরা ব্ল্যাক মার্কেটার্স প্রফিটিয়ার্স এর জোরে আপনাদের কংগ্রেস আজ ওখানে সমাসীন রয়েছে। আমি এই কথা বলবো আপনাদের সতীশ চন্দ্র দাসগুপ্ত যিনি ছিলেন কংগ্রেসম্যান এবং সকলের নমস্য, তিনি একটি প্যামফলেট বের করেছেন, তার অষ্টম পৃষ্ঠায় তিনি বলে গেছেন

And it is Jawaharlal's Congress Party itself that has initiated this progress, viz. the corrupt practice of winning elections by securing votes by spending money.

এইভাবে আপনারা আজকে কংগ্রেসের মেজরিটি নিয়ে ডেমোক্রেসীর নামে ঐ আসনে অধিষ্ঠিত হয়েছেন এবং যেভাবে দুর্নীতির সুবিধা গ্রহণ করে, অনেক সদস্য যেভাবে অনাচার দুর্নীতি করে দেশটাকে ডুবিয়ে নিয়ে যাচ্ছেন, তাতে তাঁরা একটা অসহ্য অবস্থার সৃষ্টি করেছেন। য়্যাডালটারেসন সর্বত্র চলছে খাদ্যে ভেজাল, ওষুধে ভেজাল এবং সমস্ত খাদ্য দ্রব্য দুষ্প্রাপ্য হয়েছে এই ১৭ বছর কংগ্রেসের শাসনের ফলেতে। যে মহাত্মা গান্ধীর নেতৃত্বে যাঁরা দেশকে একদিন স্বাধীন করেছিলেন তাঁর যে শিষ্য, অনুশিষ্য উপশিষ্য আজ প্রতিষ্ঠিত আছেন—তাদের কাছে আশা করেছিলাম হাজার বছর পরাধীনতার পরে আমাদের দেশ সর্বপ্রকার কলুষমুক্ত হবে। আজ দুর্নীতি হাই য়্যাণ্ড লো চতুর্দিকে বিস্তারিত হয়ে রয়েছে সেকথা তাঁদেরকে ভাবতে হবে।

And it is Jawharlal's Congress Party itself that has intiated this process, namely the corrupt practice of winning elections by securing votes by spending money. Corruption, it appears, is now leading to the dissolution of the Congress Government.

আর এক জায়গায় তিনি বলে গেছেন তিনি বাদ দেন নি—আমাদের পশ্চিমবাংলাকে বলে গেছেন

Examine the affairs of Government and institute an enquiry into the Charges of corruption made by me in my letters to Shastriji. The charges are against the Chief Minister, Shri P. C. Sen and his colleagues.

যার কথা বললাম শ্রীসতীশ চন্দ্র দাশগুপ্ত মহাশয় তাঁর কথা অগ্রাহ্য করতে পারি না—এটা সিরিয়াসলি গ্রহণ করতে হবে। আরও বলতে চাচ্ছি যে সমস্ত খবরে যদি দেখা যায় তাহলে আমরা কি দেখবো? ধরুন "যুগবাণী"—তাতে সেদিন দেখলাম বোধ হয় ১২।১৩ সেপ্টেম্বর রাম রাজত্বে...

Mr. Deputy Chairman:

আপনি আপনার এমেণ্ডমেণ্ড মুভ করছেন কি?

Shri Manoranjan Sengupta:

হঁ্যা আমি আমার এমেণ্ডমেণ্ড মুভ করছি যে "দুর্নীতি হাই য়্যাণ্ড লো সমস্ত জায়গায় দুর্নীতিতে ভরা য়্যাণ্ড দ্যাট ইজ মাই য়্যামেণ্ডমেণ্ট সমস্ত স্তরে ব্যাপ্ত হয়েছে। এটা আমি শেষকালে বলে যাবো। যা হোক আমি যে কথা বলছি সেটা স্টেটসম্যান এর কথা। ৪ঠা সেপ্টেম্বর স্টেটসম্যান পত্রিকা লিখেছে

They seek Him here, they seek Him there.

তার মর্ম হচ্ছে এই যে অধিকাংশ সময় সরকারী কাজের সময় কদাচিৎ চেয়ারে পাওয়া যায় রাইটার্স বিল্ডিংস-এ যখন কোন অফিসারকে ফোন করা যায়; জবাব পাওয়া যায় উনি একটু বারান্দায় গেছেন—যা হোক এই আরটিকলটা পড়তে আমি সকলকে অনুরোধ জানাচ্ছি। অনেক কথা এর মধ্যে রয়েছে। সুতরাং দুর্নীতি ওপেনলি আজকে চলেছে এমনভাবে যে আজকে লোক ঘুষ নিতে ভয় পায় না। আমি রেসনসপের কথা সেদিন বলেছি এবং নানা পুলিস কর্মচারীর কথা বলতে পারি—তাঁরা জানেন যে উপরের স্তরের সকলেই দুষিত অবশ্য সকলেই দুষিত একথা বলতে পারি না তবে অধিকাংশই করাপটেড সুতরাং বেপরোয়া ঘুষ নেয় ঘুষ নিতে তাদের ভয় নেই। তারা জানে যে আমাদের ধরবার কেউ নেই। উপরের কর্মচারীরা দুষিত কেন এই রকম হোল? মহাত্মা গান্ধীর যারা শিষ্য? তিনি সত্যের পুজারী ছিলেন যিনি সত্যের অবতার ছিলেন। জগতে যিনি দ্বিতীয় যিশু হিসাবে পুঁজিত তাঁর শিষ্যদের মধ্যে কেন করাপসন এই ভাবে ঢুকলো দ্যাপ ইজ দি কোশ্চেন এই সমস্যার কথা বলে গেছেন আমাদের সতীশ চন্দ্র দাশগুপ্ত মহাশয়। যেভাবে আজ দুষিত হয়েছে এবং এই রকমভাবে যদি এটা চলে তাহলে শুধু স্বাধীনতা নয়—

The character of the Nation

এটাও চলে যাবে। একথা সকলেই জানেন যে

If character goes, everything goes. What is gained if the soul is lost and Kingdom won.

আজকে কেন এই সমস্ত অনাচার ঢুকেছে এটা ভাবতে হবে। এটা এসেছে কংগ্রেস মাইণ্ডেড যারা দুর্নীতিপরায়ণ যারা তাদের দ্বারা যাঁরা দেশের মঙ্গল চান তাঁদের কাছে এই নিবেদন করবো তাঁরা চিন্তা করুন এ সম্বন্ধে যেন হেসে উড়িয়ে দেবেন না দেশ আজ কোথায় চলে গেছে এবং এর প্রতিকার কি আছে? এর প্রতিকার সম্বন্ধে একটি কথা বলতে চাই যে সদাচার সমিতি গঠিত হয়েছে তার জন্য আমি শ্রীগুলজারীলাল নন্দকে অভিনন্দন জানাই একমাত্র যিনি ব্যথা অনুভব করেছেন একমাত্র লোক যিনি উচচ স্থানে আছেন ইউনিয়ন মিনিস্টার কারেক্ট ডায়গ্নোসিস তিনি করেছেন যে ব্যথাটা কোথায়। এবং তিনি বলছেন যে ২ বছরের মধ্যে তিনি করাপসন দুর করে দেবেন যদিও সেটা সম্ভবপর হবে বলে আমি মনে করিনা।

[5-25—5-35 p.m.]

কেননা আজকে দেখা যাচ্ছে যে কোরাপসান আজকে সর্বত্র দেখা যাচ্ছে। আজকে শিক্ষার মধ্যেও কোরাপসন দেখা দিয়েছে। আমার জানা আছে শ্রীপ্রফুল্ল চন্দ্র ঘোষ মহাশয় একবার বক্তৃতা দিয়েছিলেন সেখানে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ও উপস্থিত ছিলেন। তিনি আমাদের প্রশাসনিক ব্যবস্থাকে দোষ দিয়েছিলেন। প্রশাসনিক ব্যবস্থা যে আমাদের খারাপ সে কথা সত্য। আমাদের ইকনমিক অবস্থাও খারাপ। আজকে লোকে ঘুষ নিতে বাধ্য হয়। গরীব লোক তারা ঘুষ নিতে বাধ্য হয়। কিন্তু উপরের লোক কেন ঘুস নেন সেটাই আমার জিজ্ঞাসা। আমাদের দেশ তো কামিনী কাঞ্চনের দেশ নয় আমাদের দেশ হলো ত্যাগের দেশ। আমাদের দেশের রাজারা বানপ্রস্থে গিয়েছিলেন সমস্ত ত্যাগ করে। কিন্তু আজকে দেখা যাচ্ছে সেই অর্থের জন্য আমাদের ভীষণ লালসা দেখা দিয়েছে। আজকে দেখা যাচ্ছে যে দেশ

উচ্ছন্নে যাক তাতে এসে যায় না নিজের স্বার্থ ঠিক থাকলেই হলো। আজকে দেশের কি ইকনমিক কি পলেটিকাল সব দিক দিয়েই কি অবস্থা দাঁড়িয়েছে। সতীশ চন্দ্র গুপ্ত মহাশয় এ সম্বন্ধে বলেছেন। আজকে পার্টি গভঃ এর ফলে এই অবস্থা হয়েছে। পাওয়ার পলেটিক্স অর্থাৎ ক্ষমতায় অধিষ্ঠিত হতে হবে এই হল আসল কথা। আজকে এমন লোকের হাতে ক্ষমতা পড়ছে যারা আজকে বাই মিনস ফেয়ার অর ফাউল উপরের স্তরে অধিষ্ঠিত হয়েছেন এবং তার ফলে অনাচার এবং দুর্নীতি শাসন চক্র আজ চলেছে। এর প্রতিকার করতে গিয়ে আজকে চাই যেটা তা হল পলেটিকালি আমাদের আরও উন্নত হতে হবে শিক্ষার সংস্কার করতে হবে। আজকে গডলেস শিক্ষার ফলে—ধর্মহীন শিক্ষার ফলে এ ইউরোপীয়ানদের শিক্ষার অনুকরণে আমরা স্টেটকে সিকিউলার করেছি কিন্তু ইউরোপীয়ানদের স্টেটএ সিকিউলার হলেও তাদের মধ্যে ধর্ম প্রবনতা আছে তাদের চার্চে যাওয়ার রীতি প্রচলিত আছে। আমি আমেরিকার কথা জানি সেখানে ১২ কোটি মধ্যে ৮ কোটির লোক চার্চে যায়। আজকে এ ধর্ম শিক্ষার অভাবে—ধর্মবিবেকবুদ্ধি সব লোপ পেয়ে যাচ্ছে। আজকে যদি শিক্ষা সংস্কার করে ধর্ম শিক্ষার দিকে নজর না দিই তাহলে আমাদের জাতীয় শিক্ষার ভিত্তিকে আমরা দৃঢ়তর করতে পারবো না। এবং এর প্রতিকার হওয়া সম্ভব হবে না। দেশ আরও আনাচার দুর্নীতির মধ্যে ডুবে যাবে।

Shri Rabindralal Sinha:

স্যার, ইট ইস রেলেভ্যাণ্ট ইন কানেকসন উইদ দিস মোসন ?

Shri Manoranjan Sengupta:

আমার মোসনটা কি আছে সেটা দেখুন। এটা কোয়ায়েট রেলিভ্যাণ্ট। আমি বলেছি রিলিজিয়াস ও মরাল এডুকেসান সম্বন্ধে।

(নয়েজ এ্যাণ্ড ইণ্টারাপসন)

স্যার, আমি এখুনি শেষ করছি যাঁরা ইণ্টারাপটেড, যে সমস্ত শিক্ষাবিদ আছেন তাঁরা কি করে নীতি শিক্ষার ও ধর্ম শিক্ষার প্রবর্তন হয় সেই চেষ্টাই করেন যাতে নাকি জাতি গঠন হতে পারে এবং আত্মার দিক থেকে বিবেককে জাগ্রত করতে পারে। সে দিকে দৃষ্টি দিলেই তবেই লং টার্ম এর প্রতিকার হতে পারে নতুবা এভাবে হবে না।

[5-25—5-35 p.m.]

Shri Nirmal Bose: Sir, I beg to move that the following be added at the end, namely—

> "and that all members of the State Legislature including Ministers should be required to declare their assets before the respective House of the Legislature."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় মাননীয় যতীন চক্রবর্তী মহাশয় যে প্রস্তাব উত্থাপন করেছেন আমি তার সঙ্গে আমার ঐ সংশোধনীটুকু যোগ করে দিতে চাই। আমার সংশোধনী প্রস্তাবটি অত্যন্ত পরিস্কার। আমি এই কথাই বলতে চাই যে দেশে সংশোধনী বর্তমানে যখন দুর্নীতি চলেছে তখন জনসাধারণের একটা ধারণা আছে যে সরকারের উচচ স্তরে যারা বসে রয়েছেন—যারা মন্ত্রীত্বে রয়েছেন বা যারা বিধান মণ্ডলীতে আছেন তারাই এই সুযোগ গ্রহণ করে সম্পত্তি করেছেন এবং এ ভাবেই দুর্নীতি প্রশ্রয় পাচেছ। একথা হয়ত ঠিক অনেক মন্ত্রী আছেন যাঁরা সৎ এবং অনেক সদস্যও আছেন যাঁরা সৎ। কিন্তু এটা অনেক দিক থেকেই প্রয়োজন। এইভাবে প্রত্যেকের সম্পত্তি বিধান সভা ও বিধান পরিষদের সামনে পরিস্কার

ভাবে বলা যে এই আমার সম্পত্তি আছে, কারণ পরে সেটা মিলিয়ে নেওয়া যাবে যে সদস্য থাকাকালীন সময়ে বা মন্ত্রী থাকাকালীন সময়ে কতখানি সুযোগ তারা গ্রহণ করেছেন। এটা দুটা কারণের দরকার। সাধারণের মধ্যে এই মনোভাব সৃষ্টি করার প্রয়োজন যে সরকারী যে পদ তার সুযোগ তারা এই সম্পত্তি করেছেন কিনা। তাছাড়া এটা সত্য কথা যারা অন্য ভাবে সম্পত্তি করেছেন তাদের এ থেকে নিবৃত্তি করা প্রয়োজন।

তার কারণ এটা অনেকে জানেন—যাঁরা মন্ত্রী হয়েছিলেন বা অনেকে সদস্য হয়েছিলেন তাঁদের কি সম্পত্তি তখন ছিল, আর এখন কি হয়েছে এ বিষয়ে যদি ভাল করে অনুসন্ধান করা যায় তাঁদের নামে ও বেনামে এবং তাঁদের আত্মীয় স্বজনদের মধ্যে সবরকমভাবে তাহলে দেখা যাবে এই সুযোগ গ্রহণ করে অনেকে বিরাট সম্পত্তি করেছে, অনেকে বিরাট কিছু করেছে। বর্তমানে যখন দুর্নীতি দূর করবার কথা ভাবছি যখন সদাচারের কথা ভাবছি তখন এটা করা প্রয়োজন।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, দুর্নীতি সম্পর্কে, সদাচার সম্পর্কে যে আলোচনা হচ্ছে সেই সম্পর্কে আমি কয়েকটি কথা বলতে চাই। দুর্নীতির দিক দিয়ে আমরা দেখতে পাচ্ছি যে দুর্নীতি রাজনৈতিক নেতাদের মধ্যে আছে, সরকারী কর্মচারীদের মধ্যে আছে ব্যবসায়ী সম্প্রদায়ের মধ্যে আছে। রাজনৈতিক নেতাদের মধ্যে, রাজনৈতিক দলের মধ্যে যে দুর্নীতি, তার মূল কোথায়? তা মূল হচ্ছে এইখানে যে শিল্পপতি ব্যবসায়ীদের কাছ থেকে টাকা নিয়ে যাঁরা নির্বাচনী কাজ করেন তাঁদের রাজনৈতিক কার্যকলাপ করেন এবং তার জন্য তাদের নানারকম সুযোগ সুবিধা দিতে চায়। এবং এই যে শিল্পপতি ব্যবসায়ীদের সঙ্গে রাজনৈতিক দলের নেতাদের সম্বন্ধে এবং এই সুযোগ তাঁরা দিতে পারেন যাঁরা সরকার পরিচালনা করেন। তার জন্য সমস্ত সমাজজীবন দূষিত ও বিষাক্ত হয়ে পড়েছে। এই সম্পর্কে যতীনবাবু অনেক দৃষ্টান্ত দিয়েছেন। আমি আর বিভিন্ন নাম উল্লেখ—দৃষ্টান্তের ঝুড়ি ভর্তি করতে চাই না। মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন—আমি এই সম্পর্কে একটি কথা বলতে চাই তাঁকে যখন চরম খাদ্য সঙ্কট হয়েছিল, তখন একথা বলা হয়েছিল যে দুর্গাপুরে কংগ্রেসের অধিবেশনের দরুন চাঁদা তোলবার জন্য সমস্ত জিনিষপত্রের দাম বাড়ছে। বিধান সভায় তিনি বলেছিলেন যে দুর্গাপুর কংগ্রেসের জন্য চাঁদা তোলা হচ্ছে না, দামও বাড়ছে না। কিন্তু যেদিন তিনি এই বিবৃতি দিয়েছেন তার পরের দিন, খগেনবাবু নাই, তিনিও তাঁর আর একজন সহকর্মী তরুনবাবুকে নিয়ে জলপাইগুড়ি শহরে গিয়েছিলেন। সেখানে Indian Tea Planters' Association এর ঘরে, এখানে তার সম্পাদক ধীরেন মৈত্র মহাশয় আছেন, তিনি জানেন সেখানে বসে কি তাঁরা করেছিলেন।

(এ ভয়েস: আমি সেখানে ছিলাম না।)

ইণ্ডিয়ান টি প্ল্যানটারস য়্যাসোসিয়েসন-এর সেক্রেটারী ধীরেনবাবু বলছেন তিনি ছিলেন না। আপনি ছিলেন না জানি। তবে সত্য কি মিথ্যা তিনি বলতে পারেন, তবে একথা জানি টি. পি. এ. হলে খগেনবাবু তরুনবাবুকে নিয়ে সভা করেছিলেন সেখানকার সবাইকে ডেকে যে দুর্গাপুর কংগ্রেসের জন্য চাঁদা দিন। খাদ্য সঙ্কটের সময় চাঁদা তুলছেন না একথা মুখ্যমন্ত্রী মহাশয় বলেছিলেন, তবে রাজনৈতিক দলের জন্য চাঁদা তুলেছিলেন। যারা খাদ্যে ভেজাল দেয়, যারা অসৎ পন্থায় ব্যবসায় করে, তাদের সুযোগ করে দেওয়া হচ্ছে যা কিছু তাই করবার জন্য। উত্তর বঙ্গের জলপাইগুড়িতে যে একটা সর্বনাশা খাদ্য সঙ্কট দেখা দিয়েছিল সেকথা সকলে জানেন। তাই রাজনৈতিকদলের যে টাকা সংগ্রহ করার ব্যবস্থাটা, এটা যদি আমরা বন্ধ করতে পারি, তাহলে পরে আমাদের যে দুর্নীতি আছে তার অন্ততঃ ৯৯ ভাগ বন্ধ হয় যাবে। কেন আজ কংগ্রেস দলের পক্ষ থেকে একথা বা হচ্ছে না যে শিল্পপতি ব্যবসায়ীদের কাছ থেকে আমরা টাকা নেব না। আমরা সাধারণ মানুষের টাকা দিয়ে সংগঠন চালাব? তাঁরা সাধারণ মানুষের সঙ্গে একথা কেন বলছেন না?

আর সরকারী কর্মচারীদের ক্ষেত্রে আমি একই কথা বলবো যে রাজনৈতিক প্রভাবের জন্য আজ দুর্নীতি প্রশ্রয় পাচ্ছে। আজকে গ্রামাঞ্চলে মণ্ডল কংগ্রেসের নেতাদের কথায়

বি. ডি. ও.দের উঠতে বসতে হয়। এই অবস্থা। সুতরাং সেটা যদি আমরা বন্ধ করতে পারি, তাহলে পরে দুর্নীতি অনেক বন্ধ হয়ে যাবে।

আর একটা কথা বলবো যারা যোগ্য অফিসার সৎ অফিসার তাঁরা ঠিকমত কাজ করতে পারেন না। তার কারণ সততার সঙ্গে কাজ করলে সরকারের পক্ষ থেকে তাঁদের রক্ষা করা হয় না। যদি তাঁরা সততার সঙ্গে কাজ করেন, তাহলে কংগ্রেসের সমস্ত লোকেরা তাঁদের সেখানকার থেকে সরিয়ে দেবার চেষ্টা করেন।

[5-35—5-45 p.m.]

জলপাইগুড়ি জেলার সাব–ডিভিসন্যাল কনট্রোলার ফুড ও সাপ্লাই এখানে জলপাইগুড়ির অনেক সদস্য উপস্থিত আছেন, তাঁরা বলুন যে কত সৎ এবং ভাল অফিসার তিনি ছিলেন। কিন্তু পালান সরকার বলে একজন উঠতি গুণ্ডা যার নাম এই সেদিন পর্যন্ত পুলিসের খাতায় ছিল—কংগ্রেসের নির্বাচনের জন্য তাকে কংগ্রেসে আনতে হয়েছে তাহা না হলে অনেক নির্বাচন হয় না। তারই রিপোর্টে একজন যোগ্য সৎ অফিসার সেখান থেকে সরিয়ে দেওয়া হয়েছে এই ভাবে এরা প্রশ্রয় পায়। আমি জিজ্ঞাসা করতে পারি কি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে যে হুগলী জেলার ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেট মিঃ গোমেসের বিরুদ্ধে দিল্লীর সদাচার সমিতির কাছে কতকগুলি রিপোর্ট গিয়েছিল এবং সদাচার সমিতি এতে মনে করেছিলেন যে এর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা দরকার কিন্তু আজ পর্যন্ত তার বিরুদ্ধে কোন ব্যবস্থা অবলম্বন করা হয়নি। যাঁরা যোগ্য অফিসার তাঁদের যদি সংরক্ষণ করা যায় এবং যারা অযোগ্য অফিসার তাদের বিরুদ্ধে যদি ব্যবস্থা অবলম্বন করা যায় এবং গ্রামাঞ্চলের মণ্ডল কংগ্রেস থেকে তাঁদের উপর যদি প্রভাব বিস্তার না করে তাহলে সরকারী কর্মচারীদের দুর্নীতি অনেক পরিমাণে কমে যাবে। আমি আর সামান্য কথা বলে শেষ করছি। আর একটি কথা বলতে চাই দুর্নীতির সঙ্গে আর একটা জিনিষ জড়িয়ে রয়েছে। সেটা হচ্ছে দারিদ্রের সমস্যা। অভাবে পড়ে যারা ঘুষ নেয় তাদের কথা। অবশ্য কোনরকম দুর্নীতিকে প্রশ্রয় দিতে আমি চাই না দুর্নীতি বন্ধ করার চেষ্টা করা উচিত আমাদের সর্বতোভাবে। দুর্নীতি দূর করবার সময় একথা বললে চলবে না যে ধনবৈষম্য আমরা যদি হ্রাস করতে না পারি তাহলে পর কিছুতেই আমরা এটা দূর করতে পারবো না। সেই দিকে আপনাদের চেষ্টা করা দরকার। এই দুর্নীতি বন্ধ করবার চেষ্টায় আমরা কি লক্ষ্য করছি সমালোচনা করার যে অধিকার আমাদের সেই অধিকারকে টিপে টিপে বন্ধ করবার চেষ্টা হচ্ছে। হেম সান্যালের কথা ওদের আতঙ্কে স্মরণ করতে হয়। এ অভিযোগ আমাদের সামনে রয়েছে এবং একথা শুনছি যে দুর্নীতি সম্পর্কে তদন্ত করতে গিয়ে তাঁকে অকালে মারা পড়তে হয়েছে। আমরা দেখেছি এই বিধান মণ্ডলীতে কোন সদস্য একজন মন্ত্রীর বিরুদ্ধে, সমালোচনা করবার ফলে তাঁর নিয়ন্ত্রিত পত্রিকায় তারপর থেকে এক লাইনও তাঁর নামে বেরোয় না। অথচ বিধান মণ্ডলীর তিনি একজন বিশিষ্ট বক্তা বলে পরিচিত। তাই আজ দেখতে পাচ্ছি যে কোন সৎ আলোচনা করলে তার প্রাণ বিপন্ন হয়। কোন সমালোচনা করলে তাকে চেপে দেবার চেষ্টা হয়। আমাদের এই সমালোচনা করবার অধিকার আছে কিনা? আমরা যে এই বিধান পরিষদে সমালোচনা করবো যারা দুর্নীতি করছে, যারা সমাজকে নষ্ট করছে, সেখানে আমাদের কি প্রটেকসন আছে সেটা আমরা একটু বুঝতে চাই। শ্রীগুলজারীলাল নন্দ মহাশয় যে চেষ্টা সুরু করেছেন, কতটা সফল হবেন আমরা জানি না। এবং কংগ্রেস থেকেই তাঁকে নষ্ট করবার চেষ্টা চলছে। কিন্তু এই যে প্রচেষ্টা এবং সংবাদপত্রের বিভিন্ন স্তরের থেকে যে হাওয়া উঠেছে এর ফলে অনেকটা দুর্নীতি বন্ধ হবে; এটা আমাদের এগিয়ে নিয়ে যেতে হবে।

Shri Narendra Nath Das : I beg to move that the following be added at the end, namely :

"and also to set up (3) a high power Committee consisting of persons of unimpeachable character and integrity to go into the matter of investigation of the assets of high Government officials who have been or were in service of the State at any period of time since 1952."

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের সমাজে যে ভ্রষ্টাচার রয়েছে একথা আজকে সমাজের যাঁরা হেড এবং মন্ত্রীরাও যখন স্বীকার করছেন তখন এ বিষয়ে আমরা কোন নূতন প্রশ্ন তুলতে চাচ্ছি না। প্রশ্ন হচ্ছে যে ভ্রষ্টাচার যে দেখা যাচ্ছে তার একদিক যতীনবাবু, স্যান্যালবাবু বলে গেলেন যে পার্টি এবং মিনিস্ট্রি কথা। আমি আর এক দিকে আপনার দৃষ্টি আকর্ষণ করার জন্য আমার সংশোধনী দিয়েছি। একথা আজকে বলতে চাচ্ছি যে ল্যাসে ফেয়ার যুগে আজ আমরা বসবাস করছি না। আজকে সমাজ ব্যবস্থার সমস্ত স্তরে সরকারী হস্তক্ষেপ আছে। সেই হস্তক্ষেপ খারাপ সে কথা আমি বলছি না। যখন ডেভেলপমেণ্ট হয়—উন্নয়ন হয়—তখন কোন উন্নয়ন-মূলক রাষ্ট্রে রকমারী হস্তক্ষেপ আসবে। কিন্তু যে সরকারী হস্তক্ষেপ যেটা আসবে সেটা যদি অপবিত্র হয়—যদি সঙ্কুচিত হয়, যদি নীতিভ্রষ্ট হয় তাহলে সমাজে খুব খারাপ অবস্থা হয় এবং তার জন্য আমি আমার সংশোধনীতে বলেছি যে যাতে করে যারা কর্মচারী—বিশেষ করে যারা বড় বড় কর্মচারী—ডিপার্টমেণ্ট্যাল হেড—যেমন ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট তাদের সম্বন্ধে একটু ব্যবস্থা করা উচিত। আজকে একথা অস্বীকার করার উপায় নেই যে বিভিন্ন কর্মচারীদের বিরুদ্ধে নানা অভিযোগ উঠেছে এবং তাঁদের বিরুদ্ধে কিছু কিছু কেসও হয়েছে—সাজাও হয়েছে এবং আরও বহু লোকের সম্বন্ধে অভিযোগ রয়েছে। কিন্তু এই থেকে যে একটা বিষ বাষ্প সৃষ্টি হচ্ছে সেই অবস্থাটা খুব খারাপ। অতএব তাকে রোধ করবার জন্য, তাকে বন্ধ করবার জন্য আমার বক্তব্য হচ্ছে যে যারা এ্যাডমিনিস্ট্রেটিভ অফিসার রয়েছেন তাঁদের সংযত করতে হবে। তাঁদের যদি সংযত করতে হয় তাহলে কিভাবে করবো? ডিপার্টমেণ্ট-এর উপর কেন জোর দিচ্ছি তা বলছি। যে সমস্ত কল্যাণ মূলক কাজ হচ্ছে সবই ডিপার্টমেণ্টাল হেডস-এর থ্রু দিয়ে হচ্ছে। ডিসস্ট্রিক্ট ম্যাজেজিস্ট্রেট-এর থ্রু দিয়ে হচ্ছে ডিপার্টমেণ্টাল হেডস-এর অনেক বেশ পাওয়ার দেওয়া হয়েছে। কতকটা রুল মেকিং পাওয়ার দেওয়া হয়েছে, সেদিক থেকে তারা অনেক অনিষ্ট করতে পারে। ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট অনেক অনিষ্ট করতে পারে জিনিষটা ইমপ্লিমেণ্ট করা বা সেদিক থেকে কিভাবে ভ্রষ্টাচারের সঙ্গে যুক্ত হতে পারে তা আমি বলেছি। জেলা ম্যাজিস্ট্রেট প্রথমে একটা জেলে গিয়ে চেষ্টা করে দেখেন যে সরকারী দলে কে কে মুখ্য লোক আছে কাকে কাকে সন্তুষ্ট করতে পারে বা সমঝে চলতে হবে। এটাই তাঁরা প্রথমে দেখেন। তার ফলে যদি সৎ কর্মচারী হন তারও কাজ কর্ম করতে অসুবিধা হয়। সৎ কর্মচারী অসৎ পার্টি ম্যান দ্বারা পরিচালিত হয়। যেমন এস বি রায়ের হয়েছে। আবার অসৎ কর্মচারী যদি হন তাহলে তাদের সঙ্গে যোগসাজসে কাজ করেন। তার প্রশন হিসাবে দেখা গেছে গোণ্ডা নির্বাচনে সেটাই একটা মস্তবড় প্রুফ। সে যে কর্মচারী কর্তারা তারা পর্য্যন্ত জানতেন এমন কি চীফ মিনিস্টার পর্য্যন্ত জানতেন এ সংবাদ আমরা কাগজের মাধ্যমে দেখেছি। সেই জন্য ডিপার্টমেণ্টাল হেডস এবং য়্যাডমিনিস্ট্রেটিভ অফিসারদের সম্বন্ধে আমাদের সচেতন হতে হবে। যদি হতে হয় তাহলে আগে যাদের সম্বন্ধে অভিযোগ হয়েছে বা যে সন্দেহের অবকাশ রয়েছে তার জন্য একটা হাই পাওয়ার কমিটি হওয়া দরকার। হাই পাওয়ার কমিটি তাদের যে সমস্ত য়্যাসেটস রয়েছে সে সম্বন্ধে অনুসন্ধান করবে। আমি ১৯৫১ সাল থেকে এই ডেট টা দিয়েছিএই কারণে তখন আমাদের এই যে ইউনিভারসাল য়্যাডালট ফ্রানচাইজ স্বরু হচ্ছে। সেই কারণে ১৯৫২ সাল থেকে যে সমস্ত কর্মচারী কাজ করছেন বা রিটায়ার করেছেন সেই সমস্ত লোকের য়্যাসেটস সম্বন্ধে খোঁজ করার জন্য এই কথা বলছি। আপনি স্যার জানেন যে এখানে আমাদের মুখ্যমন্ত্রী একজন ফুড ডিপার্টমেণ্ট-এর একজন সেক্রেটারি-এর সম্বন্ধে বলেছেন তিনি হচ্ছেন বি. সি. গাঙ্গুলী আজকে তিনি লক্ষাধিক টাকার বাড়ী করলেন তিনি হিসাব দিয়েছেন যে লাইফ ইনসিয়রেন্স করপোরেসন থেকে ৭০-৮০ হাজার না এক লাখ টাকার মতন ধার নিয়েছেন। এখন আমি জিজ্ঞাসা করছি যে বি. সি. গাঙ্গুলী যে মাহিনা পান এবং যে স্ট্যাণ্ডার্ড-এ থাকেন তাতে তাকে সংসার চালিয়ে ঐ লাইফ ইনসিওরেন্স এর প্রিমিয়াম দিতে হয় যা নাকি ৭-৮ হাজার টাকার মত। ৭-৮ হাজার টাকার প্রিমিয়াম কি ভাবে দেন এবং বোথ এণ্ডস মিট কি ভাবে করছেন দেখা উচিত। এই অভিযোগ যখন উঠেছে তখন এ সম্বন্ধে অনুসন্ধান করা উচিত। জমির উপরে যে তারা ধার দেন একথা আমি স্বীকার করছি কিন্তু ৭-৮ হাজার টাকার প্রিমিয়াম কিভাবে দেন সেটাও দেখা দরকার। কারণ এর গ্যারানটার দরকার। হাউস বিল্ডিং যে লোন দিচ্ছে ইনসিওরেন্স করপোরেসন তার বিশেষ কতকগুলি সর্ত আছে। সেই সর্তের উপরই

লোন দেয়। কেউ কুড়ি হাজার টাকার ইনসিওরেন্স করলে ১৪ হাজার টাকার লোন দে তার বেশী অর্থাৎ সম্পূর্ণ টাকা দেয় না। (এ ভয়েস—জমির উপরও দেয়) জমির উপরে দিলে বুঝতে হবে তাদের আরও সম্পত্তি আছে তবেই তিনি সে বাড়ী করেছেন কারণ গ্যারান্টি হিসাবে আরও সম্পিত্তি না থাকলে এটা হয় না।

Mr. Deputy Chairman :

অনেকের গ্যারাণ্টিতেও দেয়।

Shri Narendra Nath Das :

সেই গ্যারাণ্টার কারা সেটাই অনুসন্ধান করতে বলছি এবং তার জন্যই বলছি যে একটি হাই পাওয়ার কমিটি হোক সেই হাই পাওয়ার কমিটি এই সম্বন্ধে অনুসন্ধান করবেন এবং যে সমস্ত বড় বড় কর্মচারী আছেন তাদের সম্পত্তি সম্বন্ধেও অনুসন্ধান করুন। আপনারা এটা সার্চ করুন তা হলে আগামী দিনে যারা আসবেন তাদের সম্পর্কে হুইপ হ্যাণ্ড থাকবে আর যারা ভূতপূর্ব্ব কর্মচারী ছিলেন এবং এখনও আছেন তারাও একটা শাস্তিমূলক ব্যবস্থার মধ্যে আসতে পারেন। কারণ আপনি বোধ হয় জানেন সিরাজুদ্দিন কেস এর সঙ্গে জড়িত হয়ে বহু কর্মচারী শাস্তি পেয়েছেন। তাতে উড়িষ্যায় মন্ত্রীদের পর্যন্ত টেনে আনা হয়েছে। তাছাড় তর্কের খাতিরে উড়িষ্যার বীরেন মিত্র মহাশয় বলছেন যে এক টাকায় সম্পত্তি বিক্রী করতে রাজী আছি কারণ তার ঋণ রয়েছে পাঁচ লক্ষ টাকা। এই ভদ্রলোক যে পাঁচ লক্ষ টাকা ঋণ রয়েছে তাতে বুঝতে হবে যে তিনি ত্রিশ লক্ষ টাকা চুরি করেছেন। পাঁচ লক্ষ টাকার লায়াবিলিটি রয়েছে এই কথা বলে তর্কের খাতিরে এ ভাবে এড়িয়ে যাওয়া যাবে না সেই জন্য বলছি যে আমাদের যে সামাজিক ব্যবস্থা সে ব্যবস্থায় য়্যাডমিনিস্ট্রেটিভ সিসটেম একটা মস্ত বড় জিনিষ কারণ আমাদের লেজেস ফেয়ার সিসটেম নেই আমাদের ডেভেলপমেণ্টেতে সমস্ত জায়গায় সরকারী কর্মচারীদের হস্তক্ষেপ হচ্ছে সেই সরকারী কর্মচারীদের হস্তক্ষেপ যাতে ঠিক হয় তারা যাতে নীতিশুদ্ধ পবিত্র হয়, তাহার জন্যই আমার এই সংশোধনী প্রস্তাব।

[5-45—5-55 p.m.]

Shri Prafulla Chandra Sen :

আমাদের মাননীয় শশাঙ্ক শেখর স্যান্যাল বোধ হয় জানেন আজ সাড়ে ছ'টার সময় স্বর্গীয় হেমনাথ স্যান্যাল মহাশয়ের যে শোকসভা আছে সেখানে আমাদের যেতে হবে। সেই জন্য যদি আমি অন্যান্য বিরোধী দলের মাননীয় সদস্যদের বক্তৃতা শুনে বলতে পারতাম তাহলে ভাল হতো, কিন্তু আমাদের এই হাউসের রবীন্দ্রলাল সিংহ মহাশয়, পরে বিশদভাবে বলবেন আমি আমার বন্ধু যতীন চক্রবর্ত্তী মহাশয়ের বক্তৃতা খুব মন দিয়ে শুনেছি এবং তিনি যখন বক্তৃতা দিচ্ছিলেন খুব জোরের সঙ্গে ভাষা খুবই ভাল এ বিষয়ে কোন সন্দেহ নাই তবে এ পক্ষেরই হোক বা ওপক্ষেরই হোক যদি কেউ হিসেব করে না দেখেন, তাহলে মনে হবে তিনি একদম নির্জ্জলা সত্য কথা বলে যাচ্ছেন। কেন না এত জোর করে বলেছেন, এত জোর ভাষায় বলেছেন যে যাতে মনে হয় যে অসত্য হলেও সত্য। অর্দ্ধ সত্য হলেও সত্য। কিন্তু সেটা যদি আমরা একটু যাচাই করে দেখি, তাহলে বুঝতে পারবো যে অর্দ্ধসত্য কিছু কিছু আছে বটে, কিন্তু বেশীর ভাগ হচ্ছে অসত্য। আমাদের দেশে দুর্নীতি আছে— এটা কেউ অস্বীকার করতে পারবে না। এ পৃথিবীতে আর কোন দেশ আছে কিনা যেখানে দুর্নীতি নাই—জানি না। আগে আমরা শুনতাম রুশ দেশে যেখানে ৪৭ বছর ধরে কমুনিষ্ট রাজত্ব চলছে টোটালিটারিয়ান স্টেট যেটা, যেখানে ধনবৈষম্য দূর হয়ে গেছে, যেখানে রাজা নাই, জমিদার নাই, শিল্পপতি নাই, সেখানে বুঝি দুর্নীতি দূর হয়ে চলে গেছে কিন্তু আজকে শ্রীক্রুশ্চেফ তিনি আজকে অনেক কথা ফাঁস করেছিলেন। আগেকার মত আর আয়রণ কারটেন সেখানে নাই। সেই জন্য আমরা দেখতে পাচ্ছি যে ইউ. এস. এস.

আর.তে সেখানে দুর্নীতি আছে। একেবারে দুর্নীতিমুক্ত কোন সমাজ, কোন রাষ্ট্র কোন দেশ কোথাও আছে কিনা—আমি জানি না। কাজে কাজেই আমাদের দেশে যে দুর্নীতি আছে—এ আমরা অস্বীকার করতে পারবো না এবং সেটা সর্বস্তরে আছে।

আমি অনেকদিন পূর্বে একটা ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট ছিলাম, ইউনিয়ন বোর্ডের প্রেসিডেণ্ট হয়ে সেখানকার চৌকিদার ও দফাদাররা যে সমস্ত দুর্নীতির কাজ করতো তাতে আমি স্তম্ভিত হয়ে যেতাম। গ্রামবাসীরাও তাদের সঙ্গে যোগ দিত। নিরীহ লোকের নামে, নিরাপরাধ লোকের নাম শুধু শুধু নানারকম বদনাম দিয়ে ঘুষ নেবার চেষ্টা করতো তাদের শাস্তি দেবার চেষ্টা করতো। গোমস্তাদের দুর্নীতি দেখেছি আমার পল্লীতে পল্লীতে গ্রামে গ্রামে। গ্রামের সঙ্গে যাঁদের সম্পর্ক আছে, আগেকার গ্রামে, সঙ্গে তারা সম্যকভাবে সেই দুর্নীতির কথা জানেন। আগে দেশে নানারকম দুর্নীতি ছিল; আজও দুর্নীতি আছে তবে এখন যে দুর্নীতির রং বদলেছে, রূপ বদলেছে। তবে মোট দুর্নীতি বেড়েছে কি কমেছে সে সম্বন্ধে আমি বিশেষ কিছু বলতে পারবো না। আর আমাদের দেশে এই রাজনৈতিক দলের মধ্যে পরস্পর পরস্পরের উপর দোষারোপ করা এ স্বাধীনতার পরে হয়েছে তা নয় আজকে আমরা যারা ক্ষমতা পেয়েছি, তাঁদের বিরুদ্ধে যে দুর্নীতির অভিযোগ করা হচ্ছে তা নয়। আমি, মাননীয় অধ্যক্ষমহাশয় ২৫ বছর আগেকার কথা বলছি। আমি ১৯৩৯ সালে হুগলী জেলার একটি গ্রামে সভা করতে গিয়েছিলাম, আমার কথা লোকে শুনলো। আমি বক্তৃতা দিয়ে বসলাম একটা লোক শিক্ষিত আমার মত, আমার চেয়ে ভাল জামা তাঁর গায়ে ছিল। তিনি উঠে দাঁড়িয়ে বললেন মশায়, আপনি যে কংগ্রেসের লোক, কংগ্রেসের পক্ষ থেকে বক্তৃতা দিতে এসেছেন। আপনি বলুন দেখি আপনাদের যিনি নেতা মহাত্মা গান্ধী তাঁর কয়টি কাপড়ের কল আছে? তাঁর ছেলের কয়টা কাপড়ের কল আছে? আপনি তো এখানে কংগ্রেসের কথা প্রচার করতে এসেছেন। আপনাদের কংগ্রেসের মহান নেতা মহাত্মা গান্ধী দুর্নীতিপরায়ণ।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমাদের দেশে দেশবন্ধুকেও অনেক সময় বাদ দেয় নাই এবং আপনি জানেন যে বিভিন্ন রাজনৈতিক দল পরস্পরকে এইরকমভাবে আঘাত করে এসেছে, দুর্নাম দিয়েছে, বদনাম দিয়েছে, বলেছে ঘুষ নিয়েছে। আজকে আবার যখন কংগ্রেসের লোকেরা ক্ষমতার আসনে আসীন, তাদের বিরুদ্ধে ও দুর্নীতির কথা বলা হবে এটা আশ্চর্যের কিছু নাই।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ১৯৪৯ সালে আমার নামে রটানো হোল—আমি জানি কারা রটিয়েছিলেন—যে আমি নাকি ৭টি বাড়ী কিনেছি এই কলকাতায়, আজকের কথা নয়, ১৫ বছর আগেকার কথা। ১৯৪৯ সালের কথা। অবশ্য আজকাল নাকি অনেকে বলেন যে, না মহাশয় আপনি ৭টি বাড়ী কেনেন নি। কিনলে পরে অন্তত একটাও ভোগদখল করতেন। একবার এই বিধান সভায় একজন সদস্য একথা বলেছিলেন—তিনি বিরোধী দলের হলেও আমি তাকে একথা বলেছিলাম যে মহাশয়, বাড়ীগুলির ঠিকানাটা একটু আমাকে বলে দিন না আমি আপনাকে সাক্ষি মেনে দখল করে বসবো—কারণ বিরোধী দলের লোকরা জানেন যে এটা আমার বাড়ী। যাহোক আমি বাড়ী কিনি নাই। এ রকম রটে থাকে। আমি একথা বলতে চাই না—বিরোধী দলের অনেকেই বলেছেন যে যতীনবাবু ভাল লোক নন—দুর্নীতিপরায়ণ। আমাকে কালীবাবুই বলেছিলেন একদিন যে যতীনবাবু ভাল লোক নন। যাহোক এ সব কথা বলে কোন লাভ নেই। আজকে এখানে মাননীয় যতীন চক্রবর্ত্তী মহাশয় কোন মন্ত্রীর বিরুদ্ধে বেশী কথা বলার চেয়ে যিনি এই হাউসের মেম্বার নন এবং ও হাউসেরও সদস্য নন—তাঁর বিরুদ্ধে সবচেয়ে বেশী অভিযোগ করলেন। আমি ওঁকে আহ্বান করছি যে কথাগুলি তিনি এখানে বলেছেন যে শ্রীঅতুল্যঘোষ মহাশয় জুট মিল এ্যাসোসিয়েসন-এর থেকে ১০ লক্ষ না ৫ লক্ষ বলে গেলেন—উনি তড়তড় করে বলে গেছেন অঙ্কের কথাটা এবং উনি এমনভাবে বলেছেন যে উনি অতুল্যবাবুর পকেটে থাকেন—উঁকি মেরে দেখেন যে অতুল্যবাবু কার কাছ থেকে ৫ লক্ষ টাকা, কার কাছ থেকে ১০ লক্ষ টাকা পাচ্ছেন। উনি এইসব কথাগুলি বাইরে বললে পর বলতে পারেন যে অমুকের কাছ থেকে অমুক নিয়ে—সবই তো ওঁর জানা—৫ লক্ষ বা ১০ লক্ষ টাকা নিয়েছেন ১০ লক্ষ টাকা, ২৫

লক্ষ টাকা কি এক কোটি টাকা নিয়েছেন। তার পর অতুল্য বাবু ওঁর সম্বন্ধে কি ব্যবস্থা করবেন সেটা অতুল্যবাবুই জানেন। আমি এখানে যতীন চক্রবর্ত্তী মহাশয়কে একটি কথা বলি যে উনি যে আসফালন করে বড় বড় কথা বললেন এবং এখানে আমরা অনেকে হয়তো বলবেন যে এটা বোধ হয় সত্য। তিনি বললেন যে দেওলাড়ে নাকি ২৫ বিঘা জমির উপর শ্রীঅতুল্য ঘোষ মহাশয় একটি প্রাসাদ নির্মাণ করেছেন লক্ষ লক্ষ টাকা খরচ করে। আমাদের বাঁকুড়া জেলায় একজন কংগ্রেস কর্মী আছেন—তিনি পাটের কারবার করেন, জুট মিলও নাই—তিনি কোন ব্যবসাও করেন। তাঁর নাম হচ্ছে মতিলাল রায়—জেল খেটেছেন অনেকবার কংগ্রেসের জন্য। একজন নিষ্ঠাবান কংগ্রেস কর্ম্মী। দেওলাগড়ে তাঁর ডাঙ্গা জমি ছিল। সেই জমিতে চাষ হোত না—আবাদ হোত না। সেই ১২ বিঘা ডাঙ্গা জমিতে একটা উন্নয়ন কমিটি হয়েছে। তিনিও সেই উন্নয়ন কমিটির সদস্য। উন্নয়ন কমিটির নামে তিনি এটা রেজেষ্ট্রী করে দিয়ছেন। উন্নয়ন কমিটি সেখানে একটি বাড়ী তৈরী করেছে। অতুল্যবাবুর ব্যক্তিগত সম্পত্তি সেখানে নাই। অতুল্যবাবুর নিজস্ব বাড়ী সেখানে হয়নি। সেই জমিতে যদি যান মাননীয় অধ্যক্ষ মহাশয়, বা যতীনবাবু গিয়ে দেখলে খুশীই হবেন যে সেই অনুর্বর জমি—সেখানে পাথর কেটে সেখানে ভালভাবে চাষ করা হচ্ছে। ভাল গাছ হয়েছে এবং ঐ অঞ্চলের কত আদিবাসী তাঁদের বহুতর উপকার হয়েছে। সেখানে একটা কল্যাণ কেন্দ্র স্থাপিত হয়েছে এবং পাশেই মতিলাল রায় মহাশয় দু বিঘা জমি দিয়ে সেখানে একটা ধানভানা কেন্দ্র করে দিয়েছেন। সেখানে গঠনমূলক কাজ হচ্ছে। এবং সেখানে যে সমস্ত আদিবাসী ভাইবোনরা থাকেন তাদের প্রভুত উন্নতি উপকার হয়েছে। কাজে কাজেই এতে অতুল্যবাবুর যে জমিদারী হয়েছে তা নয়, অতুল্যবাবুর ব্যক্তিগত সম্পত্তি সেখানে হয় নি অতুল্যবাবুকে যদি যতীন চক্রবর্ত্তী মহাশয় লেখেন যে সেখানে গিয়ে তিনি তিন দিন থাকবেন তাহলে তিনি রাজী হবেন যদিও উনি অনেক অসত্য কথা অতুল্যবাবুর বিরুদ্ধে বলেছেন।

[5-55—6-5 p.m.]

একজন মাননীয় সদস্য বললেন যে অতুল্যবাবু দুর্গাপুরের জন্য টাকা তুলছেন। বিধান সভায়ও এরূপ কথা বলেছিলেন যে দুর্গাপুরের জন্য টাকা তুলছেন। অতুল্যবাবু দুর্গাপুরের জন্য টাকা তুলছেন না। দুর্গাপুরের জন্য আমরা সকলেই টাকা তুলছি কারণ যাঁরা কংগ্রেস সেবক বা কংগ্রেসের লোক তারা নিশ্চয়ই টাকা তুলছেন, কিন্তু আজ পর্যন্ত কোন ধনী লোকের কাছ থেকে সে জুট মিলের লোক হোক বা চাল, আটা বা ময়দার লোক হোক কারুর কাছ থেকে টাকা তোলা হয়নি। আর আমার যতদূর জানা আছে এখনও পর্যন্ত ১০ হাজার টাকাও দুর্গাপুরের অধিবেশনের জন্য ওঠে নি। কাজে কাজেই এই সমস্ত কথা বলে এই বিধান পরিষদের মধ্যে বাজার গরম করা যেতে পারে কিন্তু দেশে লোক এত বোকা নয়। মাননীয় বন্ধু শশাঙ্ক শেখর সান্ন্যাল বললেন যে আপনারা ভোটের জোরে ওখানে বসে আছেন। সত্যিই আছি। আমরা যখন ভোট পাই তখন আবার আমাদের বলা হয় বড় লোকেদের কাছ থেকে টাকা নিয়ে এ সব করি। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি অনেক দিন ধরে রাজনীতি করছেন সুতরাং আপনি বহু নির্বাচনী সভায় গেছেন এবং দেখেছেন যে কংগ্রেস বিরোধী প্রার্থী বহু আছেন যঁরা কংগ্রেস প্রার্থীর চেয়ে অনেক বেশী টাকা খরচ করেন অনেক বেশী মটর গাড়ী বার করেন। তাঁরা কোথা থেকে পান? কাজে কাজেই তাদের বেলায় দোষ নেই। আমি জানি আমাদের বিরুদ্ধে যাঁরা দাঁড়িয়েছেন তারা আমাদের চেয়েও বেশী টাকা খরচ করেন। আমি এমন সব লোকেদের নাম করতে পারি যাঁরা আমাদের চেয়ে অনেক বেশী টাকা খরচ করেছেন এবং আমাদের চেয়ে বেশী মটর গাড়ী নিয়ে গেছেন। সুতরাং তারা সে টাকা কোথায় পান? আমাদের কংগ্রেসের কথা হচ্ছে এই যে আমাদের কংগ্রেস কমিটি যদি টাকা তোলে তা হলে তার হিসাব রাখা হয় অন্যদের হিসাব রাখার রীতি আছে কিনা আমার জানা নেই। আমাদের বন্ধু যতীন চক্রবর্ত্তী মহাশয় যে দলভুক্ত তাঁর দলের আমাদের প্রদেশ কংগ্রেস কমিটির মতন অডিটেড য়্যাকাউণ্টস পেশ করেন কিনা জানি না। আমাদের অডিটেড য়্যাকাউণ্টস পেশ করার রীতি আছে। কাজে কাজেই এখানে আজে বাজে বড় বড় কথা বলে বাজার গরম করা যেতে পারে অন্য কিছু করা যায় না। আমি

যতীন চক্রবর্ত্তী মহাশয়কে অনুরোধ করবো বাইরে তিনি এই সমস্ত কথা বলুন তিনি অতুল্যবাবুকে লিখে পাঠান স্পেসিফিক চার্জ দিয়ে এবং অভিযোগ দিয়ে। আমি বলব তিনি লিখুন যাতে এনকোয়ারি হয়, আমি একথাও বলছি যে এনকোয়ারিতে একথা প্রমাণ হবে এসব একবারে অসত্য। যদিও মিথ্যা কথা বলা আনপার্লামেন্টারি না হয় তা হলে আমি বলবো মিথ্যা কথা। প্রমাণ হবে অতুল্যবাবু কোন বাড়ী করেন নি আর তা ছাড়াও অতুল্যবাবুর অবস্থাও ভাল ছিল তিনি খুব গরীবের ছেলে নয়। তার একটি মাত্র পুত্র বেশ ভাল চাকুরী করে।

Shri Sasanka Sekhr Sanyal :

অতুল্যবাবুকে অত ডিফেনস করছেন কেন? এটা দেখে মনে হয় য়্যালিগেসনগুলো সত্যি।

Shri Prafulla Chandra Sen :

মোটেই সিরিয়াস নয়। অতুল্যবাবুকে নিশ্চয়ই প্রস্তাব, অতুল্যবাবুকে নিশ্চয়ই তো আলোচনা, অতুল্যবাবু ছাড়া কথা নেই, যতীন চক্রবর্ত্তী মহাশয় বহু কথাই বলেছেন। অতুল্যবাবু যতীন বাবুকে সিরিয়াসলি নেন না এবং আমরাও নিই না কিন্তু লোকে, অনেক সময় বিভ্রান্ত হয়। আর একটা কথা বলা হয়েছে বি. সি. গাঙ্গুলী সম্বন্ধে, তাঁর মনে নাকি সন্দেহ আছে যে বি সি গাঙ্গুলী যখন ঋণ নেন তখন তিনি আমাদের খাদ্য বিভাগের সেক্রেটারি ছিলেন। একটা কথা যখন লোন নিতে হয় তখন গভর্ণমেণ্টের অনুমতি নিয়েই নিতে হয়, কোন সরকারী কর্মচারী গোপনে কিছু করতে পারেন না। বি. সি. গাঙ্গুলী যে ঋণ নিয়েছেন তা সরকারের অনুমতি নিয়ে নিয়েছেন। সুতরাং তার সম্বন্ধে কোন অভিযোগ করলে নিশ্চয়ই আমরা তা তদন্ত করতে পারি। এর পূর্বে তার সম্বন্ধে অনেক অভিযোগ পেয়েছিলাম এবং তদন্তও করেছিলাম তাতে তাঁর বিরুদ্ধে কোন প্রমাণ পাইনি। আমার আর একজন বন্ধু বললেন বোধ হয় যতীনবাবু, উনি তো ড্রেন ইনসপেকটর তিনি বললেন যে মশায় আপনাদের ঐ ইনসপেকটর জেনারেল অব পুলিস এবং তাঁর সহধর্মিণী শ্রীমতী মুখার্জী—তাঁদের একটি টি পার্টি দিয়েছিলেন ওঙ্কারমল মিস্ত্রী। সেকাখানকার মিউনিসিপ্যালিটির কমিশনাররা টি পার্টি দিয়েছিলেন।

Shri Jatin Chakraborty :

মশায়, ইট ইজ এ লাই।

Shri Prafulla Chandra Sen : He was given a tea party by the Commissioners of the Municipality and Omkermal who happened to be the Vice-Chairman, but this tea party was given by the Commissioners

(Voices : No, No.)

আমাদের ইনস্পেক্টর জেনারেল অব পুলিস উনি সেখানকার মিউনিসিপ্যাল কমিশনারদের দ্বারা অন বিহাফ অব দি কমিশনার আমন্ত্রিত হয়েছিলেন। কাজে কাজেই ওঙ্কারমল মিস্ত্রী—তিনি ভাইস চেয়ারম্যান কিনা আমি জানি না, (ভয়েস : ভাইস চেয়ারম্যান) হতে পারে। তাতে অন্যায় কিছু হতে পারে না। বোধ হয় যতীনবাবু বলেছেন ওয়েল ফেয়ার বোর্ডের দুধের ব্যাপার নিয়ে কিছু গোলমাল হয়েছে। সেটা ধামাচাপা দেওয়া হয়েছে। আমি জানি ওয়েলফেয়ার বোর্ডের যারা নামটা আমার মনে নাই।

(এ ভয়েস : দর্পণে বেরিয়েছে)

ওয়েল ফেয়ার বোর্ডের দুধের ব্যাপার নিয়ে অভিযোগ এসেছিল এবং সঙ্গে সঙ্গে তার তদন্ত হয়েছে এবং অভিযোগ মিথ্যা বলে প্রমাণিত হয়েছে।

একজন বন্ধু বলেছেন দুর্গাপুর ইনডাসট্রিজ লিঃকে লক্ষ লক্ষ টাকা দিয়ে দেওয়া হয়েছে, ঘর বাড়ী করবার জন্য দেড় হাজার টন সিমেণ্ট দেওয়া হয়েছে দুর্গাপুরের বিভিন্ন সংস্থার জন্য বাড়ী তৈরী করা হচ্ছে, লেবার কোয়ার্টারসের বাড়ী করতে হচ্ছে এবং সেই বাড়ী করতে তারা বাধ্য তাদের করতে হবে। আর তাদের সরকার পক্ষ থেকে কোনরকম আলাদাভাবে টাকা দিয়ে বাড়ী করতে বলা হয় নাই। এটাও সত্য নয় আমি দেখতে চাই যতগুলো কথা বলেছেন আমার বন্ধু শ্রীযতীন চক্রবর্ত্তী মশায় সমস্ত কথাগুলো অসত্য এবং তিনি যে সর্বপ্রথম এই অসত্য কথা বলছেন তা নয় মাননীয় অধ্যক্ষ মহাশয়, বহুবার তিনি এখানে বক্তৃতা দিয়েছেন, জোরালো বক্তৃতা গরম বক্তৃতা এবং আমি প্রত্যেকবার দেখিয়েছি যে তিনি সত্য কথা বলেন নাই এবং আমি পুনরায় তাঁকে চ্যালেঞ্জ করছি তিনি শ্রীঅতুল্য ঘোষ মশায়ের নামে যে সমস্ত কথা বলেছেন, সেই সব কথা তিনি বাইরে গিয়ে বলুন এবং বাইরে গিয়ে যদি একথা বলার তিনি সাহস রাখেন, তাহলে কি ব্যবস্থা অবলম্বন করা হবে তার বিরুদ্ধে, সেটা অতুল্য ঘোষ মহাশয় জানেন আমি বলতে পারবো না।

আর একটা কথা তিনি বলেছিলেন তার উত্তর দেওয়া সমীচীন বলে মনে করি—যে বি সি রায় কো-অপারেটিভের জন্য কত কত টাকা খরচ হয়ে গেল। বি সি রায় কো-অপারেটিভের অশোক দত্ত এখন চেয়ারম্যান কিনা আমি জানি না। অশোক দত্ত যদি চেয়ারম্যান হন, আমি তাঁকে নিশ্চয়ই জিজ্ঞাসা করবো যে মশাই আপনার কো-অপারেটিভে কত খরচ হয়েছে। বি সি রায় কো-অপারেটিভ সম্বন্ধে যদি কোন দুর্নীতি থাকে, তাহলে নিশ্চয়ই তাদের শাস্তি দেওয়া হবে এবং আমি সর্বশেষে এই কথা বলতে চাই যে পশ্চিমবঙ্গ সরকার যদি কোথাও কোন দুর্নীতির খবর পান এবং প্রমাণ পান তাহলে যে কেউ হোক না কেন, যত বড়ই হোক না কেন আমরা নিশ্চয়ই তার শাস্তি বিধান করবো, আমরা তাতে একটুও ভয় পাব না। আমরা পশ্চিমবঙ্গ সরকার গর্ব করে বলতে পারি তাঁদের মধ্যে যে সমস্ত মন্ত্রী আছেন তারা কেউই দুর্নীতিপরায়ণ নন। যদি কারো বিরুদ্ধে দুর্নীতির কোন সন্ধান পাই, তাহলে সম্পূর্ণভাবে তার শাস্তির ব্যবস্থা করবো, তাতে আমরা কিছু মাত্র ভীত হব না।

(এ ভয়েস : আশু ঘোষের সম্বন্ধে কি হচ্ছে?)

সে সম্বন্ধে ইনভেস্টিগেসন হচ্ছে। এখনই সে সম্বন্ধে কিছু বলতে চাই না। পরে আপনারা জানতে পারবেন। আজকে যদি আশুবাবু মন্ত্রী থাকতেন তাহলে আমরা ব্যবস্থা অবলম্বন করতাম। আমি এখন কিছু বলতে চাই না এটা সাবজুডিস আছে। তিনি অপরাধী হতে পারেন, নিরপরাধও হতে পারেন। কতকগুলো জিনিষের উপর ভিত্তি করে আমরা এই অনুসন্ধান কার্য্য চালাচ্ছি। আমি শুধু একথা বলতে চাই যে আজকের একজন বন্ধু বললেন যে আপনারা হিসেব দেন না কেন? আমাদের গভর্নমেণ্টের কাছে হয়ত হিসেব দেওয়া হয় না। কিন্তু আমাদের পার্টির কাছে প্রত্যেক মন্ত্রীর প্রত্যেক আইন সভার সদস্যের প্রত্যেক পার্লামেণ্টের সদস্যের হিসেব দিতে হয়, সকলকে সম্পত্তির হিসেব দিতে হবে

[6-5—6-15 p.m.]

প্রত্যেক বছর তারা হিসাব দেয় আমার মত অনেক মন্ত্রী আছেন যাঁদের কোন বিশেষ সম্পত্তি নেই। আমি একবার হিসাব দিয়েছিলাম যে আমার দুটি ফাউণ্টেনপেন ছিল—এতো জোড়া জুতা ছিল—এত কাপড়—এতো জামা ইত্যাদি। বাস্তবিকই আমার কোন সম্পত্তি নেই।

(এ ভয়েস : কিন্তু শুনিতো অনেক কিছুই আছে)

শোনা হতে পারে। তবে হয়তো আপনার চেয়ে আমার খদ্দরের কাপড়টা একটু বেশী আছে। (এ ভয়েস : দেখুন না এই যে ছেড়া কাপড় পরে আছি) কেন না যদিও ছেড়া কাপড়

যে তাহলেও যাতা খদ্দরের কাপড় তো আপনাদের থাকবে না। কেন না আপনারা তো দরিদ্রের কথা আমাদের চেয়ে বেশী ভাবেন। মাননীয় সদস্য মহাশয় বললেন যে......

Shri Sasanka Sekhar Sanyal:

আমি একটা সপ্তাহে একটি জামাকাপড় পরি—আর আপনি প্রত্যেক দিন ৪ খানা করে ধুতি চাদর পরেন।

Shri Prafulla Chandra Sen:

না আমি ৪ খানা জামা কাপড় পরি না।

Shri Sasanka Sekhar Sanyal:

আমাদের জামা কাপড়ের চেয়ে আপনার জামা কাপড়-এর দাম বেশী।

Shri Prafulla Chandra Sen:

যা হোক আমি গরীবকেই দিই—ভাল কাজই করি।

Shri Sasanka Sekhar Sanyal:

আর মিলে যারা কাজ করেন তারা কি গরীব নয়?

Shri Prafulla Chandra Sen:

তার চেয়ে গরীব যারা আমাদের এই সুতা কাটে আমি এটুকু শুধু বলতে চাই, মাননীয় অধ্যক্ষ মহাশয়, যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এবং পশ্চিমবঙ্গ মন্ত্রীমণ্ডলী তাঁরা সব সময় প্রস্তুত আছেন যে কোন লোকের বিরুদ্ধে অভিযোগ আসুক না কেন—তিনি কংগ্রেসের লোক হোন, তিনি মন্ত্রী হোন, তিনি উচ্চপদস্থ কর্মচারীই হোন তাঁর বিরুদ্ধে আমরা ব্যবস্থা অবলম্বন করবো। আমি পূর্বে বলেছি যে আমাদের এখানে এ্যান্টি করাপসন এবং এনফোর্স মেণ্ট ব্রাঞ্চ যেভাবে আছে অন্য স্টেটে তেমন নেই। এবং আমি কেন্দ্রীয় সরকারের কাছে কি করে ভিজিলেন্স কমিসন করবো তা প্রায় ঠিক করে এনেছি এবং আশা করি আমি শীঘ্রই ভিজিলেন্স কমিশন করবো। সদাচার সমিতি সম্বন্ধে যে কথা উঠেছে—এই সদাচার সমিতি গভর্নমেণ্ট করবে না—তবে শ্রীগুলজারীলাল নন্দ মহাশয় সেদিন যে কথা বলেছেন যে মহাশয় অতুল্যবাবু মোটেই বাধা দিচ্ছেন না—এবং আমার সঙ্গে সহযোগিতা করছেন। কেন না তিনি পশ্চিমবঙ্গের সদাচার সমিতিতে কাকে ভার দেওয়া হবে, সেই একজন বিচারপতি শ্রীদেবব্রত মুখার্জি—এর নাম আজকে নয় প্রায় দেড় মাস আগে তিনি নাম পাঠিয়ে দিয়েছেন। একথা শ্রীগুলজারীলাল নন্দ সাহেব স্বীকার করেছেন। কাজে কাজেই অতুল্যবাবু সদাচার সমিতির বিরুদ্ধে নয়। অতুল্যবাবু যে প্রশ্নটা তুলেছিলেন সেটা হচ্ছে কি?—না, সদাচার সমিতি সরকার কর্তৃক নিযুক্ত হবেন, না সদাচার সমিতি কংগ্রেস কর্তৃক নিযুক্ত হবেন? তাতে দেখা গেল যে এটা সরকার কর্তৃক নিযুক্ত নয়, কংগ্রেস কর্তৃকও নিযুক্ত নয়। তবে এই সদাচার সমিতির কাজ ভালভাবে চলুক এটা সবাই চায়। সদাচার সমিতির অথরিটিটা কি সে সম্বন্ধে অনেকই অতুল্যবাবুর কাছে এসে বলেছেন যে মহাশয়, সদাচার সমিতি কি আপনাদের কংগ্রেস করেছে, না আপনাদের গভর্নমেণ্ট করেছে। এই জিনিষটার একটা ক্ল্যারিফিকেসন করা দরকার ছিল—সেটাই তিনি করেছেন। সুতরাং আমাদের এই সদাচার সমিতি হবার পর যদি যতীন চক্রবর্ত্তী মহাশয় সদাচার ধরেন তাতে আমরা সকলেই খুশীই হবো। এবং আমাদেরও যদি সদাচার আরও বেশী করে বাড়ে তাহলে আমরা খুশীই হবো। পরিশেষে আমি আবার বলছি যে আমাদের দেশে দুর্নীতি আছে সেটা অস্বীকার করবার উপায় নেই এবং এই দুর্নীতি দূর করবার জন্য আমরা অনেক ব্যবস্থা অবলম্বন করেছি। একজন মাননীয় বন্ধু

বললেন যে যদি অর্থনৈতিক উন্নতি না হয়, যদি দারিদ্র দূর করতে না পারি, যদি ধনবৈষম্য দূর না হয় তাহলে পর দুর্নীতি আমরা সম্পূর্ণরূপে দূর করতে পারবো না। এটা সত্য কথা এবং সেজন্যই আমরা চেষ্টা করছি যাতে আমাদের দেশ থেকে ধনবৈষম্য দূর হয়। কিন্তু এই চেষ্টা করতে গিয়েও দুর্নীতি হচ্ছে। যদিও অনেকে আমাকে বলে বড় বড় লোক যে মহাশয়, আমি যদি ১০ লক্ষ টাকা রোজগার করি তাহলে আমাকে ৯ লক্ষ টাকার উপর ইনকামট্যাক্স দিতে হয়। কাজে কাজেই আমাদের কিছু কিছু ইনকাম ট্যাক্স গোপন করতে হয়। আপনারাইতো দুর্নীতির সৃষ্টি করছেন—তারা আবার উল্টে আমাদের উপর চাপ দেন যে আপনারাই দুর্নীতি সৃষ্টি করছেন। কেন এই রকম ট্যাক্সেশন করেছেন। ট্যাক্স কিছু কম করুন তাহলে দুর্নীতি দেশ থেকে কমবে। আমাদের কংগ্রেসের উদ্দেশ্যে হচ্ছে দেশ থেকে ধনবৈষম্য যাতে দূর করতে পারি। বাস্তবিক আমাদের দেশ খুব গরীব। এ কেউ অস্বীকার করবেন না। আমাদের কৃষি বলুন, আমাদের শিল্প বলুন আমাদের সব কিছুতেই দৈন্য আছে, দুঃখ আছে, অভিযোগ আছে, দারিদ্র আছে। এবং তার জন্য দুর্নীতি থাকতে পারে। এক ভদ্রলোক আমাকে একটা গল্প বলেছিলেন—যে মহাশয় বিলাতে গিয়েছিলাম—সেখানে গিয়ে দেখলাম যে আমাদের দেশে কোন হিন্দুকে যদি গরুর মাংস খেতে বলা হয় তিনি শিহরে উঠবেন—খেতে পাবে না তবুও গরুর মাংস খাবে না। কিন্তু যদি বলা হয় দুধে জল মিশিও না ওহে গয়লা ভাই। কিন্তু তারা ভাবে দুধে জল মেশানো এমন কি একটা অন্যায় হবে। কিন্তু বিলাতে একথা তারা ভাবতেই পারে না। কিন্তু তারা কল্পনাও করতে পারেন নি যে দুধে জল মেশায়, কাজে কাজেই আমাদের দেশে অনেক দোষ আছে ত্রুটি আছে তা স্বীকার করি। কিন্তু এই কথাই বলতে চাই যে আমরা যদি পরস্পর পরস্পরকে শুধু দোষারোপ করি তা হলে আমাদের উন্নতি বাড়বে না। যেখানে দোষ ত্রুটি আছে তার শাস্তি বিধান করা উচিত। আজকে যদি প্রত্যেক প্রত্যেককে বলি চোর তা হলে আমাদের কারও মঙ্গল হবে না হতে পারে না। আমাদের দেশে প্রত্যেককে বলা যায় যে তোমার জন্মের ঠিক আছে কিনা তা তুমি প্রমাণ কর তারপর আমার সঙ্গে কথা বলবে এটা ঠিক তেমন হচ্ছে, একজন মাননীয় বন্ধু বললেন যে তোমরা এক্ষুনি পদত্যাগ করো। তোমাদের পদত্যাগ করে দেখাতে হবে যে তোমরা সৎ। তা হলেত মন্ত্রী সভা গঠন হবে না কারণ প্রত্যেক মন্ত্রীসভা গঠন হবার পর একমাস পরই দাবী উঠবে যে তোমাকে পদত্যাগ করে প্রমাণ করতে হবে। কাজে কাজেই এসব কথা যারা ক্ষমতা পান নি তাদের কাছে থেকে শুনা যায়। আমরা যখন ক্ষমতা পাই না তখন আবল তাবল যা কিছুই বলে দি না কেন তা ঠিক নয়। এই সব দুর্নীতির কথা গত নির্বাচনের সময়েও কি যতীনবাবু কি তার বক্তৃতায় বলেন নি, নিশ্চয় বলেছেন যারা মহাত্মা গান্ধীকে দোষ দিতে পারেন তারা নির্বাচনের সময়ে প্রত্যেককে দুর্নীতিপরায়ণ বলবেন এটার বড় কথা কি। কিন্তু লোকে এত বোকা নয় লোকে জানে যে যতীন চক্রবর্তীর কথা বিশ্বাস যোগ্য নয়। আমাদের বন্ধু রবীনবাবুর কথাই বিশ্বাস যোগ্য এবং সেজন্য আজকে আমরা এখানে এসেছি। আমাদের কংগ্রেসের শক্তি আছে বলে বা আমরা শক্তি ধরি বলে শক্তি রাখি বলে আমরা এই কথা বলি। আপনারা পাঞ্জাবের কথা বলেছেন, সেই পাঞ্জাবের কংগ্রেসের লোকেরাই তাকে সরিয়েছে সাহস আমাদের আছে আমরা দুর্বল নই। শক্তিশালী প্রতিষ্ঠান বলে সেখানে যতই বড় হোক আর যত ছোটই হোক আমরা তা শাস্তি বিধান করবো। যে সংশোধনী প্রস্তাব এসেছে রবীনবাবু সম্যকভাবে তার উত্তর দেবেন মাননীয় যতীনবাবু যে প্রস্তাব এখানে এনেছেন অর্থাৎ যে সংশোধনী প্রস্তাব এসেছে আমি তার বিরোধিতা করছি আর একটা কথা এই প্রসঙ্গে বলি যে পশ্চিমবঙ্গ সরকার শীঘ্রই ভিজিলেন্স কমিসনস গঠন করবেন এই বিষয়ে কোনো সন্দেহ নেই আমাদের য়্যাণ্টি করাপসন ব্রাঞ্চও ইনফোর্সমেণ্ট ব্রাঞ্চ বেশ ভালভাবে কাজ করে চলেছেন। এই ভালভাবে কাজ করা সত্ত্বেও আমরা ভিজিলেন্স কমিশন গঠন করবো এবং সদাচার সমিতিও আমরা গঠন করবো। আজ ভগবানের কাছে প্রার্থনা জানাই যে তিনি যতীনবাবু সমেত আমরা সকলেই যেন সদাচারী হই।

Shri Nirmalya Bagchi :

মাননীয় সহকারী অধ্যক্ষ মহাশয়, আমাকে এই অবেলায় যখন বক্তৃতা দেবার সুযোগ দিয়েছেন তার জন্য আপনাকে ধন্যবাদ দিচ্ছি। গত ১৫ই আগষ্ট স্বাধীনতা দিবস উপলক্ষে প্রেস ইনফরমেসান বুরোয় মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী গুলজারীলাল নন্দর একটি প্রবন্ধ সারা ভারতবর্ষে প্রচার করলেন প্রবন্ধের নাম Multi-Pronged War on Corruption
এবং সেই প্রবন্ধে বিভিন্ন রাজ্যে ভিজিলেন্স কমিসন গঠন এর কি পরিমাণ অগ্রগতি হয়েছে সে বিষয়ে বলতে গিয়ে বাংলার কথা উল্লেখ করে যে কথা বলেছেন সেটা এখানে মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় উপস্থিত আছেন তাঁকে আমি উপহার দিচ্ছি, তিনি বলেছেন

'The concept of Vigilance Commission has been accepted by several State Governments and Andhra Pradesh, Gujarat and Madhya Pradesh have already set up organisations on the Central model. Eight more States have decided to set up Vigilance Commissions. These are Kerala, Mysore, Maharashtra, Rajasthan, Assam, Nagaland, Jammu and Kashmir and Orissa. While Madras, Bihar and Uttar Pradesh have also decided to set up organisations to deal with corruption, though not on the Central model, two States—West Bengal and Punjab are still considering the matter.'

এটা আপনি লক্ষ করুন স্যার এখানে বলা হয়েছে

West Bengal and Punjab are still considering the matter

১৫ই আগষ্ট তারিখে গুলজারিলাল নন্দ বলেছেন। সারা ভারতবর্ষে যখন বিভিন্ন রাজ্যগুলি অত্যন্ত গুরুত্ব দিয়ে এই ভিজিলেন্স কমিসন গঠন করার কথা চিন্তা করছিলেন তখন পাঞ্জাব ও পশ্চিমবঙ্গ নিস্ক্রিয় ও উদাসীন। আপনি জানেন যে পাঞ্জাবে কি পরিমাণ দুর্নীতি দেখা দিয়েছিলো, এবং পাঞ্জাবের মাসতুতো ভাই পশ্চিমবাংলা ১৫ই আগষ্ট-এর পর আজ সেপ্টেম্বর শেষ হতে চললো তারা এখনও এটা স্টিল আণ্ডার কনসিডারেসন এ রেখেছেন, অর্থাৎ তাদের এই সম্পর্কে দায়িত্ব বলে কিছু নেই।

[6-15 – 6-25 p.m.]

এবং এই স্টিল আণ্ডার কনসিডারেসনএর এই পিরিয়ডটা কতদিন ধরে চলবে সেই সম্পর্কে ও কোন আশ্বাস নাই। তার কারণ হচ্ছে এই ভিজিলেন্স কমিশনস যদি গঠিত হয় এবং তার বার্ষিক বিবরণী তা যদি পাবলিক সার্ভিস কমিশনের বিবরণীর মত প্রকাশিত হয় তাহলে পরে কেঁচো খুঁড়তে গিয়ে সাপ বেরিয়ে আসবে। সদাচার সমিতির ভবিষ্যৎ সম্পর্কে নন্দজী এখনো কিছু পরিমাণ আশা করে রাখেন। কিন্তু কংগ্রেস ওয়ার্কিং কমিটির বিগত অধিবেশন থেকে যে বিবরণী বেরিয়ে এসেছে তাতে বোঝা যাচ্ছে এই সদাচার কমিটি পিতৃ মাতৃহীন হয়েছে। এই কমিটির কোন অস্তিত্ব নাই, এই কমিটির কোন স্ট্যাটাস নাই। এই কমিটি একটি প্রায়াস অর্গানাইজেসনএ পরিণত হচ্ছে এবং বাংলাদেশে এই কমিটি কোন দিন কার্যকরী হবে না। এখানে যে নাম মাননীয় ঘোষণা করে গেলেন কোথা থেকে অতুল্য ঘোষ মহাশয় এর সভাপতি আসন গ্রহণ করেছেন এটা আমার কাছে একটি বিস্ময়ের বস্তু।

(এ ভয়েস : সভাপতির আসনে দেবব্রত মুখার্জীর নাম তিনি ঘোষণা করেছেন, তিনি গ্রহণ করেন নাই)

তাহলে তো তাঁর নমিনেটেড বডি হচ্ছে। তাহলে বোঝা যাচ্ছে যে এই সদাচার কমিটি বাংলাদেশের কি তার মহিমা বিস্তার করবেন। আমার এক বন্ধু রহস্য করে বললেন যে এই সদাচার কমিটি তো এখানে কাজ করবে না। কারণ সদাচার কমিটি অলরেডি ইন এক্সিস্টান্স সুতরাং এ কমিটি যদি গঠিত হয়, তাহলে কি করে একে একুমেলেট করাও যায় তার জন্য চেষ্টা চলবে ভেসটেড ইনটারেষ্টদের পক্ষ থেকে। দুর্নীতি সম্পর্কে আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কি পরিমাণ উদাসীনতা ও প্রশ্রয় দিয়া থাকেন তার দু একটি উদাহরণ আপনার কাছে বলবো। কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে প্রেস ইনফরমেসন ব্যুরো জানিয়েছেন যে একমাত্র একটি মাসে মার্চ ১৯৬৪ সালে

Central Bureau of Investigation

২৫টি গেজেটেডঅফিসার, ৮৭টি আদার পাবলিক সারভেনটস-এর বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করেছেন—

During the month prosecution were launched against nine gazetted and 22 other public servants for offences involving bribery, criminal misconduct, cheating and criminal breach of trust.

আমি দীর্ঘ সময় পাব না জানি সেজন্য সংক্ষেপে আপনার কাছে বলছি যে পশ্চিমবঙ্গ সরকারের এই বিভিন্ন প্রশাসনিক ক্ষেত্রে যে দুর্নীতি চলছে, সেই সম্পর্কে আমাদের বন্ধু হালিম সাহেব একটি প্রশ্ন দিয়েছলেন এবং সেই প্রশ্ন থেকে যে জবাব পেয়েছেন ১৯৫৮, সাল থেকে ১৯৬২ সাল পর্যন্ত এই পাঁচ বছরে যে কনভিকসন হয়েছে, তার মধ্যে গেজেটেড অফিসার মাত্র ২৮ জন নন গেজেটেড ক অফিসর ৫০ জন। য়্যাসিট্যাণ্ট এবং ক্লার্ক ৮ জন এবং ইনফিরিয়র স্টাফ ৪ জন। এই পাঁচ বছরে মাত্র এইটুকু প্রশাসনিক ক্ষেত্রে দুর্নীতির বিরুদ্ধে তাঁরা হাত দিতে পেরেছেন। সেখানে আমি দেখছি কেন্দ্রীয় সরকার কি ব্যবস্থা গ্রহণ করেছেন সমস্ত প্রশাসনিক ক্ষেত্রের ব্যবস্থাকে ক্লিন করবার জন্য পশ্চিমবঙ্গ সরকার ও পশ্চিমবঙ্গ মন্ত্রী সভা যারা দুর্নীতির মধ্যে ডুবে আছেন ও বিলাসিতার স্রোতের মধ্যে ভেসে বেরাচেছন, তাদের পক্ষে সম্ভবপর নয় যে প্রশাসনিক ক্ষেত্রে দুর্নীতি দূর করবে। বাংলাদেশে এই মন্ত্রীরা যেভাবে জীবন যাপন করেন, তার কিছু কিছু নমুনা আমাদের কাছে বিভিন্ন সময়ে বিভিন্ন প্রশ্নোত্তরের মধ্য দিয়ে এসেছে। সেটা হচেছ কি পরিমাণ টি এ বিল ওঁরা ড্র করেন, কি পরিমাণ তাঁদের টেলিফোনের খরচ, বছরে কি পরিমাণ পেট্রল নিজেরা এবং নিজেদের পরিবারের জন্য খরচ করে থাকেন এবং শুধু তা নয়, মন্ত্রীদের বাসভবন কি বিপুল ব্যয়ে এয়ার কনডিসনিং করে রেখেছেন। এ দের সাহস আছে কি বাংলাদেশের কাছে দুর্নীতির বিরুদ্ধে একটি নৈতিক আদর্শ তাঁরা তুলে ধরতে পারবেন?

আর একটি প্রশ্ন হচেছ যে বেতনের তারতম্য আমাদের দেশে কি পরিমাণ রয়েছে সেটা দেখুন। এই বেতনের তারতম্য, একদিকে মন্ত্রীদের জীবনযাত্রা অন্য দিকে আমাদের দারিদ্র্য ও অশিক্ষা এটাই আজকে দুর্নীতির একটা উর্বর ক্ষেত্র সৃষ্টি করে দিয়েছে এখানে পশ্চিমবাংলার চীফ সেক্রেটারী শ্রীআর গুপ্ত তিনি মাসে মাইনে পান ৩,৭৫০৲ টাকা; আর সেখানে রাইটার্স বিল্ডিংসের তারই অফিসের দরজার বাইরে যে চাপরাসী বসে থাকে তার মাইনে হচেছ ৬৫৲ টাকা। অর্থাৎ ৫৬গুণ মাইনে তিনি পান এবং একজন লোয়ার ডিভিসন য়্যাসিস্ট্যাণ্ট তার মাইনে ১২৫৲ টাকা; অর্থাৎ তা ৩০ গুণ বেশী মাইনে এই চীফ সেক্রেটারী পেয়ে থাকেন। আরও সেখানে একজন প্রাথমিক শিক্ষকরা গড়পড়তা ৭৫৲ টাকা মাইনে পেয়ে থাকেন। এবং এই দুর্নীতি সম্পর্কে যদি কোথাও কিছু আভাস পাওয়া যায়, যদিও কোথাও ধরা পড়ে সেটাকে গোপন করাই হচেছ আমাদের পশ্চিমবঙ্গ সরকারের কাজ। কিছু দিন পূর্বে ২৪-পরগণা স্কুল বোর্ডে একটা বিরাট দুর্নীতির চক্রান্ত ধরা পড়ে—কিছু কিছু টাকা সেখানে তছরূপ হয় এবং মাননীয় মুখ্যমন্ত্রী ডাঃ বিধান চন্দ্র রায় তখন ছিলেন—সমস্ত জিনিষটাকে চাপা দেওয়া হোল......

(দি অনারেবল রবীন্দ্র লাল সিংহ: সম্পূর্ণ অসত্য কথা)

যেটা অনুসন্ধান করে পাওয়া গিয়েছিল সেটাও প্রকাশ করা হোল না। অপরাধীর শাস্তির বদলে আদালতে বিচার হলে তাঁরা আজকে রেহাই পেতেন না কিন্তুআজকে এই বিধান সভা বা পরিষদের তাঁরা সভ্য হয়ে আছেন।

(দি অনারেবল রবীন্দ্র লাল সিংহ: অসত্য কথা)

বিশ্ববিদ্যালয় সম্পর্কে যে সমস্ত অনুসন্ধান করা হোল—স্যার, বি. এন. মিত্র কমিটির রিপোর্ট আজ পর্যন্ত মন্ত্রী সভা সেটা প্রকাশ করতে পারলেন না। সুতরাং দিন আসবে যে দিন বাংলা দেশের মানুষ চাকাকে ঘোরাবে এবং এই মন্ত্রীদের টেনে নামাবে—সেদিন আপনারা বুঝবেন।

Shri Jagannath Kolay:

আমি একটা কথা এখানে বলতে চাই যে যতীনবাবু প্রশ্ন উঠিয়েছেন এবং আনন্দ গোপাল মুখার্জি হচ্ছেন ঐ হাউসের মেম্বার। আমি আশা করেছিলাম যে যতীনবাবু এই প্রশ্নটা তুলবেন না। তিনি বললেন যে আনন্দবাবু ৪৭০০ মিটারের কুপন নিয়েছেন। এটা ঠিক কথা নয়। তিনি যে কুপন নিয়েছেন সেটা তাঁর প্রাপ্য—তিনি একটা কোয়ার্টারে মাত্র ১৬ শত মিটারের কুপন নিয়েছেন এবং আমি বলছি যে এরকম নেওয়া যায় এবং যেখানে এখনও পাঁচ বছর সময় রয়েছে এবং এই সময়ের মধ্যে যদি কেউ কুপন নেয় সেটা এ্যাডজাস্টটেড হবে তাতে কোন সন্দেহ নেই যতীনবাবু যে কথা বলছেন যে আজকে যদি এইভাবে পাস সিসটেম করবার জন্য পার্লামেণ্টে যেমন আছে......

Shri Jatin Chakraborty:

আমিও তো চেয়েছিলাম—কিন্তু আমাকে দেওয়া হয়নি

I have been refused.

Shri Jagannath Kolay:

আপনি যদি কোথাও যেতে চান নিশ্চয়ই আপনাকে দেওয়া হবে এবং যে কথা আপনি বলছেন যে তখন এমন একটা সময় হয়েছিল যখন দণ্ডকারণ্যে যাবার প্রয়োজন হয়েছিল—তখন কুপন দেওয়া হয়েছিল—সেখানে আরও এক্সট্রা কুপন দেওয়া হয়েছিল এবং যেটা এক্সট্রা কুপন দেওয়া হয়েছিল তার জন্য যে এক্সট্রা খরচ হয়েছিল সেটা গভর্নমেণ্টের কাছে লিখে আমাদের স্যাংশান করতে হয়। শেষে এটাও বলছি যে যদি যতীনবাবু চান তাহলে তিনিও নিশ্চয়ই পাবেন। তার উপর একটা জিনিস আপনাদের বলে দিচ্ছি যে যেখানে আমরা ইণ্ডিয়া গভর্নমেণ্টের কাছে পাস সিসটেমের জন্য মুভ করছি সেখানে এই প্রশ্ন এখন আসে না এমন যদি মনে করেন যে এটা নেবেন না—এটা দেবার দরকার নেই—যতীনবাবু বলুন তাহলে আলাদা কথা। আর যদি কেউ মনে করেন যে ৪৮০০-র বেশী কুপন আমাদের লাগে না এবং এটা যদি বলেন যে দুর্নীতি হচ্ছে তাহলে আমি নাচার। আসলে এই প্রশ্নটা যতীনবাবুর আনা উচিত ছিল না। এবং অনেক সময় আমরা দেখেছি যে কুচবিহারে যাঁরা যান তাঁদের খুবই অসুবিধা হয়—তাদের ৪৮০০ মিটারের কুপন একবারেই শেষ হয়ে যায়। সেই জন্যই এই পাস সিসটেম যাতে হয় তার চেষ্টা করা হচ্ছে। তাই আমি যতীনবাবুকে এই কথা বলছি যে তিনি একটি অবান্তর কথা এইভাবে তিনি বলতে পারেন না।

Shri Jatin Chakravorty: It is corruption.

Shri Jagannath Kolay: It is not at all corruption.

কারণ আমি যদি বলি এটা করাপসন নয় তাহলে ভুল হবে না—কারণ সেক্রেটারীই দিয়েছেন—অন্য কেউ নয় এবং উনি কার কাছ থেকে শুনেছেন জানি না। যতীনবাবু এমন সব কথা এখানে বলেন যাতে মনে হয় যে এসেম্বলী থেকে এই সব কথা বলা হচ্ছে। এ কি করছেন আপনি? আপনিই তো বলছেন করাপসন দূর করুন—আবার দেখছি অযথা করাপসন তাদের ঘাড়েই চাপাচ্ছেন। কি অন্যায় হয়েছে? আমি এর কিছু বুঝতে পারি না এবং যতীনবাবু যদি যান তাহলে তিনি নিশ্চয়ই পাবেন তাতে কোন সন্দেহ নেই। (শ্রীযতীন চক্রবর্তী: হোয়াই আই ওয়াজ রিফিউজড? স্যার, আই ওয়াজ রিফিউজড।) উনি পান নি কেন আমি জানি না। আমি ত জানি তিনি নিশ্চয়ই পাবেন তাতে কোন সন্দেহ নেই। যতীনবাবু যে একজন মাননীয় সদস্যকে এমনভাবে বলবেন—এটা একটা এ্যাসপারসন হয়েছে তার জন্য আমি এটার প্রতিবাদ করি এবং আমি মনে করি যে কোন অন্যায় হয় নি। কোন মেম্বার এ্যাডভান্স কুপন যদি নেন বা চান তাহলে তিনি নিশ্চয়ই পাবেন তাতে কোন সন্দেহ নেই। কেবল আমাদের দেখতে হবে যে এই পাঁচ বছরের মধ্যে সেটা এ্যাডজাস্ট হচ্ছে কিনা আর অন্য কিছু না।

যতীন বাবু যদি চান তো তিনিও এ কুপন পাবেন তাতে সন্দেহ নেই। যতীনবাবু কেন পান নি তা জানি না এবং তিনি নিশ্চয়ই পাবেন এটা আমি আশা করি। এই সঙ্গে আমি একটা মেম্বারের উপর যে য়্যাসপারসন করা হয়েছে তার জন্য প্রতিবাদ করছি, এবং আমি মনে করি যে এটা কোন অন্যায় হয় নি। কোন মেম্বারের যদি সর্ট পড়ে যায় তাহলে তিনি তাহলে তিনি য়্যাডভান্স নিতে পারেন, তবে এটা দেখতে হবে যে ৫ বৎসরের মধ্যে তিনি য়্যাডজাস্ট করলেন কিনা।

[6-25—6-35 p.m.]

Shri Rabindralal Sinha :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে বন্ধুবর যতীনবাবু যে প্রস্তাব উত্থাপন করেছেন তাতে প্রথমটা আমি ভেবেছিলাম যে পরিষদে আমরা সবাই দুর্নীতির জন্য ব্যথিত এবং দুর্নীতি দমন করবার জন্য বা দুর্নীতি যাতে তিরোহিত হয় তারজন্য একান্ত আগ্রহশীল। আমি এটা মনে করি প্রতিটি সদস্য নিশ্চয়ই আগ্রহশীল হবেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর নানা কারণে পৃথিবীর বহু দেশে দুর্নীতি কিছু কিছু প্রসারিত হয়েছে এবং নানারূপ রূপ পরিবর্তন করেছে এবং ভারতবর্ষেও তার ব্যতিক্রম হয় নি। কিন্তু প্রত্যেকটি সৎ মানুষ মনে করে এই দুর্নীতিকে দূরীভূত করা উচিত। যখন জানতে পারলাম যতীনবাবুর এই প্রস্তাব পরিষদে আসছে তখন ভাবলাম যে দুর্নীতি দমন করবার সাধু প্রচেষ্টার জন্যই এই প্রস্তাব এসেছে। কিন্তু আজকের সমালোচনার ধারা দেখে অত্যন্ত নিরাশ হতে হয়েছে। আজকে দেখলাম যে এই দুর্নীতি দমনকে সামনে শিখণ্ডী খাড়া করে রাজনৈতিক প্রতিপক্ষকে দমন করবার অপচেষ্টাই চলেছে এবং এটাই এই প্রস্তাবের মূল উদ্দেশ্য। তবে সুখের বিষয় এখনও পর্যন্ত মন্ত্রীসভার সদস্যদের বিরুদ্ধে বিশেষ কোন অভিযোগ উপস্থাপিত হয় নি। কিন্তু আর অভিযোগ যেটা যতীনবাবু উত্থাপিত করেছেন বাংলা কংগ্রেসের অবিসংবাদী নেতার বিরুদ্ধে, এবং ১৯৫২ সাল থেকে তিনবার মার খেয়েছেন তার নেতৃত্বে। সুতরাং আক্রোশ থাকা যে অস্বাভাবিক নয়, তা জানি। এর পর ১৯৬৭ সালেও তার নেতৃত্বে মার খাবেন এটাও বলা যায়। বাংলা দেশের মানুষ এত বোকা নয়। বাংলা দেশের সাধারণ মানুষের অক্ষর জ্ঞান না থাকুক তাদের শুভ বুদ্ধি আছে, তারা ভুল করে না এবং তারা দুর্নীতির সমর্থকও নয়। প্রতিটি নির্বাচনের প্রাক্কালে মাঠে প্রাঙ্গণে যতীনবাবু আজকে যেমন গলা বা[illegible] গেছে সেরূপ চিৎকার করে গলা ধরিয়েছেন যে কংগ্রেস দুর্নীতি পরায়ণ। দেশের মানুষ যদি বোকা হ'ত তাহলে তাঁরা বিরোধীদের সে টোপ গিলতেন, কিন্তু তাঁরা সে টোপ গেলেন নি তারা দেশশাসনের ভার আমাদের উপরই দিয়েছেন, এটা দেশের মানুষের বিশ্বাসের উপর নির্ভর করে। সুতরাং তাঁরা এত বোকা নন। আজকে চারিদিকে যদি কর্দম নিক্ষেপ করা যায় তাহলে সাধারণ মানুষ যাঁরা কিছু জানে না তাঁদের মনে হতে পারে যে বিধান পরিষদের কক্ষে দাঁড়িয়ে যখন এই কথা বলা হয়েছে তখন নিশ্চয়ই কিছু সত্যতা আছে। সাধারণ মানুষ তো জানেন না যে পরিষদের শীতাতপ নিয়ন্ত্রিত কক্ষে দাঁড়িয়ে রাজাকে নাকে ডাইনী বললেও আর কিছু করা যায় না, আমি যদি আগাগোড়া অসত্য অভিযোগ কারো বিরুদ্ধে করি, আমি যদি আগাগোড়া অসত্য নিন্দা কারো বিরুদ্ধে করি তাহলে তার বিরুদ্ধে কি করবার উপায় নাই। কিন্তু পরিষদের বাইরে দাঁড়িয়ে ব্যক্তিগত ভাবে একথা বললে যাতে রাজোদ্বারে তার বিচার হবার সম্ভাবনা আছে। এখানে তা তো নয়। কোন ঘুড়ির কাগজে কি ছাপা হলো, আর তাকে রাজোদ্বারে নিয়ে গেলেও বিশেষ কি লাভ হবে না, তার পিছু পিছু মানুষ ছুটবে না। তবে যতীনবাবুর মত কোন প্রতিষ্ঠাবান রাজনৈতিক নেতা কি বলেন, তাহলে সেটা অগ্রাহ্য করা যায় না। যা প্রকাশ্য তা পরিষদের রক্ষা কবচের মধ্যে কেন?

আর একটি কথা হঠাৎ পরিষদে এসে কোন সরকারী কর্মচারী সম্বন্ধে বিরাট দুম করে বলেছিলাম, বিরাট দুর্নীতির একটা গল্প করলাম, সেটা তখন আমাদের ভেরিফাই করবার অনুসন্ধান করবার সময় নাই, তাই দাঁড়িয়ে সঙ্গে সঙ্গে তার প্রতিবাদ করতে পারলাম না। আর পরদিন সংবাদপত্রে প্রকাশ হলে উদ্দেশ্য সাধক যে যতীন চক্রবর্তী মশায়

একথা বলেছেন, কিন্তু আজকে প্রয়োজন হচ্ছে যদি সত্যি দুর্নীতি দমন করতে তাঁরা চান, তাহলে, রাজনৈতিক নেতৃত্ব এখন বাদ রাখছি—সরকারী কর্মচারী সম্পর্কে হঠাৎ দুম করে পরিষদ কক্ষে না বলে সত্যি যদি দুর্নীতি তিনি দমন করতে চাইতেন তাহলে পরিষদের একজন দায়িত্বশীল সভ্য হিসেবে, একজন দায়িত্বশীল নাগরিক হিসেবে সরকারের কাছে, সরকারের মন্ত্রীদের কাছে, যাদের কাছে ওঁর প্রতিনিয়ত যোগাযোগ আছে, এমন কি যতীনবাবু অনেক মন্ত্রীর বন্ধু, তাঁদের কাছে আনায়াসে সেটা পেশ করতে পারতেন এবং প্রতিকার দাবী করতে পারতেন।

আমরা যারা শাসনকার্য্যে আছি, তাদের প্রতি ওর রাগটা বেশী হবে এটা অস্বাভাবিক নয়। তার পরে আজকে যদি এই দুর্নীতি দমনের নামে রাজনৈতিক প্রতিপক্ষকে দমন করবার প্রচেষ্টা আমরা করি এবং সেই উদ্দেশ্যে নির্বিচারে কর্দম প্রক্ষেপ করি এই ভরসায় যে দেওয়ালে কাদা ছুড়লে খানিকটা আটকে থাকতে পারে, তাহলে আর যা হোক তাতে দেশের সুনাম বাড়ে না।

শ্রীমতী ইন্দিরা গান্ধী সম্প্রতি বিলেত পরিভ্রমণ করে দেশে ফিরে এসেছেন। এই ভাবে চীৎকার করে আমরা পর পরকে দোষারোপ করছি। তার ফলে সমস্ত বিদেশে ভারতবর্ষের জাতীয় চরিত্র যে বিদেশীর চোখে অনেক ছোট হয়ে আসছে এ সম্বন্ধে তিনি সাবধান বাণী উচ্চারণ করেছেন এ কথা আমাদের মনে রাখা উচিত।

মুখ্যমন্ত্রী মহাশয় তাঁর ভাষণে আজকে অনেক প্রশ্নের জবাব দিয়ে গেছেন। কাজেই আমি আর বিশেষ কিছু বলতে চাই না। ৭ লক্ষ টাকা বেনেট কোলম্যানের কাছ থেকে গ্রহণ করে "জনসেবকের" জন্য মেশিন কেনা হয়েছে এই যে কথার উনি উল্লেখ করেছেন, আমি বলবো সে কথা সর্বৈব অসত্য এবং এটা কংগ্রেসের সংবাদপত্র নয়, এটা একটা লিমিটেড কোম্পানীর সংবাদপত্র। তাদের যে টাকার অকুলান হয়েছিল, সে টাকাটা তাঁরা ব্যাঙ্ক থেকে দেনা করে সংগ্রহ করেছেন এবং ব্যাঙ্ক সেই টাকা তাঁদের প্রদান করেছে। অতএব এরকম অভিযোগ করলে লোকে মনে করবে যে বুঝি তাই এতে করে লোকের মনে একটা ভুল ধারনার জন্মাতে পারে। যেহেতু একটা সংবাদপত্র বিরোধী রাজনৈতিক দলীয় নীতি সমর্থন করেন না হলে একটা সংবাদপত্র প্রতিষ্ঠানের উপর এরকম কর্দম প্রক্ষেপ করা উচিত নয়। ইউনাইটেড ব্যাঙ্ক টাকা ধার দিয়েছেন জনসেবককে এবং যতীনবাবু নাকি জেনেছেন যে বেনেট কোলম্যানের য়্যাকাউণ্ট ইউনাইটেড ব্যাঙ্ক-এর কাছে জমা আছে। কারণ যে য়্যাকাউণ্ট, কার টাকা জমা আছে তা আমি জানি না তবে বেনেট কোলম্যান ছাড়াও আরো বহু লোকের টাকা যে ব্যাঙ্কে জমা আছে। সে টাকাটা বেনেট কোলম্যানের টাকা থেকে দেওয়া হয় নাই ইউনাইটেড ব্যাঙ্ক সেখানে টাকা য়্যাডভান্স করেছে। ইউনাইটেড ব্যাঙ্কএ যত লোকের টাকা জমা আছে তাহলে বলা যায় সকলের কাছ থেকে তাঁরা টাকা ধার করেছেন এবং সেই মেশিনগুলো বন্ধক আছে। এবং যে রকম য়্যাসেট বন্ধক দিয়ে টাকা ধার নেওয়া হয়, সেই রকমই নেওয়া হয়েছে এই একটা উদাহরণ দিলাম।

দ্বিতীয়তঃ তিনি হচ্ছেন অত্যন্ত কৌশুলী লোক। তিনি এমন সব অভিযোগ করেছেন দুর্গাপুর সম্বন্ধে যার উত্তর মুখ্যমন্ত্রী মহাশয় দিয়ে গেছেন। কাজেই আমার আর নূতন কিছু বলবার দরকার নাই। তিনি যে কথা বলেছেন যে চিরঞ্জীলাল বাজোরিয়া কাছ থেকে ৫ লক্ষ কি ১০ লক্ষ টাকা নেবার কথা এটা সর্বৈব অসত্য। তিনি তার সঙ্গে সঙ্গে আর একটি কথা যোগ করেছেন যে কেন্দ্রীয় সরকারের কাছ থেকে সুবিধা আদায় করে নেবার জন্য এই টাকা নেওয়া হয়েছে। সুবিধাটা কী?

[6-35—6-45 p.m.]

এবং অসুবিধাটা কি? তিনি বলছেন যে পাকিস্তানের জুট মিলগুলি তাদের সরকারের কাছ থেকে বিদেশে রপ্তানির জন্য যে সুযোগ পায়–সেই সুবিধাগুলি এঁরা যাতে পান। তিনি অত্যন্ত কুশলী কূটবুদ্ধিসম্পন্ন।

(শ্রীশশাঙ্ক শেখর স্যান্যাল: তাহলে ওঁকে ফরেন মিনিষ্টার করে দিন) তাহলে মন্দ হয় না। আমি যে কথা বলতে চেয়েছিলাম যে আজকে পাটজাত শিল্প বস্তু আমাদের রপ্তানী করা একান্ত অপরিহার্য্য। আমাদের ফরেন এক্সচেঞ্জ আনতে হবে পাটের থলে ইত্যাদি রপ্তানি করে। পাকিস্তান হচ্ছে আমাদের নিকটতম প্রতিদ্বন্দ্বী। পাকিস্তান সেখানে রপ্তানি ব্যাপারে যদি বিশেষ সুবিধা পান এবং ভারতবর্ষের মানুষ যদি তা না পায় তাহলে কমপিটিসনে ভারতবর্ষের মানুষ হেরে যাবে। হয়তো যতীনবাবু খবর পেয়েছেন কোন মন্ত্রী মণ্ডলীতে ভারতবর্ষ যাতে হেরে না যায়—যাতে পযুদস্ত না হয় সেজন্য তিনি দরখাস্ত করেছেন তাঁর দরখাস্ত হয়তো বিবেচিত হচ্ছে। যেটা আপাতদৃষ্টিতে যুক্তিসঙ্গত বলে মনে হচ্ছে সেটা এই যে সেই সংবাদের সঙ্গে অতুল্যবাবুকে সংযুক্ত করে বিরোধী দলকে সংযুক্ত করে বিরাধী প্রতিপক্ষের গায়ে কর্দ্দম প্রক্ষেপ করেছেন। এটা অতি স্বাভাবিক। কিন্তু দুঃখের সঙ্গে একথা বলতে হয় যে এর দ্বারা কোন দুর্নীতি দূরীভূত হবে না। দুর্নীতি দূরীভূত লক্ষ্য হিসাবে ব্যবহার করতে হবে। দুর্নীতি দুরীভূত করা রাজনৈতিক উদ্দেশ্যে হাতিয়ার হিসাবে ব্যবহার করলে কোন দুর্নীতি নিবারণ হবে না। যে প্রচেষ্টা যতীনবাবু করছেন। মাননীয় বন্ধু শশাঙ্ক সান্যাল মহাশয় একজন কুশলী ব্যবহারজীবী—আইনের কথা তিনি প্রায়ই বলেন, সংবিধানের কথা তিনি বলেন—কিন্তু আজকে যে কি বললেন তা ঠিক বুঝতে পারলাম না এবং আজকের বিতর্কে বোধ হয় যতীনবাবুর প্রদর্শিত পথে দুহাত দিয়ে কাদা আর নুড়ি নিয়ে এগিয়ে যেতে তিনি দ্বিধাবোধ করেছিলেন বলেই বোধ হয় তাঁকে সংবিধানের ভিতর ঢুকতে হয়েছিল।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনাদের সরকার যে আমাদের কাদার মধ্যে এনে দিচ্ছে—আমরা যে একোবারে কর্দমাক্ত।

Shri Rabindralal Singha:

কাদা দিতে রাজী আছেন তাহলে? যাহোক কোন কোন প্রাণী কাদার মধ্যে সঞ্চারণ করতে নিপুন—তাহলে তো আমি নাচার আজকে একথাগুলি বলে—বিশেষ কর মনে করছি যে এইভাবে কর্দমপ্রক্ষেপ-এর দ্বারা বিশেষ কাজ হবে না। রাজনৈতিক দলের সদস্য নিয়ে কমিটি গঠন তার মানে হচ্ছে রাজনৈতিক উদ্দেশ্য ছাড়া সেখানে আর কিছুই হবে না। এবং সেখানেই The Cat is out of the bag. আসল উদ্দেশ্য প্রকাশিত হয়ে পড়েছে। আমাদের বাংলা দেশের এনফোর্সমেণ্ট-এর সাহায্যে যতদূর সম্ভব দুর্নীতি দমনের প্রচেষ্টা আমরা চালিয়ে যাচ্ছি। মুখ্যমন্ত্রী বলে গেছেন যে ভিজিল্যান্স কমিশন নিযুক্ত হবে এ বিষয়ে কোন সন্দেহ নেই এবং সদাচার সমিতি বেসরকারী প্রতিষ্ঠান এবং সেই বেসরকারী প্রতিষ্ঠানও বাংলা দেশে গঠিত হবে এ আশা আমরা করি অতুল্যবাবুর নামে এই দুর্নাম রটানোর যে প্রচেষ্টা হচ্ছে যে তিনি সদাচার সমিতি চান না—এ কথা ঠিক নয়।

অতুল্যবাবুর নামে এই দুর্নাম রটনা করা হয়েছে যে তিনি সদাচার সমিতি চান না। কিন্তু এই কথা ঠিক নয়। আজকে ক্ষমতা সম্পন্ন একটা সংস্থা আমরা গঠন করতে যাচ্ছি কোথায় সে শক্তির উৎস? কে তা গঠন করছে এটাই এত দিন ভারতবর্ষের সাধারণ মানুষের মনে সংশয় ছিল। কিন্তু অতুল্য বাবু সে প্রশ্নের জবাব দিয়েছেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমার এতকাল ধারণা ছিল যে এটা বুঝি কেন্দ্রীয় সরকারের প্রতিষ্ঠান। তিনি এর সোর্সটা জানতে চেয়েছেন এই মাত্র। নন্দজী যার কথা যতীনবাবু বার বার বলেছেন এবং যার সুখ্যাতিও করেছেন—অবশ্য সুখ্যাতি করা যতীনবাবুর সহজে আসে না। তা সেই নন্দজীও অতুল্য বাবুর কথা বলেছেন এবং তাঁর সহায়তা পাচ্ছেন এ কথাও বলেছেন। আমাদের মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন যে মহাধর্মাকরণের একজন অবসর প্রাপ্ত বিচারপতি সদাচার সমিতির চেয়ারম্যান হিসাবে নিযুক্ত করার জন্য অতুল্যবাবুর নাম করেছেন। আমারও

ব্যক্তিগতভাবে জানা ছিল না, আমি এই মাত্র শুনলাম। যতীনবাবু নন্দজীর কথা বলেছেন। সুতরাং সে দিক থেকেও অন্যায় বা অবিচার হয়েছে বলে মনে হয় না। আমি আপনার মাধ্যমে এই পরিষদের সদস্যদের এই কথাই বলতে চাই এবং এই আবেদনই জানাতে চাই যে তাঁরা যদি দুর্নীতি দূর করতে চান, যদিও আমি এই কথা বলি না যে আমাদের দেশে একেবারে দুর্নীতি নেই। দুর্নীতি আমাদের দেশে বিশ্বযুদ্ধের অবশ্যম্ভাবী ফল হিসাবে এসেছে এবং তার সঙ্গে সঙ্গে দুই শত বৎসরের পরাধীনতার অভিশাপ, তার সঙ্গে সঙ্গে সাম্প্রদায়িক দাঙ্গা এবং চৈনিক আক্রমণ ইত্যাদিতে দেশ বিপর্যস্ত হয়েছে। সুতরাং দুর্নীতি নিয়ে এই কথাই বলতে চাই যে মাননীয় বন্ধুগণ যদি সত্যই দুর্নীতি দূর করতে চান তাহলে তাঁরা সরকারের সঙ্গে সহযোগিতা করুন। দুর্নীতি দমনের নামে বিরুদ্ধ পক্ষের প্রতি কর্দম নিক্ষেপ করে লাভ হবে না। ১৯৬৭ সালে সাধারণ নির্বাচনে এর পথ প্রশস্ত করবার চেষ্টা যতই করুন না কেন গণতান্ত্রিক দেশের মানুষ দুর্নীতিপরায়ণ কিনা সেটাই দেখতে হবে। আমাদের দেশের মানুষই হচ্ছে এর শ্রেষ্ঠ বিচারক। এই সাধারণ মানুষই ৫ বৎসর অন্তরই রায় দেন। তা তিনবার রায় দিয়েছেন নির্মলবাবু দেওয়ালের লিখনের কথা বলেছেন। নির্মলবাবু এই পরিষদে বেশীদিন আসেন নি আমি ১৯৫২ সাল থেকে অন্তত ৫২ বার এই পরিষদে এই কথা শুনেছি। এতে কিছু হবে না এই কথাই বলতে পারি। ইতিহাসের কথা বলেছেন। ইতিহাসে এই কথা বলে জানি যে কোন সংশোধিত গণতন্ত্রে কেউই চিরদিন রাজত্ব করে না এবং আমরাও করবো না। কিন্তু আমরা যদি যাই মিথ্যা নিন্দাকারীর দল এসে এ আসনে বসবে না।

(কংগ্রেস পক্ষ হতে টেবিল চাপড়ান)

আমাদের পদত্যাগ করতে বলেছেন। আমি নির্মলবাবুকে বলবো তাঁদের এখানে এসে বসার কোন সম্ভাবনা নেই। আমাদের দেশের মানুষ এত বোকা নয়। আজকে জনমতের সমর্থনে আমরা এখানে এসেছি এবং জনমত যতদিন থাকবে, জনমত যতদিন বিশ্বাস করবে যে আমরা দুর্নীতিপরায়ণ নই ততক্ষণ আমরা থাকবো। (নির্মাল্য বাগচী—কেরালার কথা এত সহজে ভুলে গেলেন?) কেরালার কথা ভুলি নি। কেরালার আগের কথাও মনে রাখতে হবে। কেরালায় 'অন্তর্দ্বন্দ্ব হয়েছিল এই কথা অস্বীকার করি না। আমাদের অন্তর্দ্বন্দ্ব হয়েছিল এই কথা যদি আপনাদের একমাত্র আশ্বাস হয় তাহলে পশ্চিমবঙ্গে আপনাদের কোন আশা নেই এই কথা জানবেন।

(কংগ্রেস পক্ষ হইতে টেবিল চাপড়ান)

আমাদের অন্তর্দ্বন্দ্বে যদি গদী দখল করবার স্বপ্ন দেখে থাকেন তাহলে পশ্চিমবঙ্গের স্বপ্ন আপনাদের আকাশকুসুমে পরিণত হবে সেটাও আপনারা জেনে রাখুন। মাননীয় উপ পরিষদ পাল মহাশয় পরিশেষে আমি এই কথাই বলবো যে সকলে মিলে আমাদের চেষ্টা করা উচিত যে কি ভাবে আমাদের দুর্নীতি দূর করা যায়।

[6-45—6-55 p.m.]

সকলে যথাযথ ইনকাম ট্যাক্স দেন কি সকলকে বুকে হাত দিয়ে বলতে বলি। সুতরাং আজকে এই দুর্নীতিকে কি করে দমন করা যায় এটা বাস্তবিকই একটা মস্ত বড় সমস্যা।

Shri Sasanka Sekhar Sanyal:

আমাকে যা য়্যাসেস করে তাই দেই।

Shri Rabindralal Sinha:

আমি ব্যক্তিগত লেভেলে নামি না, আপনি বুঝি য়্যাকাউণ্ট না দিয়েই দেন। অবশ্য য়্যাকাউণ্ট দিলে বোধ হয় ওঁর ঢের বেশী য়্যাসেস করতো।

Shri Sasanka Sekhar Sanyal: That is true.

Shri Rabindralal Sinha:

আমি জানি। আমি আগে তো ওকালতি করেছি। (লাফটার)

আজকে আমি একথা বলবো দুর্নীতি দমনকে যেন উপলক্ষ্য না করা হয় গদি দখলের প্রচেষ্টায়। এটাকে লক্ষ্য করে যেন আমরা চলি। এগোতে পারি। আজকের এই প্রচেষ্টায় এটাকে উপলক্ষ্য করা হয়েছে, লক্ষ্য করা হয় নাই। সেই জন্য এই প্রস্তাবসহ সকল সংশোধনী প্রস্তাবের আমি বিরোধিতা করছি।

Shri Jatin Chakraborty:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, রবীন্দ্রলাল সিংহ মশায় ঠিকই বলেছেন, পাঁকের কথা তুলেছেন যে পাঁকে জীব বিশেষ ঘুরে বেড়ায়। যেদিন আমি আলিপুর জুতে গিয়েছিলাম, সেখানে দেখলাম পাঁকে যারা বিশাল বপু, সেই সব জীবই ঘুরে বেড়ায় এবং দুর্নীতির পাঁকেও আজ পশ্চিমবাংলায় সেই বিশালবপু যাঁদের তারাও দুর্নীতির পংকে ঘুরে বেড়াচেছ।

কথা উঠেছে এখানে বলা হচেছ ও সব কথা বাইরে এসে বলেন না কেন? আমি স্যার বক্তৃতার গোড়াতে বলেছিলাম একথা বেরিয়েছিল যে ১১।৮।৬১ তারিখে অতুল্য ঘোষ কর্তৃক বিষয়টা ধামাচাপা দেবার প্রচেষ্টা। একটা সাপ্তাহিক সংবাদপত্র দীর্ঘদিন ধরে চলছে। সাহস হয়নি—সেই দর্পণ কাগজের বিরুদ্ধে অতুল্য ঘোষ বা তার বশংবদ অনুচরদের তার বিরুদ্ধে মামলা করার।

দ্বিতীয় কথা স্যার, আপনি জানেন সর্দার কাইরণ যে দুর্নীতিবাজ ছিল, যে দুর্নীতির কাজ করেছিল তা সাধারণ কোর্টে প্রমাণ করা যায় নি। কাজেই তার জন্য কমিশন বসেছে এবং সেই কমিশন রায় দিয়েছে এবং আপনি জানেন উড়িষ্যাতেও আজ কমিশন বসছে।

(Shri Rabindralal Sinha : কমিশন বসিয়েছিল কে?)

আপনারা তো কোর্টের কথা বলেন তার বিরুদ্ধে তো কোর্ট প্রমাণ করতে পারেনি। বিরোধী দল যে অভিযোগ করেছে আমি পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি। কমিশন বসবার সৎসাহস আপনাদের থাকে তাহলে অতুল্য ঘোষের প্রতিটি দুর্নীতি সেখানে প্রমাণিত হবে, কমিশনের সামনে প্রমাণিত হবে।

তারপর ব্যাঙ্কের কথা বলেছেন। আমি ডাইরেক্টরের নাম বলতে পারি না। তিনি সর্বজন শ্রদ্ধেয় কংগ্রেসের লোক, সেই ডাইরেক্টর আমাদের বলেছেন যে দুকোটি টাকার য়্যাকাউণ্ট ইউনাইটেড ব্যাঙ্কে বেনেট কোলম্যানের আছে।

(এ ভয়েস: তাতে কি হয়েছে?)

এবং বেনেট কোলম্যান গ্যারাণ্টী থেকেছে সেই টাকার; তার ফলে সে টাকা তারা পেয়েছে।

(লাফটার—হা, হা হা)

ওঁরা হাসতে পারেন। কিন্তু মনে রাখবেন, মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মনে রাখবেন আমি যে অভিযোগ করেছি উড়িষ্যার চালের ব্যাপারে মুখ্যমন্ত্রী মহাশয় অত্যন্ত চতুর, দুর্গাপুরে আমি যে পনেরশো টন সিমেণ্ট পাঠাবার কথা বলেছি উনি বললেন টাকা যাচেছ, আমি ত বলিনি। আমি বলেছি যখন সিমেণ্ট পাওয়া যায় না, সেই সময় পনের শো টন সিমেণ্ট সেখানে বরাদ্দ করা হয়েছে হাউস বিল্ডিংস-এর নাম করে। দ্বিতীয় কথা ২০ লক্ষ টাকা এই সময় টপ প্রায়রিটি দিয়ে মন্ত্রীসভা থেকে দুর্গাপুর রাস্তা করার জন্য মঞ্জুর করা হলো।

(Shri **Jagannath Kolay** : আপনি তো লেবার লীডার, লেবারদের কোয়ার্টার্স করতে হবে না ?)

সে সব লেবারদের জন্য হচ্ছে না। স্যার আপনি জেনে রাখবেন রেসিডেনসিয়াল হাউস বিল্ডিংস ওখানে হচ্ছে দুর্গাপুর কংগ্রেস অধিবেশনের প্রাক্কালে এবং ২০ লক্ষ টাকা টপ প্রায়বিটি দিয়ে রাস্তা তৈরী হচ্ছে দুর্গাপুরে। আপনাদের ক্ষমতা আছে, তার অপব্যবহার করবেন।

আজকে জগন্নাথবাবু খুব গলাবাজী করলেন। আমি স্যার, আপনাকে বলছি, আমি নিকিট করেছিলাম—ডিসেম্বর মাস পর্যন্ত আমাদের কোন টিকিট পাওনা নেই—আমি সব ড্র করে নিয়েছি—কারণ আমাকে একবার দিল্লী যেতে হয়েছিল......

Shri Rabindralal Sinha :

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, এটা গভর্নমেণ্ট দেয়, না, এসেম্বলী সেক্রেটারিয়েট দেয় ?

Shri Jatin Chakraborty :

এসেম্বলী সেক্রেটারীয়েট দেয়।

Shri Rabindra Lal Sinha :

তাহলে দুর্নীতি করছেন স্পীকার, আর চেয়ারম্যান।

Shri Jatin Chakravorty :

না, না, তা কেন হবে ? আজকে যে এসেম্বলী সেক্রেটারীয়েটকে বাধ্য করা হচ্ছে কংগ্রেসের সদস্যদের সেটা দেবার জন্য—সেটাই দুর্নীতি।

Shri Rabindra Lal Sinha : It is an aspiration against the Chairman

Shri Jatin Chakraborty :

এই জন্য বলছি আজকে এটা তদন্ত করে দেখবার জন্য যে আমাকে রিফিউজ করা হয়েছে কিনা। আপনাদের যদি সৎসাহস থাকে তাহলে কমিশন বসুক এবং সেই কমিশনের সামনে যে সমস্ত অভিযোগ হয়েছে আর আমি যা বলেছি সেগুলি সব প্রমাণিত হবে। কাইরোর মত সেই সব অপলাপ সব প্রমাণিত হবে। স্যার, এই চিঠি ঐ আভা মাইতি মহাশয়া বাড়ীতে যে টেণ্ট হয় এটা ডিনকে লেখা-এর ফটোস্টেট কপি রয়েছে—সেখানে লেখা রয়েছে জ্যাঠাবাবু....

Shri Rabindra Lal Sinha :

কে লিখেছে ?

Shri Jatin Chakraborty :

রবীন্দ্রবাবু খুব ভাল উকিল কিনা—পি. ১৪ দুর্গাচরণ মিত্র ষ্ট্রীট......

(এ ভয়েস : তাতে কি হোল ?)

বড় গায়ে লাগছে না ?—আমি বলছি যে ঐ আভা মাইতি দুর্নীতিবাজ—আর প্রবীর জানাও সেখানে থাকে এবং সেখান থেকে আজ দুর্নীতি হচ্ছে একথা অস্বীকার করতে পারেন ? মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমরা ভেবেছিলাম, মুখ্যমন্ত্রী এখানে যে প্রতিশ্রুতি দিয়েছিলেন যে সদাচার সমিতি হবে—এখন এণ্টিকরাপসনের নাম করে কেটে পড়ছেন এবং সেখানে নন-অফিসিয়্যাল বডি তৈরি হতে চলেছ যা বিরুদ্ধে সদাচার সমিতি—যিনি সদাচোর তিনি নেতৃত্বে করছেন সেই সদাচোর সমিতির গোদা চোরের নমিনেটেড লোক দিয়ে সদাচার সমিতি যদি হয় তার ফলে কি হবে ? আজকে কারা দুর্নীতি দমন করবে ? আমরা দুর্নীতি দমন করতে চাই—আমরা তো বলি—আমাদের প্রস্তাবের মধ্যে গুলজারীলালনন্দ সাহেব যে কথা লিখেছিলেন আমি বলেছি যে বিরোধী দল বরং আমরা সকলে মিলে এটা করি আসুন। আজকে দেওলাগড়ের বাড়ীর কথা উঠেছে। জবাব দিলেন না তো যে ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট এর সঙ্গে নেগোসিয়েসন হয়েছিল বাড়ীটা নেবার জন্য সাড়ে চার লক্ষ টাকা ভালুয়েশন হয়েছিল কিনা—এসব অস্বীকার করেন ?

Shri Rabindra Lal Sinha :

একথা সত্য নয়।

Mr. Deputy Chairman :

আপনি বার বার একই কথাই রিপিটেসন করেছেন। শেষ করুন।

Shri Jatin Chakraborty :

স্যার, যেসব দুর্নীতি রয়েছে, সেগুলি অস্বীকার করতে পারেন না। আমি বলি এই সব অভিযোগের জন্য কমিশন বসুক এবং কমিশনের সামনে সমস্ত প্রমাণিত হবে। সেজন্যই সদাচার সমিতির কথা বলেছি।

The motion of Shri Manoranjan Sen Gupta that in line 2, after the word "Government" the words "from the highest to the lowest cadre" be inserted was then put and lost.

The motion of Shri Manoranjan Sen Gupta that in lines 5-6, for the words "high Government officials" the words "Government officials, high as well as low" be substituted was then put and lost.

The motion of Shri Nirmal Bose that the following be added at the end, namely :—

> "and that all members of the State Legislature including Ministers should be required to declare their assets before the respective House of the Legislature."

was then put and lost.

The motion of Shri Narendra Nath Das that the following be added at the end, namely :—

"and also to set up (3) a high power Committee consisting of persons of un-unimpeachable character and integrity to go into the matter of investigation of the assets of high Government officials who have been or were in service of the State at any period of time since 1952."

was then put and lost.

The motion of Shri Manoranjan Sen Gupta that the following be added at the end, namely :—

"This Council is further of opinion that moral and religious education should introduced in schools and colleges under Universities in West Bengal and that every sitting of either House of the State Legislature should begin with a prayer to God on universal basis and for that purpose the Central Government may be requested to amend the Constitution, if necessary."

was then put and lost.

The motion of Shri Jatin Chakravorty that whereas corruption is running rampant in the administrative set-up of the Government, this Council is of opinion that steps should be taken forthwith to set up (1) a "Committee of Enquiry" on the basis of the recommendations of the "Santanam Committee" to enquire into the report of corruptions amongst high Government officials and (2) a "Sadachar Co-Committee" on the lines suggested by the Home Minister, Government of India, to root out corruption amongst the State Ministers and members of political parties and that the personnel of these Committees should be chosen from all the parties and groups of the State Legislature and from persons of intergrity and character occupying high position in public life, was then put and lost.

Mr. Deputy Chairman : I find that the first resolution , as determined by ballot, is in the name of Shri Monoranjan Sen Gupta.

এটা মুভ করেছেন কি? আপনি মুভ করুন তা না হলে এটা যে ল্যাপস হয়ে যাবে।

Shri Rabindralal Sinha : Sir, you are the custodian of the House. It is left to you.

Mr. Deputy Chairman : Mr. Sen Gupta, you move your resolution.

Shri Manoranjan Sen Gupta : Sir, I beg to move that this Council is of opinion that "Sal" leaves which are extensively used by shopkeepers especially confectioners to supply edibles should be disinfected, at the places where they are collected, by Government machinery before they are allowed to be used by the shopkeepers.

Adjournment

The Council was then adjourned at 6-55 p.m. till 3 p.m. on Monday, the 21st September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members Absent

Shri Abdullah Rasul.

Shri Snehangshu Kanta Acharyya.

Dr. Anil Chandra Banerjee.

Shri Dhirendra Nath Bhattacharya.

Shri Santosh Kumar Bhattacharyya.

Shri Promotho Nath Bisi.

Shri Amar Prasad Chakraborty

Shrimati Labanyaprova Dutt.

Shri Kali Charan Ghosh.

Shri Ashutosh Ghosh.

Shri Nar Bahadur Gurung.

Shri Rajendra Nath Majumdar.

Shri Sheikh Mohammad Jan.

Shri Suresh Chandra Paul.

Shri Chittaranjan Roy.

COUNCIL DEBATES

Monday, the 21st Septemler, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Monday, the 21st September, 1964, at 3 p.m. being the fifteenth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (Dr. SUNITI KUMAR CHATTERJEE) was in the Chair.

(3—3-10 p.m.)

Mr. Chairman : Questions.

Obituary

Shri Nirmal Bose : Sir, will there not be an obituary reference?

Shri Narendra Nath Das : There should, I think, be an obituary reference to the death of Dr Naresh Chandra Sen Gupta. He was an old member of the Council.

Mr. Chairman : He was a member of the old Council during British times. Certainly he 's a person whose loss has been very great for Bengal ; there is no doubt about it I did not have the good fortune of knowing him intimately, personally, but I had occasion to meet him and I have always admired his great knowledge of law and his interest in public affairs. He has also been one of the outstanding literary men of the present-day. He brought in a new note, that of realism in his treatment of the human character in some of his social novels. That was of course a bit controversial but, nevertheless, there cannot be any doubt that he was one of the greatest sons of Bengal during the last half a century. His loss certainly will be irreplaceable. He died full of years and honours. No one would have liked him to pass away. He was 81. We all certainly do feel very sad at his passing away.

I would request you, ladies and gentlemen, to stand in your seats for two minutes in silence as a mark of respect to the memory of the deceased.

(At this stage honourable members stood in their seats for two minutes in silence.)

Mr. Chairman : Thank you, ladies and gentlemen. Message of condolece will be sent to the members of the bereaved family.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

Statutes of Englishmen in Calcutta

***115. Shri Narendra Nath Das :** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to State—

(a) the number of statues in various public places of Calcutta, of Englishmen who worked for the Bristish empire ;

(b) whether there has been a persistent demand for removal of the said statues; and

(c) (i) whether the Government consider the desirability of removing such statues, and

(ii) if so, the approximate date when such removal will be completed ?

Shri Khagendra Nath Das Gupta:

(a) 14 at present.

(b) There have been demands for removal of the statues from public places from time to time.

(c) (i) Yes. In fact, seven of such statues have already been removed.

(ii) Government are looking for a suitable place for removal of the remaining 14 statutes but it is not possible to fix any target date by which the removal will be completed.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি এত দেরী হবার কারণ কি?

Shri Khagendra Nath Das Gupta:

দেরী হবার কারণ হচ্ছে জায়গা পাওয়া যাচ্ছে না। আমরা ভিকটোরিয়া মেমোরিয়াল অথরিটি-কে পুনরায় লিখেছি স্থান দেবার জন্য।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রীমহাশয় শেষের দিকে জবাব দিলেন যে সুটেবল্ প্লেস পাওয়া যাচ্ছে না। তা সুটেবল্ প্লেস বলতে আপনি কি মিন করছেন? এগুলি কি ভ্যালুএবল্ প্রপারটি নয়?

Shri Khagendra Nath Das Gupta:

আমি রাখবার জায়গায় কথা বলছি, এগুলি যে ভ্যালুএবল প্রপার্টি তাতে সন্দেহ নেই। স্টাচু-গুলি ভ্যালুএবল্ প্রপার্টি, আর্টিস্ট-এর কাছে এগুলির সত্যই আরটিস্টিক্ ভ্যালু আছে।

Shri Narendra Nath Das :

একটা বিল্ডিং কনস্ট্রাক্ট করে তো রাখা যায় অতএব স্যুটেবল প্লেস এর কথা বলছেন কেন?

Shri Khagendra Nath Das Gupta:

আমাদের এরকম কোন ডাম্পিং গ্রাউণ্ডিং নেই যেখানে ডাম্প করে রাখা যায়। ডিফিকাল্টি হচ্ছে কলকাতায় স্থানটুকু আছে তার থেকে উঠতে হচ্ছে মিলিটারি জায়গা বলে। স্যুটেবল প্লেস পাচ্ছি না যেখানে রাখা যেতে পারে।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি যে সাতটা স্ট্যাচু সরিয়েছেন, সেগুলো কোথায় রেখেছেন?

Shri Khagendra Nath Das Gupta:

ঐ সাতটার মধ্যে চারটি গিয়েছে ভিক্টোরিয়া মেমোরিয়ালের এনক্লোজারের ভেতর, আর তিনটি আমাদের গোডাউনে নিয়ে গিয়ে রাখা হয়েছে। আমাদের নিজেদের গো-ডাউনই সরাবার দরকার হয়ে পড়েছে।

Shri Abdullah Rosul :

ভিকটোরিয়া মেমোরিয়ালের বাগানে যে চারটি রাখা হয়েছে, সে কি ঐ ১৪টা স্ট্যাচুর মধ্যে গণ্য করা হয়?

Shri Khagendra Nath Das Gupta:

ভিকটোরিয়া মেমোরিয়ালের এনক্লোজারের ভেতর যেগুলো আছে, সেগুলি এই ১৪টার বাইরে।

Shri Nirmal Bose :

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি ১৪টা স্ট্যাচু কাদের? আমার প্রশ্ন জিজ্ঞাসা করার কারণ এই এখানে লেখা রয়েছে—

ইংলিস মেন হু ওয়ার্কড ইন দি ব্রিটিশ এম্পায়ার.

এর মধ্যে এমন কারো কারো স্ট্যাচু আছে যারা ইংলিসম্যান হলেও ইংরেজ সাম্রাজ্যের জন্য কাজ করেন নাই। আমি জানতে চাই তাদেরটা এর মধ্যে নাই?

Shri Khagendra Nath Das Gupta:

হ্যাঁ তাদের স্ট্যাচুও এর মধ্যে আছে, যেমন ডেভিড হেয়ার। তার স্ট্যাচু আমরা সরাবো না ঠিক করেছি। এ রকম আরো দু-চারটী ষ্ট্যাচু আছে যেগুলি সরাবার দরকার হবে না। আর কয়েকটা ষ্ট্যাচু আছে আমরা সামান্য কয়েকদিনের মধ্যে সরাতে পারবো। তবে শেষ পর্যন্ত ১৪ টা ষ্ট্যাচু আমাদের সরাতে হবে।

Shri Nirmal Bose :

ঐ ১৪টির নাম কি?

Shri Khagendra Nath Das Gupta:

তা আমি এখন বলতে পারবো না।

Shri Narendra Nath Das :

এ্যাসেম্বলী প্রেসিংক্টস-এর মধ্যে কারো স্ট্যাচু আছে কি?

Shri Khagendra Nath Das Gupta:

হ্যাঁ, আছে।

Shri Narendra Nath Das :

কার আছে?

Shri Nirmal Chandra Bhattacharyya : The statues here are those of Montague and Ronaldshay
বেন্টিংকের ছিল তা সরিয়ে দেওয়া হয়েছে।

Electrification of villages

***116. Shri Narendra Nath Das :** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the number of villages to be electrified by the end of Third Five-Year Plan in West Bengal ;

(b) the number of villages so electrified up to June 30, 1964, and

(c) the approximate date when the target of the Third Five-Year Plan in this respect will be implemented ?

Shri Ardhendu Shekhar Naskar : (a) 2,168. (b) 809, (c) within the current plan period, if possible.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রীমহাশয় একটা খুব খারাপ জবাব দিলেন—
উইদিন দি কারেন্ট প্ল্যান পিরিয়ড, ইফ পসিবল
আপনার জবাবে দেখছি যে ২.১৬৮টি গ্রাম ইলেকট্রিফাই করবেন—তার ৪০% হয়েছে আড়াই কি তিন বছরে; আর দেড় বছরে বাদবাকীগুলি হবে বলে কি আপনি মনে করেন?

Shri Ardhendu Shekhar Naskar:

থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর মধ্যে আমরা শেষ করতে চেষ্টা করবো ; হয়ত ফোর্থ ফাইভ ইয়ার প্ল্যান-এর ফার্স্ট ইয়ারটা যাবে এটা সম্পূর্ণ করতে ।

Shri Narendra Nath Das :

এত দেরী হবার কারণটা কি মন্ত্রীমহাশয় জানেন?

Shri Ardhendu Shekhar Naskar:

নন এ্যাভেলেবিলিটি অফ মেটেরিয়াল ইন টাইম—
এটাই মস্ত বড় কারণ হয়ে পড়েছে।

Shri Sudhindra Nath Mukherjee :

বাংলাদেশের কতকগুলি গ্রামে ইলেকট্রিফিকেসন হবে বলে গভীর নলকূপ থানায় থানায় বসান হয়েছে; যেমনটা বলাগড়ে হয়েছে যে ইলেকট্রিসিটি আসলে পরে তা কাজ করবে—যেখানে ২১।২২টা গভীর নলকূপ বসান হয়েছে। বসাবার পর প্রায় চার পাঁচ মাস কেটে গেল, এখনো সেখানে ইলেকট্রিসিটি আসতে দেরী হলে সেগুলো অকেজো হয়ে পড়ে থাকবে এবং অযথা সাধারণের অর্থ নষ্ট হবে। এ সম্বন্ধে কি তিনি কোন আশ্বাস দিতে পারেন যে সেখানে ইলেক-ট্রিসিটি তাড়াতাড়ি যাবে ও নলকূপগুলো কার্যকরী হবে?

Shri Ardhendu Shekhar Naskar:

আমরা যতশীঘ্র সম্ভব করবার চেষ্টা করবো।

Shri Narendra Nath Das :

আমি মন্ত্রীমহাশয়কে জানাচ্ছি যে বলাগড় থানায় প্রায় ৩০০টা গভীর নলকূপ ইলেকট্রিফিকে-সনের জন্য ওয়েট করছে; সেখানে তাড়াতাড়ি কি ভাবে হতে পারে তার ব্যবস্থা করবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar:

আমরা চেষ্টা করছি যত তাড়াতাড়ি সে কাজ সম্পন্ন করা যায়।

Shri Narendra Nath Das :

মন্ত্রীমহাশয় কি জানেন আমাদের এখানকার চেয়ে উড়িষ্যায় ইলেকট্রিফাইড বেশী হয়েছে?

Shri Ardhendu Shekhar Naskar:

তা হতে পারে; আমার ঠিক জানা নাই।

Shri Santosh Kumar Bhattacharyya :

মন্ত্রীমহাশয় বললেন র মেটিরিয়ালস্ সময়মত না পাওয়ার জন্য ইলেকট্রিফিকেসন হতে দেরী হচ্ছে, আমার প্রশ্ন হচ্ছে এই মেটেরিয়ালগুলি কোথা থেকে আসছে এবং কিভাবে আসছে সেটা একটু জানাবেন কি?

Shri Ardhendu Shekhar Naskar:

বাংলাদেশের বাইরে থেকে এগুলি আনান হয়, এমন কি ভারতবর্ষের বাইরে থেকেও আনতে হয়।

Shri Santosh Kumar Bhattacharyya :

স্পেসিফিকালি কি বলতে পারেন কোন্ কোন্ দেশ থেকে এগুলি আসে?

Shri Ardhendu Shekhar Naskar:

এখনই বলতে পারবো না, নোটীশ চাই।

Shri Narendra Nath Das :

আপনি চেষ্টা করেও ফরেন এক্সচেঞ্জ-এর অভাবের দরুণ বাইরে থেকে মেটিরিয়াল্‌স আনতে পারেন নি এরকম কোন নজীর আছে কি?

Shri Ardhendu Shekhar Naskar:

এ সম্বন্ধে এখনই আমি কোন জবাব দিতে পারছি না।

Incidents of Bhutabari of the Meenglass Tea Estates

***117. Shri Narendra Nath Das :** Will the Hon'ble Minister-in-charge of the Labour Department be pleased to state—

(a) whether it is a fact that two workers were recently killed and many others were injured at Bhutabari of the Meenglass Tea Estate in the Duars, and

(b) if so, what steps the State Government have taken against the alleged culprits ?

[3-10—3-20 p.m.]

Shri. Bijoy Singh Nahar : (a) One person was killed and one person is yet untraced. It is not known whether the untraced person is also dead. A few persons were also injured.

(b) Four persons and the acting Manager of Meenglass Tea Estate were arrested by the police in connection with the incident. The acting Manager was later released on bail. A police case under sections 148, 149 and 302 IPC has also been started. Police investigation is proceeding.

Shri Narendra Nath Das :

মন্ত্রীমহাশয় জানাবেন কি যে কি কারণে এই মিনগ্লাস টি এস্টেট-এর ইংরাজ সাহেবটি গুলি চালিয়েছিল ?

Shri Bijoy Singh Nahar:

কারণ আমি বলতে পারবো না। এটা লেবার ডিসপিউট নয় এবং যেটুকু রিপোর্ট থেকে বুঝতে পেরেছি তাতে দেখা যায় যে চা বাগানের জমি দখল নিয়ে পারস্পরিক মারামারি ও গণ্ডগোলের সৃষ্টি হয়েছে। এবং তার জন্য ম্যানেজার কতকগুলি লোকের সংগে যুক্ত হয়ে অভিযুক্ত হয়েছে —তাকে বেল দেওয়া হয়েছে—কেস হয়েছে। এখন ম্যাটারটী সাবজুডিস।

Shri Narendra Nath Das :

প্রশ্ন হচ্ছে, ম্যানেজার যে গুলি চালিয়েছেন এবং তাতে আপনি বলেছেন একজন মারা গেছে যেটা আনট্রেসড। কিন্তু এই যে একজন লোককে গুলি করে হত্যা করলো—তার কারণটা কি?

Shri Bijoy Singh Nahar:

গুলিতে যারা মারা গেছে একথা বলি নাই, যারা মারা গিয়েছে তারা লাঠি চালনায় কি গুলি চালনায় একথা আমি ঠিক বলতে পারবো না।

Shri Narendra Nath Das :

এই যে

Acting Manager was later released on bail.

যে লোককে হত্যার জন্য গ্রেপ্তার করা হয়েছিল—তাকে বেল দেওয়া কেন হোল?

Shri Bijoy Singh Nahar:

আদালত বলতে পারেন; আমি বলতে পারবো না সেটা।

Shri Santosh Kumar Bhattacharyya:

উনি বলতে পারেন না যে গুলি চালিয়েছিল, কি, লাঠি চালিয়েছিল তাহলে উনি কি এ সম্বন্ধে কোন খোঁজ খবর নিয়েছিলেন কি যে কি ধরনের গণ্ডগোল সেখানে হয়েছিল? একজনকে মেরে ফেল্ল—এ সম্বন্ধে কোন খোঁজ খবর নিয়েছিলেন কি?

Shri Bijoy Singh Nahar:

পুলিশ ইনভেস্‌টিগেসন হচ্ছে, কোর্টে কেস আছে।

Shri Narendra Nath Das :

এই ম্যানেজারের কোন বন্দুকের লাইসেন্স ছিল কি?

Shri Bijoy Singh Nahar:

নোটিশ দিলে বলতে পারি।

Shri Narendra Nath Das

কিভাবে মারা গেছে—গুলির আঘাতে, না, লাঠির আঘাতে—এ সম্বন্ধে কোন কুইরী করেছেন কি?

Shri Bijoy Singh Nahar:

এ সম্বন্ধে আমার কোন ইনফর্মেশান নেই।

Shri Santosh Kumar Bhattacharyya:

Apart from the police investigation did he enquire into the matter as a labour Minister.

Shri Bijoy Singh Nahar:

আমি য়্যাজ এ লেবার মিনিষ্টার হিসাবে বলতে পারি যে সেখানে এখন শান্তি রয়েছে, চা বাগানের কাজ ঠিকমত চলেছে।

Shri Santosh Kumar Bhattacharyya:
Sir, the Minister is evading the answer.

Shri Bijoy Singh Nahar:
I am not evading the answer.

Shri Santosh Kumar Bhattacharyya:
My specific question is whether as a Labour Minister he did enquire into the matter.

Shri Bijoy Singh Nahar:
লেবার মিনিষ্টার এনকোয়ারী করার কোন দরকার মনে করে না এটা পুলিশ মিনিষ্টারের কাজ।

Shri Mohit Kumar Moitra :
মন্ত্রীমহাশয় কোন পোষ্টমর্টেম রিপোর্ট পেয়েছেন কি না?

Shri Bijoy Singh Nahar:
না পোষ্টমর্টেম রিপোর্ট পাই নাই।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Professor-representatives in the Governing Bodies of sponsored colleges

90. Shri Nirmal Bosu :
শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) রাজ্যের প্রত্যেকটি সরকারী স্পনসর্ড কলেজের গভর্নিং বডিতেই কি অধ্যাপক প্রতিনিধি থাকেন;

(খ) 'ক' এর উত্তর "না" হইলে, কোন্ কোন্ কলেজে ইহা নাই;

(গ) এই সব কলেজে অধ্যাপক প্রতিনিধি গ্রহণের কি ব্যবস্থা গ্রহণ করা হইয়াছে; এবং

(ঘ) সাধারণতঃ একটি গভর্নিং বডিতে কতজন অধ্যাপক প্রতিনিধি গ্রহণ করা হয়?

শিক্ষা বিভাগের মন্ত্রী (শ্রীরবীন্দ্রলাল সিংহ) : (ক) হ্যাঁ, থাকেন।

(খ) ও (গ) এ প্রশ্ন উঠে না।

(ঘ) গভর্নিং বডির সদস্যের সংখ্যা দশজন বা তার কম থাকিলে, একজন সদস্যের সংখ্যা ততোধিক হইলে, দুইজন প্রতিনিধি থাকেন।

Surplus land vested in the Government of West Bengal

91. Shri Nirmalya Bagchi : Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue department be pleased to state in respect of each district—

(i) the total amount of surplus land vested in the Government of West Bengal (in acres) under the operation of the West Bengal Estates Acquisition Act, 1953 ;

(ii) the total amount of such land taken possession of ;

(iii) the total amount of land so far licensed or settled ; and

(iv) the number of disputes about vested land pending before law courts ?

Minister for Land and Land Revenue (Shri Syamadas Bhattacharyya): (i), (ii), (iii) and (iv) A statement is laid on the table.

As the interests of intermediaries raiyats and under-raiyats in the transferred territories have vested in the State under the West Bengal Estates Acquisition Act, 1953, with effect from 14th April, 1964 only, the statement does not include figures in respect of these territories.

Statement referred to in items (i) to (iv) of Question No. 91

Name of District.		(i) The total amount of surplus land vested in the Government of West Bengal (in acres) under the operation of the West Bengal Estates Acquisition Act, 1953.	(ii) The total amount of such land taken possession of. (Acres)	(iii) The total amount of land so far licensed or settled. (Acres)	(iv) The number of disputes about vested land pending before law courts.
Bankura..	..	1,85,637.00	26,537.00	1,997.00	5
Birbhum	..	55,714.56	27,051.24	4,539.64	648
Burdwan	..	37,388.00	15,524.00	2,953.76	1[illegible]2
Cooch Behar	..	49,672.98	38,002.54	932.54	[illegible]6
Darjeeling	..	25,710.95	17,156.41	4,420.24	13
Hooghly	..	13,448.10	8,027.13	1,259.80	[illegible]
Howrah	..	4,145.13	3,369.96	834.40	[illegible]
Jalpaiguri	..	2,17,028.00	1,55,852.00	38,501.00	30[illegible]
Malda	..	80,279.47	52,864.70	4,779.26	1,639
Midnapore	..	3,08,163.70	2,30,748.93	30,139.71	1,691
Murshidabad	..	37,132.69	15,466.59	4,751.52	682
Nadia ..	..	27,249.74	11,790,99	4,011,73	506
24-Parganas	..	1,18,289.00	51,564.00	11,382.00	1,067
West Dinajpur	..	66,045.61	46,144.44	18,796.19	1,239
State Total	..	12,34,895.93	7,00,399.93	1,33,298.79	8,028

Report of the West Bengal Price Enquiry Committee

92. Shri Nirmalya Bagchi : Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) if he would lay on the Table a copy of the report of the West Bengal Price Enquiry Committee consisting of ten members with Dr. B. Dutta as Chairman ;

(b) if the report is being printed in full for sale among the public ;

(c) if not, the reasons therefor ;

(d) (i) if the recommendations of the Committee have been accepted by the Government for implementation ; and

(ii) if so, what are the recommendations ?

Minister for Food and Supplies (Shri Prafulla Chandra Sen) : (a) Chapter VI of the Report of the Price Enquiry Committee on the problem of cereals and Chapter XI on conclusions and recommendations of the Price Enquiry Committee and Minute of Dissent by two members are laid on the Library Table. These are the only portions of the Report of the Price Enquiry Committee which have so far been released for publication.

(b) Printing of the entire report for general circulation is under consideration of Government.

(c) Does not aries.

(d) (i) Some of the recommendations regarding cereals are likely to be adopted with the approval of the Government of India with effect from 1st January, 1965, e.g., increased State Trading with controlled distribution of the entire produce of the Rice Mills, Statutory Rationing in the Calcutta Industrial area, etc. The recommendations on other commodities are still under consideration.

(ii) The recommendations are contained in Chapter XI of the Report of the Price Enquiry Committee which is laid on the Table in reply to clause (a).

Proposed Hartal on the 25th September

Shri Jatin Chakravorty :

স্যার, আমি আপনার অনুমতি নিয়েছি। আমি এখানে একটি কথা পেশ করতে চাই আপনার মাধ্যমে—মন্ত্রীরাও আছেন। স্যার বিভিন্ন ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে বোনাসের রায় সংশোধনের দাবীতে এবং খাদ্যদ্রব্যের দর অত্যন্ত বেড়েছে। স্বাভাবিকভাবে তার প্রতিবাদ জানাবার জন্য শান্তিপূর্ণভাবে সাধারণ ধর্মঘটের আহ্বান বামপন্থী দলগুলি জানিয়েছেন। গতকাল আমাদের এখানে যে প্রধানমন্ত্রী এসেছেন—আজকে সংবাদপত্রে দেখছি যে তিনি আমাদের প্রায় ধমক দিয়েছেন—ভয় দেখিয়েছেন মুখ্যমন্ত্রী মারফৎ—আমাদের উপর নানা রকম ভয় প্রদর্শন করেছেন। এবং সেজন্য মুখ্যমন্ত্রীকে সে সম্পর্কে ব্যবস্থা অবলম্বনের জন্য নির্দেশ দিয়েছেন কড়াভাবে বিভিন্ন সংবাদপত্রে এরকমভাবে বেরিয়েছে। আমি জানতে চাই যে এঁরা সরকারী ভাবে কিছু জানেন কিনা যে প্রধানমন্ত্রী কি সত্যসত্যিই এই রকম হুমকী বা ভয় দেখিয়েছেন কি না। শান্তিপূর্ণভাবে যেখানে আমরা ধর্মঘট জানিয়েছি এই রকম হরতালের আহ্বান জানানোর আমাদের গণতান্ত্রিক অধিকার আছে। সে সম্পর্কে এখানে শৈলবাবু আছেন—লেবার মিনিষ্টার আছেন রবীনবাবু তো গালে হাত দিয়ে বসে আছেন একটু অনুগ্রহ করে আমাদের বলুন......

Mr. Chairman:

ইজ ইট ক্ল্যারিফিকেসান অর ভেরিফিকেসান অফ দি রিপোর্ট।

Shri Jatin Chakravarty

একজাক্টলি আমরা ঠিক বুঝতে পারছি না সেজন্যই আমরা সেটা জানতে চাচ্ছি। আপনারা এটুকু বলুন তাহলে আমরা বুঝতে পারি এবং এটাই আমরা জানতে চাই যে সরকার পক্ষ কি করছেন। তাঁরা সত্য আমাদের হুমকি দিচ্ছেন কি না। শৈলবাবু তো বসে আছেন উনি বলুন না। আমাদের যে অধিকার খর্ব করা হচ্ছে। (এ ভয়েস—এরূপ কোন প্রভিসান নেই) এরূপ প্রভিসন না থাকলেই আপনারা এটা বলতে পারেন।

Mr. Chairman : He wants to know whether there was actually any threat by the Prime Minister. I think that is a matter of opinion It will be interpreted differently by different persons.

Shri Jatin Chakravarty :

খবরের কাগজে বিভিন্ন সংবাদ বেরিয়েছে। আমরা যেটা সরকারীভাবে বেরিয়েছে সেটা জানতে চাই। আমরা জানতে চাই সত্যই এভাবে গণতান্ত্রিক অধিকারের উপর হুমকি দিয়ে আপনারা করতে চান এবং প্রধানমন্ত্রী কি সে নির্দেশ দিয়ে গেছেন? (এ ভয়েস: কেউ এলে আপত্তি নেই) শান্তিপূর্ণভাবে ধর্মঘট বা হরতাল করতে চাচ্ছেন তাদের কথা বলুন। শৈলবাবু বলুন না।

Shri Saila Kumar Mukherjee : Sir, We do not agree at all with the interpretation put upon the speech of the Prime Minister. It was only an appeal and I think there was nothing wrong in it.

Shri Satya Priya Roy :

স্যার, এই সম্পর্কে আমার একটু বক্তব্য আছে সুতরাং এ ব্যাপারে আপনার একটু দৃষ্টি আকর্ষণ করতে চাই যে ২৪এ তারিখে আমাদের হাউস বন্ধ থাকবে, তো বা আমাদের বিজনেস থাকবে না তো—কারণ আমরা তো আসতে পারবো না। এই ভাবে যদি ডেমোক্রাসিকে হত্যা করতে চান এবং অপোজিসনকে দূরে রাখতে চান বা আমাদের না হলেও চালিয়ে যাবেন তাহলে আলাদা কথা। সেইজন্য এই সম্পর্কে একটা সিদ্ধান্ত নেওয়া দরকার। আমাদের চিফ হুইপ আছেন তিনি এ বিষয় একটা ব্যবস্থা করুন।

Mr. Chairman : I do not know whether you can anticipate that.

Shri Satya Priya Roy :

এ ভাবে যদি স্যার, ২।৪ জন আসেন এবং একটা একস্-পার্টি-তে সমস্ত বিল পাশ হয়ে যাচ্ছে, এরূপ করলে ভাল হবে না। গণতান্ত্রিক দিক থেকে এটা অন্যায় হবে। তাই আমি মাননীয় সভাপতি মহাশয়ের কাছে এ বিষয়ে আবেদন জানাতে চাই।

Shri Jagannath Kolay :

হাউস বন্ধ থাকলে আর কি হরতাল হল?

Shri Satya Priya Roy :

বন্ধ থাকুক বা খোলা থাকুক আমাদের কথা হচ্ছে যে ঐ দিন সেসন থাকলে কেউ আসতে পাচ্ছে না কেননা ট্রাম বাস কিছু চলছে না এবং ট্রাম বাস ছাড়া আসা সম্ভবও নয়। সেইজন্য সভাপতি মহাশয় এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Chairman : You have brought it to the notice of the House.

Shri Jatin Chakravorty:

আমি আপনার বাড়ীর কাছে থাকি, আপনি যাতে আসতে না পারেন সেজন্য আমি কালকে আপনার গাড়ীর তলায় শুয়ে থাকবো।

Shri Jagannath Kolay :

তাহলে তো আরো জোরাল হবে?

Shri Narendra Nath Das :

Picketing is peaceful.

করা যদি অশান্তির হয় তাহলে গণতান্ত্রিক কি হলো? এ তো আগে কংগ্রেস কর্মীরাও করেছিলো। এখন কি কংগ্রেস সে সব ভুলে গেছে?

Calling attention to Matters of Urgent Public Importance

Mr. Chairman : The attention of the Ministers concerned was drawn previously by the respective members to the subjects of—

(1) Alleged discrimination in the matter of recruitment by the Indian Airlines Corporation, Calcutta—attention was drawn by Shri Jatin Chakravorty on 16th September, 1964 ;

(2) Alleged misuse of Government quota for the purchase of a scooter for the Calcutta University—attention was drawn by Shri Nirmalya Bagchi on 16th September, 1964 and

(3) Special cadre teachers placed in secondary schools—attention was drawn by hri Satya Priya Roy on 17th September, 1964.

The Ministers concerned will please make statements if they are ready.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, may I rise on a point of correction? I think the Calling Attention motion was on the purchase of a scooter not by the Calcutta University but by the Vice-Chancellor of the Calcutta University.

Shri Saila Kumar Mukherjee : Sir, I may give the reply on that Calling Attention motion brought by Shri Nirmalya Bagchi.

The Vice-Chancellor of the Calcutta University approached the State Government in May, 1964, for the allotment of a scooter from their quota for the use of his Secretary who was stated to be in urgent need of it. Accordingly in the month of June, 1964, a Lambretta scooter was allotted in favour of "the Private Secretary to the Vice-Chancellor, University of Calcutta, Senate House, Calcutta-12" and the scooter has been registered in the office of the Director, Public Vehicles Department, Calcutta, in this style. The letter was signed by the Vice-Chancellor in his personal capacity.

The Vice-Chancellor has explained that the post of the Private Secretary to the Vice-Chancellor does not exist in the University and that he wanted the scooters for his Personal Secretary who resides in Allahabad. He himself paid the price of the scooter and took delivery of it on the 8th August, 1964. He despatched it to Allahabad on the 14th August, 1964 with his Chaprasi. The railway freight for the scooter, and the railway fare and travelling allowance for the Chaprasi were also paid by him personally.

[3-20 –3-30 p.m.]

Shri Rabindralal Sinha : Regarding the calling attention notice of Shri Satya Priya Roy, I make the folloing statement.

The special cadre teachers working in aided Secondary Schools are getting their pay according to their qualifications as on the 1st April, 1961, in the revised scales of pay like other teachers of those schools. They are being paid as above as per decision of the Government. So the special cadre teachers who have improved their qualifications after the 1st April, 1961, were not being paid according to the higher qualifications acquired subsequently. If any such teacher who improved his qualifications after the 1st April 1961 had been paid in the revised scale according to these qualifications through oversight, necessary adjustment had to be made recover the amount in excess from the subsequent bills. However, it has recently been decided to give the special cadre teachers working in aided non-Government secondary schools the benefit of revised scales of pay for improved qualifications, acquired subsequent to the 1st April, 1961 as in the case of normal cadre teachers.

Mr. Chairman : What about the calling attention notice given by Shri Jatin Chakravorty regarding the alleged discrimination in the matter of recruitment by the I A. C., Calcutta ?

Shri Jagannath Kolay : It will be made by Shri Saila Kumar Mukherjee on some other day.

Mr. Chairman : I have before me two notices of calling attention on the subjects of (1) demands of the non-Government college teachers for increased pay sclaes—given by Shri Rajkumar Chakraverty, Shri Nirmalya Bagchi and Shri Nirmal Bose, and (2) *ad interim* grant in aid and Puja advance to secondary school teachers given by Shri Santosh Kumar Bhattacharyya.

Members may now formally call attention.

Shri Rajkumar Chakraverty : I withdraw my calling attention notice.

Shri Santosh Kumar Bhattacharyya : Sir, my motion reads as follows—

The greatest national festival of Bengal, the Puja is coming. This year an abnormal rise in the prices of all essential commodities has made it practically impossible for the poor middle class employees like teachers to meet additional Puja expenses from their meagre and fixed monthly income.

Considering this situation, the Education Minister is requested to send immediately an adequate ad interim grant-in-aid to all aided Secondary Schools of the State before the Puja with instruction to the Managing Committees concerned to disburse the amount among teachers and other employees of schools so that their salaries at least up to September, 1964, are fully paid. As done during the last two years the Minister is further requested to ask the Managing Committees to pay an advance of Rs.200 over and above their salaries to teachers, willing to take benefit of it with instruction to the School Authorities to realise this amount in easy instalments.

The matter is very urgent. The Hon'ble Minister is requested to make a statement forthwith assuring sanction of an adequate amount of grant-inaid which can cover payment of both teachers' salary and Puja advance to them and other employees of schools.

Shri Rabindralal Sinha : This is a request for action—not a matter of public importance. The honourable member wants some assurance from me. Calling Attention motions are not for taking assurances from the Ministers, but for drawing the Minister's attention to particular state of things happening. Therefore how can the question of assurance come in the Calling Attention motion ?

Shri Satya Priya Roy : Sir, the member wants to draw the attention of the Hon'ble Minister to a serious matter. The Pujas are coming. Teachers have not yet got their salary for the month of September, and during the national festival of Bengal, the teachers will have to go empty-handed without having anything from the school. They will not be able to buy anything for their children and they will also not be able to maintain their family. That is why the attention of the Hon'ble Minister has been drawn. It is a huminatarian question also.

Shri Santosh Kumar Bhattacharyya :

উনি যে এটা বল্লেন যে এটা রিকোয়েস্ট ফর য়্যাকসন কিন্তু এটা এ্যাকসনটা কি হোল ? এটা রিকোয়েস্ট করা হয়েছে টু কনসিডার দি সিচুয়েসন এবং এই ২০০ টাকা এটা গত বছর দিয়েছে তার আগের বারেও দিয়েছে। নূতন কিছু নয় এবং এটা ধার দেবেন। এবং এটা তো মাস্টার মহাশয়দের কাছ থেকে বাই ইনস্টলমেন্ট এটা রিয়ালাইজ করে নেওয়া হবে। য়্যাডভান্স মানে তো একেবারে দিয়ে দিচ্ছেন না।

Shri Rabindralal Sinha:

কলিং য়্যাটেনসন এর উপর বক্তৃতা হবে নাকি স্যার ?

Shri Santosh Kumar Bhattacharyya:

না না, বক্তৃতা নয়, এটা আমি বলছি এটা একটু দেখুন ।

Shri Rabindralal Sinha : Sir, when you have been pleased to admit the Calling Attention Notice, I will reply on some other day.

Messages

Secretary : Sir, the following messages have been received from the West Bengal Legislative Assembly :

(i)

"The Calcutta Municipal (Amendment) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 16th September, 1964, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

K. C. BASU,
Speaker,
West Bengal Legislative Assembly.

Calcutta :
The 21st September, 1964.

(ii)

"The annexed motion was passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 21st September, 1964 and is sent to the West Bengal Legislative Council for their concurrence and for communication to the West Bengal Legislative Assembly of the names of the members appointed by the West Bengal Legislative Council to the Joint Committee.

Annexure

(i) That the West Bengal Land Reforms (Amendment) Bill 1964, be referred to a Joint Committee of the Houses consisting of 24 Members; 19 Members from this House, namely :—

1. Shri Syed Abul Mansur Habibullah,
2. Shri Hare Krishna Konar,
3. Shri Amarendra Nath Roy Prodhan.
4. Shri Nani Bhattacharjee,
5. Shri Aswini Roy,
6. Dr. Radha Krishna Singha,
7. Shri Sudhir Chandra Das,
8. Shri Birendra Kumar Maitra,
9. Shri Abani Kumar Basu,
10. Shri Ananda Gopal Mukhopadhyay,
11. Shri Arun Kumar Moitra.
12. Shri Pijus Kanti Mukherjee,
13. Shri Shamsuddin Ahmed,
14. Shri Ajoy Kumar Mukherjee,
15. Shri Gokul Behari Das,
16. Shri Sankardas Banerji,
17. The Hon'ble Sowrindra Mohan Misra.
18. The Hon'ble Purabi Mukhopadhyay, and
19. The Hon'ble Symadas Bhattacharyya,

and five members from the Council :

(ii) that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee;

(iii) that the Committee shall make a report to this House by the end of the second week of the next session ;

(iv) that in other respects the rules of procedure of this House relating to Committees will apply with such variations and modifications as the Speaker may make ;

(v) that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of members to be appointed by the Council to the Joint Committee.

K. C. BASU,
Speaker,
West Bengal Legislative Assembly.

Calcutta :
The 21st September, 1964.

Sir, I lay on the table the Messages and the Bills.

The West Bengal Official Language (Amendment) Bill, 1964

Shri Bijoy Singh Nahar : Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

স্যার এই বিলটা একটু ছোট বিল। সাধারণভাবে দেখলে মনে হয় যে আমরা বাংলা ভাষা চালাতে চাচ্ছি না ইংরাজী চালাবার জন্যই নাকি বিল এনেছি, কিন্তু তা নয়। আমি এইটুকুই বলতে পারি যে কতগুলি টেকনিকাল ডিফিকালটি-এর জন্য এই বিল আনতে হয়েছে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে সংবিধানের ২১০-এর (২) ধারা অনুসারে ২৬এ জানুয়ারী থেকে সমস্ত বিধানমণ্ডলীর যে কাজকর্ম হবে সমস্ত ইংরাজীতে করতে হবে এটা রয়েছে। যদি আমরা এইখানে এই সংশোধনী আনতে না পারি তা হলে সে কাজের অনেক রকম অসুবিধা হচ্ছে তা ছাড়া অফিসিয়াল ল্যাংগোয়েজ বিল পাস হয়েছে তাতে নোটিফিকেসন বিলে সেটা সেদিন থেকে করতে হবে এবং সেটা নভেম্বর এর ১১ই অবধি সময় আছে ১৯৬৫ সালে। এই বাংলা ভাষায় নোটিফিকেসন করতে গিয়ে দেখলাম যে বহুরকমের অসুবিধা এর ভেতরে রয়ে গেছে। বহু টেকনিকাল অসুবিধা হতে পারে যার জন্য অনেক কাজই অচল হয়ে যাবে যদি ইতিমধ্যে ইংরাজী না রাখা হয়। আমরা তাড়াতাড়ি নোটিফিকেসন করবার চেষ্টা করেছি কিন্তু নোটিফিকেসন এর ভিতর যদি এই ত্রুটী থাকে তবে কাজকর্ম চালাতে অসুবিধা হয়। ইংরাজীকে আমরা রাখতে চাই যাতে কোন কাজ না আটকায় অথচ আমাদের যে উদ্দেশ্য রয়েছে বাংলা প্রচলন করবার দার্জিলিং-এ নেপালী করবার সেটা তাড়াতাড়ি আমরা করতে পারি নি সেইজন্য আমি আর একটী জিনিস জানিয়ে দিতে চাই এই কয় বৎসরের মধ্যে যখন থেকে বাংলা ভাষা চালু করবার চেষ্টা চলেছে তখন থেকে আমরা অনেক রকম কাজে এগিয়ে গিয়েছি। আমরা পরিভাষা কমিটি করেছি এবং সে কমিটি-এর বই বেরিয়েছে। আর একটি বই তৈরী হয়েও গেছে। মাননীয় সভাপতি মহাশয় আপনি এই কমিটি-এর সভাপতি আপনি সেই বই বাহির করেছেন বা আপনি এই কমিটি-এর কার্য পরিচালনা করছেন। এর আর একটা বই প্রেসে ছাপাবার জন্য পাঠিয়েছেন ও পঞ্চম খণ্ড তৈরী হয়ে গেছে যা শীঘ্র ছাপাবার ব্যবস্থা করা হবে। পরিভাষার দিক থেকে আমরা এগিয়েছি কিন্তু পরিভাষায় অনেক অসুবিধা হয় সেইজন্য সে দিক থেকে চেষ্টা করা হচ্ছে যাতে সহজভাবে পরিভাষা চালিয়ে যেতে পারা যায়। যাতে কাজের অসুবিধা না হয়। এর সঙ্গে টাইরাইটিং-এর যে অসুবিধা ছিল আমরা সে অসুবিধা দূর করবার চেষ্টা করছি। আমরা টাইপ রাইটিং-এর কি-বোর্ড তৈরী করবার জন্য একটা সিদ্ধান্তে

উপনীত হয়েছি এবং কি বোর্ড তৈরী করবার নির্দেশও দিয়েছি যাতে নাকি বাংলা ভাষার সহজভাবে টাইপ করা যেতে পারে ও সঙ্গে সঙ্গে স্পিড বাড়ে। যাতে এই টাইপ ভাল হয় এবং কাজ করার যাতে অসুবিধা হয় সে ব্যবস্থা করার চেষ্টা করছি। এর সঙ্গে বাংলা স্টেনোগ্রাফি শেখাবার চেষ্টা চলছে। সরকারী দপ্তরে যারা কাজ করেন কাজের মধ্যে থেকে ক্লাস করে ৩০০ জন লোককে আমরা বাংলা সর্ট হ্যাণ্ড শেখাতে পেরেছি এবং আমরা আশা করি আরও যত দরকার হবে আমরা তত শিখিয়ে নেবার চেষ্টা করবো। বাংলা আমাদের চালাতে হবে এবং এই বিল পাস হলে আমি আশা করছি যে আমরা এই সম্বন্ধে একটা ডিসিসন নিতে পারবো। আমরা আগামী অধিবেশন থেকে যাতে বাংলায় বিল আনা যায় তাহা সে সম্বন্ধে ব্যবস্থা করছি এবং আমরা চেষ্টা করছি যাতে সমস্ত কাজ কর্মই বাংলায় চালান যায়। যদি কোথাও কোন অসুবিধা দেখা দেয় বা টেকনিকালি আটকিয়ে যায় সেইজন্য ইংরাজী কথার উল্লেখ করেছি এবং এই বিল এনেছি। এই বিল এই উদ্দেশ্য নিয়ে এনেছি যাতে আমাদের কোন কাজ অচল হয়ে না যায় বা আটকে যায়। এই কথা বলেই এই বিল সভায় উত্থাপন করছি এবং এই পরিষদের সমর্থন চাচ্ছি।

Shri Gopal Haldar: Sir, I beg to move that the Bill be referred to a Committee of the whole Council with instructions to submit their report by the 24th September, 1964.

মাননীয় সভাপতি মহাশয়, আমার সংশোধনী প্রস্তাবে বলা হয়েছে যে সমস্ত কাউন্সিল একটা কমিটিতে সংগঠিত হবে এবং তার বিলটি আলোচনা করবে। আমার এই সংশোধনী প্রস্তাব উত্থাপন করবার কারণ কি তা সংক্ষেপে আপনার সামনে বিবৃতি করতে চাই। সত্য কথা যেভাবে প্রস্তাব মাননীয় মন্ত্রী মহাশয় এনেছেন এবং এখন যা অবস্থা তাতে ইংরাজী চালু রাখবার জন্য সময় দরকার এবং এখন যে অবস্থা তাতে আরও কিছু কাল ইংরাজী রাজকার্যে প্রয়োগ করতে হবে। এরূপ আমার মনে হয়। কিন্তু এই কারণে কারো আপত্তি থাকতে পারে না যদি না কি এই ভাবে প্রস্তাব আসে। কিন্তু এখন যে অবস্থার কথা বলা হচ্ছে এই বর্তমান অবস্থা কি অনিবার্য ছিল? এবং বাংলাভাষা কি এতই নগণ্য কিম্বা এতই পশ্চাৎপদ ভাষা? পৃথিবীর প্রধান প্রধান ভাষার তুলনায় পশ্চাৎপদ হতে পারে, কিন্তু ভারতবর্ষের অন্য কোনো ভাষার থেকেও কি পশ্চাৎপদ? এ কি এমনই পশ্চাৎপদ যে এতে কাজ চলে না? এমন কি, এদেশের রাজকার্যও বাংলা ভাষার দ্বারা করা যায় না? না, যাঁরা এই বিল কার্যে পরিণত করবার ভার নিয়েছেন, সেই কর্তৃপক্ষ, নানাভাবে মূল আইনকে কার্যে পরিণত করতে উদাসীন ছিলেন? তাদের কর্তব্যের ত্রুটি হয়েছে? কিম্বা যে কোন কারণেই হোক তাঁরা বিচার করে দেখেন নি যে, কার কোথায় এদিকে অকর্মণ্যতা রয়েছে।

এই সমস্ত প্রশ্ন একটু ভাববার জন্য আজ আমার মনে হয় যে সমস্ত কাউন্সিল একসঙ্গে বসা প্রয়োজন। আর আমার প্রস্তাবের তাই উদ্দেশ্য।

স্যার, আপনি জানেন মূল আইনটার একটা ইতিহাস আছে; সহজে সেই আইনটা পাশ হয় নাই। বহুদিন পর্যন্ত বাংলা ভাষায় কার্য্য পরিচালনা করা সম্বন্ধে কংগ্রেস মন্ত্রীমণ্ডলীর খুব বেশী উৎসাহ দেখা যায় নাই। সত্য বটে; ডাঃ প্রফুল্ল ঘোষ মহাশয় মুখ্যমন্ত্রী পদে অধিষ্ঠিত হয়ে বাংলায় রাজকার্য্য আরম্ভ করেছিলেন, এবং কিছু কিছু কাজও বাংলা ভাষায় তখন সেক্রেটারিয়েটে করা হয়েছে। তারপর ডাঃ ঘোষ মুখ্যমন্ত্রী পদ থেকে—আমি বলবো, নির্বাসিত হবার পরে যখন মুখ্যমন্ত্রী হয়ে ডাঃ রায় এলেন, তখন থেকে বাংলায় কাজকর্ম সেক্রেটারিয়েটে বন্ধ হয়ে গেল। এবং যতবার বাংলা প্রবর্তনের চেষ্টা করা গিয়েছে, ততবারই দেখা গিয়েছে বাংলাকে রাজ্যভাষা করা সম্বন্ধে হয় ডাঃ রায় নিজের, অথবা তাঁর দলভুক্ত তখনকার মন্ত্রীমণ্ডলীর, বিশেষরকম ঔদাসীন্য ছিল—এমন কি আপত্তিও ছিল। আমরা জানি যে সাধারণ বাঙ্গালী ভাবত মন্ত্রীমণ্ডলীর অধিকাংশই যখন বাঙ্গালী অন্ততঃ সেই বাঙ্গালী মনোভাবাপন্ন, তাঁদের বাংলার প্রবর্তন সম্বন্ধে কোন আপত্তি থাকতে পারে না। কিন্তু যে কোন কারণেই হোক ডাঃ রায়ের নিজের কোন উৎসাহ এ ব্যাপারে ছিল না। আর, আমাদের এই কর্তাভজা দেশে যদি কর্তার উৎসাহ না থাকে, সঙ্গে সঙ্গে আমলাতন্ত্রের বা অনুচরদের

উৎসাহ লোপ পায়। তাই ডাঃ রায়ের দলভুক্ত যাঁরা, তাঁদেরও কোন উৎসাহ ছিল না, এটা বহুদিন আমরা দেখেছি। কার্য্যকারণ সূত্রে তারপরে বাংলাকে রাজ্যভাষা রূপে আইন করার প্রয়োজন এসে পড়ে, এবং তা আইনে পরিণত হয়। তখনও আমরা চেষ্টা করে দেখেছি—যে কিছুতেই কোন একটা বিলের মধ্যে দুবছরে হোক, তিন বছরে হোক নির্দ্দিষ্ট সময়ের মধ্যে বাংলাভাষা এই রাজ্যের রাজকার্য্য পরিচালনা সম্পূর্ণরূপে উপযোগী হয়ে উঠে এবং সমস্ত রকম রাজকার্য্য তখন থেকে পরিচালনা করা যাবে বাংলাভাষার দ্বারা, একথা গ্রহণ করতে তখন মন্ত্রীমণ্ডলী স্বীকৃত হন নাই। এভাবে বহুদিন চলে গেছে। তারপরে সেই বিল তিন বৎসর আগে আইন হয়েছে, এবং তারপরেও বহুবার এখানে এ প্রশ্ন আলোচিত হয়েছে। আজ যে সমস্ত বাধা-বিপত্তির কথা ও অসুবিধার কথা এই আইন পাশ হবার পরে বহুবার উত্থাপিত হয়েছে। এবং বহুবার আমরা তার আলোচনা এখানে করেছি। এ সম্বন্ধে বহু কার্যকরী ব্যবস্থার প্রস্তাবও উত্থাপন করা হয়েছে। যদি স্যার, আপনি অনুগ্রহ করে কাউন্সিলের সেইসব প্রসিডিংস বা কার্যবিবরণী দেখেন, তাহলে দেখবেন বৎসরের পর বৎসর এইসব সম্পর্কে আমাদের কাছ থেকে অনেক রকম প্রস্তাব এসেছিল, আভাস এসেছিল, আমরা অনেক কথা বলেছিলাম যার কোনটাই তাঁরা গ্রহণ করেন নাই শুধু তা নয়, একটি প্রস্তাব সম্বন্ধেও তাঁরা মুখব্যাদান করেন নাই. যা তাঁরা করেছিল তাহচ্ছে সম্পূর্ণরূপে সে সম্বন্ধে নীরব থাকা, উপেক্ষা করা, ঔদাসীন্য প্রকাশ করা। এইজন্য তিন বৎসর পরে আজ যখন আবার তাঁরা বললেন যে "আমাদের বড় অসুবিধা হচ্ছে, আমরা তখন স্বভাবতঃ জানাতে চাই যে এই অসুবিধার কথাতো তাঁদের অজানা ছিল না? গত তিন বৎসর কেন তার আগে থেকে তাঁরা একথা জানতেন এবং সে সম্বন্ধে তাঁদের কাজ করবার জন্য তাঁদের কাজে অগ্রসর হবার জন্য, বারবার প্রস্তাবও আমরা দিয়েছিলাম। সেগুলি ছাড়া অন্য আরো ভাল প্রস্তাব যদি থেকে থাকে তাহলে তাও তাঁরা করতেন এবং তা আমাদের জানাতেন, এবং তাতে আমরা খুসী হতাম। তার পরিবর্তে এখনো দেখছি সেইসব পুরনো কথাই তাঁরা উত্থাপন করছেন যে বাঙ্গলা প্রবর্তনে বাধা কি কি ঘটলো। তা সবই জানা কথা। দীর্ঘ করে বলার জিনিষ নয়। আমার এখনো বিশ্বাস যে বর্তমান মন্ত্রীমণ্ডলীর সভ্যগণ বাংলা ভাষাকে রাজ্যভাষা হিসেবে সত্যি সত্যি প্রয়োগ করতে চান, এ সম্বন্ধে আমার অবিশ্বাস নাই। কিন্তু আমার বিশ্বাস যে কোন কারণেই হোক তাঁদের কার্যদক্ষতা নাই, কর্মোদ্যম নাই এবং সে সম্বন্ধে তাঁদের চেতনা নাই। আমার প্রধান বলবার কথা এ নয়। তবে বর্তমান মন্ত্রীমণ্ডলী পূর্বেকার মন্ত্রীমণ্ডলীর মত বাংলা ভাষাকে রাজ্য ভাষা হিসেবে পরিচালনা করবার বিরোধী বা সে সম্বন্ধে উদাসীন বলে আমি মনে করি না। কিন্তু কি তাঁদের বাধা হয়েছে? কেন তাঁরা তা দূর করতে পারলেন না? তা তারা খেয়ালও করেন না। আইনজ্ঞদের বিষয়ে একটা বাধার কথা তাঁরা বলেছেন তা জানি, তা সংবিধানেও ইংরাজীর প্রয়োগ সম্বন্ধে, আমি সেই প্রসঙ্গে যেতে চাই না। দ্বিতীয় বাধাগুলির কথা যা মন্ত্রীমহাশয় বললেন, তা হচ্ছে তিনটি, এবং সেগুলি আমি জানি যেমন, পরিভাষার কথা বললেন, টাইপ-রাইটারের কথা বললেন, শর্টহ্যাণ্ডের কথা বললেন এই তিনটী যেটার কথাই বললেন—যতদূর আমি তাঁর কথা থেকে বুঝতে পেরেছি।

স্যার, পরিভাষার কথা এখানে বার বার উত্থাপিত হয়েছে। পরিভাষা সম্বন্ধে একটা সম্পূর্ণ ধারণা না থাকাতে, এবং সাধারণ ধারণাও রাখতে চাই না বলে আমরা অনেক সময় পরিভাষা নিয়ে পরিহাস করি। সে সম্বন্ধে এখন আর আমি কিছু বলবো না; এখন হয়ত অনেকের সেরকম পরিহাস করবার ইচ্ছাও নাই। তা থাকলে গেল বার রেজাউল করিম সাহেব যেভাবে সুন্দরভাবে একথা বুঝিয়ে বলেছিলেন আমি সেকথা আবার আমাদের সদস্যদের স্মরণ করতে বলবো। দেখবেন, পরিভাষা সম্বন্ধে পরিহাস করবার কোন কারণ নাই। সকল ভাষাতেই পরিভাষা এইভাবেই নতুন শব্দরূপে গড়ে ওঠে এবং বাংলা পরিভাষাও সেরূপ গড়ে উঠছে।

[3.40—3.50 p.m.]

আসল কথা হচ্ছে আমরা যারা অর্ধশিক্ষিত তারা এই পরিভাষা নিয়ে হাসির সৃষ্টি করতে ভালবাসি, এবং আমাদের বিদ্যাবুদ্ধিতে এটা খুব স্বাভাবিক। কারণ, আমরা পরিভাষা সম্বন্ধে মোটেই চিন্তা করি না, না হলে এ বিষয়ে অন্তত বাঙ্গালীদের কিছু জানা উচিত ছিল। কারণ

বাঙ্গালী অনেক দিন থেকে এই পরিভাষা সম্বন্ধে চিন্তা করেছে। এটা আজকের কথা নয়। স্যার, আপনার লিখিত পুস্তিকা থেকে, আপনার অনুমতি নিয়ে, আমি উদ্ধৃতি দিয়ে বলতে পারি যে, ১৮৭৬ সালে রাজা রাজেন্দ্রলাল মিত্র এই পরিভাষা সম্পর্কে একটি পুস্তিকা প্রকাশ করেছিলেন, যে পুস্তিকার কথা আপনি পরে উল্লেখ করেছেন, এবং আপনার ও রাজা রাজেন্দ্র লাল মিত্রের এখানে আমার হাতে আছে। এখন ভারত সরকারের শিক্ষা বিভাগ ১৯৫৬ সালে রাজেন্দ্রলাল মিত্রের পুস্তিকা পুনর্মুদ্রিত করার প্রয়োজন মনে করেছেন। হয়তো বাংলা দেশের মন্ত্রীমণ্ডলী তা অবগত নন। তবে তাদের পরিভাষা কমিটি একথা জানেন, নিশ্চয়ই আমি তা আশা করি। দ্বিতীয় কথা, যা আপনার পুস্তিকা থেকেই জানি যে, রাজা রাজেন্দ্রলালের পরে ১৯৪৮ সালেও বোম্বেতে সেখানকার শিক্ষাবিভাগের সহকারী ডিরেক্টর মিষ্টার বি, এন, শীল (তিনি আমাদের মহাগুরু আচার্য ব্রজেন্দ্রনাথ শীল মহাশয়ের পুত্র ছিলেন) ভারতের পরিভাষা সম্বন্ধে আর একটি উল্লেখযোগ্য নিবন্ধ রচনা করেন। তাও কৃতিত্বপূর্ণ আলোচনা। এই সমস্ত কথা উল্লেখ করে, ১৯৫৩ সালে পুণাতে যে ভারতীয় ভাষা উন্নয়ন সম্মেলন—ইণ্ডিয়ান ল্যাঙ্গোয়েজ ডেভেলপমেন্ট কনফারেন্স-এর অধিবেশন হয়—আপনি তাতে পরিভাষা বিষয়ে আপনার অভিভাষণ পাঠ করেন—পুস্তিকা আকারে তাও বাংলা দেশের বিভিন্ন জায়গায় প্রচারিত হয়। আমি বহুবার বলেছিলাম আমাদের মন্ত্রীদের, "পরিভাষার নীতি সম্পর্কে বুঝবার জন্য আপনারা যে পুস্তিকার ২।১টি খণ্ড, বা কয়েকটি খণ্ড অন্তত নিজেরা সংগ্রহ করে পাঠ করুন, —আমরা উৎসাহ দেবো সরকার থেকে কিনে অন্তত পশ্চিমবাংলার আইনসভার সদস্য যাঁরা তাঁদেরকে দিন এক এক খণ্ড করে। তাহলে তাঁরা বুঝতে পারবেন যে, কি নীতি অবলম্বন করে এই পরিভাষা প্রণয়ন করা উচিত।" সেই বইতে সেই নীতির কথা উল্লিখিত হয়েছে যে কি রকম করে পরিভাষা প্রণয়ন করা সহজসাধ্য। সেই নীতি জানা থাকলে পর আজকে এত বছর পর্যন্ত এই পরিভাষার প্রণয়ন নিয়ে গোলযোগ হোত না। আমি যদি ঠিক মত বুঝে থাকি তাহলে তার মূল কথা এই যতক্ষণ পর্যন্ত আমাদের ভাষার ব্যাপকভাবে সম্পূর্ণ পরিভাষা না সৃষ্টি হচ্ছে ততক্ষণ পর্যন্ত, আপনাদের বক্তব্য বা সাজেসন হচ্ছে এই যে, ইংরাজীর পারিভাষিক শব্দের পাশে বাংলায় তার প্রতিশব্দ সাময়িকভাবে, পরীক্ষামূলকভাবে, ব্যবহার করা দরকার। এইভাবে কাজ করার পক্ষে বাধা এখনও নাই, তখনও ছিল না। কিন্তু সেই নীতিকে গ্রহণ করে বাংলা দেশের রাজকার্য পরিচালিত হয় নি, এবং এখনও যে হয় তা নয় যা আমাদের অনেকের মাথায় আছে তা অন্য জিনিস। অনেকেরই পরিভাষার নীতি সম্পর্কে জ্ঞান না থাকার জন্য ধারণা এরূপ যে, বাংলা ভাষার মধ্যে যদি আমরা কখনও একটি ইংরাজী শব্দ গ্রহণ করি তাহলে বোধ হয় বাংলা ভাষার মহাভারত অশুদ্ধ হয়। আরবী, ফার্সি বহু বিদেশী শব্দ বাংলা ভাষার পূর্বেই নেওয়া হয়েছে এবং সেই সব শব্দ গ্রহণে তা অশুদ্ধ হয় নি এখন সাময়িকভাবে যখন আমাদের প্রয়োজন রাজকার্য করার জন্য তখন কিছু ইংরাজী শব্দ গ্রহণ করে, তার প্রতিশব্দরূপে সাময়িকভাবে, ট্রেন টাটিভগুলি বা পরীক্ষামূলকভাবে, বাংলায় প্রতিশব্দ লিখলে সেখানে মহাভারত অশুদ্ধ হয়ে যায় না, একথা আমাদের বোঝা দরকার। সাময়িকভাবে বলি, কারণ যে শব্দ আমরা গ্রহণ করলাম সেই শব্দ যদি পরিভাষা কমিটির প্রস্তাব অনুযায়ী আমাদের বর্জন করার প্রয়োজন হয়ে পড়ে, তাহলে আমাদের একটা গেজেটে নোটিশ দিয়ে সেইভাবে শব্দটা গ্রহণ বা বর্জন করলেই হবে। আমি ইচ্ছা করে এখানে কয়েকটি ইংরাজী শব্দ প্রয়োগ করছি—যেমন—'টেনটাটিভলি', 'গেজেট', 'নোটিশ'—কিন্তু 'গেজেট' নোটিশ এগুলি এখন বাংলা শব্দ, আর মাত্র ইংরাজী নয়। আমাদের দেশে এগুলি ইংরাজী বল্লে ভুল করবেন। এই পরিভাষা সম্বন্ধে অনেকের ধারণা যে 'গেজেটকে'ও পরিভাষায় একটা নূতন শব্দ তৈরী করতে হবে বা 'নোটিশ'কে নোটিশ বললে আমাদের বাংলা ভাষার মহাভারত অশুদ্ধ হয়ে যাবে। আমার বক্তব্য হচ্ছে এই যে, সুষ্ঠু ধারণা থাকলে পর এগুলি ব্যবহার করা যায় এবং তা সম্ভব। কিন্তু যা সহজে করা সম্ভব ছিল তাও আপনারা মন্ত্রীমণ্ডলী করেন নি। সাধারণভাবে বলা যেতে পারে যে গত তিন বছরের মধ্যে এই মন্ত্রীমণ্ডলী নির্দেশ দিয়ে—যাতে মন্তব্য সেক্রেটারীয়েট বাংলায় লেখা যাক তাও কি বাংলায় লিখতে আরম্ভ করেছেন? করে থাকলে, তা কবে থেকে লিখতে আরম্ভ করেছেন?—সেই সমস্ত সাধারণ নির্দেশ লিখতে হলে, বা তা বাংলায় লেখার পক্ষে, কোন পরিভাষার পথ চেয়ে কি বসে থাকতে হয়?—তা দরকার হয় না। চিঠিপত্রে

সরকারী বিভাগের একে অন্যের বা সেখান থেকে বাইরে প্রেরণ করার জন্য লেখা চিঠিপত্রে কত পরিভাষার দরকার হয়? কোন পরিভাষারই দরকার হয় না এই সব কাজ পরিচালনা করার জন্য। অবশ্য কোন কোন মন্ত্রী আজকাল চিঠিপত্র বাংলা লেখেন, তারা ত দেখেন—এই রকম কাজের জন্য—আমি যেসব কাজের কথা বললাম—তার জন্য কোনও পরিভাষার দরকার লাগে না। এসব সাধারণ কাজকর্ম বাংলায় করলে তাঁরা দেখতে পাবেন—অধিকাংশ জটিল রাজকার্যও বাংলা ভাষায় করা অসাধ্য নয়। জেনে বুঝে আগ্রহ নিয়ে বাংলায় কাজ করতে লাগলে কঠিনতর বিষয়ও বাংলা ভাষায় বলা লেখা সহজ জিনিষ হবে। সে সব কাজ করা অত্যন্ত প্রয়োজনও বটে। যেমন, যে সমস্ত প্রধান প্রধান আইন আছে সেগুলি বাংলায় অনুবাদ করতে কেন দেরী হচ্ছে তা আমি জানি না। ভূমি সংস্কারের মতন একটা বড় আইন একবার সরকার থেকে মুদ্রিত হয়েছিল, তারপর আর মুদ্রিত সংস্করণ প্রকাশিত হয় নি। অথচ এই আইন যে বাংলা দেশের জনসাধারণের পক্ষে বিশেষ প্রয়োজন, এবং তার বই-এর চাহিদা যে সর্বদাই থাকবে, জানা কথা। কিন্তু আজ পর্যন্ত এটা দ্বিতীয় মুদ্রণে পাওয়া যায় নি। মুদ্রণের চেষ্টায় শিথিলতা কেন রয়েছে তাও জানি না। এরূপ দেখানো যেতে পারে যে অনেক সময় যা করা সাধ্য তা কর্তৃপক্ষ করেন না এমন কি পরিভাষার ব্যাপারে বলা যায় যে, পরিভাষার প্রথম রিপোর্ট ১৯৪৮ সালে বেরিয়েছিল, তা হল প্রথম পুস্তিকা। দ্বিতীয় পুস্তিকা পর বৎসর ১৯৪৯ সালে বেরিয়েছিল। কিন্তু তারপর থেকে ডাঃ রায়ের আমলে পাঁচ বৎসরের মধ্যে আর কোনো পুস্তিকা বেরলো না। এর পরে ১৯৫৫তে তৃতীয় পুস্তিকা বের হল। চতুর্থ পুস্তিকা এখন সম্পূর্ণ হয়েছে, প্রেস-এ রয়েছে, তা এখনও বেরোই নি। এতে ১৩০০ পরিভাষার শব্দ আছে। এই পুস্তিকা বের করার জন্য আমি যা জানি তা এই যে, বোধ হয় দেড় বৎসর কি দু বৎসর প্রেস এত পড়ে রয়েছিল,) মন্ত্রী মণ্ডলীর যদি চেষ্টা থাকতো তা হলে এত দীর্ঘদিন তা প্রকাশিত হতে দেরী হত না—একথা যে কোন লোকই বলবে। এখনও পঞ্চম পুস্তিকা, যা নাকি প্রস্তুত হয়ে আছে, তা প্রেস-এ যায় নি বা গিয়ে থাকলেও তা ছাপা আরম্ভ হয় নি। নূতন চতুর্থ ভাগ যা প্রকাশিত হবে তাতে ১,০০০ প্রতিশব্দ বা পরিভাষা আছে, আর পঞ্চম খণ্ডটীতে ১৫০০ পরিভাষা থাকবে। কাজেই এইগুলি যদি দীর্ঘকাল মুদ্রণের জন্য লাগে তা হলে এটাই প্রমাণিত হয় যে, মন্ত্রীমণ্ডলীর এদিকে তেমন দৃষ্টি নেই, বা তাদের ঔদাসীন্য ও শিথিলতা রয়েছে। এই পরিভাষা কমিটীর যা কাজ হয়েছে তা আমি মোটামুটি দেখেছি তা প্রশংসনীয় কাজ। যে সম্বন্ধে কর্তৃপক্ষের উপেক্ষা রয়েছে তাও এই যে, কমিটির কাজকে কমবার চেষ্টা দেখছি না। এ বিষয়ে তাদের উপেক্ষা রয়েছে, এটাই আমার বক্তব্য।

স্যার, এখন যা দেখতে পাচ্ছি (চতুর্থ পরিভাষার রিপোর্ট অনুযায়ী), তৃতীয় পরিভাষা পর্যন্ত যে রিপোর্ট বেরিয়েছে তাতে আমার মনে হয় যে সাধারণ ভাবে বাংলায় কাজ কর্ম করবার মতন শব্দ লোকের হাতে যথেষ্ট পরিমাণে এসে গেছে। এর জন্য অপেক্ষা করার দরকার নেই। চতুর্থ রিপোর্ট-এ দেখতে পাচ্ছি যে, কারুকর্ম বা সরকারী বিভাগীয় নানা জিনিষের পরিভাষা তৈরী করতে হয়েছে, যেমন, ট্রাফিক পুলিস ইত্যাদি বিষয়ের পরিভাষা বেরিয়েছে, এবং উদ্ভিদ বিদ্যা সংক্রান্ত শব্দাবলীর ও নানা পরিভাষা এতে আছে। স্যার, এখানে একটা চিন্তার জটিলতা রয়ে গেছে, মনে হয় আধুনিক রাষ্ট্রকে মডার্ণ স্টেট যাকে বলে, সেই পৃথিবীর বহু বিষয় সম্বন্ধে কাজ করতে হয়। সেই তাবৎ বিষয়েরই পরিভাষা আমাদের যদি তৈরী করতে হয় তা হলে ঐ পরিভাষা সংসদের বহু সময় লাগবে। এবং তা সম্পূর্ণ হলে পরে যদি বাংলায় রাজকার্য করা আরম্ভ করব, মনে করি তা হলে সে আর কখনো হবে না, বরং আমাদের তাহলে এ্যাটম বোম-এর ধ্বংসের জন্য প্রার্থনা করতে হবে, যাতে নূতন পরিভাষার আর সৃষ্টি করতে হবে না। সহজ কথা এই পৃথিবীর জ্ঞান বিজ্ঞানের পরিধি যত বাড়ছে পরিভাষার প্রয়োজনও তত বাড়ছে। কাজেই পরিভাষার প্রয়োজন চিরদিনই হবে। আর সেই পরিভাষা সম্পূর্ণ না হওয়া পর্যন্ত যদি বাংলা ভাষায় রাজকার্য্যে প্রয়োগ স্থগিত রাখা হয়, তাহলে এই মাত্র বলা যায় যে কোন দিনই বাংলায় সেদিন আসবে না, অর্থাৎ কিনা ঐ বাংলায় পরিভাষা প্রয়োগ করা সম্ভব হবে না। আমি যতদূর জানি যে এক বৎসরে ঐ পরিভাষা সংসদ যে কাজ করেন সে তুলনায় তা অতি সামান্য তাদের মাসে একটী করে অধিবেশন হয় এবং এক এক অধিবেশনে তারা ১০০ টার বেশী শব্দ ঠিক করতে পারেন না। এই ভাবে বৎসরে মাত্র ১২০০ করে শব্দ

রা স্থির করতে পারেন। ১,২০০ করে শব্দ ঠিক করা যে সংসদ তার মুখাপেক্ষী হয়ে আজকালকার যে স্টেট, যার অসংখ্য ডিপার্টমেণ্ট, থেকে যায় তার কাজ কখনো দেশের ভাষায় চালাবার ন আসতে পাবে না। হাতে পরিভাষার শব্দ নেই বলে বাংলায় কোনো কাজ হবে না, এই দ নীতি হয়, তা হলে কোনদিন বাংলায় কাজ হতে পারে না। যদি এই মনোভাবই কর্তৃপক্ষের য় যে সংসদের মুখাপেক্ষী হয়ে থাকব, অর্থাৎ তার ঘাড়ে দোষ চাপিয়ে দেবার চেষ্টা করব, । হলে বলতে হবে বাংলা ভাষা রাজকার্যে পরিভাষার প্রয়োগ করবার ইচ্ছা আমাদের নেই। ধিকন্তু, আমার একটা বক্তব্য এই যে এই সমস্ত সরকারী ডিপার্টমেণ্ট যা আছে তাদের জেদেরও তো নানা শব্দ প্রয়োগ করে এখনো কাজ চালাতে হয়। তাদের প্রত্যেকটী র্মচারী—নিম্নতম কর্মচারী, তাদের মধ্যে বাঙ্গালী, হিন্দুস্তানী, নেপালী ইত্যাদি আছে, এ ব কর্মচারী প্রত্যেকেই ইংরাজী ভাষায় হুকুম বুঝতে পারে এমন নয়। আজকে তবু দেশী ষায় হুকুম দিয়ে তাদের কাজ পরিচালনা করতে হয়। অর্থাৎ ইংরাজীর সংগে বাংলা মিশিয়ে রা কাজ পরিচালনা করে যাচ্ছেন। তা হলে যে ভাবে এখন কাজ চালিয়ে যাচ্ছেন, এই বাংলার জকার্য পরিচালনা করবার জন্য আরও একটু নূতন দৃষ্টি দিয়ে আরও একটু বেশি বাংলা ব্দ বহার করে তা করবার চেষ্টা করলে কোন রকম তো অন্যায় হয় না। কিন্তু তা না করে, রকারী বিভাগ কর্তারাও মাত্র সমস্ত দায়িত্ব পরিভাষা সংসদের ঘাড়ে চাপিয়ে দিয়ে যদি নিজেরা বে থাকবার চেষ্টা করেন, তা হলে হবে না। আমি পরিভাষা কমিটির রিপোর্ট যা এদিকে ক্ষণ দেখেছি তা দেখেই। মোটেই আশান্বিত হতে পারছি না।

.50—4 p..m.]

র পরেই অজস্র ডিপার্টমেণ্ট পরিভাষা তৈরী করার জন্য দাবী করবে। আজকালকার ষ্টেটের জস্র ডিপার্টমেণ্ট। শুধু আগের মত চৌকিদারী ট্যাক্স ও খাজনা আদায় করা এই ষ্টেটের জ নয়। আজ চাল ডাল থেকে আরম্ভ করে পৃথিবীর সমস্ত বিষয়ের প্রতি রাষ্ট্রের দৃষ্টি তে হয়। কাজেই সেই সমস্ত বিষয়ে পরিভাষা সৃষ্টি করার কাজ যদি এই পরিভাষা সংসদের পর চাপান হয় তাহলে কোনদিনই এই সংসদ তাদের কাজ শেষ করতে পারবে না, আর রাজকার্যও তাহলে কোনদিন বাংলায় পরিচালিত হবে না। তাই এই হচ্ছে আমার পরিভাষা ম্বন্ধে বলবার পক্ষে প্রথম কথা যে বর্তমানে যা পরিভাষা মন্ত্রীমণ্ডলীর হস্তগত হয়েছে াপনাদের কথিত প্রয়োগ নীতি অনুযায়ী তা যথেষ্ট এবং তারপর যেমন আপনাদের নীতি াছে সেই অনুযায়ী অর্থাৎ ইংরেজী শব্দের পাশে বাংলা প্রতিশব্দ দিয়ে, তখনই রাজকার্য ম্পূর্ণ পরিচালনা করা যায়, এবং আমি মনে করি এটা সুসম্ভব। আমি বলছি এ সম্বন্ধে রকারের দৃষ্টি নাই, এ সম্বন্ধে তাঁদের চেতনা নাই এবং এ সম্বন্ধে তাঁদের শিথিলতা দেখা াচ্ছে। অন্তত পরিভাষার নাম করে এই বাংলা ভাষায় রাজকার্য্য পরিচালনা করবার আইনটাকে নেরায় স্থগিত রাখার চেষ্টা করার কোন অর্থ হয় না।

দ্বিতীয় বাধা হচ্ছে শর্টহ্যাণ্ড টাইপরাইটার-এর অভাব।

আজ ৪।৫ বছরের উপর হলো এই সভায় দাঁড়িয়ে আমরা বলেছি—রাজকার্য্য যদি বাংলায় পরিচালনা করতে হয় এসব জিনিস দরকার হবে। এবং এ বিষয়ে বাজেট অধিবেশনে, জিজ্ঞাসা করেছি আপনারা তার জন্য বাংলা শর্টহ্যাণ্ড শিক্ষার ব্যবস্থা করেছেন? এই শর্টহ্যাণ্ড ও টাইপরাইটার বাংলায় শেখানোর জন্য আপনারা কি ব্যবস্থা করেছেন? ষ্টেনোটাইপিষ্ট অথবা তাদের বলা যেতে পারে 'রেখাক্ষর বর্ণমালা' যাঁরা লিখবেন—তাদের জন্য কোন ব্যবস্থা করা হয়েছে কিনা কোনদিন? বছরের পর বছর এ প্রশ্ন তুললেও এর কোন সদুত্তর পাওয়া যায়নি। একবার সরকার বললেন 'দেখবো', আর একবার বললেন 'চেষ্টা করছি'। এ জিনিষের প্রতি আমাদের নজর আছে। সত্যই এ সমস্যাও নূতন নয়। হঠাৎ আকাশ থেকে পড়েছে—একথা বলা যেতে পারে না। আজ থেকে ৫০ বছর পূর্বে দ্বিজেন্দ্র নাথ ঠাকুর 'রেখাক্ষর বর্ণমালা' নামক নিজের পয়সা খরচ করে মুদ্রিত ও প্রকাশ করেছিলেন। সেদিনও এ জিনিষ নিয়ে বাঙ্গালী ভাবেনি, তা নয়—অনেক দিন থেকে ভেবেছে, বই লিখেছে, নিজের পয়সা খরচ করে দ্বিজেন্দ্র নাথ ঠাকুর ১:১৯ সালে সেই 'রেখাক্ষর বর্ণমালা' বই প্রকাশ করেছিলেন। তারপর আরো অনেকে রেখাক্ষর

বর্ণমালা উদ্ভাবন করেছেন। প্রায় ৪০ বৎসর হল ইংরেজ আমল থেকে সরকারী গোয়েন্দা বিভাগের রিপোর্টাররা বাংলা শর্টহ্যান্ড লিখে বক্তৃতা রিপোর্ট করতেন। তাঁদের রিপোর্টে কংগ্রেসমেন হিসেবে অনেকে জেলও খেটেছেন, অন্তত আসামীও হয়েছেন। সেদিনের সেসব কংগ্রেসম্যান আর এখন বেশী নেই। তবু বাংলা শর্টহ্যান্ড ছিল না,—এমন কথা বলা যায় না। আর হঠাৎ বাংলা শর্টহ্যান্ড কর্তৃপক্ষের নতুন উদ্ভাবনা করতে হচ্ছে তাও না। নিশ্চয়ই শর্টহ্যান্ডের ব্যবস্থা এতদিনে করা যেত যখন আইনটা প্রণয়ন করেছিলেন। আমরা বরাবর প্রস্তাব করেছিলাম—যারা বাংলয় অনার্স পাশ করেছে কিংবা বাংলায় এম-এ পাশ করেছে এমন ছেলেমেয়েদের মধ্য থেকে বছরে অন্ততঃ ১৫।২০টী ছেলেকে মাসিক ১০০ টাকা বৃত্তি দিয়ে সরকারী কমার্শিয়াল কলেজে, বিশেষ করে বাংলা শর্টহ্যান্ড শেখাবার ব্যবস্থা করুন। প্রশ্নও করেছি এজন্য, তার কোন রকম উত্তর তাঁরা দেন নাই। দেন নাই এইজন্য—তাঁরা হয়ত মনে করলেন বাংলা শর্টহ্যান্ড শেখাবার কোন প্রয়োজন নাই। এই বোধহয় তাঁদের মনোভাব ছিল। আজ কর্তৃপক্ষ অবশ্য বললেন যে, তিনশো লোককে তাঁরা বাংলা শর্টহ্যান্ড শেখাছেন, শেখাচ্ছেন মেনেছিলাম, যখন তাঁরা সেকথা বলছেন। কতটা তাঁদের সত্যি সত্যি শেখা হয়েছে আমরা জানি না। আমি বলবো—মেনে নিচ্ছি তাঁরা ভালই শিখিয়েছেন। কিন্তু কথা হলো এই- এইতিনশো-ই যথেষ্ট নয়; এ কর্ত্তারা নিজেরাই বলছেন। আরো বৃত্তি দিয়ে এই রকম ভাবে যদি গত তিন বছর ধরে চেষ্টা করা হতো তাহলে ভাল হতো। যদি এই বেকারের দেশে শিক্ষার্থীরা বা শিক্ষিত যুবকরা জানতো যে বাংলা শর্টহ্যান্ড শিখতে গেলে অন্তত বৃত্তি পাবে এবং তারপর সরকারী বিভাগেও নিশ্চয়ই তারা চাকরী পাবে একটা—এ চাকরীটাও ভাল আজ-কালকার বাঙ্গালী যুবকের পক্ষে শর্টহ্যান্ডের কাজ নিতান্ত সাধারণ চাকুরী নয়—এই রকম ব্যবস্থা করলে সরকার বাংলা শর্টহ্যান্ড জানা বহু শিক্ষিত লোক পেতেন। সেরূপ লোকের কোন অভাব হতো না। তাই আমার অভিযোগ হচ্ছে সেখানেও সরকারের একটা গাফিলতি রয়েছে। বাংলা শর্টহ্যান্ড জানা লোক রেখাক্ষর বর্ণমালা শিক্ষিত হয়ে উঠবে, গত তিন বৎসর সেই চেষ্টা তাঁরা করেন নাই এবং এখনো করছেন বলে আমি যথেষ্ট পরিমাণে বিশ্বাস করতে পারছি না।

তারপরে হলো বাংলা টাইপ রাইটারের কথা। সেবিষয়েও এর আগেও আমরা বলেছিলাম 'বাংলা টাইপরাইটার আপনাদের প্রয়োজন হবে—তার জন্য আপনারা প্রথম থেকেই চেষ্টা করুন।' বছরের পর বছর এই প্রস্তাব আমরা উত্থাপন করেছিলাম। বাংলা টাইপরাইটার মেশিন নতুন জিনিষ নয়। যদিও জানি সেযন্ত্র তৈরী করবার পক্ষে কতকগুলি বাধা আছে। সে বাধাগুলি সত্ত্বেও বাংলা টাইপরাইটার তৈরী হয়েছিল এবং গত ৩০ বৎসর যাবৎ সেই বাংলা টাইপরাইটারে কাজ হচ্ছে। আমি বলতে পারি বিশ্বভারতী প্রতিষ্ঠান ৩০ বৎসর যাবৎ তাদের কাজ সেই বাংলা টাইপরাইটারের দ্বারা নির্বাহ করে আসছেন। এবং আরও কতকগুলি প্রতিষ্ঠান তাই দিয়ে তাদের কাজ নির্বাহ করছেন। এমন কি কোন কোন বাংলাদেশের লেখক যাঁদের সঙ্গতি আছে তাঁরা বাংলা টাইপরাইটারে নিজেই তাঁদের রচনা টাইপ করে নেন কিংবা অন্য কাউকে দিয়ে টাইপ করিয়ে নেন—এও আমি জানি। শুধু এ বিষয়ে জ্ঞান ছিল না আমাদের মন্ত্রীমণ্ডলীর। অবশ্য তাঁদের দপ্তর থেকেও কিছু কিছু চিঠি বাংলা টাইরাইটারে টাইপ হয়ে আসে, তা আমরা জানি। তাহলে টাইপ-রাইটারের দুরবস্থার কথা বলবার জন্য তাঁদের এতো দেরী হয় কেন? আমরা তো জানতাম যে বাংলা টাইপরাইটারের সাধারণত যে 'কি-বোর্ড' তা তৈরী করা একটা দুর্ঘট ব্যাপার। রেমিংটন কোং সেটা তৈরী করেছিল, এবং যেহেতু বাংলা টাইপরাইটারের চাহিদা কম সেজন্য তারা তার উন্নয়ন করে নি। আমি বলেছিলাম যে, আপনারা একটা কাজ করুন—কারণ বাংলা টাইপের মেসিন করতেই হবে। আপনারা সব মেসিন কোম্পানীদের বলে পাঠান যে, 'যারা এই বিশেষ রকমের ভালো বাংলা টাইপরাইটারের কি-বোর্ড তৈরী করে দিতে পারবে তাদের ডিজাইনারকে আমরা এক লক্ষ টাকা পারিতোষিক দেবো' এবং সেই ডিজাইন অনুসারে যদি রাজকার্য করা হয় তাহলে যে একখানি সেই মেসিন তৈরী করবে তাদের বলতে পারেন যে, 'আমরা দু'শ, কি চার-শ' কি পাঁচ'শ মেসিন সরকার থেকেই কিনবো।' একটা করলে এতদিন অপেক্ষা করার কোন দরকার হোত না। আরও একটা জিনিস আপনারা করতে পারেন—যেমন আজ যাঁরা ইণ্ডাষ্ট্রি এবং টেক-

বাণিজ্যতে উন্নত জাত, যেমন পশ্চিম জার্মানী, যেমন আমেরিকা, আর যদি আপত্তি না থাকে তাহলে সোভিয়েট ইউনিয়ন এবং ইষ্ট জার্মানী, চেকোশ্লোভাকিয়া, এই সব দেশকে ষ্টেট লেভেলে আপনারা আপনাদের এই প্রয়োজনের কথা বলুন এবং তাঁদের কাছে এই প্রস্তাব পাঠান যে, 'এই হচ্ছে বাংলার অক্ষর—এর জন্য টাইপরাইটার তৈরী করার যে সমস্যা—সেই সমস্যা পূরণ করে, নূতন করে একটা টাইপরাইটারের মডেল তৈরী করার ব্যবস্থা করে দিন।' আমরা জানি, তারা পৃথিবীতে জ্ঞান ও বিজ্ঞানের, বিশেষ করে কারুবিদ্যায় উন্নত এই সব দেশ—শুধু সমাজতন্ত্রী দেশগুলি না, অন্য দেশও এই কারুবিদ্যায় প্রভূত অগ্রসর হয়েছে। যদি আমাদের ভারত সরকার মারফৎ বিদেশে এই প্রস্তাব উত্থাপন করি, তাহলে বন্ধুভাবাপন্ন এমন অনেক রাষ্ট্র আছে যারা এই টাইপরাইটার তৈরীর বিষয়ে সুপরামর্শ দিতে পারবে। প্রথমতঃ আপনারা চাই ভাল টাইপরাইটার, আমিও বলি যে আমরা চাই ভাল টাইপরাইটার। কিন্তু সেজন্য আপনারা করেছেন কি? তাও আশ্চর্য ব্যাপার। যে টাইপরাইটার না হলে কাজ হয় না সেই টাইপরাইটার ভাল চাই বলে আপনারা ডিজাইন পাঠাবার জন্য নক্সাকারদের বল্লেন এবং এই ডিজাইনারদের সময় দিলেন তিন সপ্তাহ। বাংলায় ভাল টাইপ-কী-বোর্ড তৈরী করে দেবে যে, এই তিন সপ্তাহের মধ্যে যে সমস্ত নক্সা এলো -সেই নক্সা বিবেচনা করার জন্য কিন্তু আপনাদের বিশেষজ্ঞ কমিটি দেড় বছর সময় নিয়েছেন—তার বিচারের জন্য বিচার করতে দেড় বছর অবশ্য সময় লাগলো—আর যে লোকগুলি নক্সা তৈরী করলো তাদের সময় দেওয়া হোল তিন সপ্তাহ। এখন দেড় বছর পরে তাদের বিচার শেষ হোল সেই বিচার অনুযায়ী আরও টাইপরাইটার করে শেষে আরও এক বছর সময় লাগলো মন ঠিক করতে। শেষে কি স্থির করলেন এই আড়াই বছর পরে? তা হোল এই যে, এ টাইপরাইটারের সংযুক্ত শব্দগুলি দেখতে বিশ্রী হল—এবং এই নিয়ে বেশি কাজকর্ম করা যায় না। কারণ এতে মিনিটে বাংলায় ২০টি শব্দ টাইপ করা যায়, যেখানে ইংরাজীতে ৬০টি শব্দ টাইপ হয়ে যায়। কাজেই এ যন্ত্রের আরও উন্নতি দরকার। কিন্তু এটা যাঁরা করেছিলেন তাঁদের হাতেই আবার পাঠিয়েছিলেন—যে কোম্পানী সবচেয়ে নিকৃষ্ট ডিজাইন আপনাদের কাছে পাঠিয়েছিলেন—অর্থাৎ রেমিংটন র্যাণ্ড কোং তাদেরই হাতে দিয়েছেন সেই ভার। অবশ্য এটা আমার শোনা কথা—সত্য নাও হতে পারে—জোর করে বলতে পারি না—তবে যতদূর জানি তাদেরই আপনারা এখন ভার দিয়েছেন। আমার এও জানা আছে যে, কোন কোন দেশীয় লোক, আপনাদেরও হয়তো তারা পরিচিত—তারা আরও ভাল উচ্চ মানের নক্সা দিতে পারতেন। বর্তমানে যেসব ইংরাজী, ফরাসী এই সব যে টাইপরাইটার আছে—অর্থাৎ রোম্যান অক্ষরের টাইপরাইটারে যেমন ৪৬টি কী আছে—সেই ৪৬টি কী-এর উপর কি করে এই ৪৬টি ঘর রেখে বাংলা টাইপরাইটারের কাজ চলতে পারে,—সেইভাবে প্রস্তাব তাঁদের কাছে আপনারা দিতে পারতেন,—এবং বোধ হয় তা করেছেন - এও আমার জানা নাই। তবে জানি—তেমন বাঙ্গালী লোক আছেন। আপনারা তাঁদের সঙ্গে একটু আলোচনা করে দেখতে পারতেন, অবশ্য তাদের নক্সা যদি আপনাদের মনপূত হত তাহলে আপনারা বলতে পারতেন যে কে তা তৈরী করে দেবে?—এমন কোম্পানি কোথায়? এমন উচ্চ দরের কারখানা আছে কার? রেমিংটন কোং দেবে না—কারণ তাদের এতো গরজ পড়ে নি।' তাহলে বলব—আপনাদের নিজেদেরই তৈরী করতে হবে, বা বিদেশী কোন কোম্পানীর সাথে প্রস্তাব করে—অন্য বন্ধুভাবাপন্ন দেশের সঙ্গে প্রস্তাব করে তাদের থেকে সেই রকম টাইপরাইটার তৈরী করতে পারতেন। অথবা ষ্টেট সেক্টরে আমাদের দেশে যেসব বড় বড় লোহালক্কড়ের কোম্পানী আছে তাদের সঙ্গে বন্দোবস্ত করে—যেমন জে, কে, ইণ্ডাষ্ট্রি ইংরেজি ও হিন্দী টাইপ-রাইটার তৈরী করছে, সেই রকম অন্য কোন দেশের কোম্পানীর সঙ্গেও এই বাংলা টাইপরাইটার তৈরী করার প্রস্তাব আলোচনা করতে পারেন।

[4—4-10 p.m.]

এপ্রসঙ্গে আরও বক্তব্য এই যে, হিন্দী টাইপরাইটার আজ অন্তত ৭০ বৎসর ধরে দেশে চালু হয়ে গেছে এবং হিন্দী রাজ্যগুলিতে তার কাজ চলেছে। বাংলা হিন্দী টাইপরাইটার তো হিন্দী টাইপরাইটারের চেয়ে বেশী জটিল হবার কথা নয়। বাংলা অক্ষরগুলি সংখ্যায় প্রায় হিন্দীরই মত। সংযুক্ত বর্ণের লেখা একটু জটিলতর। অন্তত উভয় ক্ষেত্রে লিপিমালা প্রায় এক

রকমের, সংখ্যায়ও বেশি তফাৎ নেই। অতএব হিন্দী টাইপরাইটার যদি কাজ চালাবার মত হয়ে থাকে বাংলা টাইপরাইটারের কাজ চলবে না কেন? আপনারা মনে করছেন যেন তাতে কাজ চালান যাবে না? যাই হোক, এখন তিন বৎসর পরে শুনতে পাওয়া গেল যে, ২০ শব্দ [illegible] বাংলা লিপিযন্ত্রে লেখা চলতে পারে, তার বেশী নয়। কিন্তু শুনতে পায় নি যে, এই টাইপ যন্ত্রটির নক্সা নোবার জন্য মাত্র তিন সপ্তাহ সময় দেওয়া হয়েছিল, অথচ তা বিচার করতে দেড় বৎসর সময় লেগেছে, এবং তার পরে আরও ১ বৎসর লেগেছে কার্যত সেগুলি পরীক্ষা করবার জন্য। এর উপর কর্তৃপক্ষ বলেছেন যে, টাইপরাইটার তৈরী হল না। অথচ চোখের সামনে হিন্দী টাইপরাইটার যে অন্যান্য রাজ কাজ চালাচ্ছেন তাও আমরা দেখছি। আমরা বুঝি হিন্দী টাইপরাইটারে যদি চলতে পারে তবে বাংলাও চলা অসম্ভব নয়।

তিনটা বাধার কথাই কর্তৃপক্ষ বলেছেন। কিন্তু আমার মনে হয় বাধা কি এগুলোই? কিছু না কিছু এগুলো বাধা তা অস্বীকার করি না। কিন্তু এখানে আমি যে কথা বলতে চাই তা হচ্ছে যদি ইচ্ছা বা সংকল্প থাকতো তা হলে কর্তৃপক্ষ অনেক বেশী বার আনার মতন কাজ বাংলায় এখনো করতে পারতেন। সেখানে উল্টে পনের আনার মতন কাজ তারা ইংরাজীতে চালিয়ে যাচ্ছেন। তাই আমার বক্তব্য হচ্ছে এই, এই বাধা পরিভাষার বাধা নয় শর্টহ্যান্ডের এর বাধা নয়, বা টাইপরাইটারের বাধাও নয়। বাধা হল নিজেদের মধ্যে একদিকে আমলাতান্ত্রিক বাধা। অর্থাৎ আমলাতান্ত্রিক লোকেরা বহুদিন ধরে হুকুম, মন্তব্য প্রভৃতি ইংরাজীতে লিখতে এবং দিতে অভ্যস্ত। তাঁরা যে ইংরাজী ভাল জানেন তা নয় আমরা যেরূপ জানি [illegible] জানেন, তার বেশী সম্ভবতঃ জানেন না। কিন্তু অভ্যাস এমনই যে ইংরাজী ছাড়া [illegible] লিখতে চান না। দ্বিতীয়তঃ ইংরাজী না লিখে বাংলা লিখতেন সম্মান হানি হয়, [illegible] সংগে পার্থক্য যা তা নষ্ট হয়ে যাবে, সবাই সাহেবের কথা বুঝতে পারবে। যে কোনো [illegible] হুকুম বুঝবে, এটার ভয়ঙ্কর কথা। 'অপসার' মানুষ, সুতরাং ইংরাজী ছাড়া অন [illegible] আপিসে বললে বা লিখলে চলবে কেন? এই হচ্ছে একরকমের অপিসার 'স্নাবারি'। [illegible] একদিকে বাধা আমাদের মাননীয় মন্ত্রিমণ্ডলী। এ বিষয়ে তারাও বাধা। প্রথম [illegible] ভাষায় রাজকার্য যে ভাবে পরিচালিত হতে পারতো সে ভাবে পরিচালিত হয় নি, এই [illegible] অভ্যাস নেই তারপর এ বিষয়ে ঔদাসীন্য, উদ্যমের অভাবও শিথিলতা। এই সবের জন্য [illegible] বক্তব্য। এজন্য আমি মনে করি সমস্ত কাউন্সিল বসে এ বিষয়ে একটা আলোচনা করুক [illegible] আমার প্রস্তাব।

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে বলতে গিয়ে প্রথমেই বলতে হয় যে এটাই [illegible] ওঁনারা এরূপভাবে এর আগেও বিল নিয়ে এসেছেন। এর আগেও তারিখ নির্দিষ্ট হয়েছিল কিন্তু সে সময় আনতে পারেন নি। এটা কেবল মাত্র আমলাতান্ত্রিক বা গাফলতি তা [illegible] কথা মাননীয় সদস্য গোপাল হালদার মহাশয় বলেছেন, এ ছাড়াও আন্তরিকতার কিছুটা [illegible] আছে বলে মনে হয়। তার কারণ এই যে আমরা দেখেছি যে পূর্ব পাকিস্তানে [illegible] আন্তরিকতা ছিল বলে বিরোধীদল এবং সরকার পক্ষ একত্রিত হয়ে তাঁরা আন্দোলনের [illegible] সরকার পক্ষকে বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে গ্রহণ করেছে। ভারতবর্ষের [illegible] রাজ্যেও আমরা দেখেছি যে সেখানে সরকারী ভাষা হিসেবে হিন্দী প্রচলিত করেছে। আমাদের এখানে কেবলমাত্র সরকারের আন্তরিকতার অভাব তা নয়, যাঁরা রাইটার্স বিল্ডিংসে বসেন, যে সমস্ত আই, এ, এস, অফিসাররা আছেন, আমার মনে হয়, তাঁরা কিছু কিছু [illegible] ব্যাপারে সৃষ্টি করছেন। বাংলা ভাষা যে ভাষা, যে ভাষাতে পরিভাষা সৃষ্টি করে সরকারী কাজে ব্যবহার করতে চান, সেইরকম পরিভাষা দিয়ে কাজ হবে না। সাধারণ মানুষের কাছে যে ভাষা পৌঁছিবে এবং যে ভাষা সাধারণ মানুষ বুঝতে পারবে সেইরকম ভাষা আজকে পরিভাষা হিসেবে গ্রহণ করে পরিভাষা কমিটীর মাধ্যমে সেটাকে আজকে ঠিক করা উচিত। তার আগে স্যার, আমার বক্তব্য হচ্ছে ঐ যাঁরা রাইটার্স বিল্ডিংসে অফিসাররা আছেন বাংলাতে তাঁরা যাতে তাঁদের কাজ সুচারুভাবে চালান, সেটাও দেখা দরকার খোলস বদলে তাঁদের আপনারা ধুতি

পাঞ্জাবী পরাবার বন্দোবস্ত করুন। তা যদি না হয়, আপনি জানেন, ধুতি পাঞ্জাবী পরেন না—বাঙ্গালীপাড়া ধারের কাছে নাই ঐখানে পাইপ মুখে দিয়ে চিবিয়ে চিবিয়ে ইংরেজী ভাষায় কথা বলতে চান এবং কেবলমাত্র তা নয় ঐ ইউরোপীয়ান পোষাকের সাথে সাথে ইউরোপীয় মনোবৃত্তি এবং দাসসুলভ মনোবৃত্তি যেটা এতদিন ছিল, সেটা এখনো তাঁরা চালাচ্ছেন। সুতরাং তাঁদের ধুতি পাঞ্জাবী পরানো হোক, পোষাক বদলানো হোক, খোলস বদলানো হোক। তাহলে তাঁদের এ ব্যপারে সরকারী কাজে বাংলা ভাষা ব্যবহারে তাঁদের আন্তরিকতা আসবে এবং তাঁরা বাংলাভাষা কাজে লাগাবার জন্য বন্দোবস্ত—আমি মন্ত্রীর কাছ থেকে এই আশ্বাস চাইব যে এরপর আর কোনবার এই রকমভাবে বিল যেন তাঁদের আনতে না হয়। আমি একথা বলিনা যে ইংরেজী ভাষা সম্পূর্ণভাবে তুলে দেওয়া হোক। কিন্তু বাংলাকে সরকারী ভাষা হিসেবে গ্রহণ করবার জন্য যে ব্যবস্থা করা দরকার, সেই ব্যবস্থা করবার এতদিন পর্যন্ত দীর্ঘসূত্রতা, [illegible] আমলাতান্ত্রিক মনোভাব আই. এ. এস. অফিসারদের যে ইউরোপীয়ান মনোভাব সেগুলো দূর করে ভবিষ্যতে যেন আর কোনদিন এই রকম বিল এনে আর সময় বাড়াবার চেষ্টা তাঁরা না করেন এই প্রতিশ্রুতি যেন আমাদের মন্ত্রীমহাশয় দেন।

Shri Satya Priya Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এ বিষয়ে কোন আলোচনা করতে গেলে প্রথমে মনে হয় যেন ভুল বোঝাবুঝির সম্ভাবনা নাই; আমরা যেন ইংরেজী বনাম বাংলা এই বিতর্কে নামতে যাচ্ছি। প্রকৃতপক্ষে ইংরেজী বনাম বাংলা নয়। সরকারী ভাষা হিসেবে বাংলাকে গ্রহণ করা উচিত। আমাদের এই সরকার যদি গণতান্ত্রিক সরকার হয়ে থাকে তাহলে সরকারী কাজ পরিচালনার [illegible] অংশ সমস্ত মানুষ যাতে গ্রহণ করতে পারি, ভাষার মধ্য তার কাছে দুর্লংঘ্য হয়ে না ওঠে। আমাদের বিধানমন্ডলীতে বা সরকারের বিভিন্ন দপ্তরে কি কাজকর্ম হচ্ছে তা জন[illegible] গণ বুঝতে পারে না। সেইজন্য বাংলাদেশে বাংলাভাষার মাধ্যমে সরকারী কাজ পরিচালিত হওয়া উচিত। আমার মনে হয় না—আমাদের সরকার সেদিক থেকে এটা গভীরভাবে কখনো [illegible] দেখেছেন। হিন্দী ভাষী অঞ্চলের সংগে আজকে তুলনা করে দেখেছি যে হিন্দী ভাষার [illegible] আমাদের বাংলা ভাষার অক্ষর থেকে সহজ নয়। হিন্দী পরিভাষার বাংলা পরিভাষা [illegible] অনেক বেশী। হিন্দী থেকে বাংলাভাষা অনেকদিক দিয়ে সমৃদ্ধিশালী। তা সত্বেও [illegible] হিন্দীকে তাদের সরকারী ভাষা হিসেবে চালু করেছে এবং এ বছর উত্তর প্রদেশে সরকারী ভাষা বিলের আলোচনায় কি দৃশ্যের অবতারণা হয়েছিল—নিশ্চয়ই স্যার, আপনিও [illegible] জানেন এবং ওপক্ষের যাঁরা আজকে এই বিল এখানে উপস্থাপিত [illegible] তাঁরাও তা [illegible]। যেখানে সমস্ত অপোজিসনকে সেদিন বের করে দিতে হয়েছিল যেদিন অফিসিয়াল [illegible] বিল ওখানে অবতারণা করা হয় এবং আমার মনে হয় হিন্দী অঞ্চলে ঐ রকম [illegible] ইংরেজী ভাষার ব্যবস্থা সরকারী কাজের জন্য রাখা চলবে না। আমাদের বাংলাদেশে [illegible] ভাষা আসার বহু আগে সমস্ত হিন্দী ভাষী অঞ্চলে তাঁদের কাছে সরকারী ভাষা হিসেবে [illegible] প্রচলিত হয়ে উঠবে। তার ফলে কোথায় কি দাঁড়াবে সেকথা ভেবে তাঁরা আতংকিত [illegible] উঠেন। আমি নিজে অন্ততঃ ব্যক্তিগতভাবে এই ভারতবর্ষের বৈচিত্র্যে বিশ্বাস করি এবং [illegible] আমি বিশ্বাস করি যে বাংলা ভারতবর্ষের এক সাধারণ ভাষা হচ্ছে বলে সমস্ত মানুষের [illegible] চেতনা করা সম্ভবপর নয়; এই ভারতবর্ষের এক ভাষার মধ্য দিয়ে ঐক্য আসা সম্ভবপর নয়।

[4-10—4-20 p.m.]

যে ১৪টি ভাষাভাষী অঞ্চল আছে সেই ১৪টি ভাষাভাষী অঞ্চলে ঐ ১৪টি ভাষাকেই সেখানের আঞ্চলিক ভাষা হিসাবে প্রাধান্য দিতে হবে এবং এই ১৪টি ভাষাতে যাতে সারা ভারতবর্ষে সরকারী কার্য পরিচালিত হতে পারে তার ব্যবস্থা করতে হবে। কিন্তু আমরা জানি হিন্দী ভাষাভাষী অঞ্চলে একটা তীব্র আকাঙ্ক্ষা—অনেকটা—সাম্রাজ্যবাদীদের আকাঙ্ক্ষার মতই বলতে হবে—যে হিন্দীকে সারা ভারতবর্ষে প্রচলিত করতে হবে—এবং আমরা সাধারণভাবে জানি না কেন —যারা অন্তত রাজ্য পরিচালনা করছেন, শাসনের গদিতে বসে আছেন তাঁরা অনেকে এটাকে

অবশ্যম্ভাবী বলে ধরে নিয়েছেন যে ভারতবর্ষে হিন্দী রাষ্ট্র ভাষা হিসাবে প্রচলিত হবে এবং পরিষ্কার দেখতে পাচ্ছি যে বিরাট বিপ্লবের মধ্য দিয়ে হলেও ঐ রকম একটা অস্বাভাবিক ঐক্য কেন ভারতবর্ষে প্রতিষ্ঠিত হতে পারবে না এই হচ্ছে ইতিহাসের ছাত্র হিসাবে ইতিহাসের ধারাকে বিশ্লেষণ করে আমি যেটা বুঝতে পারি। আজকে হিন্দী ভাষাভাষী অঞ্চলে তারা হিন্দীকে সরকারী ভাষা হিসাবে আমাদের বাংলা ভাষাভাষী অঞ্চলে বাংলা ভাষাভাষীকে সরকারী ভাষা হিসাবে চালু করার আগেই যদি তারা চালু করে নিয়ে যায় তাহলে এখানেও আমরা—বাংলা ভাষীরা সমকক্ষ হবো। হিন্দীর সঙ্গে এটা যেমন দাবী করেছিলাম—সেই সমকক্ষতার দাবীও আমাদের থাকবে না। এই রাষ্ট্রীয় ভাষা হিসাবে হিন্দীর যে দাবী সেটা আরও জোরের সঙ্গে প্রতিষ্ঠিত করার জন্য আরও জোরে অগ্রসর হবে। অবশ্য আমরা জানি এখানেও আছেন অনেকে সেই মতাবলম্বী যাঁরা হিন্দী ভাষাকে রুখবার জন্য ইংরাজী ভাষা অবলম্বন করতে চান। কিন্তু অস্বাভাবিক, তার চেয়ে কৃত্রিম আর কিছুই হতে পারে না। একটা ঝড়ের মুখে ঐ একটা ছোট কুটি দিয়ে ঝড়কে দাঁড় করিয়ে রাখা যাবে না। সেই বিদেশী একটা ভাষাকে অবলম্বন করে হিন্দীর প্রবল বন্যা আমরা রোধ করতে পারবো একথা ভাবা নিতান্ত ভুল। সেই দিক থেকে এটা বিবেচনা করলে এটা বোঝা যেতে পারে। সেই দিক থেকে যত দ্রুত আমাদের এই বাংলা ভাষাকে সরকারী ভাষা হিসাবে প্রচলিত করা হয় ততই ভাল। পরিভাষার অসুবিধার কথা আমি এই মন্ত্রীমণ্ডলীতে এবং বিধানমণ্ডলীতে অনেক বার বলেছি। টাইপরাইটার গণ্ডগোলের কথা তারা বার বার বলেছেন। আজকে যেখানে আমরা পরমাণবিক যুগে বহু করছি যেখানে গ্রহ থেকে গ্রহান্তরে যাবার যন্ত্র আবিষ্কৃত হতে পাচ্ছে সেখানে অত্যন্ত লজ্জার কথা যে আমাদের পশ্চিমবঙ্গ সরকার এই কয় বছর থেকে অনবরত শুধু পরিভাষার অভাব এবং যান্ত্রিক অসুবিধার অজুহাত তুলে ইংরাজীকে বিকল্প সরকারী ভাষা হিসাবে প্রচেষ্টা চালিয়ে যাচ্ছেন। এখানে যে তাঁদের বাস্তবিক আন্তরিকতার অভাব আছে সে বিষয়ে কোন সন্দেহ নেই। সেখানে বাঙ্গালী জনসাধারণের সঙ্গে একাত্ম হয়ে সকলকে সরকারী এই যে পরিচালন ব্যবস্থা তাতে অংশ গ্রহণ করার ব্যবস্থা করে দেওয়া উচিত। সেটা সম্পর্কে এঁদের যে কিছুটা অজ্ঞতা আছে এটা এঁদের স্মরণ করিয়ে দিই। পরিভাষা সম্পর্কে আগে বলেছি এবং এখনও বলছি যে পরিভাষা সৃষ্টি করে তার পর সরকারী ভাষা হিসাবে সেটাকে গ্রহণ করা—এর অর্থ হোল যে ঘোড়ার আগে গাড়ী কেনা। আমাদের সরকারী ভাষা হিসাবে সাহস দিয়ে বাংলাকে চালু করে দিতে হবে। তারপর যখন যে অসুবিধা আসবে তার জন্য আবার নূতন পরিভাষা আপনা থেকে সৃষ্টি করে নিয়ে যেতে হবে। কিন্তু তা না করে পরিভাষা সৃষ্টি শেষ করে তবে বাংলাকে সরকারী ভাষা হিসাবে চালু করবো এই যে যুক্তির অবতারণা ওঁরা করছে সে সম্পর্কে শ্রীগোপাল হালদার মহাশয় যা বলেছেন সে সম্পর্কে আমি এক মত। এমন অবস্থা কখনও আসবেনা যখন আমাদের নূতন শব্দের প্রয়োজন হবে না। ভবিষ্যতে এমন সব শব্দ সংগ্রহ করে কোন ভাষাকে এমন সমৃদ্ধ করে এমন সব পরিভাষার প্রয়োজন হবে না সেই অবস্থায় এটাকে সরকারী ভাষা হিসাবে চালু করবো এই রকম ইচ্ছা যদি এই মন্ত্রীমণ্ডলীর থাকে তাহলে পরিষ্কার বলবো যে যুক্তির দিক থেকে এটা সম্পূর্ণ ভুল করছেন। যান্ত্রিক যুগে আজকের দিনে টাইপরাইটারের অভাব রয়েছে—এতে আমার মনে হয় যে এঁরা ইচ্ছা করলে ৬ মাসের মধ্যে কি এক বছরের মধ্যে এটা দূর করতে পারেন। আজকে যেখানে যন্ত্রবিদ্যা এতদূর অগ্রসর হয়েছে পৃথিবীতে সেখানে একটা বাংলা কী-বোর্ড তৈরী করতে এঁদের এতো বছরের পর বছর যাবে এই রকম আন্তরিকতা থাকা সত্ত্বেও, একথা বিশ্বাস করা অত্যন্ত কঠিন। আমি আগেই বলেছি যে ইংরাজী বনাম বাংলা—এই বিতর্ক আমি এখানে করতে আসি নি। শুধু বাংলা সরকারী ভাষা হিসাবে গ্রহণ করার প্রয়োজনীয়তা কি সেটাকে মন্ত্রী মহোদয়দের কাছে তুলে ধরবার জন্য আমি এখানে বলতে উঠেছিলাম। আমার মনে হয় তাঁরা এটা আন্তরিকতার সঙ্গে এর প্রয়োজনীয়তা অনুভব করছেন না এবং নানা অজুহাতের মধ্যে দিয়ে এই যে বাংলাকে সরকারী ভাষা হিসাবে চালু করবার যে প্রচেষ্টা তাকে ব্যহত করতে চলেছি।

আর একটা কথা স্যার, আমি আপনাকে বলতে চাই তা হল বাংলা দেশে কেন্দ্রীয় সরকারের যে সমস্ত প্রতিষ্ঠান আছে তাতে বাংলার স্থান ক্রমশঃ উঠে যাচ্ছে। আমাদের প্রচার মন্ত্রী বলতে

পারবেন যে অল ইণ্ডিয়া রেডিও-তে বাংলার স্থান এভাবে অনেক কমে যাচ্ছে। আজকে বিভিন্ন ডিপার্টমেণ্ট-এ যে সমস্ত সাইন-বোর্ড আছে তাতে বাংলা উঠে যাচ্ছে বাংলার প্রাধান্য ক্রমশঃই কমে যাচ্ছে। কলকাতা কেন্দ্রের আকাশবাণী সেখানে বাংলা প্রাধান্য হারাচ্ছে। সেদিন এরোড্রোম অফিসে-এ গিয়েছিলাম দেখলাম কোথাও যাবার জন্য যে য়্যানাউন্স করা হচ্ছে বা ঘোষণা করা হচ্ছে তা ইংরাজীতে এবং হিন্দীতে করা হচ্ছে, স্যার কিছুটা ইংরাজী শিখেছিলাম বলে ধরতে পাচ্ছি কিন্তু যারা ইংরাজীতে শিক্ষিত নয় অনেকেই আজকে বিমানে চড়বার প্রয়োজন অনুভব করেন—ওখানে যারা বসে আছেন তাদের মধ্যে কি অসুবিধা হচ্ছে না? কাজেই মন্ত্রীমণ্ডলীর কাছে এটা জানাচ্ছি তারা এ বিষয় কিছু করতে পারেন কিনা? আপনারা আজকে এই বিল পাশ করিয়ে নেবেন কিন্তু এই বিল-এর সময় চলে গেলে আবার নূতন করে প্রয়োজনীয়তা না হয় সেদিকে দৃষ্টি আকর্ষণ করে আমি আমার বক্তব্য শেষ করছি।

Mr. Chairman : We have about half a dozen more speakers and I would request the members not to repeat arguments which have already been made but to make some constructive suggestions which will be helpful to the country.

Shri Mahitosh Rai Choudhuri : Mr. Chairman, Sir,........

(এ ভয়েস—বাংলায় বলুন)

মাননীয় সভাপতি মহাশয় আমায় বাংলায় বলতে অনুরোধ করায় আমি বাংলায় বলছি। এই যে বিল আজ এসেছে এই বিল-এর জন্য আমি মন্ত্রীমণ্ডলীকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছি। এই বিল যে আসবে তা আমি আগেই জানতাম। ১৯৬১ সালে এই ধরণের বিল একটি যখন এসেছিল তখন আমি সেই বিল সম্পর্কে বলেছিলাম যদিও সেদিন ডাঃ রায়ের মতন লোক এটা এনেছিলেন। ডাঃ রায়কে বলেছিলাম যে আপনি এই বিল এনেছেন এটা খুবই আনন্দের কথা। কারণ জনসাধারণের এটা দাবী যে সমস্ত কাজকর্ম বাংলায় হোক, সমস্ত প্রসিডিংস বাংলায় হোক। ডাঃ রায় সে দাবী মেনে নিয়ে এই ভাষা বিল এনেছিলেন। কিন্তু এই আপনার বিলের মধ্যে মস্তবড় দুটি দোষ আছে সেই দুটা ডিফেক্ট হল এই বিলের প্রথমে মাত্র দু-বৎসর সময় নেওয়া হয়েছে। মাননীয় সভাপতি মহাশয় আপনি জানেন যে ১৯৬১ সালে যখন এই ভাষা বিল এসেছিল তখন ডাঃ রায় দু বৎসরও সময় নেন নি। তিনি বলেছিলেন যত শীঘ্র সম্ভব বাংলা চালু করা হবে। এই নিয়ে যখন ঘোরতর আপত্তি হলো, যখন তেরই সেপ্টেম্বর ঐ বিল এল এবং সারকুলার হলো ২৬এ সেপ্টেম্বর তখন বিলের এই অংশটি বদল করে তাতে বলা হল যে দু বৎসরের মধ্যে একটা তারিখ ঘোষণা করে সেই তারিখের মধ্যে বাংলা চালু করা হবে। আমি ডাঃ রায়কে যে কথা বলেছিলাম যদি সময় থাকতো আমি সেসব পড়ে শোনাতাম। আমি বলেছিলাম যে, ডাঃ রায় বাংলাকে মাত্র দু বৎসরের মধ্যে চালু করা অসম্ভব, অতএব দু বৎসর কেটে এটাকে অন্ততঃ পাঁচ বৎসর করুন। আর এই বিলের ভেতরে ইংরাজী যে অ্যাসোসিয়েট ল্যাংগোয়েজ থাকবে এই কথার উল্লেখ কিছু মাত্র থাকলো না এই ডিফেক্টটি দূর করুন। তাহলে বাংলা ভাষায় বাংলাদেশের বিধান সভার কাজকর্ম চালালে অথবা বাংলায় বিধান সভার কার্য বিবরণী লিপিবদ্ধ করলে আপত্তি থাকবে না। এই প্রসঙ্গে আমি আমার বন্ধুদের জানাতে চাই যে আমি বাংলাভাষার বিরোধী নই। আমি বাংলা ভাষায় কিছু কিছু বিরোধী পক্ষের বন্ধুরা এ সম্বন্ধে মন্ত্রীমণ্ডলীর সিনসিয়ারিটি সম্পর্কে সন্দেহ প্রকাশ করে-সাহিত্য চর্চা করে থাকি। সুতরাং এ সম্বন্ধে আমি যে কথা বলছি তা যথেষ্ট চিন্তা করেই, যথেষ্ট গুরুত্ব দিয়েই বলছি। সেদিন অনেকেই আমাকে মিস আণ্ডারষ্ট্যাণ্ড করেছিলেন। আশা করি আজকে আর মিস আণ্ডারষ্ট্যাণ্ড করবেন না। আমি সেদিন মাত্র এই বলেছিলাম যে বাংলা ভাষাতেই আমাদের সমস্ত কাজ চলুক এ দাবী অসংগত নয়। কিন্তু এ দাবী সংগত কিছু দূর পর্যন্ত আপটু এ সারটেন লিমিট কিন্তু এই দাবীর ভেতরে মস্ত বড় একটা বিপদ ডেনজার ইন ইনহারেন্ট রয়েছে। আমি এই কথাই বলেছিলাম যে আমাদের প্রত্যেক প্রদেশ বা রাজ্য এক একটি সম্পূর্ণ রাষ্ট্র বা ষ্টেট নয়। এ হচ্ছে এক একটি অঙ্গ রাজ্য। ফ্রান্স, জার্মানী বা ইংলণ্ডের মত স্বতন্ত্র স্বাধীন রাষ্ট্র নয়। গোটা ভারতবর্ষ একটা স্টেট্ আর এগুলি হচ্ছে

[4-20—4-30 p.m]

সংশোধনী হচ্ছে যে ইংরাজী ২৫এ জানুয়ারীর পরেও থাকবে। আমার যেটা বক্তব্য সেটা হচ্ছে যে ইংরাজী থাকুক এ বিষয়ে কোন অপরাধ নাই। কিন্তু বাংলাতে যদি আমরা আইন সভার কাজ পরিচালনা না করি তাহলে গণতন্ত্র মিথ্যা হয়ে যাবে। আমরা গণতন্ত্রের কথা বলি, যদি প্রভিন্স যাকে সাব-স্টেট বলা যেতে পারে সুতরাং প্রত্যেক রাজ্য বা প্রভিন্স যদি তাদের প্রভিনসিয়াল ল্যাংগোয়েজকে প্রাধান্য দিয়ে সমস্ত কাজকর্ম সেখানকার ভাষাতে চালায় তাহলে কিছুদিন পরে দেখা যাবে কোন লিংক ল্যাংগোয়েজ না থাকার দরুণ সমস্ত দেশের ঐক্য নয় দুশো বছর ইংরেজ রাজত্বের প্রভাবে প্রতিষ্ঠিত হয়েছিল, সেই ঐক্য বিনষ্ট হবে। অতএব সেই বিপদ থেকে রক্ষা পাবার জন্য তখন লিংক ল্যাগোয়েজ হিসেবে হিন্দী আমাদের ব্যবহার করতে হবে, যা নাকি হিন্দী সাম্রাজ্যবাদীদের ইচ্ছা—হিন্দীকে তাঁরা লিংক ল্যাংগোয়েজ করে সমস্ত ভারতবর্ষের কাছে তা প্রতিষ্ঠিত করতে তারা চাচ্ছেন। কিন্তু হিন্দীর সার্বভৌমত্ব কি আমাদের কাম্য হবে? তাই ডাঃ রায়কে আমি বলেছিলাম আপনারা যা করলেন তা করুন। কিন্তু যদি একটি য়্যাসোসিয়েট ল্যাংগোয়েজ হিসেবে ইংরেজীকে রাখতেন, তাহলে আমাদের কোন আপত্তি থাকতো না। যাহোক ডাঃ রায় আমাদের য়্যাসুয়রেন্স দিয়েছিলেন এবং তিনি তাঁর বক্তৃতাতে আমার এই কথার উল্লেখ করে বলেছিলেন যে মহীতোষবাবু যে কথা বলেছেন, এ ব্যবস্থায় আমাদের সম্ভাবনা আছে, দেশের সংহতি বা ইউনিটি নষ্ট হবে সেটা ভাববার কথা, য়ুনিটি যাতে নষ্ট না হয়, সেদিকেও আমাদের লক্ষ্য রাখতে হবে। যাহোক্ এ বিল দু বছরের উপর পাশ হলেও যখন দেখা গেল দু বছরে অগ্রগতি কিছু হয়নি, তখন আবার সময় নেওয়া হলো আরও দু-বছর। তখনও আমি হাউসে আবার বলেছিলাম, আমার সেই কথায় দু সাইডের বন্ধুরা মারমূর্তি হয়ে আমাকে মারার উপক্রম করেছিলেন প্রায়। আমার বন্ধু জগন্নাথবাবু তখন মিনিস্ট্রির পক্ষ থেকে তা রেপুডিয়েট পর্যন্ত করেছিলেন। এতৎসত্ত্বেও আমি যা পূর্বে বলেছি, এখনও তা বলছি বাংলাভাষা চলুক সে সম্বন্ধে কিছুমাত্র আমার আপত্তি নাই। কিন্তু বাংলাভাষাকে চালু করবার জন্য তাড়াতাড়ি করতে গেলে ইংরাজীকে বাদ দিলে আমি যে দেশের সংহতির ক্ষতি ও হিন্দীর সার্বভৌমত্ব প্রতিষ্ঠার সম্ভাবনার কথা বলেছি সেই অবস্থা হয়ে পড়বে। বিরোধী পক্ষের বন্ধুরা এ সম্বন্ধে মন্ত্রীমণ্ডলীর সিনসিয়ারিটি সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন। আর রাইটার্স বিল্ডিংসের কর্মচারীদের তো পিতৃশ্রাদ্ধ করেছেন—য়্যাজ ইফ তাঁরাই সাহেব আর আমাদের ভেতর কেউ সাহেব নেই। কিন্তু আমি তো দেখি ইংরেজ চলে যাবার পর যারা আমাদের মত খদ্দরধারী, তাঁরা সবচেয়ে বেশী ইংরেজী ব্যবহার করেন এবং ইংরেজী বিদ্যালয় ছাড়া এঁদের ছেলেপেলে দেন না। কাজেই ইংরাজীকে শুধু গালাগালি দিয়ে কোন লাভ নাই। আমার মনে হয় যে রাইটার্স বিল্ডিংসের কোন অফিসার যদি ইংরাজীকে চালু করবার এ বিষয়ে বিরোধঅীতা করে থাকেন, যদি মন্ত্রীমণ্ডলীর কেউ এর অধীনতা সম্বন্ধে সংশয় প্রকাশ করে থাকেন, তাহলে আমি বলবো যে বিরোধী পক্ষের আনথিংকিং পাবলিক ডিমান্ড এর চাপ সত্ত্বেও এখনো তাদের কিছু ব্রেন, কিছুটা মগজ, কিছুটা সাহস, কিছুটা বুদ্ধি ও স্বাধীন চিন্তা ক্ষমতা অবশিষ্ট আছে, আমি সেজন্য তাঁদের আমি ধন্যবাদ দেব, কমপ্লিমেন্ট দেব এরকম কেউ থাকেন কিন্তু আমার মনে হয়, সে রকম কেউ নাই। গোপালবাবু যে কথা বললেন, ডাঃ রায়ের আমলে যদি কেউ থেকে থাকেন, কিন্তু বর্তমান মন্ত্রীমণ্ডলীর আমলে তেমন কেউ নাই। তাই তাদের যে কমপ্লিমেন্টস দেওয়া হয়েছে, তা তাঁরা হয়তো বিশেষ পরিতুষ্টভাবে গ্রহণ করবেন কিন্তু যে কমপ্লিমেন্টস আমি তাঁদের পক্ষে সম্মানজনক বলে মনে করতে পারি না। মন্ত্রীমণ্ডলীর মধ্যেও এ ব্যাপারে কিছু ইতস্ততঃ থাকলে খুসী হতাম। কিন্তু ক্ষোভের বিসয় তাদের মধ্যেও কোন ইতস্ততঃ নাই। বরং বাংলাভাষাকে চালু করতে, বাংলা ভাষাকে সমস্ত সরকারী কাজে ব্যবহার করবার জন্য তাঁরা অতিশয় ব্যগ্র হইয়াছেন। যাহোক বাংলা ভাষা আপনারা সরকারী কাজকর্মের জন্য চালু করুন। তবে একথা মোটেই ভুলবেন না যে যদি বাংলার সংগে সংগে একটি লিংক ল্যাংগোয়েজ আপনারা না রাখেন, বাংলার সংগে ইংরেজী যদি না রাখেন, তাহলে দেশের সংহতি, দেশের ঐক্য বিনষ্ট হবে। এ কথা আপনাদের মনে রাখতে বলছি। এ ছাড়া আর কিছু আমার বলবার নাই। মন্ত্রীমণ্ডলী এবার যে বিল এনেছেন তাকে আমি অভিনন্দন জানাচ্ছি। এই সম্বন্ধীয় পূর্বের বিলটি না ভেবে না চিন্তেই আনা হয়েছিল—শুধু জনসাধারণের দাবী আংশিক মেনে নিয়ে, হয়তো বা বাধ্য

য়েই অনিচ্ছা সত্ত্বেও আনতে হয়েছিল। কিন্তু দেখা গেল সত্য যা, তা কখনো মরে না। যা স্তব, যা রিয়েলিটি, তাকে কাল্পনিক কারণে বাধা দেওয়া যায় না। সুতরাং আগের বিলে করতে চাওয়া হয়েছিল তা সম্ভব হলো না। যা হোক্ যা হবার তা হয়েছে। যা হয়েছে র চেয়ে বেশী এত শীঘ্র হতে পারে না। এ বিষয়ে যে সব ডিফিকাল্টি তার মধ্যে কোন কোন-র কথা মন্ত্রীমহাশয় বললেন। এ সমস্ত ডিফিকালটি কাল্পনিক নয়। সমস্ত ডিফিকাল্টিই য়েল সুতরাং আমি মনে করি আমার বন্ধুরা যখন মন্ত্রীমণ্ডলীর সিনসিয়ারিটি সম্বন্ধে ন সংশয় প্রকাশ করেন নাই, তখন বিলটী যেমন আছে, সেইভাবে গ্রহণ করা হোক। তবে গে সংগে একথাও মনে রাখবেন যে বিলটিকে যে আকারে গ্রহণ করলেন তাতেও যে খুব ল করলেন তা নয়। বিলটি পাশ করিয়ে একটা মস্ত ভাল কাজ করলেন এই আত্মপ্রসাদ য়ে যেন ফিরে না যান। ভারতবর্ষের ঐক্য যাতে বিনষ্ট না হয় সে দিকেও যেন আপনাদের দৃষ্টি থাকে। মনে রাখবেন বাংলাকে অফিসিয়াল ল্যাংগুয়েজ করার জন্যে হিন্দী ভাষা লিংক ভাষা হিসেবে প্রতিষ্ঠিত হয়, হিন্দী যদি আমাদের ঘাড়ে চেপে বসে তা' হলে একটি বড় ডেনজার-এর সম্মুখীন হতে হবে।

Shri Nirmal Bose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় মন্ত্রীমহাশয়, যে কথাগুলি দিয়ে তাঁর বক্তৃতা সুরু করেছি-লেন তার মধ্যে আমি দেখেছিলাম যে তিনি বলেছিলেন যে এই সংশোধনী বিলটির উদ্দেশ্য সামান্য যে ১৯৬৫ সালের ২৫এ জানুয়ারীর পরেও যাতে ইংরাজীর ব্যবহারটা এই আইনসভায় চলে এবং সরকারী কাজকর্ম করতে পারে। কিন্তু সংগে সংগে তিনি বলেছেন বাংলাভাষায় সরকারী কাজ ও আইন সভার কাজ চলার যে সিদ্ধান্ত করেছেন সেটাতে যে খুব একটা বাধা দিয়ে যাচ্ছি তা নয়। সেটা ভালভাবে করবো—নিশ্চয়ই করবো। আসল সমস্যাটা হচ্ছে সেখানে। কারণ ইংরাজী আমরা তুলে দিতে কেউই বলছি না। যা বলছি এবং এ বিষয়ে মহীতোষবাবু যে এতো ক্ষোভ প্রকাশ করলেন যে ভারতের ঐক্য এতে নষ্ট হচ্ছে, সেই দিক থেকে বা সর্বভারতীয় ক্ষেত্রে বাংলা ভাষা সরকারী কাজের থাকুক এ বিষয়ে কোন আপত্তি নাই। কিন্তু আমাদের যেটা বক্তব্য সেটা হোল যে বাংলা সরকারী কাজে, আইনসভার কাজে বাংলাকে ব্যবহার করতে হবে। এ বিষয়ে আমাদের সংবিধানের বক্তব্য একেবারে সুস্পষ্ট। সংবিধানের ২১০ ধারার এক উপধারায় পরিষ্কারভাবে আছে যে আইনসভার কাজ, রাজ্যের সরকারী ভাষায়, অথবা ভাষাগুলির দ্বারা, অথবা হিন্দী, অথবা ইংরাজী—কিন্তু সংগে সংগে ২১০ ধারার দুই উপধারায় বলা হচ্ছে যে ১৫ বছর পরে অর্থাৎ ১৯৬৫ সালের পরে ইংরাজী থাকবে না—যদি না ইতিমধ্যে রাজ্য সরকার এই আইন প্রণয়ন করেন। সুতরাং সংবিধানের উদ্দেশ্য যে রাজ্য আইনসভার কাজ, সরকারী কাজ, রাজ্য সরকারী ভাষায় হবে—সাময়িকভাবে ইংরাজী চলতে পারে এবং এর জন্য ১৯৬১ সালে রবীন্দ্র শতবার্ষিকীতে চালু হবে—এই আইন পাশ করেছিলেন যে এখানে আমাদের এই আইনসভার কাজ আমরা বাংলা ভাষায় করবো। আবার আজকে দু বছর পরে একটা সংশোধনী এলো যে ১৯৬৩ সালে যে না, বলা হচ্ছে না, আরও দু বছর বাড়িয়ে দেওয়া হোক—১৯৬৫ সালের নবেম্বর মাস পর্যন্ত মেয়াদ বাড়ানো হয়েছে। আজকে আবার সংশোধনী এসেছে—তাতে কিন্তু একথা বলা যাচ্ছে না যে ১৯৬৫ সালের নবেম্বরের পরেও আমরা পারবো ... ও সময় বাড়িয়ে দেওয়া হোক। আমাদের আশংকা আছে যে আগামী অধিবেশনে হয়তো এই বিলকে আবার মেয়াদ বাড়াবার জন্য আর একটা সংশোধনী আসবে। কিন্তু আজকের সংশোধনী হচ্ছে যে ইংরাজী ২৫এ জানুয়ারীর পরেও থাকবে। আমার যেটা বক্তব্য সেটা হচ্ছে যে ইংরাজী থাকুক এ বিষয়ে কোন অপরাধ নাই। কিন্তু বাংলাতে যদি আমরা আইন সভার কাজ পরিচালনা না করি তাহলে গণতন্ত্র মিথ্যা হয়ে যাবে। আমরা গণতন্ত্রের কথা বলি, যদি আইনসভায় বাংলা ভাষায় কথা না বলি—আমরা ভিজিটার্স গ্যালারী রেখে দিয়েছি—সাধারণ মানুষের জন্য—এবং এখানে এসে তাঁরা বসেন। কিন্তু দেখা যায় সাধারণ মানুষ আর আসেন না—কেন আসে না? তাঁরা আসেন না, দেখেন যে এখানে তাঁদের মাতৃভাষায় কথা হচ্ছে না—কিছুক্ষণ বসে—কিছু না বুঝতে পেরে চলে যায়। কোন রকম উৎসাহ বোধ করেন না। সরকারী দপ্তরে তারা গিয়ে ভাবেন যে এটা তাদের জায়গা নয়। অন্য লোক ধরতে হয়।

আদালতে তাই, সর্বত্রই তাই। সাধারণ মানুষ কেবলমাত্র নির্বাচনের সময় ভোট দেবে এবং দেশে গণতন্ত্র হয়ে যাবে এই রকম মনে করলে ভুল হবে। গণতন্ত্রে মানুষ শাসনের প্রতি স্তরে জনসাধারণকে প্রতিনিয়ত অংশ গ্রহণ করতে হবে। আমার মনে হয় ভাষায় বোধ হয় সেটা আটকে যাচ্ছে। এমনিতেই আমাদের দেশে অতি অল্প সংখ্যক লোক নাম সই করতে পারে। তার পর যদি আমরা মাতৃভাষায় সমস্ত কাজ না করি তাহলে পরে গণতন্ত্র সার্থক হতে পারে না এবং আজকে এই সন্দেহ আমরা দেখছি যে ১৯৬১ সালের কথা কেন বলা হচ্ছে? ১৯৪৭ সালে যখন দেশ স্বাধীন হোল- তখন আমাদের জাতীয় আন্দোলনে যাঁরা নেতৃত্ব করেছেন তাঁরা আজ শাসনে অংশ গ্রহণ করেছেন- তাঁদের সেদিন দায়িত্ব ছিল এই কাজ শুরু করা। আমরা শুনেছি যে তখনকার চীফ সেক্রেটারী মহাশয় চেষ্টা করেছিলেন যে কথা মাননীয় যতীনবাবু বল্লেন। তিনি নাকি ধুতি পাঞ্জাবী পরে এসেছিলেন। কিন্তু তিনি চালু করতে পারেন নি। কেন পারেন নি? বিরাট বাধা সেখানে রাইটার্স বিল্ডিংস থেকে এসেছিল— তাঁরা সেদিন তাঁদের সেই দাসসুলভ মনোভাবের ঊর্ধ্বে উঠতে পারেন নি এবং তার জন্যই ১৯৪৭ সাল থেকে চেষ্টা শুরু হয় নি। ১৯৫০ সালে সংবিধান তৈরী হোল—সেদিন থেকে সংবিধানে বলে দেওবা হোল যে ১৫ বছর পরে ইংরাজী থাকবে না। ১৯৬১ সালে যে আইন পাশ হোল তার রবীন্দ্র শতবার্ষিকীতে রবীন্দ্রনাথকে সম্মান দেখাতে হবে তাই নাম-কো-আস্তে এই আইন পাশ করেছেন।

[4-30—4-40 p.m.]

তারপর এ কাজ ২ বৎসর আগে যখন রাইটার্স বিলডিং-এর বিভিন্ন দপ্তরে যখন নোট দেওয়া হয়েছিল যে সমস্ত নোট বাংলায় লেখা হোক এবং তাতে সাময়িক উৎসাহও দেখা দিয়েছিল কিন্তু তারপর একবারে চুপ করে গেল, থেমে গেল কেন এই প্রশ্ন বারবার আমাদের সামনে আসে, একথা মনে হয় যে তা হলে বোধ হয় কেউ কোথায় বাধা দিচ্ছে বা তাঁর উৎসাহ নেই অথবা আন্তরিকতার অভাব আছে তার জন্যই আশংকা দেখা দিচ্ছে। আমরা দেখছি বিভিন্ন জায়গায় এটা হচ্ছে। কেন্দ্রের ব্যাপারে ইংরাজীর থাকার প্রয়োজন দেখা দিতে পারে কিন্তু রাজ্য স্তরে সমস্ত কাজ কোন মাতৃভাষায় হতে পারে না সেটা আমরা কোন প্রকারেই বুঝে উঠতে পারছি না মাননীয় মন্ত্রীমহাশয় বাধার কথা হিসাবে পরিভাষা কমিটি, টাইপরাইটারও স্টেনো-গ্রাফার ইত্যাদির কথা বলেছেন এবং এই সম্বন্ধে তাঁর বক্তৃতার প্রথম অংশেই আলোচনা করে-ছেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনার নির্দেশ মেনে নিয়ে আমি পুনরায় সে আলোচনা করতে চাই না। কিন্তু আমি এই কথা জিজ্ঞাসা করতে চাই যে স্টেনোগ্রাফার-এর ব্যাপারে শিক্ষা দেবার জন্য অর্থদপ্তরে যে ব্যবস্থা রয়েছে সেটা কার্যকরী হয়েছে কিনা? যদি সেটা কার্যকরী না হয় তাহাহলে নূতন ভাবে ব্যবস্থা করবার কথা মাননীয় মন্ত্রীমহাশয় কেন ভাবছেন না [illegible] মানে যে সমস্ত টাইপিস্ট রয়েছে তাদের বাংলায় শিক্ষা দেবার কথা বুঝি কিন্তু টাইপিস্ট যখন নিয়োগ করা হয় তখন বাংলায় যারা শিখেছে তাদের নিয়োগ করা হয় না। অথচ টাইপিস্ট নিয়োগ করবার সময় ইংরাজী টাইপিস্ট নিয়োগ করা হচ্ছে। জর্জ টেলিগ্রাফ ইন্সটিটিউট এ যে সমস্ত শত শত বাংলা টাইপিষ্ট পাশ করে বসে রয়েছে তারা দরখাস্ত করলে উত্তর পায় না, চাকুরী পায় না। আমি জানি সরকারী দপ্তরে অনেকে দরখাস্ত করেছেন তাঁরা উত্তর পান নি। যদি বলতেন কোন নূতন ইংরাজী টাইপিস্ট নিই নি যারা আমাদের রয়েছে তাদের বাংলা শিখিয়ে নিচ্ছি তাহলে আলাদা। কিন্তু আমরা নোটিফিকেশন দেখেছি যে ইংরাজী টাইপিস্ট চাওয়া হচ্ছে। তাহলে বাংলায় যারা নিজেরা আগ্রহ সহকারে শেখে তাদের কি হবে? বাংলায় আইন পাস হয়েছে এই উৎসাহ নিয়ে যে সমস্ত ছেলে মেয়েরা স্কুল কলেজ থেকে পাস করে শিখছে কিন্তু চাকুরী পাচ্ছে না মাননীয় মন্ত্রী মহাশয় তাদের কি এ আশ্বাস দিতে পারেন এই সভার কাছে যে সমস্ত বাংলা টাইপিস্ট পাস করবে এবং সাধারণ যোগ্যতা যাদের আছে আমরা যদি তাদের এনে দিই তাহলে তাদের চাকুরী দেবেন এই আশ্বাস কি তিনি আজকে এই কক্ষে দিতে পারেন? এ বিষয়ে আমার জিজ্ঞাস্য বাংলা ভাষার কথা অনেক আলোচনা করে-ছেন। আমি নেপালী ভাষা সম্পর্কে দু একটা কথা বলবো কেন না আমাদের রাজ্যে সরকারী ভাষা হিসাবে দার্জিলিং জেলার তিনটা অঞ্চলে দার্জিলিং কার্শিয়াং এবং কালিম্পং এই তিনটি

অঞ্চলে এই নেপালী ভাষায় কাজ করবার কথা হয়েছে। কিন্তু নেপালীতে কি হয়েছে? মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি শুনলে বিস্মিত হবেন যে সেখানে এ বিষয়ে কাজের পরিমাণ শূন্য। এমন কি কোন সরকারী নোটিশ নেপালীতে দেওয়া হয় না। নেপালীতে টাইপিস্ট অর স্টেনোগ্রাফির শিক্ষা দেবার কোন ব্যবস্থা হয় নি। অবশ্য বাংলা পরিভাষা কিছু করবার ব্যবস্থা হয়েছে। ব্যবস্থা হয়েছে এবং রিপোর্ট হয়েছে নেপালী ভাষা চয়ন করবার জন্য। কিন্তু কোন বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করা হয়নি এবং দেওয়ানী আদালতে যা আমরা এখানে বাংলায় কথাবার্তা বলতে পারি কিন্তু নেপালী ভাষা সেখানে অগ্রাহ্য। সেখানে নেপালী ভাষায় কথা বললে সরকার পক্ষ থেকে মানা হয় না। এবং আশ্চর্যের কথা যে সে অফিসিয়ালস তাদের কি অজ্ঞতা, উদাসীনতা উপেক্ষা যে কিছু দিন আগে দার্জিলিং-এ মিউনিসিপ্যালিটি নির্বাচন হয়েছিল সে নির্বাচনে অনেকগুলি কারণের মধ্যে ১টা মামলা হয়েছিল, তাতে এরূপ নির্দেশ ছিল যে ভোটার তালিকা নেপালী ভাষায় প্রকাশ করতে হবে। হিন্দী দেবনাগরী হরফে প্রকাশ করা হয়েছে, কিন্তু ভাষাটা নেপালী ভাষা এটা অনেকগুলি কারণের মধ্যে একটা কারণ, এটা বিচারের রয়েছে জানি না নিষ্পত্তি হয়েছে কিনা, নেপালী ভাষায় কাজ করতে হবে, কিন্তু দার্জিলিং জেলায় সরকারী কর্মচারীরা তা করেন না এই ব্যবস্থাই আজও রয়েছে। তাই আমি এই কথাই মনে করি যে আন্তরিকতার অভাব রয়েছে। আমরা দেখেছি বাই-ইলেক্সন যেটা দেওয়া হয়েছিল তাতে দেখলাম যে একটা বিল যা পশ্চিমবাংলা সরকারী ভাষা বিল যেটা আলোচনা করছি সেটা বাংলায় দেওয়া হয়েছে ও ইংরাজীতেও দেওয়া হয়েছে, ইংরাজীতে বলা হচ্ছে যে

two resolve copies of the Bill for either use

আর বাংলা সম্বন্ধে বিলে বলা হয়েছে ফর দেয়ার ইনফরমেসন। আমাদের বাংলার বেলায় ফর দেয়ার ইনফরমেসন দরজার বাইরেও রেখে দিয়েছেন, আর ইংরাজীকে ঘরের ভেতরে করে রেখে দিয়েছি। এই আমাদের মনোভাব যে বাংলাকে আমরা ঠিক গ্রহণ করতে পারি নি। আর একটা বিষয় অনুবাদ করেছেন যাতে অনেক ভাল ভাল কথা বলা আছে, উদ্দেশ্যহেতু ইত্যাদি আর সেটার স্বাক্ষর করেছেন মাননীয় মন্ত্রী. বি (ফুলস্টপ). এস (ফুলস্টপ) নাহার ভারপ্রাপ্ত সদস্য আমি জানি না কোন বাংলা চিঠি বা কাগজপত্রে বি. এস, নাহার বলে তিনি সই করেন না বিজয় সিং নাহার বলে সই করেন, আমি যতদূর জেনেছি তিনি যখন বাংলায় সই করেন তখন পুরা নামই লেখেন, কিন্তু এ বিষয় কোন মনোভাবের প্রকাশ পাচ্ছে? এইভাবে আমরা বাংলাকে চালু করছি। আপনি জানেন স্যার, মাছিমারা কেরাণীর কথা, সে কপি করে আসছিল, দেখে যে একটা মাছি মরে পড়ে আছে; এখন সে আর একটি মাছি মেরে সেখানে কপি করে চলে গেল। আগে আমরা এই মাছিমারা কেরাণীর কথা শুনেছি, আজ আমরা মাছিমারা মন্ত্রীও দেখছি যে ইংরেজীর বাংলা অনুবাদ করতে গিয়ে বিজয় সিং নাহার সই করছেন না, সই করছেন বি, এস, নাহার এই মনোভাব নিয়ে আমরা অগ্রসর হচ্ছি বলে বাংলাভাষায় আমরা কাজে অগ্রসর হতে পারছি না।

আর একটা কথা আপনি বলেছেন নির্দিষ্ট প্রস্তাব দেবার কথা। আপনার মাধ্যমে আমি কয়েকটি নির্দিষ্ট প্রস্তাব এখানে মন্ত্রী মহাশয়ের কাছে রাখছি। আমাদের সংবিধানে কেন্দ্রের ব্যাপারে অফিসিয়াল ল্যাংগোয়েজ এর কথা আছে। আমি প্রস্তাব করি যে আমাদের বাংলাদেশে একটা সরকারী ভাষা কমিটী করা হোক। এই কমিটী দু পক্ষের সদস্যদের নিয়ে করা হোক। তাহলে কাজ হবে, এই যে অসুবিধাগুলো রয়েছে, তা বিবেচনা করা; বাংলাভাষা বিভিন্ন কাজে কতদূর অগ্রসর হচ্ছে, সেগুলি দেখা এবং কিছুদিন পর পর আমাদের সামনে রিপোর্ট দেওয়া যাতে সেই রিপোর্টের উপর আলোচনা করতে পারবো এবং আমরা বুঝতে পারবো ও বলতে পারবো আরো কি কি কাজ করা উচিত। কেন না দু-বছর পর পর আমাদের সামনে সংশোধনী আসবে যে আমরা পারছি না, আরো সময় দিয়ে দেওয়া হোক্—তাতে আমরা প্রস্তুত নই। এ বিষয়ে আমরা আমাদের প্রস্তাব দিতে চাই, আলোচনা করতে চাই এবং অসুবিধা থাকলে, তা দূর করবার কথা আমরা ভাবতে চাই এবং এটা আমরা বিবেচনা করতে চাই। তাই একটা ভাষা কমিটী এই পরিষদের দু পক্ষের সভ্য মিলে করা হোক—এই আমার প্রস্তাব।

আর একটি প্রস্তাব আপনার মাধ্যমে এই সভার সকলের কাছে রাখছি—যে আমরা এই কক্ষের কাজকর্ম কেন বাংলা ভাষায় করবো না? আমরা নিজেরা অন্ততঃ বাংলায় বক্তৃতা করতে

পারি। এই কক্ষে অনেক সদস্য আছেন, যাঁরা বাংলায় বক্তৃতা না করে ইংরেজীতে বক্তৃতা করেন। আইন আছে তাতে বাধা নাই। তবে আমি আবেদন করছি শ্রদ্ধেয় ডাঃ শ্রীকুমার ব্যানার্জী তিনি ইংরেজী সাহিত্যে প্রগাঢ় পণ্ডিত; অনেকে এখানে আছেন তাঁর ছাত্র। আমরা যখন বিশ্ববিদ্যালয়ের ছাত্র, তখন তাঁকে দেখেছি বাংলার প্রধান অধ্যাপক রামতনু লাহিড়ী অধ্যাপক রূপে। তিনি যখন বাংলাদেশের আইন সভায় ইংরেজীতে কথা বলেন, তখন তাঁর সহস্র সহস্র ছাত্ররা বেদনাবোধ করেন। ইংরেজীতে ছাড়া কি ভালভাবে বাংলাভাষায় বক্তৃতা করা যায় না? তাই আজকে তাঁদের কাছে আমরা নেতৃত্ব চাই—শ্রদ্ধেয় ডাঃ শ্রীকুমার ব্যানার্জীর কাছে, শ্রদ্ধেয় প্রমথনাথ বিশীর কাছে, তাঁরা এখানে বাংলায় বক্তৃতা করে নজীর স্থাপন করুন। এমন সব শব্দ তাঁরা আমাদের কাছে রাখুন, তাঁদের কাছ থেকে আমরা শিখতে চাই যাতে দেশের আইনসভার কাজ আমরা আরো ভালভাবে, সুন্দরভাবে চালাতে পারি। আজকে এখানে কে আছেন, যিনি বাংলা বোঝেন না? সকলে বাংলা বোঝেন। তাই সমস্ত কাজ আমরা বাংলা ভাষায় করতে পারবো।

আর একটা প্রস্তাব আছে; সে প্রস্তাব হচ্ছে যে মন্ত্রীমহাশয় বলেছেন আগামী অধিবেশন থেকে সমস্ত বিল বাংলায় আসবে। সাধু প্রস্তাব। আমি তাঁকে ধন্যবাদ জানাচ্ছি। কেবল বিল কেন, আমাদের অন্যান্য যে সমস্ত ফরম্ রয়েছে, অন্যান্য জিনিস আছে, সেগুলিও কেন বাংলায় হবে না? আমি যখন প্রশ্ন বাংলায় দেই, তখন আমাকে লিখতে হয়
উইল দি অনারেবল মিনিস্টার......
ইংরেজীতে লিখে তারপর বাংলায় দিতে হয় বাংলায় ফরম কেন ছাপান হবে না? এই সমস্ত বিষয়ের প্রতি আমি তাঁর দৃষ্টি আকর্ষণ করি।

আর একটা বিষয় সেটা হচ্ছে পরিভাষা টাইপ রাইটার, ষ্টেনোগ্রাফি টাইপিষ্টের সঙ্গে সঙ্গে সত্যি সত্যি আমরা চাই যে আমাদের দেশে সরকারী কাজ, আইনসভার সমস্ত কাজ আমাদের মাতৃভাষায় হোক। তাহলেও তার সঙ্গে সঙ্গে আরো কতকগুলি কাজ করবার আছে সে কাজগুলি হচ্ছে যে আমরা দেখছি অন্যান্য রাজ্যে হিন্দী অনেকদূর এগিয়ে গিয়েছে। কেন এগিয়ে গিয়েছে? তাঁরা তাঁদের কাজ কেবলমাত্র পরিভাষা, টাইপিষ্ট ও টাইপরাইটার, ষ্টেনোগ্রাফির মধ্যে আটকে রাখেন নি। যেখানে হিন্দীতে বিভিন্ন বই, বিভিন্ন পত্রিকা প্রকাশ করবার জন্য সরকারই এগিয়ে এসেছেন। রাষ্ট্র বিজ্ঞান, অর্থনীতি শাসন ব্যবস্থা সমস্ত বিষয়ে যে সব শব্দ দরকার এবং আমাদের সরকারী কাজে আসবে- সেসব বিষয়ে আমাদের বাংলা ভাষায় কেন বই নাই। কিন্তু অন্যান্য প্রদেশে দেখছি হিন্দীতে প্রচুর বই। এই সাধারণ লেখকদের পক্ষেও সাধারণ প্রকাশকদের পক্ষে সম্ভব নয় -সরকারী আনুকূল্য ছাড়া এই সব তারা করতে পারেন। কাজেই সরকার এ বিষয়ে পরিকল্পনা গ্রহণ করুন; বিশ্ববিদ্যালয়ের সঙ্গে পরামর্শ করুন, তাদের সঙ্গে ব্যবস্থা করে সরকার এ কাজ করুন। এই কথা যদি আমরা মনে করি যে আমাদের বাংলাভাষা যথেষ্ট শক্তিশালী নয়, আমরা সমস্ত কাজ করতে পারবো না, তাহলে আমরা পেছিয়ে যাব। খালি ইংরেজীর উপর নির্ভর করে থাকলো, তাহলে ভুল হবে। যেখানে দরকার অবশ্য ইংরেজী নেব, পরিভাষার ক্ষেত্রে গোঁড়ামি আমাদের দরকার নাই। বিধেয়কের জায়গায় বিল বললে এমন কিছু সর্বনাশ হবে না। আজকে ডেপুটী ম্যাজিষ্ট্রেটের জায়গায় সমাহর্তা না বললে কোন রকম কিছু সর্বনাশ হবে না। যখন যে শব্দ আমাদের দরকার আমরা তা গ্রহণ করবো। কিন্তু আমাদের মাতৃভাষায় আমরা কাজ করবো এই সিদ্ধান্ত আমাদের গ্রহণ করা উচিত। এটা না করলে পরে ইংরেজী-আনার প্রভাব আমরা কোনদিন দূর করতে পারবো না।

Shri Rajkumar Chakraverty :

মাননীয় সভাপতি মহাশয়, বন্ধুবর মহীতোষ রায় চৌধুরী বলেছেন যে ইংরেজী না থাকলে আমাদের সর্বভারতীয় ঐক্য ও সংহতি থাকবে না। তিনি প্রস্তাবকে ভুল বুঝেছেন। যেটা সত্যপ্রিয়বাবু বলেছেন যে আজকে ওটা এখানকার বিচার্য বিষয় নয় ইংরেজী বনাম বাংলা। কিন্তু বাংলাভাষাটা আমরা সরকারী কাজে চালু করবো। এটা হচ্ছে আমাদের প্রস্তাবিত বিষয়, বিচার্য বিষয়, মহীতোষবাবু যে প্রশ্ন করেছেন যে আমাদের ঐক্য থাকবে না। আমি তাঁর অবগতির জন্য বলছি যে সকল দেশ, মহাদেশ আমাদের দেশের মত ১৬।১৭টা অঙ্গরাজ্য রয়েছে

সখানে কিভাবে কেন্দ্রীয় সরকারের সংগে তাঁদের চিঠিপত্র চলে, কিভাবে তাঁরা তাঁদের ঐক্য ...র রেখেছেন, সেটা যদি অনুগ্রহ করে তিনি বলতেন বা তাঁদের দেশের প্রথাটা জানতেন, তাহলে বোধহয় আজকে এ প্রশ্ন তিনি এখানে তুলতেন না।

4.40—4.50 p.m.]

আমি কোন তর্কের পুনরুক্তি করতে চাচ্ছি না আর আমি মন্ত্রীমহোদয়ের সদিচ্ছার অভাব একথা বলতে চাচ্ছি না; তাতে আমি এই অভিযোগ করবো যে তিনি এ বিষয়ে ত্বরান্বিত হন নি। ...ন রকম তিনি উৎসাহ দেখান নি অত্যন্ত শ্লথ গতিতে চলেছে। যে কথা পূর্ববর্তী বক্তা ...দের বলে গেছেন আমি তাঁর আরও সদিচ্ছার পরিচয় পেতাম যদি আজকে তিনি বলতেন ... এই যে ইংরাজী সেটা আমরা সংগে সংগে চালাবো, সেটা ক বছর চালাবো কি ১০ বছর, যে ... ...ান বলেন নি। আমরা অনির্দিষ্টকালের জন্য ইংরাজী চালাবো—একথা বলতে আমরা ... পেয়েছি—আমরা যারা বাংলা সমাজদার। তাঁর একটা অসুবিধা আছে, মন্ত্রীমহোদয়ের ...ই সদিচ্ছায় প্রণোদিত হোন না কেন—তিনি যে পরিবেশের মধ্যে কাজ করছেন, সেই পরি-বেশ তাঁর এই পরিকল্পনাকে কার্যে পরিণত করতে ইচ্ছুক নন। তাঁর পরিবেশ হচ্ছে এই যে ...ের পূর্বে তাঁকে যাঁরা ঠেঙিয়ে ছিল—জেলে পাঠিয়েছিল তাঁরাই আজকে গদিতে আসীন ... ...স আছেন। তাঁর এই নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে স্বাধীনতার পরের যুগের উপযোগী কাজ ...তে পারছে না—এই হচ্ছে তাঁর অসুবিধা। যাহোক তাঁকে বলবো—যে তিনি যদি আগ্রহান্বিত ... এবং নিজে করেন তাহলে নিশ্চয় এই পরিবেশকে তিনি পরিবর্তন করতে পারবেন। আমি ... ...ষ্টি আকর্ষণ করছি একটা জিনিষের প্রতি সেটা হচ্ছে এই যে আজও গ্রামে যে পোষ্ট অফিস ... সেই পোষ্ট অফিসের খামের মধ্যে ইংরাজী আর হিন্দীতে নামটা লেখা হয় বাংলায় নাম ... আজও গ্রামে গ্রামে কংগ্রেসী লোকের মধ্যে যেসব লোক সরকার ঋণ দেয় কর্জ দেয় সেই ... শোধ করবার জন্য যে তার জন্য যে বিজ্ঞপ্তি যায় তা ইংরাজীতে যায়—বাংলাতে নয় ... সেটা জানাবার জন্য। বোঝবার জন্য সেই সকল লোককে অবশ্য ইংরেজী নবীশের কাছে ... বোঝবার জন্য যে কি আছে কি লিখেছে। সেই সব কাজে আমাদের করা সহজ কিন্তু ... ...রেন নি। আমাদের একটা বিশেষ দুঃখের বিষয় যে তাঁরা বাংলাকে এখনও সরকারী ভাষা ...। বিশ্ববিদ্যালয়ে আমরা বাংলাকে শিক্ষার মাধ্যম করতে ঠিক বোঝাতে পারছি না। ... এই যুক্তি দেখানো হয়েছে যে সরকার তো এখনও সরকারী ফারমে বাংলাভাষা চালাচ্ছে ... এবং এই পরিভাষার কথা এখন যেটা হচ্ছে আগে পরিভাষা হবে তারপর বাংলা ভাষা হবে এবং বলা হচ্ছে যেখানে যে আগে বাংলা ভাষায় বই প্রচলিত হোক—প্রকাশিত হোক তারপর ... বাংলাকে মাধ্যম করতে পারি। সুতরাং তাঁরা বিশ্ববিদ্যালয়ের কাজেও এবং বাংলাকে ... মাধ্যম করবার কাজে বাধা দিচ্ছে—এটা আমরা সকলেই বলবো। তিনি যে অসুবিধার ... ...ছেন যে বাংলা টাইপরাইটারের কথা পূর্ববর্তী বক্তাদের যুক্তির পুনরুক্তি না করেই ... ... আজও সুরেশচন্দ্র মজুমদারের নাম আমরা কৃতজ্ঞতার সংগে স্মরণ করি তিনি এই ... ...বোর্ড তৈরী করে গেছেন এবং সেটাকে যদি আরও একটু উন্নত করবার চেষ্টা করতাম ... ... হোত এবং বাংলাদেশে প্রতিভাশালীর অভাব নেই যাঁরা সে কী-বোর্ডকে উন্নত ... ...েন আমরা আজও যদি একটা পুরস্কার ঘোষণা করি যদি যে ৫০ হাজার টাকা ... ... কি ৫ হাজার টাকা দেওয়া হবে এই কী-বোর্ডকে উন্নত করার জন্য। নিশ্চয়ই অনেক প্রতিভাশালী লোক আসবেন যাঁরা এটাকে উন্নত করতে পারবেন। টাইপিস্ট সম্বন্ধে তিনি ... বলছেন—এদের অভাব আমি মনে করি না। কারণ প্রয়োজন যদি মনে করেন তাহলে টাই-পিস্ট যথেষ্ট পাওয়া যেতে পারে যদি সরকার সেইরকম ভাবে আহ্বান করেন। যেখানে দুর্গা-পুরে, ভিলাইতে, রাউরকেল্লাতে জাতীয় প্রয়োজনে বড় বড় কাজ হতে পারে—একটা কী-বোর্ড উদ্ভাবন বা এই টাইপরাইটারের উন্নতি হতে পারে না এটা আমি বিশ্বাস করি না। আর ষ্টেনো-... সম্বন্ধে বাংলাদেশে আজো বাঙ্গালী শিক্ষিত স্পেসালি বাংলায় অনার্স বয় এতো সুবিধা ... গেছে যে তারা আজকে চাকুরীর জন্য ব্যস্ত। তাঁদের যদি একটা সর্ট কোর্স ট্রেনিং দেওয়া ... যেমন আমরা বি, টি,-র দেই—বেসিক ট্রেনিং দেই সর্ট কোর্স ট্রেনিং অল্প দিনের জন্য দেই ... সহজেই তাদের বেকার সমস্যা মিটতে পারে। এবং ও'র যে অভাব সেটাও মিটতে পারে।

পরিভাষা সম্বন্ধে উনি যা বলেছেন তার উত্তরে আমি তাঁকে বলবো যে আপনারা কাজে লেগে যান। আপনারা তো পরিভাষা যথেষ্ট তৈরী করেছেন তাই আপনারা কাজে লাগান তাতেই হবে এবং এইভাবে আমাদের পরিভাষা তৈরী হবে। যেমন আমরা দেখছি বিলের বাংলা করা হচ্ছে বিধেয়ক। আর সেদিন দেখলাম জুরীর বাংলা করা হয়েছে নির্ণায়ক সভা। আমার কথা হচ্ছে এই সমস্ত না করে অর্থাৎ অনুগ্রহ করে এরূপ বাংলা না করেন যদি আপনারা বিলকে বিলই বলেন বা আইনের খসড়া বলেন এবং জুরীকেই জুরীই বলেন তাহলে আমাদের মহাভারত অশুদ্ধ হয় না। সুতরাং এরূপ অনেক শব্দ ব্যবহার না করে যদি আমাদের কথ্য ভাষা ব্যবহার করেন তাহলে যদি আমাদের কথ্য ভাষা ব্যবহার করেন তাহলে অসুবিধা সহজে মোচন করতে পারেন। এছাড়া আমি কৃতজ্ঞতার সহিত স্বীকার করবো সেই সমস্ত সাংবাদিকদের বা রিপোর্টারদের কারণ তাঁরা প্রতিদিন যে সমস্ত নূতন নূতন শব্দ ব্যবহার করছেন সেটা বাস্তবিকই আনন্দের বিষয় এবং তাঁরা নূতন পরিভাষা প্রস্তুত করতে আছেন বা গ্রহণ করতেও প্রস্তুত আছেন। আমাদের কর্তারা যদি বাংলার সংবাদপত্র দেখেন বা প্রেসের রিপোর্ট পড়েন তাহলে আমার মনে হয় তাঁরা আর পরিভাষার অসুবিধার কথা বললেন না।

Dr. Srikumar Banerjee :

স্যার আমার সম্বন্ধে মাননীয় সদস্য নির্মল বোস মহাশয় বক্তৃতা করেছেন। তিনি বলেছেন আমি ইংরাজী ভাষায় বক্তৃতা করাতে অনেকের বেদনার কারন হয়েছে ইংরাজী ভাষাতে বক্তৃতা করায় আমি যে অন্য লোকের বেদনার কারন হয়েছি এই জ্ঞানটা আমার পক্ষে বেদনার কারণ। আমি বুঝতে পারি না ইংরাজী-ভাষায় বক্তৃতা করলে কারুর বেদনার কারণ হয় কিনা অন্ততঃ সে দিক থেকে আমি জিনিসটাকে বিবেচনা করিনি। (এ ভয়েস—এবার থেকে বিবেচনা করুন)।

আজকে যে বিষয় নিয়ে আলোচনা হচ্ছে অর্থাৎ বাংলা ভাষার সরকারী কার্যে নিয়োগ সম্বন্ধে কারুর কিছু বলবার নেই। বাংলার ক্ষেত্র প্রসারিত হোক এবং বাংলা ভাষার ব্যবহার আরও ব্যাপক হোক, বাংলা সর্বক্ষেত্রে প্রভাব বিস্তার করুক এ সম্বন্ধে কারুর কোন আপত্তি নেই। কিন্তু প্রশ্ন হচ্ছে যে ইংরাজী একবারে উঠে যাবে কিনা? বিধান সভা বা বিধান পরিষদে ইংরাজী উঠলে সেটা কি [illegible] মঙ্গল হবে? আমি এই প্রশ্নটা সবিনয়ে রাখতে চাই যে যদি আমাদের শতকরা ৯০ জন বাংলায় বক্তৃতা করেন আর দু-একজন ইংরাজীতে বক্তৃতা করেন তাতে অন্ততঃ ভাষার সৌন্দর্যের দিক থেকে আবেদনের বৈচিত্র্যের দিক থেকে এমন কি আবহাওয়া সৃষ্টি হবে না যাতে বিধান সভার একঘেয়েমী খানিকটা দূর হতে পারে? সুতরাং আমি এটুকু বুঝতে পারছি না যদি হিন্দীতে কেউ বলতে পারেন তাতেও আপত্তি নেই। আমি এটা বুঝতে পারছি না যে শতকরা ৯০-৯৫ জন লোক যদি বাংলায় বক্তৃতা করেন আর দু চারজন লোক যদি ইংরাজীতেই করেন তাতে আমাদের কি অসুবিধা হবে বা তাতে বাংলা দেশের কি ক্ষতি হবে তাতে সাংস্কৃতিক কি ক্ষতি হবে, কি মর্য্যাদাহানি হবে বা তাঁর মূলে কি কুঠারাঘাত করা হবে এটা আমি অনুভব করতে পারছি না।

আমি এখানে একটা প্রশ্ন উত্থাপন করছি। আমাদের বন্ধু শশাঙ্কশেখর সান্যাল তাঁর যে উভচর বৃত্তির প্রয়োগ করেন অর্থাৎ দু ভাষাতেই তিনি চমৎকার বক্তৃতা করতে পারেন, তিনি যখন বিধান পরিষদে অধিকার সম্বন্ধে আলোচনা করেন তখন যদি ইংরাজী ভাষায় বক্তৃতা না করে বাংলা ভাষায় বক্তৃতা করেন তা হলে তাঁর বক্তৃতা যেরূপ হৃদয়গ্রাহী হয় বাংলায় করলে কি ততটা হৃদয়গ্রাহী হবে? কেননা তিনি যখন পারলামেন্ট-এর নজীর দেখান হাউস অব কমন্স-এর দৃষ্টান্ত উদ্ধৃত করেন বা বিভিন্ন দেশের নজীর উদ্ধৃত করেন তখন সে ক্ষেত্রে মনে হয় তার ভাষার যে জোর যে শ্লেষ যে বিদ্রূপ যে ব্যঙ্গ এগুলি ইংরাজীর মাধ্যমে যতটা প্রকাশিত হয় তাঁর তীক্ষ্ম তরবারির ধার ইংরাজী ভাষার মধ্যে দিয়ে যতটা ঝলসে উঠে ততটা বাংলার মধ্যে উঠে না।

[4.50—5 p.m.]

কাজেই আমি বন্ধুদের অনুরোধ করবো যে আপনারা সংকীর্ণ মন নিয়ে এ বিষয়টা বিচার করবেন না। আপনাদের রুচির মধ্যে এমন একটা ব্যাপকতা থাকা প্রয়োজন যাতে বাংলার প্রতি আন্তরিক আকর্ষণের সঙ্গে অন্য ভাষার প্রতিও প্রীতি একসঙ্গে থাকতে পারে। যদি অন্য কোন ভাষা থেকে ও আপনাদের মনে তৃপ্তি আসে আপনাদের মনে সৌন্দর্য্যবোধ জাগ্রত হয়, আপনাদের মনে ঔচিত্যবোধের উদ্রেক হয় তাহলে কেন তা আপনারা সহানুভূতির সঙ্গে বিবেচনা করবেন না? কেন তার উপর মনটা বিরূপ করবো এই যদি হয় তাহলে সত্যি সত্যি আমাদের অন্তরটা সঙ্কীর্ণ হবে এবং তাতে জাতি হিসেবে আমাদের যে খুব কল্যাণ হবে এটা আমি মনে করি না।

আজকের যে বিল আনা হয়েছে তাতে মন্ত্রীমন্ডলীর দোষত্রুটি সম্বন্ধে আমি কোন কথা বলবো না। কিন্তু আমি এই কথা বলবো যে এই বিলের উদ্দেশ্য হচ্ছে ইংরেজী ভাষায় জন্য আর কিছু দিন সময় চাওয়া, বাংলভাষা বাদ দেওয়া বা বাংলার ভাষার উন্নতির চেষ্টা না করা এই বিলের উদ্দেশ্য নয়। বিলের উদ্দেশ্য হচ্ছে যে বাংলা ভাষার উন্নতি আমাদের আশানুরূপ হবে না এবং যেহেতু ইংরেজী একদম বর্জন করলে পরে সেটা আমাদের দেশের পক্ষে কল্যাণকর হবে না। সেজন্য ইংরেজীর প্রবর্তনটা আর কিছু দিন ধরে চলুক এবং তার জন্যই আপনাদের কাছে অনুমতি চাওয়া হচ্ছে যে ইংরেজীকে এ্যাসোসিয়েট ল্যাংগোয়েজ হিসেবে যাতে আর কিছু দিন চালানো যায়। আমার মনে হয় যে বাংলা ভাষার উন্নতির জন্য আমাদের সর্বতোভাবে চেষ্টা করা উচিত এবং যাতে তার উন্নতি আরো দ্রুততর হয়, নানা রকমভাবে তার প্রসারণ হয়, সে বিষয়ে আমরা সর্বতোভাবে চেষ্টা করবো। কিন্তু ইংরেজীকে বাদ দিলে আর আমাদের উন্নতি হবে এটা খুব ভুল ধারণা, আমি আপনাদের কাছে সবিনয়ে নিবেদন করবো যে আপনারা এই সংকীর্ণ মনোভাব থেকে উর্দ্ধে থাকবেন এবং এই মনোভাব নিলে পরে শুধু বাংলার উপর নির্ভর করে আমরা যে খুব একটা কালচারের উচ্চতম শিখরে আরোহন করতে পারবো এটা অন্ততঃ আমি মনে করি না।

Shri Nimral Bose :

আমি এমন কথা কেউ বলিনি, আপনি আমাদের সকলের শ্রদ্ধাস্পদ, আমি বলেছি এই কক্ষে অনেকেই বাংলায় ইংরাজীতে বলেন। এটা আমার মনে হয় তারা মনে করেন বাংলা ভাষায় তাদের মনের ভাব প্রকাশ করার পক্ষে যথেষ্ট নয়। বাংলা ভাষার প্রধান অধ্যাপককে যখন তাঁর ছাত্ররা দেখেন যে বাংলার আইন সভায় বাংলা না বলে ইংরেজীতে বলেন, তখন তারা বেদনাবোধ করেন। আমি আপনাকে অনুরোধ করি আপনি আমাদের নেতৃত্ব দিন যাতে বাংলায় বক্তৃতা দিয়ে সকলে বুঝতে পারে কি করে নূতন বাংলা শব্দ তৈরী করে পরিষদীয় কাজ আরো ভাল ভাবে বাংলায় করতে পারি। বাংলার একজন প্রবীণ অধ্যাপকের কাছ থেকে সেই নেতৃত্ব আমরা চাই।

Dr. Srikumar Banerjee :

নিবেদনে তো সাড়া দিলাম। আমি ইংরাজীকে একেবারে তুলে দেবার পক্ষপাতী নই, সেই নিবেদনই জানিয়েছি।

Shri Abdhullah Rasul :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, মাননীয় গোপাল হালদার মহাশয় যে প্রস্তাব এনেছেন, আমি সেই প্রস্তাব সমর্থন করতে গিয়ে কয়েকটী কথা বলতে চাই।

এখানে বিল সম্পর্কে আলোচনার মধ্যে অনেক যুক্তির অবতারণা করা হয়েছে। বিভিন্ন বন্ধু যে সমস্ত যুক্তি দিয়েছেন তার অনেক যুক্তি আমি সমর্থন করি এবং তার পুনরাবৃত্তি যাতে

না হয় সেদিকে যথাসাধ্য লক্ষ্য রেখে আমি কয়েকটী কথা বলছি। এটা আমি মনে করি যে বাংলাভাষাকে এবং দার্জিলিং অঞ্চলে পাহাড়ে অঞ্চলে বিশেষ করে, নেপালী ভাষাকে যে মর্য্যাদা সরকারীভাবে দেবার কথা আমরা স্বীকারব করে নিয়েছিলাম সেই মর্মে যে আইন এখানে পাস করা হয়েছিল, সে বিষয়ে কাগজেপত্রে বা আইনে যাই উল্লেখ থাকুক, আমার নিজের ধারনা এই যে সরকারী তরফ থেকে অন্তরের সংগে সেটা কার্য্যকরী করবার চেষ্টা হচ্ছে না। এটা একটা টেকনিক্যাল প্রশ্ন নয়, এটা মনোভাবেব প্রশ্ন। টেকনিক্যাল দিক থেকে কিছুদিন সময় লাগবে। গোপালবাবু অনেক কথা বলেছেন তিন সপ্তাহে একটা জিনিষ হলো, সেই জিনিসটা দেখে বিচার করতে দেড় বছর লাগলো, তার পর আবার আর একটু বিচার করতে গিয়ে আরো এক বছর লাগলো। অথচ এর থেকে যে সিদ্ধান্ত করা দরকার তা হয়ত ৫ মিনিটে হতে পারে. এই রকম দীর্ঘসূত্রতা থেকে একটা মনোভাব প্রকাশ পায় এবং সেদিক থেকে আমাদের সমালোচনা আছে বিল সম্বন্ধে। এটা আমি মনে করি যে বাংলা ভাষা এবং সাহিত্য এ পর্যন্ত [illegible] উন্নত অবস্থায় এসেছে তাতে সরকারী ভাষা হিসেবে কাজ করবার পক্ষে সে ভাষা যে [illegible] কেউ অস্বীকার করতে পারবেন না। এ পক্ষে শুধু নয়, ও পক্ষেরও কেউ তা অস্বীকার করতে পারবেন না। যখন মূল বিল এসেছিল তখন আলোচনার সময় যা বলেছিলাম সেটা মনে করিয়ে দেবার জন্য বলছি যে বর্মাদেশে বর্মী ভাষা বা সাহিত্য বাংলা ভাষার চেয়ে খুব উন্নত বলে মনে করি না সেখানেও নয়, ১৯৪৮ সালেও নিশ্চয় ছিল না। কিন্তু ১৯৪৮ সালে আমি দেখেছি যে [illegible] ভাষায় সেখানকার কাজকর্ম পরিচালনা করা হচ্ছে এবং বাজেট বিল পর্যন্ত হচ্ছে। [illegible] সরকার বর্মী ভাষায় সেখানে টাইপরাইটার করেছে এবং তাদের সমস্ত কাজ স্বচ্ছন্দে চলে [illegible] তাতে কোন অসুবিধা তারা বোধ করছে না। কিন্তু তারা প্রাদেশিক স্বায়ত্ব শাসন লাভ করেছিল ব্রহ্মদেশ ১৯৩৭ সালে, যারা স্বাধীনতা লাভ করেছে প্রায় আমাদের সম সময়েই। [illegible] এই কাজগুলি তারা করতে পারলেন, আমরা কেন পারলামনা? ১৭ বছর দেশ স্বাধীন [illegible] এখনও পর্যন্ত টাইপরাইটারেব অভাব শর্টহ্যান্ডের অসুবিধা এগুলি কি কোন যুক্তি [illegible] আমি এই যুক্তি সারবত্তা মোটেই স্বীকার করতে পারছি না। পরিভাষা সম্বন্ধে পূর্বে [illegible] এতদিন ধরে চালাচ্ছিল, তার পরবর্তী যুগে অর্থাৎ বিজ্ঞানের যুগে তারও পর [illegible] পরিভাষার সৃষ্টি হয়েছে। অনেক কিছু উন্নত হয়েছে আমার মনে আছে বহুকাল [illegible] দেখতাম "প্রকৃতি" নামে একটা বিচারের কাগজ বেরুতো তার মধ্যে ডাঃ একেন্দ্র ঘোষ [illegible] পরিভাষা লিপিবদ্ধ করেছিল। তার মধ্যে দোষ-ত্রুটিগুলি একটু মাজা ঘষা করে নিলেন [illegible] তাকে অনেক উন্নত করা যেতে পারে। কিন্তু আমরা সেদিকে দৃষ্টি দিয়েছি তো দিই [illegible] এটাই হচ্ছে প্রধান ত্রুটি। যদি দৃষ্টি না দিয়ে থাকি তাহলে তাতে কি মনে হয়, আমি মনে করি যে দৃষ্টি আমরা দিই নি দায় সারা হিসাবে কাজ করে চলেছি কিন্তু তাতে কি কোনো উৎসাহ হয়? গভর্নমেন্টের.ও উৎসাহ আসে না, কর্মচারীদেরও উৎসাহ আসে না আমরা [illegible] দেখতে পাই ইংরাজী ভাষা সম্বন্ধে সে প্রশ্ন উঠেছে তাতে ডাঃ শ্রীকুমার ব্যানার্জি বলেছেন আমরা একথা মনে করি না যে ইংরাজী ভাষায় বক্তৃতা দেবার প্রয়োজনীয়তা আছে একথা অস্বীকার করবার কোন চেষ্টা আমাদের দিক থেকে কেন করেছেন। আমি মনে করি ইংরাজী [illegible] প্রয়োজন বাংলাদেশে তথা ভারতবর্ষে এখনও আছে। কিন্তু যদি কোন সদস্য বাংলা [illegible] আমাদেব এই পর্য্যায় শুধু ইংরাজীতেই বক্তৃতা করেন, যদি বাংলায় তারা বলেন, তাহলে [illegible] হয় হয়তো তিনি বাংলাকে নিম্নস্তরের ভাষা বলে বিবেচনা করেন। এটা আমার [illegible] বলুন না তিনি দশটা বক্তৃতার মধ্যে ৮টি ইংরাজীতে কিন্তু অন্তত ২টি বাংলায় বলুন [illegible] মনে করি অন্য দিক থেকে ইংরাজী ভাষার প্রয়োজন আছে। ভাষা সম্বন্ধে বেশি গোঁড়া [illegible] পক্ষপাতী আমি নই। বাংলা ভাষায় বহু ইংরাজী শব্দ আসুক আমি বলেছি অন্যান্য [illegible] যেমন উর্দ্দু এবং আরবি ভাষা অত্যন্ত শুদ্ধ ভাষা হলেও তার মধ্যে অনেক ইংরাজী শব্দ তারা নিচ্ছে ও তাই দিয়ে কাজ চালাচ্ছে, তাদের নিজেদের অন্য শব্দ থাকা সত্বেও এগুলি ব্যবহার করছে। আমরা এখানে বাংলার মধ্যে যদি কিছু ইংরাজী শব্দ ব্যবহার করি তাহলে ক্ষতি কি আছে? যে সমস্ত ইংরাজী শব্দ প্রায় বাংলা হয়ে গেছে সেই সমস্ত শব্দকে পরিবর্তন [illegible]

কাজে ব্যবহার করলে খুব বেশী অসুবিধা হয় না। এবং এখন যা হয়েছে তা কাজ চালাবার পক্ষে যথেষ্ট। কিন্তু এগুলিকে কাজে লাগাবার জন্য যে উৎসাহ ও আগ্রহের প্রয়োজন সেই দিক থেকে গভর্নমেন্টের দৃষ্টি নাই বলে আমার ধারনা। এবং এই ধারনাটা সংক্রামক হচ্ছে সমাজের মধ্যে, যার ফলে আজকে আমরা দেখতে পাই নিম্নমধ্যবিত্ত ঘরের ছেলেমেয়েরা পর্যন্ত মিসনারী স্কুলে পরে অনেক বেশী মাইনে দিতে হলেও তারা পড়ে কেন না তারা অন্তত ইংরেজী বলতে শিখবে ভাল করে। অবশ্য ভাষা হিসাবে ইংরাজী শিখবে কতটা জানি না, তবে বলতে শিখবে—তাড়াতাড়ি ইংরজী বলতে পারবে, যদিও বাংলা ভাষাও হয়তো তারা অনেকে ভাল করে শিখবে না। এই যে মনোভাব তাদের মধ্যে আসছে তার জন্য সরকারই অনেকখানি দায়ী।

[5—5-10 p.m.]

গভর্নমেন্ট এ-বিষয়ে যদি সমাজটাকে সংগে সংগে টেনে নিয়ে আসতেন এবং নিজেরা অগ্রনী হতেন ও ভাল করে বাংলাভাষা চালু করবার চেষ্টা করতেন তাহলে বোধহয় এ-জিনিষ হত না। ছেলেপেলেরা ভাল করে ইংরাজী বলতে শিখুক এবং লিখতে শিখুক এটা আমরা চাই। কিন্তু দৃষ্টিভঙ্গী যেন এরূপ না হয় যে বাংলা বাদ দিয়ে অন্য কিছু দিয়ে চলবে। এ বিষয়ে আমাদের গভর্নমেন্ট-এর দায়িত্ব রয়েছে। সাম্প্রতিকভাবে সমাজের প্রতি যে মনোভাব থাকা দরকার সেদিকে তাঁদের দৃষ্টি দিতে হবে।

এমনভাবে বাংলা ভাষার প্রতি আমাদের দৃষ্টি দিতে হবে যাতে বাংলা ভাষা এবং সাহিত্য তুষ্ট ও পুষ্ট হয় অথচ তার জন্য ইংরাজী ভাষা বর্জন করা প্রয়োজন না হয়। আমি আবেদন করছি যাতে মন্ত্রীসভা এই দিকে বিশেষ চেষ্টা করেন, এ ছাড়া অন্য ভাবে সমালোচনা করে বা সংশোধন করে বিশেষ লাভ হবে না। আমি বলছি তাঁরা দয়া করে এটা অনুভব করুন বাংলা ভাষার সত্যিকারের উন্নতি আজ কতখানি নির্ভর করছে এই সরকারের উপর। সরকারী কাজ-কর্মের দ্বারা বাংলাভাষাকে পুষ্ট করা সম্বন্ধে অসুবিধা থাকতে পারে, কিন্তু সে অসুবিধা দূর করবার জন্য তাঁরা চেষ্টা করেন। সরকারের দিক থেকে যদি তাঁরা সাহায্য করতে পারেন তাহলে এর নিশ্চয়ই উন্নতি সম্ভব। আমি এই আবেদনটুকু মনে রাখবার জন্য অনুরোধ করলো।

Shri Bijoy Singh Nahar:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আলোচনার পূর্বে যে প্রস্তাব রেখেছিলাম তাতে সর্বতভাবে বলেছিলাম যে আমাদের এই বিল নটিফিকেশন দিতে দেখলাম যে অসুবিধা আছে। আমরা যদি হঠাৎ নটিফাই করেদি অফিসিয়াল ল্যাংগোয়েজ হিসাবে তাহলে অনেক জায়গায় বর্তমানে যে অবস্থা রয়েছে তাতে কাজ করতে অসুবিধা হবে, এবং আইনে আটকে যাবে এই কথাই আমি বলেছিলাম। আমি চেয়েছিলাম এর মধ্যেই আমরা নোটিফাই করেদি সমস্ত কাজকর্ম আইনসভার এবং সরকারের সমস্ত কাজকর্ম বাংলায় হোক। কিন্তু এটা পরীক্ষা করতে গিয়ে দেখলাম আমাদের অসুবিধা হচ্ছে আমাদের সব চেয়েও বড় অসুবিধা হচ্ছে হিসাবের দিক থেকে। পাবলিক য়্যাকাউন্টস কমিটি যে কাজগুলি করেন তার হিসাব রাখা এবং য়্যাকাউন্টেন্ট-জেনেরালস্ ডিপার্টমেন্ট যা গভর্নমেন্ট অব ইন্ডিয়া যেখানে ইংরাজী না হলে চলে না, বর্তমান এই অবস্থাটা আপনারা নিশ্চয়ই লক্ষ্য করেছেন এ ছাড়া হাই কোর্ট এ যে ব্যবস্থা চালু আছে তাতেই ইংরাজীতে কাজ হচ্ছে, সংবিধানের মত আমরা বাংলা চালু করেছিলাম এবং ইংরাজীতে অফিসিয়াল ট্রান্সলেসন দিতে হবে এটা আমরা করে ছিলাম। আমাদের এই সমস্ত রয়েছে ও এই সব যাতে অসুবিধা না হয় তার জন্য আমরা সংগে সংগে এই বাংলা চালু করতে পারতাম এবং নোটিফিকেসন ও দিতে পারতাম। আমরা এই জনাই এটা এনেছি যে যদি সময় কোথাও দরকার হয় তাতে যাতে না আটকায় এই জন্য ইংরাজী থাকুক। আপনারা দেখেছেন পারলামেন্ট-এ সেইজন্য যখন অফিসিয়াল ল্যাগোয়েজ হিন্দী করতে গেলেন তখন তাদেরও এ বিষয়ে অসুবিধা হয়েছিল

এবং তাদের ইংরাজী আনতে হয়েছিল। আজকে সেজন্য এখানে আমাদের ইংরাজী আনতে হচ্ছে এর মানে এই নয় ইংরাজী বরাবরই থাকবে। কাজেই মধ্যে যে অসুবিধা তা দূর করে দিয়ে বাংলার জন্য নোটিফাই করে দিয়ে এখানের কাজকর্ম চালাতে থাকবো এবং সেজন্য আমি বলেছি যে এর পরের অধিবেশন হতে আমরা চেষ্টা করবো যাতে বিল বাংলায় হয় ও শুধু বিল নয় সমস্ত কাজকর্ম যে সমস্ত কাগজপত্র আপনারা পাচ্ছেন তাও যাতে বাংলায় দেওয়া যায়। মাননীয় সদস্য নির্মল বোস মহাশয় বলেছিলেন কেন এই সমস্ত কাগজপত্র বাংলায় আসে না। আমার মনে হয় তিনি বোধ হয় সংবিধান দেখেন নি। আমার মনে আছে কিছুদিন আগে পূর্বের অধিবেশনে আমি য়্যাসেম্বলীতে বাংলায় একটা প্রস্তাব রাখবার চেষ্টা করেছিলাম। প্রস্তাবটা ছিল ধন্যবাদের প্রস্তাব কিন্তু দেখা গেলো সেটা নিয়মতান্ত্রিক হচ্ছেনা এটা বাংলায় বলা চলে না। এটাই পরীক্ষা করে সেদিন দেখা দিয়েছিলো দেখা গেলো যে এখানের যত কাজ বিধানমণ্ডলীতে করতে হয় তা হয় ইংরাজীর মাধ্যমে অথবা হিন্দীর মাধ্যমে করতে হবে। এসব করতে হবে যতক্ষণ না পর্যন্ত বাংলাকে নোটিফাই করতে পারি, এখানকার কাজ সেদিক দিয়ে চলেনা। এখন আমাদের কোন কিছু মুভ করতে গিয়ে কোন কোশ্চেন করতে গিয়ে ইংরেজীর মাধ্যমে লিখতে হচ্ছে। এই অসুবিধা দূর করবার জন্য যাতে আমরা নোটিফিকেশান করতে পারি, কোন অসুবিধা না হয়, তারজন্য এই বিলটা বাংলায় আনতে হয়েছে এখানে যা সাধারণভাবে দেখতে পাওয়া যায় এবং আমরা রোজই শুনছি বিরোধীপক্ষের সদস্যরা সরকারের সমালোচনা করেন এবং সরকারের সঙ্গে সঙ্গে তাঁরা সরকারী কর্মচারীদের সমালোচনা ও এখানে নিয়ে আসবার চেষ্টা করেন এবং আজও তার ব্যতিক্রম হয়নি। তাঁরা দেখাতে চেষ্টা করেন সরকারী কর্মচারীরা নাকি সাহেবীয়ানার মধ্যে রয়েছেন, তাই এখানে তারা বাংলা চালাবার চেষ্টা করছেন না, ইংরাজী এখানে চলবে। কিন্তু আমি বলতে পারি তাঁরা হয়ত তাদের সংযোগে আসেন নি বা কিভাবে তাঁরা কাজ করেন তা দেখবার ও তাঁদের সুযোগ হয়নি বলে সাধারনের যে রকম ভাবে একটা মনোভাব ছিল পূর্বে যে তাঁরা সাহেবীয়ানা ছাড়া চলেন না, সেই মনোভাব নিয়ে হয়ত তাঁরা এই বক্তৃতা করেছেন। আমি জানি, আমি দেখেছি যে আমাদের মধ্যে অনেকে সরকারী কর্মচারী আছেন, অনেক উর্দ্ধতন কর্মচারী আছেন যাঁরা বাংলায় সমস্ত ফাইল লেখেন এবং সুন্দর বাংলায় লেখেন এবং বাংলাকে চালাবার তাঁরা সব সময় চেষ্টা করে আসছেন আমি একথা বলতে পারি আমাদের অনেকের চেয়ে তাঁদের বাংলাভাষা ও খুব সুন্দর হয় এবং তাঁদের কোন অসুবিধা হচ্ছে না বাংলা চালাবার দিক দিয়ে কিন্তু নিয়মগতভাবে কতকগুলি অসুবিধা রয়েছে তাকে দূর করবার জন্য, নোটিফিকেশানের যে অসুবিধা তা দূর করবার জন্য আমরা এই বিল এনেছি।

এখানে পরিভাষা সম্বন্ধে অনেক কথা বলা হয়েছে, এই পরিভাষা সম্বন্ধে বেশী কিছু বলতে যাব না। মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনি নিজে তার চেয়ারম্যান এবং আপনি এই পরিভাষা করবার চেষ্টা করছেন। কিন্তু যেকথা বলা হলো পরিভাষা গঠন শেষ নাহলে বাংলা ভাষা চলবে না—এটা কোন যুক্তি নয়, সে চেষ্টাও নাই সে কথাও নাই আমরা এটা খুব ভালকরে জানি এই পরিভাষাই বলি কিংবা যে কোন ভাষা থেকে তার অনুবাদ যদি আমরা ধরে নেই, তাহলে তার কোনদিনই শেষ নাই। কিন্তু পরিভাষার জন্য এটা আটকে নেই। আমি পরিভাষা টাইপরইটার, শর্টহ্যাণ্ড এই সব সম্বন্ধে বলেছি যে সরকার নিশ্চেষ্ট বসে নেই, নিষ্ক্রিয় নয়, এবিষয়ে চলেছে, এক একটা কাজে ধাপে ধাপে এগিয়ে চলেছে বাংলাভাষার যাতে সমস্ত বিষয়ে কাজকর্ম চলতে পারে এবং সরকারী কাজে যাতে বাংলা ভাষাতে চলতে পারে তার প্রস্তুতি চলেছে, এ সম্পর্কে কোন দ্বিধা করবার কিছু নাই। পরিভাষার জন্য বাংলাভাষা আজকে আটকে নাই, দরকার হলে আমরা এটা নিতে পারি। সমস্ত পরিভাষার কথা হয়ত আজকে সহজভাবে বোঝা যাবেনা। সেটা হয়ত সময় লাগবে বছরের পর বছর হয়ত বা দুটো জেনারেশান ও লেগে যেতে পারে। যখন এই সমস্ত কথার না পরিভাষা হয়েছে তাতে অভ্যস্ত হতে পারি তার চেষ্টা করতে হবে ইতিমধ্যে। চলতি যে সব কথা আমরা বলি বহু কথা ইংরেজীর সঙ্গে বাংলা ও বাংলার সঙ্গে ইংরেজী লাগিয়ে বলি অনেকটা অভ্যাস বশতঃ। আমি শুনছিলাম কয়েকজন মাননীয় সদস্য বাংলা বক্তৃতার মধ্যে অনেক ইংরেজী শব্দ মিলিয়ে বললেন। সেটা

তাঁরা জেনেই বলুন আর অভ্যাসের জন্যই বলুন। বাংলাকে সমর্থন করতে গিয়ে অনেক ইংরেজী তারা বলছেন। এটা অভ্যাস। কারন ইংরেজীতে আমরা পড়েছি, ইংরেজীতে আমরা চিন্তা করছি, অনেকে লিখছি, যাঁরা যাঁরা যত বড় অধ্যাপক রয়েছেন তাঁরা ইংরেজীর ভেতর দিয়ে নিজেকে, জীবন কাটিয়েছেন, আজকে বাংলায় বলতে চেষ্টা করেও তাঁরা বহু ইংরেজী ব্যবহার করলেন। এটা দোষের হয়েছে সে কথা বলি না। এটা আমি মনে করি ঠিকমত পরিভাষা দিয়ে বাংলা করতে পারবো না। সে সম্পর্কে যেমন ধরুন ব্রিকেট যদি ইংরেজীতে না লিখে বাংলায় লিখে দেই তাহলে কোন মহাভারত অশুদ্ধ হবে না বা কোন অসুবিধাও হবেনা বুঝতে। এই করে আমরা বাংলাভাষা চালু করতে পারবো। অবশ্য ব্রাকেটে ইংরেজীতে পাশে লিখে দিলে অসুবিধা আছে। আজকে যদি ইংরেজীভাষা সম্পূর্ণ তুলে দেই, তাহলে সেটা বৈধানিক হবে না। কাজেই সেখানে অসুবিধা, কাজ আটকে যাবে। তখন আমাদের মধ্যে দুজন গিয়ে হাইকোর্ট থেকে রুল নিয়ে আসবেন মশায়, এই যে যেটা হলো এতে মহা-ভারত অশুদ্ধ হয়েছে, আইনে এই বাংলা ভাষার পাশে ব্রাকেটে ইংরেজী ভাষা ব্যবহার বন্ধ করা হোক। এটাকে বন্ধ করবার জন্য আমরা এটা এনেছি।

আমরা শর্টহ্যান্ডের শেখাবার ব্যবস্থা করেছি এবং তার খন্নততর ধরনের কিভাবে শেখান যেতে পারে তার চেষ্টা করা হচ্ছে। তারপর টাইপরাইটার সম্বন্ধে তাঁরা বললেন দেড় বছর দুবছর লাগলো কেন? মাননীয় সদস্যরা হয়ত এ সম্বন্ধে বিশেষ জানেন না কিংবা না জেনেই বলেছে এত সময় কেন লাগলো। যেগুলো টেকনিক্যাল ব্যাপার তাতে একটু সময় লাগে। যাতে ঠিকমত কী-বোর্ড হতে পারে তারজন্য সরকার চেষ্টা করেছেন। যাঁরা এবিষয়ে অভিজ্ঞ তারা নিজেদের মত দিন তার জন্য দু-হাজার টাকা পরিতোষিক দিয়ে যে মত চাওয়া হয়েছে। অনেক সাজেশান এসেছিল, সেগুলো পরীক্ষা করা হয়েছিল এবং তার মধ্য থেকে কয়েকটি বেছে নেওয়া হয়েছে। রেমিংটন কোম্পানীকে দেওয়া হয়েছিল যে তোমরা এ থেকে টাইপরাইটার তৈরী করে দেও। তারজন্য সময় লেগেছে। আজকে বললে তো আজ কালকে তারা সেটা দিতে পারবে না। তারা সেই কীবোর্ডগুলি তৈরী করে মেশিন তৈরী করেছে। তারপর সেটা তারা সরকারের কাছে দিয়েছে। আর দিলেই তো সেটা ব্যবহার করা যায় না? সুতরাং কীবোর্ড যদি আসে, তাহলে তা সহজে ব্যবহার করতে পারা যায় না, অভ্যাস করতে হয়। এই অভ্যাস করতে আমাদের মাসের পর মাস সময় লেগেছে। আমাদের যারা ষ্টেনোটাইপিষ্ট রয়েছে তাকে বলেছি তোমরা অভ্যাস কর, ছয় মাস অভ্যাস করে দেখো কত স্পীড হতে পারে। ছয় মাস ধরে তাদের অভ্যাস করান হয়েছে, করে দেখা গেল তাতে স্পীড করত হয়েছে, কোনটা ভাল হয়েছে, কোনটা ঠিক হয়নি, তার মধ্যে কোনটা ইনক্লুড করতে পারবো। আমি আনন্দের সংগে বলছি যে আমরা এই সমস্ত বিষয় পরীক্ষা করে, সমস্ত জিনিষ সামনে রেখে আমরা একটা কীবোর্ডের এখন সিদ্ধান্ত গ্রহণ করেছি এবং তাকে তৈরী করবার জন্য দিয়েছি এবং আমরা আশা করছি সেটা খুব শীঘ্র তৈরী হবে। শীঘ্রমানে মেশিনের কাজ, তার টাইপ কাটতে হবে, ঠিকমত য়্যাডজাষ্ট করতে হবে ইত্যাদি নূতন জিনিষ তৈরী করতে গেলে যে সময় লাগে সেই সময়টুকু লাগবে। নূতন জিনিষ আসবে। কীবোর্ডে টাইপিষ্টরা অভ্যাস করবে। এই রকম অভ্যাস যখন হয়ে যাবে, তখন টাইপরাইটার ঠিকমত চলবে। ভাল বাংলা টাইপরাইটার পাওয়া যায় না জানি এবং যেটা আমাদের দরকার তা পাওয়া যাচ্ছেনা। যে টাইপরাইটার পাওয়া যায় তাতে স্পীড হয় না এবং যেভাবে টাইপ হয়—তাতে অনেক সময় ঠিকমত পড়তে পারা যায় না।

[5-10—5-20 p.m.]

এই অসুবিধা দূর করবার জন্য আমরা টাইপরাইটার সৃষ্টি করেছি। আমরা বাংলাকে বন্ধ করবার জন্য এখানে নাই। আমি এটা জানি যে টাইপরাইটার না হলে হাতে লিখে কাজ করা যেতে পারে, কোন অসুবিধা হয় না এবং আমরা হাতে লিখে অনেক সময় কাজ করি। কিন্তু তাড়াতাড়ি যদি কাজ করতে হয় তাহলে টাইপরাইটার দরকার ষ্টেনো দরকার। তা না হলে টাইপিষ্ট বা ষ্টেনো না রেখেই কাজ করা যেতে পারতো। আমাদের উদ্দেশ্য হচ্ছে তাড়াতাড়ি

আমরা বাংলাকে নিয়ে আসবো—এই বিধান মণ্ডলীতে যে বিল দিয়েছি—অফিসিয়াল ল্যাঙ্গোয়েজ বিল—আগামী ১৯৬৫ সালের নবেম্বর পর্যন্ত সময় আছে—এটা বাংলায় নিয়ে আসতে হবে—আমরা দেরী করতে চাই না। আমরা চাচ্ছি যাতে তাড়াতাড়ি এটা হয় এবং তার ব্যবস্থাও আমরা করতে চাই—কিন্তু আইনগত অসুবিধা যে আছে সেটা দূর করবার জন্য ইংরাজী ভাষা রাখবার প্রয়োজন হয়েছে এবং সেজন্যই এই বিল নিয়ে আসা হয়েছে। আরও অনেক রকম কথা হয়েছে। প্রফেসার বোস বল্লেন দুটি কাগজ পেয়েছেন—একটা ইউজের জন্য আর বাংলায় বলেছেন ইনফরমেশনের জন্য। আমি আবার তাঁকে মনে করিয়ে দেই যে আইনের মধ্যে যেটা রয়েছে—বাংলায় তা বলে দেওয়া হয়—উনিই উঠে হয়তো পয়েন্ট অব অর্ডার তুলতেন কনস্টিটিউসনে যে বাংলায় যে বিলটা দিয়েছেন সেটা ঠিক নয় সংবিধান অনুসারে। অতএব অধ্যক্ষ মহাশয়, এটা উঠতে পারে না—আমি সেজন্য আপনাকে একটা স্পেসিমেন দিয়েছি যাতে এই বাংলা এই রকম ভাবে তৈরী করবার ব্যবস্থা করেছি এবং আগামী অধিবেশনের জন্য যদি আমরা নোটিফিকেসন করে দিই যে কেবল বাংলাতে আনবো তাহলে তাতে কোন সুবিধা নেই—অসুবিধাও নাই। এটা কোন লোকের স্বার্থের জন্য নয় সরকারী কর্মচারীদের দীর্ঘসূত্রতার জন্য। আমরা চেষ্টা করছি তাড়াতাড়ি করবার জন্য এবং সেজন্য এটা এনেছি এবং আশা করবো যে এটাকে ভালভাবে গ্রহণ করে যাতে আরও তাড়াতাড়ি বাংলায় বহুল প্রচার করা যেতে পারে এবং তারই জন্য আপনদের সকলের সমর্থন লাভ করবো।

Shri Jagannath Kolay:

স্যার, পয়েন্ট অব অর্ডার-এর বাংলাটা কি হবে?

Mr. Chairman : I understand that in Hindi it has been made

"ব্যবস্থা কা প্রশ্ন"

This has been translated by our Hindi Translator as "the question of arrangement."

Shri Bijoy Singh Nahar:

আর একটা কথা বলবো—নেপালী সম্বন্ধে আমি এখনও কিছু বলি নি। আমরা দার্জিলিং অঞ্চলে নেপালী ভাষা প্রচারের জন্য অনেক চেষ্টা করেছি—সেখানে হিন্দীতে ভোটার লিষ্ট ছাপানো হয়েছে এবং মাননীয় সদস্যরা জানেন যে নেপালী ভাষার অক্ষর হচ্ছে হিন্দী—সেজন্য এটা হিন্দীতে ছাপা হয়েছে। এ ছাড়া আমরা অনেক সময় এখানে নেপালী ভাষা প্রচারের জন্য অনেক প্রচার কার্য চালানো হয়েছে—তার অনেক লিষ্ট আমাদের কাছে আছে—যে কি কি করেছি আমি এখানে পড়তে চাই না। আমি শুধু এইটুকু বলতে চাই যে অনেক লিফলেট, ম্যাগাজিন, বই, পুস্তিকা আমরা রাইটার্স বিল্ডিংস সরকারী কাগজ, বই বেরোয় নেপালী ভাষায়। রেডিও মারফৎ প্রচারের যথেষ্ট চেষ্টা হয়েছে এবং আমাদের মুখ্যমন্ত্রী নেপালী ভাষায় রেডিও বক্তৃতা দিয়েছেন এবং আরও বহু রকমভাবে চেষ্টা হচ্ছে এবং এটা আমি বলতে পারি যখন এখানে বাংলা আরম্ভ হবে—দার্জিলিং, ডুয়ার্স অঞ্চলেও তখন নেপালী আরম্ভ হবে—কোন অসুবিধা নেই। নেপালীতে যাঁরা কথা বলেন তাঁদের আমরা নিশ্চয়ই অনুরোধ করবো যে আপনারা বাংলা শিখুন, এবং আমাদের মধ্যে যাঁরা উত্তর বঙ্গে থাকেন তাঁরা নেপালী ভাষা শিখুন এবং তাদের যেন আমরা আলাদা করে না রাখি—নেপালী ভাষাভাষী বাংলা ভাষাভাষী না রেখে এটা মিলেমিশে আমরা সকলে এক বাংলাদেশের লোক এটা করবার জন্য আমরা নেপালী এবং বাংলা পাশাপাশি রাখি এবং অন্যান্য অঞ্চলে এটা করবো তাতে কোন অসুবিধা নেই।

"I oppose the amendment of Shri Gopal Haldar."

The motion of Shri Gopal Haldar that the Bill be referred to a committee of the whole Council with instructions to submit their report by the 24th September, 1964, was then put and lost.

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the West Bengal Official Language (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration was then put and agreed to.

Clause 2

The question that Clause 2 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and Title of the Bill

The question that Clause 1, Preamble and Title do stand part of the Bill was then put and agreed to.

Shri Bijoy Singh Nahar : Sir, I beg to move that the West Bengal Official Language (Amendment) Bill, as settled in the Council, be passed.

Shri Santosh Kumar Bhattacharyya :

স্যার, বিলের তৃতীয় পর্যায়ের আলোচনার সময় আমি বিশেষ কিছু বলতে চাই না কারণ ইতি-পূর্বে আমি বিস্তারিত ভাবে বলেছি এবং আপনার মাধ্যমে নানা প্রকার যুক্তিও দেখিয়েছি। যা হোক এখন আমি আপনার মাধ্যমে একটি বিষয়ের প্রতি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি যদিও বিষয়টি ঠিক আমাদের এই মন্ত্রীমহাশয়ের নয় এটা ট্রান্সপোর্ট মিনিস্টার-এর তবুও তিনি এখানে নেই আমি আপনার মাধ্যমে এটা বলছি। ১৯৬১ সালে অর্থাৎ আজ থেকে প্রায় চার বৎসর আগে যখন এই বিল আলোচনার জন্য আমাদের সামনে উপস্থিত করা হয় তখনও এই বিষয়টির প্রতি মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছিলাম কিন্তু দুর্ভাগ্যের বিষয় এর কোন প্রতিকার হল না। ঘটনাটা অতি সামান্য। আমাদের প্রচারমন্ত্রী মহাশয় এখুনি বক্তৃতা দিলেন এবং তাতে তিনি বললেন তাতে তাদের আন্তরিকতার অভাব নেই। এটা আন্তরিকতার অভাবের কথা বলছি না এটা হল যুক্তির কথা, যদিও সে যুক্তি ওদের নেই। আমি তবুও মনে নিতে প্রস্তুত আছি যে এই বাংলা ভাষা চালু করার ব্যাপারে এই টেকনিকাল যে সমস্ত কথা বলেছেন টাইপ রাইটার-এর কথা যা বলেছেন যে তৈরী করতে অনেক সময় লাগে। যদিও আমি মনে করি যে এত দীর্ঘ সময় লাগবার কথা নয় তা হলেও এটা টেকনিক্যাল ব্যাপার বলে আমি না হয় মেনে নিচ্ছি।

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এখন যে ব্যাপার নিয়ে বলতে চাই তাহল কলকাতার বাসের কথা। রাষ্ট্রীয় পরিবহন ব্যবস্থা আজ বহুদিন হল প্রচলিত হয়েছে এবং আমি যে কথা বলছি তা চার বৎসর আগেও এই বিল আসার সময় মাননীয় মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করেছি কিন্তু তার কোন প্রতিকার হল না। কথা হচ্ছে বাসের সামনে বিভিন্ন রুট-এর কথা যেটা লেখা তা ইংরাজীতেই লেখা থাকে যেমন বালিগঞ্জ টু শ্যামবাজার—অমুক জায়গা টু অমুক জায়গা। স্যার এটা ত টেকনিক্যাল ব্যাপার নয় বা এটার জন্য ত কোন যন্ত্রবিদ্যার প্রয়োজন হয় না তা হলে এটা হয় না কেন? আমি ইংরাজী জানি আমি কয়েকটা পাসও করেছি, আমি দু কলম লিখতে, বলতে এবং বুঝতে পারি, কিন্তু বাংলা দেশের কতজন লোক ইংরাজী লিখতে, বলতে বা বুঝতে পারে? অধিকাংশ জনসাধারণ ইংরাজী জানে না এবং এমন কি অনেকে আছে বাংলা জানে না। তাই বলছি আপনারা এর প্রতীকার অবিলম্বে করুন। কলকাতায় যে বাস আছে যেখানে বালীগঞ্জ টু শ্যামবাজার ইত্যাদি লেখা আছে সেই বোর্ড-এর ইংরাজী লেখা অবিলম্বে পরিবর্তন করুন। যারা ইংরাজী জানে না সেই অসংখ্য বাঙ্গালী তারা ঐ বাংলায় লেখা বোর্ড দেখলে বুঝতে পারবে। আমি দেখেছি ইংরাজীতে লেখা আছে বালীগঞ্জ টু শ্যামবাজার ভায়া ডালহাউসী আবার কোন কোন বাসেতে লেখা আছে ওয়েলিংটন। এখন ধরুন আমি ডালহাউসি যাবো আমি না হয় বুঝতে পারলাম কিন্তু অসংখ্য জনসাধারণ যারা বাংলা জানে না তাদের পক্ষে বোঝা অসম্ভব কোনটা কোথায় যাবে। বিশেষ করে বাসে যে ভাবে বাদুড় ঝোলা অবস্থা হয়েছে তাতে এই সব জেনে

শুনে ঠিক করে বাসে উঠে তার পর গন্তব্যস্থলে যাওয়া সম্ভবপর হয়ে ওঠে না সে সময় কেউ পায়ও না। কাজেই আমার বক্তব্য কলকাতার বাসগুলির প্রতি গভর্নমেন্ট দৃষ্টি দিন সেখানে বাংলায় পথ নির্দেশের জন্য কেউ বোর্ড প্রবর্তন করুন। আমি এই কথা বলেই আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করলাম।

[5-20—5-30 p.m.]

Shri Bijoy Singh Nahar:

এতে দ্বিধা নাই। যত তাড়াতাড়ি নোটীফিকেশন করতে পারি তার চেষ্টা করছি। তা হয়ে গেলে সরকারী যত জায়গা আছে সবগুলোতে বাংলায় করতে বাধ্য হবে। কিন্তু যেটা ষ্টেট বাস সম্বন্ধে বললেন, সে সম্পর্কে এইটুকু বলি যে ষ্টেটবাসেও বদলাবে। কিন্তু এখনো কলকাতা সহরে হোটেলে, দোকানে, ট্রামে দেখতে পাই সাইনবোর্ড ইংরেজীতে লেখা। সেটা কিন্তু সরকারী ব্যাপার নয়। কিন্তু সেখানে ইংরেজী সাইনবোর্ড দেখছি। আমি সম্প্রতি দক্ষিণ ভারতে গিয়েছিলাম সেখানে দেখলাম সমস্ত দক্ষিণ ভারতে তাদের ভাষায় সাইনবোর্ড রয়েছে। এটা আপনারাও হয়ত দেখে থাকবেন। কিন্তু আমাদের এখানে এই মনোবৃত্তি এজন্য রয়েছে যে আমরা বাংলাদেশে ইংরেজী এত বেশী পড়েছি যে সেটা ইংরেজীতে এখনো বাংলাদেশে রয়েছে, আমরা নোটিফাই করে দিলে বাংলা চালু হলে তারপর আর কোন অসুবিধা থাকবে না।

আর মাননীয় সদস্যরা যে সহযোগিতার কথা বলেছেন তাঁরা যে কোন সাজেস্‌শান দেবেন আমরা তা নিতে চেষ্টা করবো। মাননীয় গোপাল হালদার মশায় একটু আগে বললেন যে টাইপরাইটার, ষ্টেনোগ্রাফার অনেক টেকনিক্যাল লোক আছেন; তাদের মধ্যে যাঁরা সহযোগিতা চান, তাঁরা এ সম্বন্ধে যদি আমাদের আরো জানান, নিশ্চয়ই সাদরে আমরা তা গ্রহণ করতে পারবো এবং যাতে ভাল হতে পারে তারজন্য নিশ্চয়ই চেষ্টা করবো। আমরা এখনো চেষ্টা করছি, যাতে ভাল হয় তারও চেষ্টা করবো কিন্তু এটা ঠিক আমরা বাংলাভাষা সরকারী কাজে তাড়াতাড়ি চালু করতে চাই এবং যে কোন রকম টেকনিক্যাল অসুবিধা আছে তা দূর করে দিয়ে। বাংলাভাষা শুধু বিধানসভায় নয়—প্রত্যেকটা স্তরে প্রত্যেক ক্ষেত্রে বাংলাভাষা আমরা যত শীঘ্র চালু করতে চাই।

Shri Gopal Haldar :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ও'র কাছে জানতে চাই একটা কথা, যদিও এ প্রসঙ্গে উত্থাপন করা ঠিক হবে কিনা জানি না। আমরা কোন ভাষাকে তুলে দিয়ে আপনি আমাদের উপর কোন ভাষা চাপিয়ে দেবেন তা আমরা চাই না। প্রত্যেকের নিজ নিজ যা বলবার থাকে তার অধিকার দিন। ইংরেজীতে যদি অধ্যাপক শ্রীকুমারবাবু বলতে চান, তিনি বলবেন বা হিন্দীতে যদি কেউ বলতে চান, তিনি বলবেন। আমরা বাঙ্গালী হয়ে কোন ভাষার বিরুদ্ধে অভিযান করতে চাই না।

দ্বিতীয় কথা হচ্ছে আমি ও'র কাছে নিবেদন করি যে কেন্দ্রীয় সরকারেত অনেকগুলি প্রতিষ্ঠান এখানে আছে তিনি তার নামও করেছেন। যেমন এয়ার ইণ্ডিয়ার অফিসগুলো কিংবা এখানে বেতার অফিসগুলো এই রকম অনেক প্রতিষ্ঠান আছে, সেখানে একমাত্র ইংরেজী হরফে বা রোমান হরফ্ বা নাগরী হরফ ছাড়া আর কিছু নাই। এ সম্বন্ধে আপনি কেন্দ্রীয় সরকারকে বলবেন যে বিকল্প অন্ততঃ বাংলাদেশে বাংলা হরফটা বাংলা কথাটা যেন বাঙ্গালী বুঝতে পারে। এইজন্য একটু লেখাপড়া করবেন।

(এ ভয়েস ঃ রেলওয়ে?)

হ্যাঁ রেলওয়েতে কোথাও কোথাও আছে সব জায়গায় যে আছে তা নয়। আপনি এর জন্য একটু চেষ্টা করবেন। না হলে আমাদের কথায় শুধু হবে না।

Shri Bijoy Singh Nahar:

আমি একটা কথা বলতে চাই আমরা নোটীফিকেশন করবার পর চেষ্টা করবো বাংলাদেশে বাংলাভাষা চলবে ভারত সরকার কেন, যে কোন সরকারই হোক ইংরেজী হিন্দীর সঙ্গে বাংলা-ভাষা চলবে। এটা যাতে তারা যোগ করে দেন।

Shri Gopal Haldar ;

ডাকঘরে আমার চাকর মনিঅর্ডার করতে যায়—আমি তাকে লিখে দেই—হেন্দীতে, নয় ইংরাজীতে ফর্ম নিয়ে আসে—সে ফর্মটি ফেলে দিয়ে আসে এবং বলে যে সেখানে লিখে দেবার জন্য এক আনা পয়সা চায় তারা। সে অবশ্য তা দেয় না। কিন্তু যদি আমাদর বাংলা অক্ষরে ডাকঘরের ফর্মগুলি থাকতো তাহলে তার পক্ষে কোন অসুবিধা হোত না—এটা করেন না কেন? হয় তো আপত্তি করবেন সেন্ট্রাল গভর্নমেন্ট। কিন্তু প্রশ্ন আসছে যেখানে পি. এম. জি বাংলা দেশে ভার-প্রাপ্ত থাকেন তিনি জানেন কত বাংলা বা কত কোটি ফর্ম দরকার হয় বাংলা রাজ্যে। তিনি অন্তত এগুলি ফর্ম কেন আনতে পারেন না—কোন অসুবিধার কথা নয়—অন্তত এগুলি করুন।

Shri Nirmal Boso :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা কথা বলবার জন্য দাঁড়িয়েছি। বিভিন্ন বক্তৃতা, এ পক্ষের ও-পক্ষের শুনে মনে হলো মাননীয় মন্ত্রীমহাশয় যে জবাব দিলেন, সেই মূল বক্তব্যে আমাদের কোন দ্বিমত নাই। আমিও তাই চাই যতশীঘ্র বাংলায় সমস্ত কাজ হয়। এ বিষয়ে আমাদের পক্ষ থেকে কতকগুলি গঠনমূলক প্রস্তাব করা হয়েছে এবং আমরা সহযোগিতার হাত প্রসারিত করেছি। আমরা বলেছি যে এই কাজ করবার জন্য সহযোগিতা করতে প্রস্তুত আছি। এ বিষয় আমাদের মন্ত্রীমহাশয় যদি আমাদের প্রস্তাবগুলি বিবেচনা করেন এবং এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করেন তাহলে আমরা সকলে মিলে এক সঙ্গে বাংলাভাষার সেবা করতে পারবো।

The motion of the Hon'ble Bijoy Singh Nahar that the West Bengal Official language (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed, was then put and agreed to.

The West Bengal National Volunteer Force (Amendment) Bill 1964

Shri Rabindralal Sinha : Sir with your permission, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into consideration.

মাননীয় পরিষদপাল মহোদয়, এটা অত্যন্ত একটা ছোট বিল। একটা মাত্র এ্যামেন্ডমেন্ট এর মধ্যে প্রস্তাব করা হয়েছে। আজকে আপনি জানেন ১৯৫৯ সালে ন্যাশন্যাল ভলেন্টিয়ার ফোর্স গঠিত হয়েছে এবং সেই আইনের ৪ ধারাতে এই ভলেন্টিয়ার ফোর্সের কার্যবল—অর্থাৎ নিরাপত্তা বিধান, না সম্পত্তি রক্ষণ এবং প্রিজারভেসন অব প্রপার্টি অর্থাৎ জনসাধারণের সম্পত্তি রক্ষামূলক কাজগুলির জন্য ন্যাশনাল ভলেন্টিয়ার ফোর্স জাতীয় সেবা দল বাহিনী গঠিত হয়েছে। এখানে আজকে এই প্রস্তাবে বলা হচ্ছে যে গঠন সম্পর্কে রাজ্য সরকার গঠন করবেন তার প্রধান প্রিন্সিপ্যাল কমাণ্ডান্ট-এর সঙ্গে এবং রাজ্য সরকার-এর মধ্যে এটা দেখা যাচ্ছে যে এরা যে কাজ করবেন আরক্ষা বাহিনীর সঙ্গে—এদের সহযোগিতা করতে হবে—এজন্য এটাকে আরক্ষা বাহিনীর অন্তর্ভুক্ত করা হচ্ছে না। শুধু শীর্ষ বিন্দুতে দুয়ের মধ্যে একটা যাতে সহযোগিতা থাকে এজন্য মহাআরক্ষা পরিদর্শককে রাজ্য সরকার এবং প্রিন্সিপ্যাল কম্যাণ্ডান্ট-এর মধ্যে যোগ করার সুবিধা করা হচ্ছে এবং আজকে নুতন কিছু বলা হচ্ছে না। যিনি প্রিন্সিপ্যাল কম্যাণ্ডান্ট তিনিও আরক্ষা বাহিনীর কর্মচারী আই. সি, এস। অতএব শুধু শীর্ষ বিন্দুতে আই-জি-কে বসানো হচ্ছে। কাজের সুবিধার জন্য। এ ছাড়া আর কিছু নয়।

Shri Santosh Kumar Bhattacharyya :

মাননীয় পরিষদপাল মহোদয়, আজকে আমাদের শিক্ষামন্ত্রী মহোদয় এই যে বিল আমাদের সামনে এনেছে—এই ন্যাশনাল ভলেন্টিয়ার ফোর্স সে সম্পর্কে উনি বল্লেন যে এটা খুব ছোট বিল এবং দু-তিন মিনিটের মধ্যে হয়ে যাবে। এবং তিনি বল্লেন যে এতে বিশেষ কিছু নেই আসলে এটা মোটেই তা নয়। ঘটনাটা উনি যা বল্লেন যে এটা আর কিছুই নয় ঐ ৪নং ধারাটা পরিবর্তন হয়ে শীর্ষ বিন্দুতে পরিবর্তন। শীর্ষ বিন্দুতে যেখানে ছিলেন প্রাদেশিক কম্যাণ্ডান্ট-এর উপর রাজ্য সরকার—সেখানে রাজ্য সরকার এবং প্রাদেশিক সরকারের মাঝখানে ঐ ইন্সপেকটার জেনারেল অব পুলিশকে বসিয়ে দিলেন। কিন্তু এই যে শীর্ষ বিন্দুর পরিবর্তন তাতে শুধু শীর্ষের পরিবর্তন ঘটছে না এটা গোটা খোল নলচেটাকে বদলে দিচ্ছেন। আসল ব্যাপারটা হচ্ছে ও'দের যেখানে খটকা হয়েছে এই সভায় আজ থেকে ১৫ বছর অগে আপনি জানেন স্বাধীনতার ২ বছর পরে যখন এন, ভি, এফ জাতীয় রক্ষী বাহিনী গঠন করা হয়—নিশ্চয়ই আপনার স্মরণ আছে এবং অনেকের স্মরণ আছে যে জাতীয় রক্ষী বাহিনী গঠন করার সময় একটা মহৎ উদ্দেশ্যের কথা সেখানে বলা হয়েছিল যে জাতীয় রক্ষী বাহিনীর কাজ হচ্ছে পুরোপুরি সরকারী আওতার, সরকারী পুলিশের কাজ নয়। পুলিশের যে কাজ করে, পুলিশ যেভাবে শান্তি রক্ষা শৃংখলা রক্ষার কাজ করে জাতীয় রক্ষী বাহিনীর সেই কাজ নয়। তাঁদের কাজ হচ্ছে জনসাধারণের সঙ্গে সহযোগিতা এবং স্বেচ্ছাসেবকের কাজ করা এবং এই কাজ হোল জনসাধারণের কল্যাণের কাজ। সেই দৃষ্টিভঙ্গী থেকে এটা সম্পূর্ণ তফাৎ হয়েছে। তাদের কাজ হলো জনসাধারণকে দেশপ্রেমে উদ্বুদ্ধ করা—সেবায় উদ্বুদ্ধ করা। যে কোন দুর্যোগ দুর্বিপাকে জনসাধারণের পাশে দাঁড়ানো। ভারতীয় রক্ষী বাহিনীর কাজ হোল গ্রামে গ্রামে যা আমরা দেখেছি প্রথম প্রথম তা হচ্ছে দুর্গম অঞ্চলে রাস্তাঘাট তৈরী করছে—সেখানে বাঁধ বাঁধছে এই জাতীয় রক্ষী বাহিনী—সেখানে সেতু নির্মাণ করছে—সেখানে শ্রমদানের কাজে নিযুক্ত হচ্ছে এবং এই সমস্ত মহৎ উদ্দেশ্য দিয়েই প্রথম প্রথম আরম্ভ করা হয়েছিল এবং সেই সমস্ত উদ্দেশ্য যদি থাকতো তাহলে আমাদের কোন দ্বিমত নাই। কিন্তু এই হচ্ছে বাস্তব এবং সত্য কথা যে ক্রমে ক্রমে দেখতে পেলাম যত দিন যেতে লাগলো ততই এটা আমরা পরিষ্কার দেখতে পেলাম যে জাতীয় রক্ষী বাহিনীকে একেবারে পুলিশের কাজে—আইন ও শৃংখলার নামে—তথাকথিতভাবে আইনশৃংখলার কাজ যে তারা করছে সেটা তারাই জানে। আজকে জনসাধরণের ধনসম্পত্তি লুট হচ্ছে দিন দুপুরে—দেশের অবস্থা এমন হয়েছে যেখানে দিল্লীতে একেবার প্রধান মন্ত্রীর বাড়ীর পাশে খুন হয়ে গেল, তার কোন কিনারা করতে পারা যায় না।

[5-30—5-38 p.m.]

আজকের দিনে অবস্থা কি হচ্ছে তা দেখুন। আজকের দিনে দেখা যাচ্ছে কলকাতা সহরে দিনে দুপুরে রাহাজানী হচ্ছে, আজকে নারী ধর্ষণ, দুষ্কর্ম অবাধগতিতে চলেছে। আজকে কে না জানে এ কথা যে শৃংখলা রক্ষায় অভাব চারিদিকে দেখা দিয়েছে এবং রক্ষকই আজকে ভক্ষক হয়ে উঠেছে। আজকে যে পুলিস রয়েছে তার মধ্যে দুর্নীতি চরম হয়ে উঠেছে। আজকে এই জাতীয় রক্ষীবাহিনীকে এদের পুলিস থেকে আলাদা করেই রাখা উচিত। যখন জাতীয় রক্ষীবাহিনী গঠন হয়েছিল তখন এর একটা ভূমিকা ছিল। কিন্তু আজকে জাতীয় রক্ষীবাহিনীর অন্য ভূমিকা আমাদের কাছে অত্যন্ত স্পষ্ট হয়ে উঠেছে কিন্তু আজকে আইন ও শৃংখলার নামে জনসাধারণের যে গণতান্ত্রিক আন্দোলন সে গণতান্ত্রিক আন্দোলনকে ভাঙ্গার কাজে এই জাতীয় রক্ষী বাহিনীকে নিযুক্ত করা হচ্ছে। স্যার, আমাদের সংবিধানে শান্তিপূর্ণ ভাবে ধর্মঘট করার অধিকার আছে এবং এইভাবে গণতান্ত্রিক উপায়ে জনসাধারণের বিক্ষোভ প্রদর্শন করার যে সঙ্গত অধিকার সে অধিকার আমাদের ধূলিস্যাৎ হতে চলেছে। কিন্তু স্যার আমরা দেখতে পাচ্ছি বা আজকে আমাদের এই অভিজ্ঞতা হয়েছে যে যখন কোন গণতান্ত্রিক আন্দোলন ও শান্তিপূর্ণ সংগঠিত আন্দোলন কৃষক শ্রমিক ইত্যাদি যারা করেন তখন এরা হামলা করেন। আমরা দেখেছি শ্রমিক আইন বহির্ভূত কাজ এই সরকার করেন এমন কি যারা শিক্ষক তাদের উপরেও পুলিস ও মিলিটারী দিয়ে এই বাংলাদেশে শিক্ষকদের উপর অত্যাচার চালান

হয়েছে। আজকে জাতীয় রক্ষী বাহিনীকে আমরা দেখতে পেলাম যে পুলিসের সহযোগী হিসাবে ধর্মঘট ভাঙ্গার কাজে—ঐ গণতান্ত্রিক আন্দোলন ভাঙ্গার কাজে পুলিশের পাশাপাশি এই জাতীয় রক্ষী বাহিনীর যে একটা ভূমিকা সে ভূমিকা আজকে আমরা দেখতে পাচ্ছি। আজকে তাদের সে রাস্তা তৈরীর কাজে বা জনসাধারণের সেবার কাজে যে ভূমিকা তাদের আগে ছিল তার আজকে দেখতে পাই না। আজকে নূতন রূপে জাতীয় রক্ষীবাহিনীকে আমরা দেখছি। স্যার, এর আগে বিভিন্ন ধর্মঘট যা ঘটে গেছে এবং সেখানে জাতীয় রক্ষীবাহিনীর কি ব্যবস্থা করেছে তা আমরা জানি। এর আগে এদের কাজে লাগিয়ে হয়ত সরকারের অনেক অসুবিধা হয়েছে তাই তাঁরা এ বিল এনেছেন কারণ এরা পুলিসের অধীনে ছিল না। এরা পুলিসের হুকুম মানতে বাধ্য ছিল না। যদিও প্রভিন্সিয়াল কম্যাণ্ডান্ট-এর অধীনে ছিলেন, এবং বিভাগীয় কর্তা যিনি তিনি আই, পি, এস হতে পারেন বা তাঁর অন্য যোগ্যতাও থাকতে পারে, কিন্তু সরাসরি জাতীয় রক্ষীবাহিনীতে সাধারণ পুলিসের মত এই বাহিনী পুলিসের আওতায় ছিল না। কিন্তু কাজেই তার স্বতন্ত্র ও অন্যান্য অস্তিত্ব ছিল। আজকে আমরা এও দেখতে পাচ্ছি যে এর আওতায় গেলে তার আর স্বাতন্ত্র থাকবে না। স্যার, আমি আমার অভিজ্ঞতা থেকে বলতে পারি যে এই জাতীয় রক্ষীবাহিনীতে যারা আছে তারা আমাদেরই মত ঘরের ছেলে। তাদের যে ভাবে আমরা দেখেছি যে এই ধর্মঘট ভাঙ্গার কাজে তাদের লাগান হয়েছে। আমরা মফঃস্বল সহরে দেখেছি এবং কলকাতা সহরের রাস্তায় রাস্তায় দেখেছি এই জাতীয় রক্ষীবাহিনীর ভলেন্টিয়ার-দের পুলিসের কাজ করতে দেওয়া হয়েছে এবং তাতে জাতীয় রক্ষীবাহিনীর ভলেন্টিয়ার অর্থাৎ ঐ স্বেচ্ছাসেবকরা মোটেই সন্তুষ্ট নয়, আমি ব্যক্তিগত ভাবে শুনেছি তাঁরা বলেন তাদের পুলিসের কাজই করান হচ্ছে। আপনারা যতই বলুন স্বাধীনতার পরে পুলিস এবং জনসাধারণের মধ্যে যে ব্যবধান ছিল সে ব্যবধান আজ আর নেই এবং পুলিসের জনসাধারণের প্রতি সেবার মনোভাব জাগ্রত হয়েছে কিন্তু ইংরাজ আমলে যে ব্যবধান ছিল সে ব্যবধান আজও বহুলাংশে বিদ্যমান রয়েছে। স্যার এই জাতীয় রক্ষীবাহিনীর ভলেন্টিয়ারদের তাঁরা পছন্দ করেন না এবং এরূপ মনোভাব এখনও আছে। আমরা জানি এটা একটা গুরুত্বপূর্ণ ব্যাপার। আজকে আপনারা সেই স্বেচ্ছাসেবকদের পুলিসের কনট্রোলে নিয়ে আসছেন এবং তার জন্য কমাণ্ড্যান্ট-এর উপর ইন্সপেকটার জেনারেল অব পুলিস-কে বসিয়ে দিচ্ছেন। ইন্সপেকটার জেনারেল অব পুলিস-এর যে হুকুম সে হুকুম তিনি সর্বময় কর্তা হিসাবে জাতীয় রক্ষীবাহিনীকে পরিচালনা করবেন। এবং তাঁর স্বাতন্ত্র অস্তিত্ব ও মর্যাদা যা ছিল তার অবসান হয়ে যাবে এই বিল পাস হলে। যেটুকু মর্যাদা তাদের ছিল, তার একেবারে অবসান হয়ে যাবে এবং সরাসরি পুলিসের আওতায় গিয়ে ঐ পুলিসের প্রধান যে কাজ ডাণ্ডামারার কাজ, সেই ডাণ্ডামারার কাজে জনসাধারণের আন্দোলন ভাঙ্গার কাজে তাদের নিয়োগ করা হবে। পুলিসের সঙ্গে রক্ষীবাহিনীর সহযোগিতায় আর যাতে কোন বাধা না থাকে সেই রাস্তা এই বিলের দ্বারা সরকার প্রশস্ত করে দিচ্ছেন। এই হচ্ছে আমার বক্তব্য।

উনি যা বললেন যে এ খুব সামান্য ব্যাপার, শুধু একটুখানি পরিবর্তন, শুধু মোটেই নয়। আমার নিবেদন হচ্ছে যে মহৎ উদ্দেশ্যে জাতীয় রক্ষীবাহিনীর সৃষ্টি হয়েছিল, সেই উদ্দেশ্যে ঐ ক্যাম্প কমাণ্ডার যদিও তাদের মধ্যে কোন বিশৃঙ্খলা দোষত্রুটি ছিল না, যদি তা হয়েও থাকে, তাকে অন্যভাবে তার মর্য্যাদা বজায় রেখে সংশোধন করার ব্যবস্থা করুন এবং সেই হবে প্রকৃত পন্থা। ঐ ইন্সপেকটার জেনারেল অব পুলিস-এর আওতায় সম্পূর্ণভাবে এই জাতীয় রক্ষীবাহিনীকে নিয়ে এলে, সেটা আর জাতীয় রক্ষীবাহিনী থাকবে না, সেটা একটা অন্য কিছু হয়ে দাঁড়াবে। এই হচ্ছে আমার নিবেদন।

Shri Nirmal Bose :

স্যার, আড়াই ঘন্টার উপর পর্যন্ত একটানা হাউস চললো, কোন বিরতি হয় নাই। এই যে বিলটা এসেছে এটা খুবই বিতর্কমূলক, শীঘ্র শেষ হবে না। কাজেই আজকে এই বিলের আলোচনা এখানে বন্ধ রাখুন।

Mr. Chairman : What is the sense of the House ? I find there are at least four speakers from the Opposition.

Shri Rabindralal Sinha : If so many of my friends are eager to speak then it is better to adjourn the House today.

Mr. Chairman : Then we shall resume our discussion on this Bill day after tomorrow.

Adjournment

The Council then adjourned at 5-38 p.m. till 3 p.m. on Wednesday, the 23rd September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members Absent

Shri Snehangshu Kanta Acharyya.
Shri Nirmalaya Bagchi.
Shri Upendranath Barman.
Shri Dhirendra Nath Bhattacharya.
Shri Sreepada Bhattacharyya.
Shri Amar Prasad Chakrabarty.
Shri Byomkesh Chakravarty.
Shrimati Labanyaprova Dutt.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Nar Bahadur Gurung.
Shri Pashupati Jha.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Shaikh Mohammed Jan.
Shri Mohammad Sayeed Mia.
Shri Ramdas Ramanujdas Mohanta.
Shri Musharruf Hossain.
Dr. Biswaranjan Roy.
Dr. Charu Chandra Sanyal.
Shri Sasanka Sekhar Sanyal and
Shri Subodh Sen.

COUNCIL DEBATES

Wednesday, the 23rd September, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislativ Buildings, Calcutta, on Wednesday, the 23rd September, 1964, at 3 p. m. being th Sixteenth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Dy. Chairman (Dr. PRATAP CHANDRA GUHA RAY) was in the Chair.

[3--3-10 p.m.]

Mr. Deputy Chairman: Questions.

Arrest of honourable member

Shri Satya Priya Roy:

স্যার, কোশ্চেনস-এর আগে আমার একটু কথা আছে আমাদের হাউস-এর যাঁরা উপস্থিত থাকতে পাচ্ছেন না তাদের জন্য আমি আবেদন জানাচ্ছি যে হাউস এ্যাডজোর্ণ হোক?

Mr. Deputy Chairman: You will get the opportunity later today.

Shri Satya Priya Roy:

স্যার, আমি এজন্য বলছি যে যাঁরা গণতান্ত্রিক অধিকার নিয়ে হাউসে নির্বাচিত হয়েছেন তাঁদের আজকে যোগদানের অনুমতি দেওয়া হচ্ছে না। আমার কথা হচ্ছে তাহলে এসব করে কি লাভ হচ্ছে। তাই আপনার কাছে আবেদন আপনি গণতান্ত্রিক অধিকার রক্ষা করুন। ২৫এ তারিখে কি হবে সেইজন্য হাউস-এর মেম্বার-দের ধরা হচ্ছে। কে কোথায় বাড়ীতে ঘুমিয়ে আছে তাকে ঘুম থেকে তুলে ধরে নিয়ে যাওয়া হয়েছে। সেইজন্য আমি মনে করি বিজনেস এ্যাডজোর্ণ করুন এটা কি গণতন্ত্র হচ্ছে না কি গণতন্ত্রের প্রহসন চলেছে? আপনি হাউস-এ আছেন আপনি এটা দেখুন আমরা এইজন্যই এখানে বলছি।

Mr. Deputy Chairman: I am sorry, I cannot do it.

Shri Satya Priya Roy:

আমাদের দাবী হল হাউস-এর বিজনেস কমপ্লিটলি এ্যাডজোর্ণ হোক এবং তারপর এরা যখন রিলিজ হবেন তখন আমরা আমাদের বিজনেস করবো আমরা বুঝতে পারবো যে আমাদের গণতান্ত্রিক অধিকার আপনি রক্ষা করেছেন এইটুকুই আপনার কাছে নিবেদন করছি।

Mr. Deputy Chairman: I hope you will not press for th any further.

Shri Satya Priya Roy:

আমাদের স্যার, এটা করতেই হবে। এখানে আমরাই হলাম সংখ্যালঘিষ্ঠ, কাজেই সংখ্যালঘিষ্ঠ-দের এছাড়া উপায় কি? স্যার, আপনি আমাদের বলুন এবং আপনার যে অধিকার আপনি প্রয়োগ করে এই স্বেচ্ছাচারিতা দূর করুন কারণ আপনি আমাদের গণতান্ত্রিক অধিকার রক্ষা করবার জন্য এসেছেন। আপনাকে এটা করতেই হবে।

Mr. Deputy Chairman: Do not impute any motive to the Chair.

(Noise)

Shri Satya Priya Roy:

আপনি আশ্বাস দিন যে আমাদের দেখবেন। আপনি ইমপিউট-এর কথা বলছেন কেন?

Shri Abdullah Rasul:

আমাদের বলা হোক কেন মেম্বারদের গ্রেপ্তার করা হয়েছে।

Mr. Deputy Chairman: The procedure of the House must be respected and we should follow the procedure.

হাউস যদি এইভাবেই চলে তাহলে আমি বলবো এই এ্যাটিচুড যা দেখান হচ্ছে তা আমি আপনাদের বলবো আপনারা প্রসিডিউর‍্যাল ওয়ে-তে চলুন। আপনারা বলুন যে এই যে প্রসিডিওর আছে তাতে রেফারেন্স হবে অ্যারেষ্ট সম্বন্ধে। হঠাৎ যদি আপনারা সকলে দাঁড়িয়ে আপনাদের ইচ্ছামত কথা বলে যান তাহলে কি করে চলবে, you have adopted a procedure. কিন্তু এখানে যা হচ্ছে that is not right.

Shri Satya Priya Roy:

এ্যান ইউজুয়াল সারকামস্ট্যান্সেস-এতে প্রসিডিওর খানিকটা চেঞ্জ করতে হয় এবং এই সম্পর্কে আপনার কাছে আবেদনও করেছি।

Mr. Deputy Chairman: You will be able to speak on it at the time when I bring to your notice the information about the arrest of the honourable member

Shri Santosh Kumar Bhattacharyya: We bow down to your ruling.

আপনি যেটা বলেছেন তা থেকে এটা ধরে নিচ্ছি যে

after the question time is over.

আমাদের এই সম্পর্কে বক্তব্য বলবার সুযোগ হবে।

Mr. Deputy Chairman:

আমি আগে এ্যারেষ্ট-এর রেফারেন্স দিই।

Shri Nirmalya Bagchi: The honourable members concerned are not here How can the questions be taken up?

Shri Nirmal Chandra Bhattacharyya: Questions are the property of the House It is for the House to decide.

Shri Satya Priya Roy: Sir, it is for the members of the Opposition to decide if they will proceed with the questions or not. We tell you, Sir, that we do not want any questions today.

Shri Nirmal Chandra Bhattacharyya: Quesions are the property of the House. So any member is entitled to ask for the answer to a question.

Mr. Deputy Chairman:

উপস্থিত যাঁরা নেই তাঁদের কোশ্চেনগুলি পোষ্টপোণ্ড থাক।

Shri Nirmal Bhattacharya : Sir, I would request that the answer be given.

Shri Satya Priya Roy :

আপনি আগে হাউস-এ এ্যারেষ্ট-এর রেফারেন্স করলে ভাল হয়। আমাদের কাছে রিপোর্ট হচ্ছে যতীনবাবু এ্যারেষ্টেড। আমরা জানতে চাই কে কে এ্যারেষ্টেড হয়েছেন?

Some members have been arrested. That is our question.

Mr. Deputy Chairman :

যতীনবাবুর এ্যারেষ্ট-এর রেফারেন্স আমার কাছে এলে আমি খবর দেব।

Shri Satya Priya Roy :

যতীনবাবু কি এ্যারেষ্টেড হয়েছেন?

Mr. Deputy Chairman :

না।

Shri Nirmal Chandra Bhattacharyya : I request that question No. 119 (Admitted question No. 144) be taken up.

Shri Santosh Kumar Bhattacharyya : Question should be put from this side of the House. Has Mr. Bhattacharyya been authorised by Shri Jatin Chakravorty ?

Shri Nirmal Chandra Bhattacharyya : No authorisation is necessary.

Shri Rabindralal Sinha : There is the rule—Rule 56(3). If on a question being called it is not put or the member in whose name it stands is absent, the Chairman, at the request of any member, may direct that the answer to it be given.

Shri Rajkumar Chakraverty : Sir, if you allow this question, you will be creating a dangerous precedent in this House.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, you are not creating any precedent. You are proceeding according to rules.

Shri Nirmalya Bagchi : The convention is otherwise. If a member is absent, the question is put-off.

Shri Rabindralal Sinha : If you go through Rule 56(3), you will be satisfied.

[3-10—3-20 p.m.]

Shri Nirmalya Bagchi : But the long standing convention is otherwise.

Shri Rabindralal Sinha : I am only helping the Chairman by quoting the rules

Shri Nirmalya Bagchi : The convention is that if a member is absent his question is put off.

Shri Rabindralal Sinha : There is no such convention.

Mr. Deputy ChairMan: The convention is that if any member is absent then his question can be put by any member of this side or that side. But if the Minister is absent then the question is postponed for a future date.

Now Starred question 119.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

Supply of food articles

***119. Shri Jatin Chakravarty**: Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether in view of hardship and loss of a good deal of time involved in standing in the queue for long hours for procuring food articles namely rice, fish, mustard oil, flour, etc., any arrangement has been made by the Government for the supply of such articles to the Ministers, Ministers of State and high Government officials; and

(b) if so, what are the arrangements ?

Shri Smarajit Bandyopadhyay: (a) No.

(b) Does not arise.

Post-Graduate classes in North Bengal University.

***120. Shri Jatindra Sinha**:

মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে বাংলা, ইতিহাস, অর্থনীতি, কমার্স প্রভৃতি বিষয়ে স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যাপনার ব্যবস্থা আছে কিনা ; এবং

(খ) যদি না থাকে, তবে এ বিষয়ে সরকার অবিলম্বে যথোপযুক্ত ব্যবস্থা অবলম্বনের বিষয় বিবেচনা করিতেছেন কি ?

Shri Rabindralal Sinha:

(ক) পশ্চিমবঙ্গের সামগ্রিক প্রয়োজন বিবেচনা করিয়া বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত বিষয়গুলিতে স্নাতকোত্তর শ্রেণীতে অধ্যাপনার ব্যবস্থা করিয়াছে—ইংরেজী, অর্থনীতি, অংক, রাজনীতি ও আন্তর্জাতিক সম্পর্ক ভূগোল, ভূ-বিদ্যা, রসায়ন বিদ্যা, উদ্ভিদ বিদ্যা ও জীববিদ্যা।

(খ) বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন অনুমোদন দিলে উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করিবেন।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যেসব বিষয়ে ওখানে এখনও পোষ্ট গ্রাজুয়েট ক্লাশ খোলা হয় নাই, সেখানকার ছাত্ররা সেইসব বিষয়ে কোন্ বিশ্ববিদ্যালয়ে পড়বার সুযোগ পান?

Shri Rabindralal Sinha:

তাঁরা কলকাতায় পায়, বিশ্বভারতীতে পায়, বর্দ্ধমানে পান।

Shri Nirmal Bose:

মন্ত্রিমহাশয় কি জানেন এখানকার পরীক্ষার ফল বেরুবার আগেই কলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি বন্ধ হয়ে যায়?

Shri Rabindralal Sinha:

সেখানকার ফল এবার বিলম্বে বেরিয়েছে—আমি জানি সেটা। তারজন্য সেখানকার উপাচার্য কলকাতা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য্যকে অনুরোধ জানিয়েছেন কয়েকদিন সময় বেশী দেবার জন্য। বোধহয় সে সময় দেওয়া হয়েছে—

as far as I know.

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রী যেকথা বললেন যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অনুমতি পেলে তাদের অর্থানুকূল্য পেলে করা হবে, আমার প্রশ্ন হচ্ছে—কোন্ কোন্ বিষয় অদূর ভবিষ্যতে খোলবার পরিকল্পনা আছে বা বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের কাছে আবেদন করা হয়েছে, সেই বিষয়-গুলির নাম কি তিনি বলতে পারেন?

Shri Rabindralal Sinha:

মূলত এটা করবেন উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়। তবে আমি যা সংবাদ নিয়ে জেনেছি—তা হচ্ছে এই—চারিটী বিষয় মঞ্জুরী কমিশন

50 per cent.

দেবেন। ন্যাচুর‍্যালি বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের ৫০ পার সেণ্ট অর্থানুকূল্য নিয়েই আমাদের করতে হবে। সেইজন্য এই চারটী বিষয়ের জন্য উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয় করবেন, সরকার করবেন। তাঁরা আমাকে এই কথা বলেছেন যে তাঁরা মঞ্জুরী কমিশনের কাছে যাচ্ছেন—এবং গিয়ে অনুমতি পেলে করবেন।

Shri Nirmal Bose:

যে সব বিষয় ওখানে পড়ান হয় মন্ত্রীমহাশয় বললেন, তার সবগুলি কি শিলিগুড়ির রামমোহন-পুরে পড়ান হয়, না, কিছু কিছু দার্জিলিং-এ পড়ান হয়?

Shri Rabindralal Sinha:

আমি তা ঠিক বলতে পারবো না।

Special compensatory allowance to the employees of Irrigation and Waterways Directorate

***121. Shri Amar Prasad Chakrabarty**: Will the Hon'bleMinister-in-charge of the Irrigation and Waterways Department be pleased to state—

(a) the quantum of special compensatory allowance granted to the employees of the Irrigation and Waterways Directorate who are posted in the Sundarbans area south of the Dampier Hodge's Line; and

(b) the date from which the special allowance is beirg granted to the said employees?

Shri Syamadas Bhattacharyya: (a) From 27th January, 1961 to 30th March, 1961 special compensatory allowance granted was 20 per cent. of the basic pay in 1950-scale of pay. From 1st April, 1961 this was revised and the new scale was 16 per cent. of the basic pay in 1961-scale of pay.

(b) 27th January 1961.

Mr. Deputy Chairman: The answer to the next question is not yet ready and so it is postponed for a future date.

Use of college buildings for meetings arranged by political parties

***123. Shri Nirmal Bose :**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) কোন রাজনৈতিক দলের আয়োজিত সভানুষ্ঠানের জন্য সরকারী কলেজগৃহ ব্যবহার করিতে অনুমতি দেওয়ার বিষয়ে কি নির্দেশ আছে বা কোন্ নীতি অনুসরণ করা হয় ; এবং

(খ) ইহা কি সত্য, গত ৫ই সেপ্টেম্বর পশ্চিমবঙ্গ প্রদেশ কংগ্রেস কমিটির শিক্ষক উপ-সমিতি কর্তৃক আহূত 'শিক্ষক দিবসের' সভা লেডি ব্রেবোর্ন কলেজে অনুষ্ঠিত হইয়াছে ?

Shri Rabindralal Sinha:

(ক) বঙ্গীয় শিক্ষা বিধির (১৯৩১) ৭৩ পাতায় লিখিত তৃতীয় পরিচ্ছেদের ১২ নং নিয়মানুসারে কোন সরকারী ভবনে রাজনৈতিক সভা বা বিক্ষোভ প্রদর্শন করা নিষিদ্ধ।

(খ) হ্যাঁ, শিক্ষক সমন্বয় সমিতি কর্তৃক 'শিক্ষক দিবস' পালনের জন্য বিশেষ অনুমতি দেওয়া হইয়াছিল।

Shri Nirmal Bose:

কংগ্রেস দলকে সরকারী ভবন ব্যবহারের জন্য বিশেষ অনুমতি দেওয়ার কারণ কি?

Shri Rabindralal Sinha:

রুল ১২টা পড়ে দিচ্ছি তাহলেই বুঝতে পারবেন

The use of buildings and grounds of Government or aided institutions for political meetings or demonstrations is forbidden.

সুতরাং রাজনৈতিক উদ্দেশ্যে দেওয়া হবে না। তবে শিক্ষক দিবস হিসাবে আমি মনে করে-ছিলাম এতে কারো কোন আপত্তি হতে পারে না। সারা সমাজ এক হয়ে শিক্ষককে সম্মান দেবার যে দিবস উত্থাপন হচ্ছে কোন রাজনৈতিক দল দ্বারা স্পনসরড হলেও শিক্ষক সমন্বয় সমিতির উদ্যোগে যেটা হচ্ছে তাতে আপত্তি হতে পারেনা বলেই অনুমতি দেওয়া হয়েছিল। তাছাড়া বিধি অনুযায়ী রাজনৈতিক বিষয় নেই বলে দেওয়া হয়েছিল।

Shri Nirmal Bose:

প্রশ্নটার উদ্দেশ্য এই নয় যে শিক্ষক দিবসের সমালোচনা করা বা যে উদ্দেশ্যে ডাকা হয়েছিল তা সম্বন্ধে কিছু বলা নিশ্চয়ই রাষ্ট্রপতির জন্মদিন হিসেবে আমরা এটা সম্মান করি। এখানে প্রশ্নটা হচ্ছে যে রাজনৈতিক দলকে যে সরকারী কলেজ ভবন ব্যবহার করতে দেওয়া হয়েছে এটা রাজনৈতিক উদ্দেশ্যে না হলেও মন্ত্রীমহাশয় কি এটাই বলছেন যে উদ্দেশ্যই বড় কোন দলকে দেওয়া হচ্ছে সেটা বড় নয়?

Shri Rabindralal Sinha:

আমি প্রথমে রুলটা পড়ে দিলাম, নিয়ম অনুযায়ী রাজনৈতিক সভা এবং বিক্ষোভ প্রদর্শন নিষিদ্ধ এছাড়া নিয়ম আর অন্য কিছু নেই। সুতরাং অতিরিক্ত কিছু হয় নি। দ্বিতীয় কথা হচ্ছে যে নন-কন্ট্রোভার্সিয়াল শিক্ষা সংক্রান্ত ব্যাপার হলে আমরা অনুমতি দি, আমি মনে করেছিলাম যে এটা নন-কন্ট্রোভার্সিয়াল এবং শিক্ষার ব্যাপার বলেই অনুমতি দিয়েছিলাম।

Shri Nirmal Bose:

আমাকে পুনরায় একই কথা বলতে হচ্ছে কেন না মন্ত্রীমহাশয় এটাকে নন-কন্ট্রোভার্সিয়াল বলতে চাইছেন। আমি এই কথা কখনও বলছিনা যে শিক্ষক দিবসে আমার আপত্তি আছে বা শিক্ষক দিবসের সভা অনুষ্ঠানের আপত্তি করছি। আমার তার প্রতি পূর্ণ সমর্থন আছে

এবং শ্রদ্ধা আছে, আমি যে কথা জিজ্ঞাসা করছি এবং যেটা বারবার মন্ত্রীমহাশয় এড়িয়ে যাবার চেষ্টা করছেন সেটা হল রাজনৈতিক দলকে সরকারী কলেজ ভবন ব্যবহার করতে দেওয়া হবে কিনা। তিনি বলুন ব্যবহার করতে দেওয়া হবে কিনা তারপর আমি অন্য সাপ্লিমেণ্টারী জিজ্ঞাসা করবো?

Shri Rabindralal Sinha:

আমি তাকে ১২নং আইনটা পড়ে শুনিয়ে দিয়েছি এই আইনে আমরা বাধ্য।

Shri Nirmal Bose:

তা হলে এটাই কি মনে করবো যে রবীন্দ্র জন্ম উৎসব যেটা নন-কণ্ট্রোভার্সিয়াল সেটার জন্য ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে হুগলী মহসীন কলেজ বা কুচবিহার ভিক্টোরিয়া কলেজ যদি চাই সেটা কি মন্ত্রীমহাশয় দেবেন?

Shri Rabindralal Sinha:

আমি কোনো হাইপোথেটিক্যাল কোশ্চেন-এ জবাব দিতে পারবো না।

Shri Nirmal Bose:

এটা হাইপোথেটিক্যাল নয়। আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে ইনফরমেশান চাইছি কারণ কোশ্চেন আনসার হল ইনফরমেশান এই ব্যাপারে সরকারী নীতি কি? আমাদের ফরোয়ার্ড ব্লকের পক্ষ থেকে রবীন্দ্র জন্ম তিথি পালনের জন্য সরকারী ভবন ব্যবহার করা যায় এটাই কি বুঝবো, এটাই কি সরকারী নীতি?

Shri Rabindralal Sinha:

সরকারী নীতি ১২ নং নিয়মে লেখা আছে এবং আমি সেটা পড়ে দিয়েছি। সরকারী নীতি বলতে সেটাই। তবে কোথায় কি হবে এটা বলা সম্ভব নয় যদি কেউ দরখাস্ত করেন তখন সেই দরখাস্তের মেরিট অনুযায়ী বিবেচনা করে দেখা হবে।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রীমহাশয় বারবার প্রশ্নের জবাব এড়িয়ে যাচ্ছেন। আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে সকল রাজনৈতিক দল যা কংগ্রেস দল ব্যবহার করছে, একটা মহৎ উদ্দেশ্যে যে সভা হয়েছে তা আমি সমর্থন করছি। তা হলে বাংলা দেশের সমস্ত রাজনৈতিক দলকে এই জাতীয় বিষয়ের জন্য সরকারী বা কলেজ ভবন বা সরকারের কোনো বাড়ী সে ডিষ্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট-এর ভবন হোক আর যাই হোক সেটা ব্যবহার করতে দেওয়া হবে এটাই কি সরকারী নীতি? এটার কেন উত্তর মাননীয় মন্ত্রীমহাশয় দিচ্ছেন না?

Shri Rabindralal Sinha:

সরকারী নীতি যেটা সেটা আমি বলে দিয়েছি এ ছাড়া আর কোনো নীতি আছে বলে জানি না।

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনাদের কোনো কি নীতিজ্ঞান আছে? নিজেদের হাতে ক্ষমতা আছে তাই আপনারা এর অপব্যবহার করে যাচ্ছেন এটা মিস ইউজ অব পাওয়ার হচ্ছে।

Mr. Deputy Chairman: I would like to remind Mr. Bose that he has ased only about the holding of a meeting in the Lady Brabourne College. But now he is asking about a hypothetical question as to whether it is possible for the Forward Block to hold Rabindra Jayanti in the Victoria College, Cooch Behar.

Shri Nirmal Bose:

আমার প্রশ্নটা ক-থেকেই আসছে। আমি নীতির কথা জানতে চাই যে কোন সরকারী কলেজ রাজনৈতিক দলকে ব্যবহার করতে দেওয়া হয় কিনা? তার উত্তর তিনি দিচ্ছেন না। তিনি বলছেন কংগ্রেস দলকে ব্যবহার করতে দেওয়া হয়েছে শিক্ষক দিবসের জন্য। তাহলে কংগ্রেসের মত ফরওয়ার্ড ব্লক, কমিউনিষ্ট পার্টি, আর-এস-পি ইত্যাদি সমস্ত রাজনৈতিক দল সরকারী কলেজ ব্যবহার করতে পারবেন একথা তিনি বলেছেন না কেন?

let it be on record.

মাননীয় মন্ত্রীমহাশয় যদি মনে করেন এই জাতীয় দিবস শিক্ষক দিবস নন-কণ্ট্রোভার্সিয়াল তাহলে অন্যান্য রাজনৈতিক দলকে দেওয়া হবে কিনা সেটাই আমার জিজ্ঞাস্য?

Mr. Deputy Chairman: He has given you the section, section 12.

Shri Nirmal Bose: Victoria College.

আমি একটা দৃষ্টান্ত হিসাবে বলছি। আমি নীতি জানতে চাই যে কংগ্রেস একটা রাজনৈতিক দল তাঁরা সভা করেছেন, সেখানে অন্যান্য রাজনৈতিক দল এই অধিকার পাবে কিনা এটাই আমার জিজ্ঞাস্য?

Shri Rabindralal Sinha:

রাজনৈতিক দল বলে কেউ অধিকার পাবেনা এর রাজনৈতিক দল বলে অধিকার দেওয়া হবে না তা নয়। আমাদের যে নিয়ম আছে সেই নিয়ম অনুযায়ী প্রত্যেকটি দরখাস্ত মেরিট-এ বিচার করে দেওয়া হবে।

Shri Nirmal Bose:

তাহলে রাজনৈতিক দলও পেতে পারে?

Shri Rabindralal Sinha:

তা জানিনা, যা রুল-এ আছে তাই হবে।

Termination of services from N.C.C. of some Professors of Siliguri College

***125. Shri Nirmal Bose.**

শিক্ষা বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) সম্প্রতি শিলিগুড়ি কলেজে কয়েকজন অধ্যাপক এন সি সি অফিসারকে অফিসার পদ হইতে যে কর্মচ্যুত করা হইয়াছে, উহার কারণ কি; এবং

(খ) এইরূপ কর্মচ্যুত ব্যক্তিদের নাম মাননীয় মন্ত্রিমহাশয় জানাইবেন কি?

[3-20—3-30 p.m.]

Shri Rabindralal Sinha:

(ক) শিলিগুড়ি কলেজে কোন অধ্যাপক এন-সি-সি অফিসার-কে কর্মচ্যুত করা হয় নাই। সম্প্রতি এন-সি-সি সংস্থা সর্বভারতীয়রূপে পুনঃ সংগঠিত হওয়ায় এবং তজ্জন্য প্রয়োজনীয় রদবদলের ফলে শিলিগুড়ি কলেজের মাত্র একজন অফিসারকে প্রয়োজনাতিরিক্ত দেখান হইয়াছে।

(খ) এই কলেজের কোন অফিসারকে কর্মচ্যুত করা হয় নাই। উদ্বৃত্ত হওয়ায় একজন অফিসারের নাম (লেফট্যানেণ্ট এস-পি-বসু) সাময়িক কর্মবিরতির জন্য পেশ করা হইয়াছে।

Shri Nirmal Bose:

এই একজনকে অতিরিক্ত বলে ঘোষণা করা হয়েছে এর কারণ কি?

Shri Rabindralal Sinha:

সমস্ত এন-সি-সি-টা রি-অর্গানাইজেশন হচ্ছে। অল ইণ্ডিয়া বেসিস-এ আগে দু-রকম ছিল— এন-সি-সি এবং এন-সি-সি রাইফেলস দুটোতে অফিসারের সংখ্যা, এই অফিসার-দের মধ্যে এমোলিউমেণ্টস-এর প্রভেদ ছিল। এখন এই দুটো এক করে দিয়ে এন-সি-সি একটা কেডার হয়েছে। একটা কেডার-এর ফলে অফিসার-এর এমোলিউমেণ্টস বেড়েছে, নাম্বার কমেছে। এক একটা ইউনিট-এ কতজন করে থাকবেন তাও ঠিক হয়েছে।

Shri Nirmal Bose:

এই যে একজনকে বাড়তি বলে ঘোষণা করা হয়েছে তাঁকে ট্রেনিং দেবার জন্য সরকারের অনেক অর্থ ব্যয় করা হয়েছে। সুতরাং যখন ট্রেনিং দিয়েছেন তখন কি পরিমাণ লোক লাগবে সেটা ঠিক কি ছিল না?

Shri Rabindralal Sinha:

তখন আরমি অথোরিটির যে এন-সি-সি কনষ্টিটিউসন করে রেখেছিল যে ইউনিট দুরকম থাকবে। এটাকে রি-অর্গানাইজ করে দুরকম হয়, তখন এটা কি করে জানব যে এটাকে চেঞ্জ-করে আর্মি এই রকম করতে বলবে। এটা আমাদের জানা ছিলনা। তা ছাড়া তাদের সুপার-নিউমেরারি করে রাখা হয়েছে। নূতন কোথাও যদি ইউনিট হয়, যেমন অনেককে এই রকম গার্লস ইউনিট-এ ট্রান্সফার করা হয়েছে। এই রকম নূতন ইউনিট হলে তাঁদের দেওয়া হবে।

Shri Nirmal Bose:

তাহলে এই প্রতিশ্রুতি দিচ্ছেন যে নূতন ইউনিট হলে তাঁদের সেখানে প্রভাইড করা হবে?

Shri Rabindralal Sinha:

কাকে আগে দেওয়া হবে, না দেওয়া হবে তা বলতে পারবনা। লিষ্ট যা করা আছে, নূতন ইউনিট হলে তাঁদের আগে দেওয়া হবে। সুপার নিউমরারি যাঁরা তাঁরা ডিসচার্জ্ড হয়নি, এ্যাবসবারড হননি।

UNSTARRED QUESTIONS
(to which written answers were laid on the table)

Primary schools in West Bengal with Hindi as the first language

93. **Shri Nirmalya Bagchi :** (a) Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(i) the districtwise number of primary schools in West Bengal where Hindi is the first language; and

(ii) if the Education Directorate issued from time to time any prescribed list of text books ?

(b) If the answer to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to lay a copy of the same on the table ?

(c) Will the Hon'ble Minister be further pleased to state if the question papers for Primary Final Examiation for such students are set in Hindi ?

Minister for Education (Shri Rbaindralal Sinha) : (a) (i) Reply furnished in the annexure.

(ii) Yes.

(b) A copy of the list of Hindi books on different subjects published in the "Calcutta Gazette" is laid on the Library Table.

(c) Yes.

Annexure referred to in clause (a) (i) of question No. 93

A statement showing the number of Primary Schools in West Bengal where H[illegible] is the first language.

Name of the district and number of schools

1. Bankura—Nil
2. Birbhum—3
3. Burdwan—36
4. Calcutta—172
5. Cooch Behar—7
6. Darjeeling—20
7. Hooghly—31
8. Howrah—70
9. Jalpaiguri—99
10. Malda—1
11. Midnapore—21
12. Murshidabad—3
13. Nadia—Nil
14. Purulia—42
15. West Dinajpur—16
16. 24-Parganas—62

Total—583

Provident fund deposits of primary teachers of Islampur Subdivision

94. Shri Nirmalya Bagchi : Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) with reference to answer to the unstarred question No. 53, given in the Council on the 19th August, 1963, if transfer of outstanding Provident Fund deposits of Primary Teachers of Islampur Subdivision from the custody of the Government of Bihar and the concerned local bodies under it has been completed ?

(b) if the reply to (a) be in the negative, will the Hon'ble Minister be pleased to state what progress has been made so far in this respect ?

Minister for Education (Shri Rabindralal Sinha) : (a) and (b) The matter is still under correspondence with the Bihar authorities.

Number of villages without primary school

95. Shri Nirmalya Bagchi : Will the Hon'ble Ministei-in-charge of the Education Department be pleased to state—

(a) the districtwise number of villages in West Bengal where there is no primary school; and

(b) the reasons for not starting any primary schools in these villages ?

Minister for Education (Shri Rabindralal Sinha) : (a) A statement is placed on the table.

(b) The primary schools maintained by the District School Boards are distributed in such a way that each primary school maintained by the Board may serve an area covered by a radius of one mile or, alternatively, a population of 2,000 persons.

STATEMENT

Serial No.	Name of districts.	Number of village having no schools located in them but having a school within about a mile.	Number of villages having no school within one miles.
1.	Bankura	1,248	Nil
2.	Birbhum	222	Nil
3.	Burdwan	635	28, including 2 villages where the number of children in the age group 6-11 is less than 15.
4.	Cooch Behar	375	Nil
5.	Darjeeling	81	Nil
6.	Hooghly	870	65
7.	Howrah	40	Nil
8.	Jalpaiguri	102	Nil
9.	Malda	711	63, including 13 villages where the number of children in the age group 6-11 is less than 15.
10.	Midnapore	5,693	97, including 34 villages where the number of children in the age group 6-11 is less than 15.
11.	Murshidabad	742	22, including 4 villages where the number of children in the age group 6-11 is less than 15.
12.	Nadia	573	Nil
13.	Purulia	270	Nil
14.	24-Parganas	.292	Nil
15.	West. Dinajpur	2,[illegible]63	134, including 17 villages where the number of children in the age group 6-11 is less than 15.

Traffic situation of Calcutta

96. Shri Gopal Haldar: Will the Hon'ble Minister-in-charge of the Home (Transport) Department be pleased to state—

(a) whether the attention of the Government has been drawn to the deteriorating traffic situation of Calcutta and its suburbs;

(b) what measures the Government have taken to ease the situation; and

(c) what are the schemes that the Government proposes to undertake to solve the problem ?

Minister for Home (Transport) (Shri Saila Kumar Mukherjee) : (a) Government aware of the pressing problems of road safety and congestion in Calcutta and suburbs.

(b) Government have taken following measures to ease the problems of road-safety and congestion :—

(i) More rigid enforcement of moving violations.

(ii) Additional control measures, such as pedestrian control, one way street, etc.

(iii) Safety education campaigns in schools, colleges and workshops.

(iv) Observation of Traffic Safety and Courtesy Weeks to educate drivers and pedestrian.

(v) Gradual elimination and prohibition of slow-moving vehicles from the congested roads.

(vi) Employment of extra traffic staff during peak hours.

(vii) Modernisation and installation of traffic signs, signals, overhead lights, road markings, etc.

(c) Following schemes are under consideration of Government—

(i) Improvement of traffic condition in the Howrah station area.

(ii) Traffic operations plan which includes detailed recommendations concerning traffic control devices and traffic design for improvement of circulation of traffic in Calcutta.

(iii) Construction of a pedestrian subway at the North-east corner of Dalhousie Square.

(iv) Improvement of traffic condition in the Sealdah station area.

(v) Additional river crossing over Hooghly.

(vi) A mass transportation system for Calcutta including elevated and underground system.

(vii) Construction of pedestrian sub-ways at (a) Shambazar five-point crossing and (b) Chowringhee-S. N. Banerjee Road Crossing.

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Deputy Chairman : The Hon'ble Minister may kindly give a reply to the Calling Attention Notice given by Shri Nirmalya Bagchi on the 17th September, 1964, with regard to recognition of the 10th Class Pass Certificate.

Shri Rabindralal Sinha : Sir, my reply is as follows :

The Finance Department of the State Government passed orders on 12th January 1963 recognising a pass certificate of promotion from Class X to Class XI of a Higher Secondary School as equivalent to School Final Pass Certificate for purposes of appointment to services and posts under the State Government.

This issue was examined in the Education Department from the point of view of its suitability for appointment of school teachers. After careful consideration it was decided that for purposes of appointment to teaching posts, it would not be desirable to treat such 10th Class pass certificates issued by School Authorities as equivalent to School Final Certificates. The Education Department is of the view that, in the interest of qualitative improvement of teaching in schools, the minimum qualifications of teachers should be gradually raised instead of being lowered and that a pass certificate of a public examination not being lower than the School Final Examination of the Board of Secondary Education, should be the minimum qualification for appointment as teachers. A certificate of class promotion issued by School Authorities would not ensure adequate or uniform standards of educational qualification which is very important in the case of teachers of educational institutions. A circular to that effect was issued by the Education Department on 3rd June, 1964.

The Finance Departments' order, dated 12th January, 1963, did not apply to appointment of school teachers and it is not a fact that the Midnapore District School Board made an appointment of teachers on that basis. It has, however, been learnt on enquiry that one person holding a 10th Class pass certificate of a Higher Secondary School had been appointed as a teacher of an aided primary school in Tamluk Municipality on the basis of the Finance Department's order, dated 12th January, 1963. As soon as the position was made clear by the Education Department's Circular, dated 3rd June, 1964, that the Finance Department's orders would not apply to the appointment of teachers, the District Inspector of Schools, Midnapore, informed the School Authorities that the appointment of an unqualified teacher would not be approved.

Mr. Deputy Chairman : The Hon'ble Minister-in-charge may now kindly make a statement in reply to the Calling Attention Notice given by Shri Manoranjan Sen Gupta on 17th September, 1964 regarding token ceasework observed by the teachers of Secondary Schools.

Shri Rabindralal Sinha : Sir, I make the following statement :—

Government did not receive any notice from the teachers of Secondary Schools that they would cease work on the 15th September, 1964. Government has sanctioned an additional dearness allowance for teachers of all recognised non-Government Secondary Schools at the rate of Rs. 5 per mensem for teachers drawing an emolument up to Rs. 150 per month and at the rate of Rs. 10 (of which the School Authorities will have to pay Rs. 5) for teachers drawing between Rs. 150 and Rs. 300 per month. A.B.T.A. in a memorandum, dated 4th September 1964, demanded an additional Government dearness allowance of Rs. 30 per month for all employees in Secondary Schools and as an interim measure demanded immediate payment of additional dearness allowance of Rs. 10 per month for all categories of Secondary School employees. It has not been possible for the Government to accept the said demand. It appeared from newspapers that the A.B.T.A. had endorsed its Working Committees' Resolution on the additional Government dearness allowance and appealed to all Secondary School teachers to boycott it. It also called upon all Secondary Schools to observe a token strike on September 15 in protest against Government scheme. The A.B.T.A. had a previously furnished an extract from resolutions as adopted by it at its last Annual General Conference. It appears that at the said Conference the A.B.T.A. inter alia resolved to ovserve a token strike for one day in September, the date to be specified by its Working Committee. Presumably the date was fixed on 15th September, 1964. The General Secretary of the A.B.T.A. has, however, been informed that the Education Minister would be glad to meet a deputation from the said Association after the present session of the Legislature is over.

[3-30—3-40 p.m.]

Mr. Deputy Chairman : I have before me two notices of Calling Attenitor to the subjects of—

(1) Lathi charges by the police on the demonstrators inside the Municipal Buildings—by Shri Nirmalya Bagchi;

(2) Arrest of political leaders—by Shri Abdullah Rasul.

Members may formally call the attention.

Shri Nirmalya Bagchi : On the evening of the 21st September last, when some thousands of workers serving in the Corporation of Calcutta had assembled inside the Municipal Buildings to ventilate their just grievences, a large forceof policemen

directed by high ranking police officials entered the building, whose exist had been closed, and made brutal, ruthless and indiscriminate attack with lathi, canes, etc. on the peaceful defenceless demonstrators, resulting in serious injury to a large number of persons some of whom fell unconscious and had to be admitted to hospital, and their condition has since been causing anxiety.

Shri Abdullah Rasul : As reported in the local press today a large number of persons mostly leading members of certain Opposition Parties or of Trade Union organisations some of whom are members of the Legislature also were arrested by the Police on 21st and 22nd September, 1964 without there being any provocation from them. This happened in spite of the fact that the arrested persons had not in any way disturbed the peace and also in spite of solemn assurance given by the Finance Minister in this House itself on Monday last that the Prime Minister while referring to the call of Hartal and general strike on 25th September 1964 in his speech at a public meeting in Calcutta on 20th September 1964 had meant no threat to the Opposition Parties or to those who had given the call, but only made an appeal to people not to participate in the Hartal and in the general strike.

I would request that a statement be made by the Minister concerned explaining the anomaly of the situation as well as the arrests that may become a source of provocation to many.

Shri Rabindralal Sinha : Statements will be made on Monday, the 28th September, 1964.

Arrest of Member

Mr. Deputy Chairman : Honourable members, I have received a communication that Shri Narendra Nath Das, a member of this House was arrested on the 22nd September, 1964, under rule 30 of the Defence of India Rules, 1962, and has been lodged in the Dum Dum Central Jail since then.

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার অনুমতি নিয়ে আমি একটা গুরুত্বপূর্ণ বিষয় বলতে চাই এবং এই ব্যাপারে আমরা সবাই উত্তেজিত বোধ করছি। গত পরশুদিন যখন আমাদের অধিবেশন চলে তখন আমাদের এপক্ষ থেকে জিজ্ঞাসা করা হয়েছিল যে সেদিন ময়দানে প্রধান-মন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী একথা বলেছিলেন কিনা যে বাংলাদেশে যাতে ভারত বন্ধ না হয়, খাদ্যমূল্য বৃদ্ধির সম্বন্ধে আমরা যে আহ্বান জানিয়েছি হরতালের সেটা যাতে না হয় সেই ব্যবস্থা গ্রহণ করা হোক? সেদিন আমাদের অর্থমন্ত্রী বলেছিলেন এটা কোন হুমকী নয়, এটা আবেদন। এই আবেদনের চেহারা আমরা দেখতে পেয়েছি গতকাল বাংলাদেশের বিশিষ্ট নেতা, বিধানমণ্ডলী সদস্যদের সমস্ত গ্রেপ্তার করা হয়েছে। আমাদের বিধান পরিষদের সদস্য শ্রীনরেন দাস গ্রেপ্তার হয়েছেন, আরও অনেকে হয়েছেন, আরও অনেকে লুকিয়ে বেড়াচ্ছেন। আমাদের পালিয়ে পালিয়ে বেড়াতে হচ্ছে। বাড়ীতে থাকবার উপায় নেই। বাংলাদেশের বিশিষ্ট নেতা শ্রদ্ধেয় হেমন্ত বসু থেকে সুরু করে অনেককে গ্রেপ্তার করা হয়েছে। যখন বামপন্থী দল, বিভিন্ন ট্রেড ইউনিয়ন সংগঠন শান্তিপূর্ণভাবে খাদ্য সঙ্কটের বিরুদ্ধে হরতালের আহ্বান করেছেন সেইসময় বিনা উত্তেজনায় কেন এইভাবে গ্রেপ্তার করলেন সেটা জানতে চাই? আমাদের সভায় সদস্যদের কেন গ্রেপ্তার করা হয়েছে সেটা জানতে চাই? একথা যদি বলতেন যে বাধা সৃষ্টি করা হচ্ছে তাহলে বুঝতাম। কিন্তু বাধা সেখানে সৃষ্টি করা হয়নি। শান্তিপূর্ণভাবে হরতালের আহ্বান জানান হয়েছে, তখন কেন গ্রেপ্তার করা হল এই কৈফিয়ৎ আমরা মন্ত্রীদের কাছ থেকে চাই এবং আমরা জানতে চাই যে আমাদের নিরাপত্তা রয়েছে কিনা আমাদের আজ গ্রেপ্তার করা হবে কিনা, এই সভার সদস্যদের গ্রেপ্তার করে সভার অধিকার ভঙ্গ করা হয়েছে কিনা? এইরকম অবস্থায় আমরা অত্যন্ত উত্তেজিত ও বিচলিত বোধ করছি। মন্ত্রীদের চুপ করে বসে থাকলে চলবে না। কলিং এ্যাটেনসন-এর জবাব পরে দেব বললে চলবেনা।

াধারণ মানুষ জানতে চায় পরশুদিনের হরতাল তারা শান্তিপূর্ণভাবে পালন করতে পারবে না? এই ভাবে হাজার হাজার মানুষকে গ্রেপ্তার করা হবে কিনা এবং মানুষ শান্তিতে চরণ করতে পারবে কিনা এবিষয়ে বলছি জবাব আমরা চাই এবং শুনতে চাই এবিষয়ে তাঁরা দৃষ্টিভঙ্গী নিয়েছেন? এসব কথা আমরা জানতে চাই তা নাহলে আমরা অন্য কোন ালোচনায় প্রবেশ করতে রাজী নই।

Shri Santosh Kumar Bhattacharyya:

ননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, আজ অত্যন্ত অস্বাভাবিক অবস্থার মধ্যে বিধানমন্ডলীর ধিবেশনে আমরা সমবেত হয়েছি। গত ২২ তারিখ থেকে সুরু করে আজ সকাল পর্যন্ত ংবাদপত্রে আমরা দেখলাম এবং আজও শুনতে পাচ্ছি—আজকের খবর কালকে বেরুবে—ধানমন্ডলীর বহু শ্রদ্ধেয় বিরোধীপক্ষের নেতৃবৃন্দদের ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছে। বং বিভিন্ন রাজনৈতিক দলও ট্রেড ইউনিয়ন-এর নেতৃবৃন্দকে গ্রেপ্তার করা হয়েছে ও গ্রেপ্তার চ্ছে। কত লোককে এ'রা গ্রেপ্তার করবেন তা আমরা জানিনা। স্যার, আজ সংবাদপত্র ড়ে অবাক হয়ে গেলাম যে পশ্চিম বাংলার মুখ্যমন্ত্রী চোরাকারবারী, মুনাফার, সমাজ-দ্রোহীদের যেসব প্রতিষ্ঠান আছে—

gal Chamber of Commerce, Indian Chamber of Commerce, Bharat Chamber f Commerce

যে কোটি কোটি টাকা আন এ্যাকাউণ্টে মানি—কালো টাকা নিয়ে কারবার করে তাদের রা মুখপাত্র, যারা দেশের শত্রু তাঁদের সঙ্গে গতকাল মিটিং করেছেন। তাদের সঙ্গে বসে টিং-এ আলাপ আলোচনা করার পর গভর্ণমেন্টের পক্ষ থেকে সংবাদপত্রে প্রেসনোট জারী রা হয়েছে। সেই প্রেস-নোট-এ এই হরতালকে বানচাল করার জন্য সমস্ত রকম প্রচেষ্টার থা আমরা দেখলাম। মুখ্যমন্ত্রী চোরাকারবারীদের সঙ্গে মিটিং করুন—এটা তাঁর পক্ষে তুন নয়—এতে আমাদের আপত্তি নেই। এনিয়ে তিনি যত খুশী মিটিং করুন তাতে আপত্তি নই তিনি অতীতে করেছেন, ভবিষ্যতেও করবেন এবং প্রেস-নোট জারী করুন তাতেও আপত্তি নই। মুখ্যমন্ত্রী এবং কংগ্রেস নেতৃবৃন্দরা মিলিত হয়ে আবেদন করুন তাতে আপত্তি নেই। নসাধারণের কাছে হরতাল না করার জন্য তাঁদের আবেদন করার অধিকার আছে। যেমন বিরোধীপক্ষের আছে ভারতবর্ষের পবিত্র সংবিধান অনুযায়ী সরকারী নীতির প্রতিবাদ গণতান্ত্রিক শান্তিপূর্ণ উপায়ে সংগঠিত ধর্মঘটের আহ্বান করা। জনসাধারণকে হরতাল রতে বলার অধিকার আমাদের যেমন আছে সেরকম অধিকার ওঁদের আছে জনসাধারণকে রতাল করতে না বলা। কিন্তু দেখলাম যে সেই পথে তাঁরা যাচ্ছেন না। তাঁরা ২৫এ রিখের হরতালকে একেবারে ডান্ডাবাজী করে, পুলিশ লেলিয়ে দিয়ে বিরোধীপক্ষের নেতৃবৃন্দকে বেপরোয়াভাবে ধরপাকড় শুরু করছেন।

[3-40—3-50 p.m.]

ার, এটা কি আজকে নূতন? গত ৪০ বছর ধরে এই হরতাল, ধর্মঘট, এই শান্তিপূর্ণ বিক্ষোভ গণতান্ত্রিক এই যে আমাদের পবিত্র অধিকার, এই অধিকার আমরা বার বার প্রয়োগ করেছি। ত্যন্ত দুঃখের সঙ্গে একথা আজকে বলতে হচ্ছে যে ও'রা আমাদের সেই শান্তিপূর্ণ এবং গণ-তান্ত্রিক অধিকারকে আজকে প্রয়োগ করতে দিতে নারাজ। ওঁরা যে কোন উপায়ে এটাকে ভাঙাতে বদ্ধপরিকর। গণতন্ত্রের কথা ও'রা বলেন নির্লজ্জের মত। তাঁদের লজ্জা করা উচিত। আজকের পরে তাঁরা গণতন্ত্রের কথা বাদ দিয়ে বলবেন, যে গণতান্ত্রিক পবিত্র অধিকার খর্ব করবার জন্য, বিনাবিচারে আটক রাখবার জন্য, বে-পরোয়া ধড়-পাকড় করে জনসাধারণের কাছ থেকে সেই অধিকার কেড়ে নেওয়া হয়, সেই সরকার আর যাই হোক স্বৈরাচারী সরকার ছাড়া আর কিছুই নয়। কাজেই আজকে আমরা অত্যন্ত বিচলিত। বিচলিত এইজন্য যে আমাদের এখানকার বিধানমণ্ডলীর সদস্যরা গ্রেপ্তার হয়েছেন। আমাদের নরেন দাস মহাশয় গ্রেপ্তার হয়েছেন, শুনছি যতীন চক্রবর্তী মহাশয়ের বিরুদ্ধেও গ্রেপ্তারী পরোয়ানা ঝুলছে, আর যেসব

বিরোধীপক্ষের সদস্যরা আজ এখানে আছেন, তাঁরা কয়জন কালকে বা পরশু বাইরে থাকবেন জানিনা। তারজন্য আমরা ভীত নই—গ্রেপ্তার করে জেলখানার মধ্যে পুরে দেবার ভয়ে আমরা ভীত নই, যেটাতে আমরা আতংকিত, যেটাতে আমরা উদ্বিগ্ন—সেটা হচ্ছে যে ভারতবর্ষের গণতন্ত্রের ভবিষ্যৎ আজ বিপন্ন, গণতন্ত্র এ'রা চালাতে দেবে না। এ'রা নিজেদের ঐ রুট মেজরিটি নিয়ে এবং পুলিস ও ডাণ্ডার সাহায্যে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এর সহায়তায় গণতন্ত্রের সমাধি রচনা করবেন। আমি জিজ্ঞাসা করি ভারতবর্ষের নিরাপত্তা কি বিঘ্নিত হয়েছে? ভারতবর্ষের স্বাধীনতা কি আজকে বিপন্ন হয়েছে? আজকে দেশের শান্তি কি বিঘ্নিত হয়েছে? এই সমস্ত ছেঁদো কথা এই সমস্ত একটা অবাস্তব ও অদ্ভুত কথা বলে এ'রা আজকে ডাণ্ডাবাজীর পথ গ্রহণ করেছেন নির্লজ্জের মত, কাপুরুষের মত। এ'দের শক্তি নেই, সাহস নেই—এরা কাপুরুষ। যদি এ'রা শক্তিমান হতেন তাহলে বিরোধীপক্ষ যেমন জনসাধারণকে হরতালের আহ্বান জানিয়েছেন, তাঁরা পাল্টা আহ্বান জানাতেন ধর্মঘটের বিরুদ্ধে। স্যার, লালবাতি জ্বালাবেন না।

Mr. Deputy Chairman : There must be a time limit.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আজকে আমাদের বলতে দিতে হবে আমাদের অধিকারের উপর, বে-পরোয়া আক্রমণ হয়েছে Please do not curb our right.

Mr. Deputy Chairman :

আমি আপনাদের অনুরোধ করছি আপনারা নিজেদের মধ্যে সময়টা কণ্ট্রোল করুন। আপনারা ইনডেফিনিট পিরিয়ড ধরে বলে থাকেব এটা হতে পারেনা ; এ রকম প্রসিডিওর কোথাও নেই।

I would request you to control yourself.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আপনি যেটা বলছেন, এরকম করাটা আজকে সম্ভব নয়। আজকে আমরা অত্যন্ত বিচলিত ; ওঁরা আজকে আমাদের উপর কাপুরুষের মত নির্লজ্জ আক্রমণ করেছে—যাকে ইংরেজীতে বলে হিটিং বিলো দি বেল্ট। ওঁদের যদি শক্তি থাকতো, ক্ষমতা থাকতো, তাহলে, ও'রা তো বলেন আজকে বিরোধীদলের শক্তি কমে গেছে, তাদের ডাকে জনসাধারণ আর সাড়া দেয়না, ভয়টা কিসের? ও'রাও তো আহ্বান দিয়ে বলতে পারতেন যে তোমরা হরতাল করো না। কিন্তু সে পথ ওঁরা নেন্‌নি। কেননা তাঁরা জানেন বিরোধীপক্ষের আহ্বানে বাংলা দেশের ৩ কোটী ৭০ লক্ষ মানুষ ২৫এ তারিখের হরতালে সাড়া দেবেন। তবে তাঁদের বলতে পারি—যতই তাঁরা ডাণ্ডাবাজি করুন না কেন, ২৫এ তারিখে হরতাল হবেই। পশ্চিমবঙ্গ বন্ধ হয়ে যাবে—একথা তাঁরা জানেন বলেই এই কাপুরুষের দল আজকে বে-পরোয়াভাবে পুলিশ লেলিয়ে দিয়েছে।

স্যার, আজকে কি অস্বাভাবিক অবস্থা! এ'রা তো কোন সমস্যারই সমাধান করতে পারেননি। বাজারে নিত্য প্রয়োজনীয় জিনিষপত্রের দাম দিনের পর দিন বেড়ে যাচ্ছে, কমবার কোন লক্ষণই নাই। আজকে যখন বিধানমণ্ডলীর অধিবেশন চলছে, সেই সময় নির্বিচারে বিধানমণ্ডলীর সভ্যদের গ্রেপ্তার করা হচ্ছে। হেমন্তবাবুর মত বৃদ্ধ লোক—স্যার, আপনি কি বিশ্বাস করেন যে হেমন্তবাবু শান্তি ভংগ করবেন? অমর বোস মহাশয়ের মত একজন ৭০ বৎসর বয়স্ক বৃদ্ধ লোক, তাঁকে ধরে ঐ নির্লজ্জ কাপুরুষের দল কারাগারে নিক্ষেপ করেছেন। স্যার, আজকের এই অবস্থাতে আপনার কাছে আবেদন করছি—স্বাভাবিক অবস্থা ফিরে না আসা পর্যন্ত বিধানমণ্ডলীর অধিবেশন মুলতুবী রাখুন। আমাদের পক্ষে আজকে সুস্থভাবে কোন আলোচনায় যোতদান করা সম্ভব নয়। আজকে অধিবেশন এখানেই মুলতুবী থাক এবং যে

সব কাজ বাকী থাকবে, সেগুলো আগামীকাল বা পরে স্বাভাবিক অবস্থা ফিরে এলে তার আলোচনা করবো, কিন্তু যতক্ষণ বিনাবিচারে আমাদের এই বিধান পরিষদের একজন সদস্যও গ্রেপ্তার হয়ে আছেন, ততক্ষণ এই পরিষদের আলোচনায় অংশ গ্রহণ করা আমাদের পক্ষে সম্ভব নয়। স্যার, আজকে তো আপনি দেখলেন তাঁদের অনুপস্থিতিতে তাঁদের কোশ্চেনগুলো পর্যন্ত করতে পারলেন না। জানিনা তাঁরা সেগুলি করতে পারবেন কিনা, এবং এই সেসনের মধ্যে তাঁদের তার আগে এঁরা ছাড়বেন কিনা! স্যার, শোনা যাচ্ছে যতীন চক্রবর্তী মশায় আসেননি, গ্রেপ্তার হবেন, কিন্তু আপনি বললেন তিনি গ্রেপ্তার হননি। শোনা যাচ্ছে গ্রেপ্তারী পরোয়ানা তাঁর মাথার উপর ঝুলছে এবং পুলিশ ক্ষ্যাপা কুকুরের মত চক্রবর্তীকে খুঁজে বেড়াচ্ছে। এই সংবাদ আমরা পেলাম, জানিনা এটা সত্য কিনা। কাজেই এই অস্বাভাবিক অবস্থাতে বিরোধী সদস্যদের পক্ষে সুস্থভাবে কোন আলোচনায় যোগ দেওয়া সম্ভব নয়। তাই আমার আবেদন আপনার কাছে আজকে এই পরিষদের অধিবেশন মুলতুবী করুন এবং পরে স্বাভাবিক অবস্থা ফিরে এলে আমরা আবার আলোচনা করবো।

Shri Abdullah Rasul :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয় ২৫ তারিখে হরতালের বা সাধারণ ধর্মঘটের যে ডাক দেওয়া হয়েছে এটা আজ বা গতকালের ঘটনা নয়, বেশ কিছু দিন পূর্বে এই সংবাদ কাগজপত্রে বেরিয়েছে এবং এই নিয়ে এই হাউসের মধ্যেও প্রশ্ন উঠেছিল। খবরের কাগজে মন্ত্রীমহাশয়রা যে বিবৃতি দিয়েছেন সেটা প্রেসনোট, গভর্ণমেণ্টের পক্ষ থেকে বেরিয়েছে। তাতে এই সর্বদলের ধর্মঘট সম্বন্ধে তাঁরা বলেছেন যে শান্তিপূর্ণভাবে হরতাল বা ধর্মঘট হলে তাঁরা বাধা দেবেন না এবং অশান্তি হলে তা সহ্য করবেন না। কিন্তু আমি জানতে চাই আজকে খবরের কাগজে যে ৮৪ জনের গ্রেপ্তারের খবর বেরিয়েছে এই ৮৪ জনের মধ্যে কোন ব্যক্তি অশান্তির কাজ করেছেন। রাত্রে যিনি ঘুমিয়ে আছেন সে সময় গিয়ে যখন পুলিশ তাঁকে ধরে নিয়ে আসে, সেই ব্যক্তি নিশ্চয়ই কোন শান্তিভঙ্গ করেননি বা শান্তিভঙ্গ হয় নি। এখানে আমি একটা কলিং এ্যাটেনসান পড়ে দিয়েছি সমস্ত মেম্বাররা তা নিশ্চয়ই জানেন। আমি চেষ্টা করেছিলাম যাতে মন্ত্রীমহাশয়রা এ সম্বন্ধে একটা বিবৃতি দেন। এ সম্বন্ধে তাঁদের বক্তব্য বলবার জন্য আমি মাননীয় মুখ্যমন্ত্রীর কাছে জানতে গিয়েছিলাম, এই কলিং এ্যাটেনসন নোটিশ-এর উপর উত্তর বা ষ্টেটমেণ্ট আজকে যদি দেওয়া সম্ভব না হয় তাহলে অন্তত একটা সর্ট নোটিশ প্রশ্নের জবাব দিতে রাজী আছেন কিনা? মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে সেটা বলা সম্ভব নয় কারণ ডিপার্টমেণ্ট-এর কাছে এই প্রশ্ন পাঠাতে হবে এবং তারা কি বলছেন সেটা জানতে হবে কি কারণে তারা ধরপাকড় করেছেন। আমি মনে করি এটা প্রতারণামূলক কথা। গভর্ণমেণ্ট-এর একটা পলিসি ছাড়া আজকের দিনে এই ধরপাকড়ের ব্যাপার ঘটেনি। হরতাল ভাঙ্গাবার জন্য যে চেষ্টা তা কোন পুলিশ করতে পারেনা বা কোন পুলিশ অফিসার এ সম্বন্ধে কিছু বলতে পারবেন না। মুখ্যমন্ত্রী এ ধরণের ছেঁদো কথা দিয়ে আমাদের বোঝাবার চেষ্টা করেছেন যেন পৃথিবীতে কি হয় তা আমরা কিছুই জানি না। তারা এক সময় কি করেছেন তা তাঁরা জানেন না? ওরা যখন ইন পাবলিক ইনটারেণ্ট কিছু করতেন বা বলতেন তা আমরাও জানতাম কারণ আমরাও একসময়ে কংগ্রেসেও ছিলাম। আমরাও জানি এর পরের ঘটনা কি ঘটেছে। সুতরাং এ ধরণের বক্তব্য সম্বন্ধে আমাদের আপত্তি আছে। তাঁরা ইচ্ছা করলেই একটা বিবৃতি দিতে পারেন। দ্বিতীয় কথা, গত পরশু যখন এখানে প্রশ্ন তোলা হয়েছিল যে ভারতবর্ষের প্রধানমন্ত্রী শ্রীলালবাহাদুর শাস্ত্রী কলকাতায় জনসভা করে এই হরতাল বা ধর্মঘট সম্পর্কে যে মন্তব্য করেছিলেন তাতে আমরা আশঙ্কার কারণ অনুভব করেছি এবং সেকথা এখানেও বলা হয়েছে। আমাদের একজন বিরোধীপক্ষের সদস্য শ্রীযতীন চক্রবর্তী বিশেষভাবে এই প্রশ্ন তুলেছিলেন এটা কি আমাদের হুমকি দেবার জন্য বলা হয়েছে? আজকে এটা হুমকি ছিল কিনা পরিষ্কারভাবে বোঝা যাচ্ছে। যতীনবাবু আজ আসেন নি, তাঁর বিরুদ্ধে গ্রেপ্তারী পরোয়ানা আছে, এতক্ষণ তাঁকে দমদমে নিয়ে যাওয়া হল কিনা জানিনা। কিন্তু তাঁর উত্তরে আমাদের অর্থমন্ত্রী যখন বলেছিলেন যে প্রধানমন্ত্রী হুমকি দেন নি। তখন হাউসের মধ্যে নিশ্চয়ই তিনি দায়িত্বপূর্ণ কথাই বলেছেন। তিনি দায়িত্ব নিয়ে বলেছিলেন যে এটা হুমকি নয়, এটা একটা আবেদন, যাতে জনসাধারণ হরতাল বা ধর্মঘটে যোগদান না

করেন। হরতালে যোগদান না করবার অধিকার বা যোগদান না করতে বলার অধিকার তাদের যেমন আছে, আমাদেরও সে ধরণের অধিকার আছে ধর্মঘটে যোগদান করতে বলার। এটা গণতান্ত্রিক অধিকার, এটা কেউ অস্বীকার করতে পারবেন না, কার্য্যতঃ যিনি যাই করুন। কিন্তু এই আশ্বাস দেবার পরে ২৪ ঘণ্টা পার হল না, এই গ্রেপ্তারের ব্যবস্থা করা হল। যখন এ ধরণের কাজ করা হল তখন নিশ্চয়ই বুঝতে হবে যে তাদের নীতির সঙ্গে এটা যুক্ত আছে, এটা শুধু পুলিশী ব্যবস্থা নয় বা এক্সিকিউটিভ এর কথা নয়। এই ধরণের কাজ যখন মন্ত্রীসভা করছেন তখন বুঝতে হবে যে সমস্ত কিছু তাঁদের জ্ঞাতসারেই হচ্ছে এবং ইচ্ছা করলেই তাঁরা বিবৃতি দিতে পারেন। আমি মনে করি এই বিবৃতি তাঁদের দেওয়া উচিত। আমাদের আজকে বিবৃতি চাই। সন্তোষবাবু বলেছেন যে আমরা অত্যন্ত বিচলিত বোধ করছি। এটা ধর-পাকড়ের ব্যাপার নয়, কারণ ধরপাকড় তাঁরা অনেক সময়ই করেছেন এবং জেল থেকে আমরা বেরিয়েও এসেছি। কাজেই এটা কেবলমাত্র ঐ ধরপাকড়ের প্রশ্নের সঙ্গে জড়িত নয়। এটা হচ্ছে গণতান্ত্রিক অধিকারের প্রশ্ন। যে গণতান্ত্রিক অধিকারের কথা সংবাদপত্রে বেরিয়েছে এবং যা অতি সামান্যই আছে সেটাকেও কি সরকার রক্ষা করবেন না এটাই ঠিক করেছেন? না, সেটা রক্ষা না করে তাঁরা আপনাদের মুখ রক্ষা করারই ব্যবস্থা করবেন? আমরা সেটা জানতে চাই। যাই হোক আমি বিশেষভাবে অনুরোধ করি তাঁরা এবিষয় একটা বিবৃতি দিন।

[3-50—4 00 p.m]

Shri Abdullah Rasul :

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, আপনি জানেন বিভিন্ন প্রতিষ্ঠান শান্তিপূর্ণভাবে ২৫ তারিখে হরতাল পালন করার জন্য আহ্বান জানিয়েছেন। এটা কেন করেছেন আপনি জানেন দেশে খাদ্যাভাব আছে, চোরাকারবারীরা খাদ্য লুকিয়ে ফেলছে, লোকে খেতে পারছেনা, গভর্ণমেণ্ট খাদ্যের ব্যবস্থা করতে পারছেন না, তেলে ভেজাল, কোন জিনিষ পাওয়া যাচ্ছেনা। এই ভাবে জনজীবনে যে দুর্দশা এসেছে তার প্রতিকারের জন্য শান্তিপূর্ণভাবে প্রতিবাদ করার জন্য ২৫ তারিখে হরতাল ডাকা হয়েছে। এই হরতাল এখনও হয়নি। এই হরতাল শান্তিপূর্ণভাবে পালন করার জন্য সমস্ত প্রতিষ্ঠান আহ্বান জানিয়েছেন। গভর্ণমেণ্ট যদি মনে করেন যে এই হরতাল তাঁরা বন্ধ করবেন তাহলে তাঁরা জনসাধারণের কাছে আবেদন করতে পারেন। আমরা এই হরতালের আহ্বান জানিয়েছি—২৫ তারিখে এই হরতাল হবে। কিন্তু তার আগে থেকেই আমাদের বিধান পরিষদ ও বিধানসভার সদস্য, বিভিন্ন শ্রমিক নেতাদের গ্রেপ্তার করে জেলে আটক রাখা হয়েছে। ২১ তারিখ রাত্রি থেকে বাড়ী বাড়ী ঘুরে পুলিশ তাদের গ্রেপ্তার করে দমদমে নিয়ে গেছে। এটা কোন ধরণের গণতন্ত্র তা জানিনা। আমরা গ্রেপ্তারের পরোয়া করি না। ইংরাজ আমলে বহুদিন জেল খেটেছি, কংগ্রেস আমলেও বহুদিন জেলে ছিলাম—সেদিন ১৩ মাস জেলে আটক অবস্থায় থেকে এসেছি। আমরা চাই যে গণতন্ত্র তাঁরা প্রচার করেন সেই গণতান্ত্রিক অধিকার মানুষের কোথায়? তারা গণতান্ত্রিকভাবে, শান্তিপূর্ণভাবে সংগ্রাম করতে যাচ্ছেন সেই অধিকার তাঁদের দিন। আপনাদের যদি ক্ষমতা থাকতো তাহলে আপনারা ময়দানে গিয়ে মিটিং করে জনসাধারণকে বলতে পারতেন তোমরা কেউ হরতাল করবে না। কিন্তু তাঁরা সেইভাবে করেননি। আপনারা বলেন আমাদের আহ্বানে লোক জড় হয় না। তাহলে আজ এইভাবে গ্রেপ্তার করে ষ্ট্রাইক বন্ধ করার কি অধিকার থাকতে পারে? ষ্ট্রাইক হয় কিনা সেদিন তার পরীক্ষা হবে। আমি তাঁদের জানাচ্ছি যে সেদিন ষ্ট্রাইক করে তা বন্ধ করতে আপনারা পারবেন না। দেশের যে অবস্থা, দেশের জনসাধারণকে আপনারা বিপদের পথে ঠেলে দিচ্ছেন। আগুন নিয়ে খেলা করার পথে ঠেলে দিচ্ছেন। দেশকে ছারখারের দিকে নিয়ে যাবার চেষ্টা করছেন, চোরাকারবারীদের সঙ্গে আপোষ করছেন, চেম্বার অব কমার্স-এর সঙ্গে মিটিং করছেন, ময়দা কলের মালিক, চাল কলের মালিক যারা কোটি কোটি টাকা ট্যাক্স ফাঁকি দিচ্ছে, মুনাফা করছে তাদের সঙ্গে আপোষ করে দোহাই দিচ্ছেন ষ্ট্রাইক করলে আমাদের ক্ষতি হবে। ক্ষতি যদি হয় তাহলে তাঁরা মানুষের খাওয়া পরার ব্যবস্থা করলেন না কেন? চোরাকারবারীদের ধরে সমস্ত জিনিষগুলি নিয়ে লোকেদের মধ্যে বণ্টন করলেন না কেন? চোরাকারবারী, ভেজাল, চুরি, ডাকাতি বন্ধ করতে পারলেন না কেন? সেজন্য আমি আপনার

কাছে অনুরোধ করব আমাদের প্রধান অবস্থা সেই অবস্থায় কাজকর্ম হতে পারে না। তাঁদের যদি ক্ষমতা থাকে স্ট্রাইক বন্ধ করুন। কিন্তু কোন অপরাধে আমাদের মাননীয় সদস্যদের ধরা হল? সেদিন জিজ্ঞাসা করায় তাঁরা বললেন যে আমরা আবেদন করছি কাউকে ধরা হবেনা। মাননীয় প্রধানমন্ত্রী এসে বললেন যে স্ট্রাইক-এর জন্য একটা ব্যবস্থা করা হোক। মুখ্যমন্ত্রী আজ এখানে নেই, তিনি এসে বলুন যে কেন তাঁদের গ্রেপ্তার করা হয়েছে? তাঁরা বলুন তাঁদের বিরুদ্ধে কি অভিযোগ আছে? কোন অশান্তি তাঁরা করেছেন? কি প্ররোচনা তাঁরা জনসাধারণকে দিয়েছেন? আমরা তাঁকে চ্যালেঞ্জ করছি তাঁরা কোন জন-বিরোধী কাজে, অশান্তিমূলক কাজে নিযুক্ত ছিলেন? তিনি চোরের মত ঘরে বসে আছেন, এখানে এসে জবাব দিতে পারছেন না কেন? বিধান পরিষদ বিধান সভার সদস্যদের কেন গ্রেপ্তার করা হয়েছে সেকথা আজ তিনি বলতে পারছেন না কেন? আজ হাজার হাজার ট্রেড ইউনিয়ন নেতাদের গ্রেপ্তার করা হয়েছে। কিন্তু কেন গ্রেপ্তার করা হয়েছে তা তাঁরা বলছেন না কেন? ২৫ তারিখ স্ট্রাইক ভেঙ্গে দেবার জন্য তাঁরা পুলিশ, ভলান্টিয়ার ফোর্স ও জনরক্ষা বাহিনীকে পর্যন্ত নিয়োগ করেছেন। এইভাবে স্ট্রাইক-কে ভেঙ্গে দেবার জন্য চেষ্টা করা হচ্ছে। কিন্তু এই সব হুমকী সত্বেও সেদিন স্ট্রাইক তাঁরা বন্ধ করতে পারবেন না।

কিন্তু মাননীয় ডেপুটী চেয়ারম্যান, স্যার, আমি বেশী উত্তেজনা সৃষ্টি করতে চাইনা, আমি আপনাকে অনুরোধ করবো আপনি আজকে সভার কাজ আর চালাবেন না। গভর্নমেন্ট আজকে যে অশান্তি সৃষ্টি করছেন, দেশে আগুন জ্বালাবার যে ব্যবস্থা করছেন, সেই অবস্থাতে আজকে পরিষদের মিটিং আর চলতে পারে না। আপনি আজকে মিটিং-এর কাজ স্থগিত রাখুন এবং সুস্থ অবস্থাতে ২৫এর পরে আমরা মিটিং করবো।

Shri Mahitosh Rai Choudhuri : Mr. Deputy Chairman, Sir, four of my friends on the other side have waxed themselves eloquent over the great injustice which is being done by the Government to the Opposition.

Sir, some amount of plain speaking on the situation is necessary. I am afraid that many of my friends who have got their eyes on the next election, who are anxious to fight elections and who care for public opinion—whether enlightened or unenlightened, thinking or unthinking—may not be disposed of to speak out their mind on this occasion. Therefore, I, a man of 75 years, who have seen a lot, have thought it my duty to do a bit of plain speaking.

Sir, in the first place, I would heartily congratulate the Government on the measures..........

(Cries of 'shame' 'shame' from the Opposition benches)

You, cry 'shame' as much as possible. I heartily congratulate the Ministry that they have been bold enough........

(Cries of 'sit down' 'sit down' from the Opposition benches)

Mr. Deputy Chairman : Please take your seats.

Shri Santosh Kumar Bhattacharyya:

আর কত দালালী করবেন?

Mr. Deputy Chairman :

আপনারা বসে বলুন, দাঁড়িয়ে কেন?

Shri Mahitosh Rai Choudhuri :

আমি মন্ত্রীমণ্ডলীকে বিশেষভাবে ধন্যবাদ দিচ্ছি যে অবশেষে তাঁদের দীর্ঘকাল পরে সাহস হয়েছে, এই যে হরতাল আহ্বান করে স্বাভাবিক জীবনযাত্রা পর্যুদস্ত করবার জন্য বছর বছর এই যে চেষ্টা হয়ে থাকে তার বিরুদ্ধে দাঁড়াবার।

(Cries of 'shame' 'shame' from the Opposition benches)

(ভয়েসেসঃ স্যার, ওঁকে পদ্মবিভূষণের জন্য রিকমেণ্ড করুন)

Shri Santosh Kumar Bhattacharyya : Sir, will you allow him to speak ? We won't hear him. We won't hear him.

Mr. Deputy Chairman : Please take your seat.

(ভয়েসেসঃ আমরা ওঁর কথা শুনবো না ওঁকে বসিয়ে দিন।)

Shri Mahitosh Rai Choudhuri :

ওরে বাবা, বসো, বসো, আমার কথা শুনবে না তো বেরিয়ে যাও। বছর বছর এই রকম হরতালের ডাক তুলে সাধারণ লোকের জীবনযাত্রা পর্যুদস্ত করে দেওয়া হয়।

Shri Nirmal Bose:

আপনার কথা আমরা শুনবো না, বসে পড়ুন।

Shri Mahitosh Rai Choudhuri :

শোন, শোন। হাটবাজার বন্ধ করে দেওয়া হয়। মানুষের স্বাভাবিক জীবনযাত্রার পথে বাধা সৃষ্টি করা হয়, চলাফেরা বন্ধ করে দেওয়া হয়। এর বিরুদ্ধে গভর্ণমেণ্ট এতদিন কোন মেজার নেন্নি। জানিনা তাঁরা এত ভীত হন কেন? অবশেষে এবার যে তাঁরা সাহস দেখিয়েছেন, তারজন্য তাঁদের ধন্যবাদ দিচ্ছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

গণতন্ত্রে বিশ্বাস নাই, আবার বড় বড় কথা বলেন। বুড়ো বয়সে আবোল তাবোল বলছেন, লজ্জা করেনা?

Shri Mahitosh Rai Choudhuri :

আবোল তাবোল কথা না হয় একটু শোন। বসো বাবা বসো। আর না হয় বেরিয়ে যাও।

Shri Nirmal Bose:

আপনার কথায় এখানে আসিনি।

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনার মত আমরা নমিনেশনে আসিনি।

We are not nominated members.

Shri Mahitosh Rai Choudhuri :

ওরে বাবা, আমি নমিনেমেড মেম্বার নই। আমি কোন কিছু কেয়ার করি না। যা আমি সত্য বলে মনে করি তাই বলে থাকি।

আমি আগেই বলেছি যে আমি নমিনেটেড মেম্বার নই। আমি কোন কিছুর কেয়ার করি না। আমি যা সত্য মনে করি তাই আমি বলে থাকি। এটা এখানে বলা হয়েছে যে, মেম্বারদের ধরে অন্যায় করা হয়েছে। আমি মনে করি যাদের দ্বারা অশান্তি বিঘ্ন হবার সম্ভাবনা আছে তাদের ধরা হয়েছে এবং তা সমীচীনই হয়েছে।

(নয়েজ এন্ড ইনটারাপসানঃ এ ভয়েজ, শ্মশানে যাবার বয়স হয়েছে আর কতদিন এসব বলবেন? শ্রীনির্মল বোসঃ কি অশান্তি হয়েছে আমাদের দ্বারা? এ ভয়েসঃ আমরা কোন অবান্তর কথা বলি নি।)

[4—4-10 p.m.]

Mr. Deputy Chairman : This is not the way. Let him speak. You have spoken.

Shri Mahitosh Rai Choudhury :

শান্তিপূর্ণ হরতাল হলে কারুর কিছু বলবার নেই। কিন্তু হরতাল কিরূপ শান্তিপূর্ণ হয়ে থাকে তা আমাদের বিরোধী দলের বন্ধুরা বুকে হাত দিয়ে বলুন? যদি হরতালের সময় রেল ষ্টেশান বা ট্রামওয়েতে যাওয়া যায় তাহলেই দেখা যাবে কি রকম শান্তিপূর্ণ হরতাল হয়ে থাকে। বাজারে গিয়ে থাকলে দেখা যায় যে কিরূপ শান্তিপূর্ণ হরতাল করা হয়। সুতরাং যেখানে শান্তির নামে অশান্তি করা হয় সেখানে শান্তি রক্ষা করা উচিত।

(নয়েজ এন্ড ইনটারাপসান)

আমাদের বিরোধী দলের বন্ধুরা যদি চোখ বুজে না থাকেন তাহলে তাঁরাও এটা দেখতে পাবেন যে শান্তির নামে কি ভাবে হরতাল করা হয়ে থাকে।

(এ ভয়েসঃ সত্য কথা বলুন।)

আমাকে যাঁরা জানেন তাঁরা একথা বুঝবেন যাঁর সত্য ভাষণ দেবার ক্ষমতা আছে তিনিই আমাকে চেনেন। সুতরাং এই হরতালে শান্তিভঙ্গ হবার যেখানে সম্ভাবনা আছে সরকার যদি সেখানে বাধা দিয়ে থাকেন তা অন্যায় কিছু নয়। যদি কোন নেতাকে বা গুণ্ডাকে অথবা সাধারণ লোককেই সরকার গ্রেপ্তার করে থাকেন এই বুঝে যে তাঁর দ্বারা শান্তি বিঘ্নিত হতে পারে তাহলে অন্যায় কিছু করেন নি। এবং আমার মনে হয় সরকারের পেছনে দেশের সমস্ত লোকের সমর্থন আছে।

(এ ভয়েসঃ হেমন্তবাবু, অমরবাবু কি অশান্তি করেছেন?)

দেশে যে খাদ্যের অভাব আছে বা তারজন্য যে দেশের মানুষের দুঃখকষ্ট হচ্ছে এ বিষয়ে কোন সন্দেহ নেই। কিন্তু জনসাধারণের যে অভাব বা দুঃখ কষ্ট তা হরতালের দ্বারা শেষ হবে না বা হরতালে তার সমাধান হবে না। কালকে যখন বেরতে যাব তখন হয়ত গাড়ী বন্ধ করে দেওয়া হবে। আমি জানি দু তিনবার আমার বন্ধু আত্মীয়ের গাড়ীর টায়ার পাঞ্চার করে দেওয়া হয়েছিল এবং তাদের গাড়ীতে উঠতে দেওয়া হয় নি। সুতরাং সরকার যদি সেই হরতাল বন্ধ করবার জন্য ষ্টেপ নেন তাহলে ভালই করবেন। আমার মনে হয় এ করলে হয়ত অপোজিসনের জন কতক লোকের অসন্তোষভাজন হতে পারেন কিন্তু দেশের লোক তাঁদের আশীর্বাদ করবেন। আমিও সরকারকে এই কাজের জন্য ধন্যবাদ দেব। বিধানসভার চলতি অবস্থাতে বিধান সভার কোন কোন সদস্যকে গ্রেপ্তারের কথা যেটা বলা হয়েছে ও বলা হয়েছে যে আমাদের কনষ্টিটিউশনার রাইট হরণ করা হয়েছে। আমি বলবো এই কথা সুস্থ মস্তিষ্ক বা যে পাগল হয়নি সে বলতে পারবে না। এতে করে কোন কনষ্টিটিউসানাল রাইট হরণ করা হয় নি।

ল এন্ড অর্ডার যাতে মেনটেন্ড করা হয় সেটা সরকারের অবশ্যই দেখা উচিত তা এ'রা যাই বলুন। আমি গভর্ণমেণ্টকে রেসপন্সেবল করবো যদি আমি কালকে বেরোবার সময় আমার গাড়ী বার করতে না পারি।

সুতরাং শান্তি যারা চায় সেখানে জনসাধারণের প্রতি সরকারের একটা কর্ত্তব্য আছে। সেই কর্ত্তব্য সরকার এতদিন ভীত সন্ত্রস্ত হয়ে করেননি। আমি এজন্য তাঁদের ভীষণভাবে কনডেম করেছি। একবার আইন করার কথা হয়েছিল যে এসেনসিয়াল সারভিস যেগুলো সেগুলোতে হরতাল করতে দেওয়া হবেনা। সেই বিল সারকুলেট করা হল। কিন্তু কেন জানিনা সরকার ভীত হয়ে সেই জিনিষ প্রত্যাহার করলেন। করপোরেশান-এ আমার একটা কাজ ছিল। কিন্তু করপোরেশান গিয়ে যা দেখলাম তা দেখে হতভম্ব হয়ে গেলাম, কেননা কতকগুলি মেথর ধাঙগড়দের অত্যাচার সহ্য করতে না পেরে পুলিশ এ্যাকসন নিয়েছিল। অপোজিসন যদি মনে করেন সভায় কাজ বন্ধ হয়ে যাবে এবং এবিষয়ে আপনি কি করবেন জানি না। কিন্তু আমার মনে হয় তাঁদের ডিমাণ্ড যদি সভায় কার্য্য বন্ধ করা হয় তাহলে ঘোরতর অন্যায় করা হবে। আমি আশা করি আপনি তা করবেন না। আবার আমি মন্ত্রী-মণ্ডলীকে ধন্যবাদ দিচ্ছি তাঁদের এই সাহসের জন্য।

Shri Raj Kumar Chakraverty:

মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, আমি আশা করেছিলাম আজ এই গুরুত্বপূর্ণ ব্যাপারে সরকার একটা বিবৃতি দেবেন। ও'রা একটা অজুহাত দিয়ে বলছেন যে এটা ডিপার্টমেন্ট-এ রেফার করতে হবে, ডিপার্টমেন্ট থেকে ফ্যাক্ট জানতে হবে, তবে বলতে পারবেন। কিন্তু একথা ঠিক নয়। কারণ যখন একটা অ্যারেস্ট হয় উইদাউট ট্রায়াল যাকে বলি এবং আণ্ডার ডি, আই, রুলস্ স্পেশ্যালি তখন মিনিস্টার-ইন-চার্জ যিনি থাকেন তাঁর সম্মতি নিতে হয় এবং হোম ডিপার্টমেন্ট সেসব কেস ভাল করেই জানেন। বিশেষ করে এম, এল, এ, এম, এল; সি; যাঁদের এ্যারেস্ট করা হয় তাঁদের বেলায় অতি সহজে হয় না। সুতরাং এই যে এক্সকিউজ আমরা ফ্যাক্টস জানি না বলে বিবৃতি দিতে পারব না এটা বাস্তব নয় এবং এটা একটা প্রতারণা মাত্র। আমি যখন অপর দিকে তাকিয়ে দেখি তখন আমি আমার অনেক পুরাতন বন্ধুর মুখ দেখতে পাই—তাঁরা অনেকেই পুরাতন কংগ্রেস কর্মী। আমি আপনার মাধ্যমে তাঁদের কাছে বলছি যে স্বাধীনতার পূর্বে তাঁরা কি প্রিন্সিপ্যাল-এর জন্য ইংরাজের সঙ্গে লড়াই করেছিলেন। আমি জানি আপনি এবং ও'দের মধ্যে যাঁরা পুরাতন কংগ্রেস কর্মী আছেন তাঁরা প্রত্যেকেই বিনা বিচারে রাজবন্দী করার বিরুদ্ধে দিনরাত প্রতিবাদ করে এসেছেন। বিনা বিচারে রাজবন্দী করাটা কতবড় নিন্দনীয় কাজ সেটা আপনি জানেন। প্রত্যেকটি কংগ্রেসের সভা, কনফারেন্স-এ এ বিষয়ে রেজলিউসান হোত। আমি আজ তাঁদের কাছে এ্যাপিল করছি তাঁরা তাঁদের পূর্বের দিনগুলি স্মরণ করুন। তাঁরা যে তাঁদের নীতি, বিবেক হারিয়েছেন একথা আমি মনে করি না। আমার মনে হয় এখনও তাঁদের নীতি ও বিবেক আছে। অবশ্য মহীতোষবাবু যিনি কোনদিন কংগ্রেস ছিলেন না—এখন কংগ্রেসের দ্বারা ইলেকটেড হয়েছেন—এবং কংগ্রেসকে সমালোচনা না করে কোনদিনই জল গ্রহণ করতেন না। আজ তিনি এখানে এসে নূতন নীতি প্রবর্তিত করছেন। আমি তাঁকে শ্রদ্ধা করি এবং তিনি আমার একজন পুরাতন বন্ধু।

তাই আমি তাঁদের কাছে এ্যাপিল করবো, তাদের দলের কাছে, তাঁদের ইনফ্লুয়েন্স আছে, ক্ষমতা আছে তাঁদের দলকে বোঝান যে বিনাবিচারে রাজবন্দী করা এটা গর্হিত কাজ, এটা ঠিক নয়। এই সব কথা যদি তাঁর দলের কাছে বলেন, তাহলে কিছু কাজ হতে পারে।

তারপর যেটা আমার খুব লাগছে বড়—আজকে এমন কোন এমারজেন্সী এখানে উপস্থিত হয় নাই যে কারণে আজকে এতগুলি লোককে এ্যারেস্ট করা দরকার হলো। ইমার্জেন্সীর সময় এ্যারেস্ট করা চলে, এটা আগেও হতো, এখনো তা করতে পারেন। আজকে যদি কোন বৈদেশিক শক্তি আমাদের দেশ আক্রমণ করতো তাহলে তাঁরা বলতে পারতেন যে ডিফেন্স অব ইণ্ডিয়া এ্যাক্ট-এ প্রিভেনটিভ এ্যারেস্ট দরকার হয়ে পড়েছে। কিন্তু আজকে কোন বৈদেশিক শক্তি আমাদের আক্রমণ করতে আসছে না। অতএব ইমার্জেন্সীরও কোন প্রশ্ন ওঠে না। এই অবস্থায় কোন

অপরাধ করবার পূর্বে যেরকমভাবে রাজবন্দী করা হয়েছে, এটা প্রত্যেক কংগ্রেসী লোকের নীতি বিরুদ্ধ। আমিও সেই কথা বলছি এবং আশা করি এ বিষয়ে আমাদের পুরাতন বন্ধুরা একটু বিবেচনা করবেন।

[4-10—4-20 p.m.]

Shri Manoranjan Sen Gupta:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে সকালবেলায় সংবাদপত্রে যখন পড়লাম যে ৮৬ জন—তার মধ্যে অনেক বরেণ্য নেতা আছেন, তাঁদের গ্রেপ্তার করা হয়েছে, তখন সেই সংবাদ পাঠ করে আমি অত্যন্ত মর্মাহত হয়েছি, স্তম্ভিত হয়েছি। কারণ কংগ্রেস সরকার আমাদের স্বাধীন দেশের সরকার—জাতীয় সরকার, সেই সরকারের দ্বারা যাঁরা আমাদের নেতৃস্থানীয় ব্যক্তি, যাদের আমরা সম্মান করে থাকি, তাঁদের যে এমনভাবে বন্দী করা হবে তা আমরা আশা করতে পারিনি। তাই একটা কথা জিজ্ঞাসা করতে চাই এইভাবে যে তাঁদের বন্দী করা হয়েছে, এই অত্যাচার ও নিপীড়নের দ্বারা কি এই হরতাল বন্ধ করা যাবে? ইতিহাসের নির্দেশ কী? যতই অত্যাচার হোক, যতই নীপীড়ন হোক যেখানে প্রকৃত গ্রিভ্যান্স আছে, অভিযোগ আছে, দুঃখ আছে, সেটা কোন ভাবে দমন করা যায়? ইতিহাসের অনেক পণ্ডিত এখানে আছেন, যাঁরা ইতিহাস অধ্যয়ন করেছেন, তাঁরা জানেন ফরাসী বিপ্লব থেকে আরম্ভ করে আমাদের বৃটিশ সরকার পর্যন্ত তাঁরা ৭০ হাজার ৮০ হাজার আমাদের দেশবাসীকে বন্দী করে তাঁরা কি স্বাধীনতা আন্দোলনকে রোধ করতে পেরেছিলেন? সেই ইতিহাস থেকে যদি আপনারা নির্দেশ না নেন, এই রকমভাবে অবিচার করেন, আমাদের যাঁরা দেশবরেণ্য নেতা রয়েছেন, তাঁদের যদি গ্রেপ্তার করেন বিনাবিচারে এমন কোন অকেসান হয়নি, তাহলে আমরা কি মনে করতে পারি? আজ দেশের লোক খেতে পাচ্ছে না, আপনারা তার কোন প্রতিকার করতে পারছেন না। এই হাউস থেকে আপনাদের অনেকবার দৃষ্টি আকর্ষণ করা হয়েছে যে ধানচালের দর যেভাবে বেড়ে যাচ্ছে, আপনারা অবিলম্বে সাবধান হোন, তৎপর হোন, এর সমাধানের ব্যবস্থা করুন। কিন্তু আপনারা তার বিশেষ কিছু করতে পারেন নি। আজকে দেশে যে চোরাবাজার আছে, তা দমন করতে পারেন নি, অবশ্য দু-চারজনকে আপনারা কারাগারে নিক্ষেপ করেছেন, শাস্তি দিয়েছেন মুষ্টিমেয়কে। আজ যে নীতি নিলে পর বা যে ব্যবস্থা অবলম্বন করলে পর এইরকম ভাবে ধান চালের দর বাড়তো না, সে নীতি আপনারা নেন নি। আজকে যে দর আপনারা বেঁধে দিয়েছেন, তা জনসাধারণ মানছে না। আপনাদের আইনের কোন মূল্য নাই এটা দেশের লোক খুব ভাল করে জানে। কংগ্রেস যে আইন করে তা দেশের লোক মানবে না। ব্যবসাদার জানে, কালোবাজারীরা জানে কংগ্রেস সরকার তাদের মুঠোর মধ্যে। আজকে এই অবস্থাতে আমার বড় দুঃখ হয় লাল-বাহাদুর শাস্ত্রী আমাদের শ্রদ্ধাভাজন, তিনি সকলের শ্রদ্ধা আকর্ষণ করেছিলেন, তিনি এই রকমভাবে একটা নির্দেশ দিয়ে গিয়েছেন—হরতালের এই আন্দোলনকে বন্ধ কর। আমার মনে হয় তাঁর কথায় উৎসাহিত হয়ে আমাদের মুখ্যমন্ত্রী এই রকমভাবে বিনাবিচারে ধর-পাকড় করে, জবরদস্তি ক'রে এই হরতাল বন্ধ করবেন। কিন্তু আমার ভয় হচ্ছে এতে আরো রক্তারক্তি হবে, অশান্তি বেড়ে যাবে, শান্তি স্থাপিত হবে না। যদি তাই মনে করে থাকেন শান্তি স্থাপিত হবে এবং হরতাল বন্ধ হবে তাহলে তাঁরা ভুল করবেন। একদল এ বিষয়ে খুব উৎসাহিত হয়েছেন, বন্ধপরিকর হয়েছেন তাতে এ্যাডিং ফুয়েল টু ফায়ার হবে। এই ব্যাপারে তাদের উস্কানী দেওয়া হচ্ছে। ফলে অশান্তি আরো বাড়বে, শান্তি আরো বিঘ্নিত হবে। এই কথা আমি তাঁদের স্মরণ করিয়ে দিচ্ছি। আমি অনুরোধ করবো যাঁদের আপনারা ধরেছেন, তাঁদের ছেড়ে দিন; শান্তিপূর্ণভাবে হরতাল হতে দিন। তাতে বিশেষ কিছু হবে না। যাঁরা নেতা আপনাদের, এই সম্পর্কে তাঁদের সঙ্গে আপনাদের পরামর্শ করা উচিত ছিল। ধানচালের দর সম্পর্কে যে অভি-যোগ আছে, সেগুলির একটা মীমাংসা করা প্রয়োজন। তা না করে আজকে চেম্বার অফ কমার্স-গুলো এগুলিতে অগ্রণী না হয়ে তারা চোখ বুঁজে আছেন এদের সঙ্গে হাত মিলিয়েছেন। তারা মনে করছেন যে আমরা স্টেংদেন—আমরা শক্তিশালী। এভাবে যদি এরা এদের সাহায্য করেন তা হলে আরও দর বাড়াবে এবং সরকারকে বৃদ্ধাঙ্গুষ্ঠ দেখাবে। সুতরাং আজকে তাদের সঙ্গে

সহযোগিতা করে যে আন্দোলন হচ্ছে যার প্রকৃত একটা ভিত্তি আছে সেই জেনুইন আন্দোলনকে বন্ধ করতে যাওয়া একটা ভুল বলে মনে হচ্ছে এবং সে ভুলের মাশুল সরকারকে দিতে হবে। এর ফলে অশান্তি বাড়বে, রক্তারক্তি হবে এবং যেটা করতে যাচ্ছেন সেটা হবে না। আমি সবিনয়ে বলছি এখনই পলিসি রিভাইজ করে এটা বন্ধ করার চেষ্টা করুন। আজকে যেভাবে উত্তেজিত হয়েছে তাতে সংশোধনীয় কাজ করা সক্ষম হবে না।

Shri Jaganath Kolay:

আমি একটা কথা জানতে চাই যে এই সমস্ত যে আলোচনা হচ্ছে এই সমস্ত আলোচনা কিসের উপর ভিত্তি করে হচ্ছে?

Shri Rabindralal Sinha: Sir, your ruling would be supreme. It is binding on us as well as on the other side. There is no doubt about it.

আমরা ডিসকাসনটা কিসের উপর করছি কোন এ্যাডজোর্ণমেন্ট মোসান নেই। যদি এ্যাডজোর্নমেন্ট মোসান থাকতো এবং আপনি যদি তা এ্যাডমিট করতেন তাহলে বুঝতে পারতাম যে এর উপর ডিসকাসন হচ্ছে। কিন্তু এ্যাডজোর্নমেন্ট মোসান নেই বা তা এ্যাডমিটেড হয় নি। একমাত্র আর্জেন্ট ম্যাটার-এ এ্যাটেনসান ড্র করা ছাড়া আর কিছুই নয়। এ্যাটেনশন ড্র করা মানে কি ফুলডে ডিসকাসন এ্যান্ড ডিবেট? এটাই হোল আমার সাবমিসান।

Mr. Deputy Chairman: Some members of the Opposition met me and they wanted to speak something about the arrest of an honourable member. I told them that when I would refer to that arrest, they would be allowed to speak on that matter. That is why they are now speaking on that.

Shri Manoranjan Sen Gupta:

আমি সাধারণতঃ সব বিষয়ে বলি না কারণ আমি জানি আমি কংগ্রেস বেঞ্চ-এ আছি এবং কংগ্রেস গভর্নমেন্ট ফরম করেছে। অপোজিসান বন্ধুরা আছেন তারা অপোজ করবেনই ডেমক্র্যাসিতে এটা প্রয়োজনও বটে। যে অপোজিসন করবেন সেটা সব সময় যে শোভন হবে এমন কথা আমি বলি না। আজকে রাজকুমারবাবু দু একথা কথা যা বলেছেন আমি সেটার উত্তর দেবার জন্য দাঁড়িয়েছি এবং সামান্য দু-এক কথা বলবো। আমি অবাক হলুম রাজকুমারবাবু আগের দিন উল্লেখ করেছেন শুনে। তিনি একজন প্রফেসর এবং আগের দিনের একজন কংগ্রেস কর্মী এবং বয়সও যথেষ্ট হয়েছে তিনি এ ধরনের কথা কি করে বললেন তা আমি বুঝতে পারলুম না। আমরা তখন স্বাধীনতা পাই নি তাই স্বাধীনতার জন্য আন্দোলন করেছি কিন্তু আজকের সংগে তার তুলনা কি করে চলতে পারে? সেদিন যে সমস্ত কাজ করেছি আজকে তা কি করে হবে। আজকে আমাদেরই ত গভর্নমেন্ট এবং সে গভর্নমেন্ট-এর ল এন্ড অর্ডার রক্ষা করার বিশেষ প্রয়োজন। আমাদের বন্ধুরা যারা গভর্নমেন্ট এর চার্জ-এ আছেন তারা যে ভাবে প্রয়োজন মনে করবেন যে এইভাবে ল এ্যান্ড অর্ডার প্রয়োজন তা ছাড়া তারা যা করছেন আইনানুসারেই করছেন। এ বিষয়ে যথেষ্ট আইন রয়েছে। যদি প্রয়োজন হয় তা হলে এমারজেন্সীতে সে আইন ব্যবহার করতে পারেন অর্থাৎ গভর্নমেন্ট-এর চার্জ-এ যারা আছেন তারা যদি মনে করেন ল এ্যান্ড অর্ডার রক্ষা করবার জন্য এটা প্রয়োজন তাহলে এটা করবেন এবং তার আমরা বিরুদ্ধতাও করি না, আমি ব্যক্তিগতভাবে বলতে পারি আমি তা করি না ল এ্যান্ড অর্ডার রক্ষা করা যায় যাতে তা করার দরকার। পিসফুল হরতাল কখনও হয় না পিসফুল করতে গেলেও অনেক সময় অনেক জায়গায় দেখেছি যে গোলমাল হয়। আজ যারা গভর্নমেন্ট-এ রয়েছেন তারা যদি মনে করেন অর্থাৎ ক্যাবিনেট-এ পরামর্শ করে যদি দেখেন যে ল এবং অর্ডার-এর যে আইন রয়েছে তার ব্যবহার করা উচিত তা হলে আমি তা সমর্থন করি। কাজেই রাজকুমারবাবু যে দিনের কথা বলছেন আজকের দিনে সে কথা খাটে না। আজকে গভর্নমেন্ট আমাদের হাতে এবং সে গভর্নমেন্টকে আমাদের চালাতে হবে কাজেই আইনানুসারে যা করার প্রয়োজন তা করতে হবে।

[4-20—4-45 p.m. including adjournment]

Shri Nirmalya Bagchi :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমার বক্তব্য খুব বেশী কিছু নয়। দুটো কলিং এ্যাটেনশান এসেছে। অত্যন্ত গুরুতর পরিস্থিতি আজ সারা দেশে দেখা দিয়েছে। কর্পোরেশন-এর কর্মচারীর উপর পুলিশ সেদিন যে নৃশংস, বর্বর অত্যাচার করেছে কোন সভ্যদেশে এইরকম জিনিষ হয় না। আরও সারা ভারতবর্ষব্যাপী যখন সরকারী খাদ্যনীতির প্রতিবাদে এই হরতাল প্রতিপালিত হতে যাচ্ছে তখন যে ভাবে পশ্চিমবঙ্গ সরকার তাঁদের হাতে যে ক্ষমতা রয়েছে সেই ক্ষমতার তাঁরা যে অপব্যবহার করছেন তার নিন্দা করবার ভাষা নেই। এই ব্যাপারে আমাদের এখানে বিরোধী সদস্যরা এবং এই হাউসের বাহিরে যে জনসাধারণ রয়েছে তাদের মন অত্যন্ত বিক্ষুব্ধ ও চঞ্চল হয়ে রয়েছে। আপনি লক্ষ্য করবেন এর মধ্যে পুলিশের উপরি একটা বিল রয়েছে। এই আলোচনার মধ্যে যাওয়া আমাদের পক্ষে সম্ভবপর নয়। ভারতবর্ষের মানুষ দীর্ঘদিনের সংগ্রামের ফলে কতকগুলি গণতান্ত্রিক অধিকার তাঁরা অর্জন করেছে। এই হরতাল যেটা পালন করতে যাচ্ছি এই হরতাল ভারতবর্ষের একটা বৈশিষ্ট। ভারতবর্ষের পৃথিবীর গণতান্ত্রিক আন্দোলনে যদি কোন দান থেকে থাকে তা হল সত্যাগ্রহ ও হরতাল পালন। দীর্ঘদিন ধরে ভারতবর্ষ এই হরতাল পালন করে আসছে। স্বাধীনতার পরও এই অধিকার মানুষ ভোগ করে আসছে। আমাদের সংবিধানেও এ সম্পর্কে অধিকার দেওয়া রয়েছে। কিন্তু আমরা এমনই দুর্ভাগা দেশে বাস করি যেখানে সংবিধানে যে অধিকার দেওয়া হয় সংবিধানের ফুট নোট-এ এ্যামেণ্ডমেন্ট করে সেই অধিকারটুকুও কেড়ে নেওয়া হয়। আজ লক্ষ্য করছি সারা দেশের মানুষ অনাহারে। অন্নদাতা কৃষকের ঘরে অন্ন নেই। আজ মজুর যারা কলকারখানায় কাজ করছে তারা পরিবারের প্রতিপালন করতে পারছে না। দীর্ঘদিন আন্দোলনের পরও এই খাদ্যসমস্যা সমাধানের কি ব্যবস্থা করেছেন? শহরাঞ্চলে সপ্তাহে মাত্র এক কিলো করে চালের ব্যবস্থা করেছেন এবং যেখানে ব্যবস্থা ছিল এক কিলো সেটাকে নামিয়ে ½ কিলোতে পরিণত করা হয়েছে। সুতরাং আমরা দেখতে পাচ্ছি প্রতিবাদ, আন্দোলন আজ সর্বত্র। আজ সারা দেশের মানুষ বিক্ষুব্ধ, প্রতিবাদমুখর, এবং সেই প্রতিবাদকে বাস্তবে রূপায়িত করাই হচ্ছে আমাদের বিরোধী দলগুলির কাজ। আজ তাই বলব ডি, আই, আর যাদের বিরুদ্ধে প্রয়োগ করা হচ্ছে তারা কোথায় ভারতবর্ষের নিরাপত্তাকে বিপন্ন করছেন? ভারতবর্ষের প্রতিরক্ষাকে যদি কেউ বিপন্ন করে থাকেন তবে তা করেছেন আমাদের এই মন্ত্রীমণ্ডলী। আমি বলব প্রফুল্লবাবু বাংলাদেশের মানুষকে অনাহার, দারিদ্রের মধ্যে ফেলে দিয়ে একটা বিপর্যয়ের মধ্যে ঠেলে দিচ্ছেন। সেজন্য বলব যে প্রতিরক্ষার যদি কেউ বিঘ্ন ঘটিয়ে থাকেন তাহলে তা ঘটিয়েছেন প্রফুল্লবাবু এবং তাঁরই বিরুদ্ধে ডি আই, আর প্রয়োগ করা উচিৎ। আজ যেভাবে নেতাদের গ্রেপ্তার করা হয়েছে, সাধারণ মানুষকে গ্রেপ্তার করা হচ্ছে, ট্রেড ইউনিয়ন কর্মীদের গ্রেপ্তার করা হচ্ছে তাতে এঁরা জনসাধারণকে প্রভোকেসন দিচ্ছেন এবং জনসাধারণ যে গণতান্ত্রিক সংবিধান সঙ্গত অধিকার ভোগ করে আসছেন সেই অধিকারের উপর ডাণ্টাডর্লি, কাউয়ার্ডলি অ্যাটাক তাঁরা করছেন। আমার বক্তব্য হচ্ছে আপনি এই অধিবেশনের কার্যকলাপ আর চালাতে দেবেন না এবং আপনি আমাদের অনুরোধ রক্ষা করুন মন্ত্রীরা দাঁড়িয়ে এ সম্পর্কে তাঁদের বক্তব্য বলুন, সোমবার পর্যন্ত এই বিষয়কে ফেলে রাখার কোন যুক্তি নেই। আগামী শুক্রবার হরতাল, সুতরাং তার পূর্বে এই বিধানসভার পক্ষ থেকে আমরা তাঁদের বক্তব্য শুনতে চাই। আপনি যদি এই সভা এখনই এ্যাডজোর্ন করেন তাহলে আপনার কাছে আমরা বাধিত থাকব, আর তা যদি না হয় তাহলে আমাদের অগত্যা এই কক্ষ পরিত্যাগ করে চলে যেতে হবে।

(At this stage the House was adjourned for twenty minutes).

(After adjournment)

[4-45—4-55 p.m.]

Shri Nirmal Bose :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমরা এইমাত্র খবর পেলাম আজ সওয়া তিনটার সময় এই পরিষদ সদস্য মাননীয় যতীন চক্রবর্তীকে তাঁর বাড়ীতে গ্রেপ্তার করা হয়েছে। সকালে তাঁর বাড়ীতে তাঁকে

পুলিস ধরতে পারে নাই, বিকালে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে। আমাদের বিভিন্ন সদস্যদের কাকে কখন পুলিস গ্রেপ্তার করবে। আমরা বুঝতে পারছি না আমাদের পরিষদের বাইরে বেরুলে গ্রেপ্তার করবে কি না! হয়ত বাড়ী যাবারও উপায় নাই। মুখ্যমন্ত্রীকে এখানে দেখছি না, তিনি কোথায় আছেন জানি না। তিনি হয়ত এই অবস্থার সম্মুখীন হতে চাচ্ছেন না। হাউসের নেতার কাছে জানতে চাই এ সম্বন্ধে সরকারের নীতি কি? তিনি এখানে উপস্থিত আছেন—কেন আমাদের মাননীয় সদস্যদের গ্রেপ্তার করা হয়েছে এ বিষয়ে একটা বিবৃতি আমরা এক্ষুণি চাই।

Mr. Deputy Chairman : I cannot force the Government to give an explanation to make a statement. You have submitted your request and they are all here.

Shri Nirmal Bose:

আপনি স্যার, অনুরোধ করুন।

Shri Santosh Kumar Bhattacharyya : With all respect to you Sir.

আপনার প্রতি আমাদের সকলের সম্পূর্ণ শ্রদ্ধা আছে এবং চিরদিন সে শ্রদ্ধা থাকবে। আপনার উপর পরিপূর্ণ শ্রদ্ধা রেখে আপনার মাধ্যমে আবেদন জানাচ্ছি—যেভাবে গ্রেপ্তার চলছে, কালকে হয়েছে, এখনো চলছে, আজকে সওয়া তিনটার সময় যতীন চক্রবর্তী মশায়কে গ্রেপ্তার করা হয়েছে এবং আরো অনেককে হয়ত পুলিস গ্রেপ্তার করবে, অনেক ট্রেড ইউনিয়ন নেতার উপর পুলিসের গ্রেপ্তারী পরোয়ানা ঝুলছে, তাঁদের ধরবার জন্য পুলিস ঘুরে ঘুরে বেড়াচ্ছে তাতে আপনি তাদের বলুন, লীডার অব দি হাউস এখানে আছেন, তিনি বলুন যে গভর্নমেন্টের নীতি কি গভর্নমেন্ট কী করতে চান এ সম্বন্ধে এবং তিনিই বা কী করতে চান? সে সম্বন্ধে তিনি এখানে একটা বিবৃতি দিন। সেই বিবৃতি আমরা তাঁর কাছে চাচ্ছি। কোন বিবৃতি না দিয়েও তিনি আমাদের বুঝিয়ে বলুন যে যে সমস্ত গ্রেপ্তার ইত্যাদি করা হয়েছে তা খুব ভাল কাজ হয়েছে। সত্যিই কি জন্য গ্রেপ্তার হয়েছে? শান্তিশৃংখলা বজায় রাখার জন্য? না, দেশের লোক বেশী করে খাদ্যাদি পায়? তিনি বলুন যে খাদ্যসমস্যার সুরাহা করবার জন্য এই ব্যবস্থা অবলম্বন করেছেন! আমি প্রথমেই নিবেদন করেছি আমরা এই ব্যাপারে অত্যন্ত বিচলিত ও উদ্বিগ্ন। কাজেই এই অবস্থায় গভর্নমেন্টের একটা বিবৃতি আমরা শুনতে চাই এবং সেই বিবৃতি না দিলে আমাদের এই যে বিচলিত ভাব, আমাদের এই যে উদ্বেগ, তা কিছুতেই যাবে না। সেই অবস্থায় আমাদের স্বাভাবিকভাবে পরিষদের কাজে যোগদান করা সম্ভব হবে না।

Mr. Deputy Chairman :

আমি আপনাদের মনোভাবকে সম্পূর্ণ অনুমোদন করেও বলবো আপনারা জানেন যে আমার কোন অধিকার নাই গভর্নমেন্টকে জোর করবার জন্য যে তোমরা একটা বিবৃতি দেও। গভর্নমেন্টের যাঁরা এখানে আছেন, তাঁরা আপনাদের কথা শুনছেন এবং শুনে যা তাঁরা ভাল মনে করবেন বলবেন, বা করবেন

that is not my look out.

তবে আমি কেবল আপনাদের বলবো এই যে এ্যারেস্ট হয়েছে, এই এ্যারেস্ট-এর জন্য আপনারা ডিস্টারবড হয়েছেন সন্দেহ নাই, হাউসের যে ৫।৬ জন সদস্য গ্রেপ্তার হয়েছেন, তার জন্য আমি আশা করি, আপনারা হাউসের ডেকোরাম্ নষ্ট করবেন না।

Shri Nirmal Bose:

স্যার, ৫।৬ জনের গ্রেপ্তারের ব্যাপার নয় এটা। এমন একটা অস্বাভাবিক পরিস্থিতির উদ্ভব হয়েছে যাতে করে আমরা আমাদের নিরাপত্তা সম্পর্কে বিশেষ উদ্বিগ্ন বোধ করছি কিভাবে আগামী ২৫এ তারিখ কাটবে! আপনি বলছেন আইনের ব্যাপার। আমাদের আপনি বাধ্য করবেন

। মন্ত্রীরা এখানে বসে আছেন চুপ করে, তাঁরা দয়া করে একটু মুখ খুলুন। আমাদের চিন্তার কথা, উদ্বেগের কথা বললাম। তারপরেও কি তাঁরা চুপ করে বসে থাকবেন? তাঁরা মুখ খুলুন একবার, তাঁদের কাছে আমরা শুনতে চাই কি তাঁদের বক্তব্য। আপনি স্যার, তাঁদের একটু বলতে বলুন। এঁরা কি কেবল চুপ করে ওখানে বসে থাকবেন?

Shri Mohit Kumar Moitra :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয় আমার কিছু নিবেদন আছে।

Shri Biswanath Mukherjee :

আমার জিজ্ঞাস্য এ সম্বন্ধে কিছু বলবার অধিকার আছে কি?

Shri Mohit Kumar Moitra : When I am on my legs he has no right to stand up.

Shri Biswanath Mukherjee :

মাননীয় চেয়ারম্যানকে আমি জানাচ্ছি এটা কি হচ্ছে সেটা তিনি দয়া করে দেখুন। আমি মাননীয় সদস্যদের বলছি ওবে দি চেয়ার।

Mr. Deputy Chairman :

আমি একটা কথা বলছি

cannot be a matter for discussion

আমি এ ব্যাপারে কিছু করতে পারি না

according to rules and procedure

হবে। যদি ল মেনে আপনারা চলতে চান তাহলে আমার কথা শুনুন। তা না হলে choose your own course. That does not matter to me.

Shri Nirmal Bose:

আপনার প্রতি আমার পূর্ণ শ্রদ্ধা আছে। আমরা বলছি ২ জন মন্ত্রী মহাশয় এখানে উপস্থিত আছেন, তাঁরা একটু বলুন।

Shri Mohit Kumar Moitra :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয় ব্যক্তিগতভাবে আপনার উপর আমাদের যথেষ্ট শ্রদ্ধা আছে এবং আপনি জানেন যে এক সময় আপনার নেতৃত্বে আমিও কাজ করেছিলাম। আজকে সেই কথা নিয়ে বলছি। আমরা আবেদন করছি আপনি সে নির্দেশ পুনর্বিবেচনা করুন। আপনি সদস্যদের যে সমস্ত অধিকার আছে সে সমস্ত অধিকারের রক্ষা কর্তা এবং আজকে বিধান পরিষদের অধিবেশন চলাকালীন কোন কারণ না দর্শিয়ে এখানকার সভ্যকে গ্রেপ্তার করা হয়েছে এবং আজকে আপনার কাছে এই আবেদন করবো যে যখন বিধান পরিষদের অধিবেশন চলছে তখন আপনি সে সব সভ্যদের বিনা কারণে যে গ্রেপ্তার করা হয়েছে এবং ম্যাজিস্ট্রেটের সামনে উপস্থিত করা হয় নি। এর জন্য আপনি আদেশ করুন যে তাদের এখানে উপস্থিত করা হোক যাতে নাকি তাঁরা সভার কাজে অংশ গ্রহণ করতে পারেন। যদি তা না হয় তাহলে বড়ই অন্যায়। আজকে দেখা যাচ্ছে যে এই অধিবেশন চলাকালীন সময়ে যতীন চক্রবর্তী মহাশয়কে গ্রেপ্তার করা হচ্ছে। কাজেই এইভাবে এ অবস্থাতে কাজ চলতে পারে না। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই ইতিহাসের একটা কথা। মিঃ গ্লাডস্টোন যখন বিলাতের প্রধান মন্ত্রী ছিলেন সেই সময় আইরিশ ইনডিপেনডেন্ট বিল পাশ হবার সময় যারা টেরানি অব মেজরিটি সংখ্যাগরিষ্ঠতার জোরে সে বিল পাশ করতে গিয়েছিলেন। সে সময় পারওয়েল প্রভৃতি যাঁরা ছিলেন তাঁরা বাইবেল পর্যন্ত পড়ে সেই বিলকে যত দিন পেরেছিলেন ঠেকিয়ে রাখেন এবং সেই কৌশলে আমাদর জানা আছে। সেই পারলামেন্ট-এর অনুকরণে বিধানমণ্ডলী

পরিচালিত হচ্ছে। তাই আপনার কাছে আবেদন করবো যাঁরা গ্রেপ্তার হয়েছে তাদের এখানে আনবার আদেশ দিন। আর সে আদেশ দেওয়া যদি কর্তব্য মনে না করেন তাহলে আমরা অন্য পন্থা নিতে বাধ্য হব এবং সেটা বলবো।

Shri Rabindralal Sinha : Is it a threat to the Chair ?

Shri Mohit Kumar Moitra : It is not a threat to the chair, but it is simply a statement of what we will do.

Mr. Deputy Chairman :

আমি আমার বন্ধুদের মনে করিয়ে দিচ্ছি যে তাঁরা মন্ত্রী মহাশয়দের কাছে আবেদন করেছেন। মন্ত্রীমহাশয়রা এখানে আছেন উত্তর দেওয়া না দেওয়া তাঁদের হাত বা ইচ্ছা। ফোর্স করবার কোন অধিকার নেই। কাজেই আমি বলবো হাউস বলবে
according to the procedure of the House
সে প্রসিডিওর-এর প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা রেখে এবং ডেকোরাম যাতে রক্ষা হয় সেই আবেদন করবো। আপনারা যে মনোভাব প্রকাশ করেছেন তার প্রতি আমার সম্পূর্ণ শ্রদ্ধা আছে। কিন্তু সে জন্য হাউস-এর কাজ বন্ধ করবার কোন অধিকার নেই। কাজেই প্রসিড করছি আশা করি আপনারা সাহায্য করবেন।

[Noise and interruptions]

(ভয়েস ঃ আপনি কি বলছেন তা আমরা শুনেছি। আপনার প্রতি আমাদের শ্রদ্ধা আছে। আপনি কি ওকে বলতে বলবেন না?)

(নয়েজ)

Shri Santosh Kumar Bhattacharyya : Sir, with all respect to the Chair

Mr. Deputy Chairman : It will be a very painful duty on my part

সকলে মিলে কেন একসঙ্গে কথা বলছেন? হাউস-এর ডেকোরাম আপনারা মেনটেন করবেন।

Shri Nirmalya Bagchi :

আপনাকে আমরা শ্রদ্ধা জানাই, কিন্তু ও'রা কিছু বলুন।

Mr. Deputy Chairman : Mr. Sinha, you move your motion

(নয়েজ)

[4-55—5-5 p.m.]

The Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1959-60 and 1960-61

Shri Rabindralal Sinha : Sir, I beg to lay before the Council the Annual Reports of the Public Service Commission, West Bengal, for the years 1959-60 and 1960-61 together with memoranda explaining, as respects the cases where the advice of the Commission was not accepted, the reasons for such non-acceptance and Article 323(2) of the Constitution of India.

(At this stage, the honourable members of the Opposition walked out of the chamber with cries of 'Shame' 'Shame')

Resolution for appointment of members of the Joint Committee from the Council on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964

Shri Shyamadas Bhattacharyya : Sir, I beg to move that this Council concurs in the recommendation of the Legislative Assembly that the Council do join in the Joint Committee of the Houses on the West Bengal Land Reforms (Amendment) Bill, 1964, and resolves that the following members of the Council be nominated to serve on the said Joint Committee, namely,—

(1) Shri Nirmal Chandra Bhattacharyya,

(2) Shri Suhdir Chandra Banerjee,

(3) Shri Ahmed Hossain,

(4) Shri Amar Prasad Chakrabarti, and

(5) Shri Sasanka Sekhar Sanyal.

মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, ল্যান্ড রিফর্মস (য়্যামেন্ডমেন্ট) বিল ১৯৬৪ সালে, এটি অত্যন্ত গুরুত্বপূর্ণ বিধায়ক বলে আমি মনে করি। ভূমি সংস্কার পরিকল্পনা কার্যে পরিণত করতে গিয়ে আমরা ভূমিসংস্কার সাধনের বিভিন্ন ধারা প্রযুক্ত করার ভেতরে যে সমস্ত অসুবিধা দেখেছি সেগুলি দূরকরবার জন্য এবং ভূমি সংস্কারের উদ্দেশ্য সফল করবার জন্য আমরা বিধায়ক সংশোধন করে মাননীয় সদস্যদের সম্মুখে উপস্থিত হয়েছি। এটা যেহেতু গুরুত্বপূর্ণ ব্যাপার সেজন্য আমরা যাতে খুব চিন্তা করে সমস্ত দিক বিবেচনা করে এবং আমাদের উদ্দেশ্য ও লক্ষ্যের প্রতি দৃষ্টি রেখে একটা পূর্ণাঙ্গ বিধায়ক এই হাউসের সামনে আনতে পারি সেই উদ্দেশ্যে আমি এই জয়েণ্ট কমিটির প্রস্তাব করছি। আমি আশা করি আমার এই প্রস্তাব মাননীয় সদস্যরা গ্রহণ করবেন।

The West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964

Shri Rabindralal Sinha : Sir, the consideration motion has already been moved and there has-been some discussion. I would now like to reply to one point which was raised the other day.

মাননীয় পরিষদপাল মহাশয়, এই বিধায়ক পরিষদ সম্মুখে উপস্থিত হবার পর আমাদের বিরোধীপক্ষের বন্ধুরা গাছের পাতা নেড়ে ভূত দেখাচ্ছেন। কেননা তাঁরা একথা মনে করেন যে এই বিধায়কের দ্বারা বুঝি জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীকে ন্যাসন্যাল ভলান্টিয়ার কোর্স পুলিস আরক্ষা বাহিনীর অধীন করে দেওয়া হচ্ছে। কিন্তু একথা ঠিক নয়। আরক্ষা বাহিনী পরিচালিত হয় পুলিশ আইন অনুযায়ী এবং পুলিশ কোড্ বা বিধি অনুযায়ী।

[5-5—5-12 p.m.]

আরক্ষা বিভাগ পরিচালিত হয় পুলিশ আইন অনুযায়ী এবং পুলিশ কোড্ বা বিধি অনুযায়ী; আর ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স পরিচালিত হবে ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স অ্যাক্ট, ১৯৪৯ দ্বারা ১৯৪৯ সালের ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স আইন অনুযায়ী। দুটো আইন তফাৎ যে যার আপন আপন আইন অনুযায়ী পরিচালিত হবে। আমরা এই আইন পাস করে কি করতে চাচ্ছি? ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স আইনের কিছু পরিবর্তন সাধন করতে চাচ্ছি। কারণ সেই আইন দ্বারা ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স পরিচালিত হবে, পুলিস আইনের দ্বারা নয়। আমরা তাকে পুলিস আইনের অন্তর্ভুক্ত করতে যাচ্ছি না।

মাননীয় বিরোধীপক্ষের সদস্যগণ এই ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স আইনের সম্পর্কে কটূক্তি করেছেন। আমি তার প্রতিকার করা প্রয়োজন মনে করি। আমি মনে করি ন্যাশান্যাল ভলান্টিয়ার ফোর্স-এর তরুণ স্বেচ্ছাসেবকগণ দেশ সেবার মহান কাজে ব্রত। আমি জানি

আজকে তাদের নামে নানা অভিযোগের মধ্যে তাঁরা প্রাধান্য দিয়েছেন—"এই সব ধর্মঘট ভাঙ্গার কাজে এদের ব্যবহার করা হয়", একথা সত্য নয়। কোন ধর্মঘট ভাঙ্গার কাজে তারা কখনো ব্যবহৃত হয় নাই। অন্যত্র হাওড়া সাফাই শ্রমিক ধর্মঘট ভাঙ্গার জন্য তাঁদের নাম উঠেছিল, বন্দরে খাদ্য খালাস করার ব্যাপারে তাঁদের নাম উঠেছিল। তাঁরা তখনই এগিয়ে আসেন যখন সমগ্র সমাজজীবন বিপর্যস্ত হতে চলেছে, যখন সমাজ জীবন বিপন্ন। হাওড়ায় যখন ধাঙড় ধর্মঘট হয়, হাওড়ায় কনজারভেন্সি ধর্মঘট হয়েছিল, তখন আপনি জানেন হাওড়া সহরে খাটা পায়খানা খোলা নর্দমা, সেই হাওড়ার যে নরককুণ্ডের অবস্থা হয়েছিল, তা বর্ণনা করা যায় না। হাওড়ায় তখন ওলাউঠা প্রভৃতি সংক্রামক ব্যাধির প্রকোপ সুরু হয়ে গিয়েছিল, সেই সময় সাধারণ মানুষকে রক্ষা করবার মহান কর্তব্য নিয়ে এই বাঙ্গালী ভদ্রঘরের তরুন ছেলেরা যে ময়লা পর্য্যন্ত অপসারিত করতে দ্বিধা করেন নাই, তার জন্য হাওড়া তাঁদের আশীর্বাদ করেছেন। আমি মন্ত্রী হিসেবেও সে কথা বলতে পারি।

তাছাড়া দেশে দুরন্ত খাদ্যাভাব ডকে জাহাজ ভর্তি খাদ্য-সামগ্রী দাঁড়িয়ে আছে, এদিকে মিছিল হচ্ছে, ধর্মঘট হচ্ছে, খাদ্য নাই বলে কলকাতার টারমাকাডাম রাজপথকে চষে ফেলা হচ্ছে খাদ্য উৎপাদন বৃদ্ধি হবে বলে এবং ডকে জাহাজ থেকে যাতে মাল না নামে, খাদ্য না নামে দলীয় স্বার্থে সে প্রচেষ্টাও করা হচ্ছে। সেই প্রচেষ্টাকে বানচাল করা, ধর্মঘট বানচাল করা নয়, তাঁরা দেশের বুভুক্ষ মানুষের কল্যাণের জন্য ভারি ভারি খাদ্য-দ্রব্যের বস্তা মাথায় করে সেদিন ন্যাশন্যাল ভলান্টিয়ার ফোর্স-নয় স্বেচ্ছাসেবকরা জন-সেবার কাজে এগিয়ে এসেছিলেন। সেজন্য তাঁদের কাছে আমরা কৃতজ্ঞ।

তাছাড়া আপনি জানেন কলকাতায় যখন সাপাই-এর কাজ নেওয়া হয়, তখন ধর্মঘট-টর্মঘট কিছু নয়, যখন সঞ্চিত আবর্জনা দূরীভূত করবার জন্য যখন ক্লিনার ক্যালকাটা করপোরেশান হয় ইংরেজী করে বলছি, সেই সময় এই জাতীয় স্বেচ্ছাসেবক বাহিনীর স্বেচ্ছাসেবকরা কোন ধর্মঘট ছিলনা, কোন উত্তেজনা ছিল না, তা সত্ত্বেও তাঁরা কলকাতার সাধারণ নাগরিকদের সেবা করতে এগিয়ে এসেছিলেন। তারজন্য কলকাতাবাসী তাদের কাছে কৃতজ্ঞ। সুতরাং আজকে তাঁদের দুর্নাম দিয়ে গালাগালি দিয়ে কোন লাভ হবে না। তাছাড়া এটা যে পুলিসের অন্তর্ভূক্ত হচ্ছে একথাও ঠিক নয়। ন্যাসনাল ভলেণ্টিয়ার ফোর্স-এর, যে কার্য্যাবলী, তার যে ন্যাসনাল ফাংসন ইংরেজীতে আইনটা আছে বলে কতকগুলি ইংরেজী কথা আজ ব্যবহার করেছি এই ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স-এর ফাংসনস ঐ ন্যাসনাল ভলান্টিয়ার ফোর্স এ্যাক্ট অব ১৯৪৯ এর চার ধারায় বিস্তারিতভাবে বিবৃত করা আছে। সেটা যদি তাঁরা দয়া করে কেউ দেখেন তাহলে দেখবেন আরক্ষা বিভাগের সঙ্গে এদের সহযোগিতা করা অপরিহার্য্য। এই আইনে সেই সহযোগিতার রাস্তা আরো সহজ করা হয়েছে। এই আইনের দ্বারা ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্সকে পুলিস বাহিনীর অন্তর্ভুক্ত করা হয়নি। আজকে প্রভিন্সিয়াল কমানড্যাণ্ট-কে নিয়োগ করেন? তাঁকে নিয়োগ করেন রাজ্য-সরকারের একজন আই পি এস অফিসার। কারণ এটা ডিসিপ্লিন মেথড হবে বলে। সেই জন্য আজকে যদি আর একজন আই পি এস অফিসার আই জি রাজ্য-সরকারের অধীনে এই স্টেটে তার আর একজন আই পি এস অফিসার প্রভিনসিয়াল কমনডেট-এর উপরে থাকেন দুটো শীর্ষবিন্দুতে আরক্ষা বিভাগ ও ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স-এর সংযোগ সাধনের জন্য তাতে কি মহাভারত অশুদ্ধ হলো? এক সঙ্গে কাজ করবার জন্য এটা দরকার। এক সঙ্গে কাজ কববার জন্য আজকে এটা করার দরকার। বাঙ্গালীব ছেলেদেব অনেকেই দূর্ণাম করছেন যে তারা নাকি শারিরীক শ্রমসাধ্য কাজ করতে পারেন না কিন্ত এই ন্যাশানাল ক্যাডেট কোর্স-এর ছেলেরা যে ভাবে জাহাজ থেকে খাদ্য নামিয়েছেন যে কোন মানুষই গর্ববোধ করবেন, বাঙ্গালী তরুণরা কখনই এই শ্রমসাধ্য কার্য্যে ব্যার্থ হননি। আর একটা কথা বলতে হয় তা হল এই বৃহৎ সীমান্তের কথা। এই বৃহৎ সীমান্তের অপর পারে পাকিস্তান তারা আমাদের প্রতি বন্ধু ভাবাপন্ন নয় এ ছাড়া চীনের আক্রমণের কথা ছেড়ে দিচ্ছি, সেইজন্য আজকে দেশে একটা শৃংখলা বদ্ধ এ ধরণের বাহিনী গঠন

করা উচিত এবং যে বাহিনীকে আগ্নেয়াস্ত্র পরিচালনা শিক্ষা দেওয়া হয় রাইফেল ট্রেনিং দেওয়া হয় এবং তারা বর্ডার আউট পোস্ট-এ বেস ভাল করে কাজ করছেন। সুতরাং সর্বদিক বিবেচনা করে মাননীয় উপ-পরিষদপাল মহাশয় আমি মনে করি এই সংশোধনী বিধায়কের বিরুদ্ধে বলার কিছুই নেই।

The motion of the Hon'ble Rabindralal Sinha that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to

Clauses 2 to 5

The question that Clauses 2 to 5 do stand part of the Bill was then put and agreed to

Clause 1, Preamble and the Title

The question that Clause 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

Shri Rabindralal Sinha : Sir, I beg to move that the West Bengal National Volunteer Force (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed

Dr. Srikumar Banerjee :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, বিরোধী দলের অনুপস্থিতির জন্য আমি একটি বিষয়ের প্রতি মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করবো এবং অনুরোধ করবো যে বিষয়টা যাতে তিনি ব্যাখ্যা করেন। তিনি যদি ব্যাখ্যা করেন তাহলে সংস্কার এবং সন্দেহ দূর হয়। বিষয়টা হচ্ছে পুলিসের যিনি ইনস্পেক্টর জেনারেল তাঁকে শীর্ষবিন্দুতে দেওয়ার জন্য এন সি সি-এর কার্যাবলী তার উপর প্রভাব বিস্তার করবে বা কার্য্যাবলীর পরিবর্তন হবে। এই সম্বন্ধে যদি বিস্তারিত ব্যাখ্যা করেন তাহলে বুঝতে পারবো যে তাদের যে স্বাধীন কার্য যে কাজের অন্তর্নিহিত আদর্শ তা কিছুমাত্র অব্যাহত হবেনা এই পুলিসের সঙ্গে সংযোগের ফলে, আমি সেজন্য অনুরোধ করছি যদি তিনি ব্যাখ্যা করে বুঝিয়ে দেন তাহলে এই যে বিধায়ক তাহার সম্পূর্ণ উদ্দেশ্যটা বুঝতে পারি এবং অনুধাবন করতে পারি।

Shri Rabindralal Sinha :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয় প্রথম কথা হচ্ছে এই ন্যাশানাল ভলান্টিয়ার ফোর্স-এর কার্য্যাবলী দেখতে হলে আমি একটা কথা মাননীয় অধ্যাপক শ্রীকুমার বন্দ্যোপাধ্যায়কে বলবো যে তিনি ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স যেটা হয়েছে তাহার সেকসন (৪) সেটা দেখুন সেটা দেখলেই বুঝতে পারবেন

When they are called upon for duty shall discharge such functions in relation to—

(a) Protection of persons,

(b) Security of property,

(c) Preservation of public peace in any area within West Bengal.

এই কার্যগুলো করতে হলে তাদের পুলিসের সঙ্গে সহযোগিতা একান্ত প্রয়োজন, গত সাম্প্রদায়িক হাঙ্গামার সময় এই ন্যাশনাল ভলান্টিয়ারদের কিছু লোক খুব ভাল কাজ করেছিল এবং পুলিসের সঙ্গে সহযোগিতা করতে হয়েছিল। এখানে পুলিসের প্রশ্ন নয় বা পুলিস

বিভাগের অন্তভুক্তি হচ্ছেনা এটা রাজ্য সরকারী নিযুক্ত করবেন। একটা ফোর্স-এর প্রধান যিনি তিনি রাজ্য সরকারের অধীনে থাকবেন তিন স্বাধীন নন তাঁর সম্বন্ধে এই এ্যামেন্ডিং এ্যাক্টটা যদি দেখেন তাহলে বুঝতে পারবেন।

"Subject to control of the State Government, the superintendence and direction of the forces shall vest in the Inspector-General, and all officers and subordinates of other ranks shall be subordinate to the Inspector-General."

এটাকে পড়তে হবে সেকসন ৫-এর সংগে। সেকসন ৫তে কি ষ্ট্রাকচার আছে ন্যাশনাল ভলান্টিয়ার ফোর্স্‌এ সেটা বলে দেওয়া আছে। সেই ষ্ট্রাকচার-এর কোন পরিবর্তন হচ্ছে না। সুতরাং সেটা যেমন যথারীতি চলছিল চলবে শীর্ষবিন্দুতে ইনস্পেক্টর-জেনারেল উদ্দেশ্য যে যখন এই দুই বিভাগ নিয়ে এক সংগে কাজ করতে হবে তখন ইউনিট অব বর্ডারস্লিপটা থাকবে যদি এই শীর্ষবিন্দুতে ইনস্পেক্টর-জেনারেল থাকেন। আর এদের যেসব শিক্ষা ব্যবস্থা পিপল ট্রেনিং থেকে সুরু করে কিছুটা পুলিসের সহযোগিতা শিক্ষা ব্যবস্থার মধ্যে অপরিহার্য। সেজন্য অফিসার র‍্যাংক-এ পুলিশ বিভাগের অফিসার অনেকগুলি আছেন। প্রভিন্সিয়াল কমন্ডেন্ট যিনি তিনি এর শীর্ষবিন্দুতে আছেন উনি একজন আই পি এস সুতরাং রাম থাকেন কি শ্যাম থাকলো তাতে কিছু যায় আসেনা দায়িত্ব সব রাজ্য সরকারের। অন্যায় কিছু হলে রাজ্য সরকারকে তার জন্য জবাব দিহি করতে বাধ্য এর রাজ্য সরকারের হাতে যখন আছে তখন রাজ্য সরকার কাজ দিলে কাজের সুবিধা হবে সেটা ভাল বিবেচনা করবেন। সেই করলেই ইনস্পেক্টর জেনারেলকে আনা হল। সেকশান ৪-কে যদি যথাযথ কারণ পরিণত করতে হয় সেকশন ৪ অনুযায়ী যদি যথাযদি কার্য্য করা হয় তাহলে পুলিশের সংগে একটা সহযোগিতা ও সহযোগ থাকা আবশ্যক—অধীনতা হয়; সংযোগ ও সহযোগিতা।

The motion of the Hon'ble Rabindralal Sinha that the West Bengal National Voluneer Force (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 5-12 p.m. till 3-30 p.m. on Thursday, the 24th September, 1964, in the Legilsative Buildings, Calcutta.

Members absent

Shri Snehangshu Kanta Acharyya.

Dr. Anil Chandra Banerjee,

Shri Sudhir Kumar Banerjee,

Shri Dihirendra Nath Bhattacharya.

Shri Promotho Nath Bisi.

Shri Amar Prasad Chakrabarty.

Shri Jatin Chakravarty.

Dr. Suniti Kumar Chatterji.

Shri Narendra Nath Das.

Shrimati Labanya Prova Dutt.

Shri Kali Charan Ghose.

Shri Pijush Chandra Ghose.

Shri Asutosh Ghose.

Dr. Rudranath Ghosh.

Shri Nar Bahadur Gurung.

Shri G. N. Khaitan.

Shri Rajendranath Majumdar.

Shri Shaikh Mohammad Jan.

Shri Sudhirendra Nath Mukherjee.

Shri Debendra Kumar Mukhopadhyay

Shri Rezaul Karim.

Dr. Charu Chandra Sanyal.

Shri Sasanka Sekhar Sanyal and

Shri Subodh Sen.

COUNCIL DEBATES

Thursday, the 24th September, 1964

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 24th September 1964, at 3-30 p.m. being the Seventeenth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Deputy Chairman (Dr PRATAP CHANDRA GUHA ROY (was in the Chair.

UNSTARRED QUESTIONS

(to which Written Answers were laid on the table)

Free and Compulsory Primary Education in the State

37. Shri Nirmalya Bagchi : Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) district-wise number of villages which have been brought under the scope of free and compulsory primary education, so far,

(b) district-wise number of primary schools in compulsory area; and

(c) district-wise number of cases reported under section 62(1) and (2) of Bengal (Rural) Primary Education Act, 1930 for the years 1961, 1962 and 1963, respectively ?

Minister of Education (Shri Rabindralal Sinha) : (a) to (c) Reply furnished in the Annexure.

ANNEXURE

District	(a) No. of villages which have been brought under the scope of free and compulsory primary education so far	(b) No. of primary schools in the compulsory area	(c) No. of cases reported under section 62(1) and (2) of Bengal (Rural) Primary Education Act, 1930, for the years 1961, 1962, 1963.
Bankura	All villages in the district	2,266	Nil.
Birbhum	Ditto	1,404	,,
Burdwan	Ditto	2,324	,,
Cooch Behar	Ditto	944	,,
Darjeeling	Ditto	410	,,
Hooghly	Ditto	1,696	,,
Howrah	Ditto	1,271	,,
Jalpaiguri	Ditto	1,066	,,
Malda	Ditto	1,053	
Midnapore	Ditto	5,576	,,
Murshidabad	Ditto	1,529	,,
Nadia	Ditto	1,540	,,
24-Parganas	Ditto	4,361	
West Dinajpur	Ditto	1,409	
		26,849	

Cold Storages in West Bengal

98. Shri Abdullah Rasul : Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) the district-wise number of cold storages in West Bengal with their total capacity;

(b) (i) how many of them are used exclusively for potato storing with their total capacity, (ii) how many of such potato storages are there in the districts of (1) Calcutta, (2) Burdwan, and (3) Hooghly with their total capacities separately; and

(c) how many of them are used for fruit preservaton with their total capacity ?

Minister of State for Agriculture (Shri Smarajit Bandhyopadhyay) (a) A statement showing the district-wise number of cold storages in West Bengal with their total capacity is enclosed herewith.

(b) (i) Out of 104 cold storages, potatoes are stored in 101 cold storages and their total capacity is 17,31,887.60 quintals approximately. The remaining 3 are ice factories where potatoes are not stored.

(ii) Number of potato storages in the districts along with their total capacities are shown below :

Districts.	No. of cold storages.	Capacity in quintal.
1. Calcutta	25	3.50,932.00
2. Burdwan	20	4,87,143.00
3. Hooghly	38	5.82,743.00

(c) None of the existing cold storages is used exclusively for fruit preservation Fruits are however stored in only 6 (six) of the existing cold storages along with other commodities.

Statement referred to in clause (a) of question No. 98

STATEMENT

Number of cold storages in West Bengal showing district-wise distribution with their total capacity as on 30th June 1964 :

Name of the district	Number of cold storages installed	Installed capacity in (quintal).
1. Calcutta	25	3,50,932·00
2. 24-Parganas	3	38,415·00
3. Howrah	7	1,04,745·60
4. Hooghly	38	5,82,734·00
5. Burdwan	20	4,87,143·00
6. Birbhum	3	47,625·00
7. Bankura	2	14,285·00
8. Midnapore (East)	2	41,777.00
9. Mdinapore (West)	3	61,606·00
10. Nadia	1	2,625·00
	104	17,31,887 60 (appx.)

Cold storages for potatoes

99. Shri Abdullah Rasul : Will the Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) how many potato cold storages are run—

(i) by Government,
(ii) by Co-operatives, and
(iii) by private individuals;

(b) the rate per maund for storing potatoes—

(i) maximum,
(ii) minimum, and
(iii) average;

(c) (i) whether any ceiling limit of profit has been fixed for the owners for storage of potatoes, (ii) if so, what are the percentages of profit (gross and net) so fixed;

(d) whether there are any arrangemets for inspecting or supervising the cold storages; and

(e) if so, what are (i) the arrangement, and (ii) purposes thereof?

Minister of State for Agriculture (Shri Smarajit Bandyopadhyay) : (a) (i) By Government—3 (including one run by the West Bengal State Warehousing Corporation).

(ii) By Co-operative—1.
(iii) By private individuals— 00.
(b) (i) Rs. 17.00 per quintal.
(ii) Rs. 8.50 paise per quintal.
(iii) Rs. 14.00 per quintal.
(c) (i) No.
(ii) Does not arise.
(d) No.
(e) Does not arise.

Storage arrangements in potato cold storages

100. Shri Abdullah Rasul : Will the Hon'ble Minister-in-charge of the Agriculture Department be pleased to state—

(a) whether any complaints have been received recently by the Government regarding storage arrangements in potato cold storages or damage done to potato preserved in them; and

(b) if so, what are the steps taken or proposed to be taken in that regard ?

Minister of State for Agriculture (Shri Smarajit Bandyopadhyay) : (a) Yes.

(b) After enquiries are made by local officers, remedial measures are suggested and the authorities involved requested to effect necessary improvements. In the absence of any proper legislative power of Government over the cold storage such

intervention by Government has not been very effective so far. A legislation for the licensing of the cold storages and bringing them under a unified code of conduct so as to regulate the cold storage trade to the best advantage of the growers and the general public is accordingly under consideration of Government.

Provisions of the Paschim Banga Ayurvedic System of Medicine Act, 1961

101. Shri Manoranjan Sen Gupta : Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state what steps have been taken by the Government in pursuance of the provisions of the Paschin Banga Ayurvedic System of Medicine, Act, 1961—

(a) to establish—

(i) Ayurvedic Hospital and Dispensaries, and
(ii) an Ayurvedic Pharmaceutical Department;

(b) to establish and maintain a State Herbarium;

(c) to foster the plantation of Ayurvedic medicinal. plats;

(d) to establish a State Ayurvedic Research Institute and Tols; and

(e) to take over the Biswanath Ayurvedic Mahavidyalaya founded by Mahamohopadhyay Gananath Sen and the Vaidyasastrapith founded by Kaviraj Shiromani Shyamadas Bachaspati ?

Minister for Health (Shri Purabi Mukhopadhyay) : (a) to (d) Government have just started a State Ayurvedic College by taking over the J. B. Astanga Ayurveda Vidyalaya and the attached hospitals. The question of starting other Ayurvedic institutions will be considered gradually.

(e) No decision has yet been taken for taking over these two institutions.

Calling Attention to Matter of Urgent Public Importance

Mr. Deputy Chairman : I have before me one Calling Attention matter on the subject of payment of deputation allowance to teachers under training brought by Shrimati Anila Debi.

Shrimati Anila Debi : Sir, my Calling Attention matter runs thus:

Some 2,000 teachers of different secondary schools in the State have joined B. T. Colleges for training. Their only means of subsistence is the deputation allowance they will receive from the Education Department. Since their joining the Training Colleges in July, 1964, they have not yet received even a month's deputation allowance. The teachers concerned are facing starvation. The attention of the Education Minister is, therefore, drawn to the urgency of the situation and the immediate need of paying the teacher-trainees their deputation allowance.

Shri Rabindralal Sinha : Sir, I will reply on Tuesday next.

Mr. Deputy Chairman : Are the Ministers ready with their answers on the Calling Attention notices given previously ?

Shri Santosh Kumar Bhattacharya :

আমার একটা ছিল পূজা এ্যাডভান্স সম্বন্ধে কলিং এ্যাটেনসন, তার উত্তর কবে পাওয়া যাবে ?

Shri Rabindralal Sinha:

আপনি যদি কলিং এ্যাটেনসান করেন তো কলিং এ্যাটেনশন-এর জবাব এখনই দিতে পারি। আর যদি টাকা চান, তার উত্তর একটু ভেবে চিন্তে দেব বলে দু-একদিন সময় নিচ্ছি।

Message

Secretary : The following message has been received from the West Bengal Legislative Assembly :

"The Calcutta Municipal (Second Amendment) Bill 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 9th September, 1964 has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Coucil to the Bill is requested.

K. C. BASU,
Speaker,
West Bengal Legislative Assembly.'

Calcutta :
The 23rd September, 1964.

I beg to lay on the Table the Message and the Bill.

Arrest of Member

Mr. Deputy Chairman : Honourable members, I have received a communication that Shri Jatin Chakravorty, a Member of the House, was arrested on the 23rd September, 1964, under rule 30 of the Defence of India Rules, 1963, and has been lodged in the Presidency Jail since then.

Re-consideration of Bills

Shri Mohit Kumar Moitra : Sir I would like to draw your attention to one very important matter. Last evening when the members of the Opposition walked out of the chamber, the party in power got one Bill passed in the absence of the Opposition. Sir, democracy requires that there must be an opposition in the Legislature and if the party in powers takes advantage of the absence of the Opposition in the House in passing Bills, then it is nothing but a mockary of democracy. Sir, in this connection, I would like to draw your atention to a very important fact that in 1929 when the Congress Party, in which was the opposition party in the Central Legislatve Assembly during the British regime,—went out undr the leadership of Pundit MotiLal Nehru of reversed memory, the then President . . .

Mr. Deputy Chairman : Is it a point of order ?

Shri Mohit Kumar Moitra : No, Sir, it is not a point of order, but I am drawing your attention to a very serious matter and then I would requst you to do something.

Then, Sir, the then President of the Assembly, the Hon'ble Mr. V. J. Patel, adjourned the Assembly because there was no member of the Opposition in the House and that was during the British regime, Therefore, Sir, I would like that, being the

custodian of the rights and privileges of this House, you will not, even if the party in power wants to stage a mockery of democracy, allow it. So, Sir, I would request you that the Bills which have been passed should again be pleased before this House. As a precedent, I would like to place before you that fact that during the strike which was called against the proposal of merger of West Bengal with Bihar, the then Ministry Continued the Assembly, held its sitting but there was on the day no member of the Oppostion present in the House, and one or two Bills were passed. But afterwards those Bills were again placed before the Assembly. So, there is a precedent. Sir, I would now request you to rise to the height of the occasion and just up hold the prestige and dignity of this House by calling upon the Ministry to place these Bills again before this House for its consideration.

Mr. Deputy Chairman : About the precedent that has been mentioned about the Assembly passing a Bill and re-opening it and taking it up again, that was because on account of the strike the members of the Opposition were absent on the day. But I would like to inform honourable members that we have this precedent in this House that the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council were passed after a walk-out by the honourable members of the Opposition. That precedent is there, and this House has acted accordingly.

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি এটা পুনর্বিবেচনা করতে বলছি। আপনি যে কথা বলেছেন আপনার কথার উপর সম্পূর্ণ আস্থা রেখে এবং শ্রদ্ধা সহকারে এই বিষয়টা পুনর্বিবেচনার কথা বলছি। আপনি এই পরিষদের বিধির কথা বলেছেন। এই পরিষদের সেই বিধি আছে এবং সকলের উপরে ওটিও। পার্লামেন্টারী গণতন্ত্র মিথ্যা হয়ে যাবে যদি বিরোধীদলকে সংগে নিয়ে কাজ না করা হয় এবং বিরোধী দলের অনুপস্থিতিতে বিল পাস করা হয়। এখানে ... পূর্ণ সংখ্যা গরিষ্ঠতা আছে এবং সে ক্ষেত্রে আমরা কেবল সমালোচনা করি মাত্র এ ক্ষেত্রে সমালোচনা করলেও বিল পাস করবেন যেখানে গুটি কয়েক সদস্য উপস্থিত না হচ্ছেন সেখানে এই আলোচনা হওয়া উচিত নয়। তার কারণ হচ্ছে আমরা বিলগুলির উপর আলোচনা করতে পারি এবং তার উপরে বক্তব্য রাখতে পারি। পার্লামেন্টারী গণতন্ত্রের মূলকথা হলো যে আমাদের সমালোচনা থেকে মন্ত্রীমণ্ডলী উপকৃত হন সেজন্য আমাদের সমালোচনার প্রয়োজন এবং সেইজন্য এই সমালোচনা হল এর অংগ এই সমালোচনা না থাকলে এই আলোচনা মূল্যহীন। সুতরাং সমালোচনা করা বিশেষ দরকার। গতকাল কোন পরিস্থিতিতে কি কারণে আমরা বেরিয়ে গেছলাম? আমরা অত্যন্ত বিচলিত হয়েছিলাম। আমি সেই সমস্ত কথার পুনরুল্লেখ করতে চাই না আমরা বহুবার আবেদন করেছি এবং যখন আমরা দেখেছি ঐ পক্ষ আমাদের আবেদনে একবারে নিশ্চুপ কোন কথা বলছেন না তখন আমরা প্রতিবাদ জানাবার জন্য বেরিয়ে গেছলাম। আমরা ছেলেখেলা করবার জন্য বেরোই নি। আমরা প্রতিবাদ জানাবার জন্য বেরিয়েছিলাম। আমরা আশা করেছিলাম যে এর পর সভা বন্ধ থাকবে কিন্তু তা হয়নি। তাই আপনার কাছে অনুরোধ জানাই যে ন্যাশনাল ভলেনটিয়ার্স বলে যে বিল হয়েছে সেটা আনুন। সে বিল সম্পর্কে আমাদের বক্তব্য আছে সুতরাং সে বক্তব্য আমরা রাখতে চাই। আমরা চাই যে এ বিষয়টা এখানে আনা হোক। আপনারা এর উপর যে আলোচনা হলে তা থেকে উপকৃত হতে পারবেন। এ না করলে পার্লামেন্টারী গণতন্ত্রে এই কথাই আমরা মনে করবো যে তা আজ পণ্ড হতে বসেছে এবং কংগ্রেস পক্ষই এটা পণ্ড করতে চাচ্ছেন।

Mr. Deputy Chairman : I say the precedent is there.

Shri Nirmal Bose:

আমি এই কথাই বলতে চাই যে পার্লামেন্টারি গণতন্ত্রে বিরোধী পক্ষকে যদি আলোচনার সুযোগ না দেওয়া হয় তা হলে সমস্ত মিথ্যা হয়ে যাবে এবং গণতন্ত্র ধ্বংস হয়ে যাবে।

Mr. Deputy Chairman :

আমি ডিসকাসন-এ যাব না। নির্মল বোস মহাশয়কে জানাচ্ছি যে ওয়াক-আউট করে যদি আরম্ভ করা হয় তা হলে ইট ইজ এ ড্যাঞ্জারাস প্রিসিডেন্ট যদি ওয়াক আউট করলে হাউস এর কাজ বন্ধ করে দেওয়া যায় তা হলে কোন হাউস-ই চালান যাবে না। যদি ডিটারমাইণ্ড অপোজিসন দাড়ায় যে আমরা কাজ করতে দেব না এই ডেঞ্জারাস প্রিসিডেন্ট কোন হাউস-ই এ্যাকসেপ্ট করতে পারে না এবং আমি এটা বিশ্বাস করি না। তা ছাড়া হাউস-এ প্রিসিডেন্ট আছে যে ওয়াক-আউট এর পর বিল এ্যাকসেপ্ট করেছে অতএব যেটা হয়েছে এটার উপর আলোচনা না করে পুলিস বিল যেটা আছে সারটেনলি ইউ হ্যাভ এভরি স্কোপ আপনারা সেখানে ডিসকাসন করবেন যেটা হয়ে গেছে সেটা নিয়ে আর আলোচনা করবেন না।

Shri Nirmalya Bagchi:

মাননীয় উপ-পরিষদ পাল মহাশয় আমি বিনীত ভাবে একটা কথা নিবেদন করছি যে আমরা গতকাল দুটো কলিং এ্যাটেনশন নোটিশ দিয়েছিলাম এবং আমাদের যে রুলস অব প্রসিডিওর আছে সেই রুলস এ্যাণ্ড প্রসিডিওর থেকে আমরা চেষ্টা করেছিলাম যাতে সরকার পক্ষ এই সম্বন্ধে তাদের বক্তব্য সবার সামনে উপস্থিত করেন। আপনি নিশ্চয়ই অনুমান করতে পারেন এই পক্ষে যারা বসে আছেন তারা কালকে কি পরিমাণ বিক্ষুব্ধ এবং উত্তেজিত হয়েছিলেন। আমরা তবুও পরিষদীয় যে সমস্ত রীতি-নীতি ও আইনকানুন আছে তা যথাযথ পালন করবার চেষ্টা করেছিলাম। আমরা যখন দেখলাম যে সরকার পক্ষ অনমণীয়, আমাদের কোন বক্তব্যই শুনতে তারা রাজী নহেন তখন আমাদের পক্ষে কোন গত্যন্তর ছিল না তাই আমরা ওয়াক-আউট করতে বাধ্য হয়েছিলাম। এই অবস্থায় যখন একটা বিল পাস করে নিয়েছেন তখন তার দ্বারা প্রমাণিত হয় যে গণতন্ত্রের প্রতি সরকার পক্ষের কতটুকু মর্যাদাবোধ রয়েছে। এই অপোজিসনকে বাদ দিয়ে যদি বাংলাদেশে বিধান সভায় যদি বিল পাস হতে আরম্ভ হয় তা হলে মনে রাখবেন যে গণতন্ত্রের দিন শেষ হয়ে এসেছে। সেই কারণে সরকার পক্ষকে অপর কারণে অনুরোধ করছি যে গতকাল যে সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন যে হাউস চালিয়ে যাবেন অপোজিসান না থাকলেও সে সিদ্ধান্তকে পরিবর্তন করুন। এবং যে বিল পাস করছেন এবং যে বিল পাস করেছেন তা পুনারুত্থাপন করুন।

Mr. Deputy Chairman :

আমি আপনাদের মনোভাবের প্রতি সম্পূর্ণ সহানুভূতি সম্পন্ন, সেটা যেন মনে রাখেন। কিন্তু তবুও এ্যাকর্ডিং টু দি প্রসিডিওর অব দি হাউস এটাকে রি-ওপেন করাটা বেআইনী হবে বলে সেটা আমি কখনও সমর্থন করতে পারব না। কাজেই এই বিল আর রি-ওপেন হতে পারে না। দিস ইজ মাই রুলিং কাজেই আপনারা যদি মনে করেন যে ওয়াক-আউট করলেই কাজ বন্ধ হয়ে যাবে তাহলে কোন কাজই আপনারা করতে দিতে পারেন না এই ডিটারমিনেশন নিয়ে চললে। কাজেই এই বিল আর রি-ওপেন হবে না এটাই আমার ডিসিসন।

Shri Satya Priya Roy:

আমি এ সম্পর্কে একটু বলতে চাই। এ সম্পর্কে আপনি রুলিং দিতে গিয়ে বললেন যে আমরা ওয়াক-আউট নিয়ে আলোচনা করছি। এ সম্পর্কে আমি একটা ক্লারিফিকেশন চাচ্ছি।

Dr. Sreekumar Banerjee : Sir, is this a new issue or the old issue is being raised ?

Shri Satya Priya Roy : This is for the clarification of the old issue. I am asking our Deputy Chairman for the clarification of the ruling he has given.

Shri Satya Priya Roy:

আপনি আপনার বক্তব্যের মধ্যে বললেন যে ওয়াক-আউট আমরা করেছিলাম আমরা বিল তখন নিয়েছি যখন বিলের ডিসকাসন-এর মাঝখানে বিলের প্রতিবাদ জানাবার জন্য ওয়াক-আউট করেছি এবং তখন বিলের ডিসকাসন আটকায়নি। কিন্তু আপনি যা বললেন তাতে কাল ঠিক ঐ রকম বিলের ডিসকাসন-এর প্রতিবাদে অপোজিসন ওয়াক-আউট করেন নি। কাল অপোজিসন যে ওয়াক-আউট করেছে তা একটা বিরাট সম্ভাবনাকে সামনে রেখে এবং অত্যন্ত গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত অপোজিসন-এর পক্ষ থেকে নেওয়া হয়েছে যা হয়ত অপোজিন-এর পক্ষ থেকে খুব বেশী ঘন ঘন দেখা দেবে না এবং তাতে ডেমোক্রাটিক কাজকর্ম হাউসের বন্ধ হয়ে যাবে তারও সম্ভাবনা নেই। ইদানিংকালে প্রিসিডেন্ট হিসাবে লেজিসলেটিভ এ্যাসেম্বলি-তে দেখা দিয়েছে যে অপোজিসন-এর ঝগড়ার পর আবার দেওয়া হয়েছে। ইউ, পি,-তে যখন সমস্ত অপোজিসন-কে বার করে দেবার প্রয়োজন হয়েছিল তখন আপোষ আলোচনার মধ্য দিয়ে ঠিক হয়েছিল যে আবার বিল আসবে। কাজেই খুব আনপ্রিসিডেন্টেড কিছু নয়। কাজেই আপনি যেটা বললেন ওয়াক-আউট সেটা হচ্ছে নরম্যাল কণ্ডিশন-এ বিলের প্রতিবাদ করতে গিয়ে ওয়াক-আউট করেছে। কিন্তু এইরকম একটা জাতীয় সংকট মুহূর্তে যখন অপোজিসন একটা বিশেষ সিদ্ধান্ত গ্রহণ করে বেরিয়ে যায় তখন গণতন্ত্র বিপন্ন হতে পারে না এবং তাকে শ্রদ্ধা জানানোই হচ্ছে এই হাউসের গণতন্ত্র রক্ষা করবার একমাত্র উপায়। এদিক থেকে আপনি যে ক্লাসিফিকেশন করে রুলিং দিয়েছেন এবং তাতে ওয়াক-আউট-এর যে চেহারা উল্লেখ করেছেন, কালকের ওয়াক-আউট-এ ঠিক সেই চেহারা দেখা দেয়নি। এই সম্পর্কে আপনি আর একটু বিবেচনা করে আপনার বক্তব্য কি সেটা পরিষ্কার করে বুঝিয়ে দেবেন এটাই আশা করি।

Mr. Deputy Chairman :

আপনার আরগুমেন্ট খুব কোজেন্ট এটা আমি স্বীকার করি। আপনার বিলের ডিসকাসন করতে করতে চলে গিয়েছিলেন সেই সময় আমি চেয়ার-এ ছিলাম। কিন্তু বিলের ডিসকাসন করতে করতে চলে গেলে ওয়াক-আউট মানে হচ্ছে বিলের কোন কাজ আরম্ভ হয়নি। বিলের ভোটিং আরম্ভ হয়নি এবং এই রকম সময় আপনারা ওয়াক-আউট করেছিলেন। কাজেই সেই বিলকে থামান যায়নি। সেই বিল পাশ করে নেওয়া হয়েছিল। সেই প্রিসিডেন্ট হিসাবে হাউসের কাজ বন্ধ হয়ে যাবে তাতে কোনদিন কেউ কিছু করতে পারবে না এটা আমি ফীল করি। অতএব অপোজিসন ওয়াক-আউট করলেই কাজ বন্ধ হয়ে যাবে এই রকম প্রিসিডেন্ট কোথাও নেই—বিলেতেও নেই, আমাদের পারলিয়ামেন্ট-এও নেই। কাজেই আমি আর এটা রি-ওপেন করতে পারবো না।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই প্রসঙ্গে আমার একটা নিবেদন আছে। আপনার রুলিং আমরা মানতে বাধ্য এবং সেটা আমরা মেনেও নিয়েছি। আপনার রুলিং দেবার আগে বলেছেন যে এর আগে স্ট্রাইক-এর ফলে মেম্বার-রা হাউসে আসতে পারেন নি সেই সময় বিলের আলোচনা বন্ধ থেকেছে। আগামীকাল একটা স্ট্রাইক আহ্বান করা হয়েছে এবং সরকার পক্ষ থেকে যাতে এই স্ট্রাইক না হয় তার জন্য নানারকম বিধিব্যবস্থা অবলম্বন করছেন। আমাদের এই হাউস-এর এবং ও হাউস-এর মেম্বারদের এ্যারেষ্ট করা হয়েছে। আগামী কাল আমাদের পক্ষে এই অপজিসনে আমরা যাঁরা রয়েছি আমাদের কারো পক্ষে বিধান পরিষদে আসা সম্ভব একেবারেই হবে না। এটা আপনার কাছে নিবেদন করে যেতে চাই। আমি জানি না ও-পক্ষের ও'রা কি করবেন! তবে আগে আমরা দেখেছি যখন স্ট্রাইকের কথা হয়েছে, তখন কংগ্রেস পক্ষের মেম্বারদের সরকার হাউসে রেখে রাত্রে খাওয়ান-দাওয়ানোর ব্যবস্থা করেছেন। এবারে রাত্রে তেমন কিছু করবেন কিনা জানি না। তবে আমরা যেহেতু অপজিসনের লোক, আমাদের পক্ষে আসা সম্ভব নয়। কারণ অপজিসন স্ট্রাইকের কল্ দিয়েছে, অপজিসন স্ট্রাইকের আহ্বান জানিয়েছে—সমস্ত বিরোধীপক্ষ দলমত নির্বিশেষে, কাজেই সেই পরিপ্রেক্ষিতে আমাদের পক্ষে এই হাউসে আসা একেবারে অসম্ভব এবং আমরা আসছিও না। কাজেই এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই যে যখন

অতীতের নজীর আছে বিরোধী পক্ষের অনুপস্থিতির দরুন কোন বিল ইত্যাদির কাজ, গভর্নমেন্ট বিজনেস্ এই হাউসে হয় নাই, তখন সেই কথা নিশ্চয়ই বিবেচনা করা হবে এবং যখন এনটায়ার অপোজিসন উপস্থিত থাকবেন না, সেই কারণে এখানে কোন গভর্নমেন্ট বিজনেস হবে না—এই সিদ্ধান্ত নিশ্চয়ই আপনি গ্রহণ করবেন। এই আবেদন আপনার কাছে জানাচ্ছি—আমাদের বিরোধী পক্ষের তরফ থেকে।

Mr. Deputy Chairman : I will keep it in mind.

Attendance of Staff

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনার কাছে যে বিষয়টা রাখতে চাই সেটা হলো আগামী কাল যে ভারত বন্ধ—সর্বাত্মক হরতাল আহবান করা হয়েছে বামপন্থী দল এবং বিভিন্ন ট্রেড ইউনিয়নের পক্ষ থেকে, তাকে ভাঙ্গবার জন্য, তাকে ব্যর্থ করবার জন্য সরকার পক্ষ থেকে নানা চেষ্টা হচ্ছে। আমাদের বিধান পরিষদ এবং বিধান সভার অনেক সদস্যকে ইতিমধ্যে গ্রেপ্তার করা হয়েছে। এ বিষয়ে গতকাল আমরা উল্লেখ করেছি এবং তার প্রতিবাদও জানিয়েছি। আজকে এই প্রসঙ্গে আর একটা বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই—সেটা হচ্ছে সরকারী কর্মচারী সম্পর্কে যে মনোভাব সরকার গ্রহণ করেছেন, যে রকমভাবে তাঁরা হুমকী দিচ্ছেন এবং যে সন্ত্রাসের রাজত্ব সৃষ্টি করছেন, তার বিরুদ্ধে আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি ও তার প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি। যে কথা আমরা আগেও বলেছি যে হরতাল আহবান করবার অধিকার যেমন আমাদের আছে, তেমনি যাতে হরতাল না পালন করা হয় তারজন্য আবেদন করবার অধিকারও সরকারের আছে, যে কোন রাজনৈতিক দলেরও আছে, কংগ্রেসেরও আছে। তাঁরা যদি কেবল আবেদন করে ক্ষান্ত হতেন তাহলে আমাদের বলবার কিছুই ছিল না। কিন্তু তাঁরা কি করছেন? তাঁরা সরকারী কর্মচারীদের কাছে বিভিন্ন দপ্তরে নির্দেশ দিচ্ছেন, সবাইকে হুমকি দিচ্ছেন—যদি ট্রামবাস না ও চলে, তবুও হেটে অফিসে আসতে হবে—তিন-চার মাইল যা-ই হোক হেটে আসতে হবে। আজ সকালে এক মহিলা কর্মচারীর সঙ্গে দেখা হলো। তিনি ছ' মাইল দূরে থাকেন। তাঁর উপর অফিস মাষ্টার নির্দেশ দিয়েছেন যেভাবে পারো, তুমি হেটে আসবে, তোমাকে আসতে হবে। যদি না আসো, তারপর যে কনসিকোয়েন্স হবে, তারজন্য দায়ী তুমি হবে। আজ বিভিন্ন দপ্তরে কর্মচারী যাঁরা আছেন, তাঁরা যদি ট্রামবাস চলে, চালু অবস্থায় থাকে, যদি সরকারী আবেদনে ট্রামবাস চলে, জনসাধারণ সহযোগিতা করে, তাহলে অবশ্য বলবার কিছু নাই। কিন্তু যেভাবে সরকার ভয় দেখিয়ে বলছেন যেভাবে পারো—তোমাদের আসতে হবে। এই ধরনের হুমকিতে সরকারী কর্মচারীরা সন্ত্রস্ত হয়ে পড়েছে। এই সন্ত্রাস সৃষ্টি করে কি তারা রাজত্ব চালাবেন? আজ তাঁরা বিধানমণ্ডলীর অধিবেশন চালাবার কথা বলছেন। আমি জানি না অতীতে তাঁরা কি করেছিলেন। এইমাত্র সন্তোষবাবু বললেন যে তাঁরা কংগ্রেস মেম্বারদের এখানে এনে রেখে দিয়ে মাংসপোলাও খাওয়াবার ব্যবস্থা করেছিলেন। আমি জিজ্ঞাসা করতে চাই সরকারী কর্মচারী সম্বন্ধেও কি এই রকম নির্দেশ দেওয়া হয়েছে যে আজকে থেকে তোমরা স্ব স্ব দপ্তরে থাকো, তোমাদের খাওয়া-দাওয়ার ব্যবস্থা করা হবে। যাঁরা দূরে দূরে আছেন, তাঁরা কি করে আসবেন? এখানে মন্ত্রীরা উপস্থিত আছেন, আপনার মাধ্যমে তাঁদের অনুরোধ করছি এ কথা তাঁরা বলুন জীবনের নিরাপত্তা নিয়ে কর্মচারীরা কি করে আসবেন? তাঁরা বলুন কোন রকম সন্ত্রাসমূলক মনোভাব তাঁরা গ্রহণ করছেন না? কোন রকম হুমকি তাঁরা দিচ্ছেন না? সরকারী কর্মচারীদের সম্পর্কে এই যে কথা বলা হয়েছে যেভাবে হোক, তাঁদের আসতে হবে। এমন কি জীবন বিপন্ন করেও তাঁদের আসতে হবে, না এলে তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে—এই কথাগুলি তাঁরা প্রত্যাহার করুন এবং বলুন যে তাদের এ রকম কোন হুমকি দেওয়া হচ্ছে না। এই প্রতিশ্রুতি আমরা এখানে মন্ত্রী মহাশয়দের কাছ থেকে চাচ্ছি। (শ্রীমহীতোষ রায়চৌধুরী: জীবন বিপন্ন কারা করবে)

ও'দের পুলিস করবে, ওদের গুণ্ডাবাহিনী করবে। আমরা কি জানি না—কি ভাবে ও'দের গুণ্ডাবাহিনী গোলমাল সৃষ্টি করে? একথা কি আমরা ভুলে গিয়েছি যখন ১৯৫৯ সালে খাদ্য আন্দোলন হয়েছিল, তখন পুলিস শিয়ালদায় ফলের বাজার লুট করেছিল? আমরা কি ভুলে গিয়েছি কারা দালালী করে, কারা গুণ্ডামী করে? কারা গিয়ে গোলমাল করে? এই সব কাহিনী আমাদের জানা আছে কারা উত্তেজনা সৃষ্টি করে। শান্তিভঙ্গ হবার আগেই শ্রদ্ধেয় হেমন্ত বসুর মত বর্ষীয়ান নেতাদের কারা গ্রেপ্তার করেছে? উত্তেজনা কারা সৃষ্টি করছে? নির্বাচনের সময় যে সব গুণ্ডাদের কংগ্রেসের গাড়ীতে চড়ে দেখি পাড়ায় পাড়ায় ঘুরে বেড়ায় তাদের কি আমরা চিনি না কারা গোলমাল সৃষ্টি করে? গোলমাল এরাই সৃষ্টি করে। তাই আমি প্রতিশ্রুতি চাই যে সব কর্মচারী হরতালের দিন অফিসে আসতে পারবেন না, তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না এবং তাদের কারো উপর বাধ্যতামূলক চাপ থাকবে না যে ট্রামবাস না চললেও হেটে হেটে তাদের আসতে হবে।

Shri Rabindralal Sinha:

সেই জন্যই আমরা জিতেছি—গুণ্ডারা ভোট দিয়েছে বলে।

(এ ভয়েস ঃ সেটা আমাদের জানা আছে।)

Shri Nirmal Bose:

আমাদের এসব জানা আছে। স্যার, মন্ত্রীমহাশয়রা কিছু বলুন না?

Mr. Deputy Chairman: The Ministers are there. If they like, they can make a statement.

Shri Rabindralal Sinha: Sir, we have no statement to make.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ প্রশ্ন। এটা রাগ বা অন্য কোন কিছুর প্রশ্ন নয়। কথা হচ্ছে সরকারের পক্ষ থেকে পরিস্কার ভাবে বলে দেওয়া হয়েছে যেটা নির্মলবাবুও বলেছেন যে যে ভাবে হোক কর্মচারীদের আসতে হবে, তাদের পায়ে হে'টেও আসতে হবে। কাল ট্রামবাস চলবে কিনা আমরা জানি না। ট্রাম বাস যদি বন্ধ থাকে তাহলে পায়ে হে'টে আসতে হবে তা তিনি শ্যামবাজারেই থাকুন আর বালিগঞ্জ-এই থাকুন বা যেখানেই থাকুন না কেন। আজকে দেখা যাচ্ছে যে কর্মচারীদের হুমকী দেওয়া হয়েছে যে তেমরা না আসলে তোমাদের ফল ভোগ করতে হবে। এই ধরনের কোন সার্কুলার কোন গণতান্ত্রিক সরকার দিতে পারেন কি না তা আমার জানা ছিল না। যে সমস্ত কর্মচারী স্বেচ্ছায় আসতে চান তিনি আসতে পারেন বা যাঁরা কাছাকাছি থাকেন তাঁরাও আসতে পারেন, এমন কি যাঁরা ২০ মাইল দূরে থাকেন তাঁরাও ইচ্ছা করলে পায়ে হে'টে আসতে পারেন যদি নাকি তাঁরা অফিসের কাজ করতে চান। কেউই তাঁদের বাধা দেবেন না যদি কেউ স্বেচ্ছায় আসতে চান। ট্রাম বাসের ওয়ারকাররা কি করবেন সে সিদ্ধান্ত তাঁরা নিচ্ছেন। এটা আমদের ধারনা যে তাঁরা কালকে কলকাতা সহরে কিছু চালাবেন না। হয়ত কিছু সরকারী ষ্টেট বাস চালাবেন বা দু-চারখানা ট্রাম সকাল বেলার দিকে পুলিস পিকেট দিয়ে চালাবেন যা আমরা বরাবরই দেখে আসছি। কিন্তু তাতে সমস্যার সমাধান হবে না। একে তো ট্রামবাস চললেও ঠিক সময় কর্মচারীরা অফিসে হাজির হতে পারেন না লাল পেন্সিলের দাগ তাঁরা হামেশাই পান এটা আমরা দেখছি এ বিষয়ে কোন সন্দেহ নেই। আমি বলছি সরকার যতই চেষ্টা করুন না কেন এভাবে করা সম্ভব হবে না। আজকে বিভিন্ন ট্রেড ইউনিয়ান যা সিদ্ধান্ত নিয়েছেন তাতে আমাদের ধারনা যে কলকাতায় সাধারণ যানবাহন থাকা সম্ভব নয়। আজকে সেই অবস্থায় যদি কেউ স্বেচ্ছায় অফিস আসতে চান তাতে আমাদের আপত্তির কিছু নেই বা আমরা বাধা দিতে যাব না। কিন্তু যারা আসতে পারবে না তাঁদের বিষয় চিন্তা করুন। যদি কেউ আসতে না পারেন তাঁর উপর শাস্তিমূলক

ব্যবস্থা যাতে না গ্রহণ করেন তাঁর জন্যই আপনাদের অনুরোধ জানাই। যাঁরা আসবেন আসুন তাতে আমাদের আপত্তি নেই কারন হরতালে যোগ দিবার অধিকার সকলেরই আছে এবং যোগ না দেবারও অধিকার সকলেরই আছে। কিন্তু যে সমস্ত কর্মচারী আসবেন না তাঁদের উপর যেন শাস্তিমূলক ব্যবস্থা না গ্রহণ করেন এটাই বার বার করে আপনাদের অনুরোধ জানাই। আমরা আপনার মাধ্যমে এই আশ্বাসটুকুই চাই যে, কেউ আসতে না পারলে তার উপর কোন ব্যবস্থা যেন গ্রহণ করা না হয়। আমি এই বলেই আমার বক্তব্য শেষ করছি।

Shri Satya Priya Roy:

মাননীয় সন্তোষবাবু যা বললেন তার সঙ্গে আমি আর একটু যোগ করতে চাই। সরকারের অন্যান্য দপ্তর তো আছেই তা ছাড়া আপনার ও স্পীকারের উপর বা ডেপুটী স্পীকারের উপর আমাদের যে সমস্ত কর্মচারীদের ভার আছে—যদিও আমি জানি না তাঁদের পক্ষে আসা সম্ভব কিনা। যদি তাঁদের পক্ষে আসা সম্ভব না হয় তাহলে সরকারী দপ্তর যেমন হুমকী দিয়েছেন আমি আশা করি আমাদের ডেপুটী স্পীকার, স্পীকার বা চেয়ারম্যান বা ডেপুটী চেয়ারম্যান তাঁরা এই ধরনের হুমকী আমাদের যে সমস্ত কর্মচারী যাঁরা আছেন তাঁদের দেবেন না কারণ এই সমস্ত কর্মচারীরা আপনাদেরই উপর নির্ভর করছেন। তাঁদের যে এরূপ হুমকী বা ভয় দেখান হবে না এটাই আপনার কাছ থেকে আশ্বাস পেতে চাই। মন্ত্রীমণ্ডলী বলতে পারেন তাঁদের কর্মচারীদের তাঁরা কি করবেন, কিন্তু আপনার কর্মচারীদের আপনি কি করবেন সেটা আপনি বলুন।

Mr. Deputy Chairman :

আমার কর্মচারীদের ভয় বা হুমকী দেখান হবে না এই কথা আমি বলতে পারি।

Shri Nirmal Bose:

মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, আপনি প্রতিশ্রুতি দিলেন সেজন্য আপনাকে ধন্যবাদ জানাই। আপনি বিধানমণ্ডলীতে যে আশ্বাস দিলেন সেরূপ আশ্বাস মন্ত্রীমণ্ডলীর কাছ থেকেও চাই। আগামী কাল হরতাল, হরতালের আগে যদি এই বিবৃতি না দেন তাহলে আমরা এখানে বসে কি করবো, যদি নাকি এই প্রতিশ্রুতি আমরা আদায় করতে না পারি? যাঁরা ৩।৪। ৫ ও ৬ মাইল দূরে বা আরো দূরে থাকেন তাঁদের কি হবে। আমরা বারে বারে মন্ত্রীমণ্ডলীকে এই কথাই বলতে চাইছি। কিন্তু তাঁরা কিছু বলছেন না তাঁরা চুপ করে বসে আছেন, তাঁরা মুখ বন্ধ করে বসে আছেন। আজকে তাঁদের বিবৃতি দিতে হবে। তাঁরা বলুন যে, যাঁরা আসতে পারবেন না তাদের বিরুদ্ধে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না, এই প্রতিশ্রুতিটুকুই আমি মন্ত্রীদের কাছ থেকে চাই।

Mr. Deputy Chairman : It has been conveyed to them.

Shri Abdullah Rasul :

স্যার, যে সমস্ত কথা ও'রা বলেছেন তার পুনরাবৃত্তি না করে আমি বলছি যে এই হরতালের ব্যাপারটা আজই হচ্ছে বা বামপন্থীরা করছে তা নয়। আপনি ও আপনার সহকর্মীরা যখন কংগ্রেসে ছিলেন সেই সময় চ্যাংড়া বয়সে আমি কংগ্রেসে ছিলাম তখন ইংরাজ আমলে কংগ্রেস থেকে হরতাল ডাকা হয়েছিল। ইংরাজ গভর্নমেন্ট সেই হরতালের বিরোধীতা করেছে; সিভিক গার্ড করেছে। আমার মনে আছে ১৯২১ সালে আমি সরকারী কর্মচারী ছিলাম সেই সময় ১৭ই নভেম্বর প্রিন্স অব ওয়েলস যখন বম্বেতে ল্যাণ্ড করেছিলেন সেই তারিখে হরতাল ঘোষণা করা হয়েছিল। সেই হরতালের দিনে বহু সরকারী কর্মচারী অফিসে যান নি। আমিও তার মধ্যে একজন ছিলাম। কিন্তু তখন আমাদের বিরুদ্ধে কোনরকম শাস্তিমূলক ব্যবস্থা হয়নি। এটা যদি ইংরাজ আমলে হয়ে থাকে তাহলে আজ দীর্ঘকাল পর—৪৩ বছর হয়ে গেল—দেশ যেখানে স্বাধীন হয়েছে, গণতন্ত্র চলছে, সিভিল লিবার্টি রয়েছে বলে আমরা দাবী করে থাকি সেখানে

এই অবস্থায় সরকারী কর্মচারীরা যদি এই পরিস্থিতির মধ্যে অফিসে না আসতে পারেন তাহলে তাদের উপর শাস্তিমূলক ব্যবস্থা নেওয়াটা আমি কল্পনা করতে পারি না। সেজন্য আমরা বন্ধুরা যে দাবী করেছেন সেই দাবীকে আমি সমর্থন করে বলছি যে সরকারের তরফ থেকে এটা ঘোষণা করা হোক যারা আসতে পারবে না তদের উপর সরকারের তরফ থেকে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না।

Shri Nirmal Bose:

স্যার, এ বিষয়ে আমরা কোন কিছু প্রতিশ্রুতি পাচ্ছি না। আমরা বলছি যে যাঁরা স্বেচ্ছায় আসবেন তাঁদের আসাতে কোন আপত্তি নেই, আমরা কোন রকম বাঁধা সৃষ্টিই করব না। কিন্তু এঁরা কেন কোন কথা বলবেন না সেটাই আমরা জানতে চাই? এঁদের বলতে বলুন।

Mr. Deputy Chairman : Don't be perturbed, they will consult among themselves; they will decide what they will say.

Shri Nirmal Bose:

এটা ওঁরা বলুন যে আমরা বিবেচনা, করছি। কিম্বা ওঁরা পরিষ্কার বলছেন না কেন যে আমাদের কিছু বলবার নেই?

Mr. Deputy Chairman :

এটা হয় না, এ্যাকর্ডিং টু ইওর ডিকটেশন তাঁরা বলতে পারেন না।

Shri Nirmal Bose:

মন্ত্রী মহাশয়রা একথা বলুন যে যাঁরা আসতে পারবেন না তাঁদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে না।

Shri Rabindralal Sinha:

শাস্তি যেখানে দেওয়া দরকার সেখানে আমরা দেব।

Mr. Deputy Chairman : I have no authority to force the Minister to give the answer or the explanation. Nobody can force them. You have given your suggestion that has been conveyed to them. That is the procedure of the House. Why do you insist upon them saying something ?

Shri Nirmal Bose:

এই মাত্র পরিষদের নেতা শিক্ষামন্ত্রী বললেন যেখানে শাস্তি দেবার দরকার সেখানে আমরা নিশ্চয় দেব। আমরা এখানে তাঁদের কাছ থেকে প্রতিশ্রুতি চাচ্ছি যে কোনরকম শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে না। আপনি এই মাত্র বললেন যে তাঁদের পরামর্শ করা দরকার। কিন্তু উনি দম্ভোক্তি করলেন যে যেখানে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা দরকার সেখানে তা আমরা দেব। এসব কথা আমরা এখানে বসে শুনবো? কিন্তু তিনি কি একথা প্রত্যাহার করবেন?

Mr. Deputy Chairman : Mr. Bose you are going too far.

Shri Biswa Nath Mukherjee:

বাহিরে চলুন।

Shri Satya Priya Roy:

উনি আমাদের বাহিরে যেতে বললেন, কেন বাহিরে কি বলতে হবে? চলুন বাহিরে কি বলতে হবে।

Mr. Deputy Chairman : Mr. Biswanath Mukherjee, please take your seat.

Shri Satya Priya Roy:

উনি বাহিরে যেতে বললেন কেন এবং বাহিরে গিয়ে উনি কি বলতে চান?

Mr. Deputy Chairman : I have pulled him up.

Shri Nirmalya Bagchi:

আপনি যখন বক্তৃতা দিচ্ছিলেন তখন লীডার অব দি হাউস তাঁর আসনে বসে কিছু উক্তি করেছেন। সেটা আপনি শুনেছেন কিনা জানি না এবং এই উক্তি সম্পর্কে আমি মনে করি এই হাউসে এখুনি আলোচনা হওয়া উচিৎ। উনি কি বলেছেন সেটা প্রসিডিংস দেখলেই বুঝতে পারবেন।

Mr. Deputy Chairman :

আমি যা শুনিনি, তা নিয়ে আলোচনা করতে দেবো না। আই উইল সী দি প্রসিডিংস।

Shri Nirmalya Bagchi:

স্যার, লীডার অব দি হাউস কি বলেছেন আপনি হাউসের প্রসিডিংস দেখুন।

Mr. Deputy Chairman :

কালকে দেখবো—আই উইল সী দি প্রসিডিংস।

Shri Nirmal Bose:

উনি বলুন যে একথা তিনি বলেন নি যে যাকে যে শাস্তি দেবার—দরকার হলে আমরা তাকে তা দেব।

Mr. Deputy Chairman : You are not following the procedure of the House in any way.

Shri Nirmalya Bagchi:

মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, আমি আপনার কাছে বলছি—সরকারী কর্মচারীরা গভর্নমেন্ট সারভেন্ট কনডাক্ট রুলস দ্বারা পরিচালিত হয়ে থাকেন, তাঁদের পক্ষে স্বেচ্ছায় হরতালে যোগদান করার প্রশ্ন ওঠে না। কিন্তু আজকে সারা ভারতবর্ষব্যাপী—তথা পশ্চিমবঙ্গব্যাপী স্বতঃস্ফূর্ত হরতাল হতে চলেছে এবং এই মন্ত্রীসভা এই হরতালকে ভাঙ্গবার জন্য ইতিমধ্যে এক হাজার লোককে গ্রেপ্তার করেছে বাংলাদেশে এবং তা শো ডাউন করতে চান পশ্চিমবাংলার জনসাধারণের কাছে। তার ফলে আমরা জানি যে আগামীকাল এই হরতাল সারা পশ্চিমবাংলাব্যাপী এবং ভারতবর্ষব্যাপী একটা ঐতিহাসিক হরতালে পরিণত হতে যাচ্ছে। এই অবস্থায় আমরা মনে করি বহু সরকারী কর্মচারী যাঁরা দূরে বাস করেন, কারণ এই সরকার তাঁদের বাসস্থানের কোন ব্যবস্থা করতে পারেন নি, তাঁদের বহুদূর থেকে অফিসে কাজ করতে আসতে হয়, তাদের পক্ষে আসা সম্ভবপর হবে না। সেইখানেতে উনি হুমকী দিচ্ছেন যারা আসতে পারবেন না তাদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করা হবে। এটা তিনি ভাবছেন না যে কিভাবে তারা আসবে ট্রামবাস না থাকলে। কারণ হরতালের দিন যানবাহনের কোন ব্যবস্থা থাকবে না। অথচ সেই সম্পর্কে তিনি হুমকি দিচ্ছেন। আমি এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে মনে করি। তাদের পক্ষে হরতালে যোগদান করার কোন প্রশ্ন নাই।

Mr. Deputy Chairman : You are repeating the same thing again and again.

Shri Nirmalya Bagchi:

কারণ গভর্নমেন্ট সার্ভেন্টস কনডাক্ট রুলস তাদের পক্ষে প্রযোজ্যও রয়েছে, সেই খড়্গ তাদের মাথার উপর ঝুলছে। কিন্তু ফিজিক্যালি এবং প্র্যাকটিক্যালি তাদের পক্ষে কালকে হাউসে আসা অসম্ভব হবে। কিন্তু সরকারের প্রতিনিধি হিসেবে তিনি বলছেন যারা হরতালের দিন আসতে পারবে না, তাদের সম্পর্কে শাস্তিমূলক ব্যবস্থা তাঁরা গ্রহণ করবেন। এর চেয়ে ঘৃণিত ও প্রতিহিংসামূলক কোন আচরণ আর কিছু হতে পারে না। এই অবস্থা যদি হয় তাহলে বাংলাদেশের মানুষ এই সরকারকে কখনো ক্ষমা করবে না।

Mr. Deputy Chairman: You, please sit down

যে জিনিষ আমি শুনি নাই তার রেকর্ড না দেখে

I will not allow to discuss this matter.

Shri Nirmalya Bagchi:

তিনি অস্বীকার করুন। আপনি স্যার, রেকর্ড দেখুন।

Mr. Deputy Chairman:

হ্যা, আমি নিশ্চয়ই রেকর্ড দেখবো। আই উইল সী দি রেকর্ড। যদি তাতে দেখি উনি এই রকম হুমকি দিয়েছেন, তাহলে কালকে বা পরশু আপনারা আলোচনা করবেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আপনি যে কথা বললেন তারজন্য আমরা কৃতজ্ঞ। আপনার প্রতি সম্পূর্ণ শ্রদ্ধা আমাদের রয়েছে। যদি আমাদের শিক্ষামন্ত্রী সেরূপ বলে থাকেন যেটা নির্মল বোস ও নির্মাল্য বাগচী মহাশয় শুনেছেন বলে অভিযোগ করেছেন, যেটা আমিও শুনেছি, অথচ স্যার, আপনি বলছেন শোনেন নি। কেউ শুনেছেন, কেউ শুনেন নি এমতাবস্থায় তাহলে প্রসিডিংসটা আপনাকে দেখতে হবে। আমরা আর এ নিয়ে আলোচনা করতে চাই না। আপনার প্রতি শ্রদ্ধা জানিয়ে বলি যে আপনি প্রসিডিংসটা দেখুন এবং তাতে যদি দেখা যায়, যদি উনি ঐ রকম উক্তি করে থাকেন, তাহলে আপনি আমাদের সে সম্পর্কে আলোচনা করবার অনুমতি দেবেন। কাজেই আমরা আশা করি আমরা সেই অনুমতিটা পাব।

Shri Mohitosh Rai Choudhuri:

আমরা শুনতে পাই নি।

Mr. Deputy Chairman:

আপনি বসুন। I will not allow any further discussion. Let us now take up the Calcutta Municipal (Amendment) Bill, 1964.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমার একটা আবেদন আছে। আমাদের লোক্যাল সেলফ-গভর্নমেন্ট-এর মিনিষ্টারকে একটা কথা আপনার মাধ্যমে প্রথমে বলতে চাই—পরে বিলের ব্যাপারে আসবো এই যে ক্যালকাটা মিউনিসিপ্যাল (এ্যামেন্ডমেন্ট) বিল তিনি এনেছেন। কিন্তু আমি আপনার মাধ্যমে মন্ত্রীমণ্ডলীর এবং সকলের দৃষ্টি আকর্ষণ করতে চাই। সেটা হচ্ছে এই যে কলকাতা সহরে একটা অত্যন্ত অস্বাভাবিক পরিস্থিতির সৃষ্টি হয়েছে। আপনি জানেন স্যার, যে গত পরশু দিন কর্পোরেশন প্রাঙ্গনে কয়েক সহস্র শ্রমিকের উপর বর্বোরোচিত লাঠি চালনার ফলে এক গুরুতর অবস্থার সৃষ্টি হয়েছে। এর ফলেতে সমস্ত কর্পোরেশন কর্মচারীদের যুক্ত নেতৃত্বে এমন কি

কর্পোরেশনের প্রাথমিক বিদ্যালয়গুলির শিক্ষক কর্মচারীরা পর্যন্ত প্রায় ৩০ হাজার কর্পোরেশন শ্রমিক এবং কর্মচারী তাঁরা অনির্দিষ্ট কালের জন্য কর্মবিরতি বা ষ্ট্রাইক করেছেন এই সরকারী অত্যাচার ও জুলুমের প্রতিবাদে এবং তাঁদের যে দাবী সেই দাবী মেনে না নেওয়া পর্যন্ত তাঁরা এই কর্মবিরতি চালিয়ে যাবেন বলে ঘোষণা করেছেন। প্রায় ত্রিশ হাজার কর্পোরেশন শ্রমিক এবং কর্মচারী তারা অনির্দিষ্ট কালের জন্য বিরতি বা স্ট্রাইক আরম্ভ করেছেন এই সরকারের অত্যাচার এবং জুলুমের প্রতিবাদে। তাদের দাবী মেনে না নেওয়া পর্যন্ত তারা এটা চালিয়ে যাবেন ঘোষণা করেছেন। এদিকে আপনি দেখেছেন যে গত দু-দিনে কলকাতা সহরে এত আবর্জনার স্তূপ জমে উঠেছে এবং বৃষ্টির ফলে এরূপ হয়েছে যে আজকে যখন আসছিলাম তখন আমি যে পাড়ায় থাকি সেখানে দেখলাম যে সেখানে এক হাঁটু জল জমে গেছে। সেই জলেতে ডাস্টবিনের যত ময়লা, নোংরা ভাসছে এবং বাড়ীর উঠানে সেগুলো ঢুকে যাচ্ছে। এটা কোন বাড়ীর কথা নয় এটা বালিগঞ্জের ফার্ন রোডের কথা বলছি যেখানে মধ্যবিত্ত ভদ্রলোকের পাড়া সেখানে এই এই অবস্থা। এ ছাড়া যে সমস্ত বস্তি আছে সেখানে নরক কুণ্ডের সৃষ্টি হয়েছে। কাজেই এই অস্বাভাবিক পরিস্থিতির জন্য আমি আবেদন করছি যে এই সম্বন্ধে আলোচনা হোক। আমরা জানি বিল পাস হবে। আমাদের স্বায়ত্ত্ব-শাসন মন্ত্রী মাননীয় ফজলুল রহমান সাহেব উপস্থিত আছেন তিনি এটা দেখুন যে কলকাতা সহরে কি গুরুতর অবস্থা দাড়িয়েছে। আগামী কাল জেনারেল স্ট্রাইক বা হরতাল আজ গত তিন দিন ধরে কলকাতা কর্পোরেশনে স্ট্রাইক আরম্ভ হয়েছে। এই ব্যাপক কর্মবিরতি বা ধর্মঘটের ফলে কলকাতার অবস্থা একটা অমানুষিক এবং নরককুণ্ডে পরিণত হয়েছে। কাজেই এই অবস্থায় আমরা কি করে বিল আলোচনা করবো? বর্ত্তমানে যে অবস্থা দাঁড়িয়েছে তাকে এই সম্বন্ধে কোন ব্যবস্থা না করলে এক চরম দুরবস্থার মধ্যে পড়তে হবে। স্বায়ত্ত্ব-শাসন মন্ত্রী আশ্বস্ত করছেন যে এই সম্বন্ধে ব্যবস্থা করছেন। ওঁদের কর্পোরেশন কংগ্রেসীদের হাতে সুতরাং ওঁরা এ সম্বন্ধে কিছু করুন আমরা অত্যন্ত অধৈর্য্য হয়ে পড়ছি। আপনারা এই কর্মচারীদের দাবী দাওয়া পূরণ এবং কলকাতাকে আসন্ন মহামারীকে এই বিপর্য্যয়ের হাত থেকে রক্ষা করুন। আমি আপনার মাধ্যমে স্বায়ত্ত্ব-শাসন মন্ত্রীর কাছ থেকে এই আশ্বাসটুকু পেতে চাই এবং এই দাবী আমরা করছি।

The Calcutta Municipal (Amendment) Bill, 1964.

Shri S. M. Fazlur Rahman : Sir, I beg to move that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

স্যার, আমি এই পর্যন্ত বলতে পারি যে আজকে সকাল ৯-৪৫ এর সময় কলকাতা কর্পোরেশনের রিপ্রেজেনটেটিভ এবং মুখ্যমন্ত্রী আমি এবং অর্থমন্ত্রী সকলে মিলে বসেছিলাম এবং আমাদের আলোচনা হয়েছে এবং সে আলোচনা ফলপ্রসূ এবং শুভ। এই আলোচনায় কলকাতা কর্পোরেশন তার দাবী দাওয়া মোটামুটি উপযুক্ত অর্থাভাবে যে মেটাতে পারছেন না সে সম্পর্কে আমাদের কাছে দাবী করেছিলেন। ওঁদের যে প্রাপ্য তা থেকে দেখা যায় যে তাদের অর্থ এই দাবী দাওয়া মেটাতে অসুবিধা হচ্ছে। যা হোক আমরা এ সম্বন্ধে আলোচনা করছি এবং কর্মচারীদের প্রতিনিধিদের সাথেও আলোচনা করেছি। আমি যতদূর ইনফরমেশন পেয়েছি আজকে বিকালের আগে স্ট্রাইক ফল্ড আউট হবে এবং কর্মীরা কাজে যোগদান করবে।

মাননীয় উপাচার্য মহাশয়, কোলকাতা মহানগরী ও কোলকাতা করপোরেশান-এর ইতিহাস আপনার অবিদিত নয় এবং ক্যালকাটা করপোরেশান স্মৃতির সঙ্গে বাংলাদেশের মহান নেতাদের স্মৃতি জড়িত রয়েছে। আমরা যে বিল বিধান সভায় পাশ করে এখানে উত্থাপন করেছি সেই বিলের কর্মকথা হল এই যে এই মহানগরীর আয়তন হল ৩৩.৯২ স্কোয়ার মাইল লোকসংখ্যা হল প্রায় ৩০ লক্ষ। এই মহানগরীর নির্বাচন পূর্বে পূর্বে যেভাবে পরিচালিত হয়েছে তা হয়েছে সীমিত ভোটাধিকারের ভিত্তিতে। অর্থাৎ কোয়ালিফায়েড ভোটার যাঁরা ছিলেন, যাঁরা এডুকেশনাল বা সেস বা রেট দিতেন তাঁদের নিয়েই ভোট হোত। বর্ত্তমানে যে আইন সেটা হল পূর্ণবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে হচ্ছে। এখন দেখা যাচ্ছে ৩০ লক্ষ যাঁরা অধিবাসী

তাঁদের মধ্যে প্রায় ১৬ লক্ষ লোক ভোট দেবেন। এর আগে দিতেন ২ লক্ষ ২৫ হাজার; এখন ১৬ লক্ষ হবার জন্য প্রায় ৮ গুণ বেড়ে গেছে। পূর্বে এই নির্বাচন ক্ষেত্রে যেসব বিশেষ বিশেষ বিভাগ ছিল, ওয়ার্ড ছিল সেখানে তার সংখ্যা ছিল ৮০। এখন নানাপ্রকার প্রশাসনিক ক্ষেত্র ও জনসাধারণের সুবিধার ক্ষেত্রে ভোটার সংখ্যা বাড়ার দরুন আমরা ঠিক করেছি এবং সেই মর্মে বিল বিধান সভায় যেটা পাশ করেছি সেটাতে ৮০ সংখ্যা যেটা আছে সেটাকে বাড়িয়ে পূর্ণবয়স্ক ভোটারের ভিত্তিতে ভোট হবার দরুণ ১০০ করা হয়েছে। ভোটারের ভিত্তিতে ১০০ যে নির্বাচন ক্ষেত্র হবে সেটা লোকসংখ্যার অনুপাতে যদি ৩০ লক্ষ ভোটার হয় তাহলে মোটামুটি একটা হিসাব করে পুনরায় সীমানা নির্ধারণ করে দিয়ে এটা করা হয়েছে। এই অনুপাতে নির্ধারণ করতে গিয়ে আমরা দেখলাম প্রায় বেশীরভাগ ক্ষেত্রে ১৫ থেকে ১৮ হাজার ভোটার প্রতিটা নির্বাচিত ক্ষেত্রে দেওয়া হবে, কিছু কিছু ক্ষেত্রে ১১ থেকে ১২, ১৮ থেকে ১৯ এবং ১৯ থেকে ২০, মোটকথা ১১ উর্ধ্বে থেকে ২০ হাজারের নীচে ভোটারের ভিত্তিতে পূর্ণবয়স্ক যে দেওয়া হয়েছে তাতে ২০ লক্ষ ভোটারকে চারিদিকে ছড়িয়ে দিয়ে ১০০টি নির্বাচন ক্ষেত্র হবে। এইভাবে মোটামুটিভাবে পুঙ্খানুপুঙ্খরূপে যাঁরা ভোটদাতা তাঁদের সংখ্যা নিয়ে এবং ভবিষ্যতে যাঁরা ভোটদাতা তাদের সংখ্যা নিয়ে এবং ভবিষ্যতে যারা ক্লেইম্যান্ট হবেন তাঁদের সংখ্যাও কম নয়—প্রায় ৫০ হাজার ক্লেইম্যান্ট হবে। এই সীমানা পুনর্নির্ধারণ ভিত্তিতে দেখা যাচ্ছে যে মোটামুটি ইকুইটেবল হয়, ইজিলি ম্যানেজেবল হয়, কমপ্যাক্ট এরিয়া হয় এবং সম্ভবত অস্বাভাবিক না হয় স্বাভাবিক ভাবে বড় বড় রাস্তা ধরে এই সীমারেখা পুনর্বণ্টন করে এই আয়তন ক্ষেত্র নির্ধারিত হয়েছে। এতে ১০০টি যে ওয়ার্ড করা হয়েছে সেই ওয়ার্ড-এর যা যা পুনর্বণ্টন হয়েছে নির্বাচন ক্ষেত্রে সেই ভিত্তিতে অপরিহার্য্য কতকগুলি সংশোধন করা হয়েছে। আপনারা দেখবেন এই বিলে যতগুলি ক্লজ আছে তার মধ্যে ১ থেকে ৫ নম্বর ক্লজ হয় পিওর এন্ড সিম্পল ৮০ থেকে ১০০ করা ১।২।৩।৪।৫—এই ৫ টা দেখা যাচ্ছে পিওর এন্ড সিম্পল টেকনিক্যাল, টেকনিক্যাল ইন দি সেন্স যে ৮০ কে ১০০ করতে গেলে তার কনসিকোয়েনশিয়াল যে এ্যামেন্ডমেণ্ট সেগুলি দেওয়া আছে। একমাত্র ক্লজ যেটা সেটা হল ক্লজ ৬ এবং এটা হল পুনর্বণ্টন। ওয়ান টু ফাইভ যেটা আছে সেই সম্বন্ধে বিশেষ আলোচনা বা বিবেচনা বিধান সভায় কিছু হয়নি। কারণ এটা পিওর এন্ড সিম্পল একটা ম্যাথামেটিক্যাল ক্যালকুলেশান-এর উপরে যে হয়েছে। সেজন্য ক্লজ ৬ টা হল কতকগুলি ওয়ার্ড ১০০টা ওয়ার্ড এর সীমারেখা নির্ধারিত করা হয়েছে। এসম্বন্ধে আলোচনা হয়েছে, বিভিন্ন দলের মতামত গ্রহণ করা হয়েছে এবং বিভিন্ন মত গ্রহণ করে যতদূর সম্ভব ন্যায় ও সাধারণভাবে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে ১০০টা করা হয়েছে। আমার মনে হয় যে বিল এসেছে সেই বিলে যেসব সীমারেখা নির্ধারণ করে ৮০ থেকে ১০০ করা হয়েছে এবং যেগুলি লোকসংখ্যার ভিত্তিতে করা হয়েছে। আমি প্রথমেই নিবেদন করেছি যে বেশীরভাগ ক্ষেত্রে ১৩ থেকে ১৮ হাজার হয়েছে। এইভাবে ১০০টা নির্বাচন ক্ষেত্র ঠিক করা হয়েছে। যে বিল বিধান সভায় পাশ করা হয়েছে সেই বিল যদি নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী নিয়ে মাননীয় সদস্যরা দেখেন তাহলে দেখবেন যে এই বিলের বিশেষ মতবিরোধ আছে বলে মনে হয় না। আমি আশা করি সকলেই একমত হয়ে এই বিল গ্রহণ করবেন।

Shri Mohit Kumar Moitra :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বায়ত্ব শাসন মন্ত্রীমহাশয় যে বিধয়কটা এই পরিষদের সামনে উপস্থাপিত করলেন এবং তিনি তা উপস্থাপিত করতে গিয়ে যে বক্তব্য রাখলেন তাতে মনে হয় যে বিলটা খুব সাদাসিদেই হওয়া উচিত। কিন্তু এর পেছনে যে উদ্দেশ্য আছে, সেটা তিনি বললেন। কিন্তু তাঁর যে উক্তি তা থেকে বেশ বোঝা যাচ্ছে যে তিনি যে একশোটা ওয়ার্ডে কলকাতা সহরকে ভাগ করতে চাচ্ছেন আগামী নির্বাচনের জন্য, সেই একশোটা ওয়ার্ডের প্রত্যেক ওয়ার্ডের একটা ভারসম্য না রেখে ১১ হাজার ভোটার থেকে আরম্ভ করে ২০ হাজার ভোটার পর্যন্ত রেখেছেন। এগারো হাজার ভোটার থেকে যদি তিনি বলতেন আঠারো হাজার থেকে কুড়ি হাজার ভোটার রেখেছেন, তাহলে নিশ্চয়ই আমরা এর প্রতিবাদ করতাম না। তার কারণ আঠারো হাজার থেকে কুড়ি হাজার সম্ভাব্য, সেখানে সব জায়গায় ভারসাম্য থাকবে। কিন্তু

এগারো হাজার থেকে কুড়ি হাজার—এটা কিভাবে হয়—সেটা আমরা বুঝতে পারি না? তিনি বলতে উঠে একথা পরিষ্কার করে বললেন না কেন তিনি এগারো করেছেন আর কেন তিনি কুড়ি করেছেন। কয়েকটা ওয়ার্ডে ১১ হাজার থেকে ২০ হাজার ভোটার রেখেছেন: আর কয়েকটী ওয়ার্ডে ১৩ হাজার থেকে ১৫ হাজার পর্যন্ত রেখেছেন; আর কয়েকটী ওয়ার্ডে কুড়ি হাজার রেখেছেন অথচ এর কোন কারণ তিনি বললেন না। তিনি শুধু বললেন ১৬ লক্ষ ভোটার হয়েছে এবং এই ১৬ লক্ষ ভোটারকে আমরা কলকাতা সহরের ওপর ছড়িয়ে দেবার জন্য বিভিন্ন বড় রাস্তা ধরে ওয়ার্ড ঠিক করেছি এবং সেই ওয়ার্ড ঠিক করার মধ্যে ১১ হাজার থেকে ২০ হাজার পর্যন্ত করেছেন। এখন সরকার পক্ষ থেকে যে ম্যাপ বিতরণ করেছেন সেই ম্যাপ দেখে কিছুই বোঝা যায় না।

আমি স্যার, সাত নম্বর ওয়ার্ডে থাকি। সেই সাত নম্বর ওয়ার্ডে ভাগ করে দেড়খানা ওয়ার্ড করা হয়েছে। যে যে কার সাথে কাকে কিভাবে যে যুক্ত করা হয়েছে তা কিছুতেই বোঝা যায় না। তারপর বিভিন্ন লোকের সাথে এনিয়ে আলাপ আলোচনা করে দেখলাম, কলকাতা কর্পোরেশনের কাউন্সিলারদের সাথেও আলাপ করে দেখলাম--এই যে ওয়ার্ড ভাগ করা হয়েছে, এর বেশীর ভাগ ওয়ার্ডে যাতে কলকাতার ভেষ্টেড ইনটারেষ্ট এর প্রতিনিধিরা নূতন বিলেও দখল করে থাকে, সেই উদ্দেশ্য নিয়ে ওয়ার্ড ভাগ করা হয়েছে। তাই আজ কোন ওয়ার্ডে ১১ হাজার ভোটার, আবার কোন ওয়ার্ডে কুড়ি হাজার ভোটার হয়েছে। এই যে নির্লজ্জভাবে ভোটার সংখ্যা বিন্যাস করেছেন এর সপক্ষে কোন যুক্তি মন্ত্রীমহাশয় দেখাতে পারেননি। তিনি শুধু বলেছেন এটা করতে হয়েছে।

তারপর আর একটা বিষয় সম্পর্কে এখানে তিনি কিছুই বলেননি। এখানে ৫ নম্বর যে যে উপধারা আছে, সেই ৫ নম্বর উপধারার সাথে এই কলকাতা মিউনিসিপ্যাল (এ্যামেণ্ডমেণ্ট) বিল যাতে তিনি বলেছেন যে মাত্র আমরা ওয়ার্ড বিভাগ করবার উদ্দেশ্যে ৮০ থেকে একশোটী করেছি এবং প্রাপ্ত বয়স্কর ভোটাধিকারে ভোটার সংখ্যা যে যেল লক্ষ বাঁড়িয়েছে তাকে অনুপাতিকভাবে ভাগ করবার জন্য এই বিলটা আনা হয়েছে। ৫ নম্বর উপধারার সঙ্গে এই আনুপাতিকভাবে ভাগ করবার কি সম্পর্ক আছে সেটা তিনি বলেননি। না বলে তিনি একেবারে ছ' নম্বরে চলে গেলেন। ছ' নম্বর সিডিউল আমরা জানি, সেটা একেবারে অবোধ্য সিডিউল। এই ৬ নং সিডিউলের কথা আমি জানি। আমি এই কথাই বলবো এই বিল যেটা আনলেন এর কিছু দিন পূর্বে ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল যা জয়েন্ট সিলেক্ট কমিটি-তে বিবেচিত হয়েছে এবং সেখানে এই সমস্ত পুঙ্খানুপুঙ্খ ভাবে আলোচিত হয়েছে। সেখানে ১৭২ ধারায় অর্থাৎ যেখানে কলকাতার ভ্যালুয়েশন প্রভৃতি ঠিক করা হয় সেখানে আমরা দেখেছি যে বড়লোকের যে বাড়ী আছে যে বাড়ীর মূল্যায়ণ কম করা হয় এবং তার সামনে বড় প্রান্তর যা পড়ে আছে সে প্রান্তরের পোড়ো মাঠ বলে ট্যাক্স এর হার কম করে দেখান হয়। কিন্তু বস্তি যেখানে আছে সেই বস্তির ট্যাক্স এর হার বাড়ান হচ্ছে। এ সম্বন্ধে সিলেক্ট কমিটি-তে আমরা বলেছিলাম এখানে পরে সে সম্বন্ধে বলবো। কিন্তু এই ১৭২ ধারাটি ওঁরা সংখ্যা গরিষ্ঠতার জোরে করেছেন। ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল যেটা পরে আসবে সেখানে তারা সংশোধন করেছেন। হঠাৎ জয়েন্ট সিলেক্ট কমিটির চোখের আড়ালে এই ৬ নং ধারাটা কেন নিয়ে এসেছেন কেন সে সময় তার সামনে দেন নি এই ১৭২ ধারাটা সংশোধন করবার জন্য তার কোন যুক্তি দেখালেন না কেবল চুপচাপ এখানে ঐ ১০০টা ওয়ার্ড-এ কলকাতা শহরকে ভাগ করা হয়েছে এই বলে ঐ ৫ ধারাকে ভাগ করে নিয়ে যেতে চাচ্ছেন এবং যেখানে ভ্যালুয়েশন-এর কথা আছে ভ্যালুয়েশন এর সাথে ওয়ার্ড ভাগের সম্পর্ক নেই। তাই আমি বলছি এই যে বিল এ্যাসেম্বলী থেকে সংখ্যাগরিষ্ঠতার জোরে পাশ হয়ে এসেছে তা এখানেও পাশ করিয়ে নেবেন। কিন্তু ১১ হাজার থেকে ২০ হাজার ভোটারের সংখ্যা রেখে ওঁরা যে সমস্ত ওয়ার্ড সীমানা নির্দিষ্ট করেছেন। সেই ন্যস্ত স্বার্থের সুবিধা রক্ষার জন্য ও ভেস্টেড ইনটারেষ্টের সুবিধা রক্ষার জন্য কলকাতায় যারা দরিদ্র মানুষ যে দরিদ্র মানুষদের উপর অত্যাচার করা হচ্ছে, নির্বাচনে দাঁড়াতে যাতে অসুবিধা না হয় সে দিকেই লক্ষ্য রেখে আজকে ওয়ার্ড এর পুনর্বিন্যাস করা হয়েছে। এই ওয়ার্ড এর পুনর্বিন্যাসটা সেক্রেটারিয়েট এর কক্ষে বসে ডেলিমিটেশন করা

হয়েছে। আজকে কলকাতা সহরে কলকাতা কর্পোরেশনের যেখানে প্রাপ্ত বয়স্কদের ভিত্তিতে নির্বাচন হতে চলেছে সেখানে ৮০—১০০টা ওয়ার্ড করেছেন একটা ডেলিমিটেশন কমিটি এর মধ্যে তা করতে পারতেন কিন্তু তা করেন নি তারা এটা যুক্তিও বোধ করেন নি। লক্ষের অন্ধকারের আড়ালে, পর্দার আড়ালে কয়েকজন মিলে পুনর্বিন্যাস করেছেন এবং তার মধ্যে টুক করে একটা ভ্যালুয়েশন এর ক্লজ ঢুকিয়ে রেখেছেন যাতে ভ্যালুয়েশন এর ক্লজ ভেষ্টেড ইনটারেণ্ট এর সুবিধা হয়, সুতরাং স্যার, এই যে আইন প্রাপ্ত বয়স্কদের ভিত্তিতে এতে কংগ্রেস সরকার একটা অধিকার দিতে চলেছেন আবার অন্যদিকে সে অধিকার যাতে ব্যাহত হয় তার জন্য তাহার উপর চোখ রেখে এই ভাবে ওয়ার্ডগুলোর পুনর্বিন্যাস করেছেন। এই পুনর্-বিন্যাসের ফলে কলকাতার সহরে ভেষ্টেড ইনটারেষ্ট এর যে ভাবে কলকাতা কর্পোরেশনকে প্রভাবিত করেছে তার দিকে চোখ রেখে এই ওয়ার্ড এর বিন্যাস অন্ধকারের যবনিকার অন্তরালে করা হয়েছে। সেইজন্য এই বিলের বিরোধিতা করছি। মাননীয় মন্ত্রীমহাশয় উত্তর দেবার সময় নিশ্চয়ই বলবেন যে ৫এর ক্লজটা এই ওয়ার্ড বিন্যাসের তার কি সম্পর্ক আছে এবং ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল ১৯৬৪, যখন তার আলোচনা হয় সিলেক্ট কমিটি-র এবং ঐ ১৭২ ধারার সংশোধন নিয়ে বিভিন্ন সংশোধনী প্রস্তাব যখন আলোচনা হয় তার সঙ্গে এই প্রস্তাব কেন দেওয়া হয়নি তার একটা কৈফিয়ৎ তিনি দেবেন। এই বলে আমি এই বিলের বিরোধীতা করছি।

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা করপোরেশন সম্পর্কে একটা বিল আমরা আলোচনা করছি এবং আরও একটা বিল যেটা জয়েন্ট সিলেক্ট কমিটির কাছ থেকে এসেছে সেটা আমরা আলোচনা করব। কিন্তু ক্যালকাটা করপোরেশন সম্পর্কে আলোচনা করতে গিয়ে বর্তমানে আমরা ক্যালকাটা করপোরেশন এর কার্য্যকলাপ থেকে অত্যন্ত উদ্বিগ্ন। এখন ৮০টা ওয়ার্ড রয়েছে সেখানে ১০০টা ওয়ার্ড করলে কিম্বা যেভাবে তাঁরা নূতন বিলে যেসমস্ত আনছেন এগুলি করলেই কি ক্যালকাটা করপোরেশন এর সমস্যার সমাধান হয়ে যাবে। ক্যালকাটা করপোরেশন-এর যে বিরাট ঐতিহ্য আছে সেই ঐতিহ্যে একদিন দেশবন্ধু দেশপ্রিয় সুভাষচন্দ্র ছিলেন। আজ সেই ক্যালকাটা করপোরেশন-কে কলঙ্কিত করা হচ্ছে। আজ মন্ত্রীমহাশয় বললেন যে একটা মীমাংসা হয়ে যাবে। কিন্তু মীমাংসা বড় কথা নয়। সেদিন সেখানে পুলিশকে ভেতরে ডাকা হয়েছে এবং পুলিশ সেদিন বর্বরের মত লাঠিচার্জ করেছে। এখানেই কেবল শেষ নয়। আমরা শুনতে পাচ্ছি পুলিশ নাকি সেখানে নিজের ইচ্ছায় যায়নি। কয়েকজন কাউন্সিলার তাঁরা নিজেরা তাড়াতাড়ি বাড়ী যাবেন বলে পুলিশ ডেকে পাঠিয়েছিলেন। এর চেয়ে লজ্জার কথা আর কি হতে পারে? কোলকাতা বিশ্ববিদ্যালয় ক্যালকাটা করপোরেশন ইত্যাদি সংখ্যায় এ্যানটোমী নিয়ে আমরা গর্ববোধ করি—এখানে পুলিশ ঢুকতে পারে না। কিন্তু আজ ক্যালকাটা করপোরেশন-এর প্রতিনিধিদের কি গর্বের কথা যে তাঁদের পক্ষ থেকে পুলিশ ডেকে তাঁরা দরিদ্র কর্মচারীদের ঠেঙ্গালেন? এখন তাঁরা সেখানে অনশন ধর্মঘট করে রয়েছে। কি অদ্ভূত পরিহাস যেখানে কর্মীরা অনশন ধর্মঘট করে বসে আছেন সেখানে আমরা এখানে ঠাণ্ডা ঘরে বসে আলোচনা করছি যে ৮০ জায়গায় ১০০ ওয়ার্ড করলে ক্যালকাটা করপোরেশন-এর অবাধে কাজ হবে। যাঁরা সেদিন সেখানে পুলিশ ডেকেছিলেন নিজেদের নিজেদের সুবিধার জন্য তাঁরা এখানে বসে আছেন, মুখ খুলছেন না। অদ্ভুত একটা নীতি তাঁরা নিয়েছেন—মুখ তাঁরা খুলবেন না। তাঁরা ক্যালকাটা করপোরেশন-কে কলঙ্কিত করেছেন, শ্রমিকদের ঠেঙ্গিয়েছেন এবং দেশবন্ধু, দেশপ্রিয় নেতাজীর ঐতিহ্যকে ধুলায় লুণ্ঠিত করেছেন। এইঅবস্থায় তাঁরা এখানে বসে হাত তুলে প্রস্তাব পাশ করছেন যে ১০০টি ওয়ার্ড করলে ক্যালকাটা করপোরেশন-এর কাজ ভাল হবে। সেজন্য আজ আমরা ঠাণ্ডা মাথায় ক্যালকাটা করপোরেশন বিল আলোচনা করতে পারছি না। মন্ত্রিমহাশয় এই বিল এনে খুব ভাল কথা বলেছেন যে লোকসংখ্যা বাড়ছে, সার্বজনীন ভোটাধিকার দিতে হবে ৮০ জায়গায় ১০০ করতে হবে। এতে আমাদের কোন রকম আপত্তি নেই। কিন্তু যে বিষয়ে আপত্তি নিয়ে বিধান সভায় আলোচনা হয়েছে তার উত্তরে মন্ত্রিমহাশয় বলেছেন যে সকনলর পরামর্শ নিয়ে হয়েছে। আমরা জানি যে সেই

পরামর্শ অধিকাংশ ক্ষেত্রে অগ্রাহ্য করা হয়েছে। মোহিতবাবু আলোচনা করে দেখালেন যে কি নীতিতে ওয়ার্ডগুলো ভাল করা হচ্ছে সেগুলো সহজ সরল সাধারণ নীতিতে হয়নি? আপনি জানেন আমেরিকাতে জেরিম্যানডারিজম বলে একটা নীতি আবিষ্কৃত হয়েছিল। নিজের সুবিধা মত কনষ্টিটুয়েন্সি ভাগ করে নেব। এইভাবে করলে সাম্যের নীতি অনুসরণ করা হয়, ঠিক মত ভোটার সংখ্যা রাখা নয়। সেই জেরিম্যানডারিজম অনুসরণ করে এলোমেলো ভাবে ওয়ার্ড তৈরী করে আমি আমার সুবিধা মত সদস্য যাতে নির্বাচিত হয় এই নীতি গ্রহণ করে এখানে ওয়ার্ড ভাগ করা হয়েছে। আমাদের কাছে যে ম্যাপ দেওয়া হয়েছে সেবিষয়ে শুনলাম যে নিরাপত্তা কারণে বড় ম্যাপ দেওয়া যায় না। নিরাপত্তা বিঘ্নিত হোক এমন কথা বলিনা। কিন্তু নূতন যে ওয়ার্ড করা হয়েছে সেগুলি আলাদা আলাদা করে আমাদের ভাগ করে দেওয়া যেত। ১০০টা ওয়ার্ড এই রাস্তা থেকে এই রাস্তায় হচ্ছে। আমি জানিনা মন্ত্রীমহাশয় বলবেন এখানে নিরাপত্তার কথা আসে কিনা? সমস্ত কোলকাতার বড় ম্যাপ দিলে অসুবিধা হতে পারে কিন্তু ওয়ার্ডগুলিকে আলাদা ভাবে করে দিলে কি অসুবিধা হোত। আমাদের পাড়া সম্বন্ধে প্রাক্তন মেয়র ও বিধান সভার সদস্য সুধীরবাবুকে জিজ্ঞাসা করায়—যিনি করপোরেশন সম্বন্ধে বিশেষ ওয়াকিবহাল—তিনি বললেন যে তিনি কিছুই বুঝতে পারছেন না। মোহিতবাবুও কিছু বুঝতে পারেননি। তাঁরা যখন বুঝতে পারেননি আমরা তো পারবই না। যখন আমাদের আলোচনা করতে হচ্ছে যে এই ভাবে ভাগ করা ঠিক হয়েছে এবং আমাদের সম্মতিতে পাশ হয়ে যাবে। রাজ্যপালের সম্মতিতে আইন হয়ে যাবে ভোটও হয়ে যাবে। সুতরাং ওয়ার্ডগুলি যখন ভাগ করা হলো—তখন যেসব খাতে আমরা বুঝতে পারি যেভাবে করা উচিত ছিল। নামমাত্র একটা ম্যাপে এটা আমাদের কাছে পরিষ্কার রাখা হল না, যা কোন কাজে লাগেনা। তার জন্য অর্থ ব্যয় করা হলো কেন? আমি তার পুনরাবৃত্তি করতে চাই না। অন্তত এই যে সমস্ত অসুবিধা রয়েছে সেদিকে তিনি তাকান নাই। এই যে ওয়ার্ড সংখ্যা বাড়ানো হচ্ছে তাতে নীতিগতভাবে আমাদের কোন আপত্তি নাই। কিন্তু এইভাবে একটু আমাদের না বুঝিয়ে এই বিলটী পাশ করিয়ে নেবার মধ্যে কি যৌক্তিকতা থাকতে পারে আমরা তা বুঝি না। তাই এটা সম্পূর্ণভাবে দলগত স্বার্থে অন্যায়ভাবে সমস্ত ন্যায় নীতি নিয়মকানুন লংঘণ করে এটাকেই তৈরী করা হচ্ছে তার জন্য আমরা এর বিরোধীতা করি।

Shri Satya Priya Roy:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় স্বায়ত্ব-শাসন মন্ত্রী মহাশয় যখন এই বিলটী উত্থাপণ করলেন, তখন আশা করেছিলাম যে তিনি এই বিলের আলোচনায় সহায়তা করবেন। আমরা একথা দাবী করতে পারিনা যে পৃথিবীতে সমস্ত ব্যাপারে আমরা বিশেষজ্ঞ। যখন বিলের আলোচনা হবে, তখন সরকার পক্ষ বিলের আলোচনায় সহায়তা করবেন এবং তারজন্য বিলের বিভিন্ন দিক ও বিভিন্ন সমস্যা তিনি আমাদের সামনে তুলে ধরবেন এবং সেই সমস্যাগুলির সেই বিলের ভেতর দিয়ে সমাধান খুঁজে পেয়েছেন বা পাবার প্রয়াস করছেন তা আমাদের সামনে উপস্থাপিত করবেন ও তুলে ধরবেন এবং সেই ভিত্তিতে আমরাও বিলের আলোচনা করতে পারবো এই আশাটুকু আমরা সরকারের কাছ থেকে করতে পারি। আপনি স্যার, দেখেছেন দু-তিন মিনিট ধরে একটী ওয়ার্ডে এগারো হাজার থেকে কুড়ি হাজার ভোটার থাকবে ও ৮০টা ওয়ার্ডের জায়গায় একশোটী ওয়ার্ড হবে এই কয়েকটী কথা মন্ত্রীমহাশয় বারবার করে বলে তাঁর বক্তব্য শেষ করেছেন। এখানে আমাদের মনে হয় এই বিলের আলোচনা বন্ধ করা উচিত। নির্মল বোস দাবী করেছেন প্রত্যেক ওয়ার্ড বা কনষ্টিটুয়েন্সি-র এক একটা করে ম্যাপ দিয়ে যাতে কোন রাস্তা থেকে কোন রাস্তা পর্যন্ত এর পরিধি বা কোথা দিয়ে ঘুরে গিয়ে কোথায় শেষ হয়েছে তা বুঝতে পারি, সেই রকম একটা করে ম্যাপ প্রত্যেক মেম্বরকে দেওয়া হোক্। ওপক্ষের যাঁরা মেম্বার বসে আছেন তাঁদের কাছে এই আবেদন জানাবো, তাঁরা এখানে চোখ বন্ধ করে কানে তুলো দিয়ে বসে থাকবার জন্য এখানে আসেননি। তাঁরা কি এই আলোচনা থেকে কিছু বুঝতে পেরেছেন? এই যে একশোটী কনষ্টিটুয়েন্সী এগুলোর কোন জায়গা দিয়ে কোথা দিয়ে এর সীমারেখা টানা হয়েছে তাঁরা ঐ ম্যাপ দেখে কোন রকম হদিস পেয়েছেন বলে আমি বিশ্বাস করতে পারি না। এও আমি জানি ওঁরাও এর কিছু বোঝেন নাই এবং

তাদের কানে ঢুকলেও মরমে গিয়ে কখনো কিছু তাঁদের পশেনি—এটা নিতান্তই সত্য। এখানে কেবল ভোট দিতে হবে বলে ওঁরা গিয়ে বসে আছেন জায়গা বদলে—একথা তাঁরাও জানেন, আমরাও জানি।

(এ ভয়েসঃ আপনিও এদিকে আসুন।)

যেদিন নিজের বিবেকের টুঁটি চেপে মেরে ফেলতে পারবো, সেদিন এখান থেকে স্থান বদলে ওখানে যেতে পারবো এবং গেলে যে আপনাদের মত স্থান হবে তা জানি। সেটুকু আজও করতে পারিনি বলে ঐখানের স্থানলাভ করা আমাদের পক্ষে সম্ভবপর হবেনা। যাহোক একথা আজকে আপনাদের নিজেদের কাছে জিজ্ঞাসা করে দেখুন ঐ যে মানচিত্র পেয়েছেন কলকাতা সাহেবের ওতে যে রকমভাবে একশোটী ওয়ার্ডে ভাগ করা হয়েছে, ঐ একশো ভাগের মধ্যে আপনি যে অঞ্চলে বাস করেন, সেই অঞ্চলটা বুঝতে পেরেছেন কিনা? আমি তো একশোটা নিয়ে মাথা ঘামাই না। আমার যেখানে বাসস্থান তার চারিপাশে বোঝা যায় কিনা আমি তাই দেখবার চেষ্টা করেছিলাল। কিন্তু ঐ ম্যাপ দেখে তার কিছুই বোঝা যায় নাই, বোঝা সম্ভবপর হল না। কাজেই আমি বলবো যে এদিক থেকে যাতে বুঝতে পারি কেন? বা ঐ এগারো হাজার ভোটার থেকে কুড়ি হাজার করলেন—যা প্রায় ডবল হয়ে আছে কোথাও কোথাও? আর কেনই বা এই ভোটার সংখ্যার পার্থক্য হলো? সেটা তিনি প্রত্যেকটী কনষ্টিটুয়েন্সী সম্বন্ধে নোট দিয়ে আমাদের কাছে লিখে জানান যে এই সুবিধার জন্য আমাদের ভোটার সংখ্যা এতটা থেকে এতটা কমিয়ে ফেলতে হয়েছে এবং এই সুবিধার জন্য ওখানে এতটা বাড়ানো হয়েছে, তাহলে অন্ততঃ বুঝতে পারি যে বাস্তবিক কেন কনষ্টিটুয়েন্সী-র ভোটার সংখ্যার এত পার্থক্য বা তারতম্য হয়েছে। এটা অবশ্য সাধারণ অভিযোগ আমি সে সম্পর্কে বিশেষ কিছু জানি না। কিন্তু সাধারণ মানুষের কাছে শুনি যে কোথা দিয়ে গেলে ঐ তাদের যাঁরা মনোনীত তাঁরা নির্বাচিত হয়ে আসতে পারবে, সেইভাবে নাকি কনষ্টিটুয়েন্সী-র ডেলিমিটেশন করা হয়েছে। বাস্তবিক তা যে করা হয় নাই সেটা মন্ত্রীর দায়িত্ব বোঝাবার। মন্ত্রীমহাশয় যে বক্তৃতা দিয়ে বিলটা উপস্থাপিত করলেন, তাতে কোন কথাই তিনি বললেন না। করপোরেশন-এর একটা সাংগঠনিক রূপ থাকা দরকার। যে ওয়ার্ড আছে যে নূতন কনষ্টিটুয়েন্সিগুলো হচ্ছে তার সঙ্গে সাংগঠনিক ব্যাপারে কি সামঞ্জস্য আছে এবং একই কনষ্টিটুয়েন্সি ২টা ওয়ার্ড-এ পড়ে যায় এবং ২ দল লোকের উপর যদি কাজের দায়িত্ব থাকে তিনি নির্বাচিত হয়ে যাবেন এবং ভিন্ন লোকের দ্বারা তার কাজ করিয়ে নিতে পারবেন না, সেদিক থেকে আমরা আশা করেছিলাম যে মন্ত্রীমহাশয় তাঁর বক্তব্য বলার সময় আমাদের কাছে পরিষ্কার করে বলবেন যে আমাদের যে সাংগঠনিক রূপ আছে তার সঙ্গে সামঞ্জস্য রেখে এই ভোটার কেন্দ্র সীমানা নির্দ্ধারণ করা হয়েছে। এবং সেখানে ব্লক সরকার আছে এক ব্লক সরকার-এর হাতে যদি এক কনষ্টিটুয়েন্সি-র অর্দ্ধেক পড়ে আর এক কনষ্টিটুয়েন্সি-র কিছুটা পড়ে তাহলে এই যে একই কনষ্টিটুয়েন্সিতে নির্বাচিত হয়ে করপোরেশন-এ থাকেন তাকে দুই ব্লক সরকার-এর পেছনে ঘুরে বেড়াতে হবে তাকে ঐ কনষ্টিটুয়েন্সি-র কাজ করিয়ে নেবার জন্য। মন্ত্রীমহাশয় এর কিছুই দেখেননি। আমি আজ সন্দেহ প্রকাশ করতে বাধ্য হচ্ছি যে তিনি এই সমস্ত প্রশ্নের গভীরে কোন রকম প্রবেশ করবার চেষ্টা করেন নি এবং বাস্তবিক করপোরেশনের উন্নতি করবার জন্য কোন আন্তরিকতা মন্ত্রীমহাশয়ের নেই বা যেভাবে তিনি বিল উত্থাপন করেছেন তাঁর মধ্যে দেখতে পাইনি, তার জন্য এই আলোচনায় যোগদান করবার জন্য আমি আগ্রহ প্রকাশ করেছিলাম তা নাহলে বাস্তবিক কলকাতা করপোরেশানের এর ব্যাপারে আমি একজন বিশেষত নই বা এই দাবী আমি কোন দিন করিনি। কিন্তু আমি বলবো মন্ত্রীমহাশয় যখন উত্তর দেবেন তখন এই সমস্ত জিনিষগুলো তিনি পরিষ্কার করে বুঝিয়ে দেবার চেষ্টা করুন যাতে বুঝতে পারি যে এই সমস্ত তিনি বোঝেন এবং বাস্তবিক সবটা কনষ্টিটুয়েন্সি-তে ভাগ হলে তাতে করে করপোরেশান-এর কাজের অসুবিধা হবে না এবং সাংগঠনিক রূপের সামঞ্জস্য থাকবে। কেন ১১ হাজার থেকে ২০ হাজার হল এটা তিনি পরিষ্কার করে তুলে ধরবেন এটাই আশা প্রকাশ করছি।

Shri Manoranjan Sen Gupta:

মাননীয় উপপরিষদ পাল মহাশয়, এই বিলে আমার অংশ গ্রহণ করবার বিশেষ ইচ্ছা ছিল না তবে আমি মন্ত্রীমণ্ডলীকে অভিনন্দন জানাই কারণ তাঁরা এই এডালট ফ্রানচাইস প্রবর্ত্তন করতে চলেছেন। যদিও আমাদের দেশে ডেমোক্রেসী প্রবর্ত্তন হয়েছে কিন্তু তাতে বিশ্বাস নেই। কেন বিশ্বাস নেই তা আমি পরে বলবো তথাপি যে পকেট ভোট ছিল আগে ক্ষুদ্র কাটা ছিল কতকগুলি কায়েমী কাউন্সিলার সেটা পারমানেন্ট সেটেলমেন্ট করে বসেছিলেন সেটাই বিস্তৃতি লাভ করেছে। এবং যে উদ্দেশ্য নিয়ে মন্ত্রীমহাশয় এই এডাল্ট ফ্রানচাইস প্রবর্ত্তন করেছেন আমাদের ভয় হয় যে সে উদ্দেশ্য সাধিত হবে না। কেন না যাঁরা এই বাস্তু ঘুঘু পারমানেণ্ট সেটেলমেণ্ট করে সেখানে রয়েছেন তাঁরাই ঘরে ফিরে পুনরায় আসবেন এবং সেই ভাবে ওয়ার্ড ভাগ করা হয়েছে। আমাকে মাননীয় মন্ত্রী জগন্নাথ কোলে মহাশয় বেলেঘাটা সম্বন্ধে কিছু বলবার জন্য বলেছেন। আমি জানি ওখানেরও বিভাগ এই ভাবেই করা হয়েছে। আমি যে পাড়ায় থাকি সেই ৪৬।৪৭ তাও, ত দেখেছি আমাদের একদিকে এই কনষ্টিটুয়েন্সি আর অপর দিকে পামার বাজার রোড। একই রাস্তার এ ধারে ও ধারে অন্য কনষ্টিটুয়েন্সি। অনেক গুলি কনষ্টিটুয়েন্সি এই ভাবে করা হয়েছে। এটা আমি বলবো এখন যাঁরা কাউন্সিলার আছেন তাঁদের স্বার্থের দিকে চেয়েই করা হয়েছে যাতে তাঁরা নাকি পুনরায় নির্বাচিত হতে পারেন এই ভাবে আনফেয়ার বেসিসে করা হয়েছে এই অভিযোগ আমি আনছি। এবং যাতে তারা পুনরায় নির্বাচিত হতে পারে সেই উদ্দেশ্য রেখে আন ফেয়ার বেসিস-এ কনষ্টিটুয়েন্সি ভোটার ইত্যাদি সব জিনিষ করা হয়েছে। এই অভিযোগ আমরা আনছি এবং তার ভিত্তি হল ১১ হাজার থেকে ২০ হাজার মতন পার্থক্য থাকায়। এটা এত অসঙ্গত কি করে হতে পারে সেটা আমরা কল্পনা করতে পারি না। একটা কেন্দ্রে থাকবে ১১ হাজার ভোটার, আর একটা কেন্দ্রে ২০ হাজার এতে কি ডবল খরচ হচ্ছে না? এই রকম যারা ডিভিশন আনে তাদের বুদ্ধিশুদ্ধি বেশ ভাল আছে বলে আমি সন্দেহ করি। করপোরেশান-কে একটা এগেনেসণ্টেবল বলে জানি এবং সেটা একটা করাপসান-এর কেন্দ্র হয়ে আছে। বহুদিন ধরে এটা অনাচার, দুর্নীতির চরম ক্ষেত্র হয়ে আছে, স্বায়ত্বশাসন এখানে অত্যন্ত অপযশ গ্রহণ করেছে। একদিন সি আর দাস, জে এম সেন [illegible] সুভাষচন্দ্র যে [illegible] ছিলেন সেটা আজকে করাপসান-এর ক্ষেত্রে পরিণত হয়েছে। একদিন কেষ্টদাস পাল, সুরেশচন্দ্র ব্যানার্জি যেখানে মেয়র ছিলেন আজ সেখানে যেসব কাউন্সিলর যাচ্ছেন, মেয়র হচ্ছেন সেটা আমাদের পক্ষে কলঙ্কের বিষয় বলে আমি মনে করি। অধিকাংশ কাউন্সিলর-এর কোন যোগ্যতা নেই। এতবড় করপোরেশান যার ইনকাম কাশ্মীর ষ্টেট, আসামের মত সেখানে এমন কতকগুলি লোক কাউন্সিলর বা মেম্বার হচ্ছেন যাঁদের যোগ্যতা সম্বন্ধে আমি সন্দেহ করি। আমি বলব থার্ড ক্লাশ লোক সমস্ত মেয়র নির্বাচিত হয়ে আসছেন যাঁদের ক্ষমতা নেই বিরাট আউটলুক নিয়ে দেশ শাসন করা। সুতরাং মন্ত্রীমহাশয় ডেমোক্রেটিক বেসিস-এর যে উদ্দেশ্য নিয়ে এই বিল এনেছেন সেই উদ্দেশ্য সফল হবে না। এক সময় তিনি সৎ উদ্দেশ্য নিয়ে এসেছিলেন এবং যার জন্য মিঃ এস, বি, এস, রায়-কে কমিশনার করেছিলেন কিন্তু করপোরেশান-এর কাউন্সিলার বাস্তু ঘুঘু যাঁরা রয়েছেন তাঁদের চক্রান্তে পড়ে তিনি পশ্চাদপদ হতে বাধ্য হয়েছেন। এর ফলে করপোরেশান-এ যে গলদ আছে সেই গলদ চলবেই। মিউনিসিপ্যাল (সেকেণ্ড এ্যামেণ্ডমেণ্ট) বিল-এ যে তিনি পশ্চাৎপদ হয়েছেন তার প্রকৃষ্ট প্রমাণও রয়েছে। সুতরাং এই যে করপোরেশান এ ডেমেক্রেসি আনার যে ব্যবস্থা করছেন তারজন্যও কোন বিশেষ ব্যবস্থা নেই। কেননা, ডেমোক্রেসি মানে হচ্ছে যারা ভোটার থাকবে তাদের খানিকটা পরিমাণে শিক্ষা থাকবে। কিন্তু আমাদের দেশে যে গণতন্ত্র প্রবর্ত্তিত হয়েছে তা আমাদের সমস্ত ভারতবর্ষের ১৯।২০ লিটারেট এর উপরেই প্রতিষ্ঠিত হয়েছে। আমরা জানি কোলকাতায় যে প্রাইমারি এডুকেশান প্রবর্ত্তিত আছে তাতে এখনও ৩।৪ লক্ষ ছেলে শিক্ষার বাহিরে আছে। এইভাবে যারা ভোটার হবে তারা সবাই বিরক্ষর—কলের কুলি। শ্রমজীবি যারা ১৮ বছরের নীচে আছে তারা লেখাপড়া কিছুই জানে না। ব্ল্যাকমার্কেটার্স শিল্পপতি যারা রয়েছে, যারা দেশে অনাচার দুর্নীতি চালাচ্ছে তাদের হাতে তারা যন্ত্রস্বরূপ হয়ে ভোট দেবে। তারা বিচার করতে পারবে না এই প্রতিনিধি ভাল, কি এই প্রতিনিধি খারাপ, এর এই গুণ, কি ওর ঐ গুণ। এখানে শুধু ভোট

ফর অমুক এইভাবে চোঙা দিয়েই ভোট দেবার ব্যবস্থা হবে। ইংলণ্ড-এ যেভাবে প্রচার হয় সেইরকম আমাদের দেশে নেই। এই রকমভাবে যে ডেমোক্রেসি হবে সেই ডেমোক্রেসি-তে আমার বিশ্বাস নেই। আমি মনে করি প্রাথমিক শিক্ষা প্রবর্ত্তণ করতে তাঁরা ভয় পান, এজন্য যে এরা লেখাপড়া শেখে তাহলে এদের চোখ ফুটবে এবং তাহলেই বুঝতে পারবে যে কে ভাল প্রতিনিধি, কে তাদের স্বার্থ রক্ষা করবে। কিন্তু এইরোধ তাঁরা চান না। আমাদের কন্সটি-টিউশান-এর মধ্যে আছে যে টেন ইয়ারর্স-এর মধ্যে সমস্ত ভারতবর্ষে প্রাথমিক শিক্ষা প্রবর্ত্তিত হবে। আমার মনে হয় জিনিষটা ডেলিবারেটলি করা হয়নি। দেশের লোক যাতে নিরক্ষর থাকে সেই উদ্দেশ্য নিয়ে উপরের যাঁরা কর্তৃপক্ষ আছেন তাঁরা প্রাথমিক শিক্ষা প্রবর্ত্তন করেননি। এটা ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান-এ হবে কিনা সে সম্বন্ধে আমাদের সন্দেহ রয়েছে। কোলকাতা মিউনিসিপ্যাল এরিয়া-তে প্রাথমিক শিক্ষা একটা মস্তবড় সমস্যা। ক্যালকাটা করপোরেশান গোটা কয়েক প্রাইমারি স্কুল পরিচালনা করে। প্রাইমারি এডুকেশান কিভাবে পরিচালিত হবে এবিষয়ে কিছু বলার নেই। প্রাথমিক শিক্ষা যদি চালু না করা হয় বাধ্যতামূলকভাবে তাহলে ডেমোক্রেসি একটা প্রহসনে পরিণত হবে বলে আমি মনে করি। সুতরাং এই যে বিল এনেছেন এই বিল আমি সমর্থন করতে পারছি না এবং বিরোধীতা করছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

মিঃ ডেপুটী চেয়ারম্যান, স্যার, আজকে এই বিল সম্পর্কে আলোচনার আগেতে আমি একটি বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করতে চাই। বিষয়টী হচ্ছে এই যে আমাদের লীডার অব দি হাউস-এর একটী উক্তি—যেটা নিয়ে বিলের আলোচনা আরম্ভ হবার আগে আমাদের এখানেতে কিছুটা উত্তাপের সঞ্চার হয়েছিল। যে সরকারী কর্মচারীরা যাঁরা আগামীকাল অফিসে আসতে পারবেন না এই হরতালের দরুণ এবং ধর্মঘট হবার জন্য তাঁদের সম্পর্কে আমরা ওঁর কাছ থেকে একটী আশ্বাস চেয়েছিলাম এই মর্মে যে যাঁরা আসতে পারবেন না-তাঁদের উপর যেন কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা না হয় এবং সেই প্রসঙ্গে আমাদের লীডার অব দি হাউস তখন তাঁর আসনে বসেই একটা মন্তব্য করেছিলেন এই বলে যে যদি শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করার দরকার হয়, সেটা গ্রহণ করা হবে।

Mr. Deputy Chairman:

এই প্রসঙ্গে আমার যা বলবার ছিল, তা তো আমি আগেই বলেছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আপনার প্রতি আমাদের সম্পূর্ণ শ্রদ্ধা আছে। আপনি বলেছেন আমি শুনতে পাইনি তবে যদি সেটা প্রসিডিংস-এ থাকে রেকর্ডে থাকে, তাহলে নিশ্চয়ই সে সম্বন্ধে আলোচনা হবে এই আশ্বাস স্যার, আপনি দিয়েছেন। এখন স্যার, আমি বিরতির সময় সেই প্রসিডিংস যা শর্ট হ্যান্ডে নেওয়া হয়েছে, সেটাও শুনেছি এবং আমাদের এখানে যে টেপ রেকর্ডার যন্ত্র আছে সেই টেপ-রেকর্ডার যন্ত্র থেকেও বাজিয়ে শুনেছি, আপনার নিজের অবগতির জন্য আপনি যদি একবার সেটা শুনতেন, তাহলে বুঝতে পারতেন শিক্ষামন্ত্রী মহাশয় তখন আসনে বসে যে উক্তি করেছেন, সেই উক্তি হুবহু টেপ-রেকর্ডারে ধরা পড়েছে, ফাঁকি দেবার কোন উপায় নাই এবং পরিষ্কারভাবে তিনি বলেছেন যে শাস্তিমূলক ব্যবস্থা যাদের সম্পর্কে নেবার দরকার হবে, আমরা নিশ্চয়ই তাদের সম্পর্কে শাস্তিমূলক ব্যবস্থা নেব। কাজেই স্যার, ঘটনাটা অত্যন্ত গুরুতর এবং বিশেষ করে লীডার অব দি হাউসের কাছ থেকে এই ধরনের উক্তি আমরা আশা করতে পারি না। আমি স্যার, টেপ-রেকর্ডার থেকে স্বকর্ণে তা শুনেছি এই বিরতির সময়ে এখন আপনার কাছে নিবেদন করছি আপনি স্যার, ঐ টেপ-রেকর্ডার যন্ত্রটী একবার শুনুন এবং আর যাঁরা শুনতে চান তাঁদেরও শুনিয়ে দিন। ওখানে পরিষ্কার শুনতে পাবেন লীডার অব দি হাউসের কণ্ঠস্বর অত্যন্ত সুস্পষ্টভাবে তাতে ধরা পড়েছে। কাজেই স্যার, এটা অত্যন্ত গুরুতর ব্যাপার যেখানে লীডার অব দি হাউস-এ, মেম্বার অব দি কেবিনেট—তিনি হুমকি দিয়েছেন যে শাস্তিমূলক ব্যবস্থা নেবার দরকার হলে নিশ্চয়ই তা নেওয়া হবে। কাজেই এই

রকম গুরুতর অবস্থা, যেখানে একজন মন্ত্রী বলছেন, সেখানে কেন ওরা যায়, এই যে হাজার হাজার কর্মচারী যাঁরা সরকারের কাজ করছেন, দেশের সেবা করছেন প্রাণপাত পরিশ্রম করে, যাঁরা আসচেন না, তাঁদের উপর শাস্তিমূলক ব্যবস্থা এঁরা নেবেন কি নেবেন না, আজকে সেটা তাঁদের খামখেয়ালী ও খুসীর উপর নির্ভর করছে। কাজেই স্যার, আমরা চাই এই সম্পর্কে আমাদের লীডার অফ দি হাউস তিনি অবিলম্বে এই বিবৃতি আমাদের কাছে দিলেন নেই সম্পর্কে আমাদের কাছে সুস্পষ্ট ব্যাখ্যা করুন যে আগামী কাল সরকারী কর্মচারীদের কি হবে। তা যদি তিনি না করেন তাহলে আমাদের প্রতি একটা অন্যায় করা হবে। আপনি স্যার, টেপ-রেকর্ড শুনুন। আমরা চাই তিনি আমাদের সামনে বিবৃতি দেবেন না হয় যা বলেছেন তা প্রত্যাহার করবেন এ না হলে কি কারণে বলেছেন তার ব্যাখ্যা করবেন। তিনি বলবেন আগামী কালের ধর্মঘটের পরিপ্রেক্ষিতে কি হবে তা পরিষ্কার করে বলুন। তা না হওয়া পর্যন্ত আমাদের হাউস চলতে পারে না কারণ আমরা খুবই উদ্বিগ্ন হয়ে আছি। স্যার, আপনার কাছে আমরা কৃতজ্ঞ কারণ আপনি অন্তত পক্ষে আমাদের বিধান পরিষদের যেসমস্ত কর্মচারী আছেন তাঁরা যদি কেউ না আসতে পারেন তাঁদের সম্পর্কে কোন শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না। কিন্তু গভর্ণমেণ্ট-এর বক্তব্য সরকারী কর্মচারীদের সম্পর্কে কি সেটা জানতে চাই।

Shri Nirmal Bose:

স্যার, আপনি বলেছেন যে আপনি শুনতে পান নি এবং বলেছেন আপনি শুনবেন এবং একটা ব্যবস্থা অবলম্বন করবেন, কিন্তু সন্তোষবাবু যে কথা বললেন কারণ তিনি বিরতির সময় টেপ রেকর্ড শুনেছেন সুতরাং এখন আর এর মধ্যে অস্পষ্টতার কিছু নেই। এর ফলে অবস্থা অত্যন্ত জটিল হয়ে দাঁড়িয়েছে। কারণ তখন ছিল তিনি বলেছেন কি না বলেছেন এই নিয়ে মতভেদ ছিল। এখন আমাদের সন্তোষবাবু টেপ রেকর্ড শোনবার পর সেটা এখন আর আমাদের নেই এবং খানিকটা এরূপ দাঁড়িয়েছে যা আমাদের জানা দরকার। কালকে হয়ত সংবাদপত্রে বেরবে যে বিধান পরিষদে মাননীয় শিক্ষামন্ত্রী এই কথা বলেছেন যে শাস্তি দেবার দরকার হলে আমরা শাস্তি দেবো। তাহলে সরকারী কর্মচারীদের অবস্থা কি হবে? তারা সকলেই ভীত বিচলিত হবে এবং জটিল হবে এবং তাঁরা আসতে পারবেন না তার ফলে মুস্কিল হবে। এই কারণে আমি মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে বিনীত নিবেদন জানাচ্ছি যে তিনি এই বিষয়টা আর পিছনে ফেলে রাখবেন না এর একটা মীমাংসা করুন। তিনি বলুন যে তিনি বলেন নি। অথবা তিনি এটা প্রত্যাহার করুন অথবা কোন পরিপ্রেক্ষিতে শাস্তি দেবেন এই কথা বলুন যাতে নাকি সরকারী কর্মচারীরা অবিলম্বে দেখে বুঝতে পারেন তা নাহলে এই অবস্থায় কি করে কাজ করতে পারা যায়।

Shri Mohitosh Rai Choudhuri:

স্যার, আমারও এই সম্পর্কে কিছু বলবার আছে সুতরাং আমাকে বলতে দেওয়া উচিত। ওনারা বলেছেন যে আমাদের লীডার অফ দি হাউস যে মন্তব্য করেছেন তার কথা। আমিও শুনিনি তবে স্যার, আপনার কাছে আমি জিজ্ঞাসা করছি যে আপনি লীডার অফ দি হাউসের এই কথা শুনেছেন কি না। আপনি কি বলেছেন সেটাও আমি গোলমালে শুনতে পাই নি এবং যে গোলমাল হল তাতে অন্য বিষয় থাকায় আমি বলতে পারি নি। এখন লীডার অফ দি হাউস যে মন্তব্য করেছেন তা যদি পানিসমেণ্ট দেবার দরকার হয় সে পানিসমেণ্ট দেবেন। আমি জানতে চাই এতে অমার্জনীয় অপরাধ কি হল? যদি তিনি এই কথা বলে থাকেন এবং টেপ রেকর্ডে শুনে যদি বোঝা যায় যে সে কথা সত্য তাহলে

"What is the gravamen of his offence ? What is the particular offence which the Leader of the House has committed if he has said that, if necessary, if any person deserves punishment, he will be punished ? I cannot, for the life of me, understand it"

(Interruptions)

একটু ধৈর্য্য ধর, একটু শোন, তোমাদের সবকথাই আমরা শুনিব

"Be wise. Learn and be wise. Try to be wise. I know it is no use casting pearls before swines, but still sometimes it becomes necessary. Now, Sir, I cannot understand this. Supposing the Leader of the House has said so, what is there in that statement to be taken particular objection to ? If anybody deserves punishment, he will be punished. Certainly, everybody will agree with that. For instance, a circular has been issued—I found today in the newspapers that anyone-any official, any clerk or other official of the Government-if he lives within two miles from his office, he will have to attend office".

I do not find anything objectionable in it. Sir, I run a newspaper. I have got a small office. I employ twelve or thirteen persons there. I have told them frankly the same thing. I told them, "if it is possible, you must come to office even if you have to walk". If I could come to Hindusthan Standard office on Harrison Road from my Ballygunge Place residence, I do not find anything objectionable if one says, "you who live within two miles from the office must come to office". The same circular has been given by the Government to their officer. What is the harm in it ? If anybody violates this circular without giving an explanation for the cause of his absence from office, he is sure to be punished. Government must either govern or get out. Any sort of shilly-shally won't do. If the Government have issued that circular, they have done very well, and it is the duty of every responsible person to co-operate with the Government in seeing that this circular is obeyed. So if the Leader of the House sitting here has made the remark to say that if anybody deserves punishment he must be punished, he has done what was expected of him.

Shri Abdul Halim :

স্যার, আমি এতক্ষণ কিছু বলিনি, কিন্তু আমার বন্ধু সন্তোষ ভট্টাচার্য মহাশয় বললেন যে টেপ-রেকর্ড তিনি শুনেছেন যে উনি বলেছেন যে তাদের শাস্তি দেওয়া হবে। আপনি জানেন কাল হাজার হাজার লোক তারা আসতে পারবে না। কাল স্ট্রাইক হবে, স্ট্রাইক আপনারা বন্ধ করতে পারবেন না। পুলিশের হুকুম ও সার্কুলার দিয়ে আপনারা বাধ্য করাচ্ছেন যে তাদের আসতে হবে। আমরা বলছি যে যদি কোন কর্মচারী আসতে না পারে, যানবাহন যদি ব্যাহত হয় তাহলে তাদের উপর শাস্তিমূলক ব্যবস্থা যেন না নেওয়া হয়। বহু দূরে দূরে যারা থাকে তারা যদি আসতে না পারে সেখানে গভর্ণমেণ্টের ক্ষমতা নেই সকলকে আনতে তাঁরা পারেন। তাঁরা কয়েকজন লরী ড্রাইভার-কে নিয়ে বাস চালাবার চেষ্টা করবেন, কয়েকজন ব্ল্যাক লেগ-কে কালই ন্যাশনাল ভলাণ্টিয়ার বিল পাশ হয়েছে—লাগিয়ে দিয়ে স্ট্রাইক ভাঙ্গাবার চেষ্টা করবেন। কালই এই আইন পাশ হয়েছে এরা আজই কাগজে দেখলাম জাতীয় রক্ষীদলকে এই কাজে ব্যবহার করা হবে। আমরা দাবী করছি যে যারা না আসতে পারবে তাদের উপর কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা যেন না নেওয়া হয়। কিন্তু শিক্ষামন্ত্রী লীডার অফ দি হাউস-এ বলেছেন যে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। হিটলারের মতন তিনি বলেছেন যে শাস্তি দেওয়া হবে। এই হিটলারী ঔদ্ধত্য আমরা সহ্য করব না। সেজন্য আমি বলছি তিনি উইথড্র করুন এবং কি ষ্টেটমেণ্ট করুন সেটা বলুন।

Shri Abdullah Rasul :

স্যার, আমি ২।১টা কথা বলছি। পূর্বে এসম্পর্কে একবার বলতে উঠে আমি কয়েকটা কথা বলেছিলাম। ইংরাজ আমলে তারা সাম্রাজ্যবাদী সরকার ছিল, গণতন্ত্র তারা এখানে করতে আসেনি এবং সে দাবীও তারা করেনি। সেসময় এমন একটা ঘটনা হয়েছিল যার উপর খুব বেশী গুরুত্ব আরোপ করা হয়েছিল। প্রিন্স অব ওয়েলস আসার দিন হরতাল হয়েছিল। কিন্তু সেই হরতালে সরকারী কর্মচারীরা অনুপস্থিত হওয়া সত্বেও এইরকম কোন শাস্তিমূলক ব্যবস্থা তাঁরা গ্রহণ করেননি। এখানে গণতন্ত্র নিয়ে বড়বড় গলায় দাবী করা হয় এবং কংগ্রেস সরকার সেই দাবী বারবার করে আসছেন কিন্তু তাঁদের মুখপাত্র হিসাবে আমাদের লীডার অফ দি হাউস-এর তিনি একজন কেবিনেট মেম্বার এই কথা দম্ভের সঙ্গে বলেছেন। গণতন্ত্রকে তিনি গ্রাহ্য করছেন না।

আমাদের পরিষদের লীডার অফ দি হাউস, তিনি একজন কেবিনেট মেম্বারও বটেন, তিনি যদি এই কথা দম্ভের সংগে বলেন, তাহলে বলতে হয় তিনি গণতন্ত্রকে গ্রাহ্যই করছেন না। এই ধরনের কথা যদি তিনি বলেন, তাহলে বাস্তবিকই সেটা বড়ই দুঃখের বিষয় হয়। সেইরকম অবস্থাতে আমরা বুঝতে পারছিনা আমরা নিজেরা কি করতে পারি। সরকার হরতালের ব্যাপারটাকে একটা প্রেস্টিজের ব্যাপার করে তুলেছেন। এটা কোন প্রেস্টিজের প্রশ্ন নয়। এটা বোঝা দরকার যে প্রধানমন্ত্রী একটা কথা বলে গেলেন; দেশের লোকের যে কি দুঃখ দারিদ্র্য তার কোনকথা তিনি বললেন না, তিনি বললেন দুঃখ-দারিদ্র্য কি জিনিষ তা আমি জানি। কিন্তু তার প্রতিকারের যে দাবী ছিল, সে সম্বন্ধে তিনি বিশেষ কিছু বললেন না। তিনি খালি বলে গেলেন, হুমকী দিয়ে গেলেন এবং সেই হুমকী আজকে এখানেও শুনতে পাচ্ছি। এই জিনিষটা যদি হয় তাহলে ভারত গভর্ণমেণ্ট থেকে আরম্ভ করে এখানকার রাজ্য সরকার পর্যন্ত এই একই নীতি অনুসারে সমস্ত জিনিষটা চলবে—এই রকমভাবে দম্ভ নিয়ে তাঁরা কাজ করবেন এবং তাঁরা এই একচেটিয়া অধিকার নিয়ে বসে আছেন। এই দাবীর উপর, এই ভাষার উপর যা খুশী তাঁরা শাস্তিমূলক ব্যবস্থা তাদের উপর অবলম্বন করবেন—এই রকমভাবে কথা যদি তাঁরা বলেন তাহলে বাস্তবিকই আমাদের পক্ষে খুব কঠিন হয়ে পড়ে। এই রকম অবস্থায় আমি মনে করি যখন এটা দেখা গেছে যে সত্যি সত্যি তিনি এই কথা বলেছেন, তখন আমি বলি তিনি এই উক্তিটা প্রত্যাহার করুন। তাঁরা যদি ফলস প্রেস্টিজ নিয়ে থাকেন ইংরেজ আমলে যা ছিল, তাই চলবে, তাহলে বলতে হবে পুরানো কালে হোয়াইট বদরাক্রেসির বিরুদ্ধে লড়েছিলাম, আপনি নিজে স্যার, এবং আপনার সহকর্মীরা সকলে লড়েছিলেন, আমিও তখন আপনাদের সংগে কংগ্রেস দলে। আজকে তাহলে কি হোয়াইট বুরোক্রেসির জায়গায় ব্রাউন বুরোক্রেসি চলবে? এবং গণতন্ত্র চলবে না? এটাই কি নীতি হবে যে যে সংবিধান ভারতবর্ষে পাশ করান হয়েছে, সেই সংবিধানের উপর সম্মান দেখান হবে না? এটাই কি আমরা জানবো? সেই ফলস প্রেস্টিজ-এর কথা এখন ভুলে যান। তিনি যখন একথা বলেছেন, তখন সেটা তিনি উইথড্র করুন এবং আশ্বাস দিন যে এই রকমের শাস্তিমূলক ব্যবস্থা কারো বিরুদ্ধে গ্রহণ করা হবেনা। যাঁরা পারবেন আসবেন; আর যাঁরা পারবেন না, তাঁরা আসবেন না। এ নিয়ে এত বেশী গণ্ডগোল করবার প্রয়োজন নাই। আমি সেদিক থেকে এই দাবীটা করছি, অনুরোধ করছি, আপনার মাধ্যমে দাবী করছি এবং আশা করছি যে লীডার অফ দি হাউস-এ বিষয়টা গ্রহণ করুন এবং তার উক্তিটা প্রত্যাহার করুন এবং প্রত্যাহার করে এই আশ্বাস দিন যে তাঁরা এই সম্পর্কে কোন রকম শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করবেন না বা এই রকম প্রতিহিংসামূলক কোন কাজ নয়—এ জিনিষটা আমরা চাই না। আমি আশা করি এই ভাবে তাঁরা আশ্বাস দেবেন, এটাই আমার অনুরোধ।

Shri Manoranjan Sen Gupta:

মাননীয় উপধ্যক্ষ মহাশয়, আগামীকল্য সরকারী কর্মচারীদের অফিসে যাওয়া নিয়ে এখন আলোচনা হচ্ছে। এরমধ্যে শুধু অফিসে যাওয়ার প্রশ্ন নয়। ধরুন যাঁরা দু-মাইলের মধ্যে থাকেন, তাদেরে সম্বন্ধে নিরাপত্তার প্রশ্ন রয়েছে। আমাদের অনেক বাড়ীতে সরকারী কর্মচারী আছেন, আমরা তাঁদের হরতালের সময় বাইরে যেতে দেই না, এই জন্য যে রাস্তায় বেরুলে যদি আক্রান্ত হয় বা দুর্ঘটনা ঘটে, তাহলে তার জন্য দায়ী কে হবে? কে কাঁদের রক্ষা করবে? নিরাপত্তার প্রশ্ন বড় প্রশ্ন যার জন্য কাছে থেকেও অফিসে যেতে সাহস করেনা কেউ। এখানে বললে নিরাপত্তা ব্যাহত হবে কিনা?

(এ ভয়েস আগেই বলা হয়েছে শান্তিপূর্ণ হরতাল হবে।)

এই নিরাপত্তার প্রশ্নের মধ্যে পারসোনাল সেফটি ইনভলভড্ রয়েছে এক মাইলের মধ্যে থাকলো, কি নিকটবর্তী থাকলো সে কথা নয়, কথা হচ্ছে তার যে জীবন হানি হবে না, হাত-পা ভাঙ্গবে না—তার জন্য গ্যারাণ্টী কে দেবেন, কে দায়ী হবেন? সরকার যদি তাঁদের নিয়ে যেতে চান তাহলে প্রত্যেকের বাড়ী থেকে সশস্ত্র পুলিস দিয়ে নিয়ে যাওয়া উচিত।

আমি আর একটী কথা বলতে চাচ্ছি সরকার যেভাবে তোড়জোড় করছেন তাতে আমার আশংকা হচ্ছে আগামীকল্য হাঙ্গামা হবে, গুলি চলবে, লোক আহত হবে। এই রকম গুরুতর

পরিস্থিতিতে আমাদের ছেলেপেলেদের বা ভাই বোনদের যাতে অফিসে পাঠাতে পারি তার জন্য সরকার এমন ব্যবস্থা করুন যাতে প্রত্যেকের বাড়ী থেকে গাড়ীকরে তাঁদের নিয়ে যাবেন। তাহলে এটা চলবে, তা নাহলে অসম্ভব।

Mr. Deputy Chairman:

আমি খুবই দুঃখিত। এ নিয়ে আপনাদের অনেক আলোচনা হয়ে গেছে। আলোচনা হবার পরে সন্তোষবাবু টেপ-রেকর্ডার শুনে এসেই বলতে আরম্ভ করলেন। আমি যখন বললাম আমি দেখবো টেপরেকর্ডার শুনবো উনি কোন দম্ভ প্রকাশ করেছেন কিনা বা হুমকী দিয়েছেন কিনা তাসত্বেও সেই জিনিষ উনি শুনে এসে তা নিয়ে আলোচনা আরম্ভ করলেন। এটাতে আমি খুব দুঃখিত হচ্ছি। এতে আমার এত দুঃখ হচ্ছে কি বলবো! আপনাদের আমি যথেষ্ট রেসপেক্ট করি। তাই বলে এই রকম করা উচিত নয়। আপনি শুনলে আমি শুনবো কেন? আমি যখন ভার নিয়েছি তখন আমার উপর নির্ভর করা উচিত ছিল আপনাদের। আপনি শুনে এসেই ইমিডিয়েটলি তার ডিসকাস্‌ন সুরু করলেন। আমি তাতে বাধা দেই নাই। কাজেই এ বিষয়ে আর এখানে আলোচনা হবে না প্লিজ এক্সকিউজ মী।

Shri Nirmalya Bagchi:

আমি এবং নির্মলবাবু ঐ প্রশ্ন উত্থাপন করেছিলাম। এবং যখন প্রসঙ্গ উত্থাপন করেছিলাম তখন লীডার অব দি হাউস তিনি অকস্মাৎ হাউস পরিত্যাগ করে চলে যান আবার যখন তিনি ফিরে এলেন তখনও তিনি বলেননি এটাই আমরা দেখছি।

Mr. Deputy Chairman:

আমি বলছি আমি দেখবো। আমি না দেখলে কিছু ডিসকাস্‌ন করতে দেবো না। ডোন্ট ডিসকাস দিস। যখন ভার নিয়েছি তখন আমি দেখবো।

Shri Santosh Kumar Bhattacharyya:

এটা ফোর্স করার ব্যাপার নয় উইথ অল রেসপেক্ট টু ইউ, স্যার, আপনি শুনবেন এবং দেখবেন মনে হয় সেটা জানি। কিন্তু আপনি কবে শোনাবেন এবং কি করবেন সেটা দেখা দরকার। কারণ স্যার, কালকে ধর্মঘট বা হরতাল হয়ে যাবে, এবং ধর্মঘট উপলক্ষে যে অবস্থায় যারা আসতে পারবেন কালকে ধর্মঘট বা হরতাল হয়ে যাবে, এবং ধর্মঘট উপলক্ষে যে অবস্থায় যারা আসতে পারবেন না তাদের প্রতি শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করবেন বলেছেন সেটা আমাদের লীডার অব দি হাউস-এর কথা শুনে আমাদের মনে হচ্ছে। আমাদের শনিবার হাউস নেই রবিবারও হাউস নেই তারপরে সোমবার কি হবে সেটা দেখুন। আমরা আজ কয়েক লক্ষ সরকারী কর্মচারীদের সম্পর্কে উদ্বিগ্ন। মহীতোষ বাবুর লাজলজ্জার বালাই নেই বুড়ো বয়সে ভীমরতি হয়েছে কাজেই ওকে আমল দিচ্ছিনা। আমাদের দায়িত্ব বোধ আছে সেটা ওদের নেই এবং এজন্যই আমরা বিচলিত বোধ করছি। কথায় কথায় ও'রা ছাঁটাই করেন এবং বরখাস্ত করেন।

Mr. Deputy Chairman:

Release don't go to another channel.

Shri Santosh Kumar Bhattacharyya:

আমাদের বক্তব্য হচ্ছে উনি এই কথা বলেছেন এবং উনি এটা ক্লারিফাই করুন বা প্রত্যাহার করুন। এইভাবে থ্রেট যদি চলতে থাকে তাহলে কি হবে?

Mr. Deputy Chairman:

আপনি অনেক কথা বলেছেন বসুন এ সম্বন্ধে আর আলোচনা চলা উচিত নয়।

Shri Santosh Kumar Bhattacharyya:

যাব, আমাদের বলতে হবে কারণ কয়েক লক্ষ সরকারী কর্মচারীর নিরাপত্তা এর সাথে জড়িত। দি আমাদের নিজেদের ব্যাপার হত তাহলে আমাদের বলবার কিছু ছিল না।

(মিঃ ডেপুটী চেয়ারম্যান ঃ আপনি বসবেন?)

আপনি যদি বলেন যে বসতে হবে তাহলে বসতে বাধ্য হব বা ধমক দিলে বসতে বাধ্য হব কারণ আপনাকে সম্মান করি। কিন্তু যদি এ কথা বিশ্বনাথবাবু বা মহীতোষবাবু বলতেন তাহলে আমরা আমল দিতাম না কিন্তু যিনি বলেছেন তিনি লীডার অব দি হাউস এবং ক্যাবিনেট-এর একজন সভ্য। যেহেতু লীডার অব দি হাউস এই কথা বলেছেন

It is a theat to the employees who are serving under the Government

কাজেই যদি থ্রেট এভাবে করা হয় এবং তা যদি উইথড্র না করা হয় আর অপোজিসনকে এক্সপ্লেন না করা হয় তাহলে এই যে ব্যবস্থা দেখতে পাচ্ছি এতে আমরা আশঙ্কিত হচ্ছি যে ঐ সরকারী কর্মচারীদের কি হবে।

(গোলমাল ও হৈ চৈ)

আমাকে এভাবে চিৎকার করে বসান যাবে না আই হ্যাভ গট এনাফ রেসপেক্ট ফর দি চেয়ার। ডেপুটী চেয়ারম্যানকে আমি অসম্মান করিনি। তার প্রতি সম্পূর্ণ সম্মান এবং শ্রদ্ধা করেই সেটা হয়নি। কিন্তু আপনি কবে শুনবেন এবং কি করবেন সেটা দেখা দরকার। কারণ স্যার, এই কথা বলছি। কিন্তু উনি মুখ বুজে বসে আছেন কেন? ও'র যদি সৎসাহস থাকে তাহলে বলুন যে আমি বলেছি, আর যদি সৎসাহস না থাকে তাহলে উইথড্র করুন। উইথড্র করলে আর কোন অভিযোগ নেই। কিম্বা যদি এক্সপ্লেন করেন তাহলেও আমাদের কোন অভিযোগ নেই। কাজেই লীডার অব দি হাউস আমাদের কিছু একটা বলুন। তাছাড়া আর একটা ঘটনা যেটা সম্বন্ধে প্রথমেই আপনাকে বলেছি। এই হাউসে একটা কলিং এ্যাটেনশন এসেছে......... (শ্রীবিশ্বনাথ মুখার্জি বলতে উঠলেন।) আই এ্যাম অন মাই লেগস্ স্যার, হাউসের কাজ আরম্ভ হবার আগে আপনার দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে আগামীকাল আমাদের বিরোধীপক্ষের কারুর পক্ষে এই হাউসে আসা সম্ভব নয়। কিন্তু এই সভা বিরতি হবার আগে আমরা নোটিশ পেয়েছি যে ফ্রাইডে ২৫শে সেপ্টেম্বর ১৯৬৪-এর একটা প্রোগ্রাম দেওয়া হয়েছে। আমি জানি না আপনার কনসেন্ট নিয়ে দেওয়া হয়েছে কিনা এবং আপনার যদি পরামর্শ করে দেওয়া হয়েছে কিনা? কিন্তু এটা পরিস্কার যে ও'রা জোর করে হাউস চালাবেন আমরা আসি বা না আসি। এটা পার্লামেন্টারি গণতন্ত্রের প্রতি মর্যাদা নয়। আমাদের পক্ষে যেখানে আসা সম্ভব নয় সেখানে সরকারপক্ষের এটা একটা জিদ এবং আমাদের প্রতি একটা প্রচ্ছন্ন থ্রেট করছেন। এখানে দেওয়া হয়েছে বিজিনেস রিমেন্স ফ্রম ২৪এ সেপ্টেম্বর ১৯৬৪ কাল ও'রা বিজিনেস দেন। মোহিতবাবুর বক্তব্যের উপর রুলিং দেবার সময় আপনি বলেছিলেন যে অতীতে স্ট্রাইক হলেও কোন বিজিনেস করা হয়নি। এটাই আপনার রুলিং-এ আছে। আপনার এই রুলিং যে নয় আই রাইজ অন এ পয়েন্ট অব অর্ডার যে আপনি আপনার রুলিং দেবার সময় বলেছিলেন..............

Mr. Deputy Chairman:

নো নো আমি যা বলিনি তা বলবেন না। ডোন্ট পুট এনিথিং ইন মাই মউথ

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনি একথা বলেছিলেন স্ট্রাইক-এর সময় বিরোধীপক্ষ না থাকলে হয়না, ওয়াক আউট-এর সময় কাজ চলতে পারে।

Mr. Deputy Chairman:

আমি বলছি আপনারা যদি মনে করেন এই রকমঃভাবে অবস্টাকশনিষ্ট ট্যাকটিক্স নিয়ে চলনবন আমি তা চলতে দেব না। সত্যপ্রিয়বাবু যেখানে বলেছিলেন যে বিল রি-ওপেন করা হয়েছিল সেখানে আমি বলেছি যে যেখানে নাকি স্ট্রাইক-এর জন্য অপোজিশন সেক্টর আসতে পারেননি সেখানে সেই বিল রিপোর্ট করা হয়েছিল। আমিই সেটা করেছিলাম এবং রুলিং যেটা দেওয়া হয়েছে তাতে এটাই বলেছি।

Shri Santosh Kumar Bhattacharyya:

যাই হোক, আপনি যেটা বলেছেন সেটা বুঝতে হয়ত ভুল হতে পারে। এখন এখানে পরিষ্কার প্রোগ্রাম দেওয়া হয়েছে বিজিনেস রিমেইন্স ফ্রম ২৪এ সেপ্টেম্বর ১৯৬৪ অর্থাৎ সরকারপক্ষ আগামীকাল বিরোধী সদস্যদের অনুপস্থিতিতে জোর করে বিজিনেস চালাবেন এবং আমাদের অসমাপ্ত কাজ কাল আমাদের অনুপস্থিতিতে করবেন। কাল যে ঘটনা হয়েছে তাতে আমরা বাধ্য হয়ে আপনার প্রতি সম্পূর্ণ আস্থা রেখে আমরা এই সভা ত্যাগ করে চলে গিয়েছিলাম। আমরা প্রথমেই আপনার দৃষ্টি আকর্ষণ করেছি যে আগামীকাল আমাদের পক্ষে আসা সম্ভব নয় এবং আমরা আসবোও না। এ সমস্ত সরকার জিদ করে হাউস চালাবেন এবং বিজিনেস-এর মধ্যে রেখে দিয়েছেন। কাজেই গণতন্ত্র এবং পারলিয়ামেন্টারি ডেমোক্র্যাসি যে এঁরা দুপায়ে মাড়িয়ে চলেছেন। এ্যাজ এ কাস্টোডিয়ান অব দিস হাউস আমাদের অধিকার রক্ষা করবার দায়িত্ব আপনার।

স্যার, আমরা যেখানে বলেছি যে আমরা আগামীকাল আসবো না, আসা সম্ভব নয়, সম্পূর্ণ বিরোধীপক্ষ এখানে অনুপস্থিত থাকবে, এখানে তাদের বেঞ্চগুলি খালি থাকবে, আপনার কাছে আবেদন আপনি সরকারপক্ষকে বলুন এই অবস্থায় আগামীকাল হাউস চলবেনা এবং চলতে পারে না। কাজেই তা যদি না করা হয়, আপনার কাছে আবেদন, আপনার যে সুউচ্চ মর্যাদা সেই মর্যাদার সঙ্গে আপনি এটা করুন, আপনার মর্যাদার আসনকে আরো সুপ্রতিষ্ঠিত করবার জন্য বিরোধীপক্ষের যে অধিকার, সে অধিকারকে আপনি রক্ষা করুন, এটা সম্পূর্ণ আপনার উপর নির্ভর করছে এবং এ ও আমরা জানি সে অধিকার আপনি রাখবেন। কাজেই সেই অধিকার যাতে সুপ্রতিষ্ঠিত হয়, তারজন্য আপনি সরকার পক্ষকে বলুন তাঁরা যেন জিদ করে আগামীকাল কোন বিজিনেস না করেন। এই গুরুতর ঘটনার প্রতি আমি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।

Mr. Deputy Chairman:

শুনুন, শুনুন, প্রোসিডিউর অব দি হাউস এ্যান্ড কন্ডাক্ট অব দি বিজিনেস এটা সেটল করেন গভর্নমেন্ট। স্ট্রাইক করা হবে এই প্লেট-এর উপর কখনো কোন গভর্নমেন্ট হাউসের বিজিনেস বন্ধ করতে পারেন না। হরতাল করবো, আমরা আসবো না এটা প্লেটে ছাড়া কি? এই প্লেটের মুখে কখনো হাউস বন্ধ করা যায় না। তবে কালকে কি হবে না হবে দ্যাট ডিপেন্ডস অন এ্যানাদার থিং তবে তাঁরা নিশ্চয়ই মিটিং করবে,

according to previous arrangements they have called the meeting tomorrow. They cannot stop it on account of strike.

যদি প্লেট দিয়ে সরকারী কাজ বন্ধ করা যায়, তাহলে কোন গভর্নমেন্ট বলেনা তাছাড়া কালকে কি বিজিনেস হবে কি না হবে তা কালকে সেটেল করা হবে। আজকে সে সম্বন্ধে কোন সিদ্ধান্ত গ্রহণ করা যায় না।

Shri Nirmalya Bagchi:

আপনি স্যার, কালকে বিজিনেস পোস্টপন করুন। সে অধিকার আপনার আছে।

Mr. Deputy Chairman:

বিজিনেস ইজ নট ইন দি হ্যান্ডস অব দি চেয়ার এটা আপনি জানেন না বলেই ও কথা বলছেন।

Shri Nirmalya Bagchi:

জানি বিজিনেস এ্যাডভাইসরি কমিটিকে কি কাজ করতে হয়।

Mr. Deputy Chairman:

শুনুন, আপনি যদি দাঁড়িয়ে আমার সঙ্গে তর্ক করেন, তাহলে সেটা অন্যায় হবে।
Business Advisory Committee will settle what business will be taken up, and it is the duty of the Government to settle the days when the House will sit. Government cannot change their programme on account of threat.

Shri Nirmal Bose:

স্যার, আমার একটী পয়েন্ট অব অর্ডার আছে। সেটা হচ্ছে এই আমরা এখানটার যে কথা জিজ্ঞাস করবো, আপনি বলছেন যে আইন নাই আপনি মন্ত্রীকে বাধ্য করতে পারেন, কিন্তু সেটা গুরুতর বিষয়, যেটার প্রতিক্রিয়া আগামীকাল ভয়ঙ্কর রকম হতে পারে। সে বিষয়ে মন্ত্রিমহাশয় একটি বিবৃতি দিয়েছেন আমি মনে করি এ বিষয়ে আপনার দৃষ্টি আকর্ষণ করা যায়। তিনি কোন কথা বলছেন না। আমি মনে করি তাঁর কথা বলা উচিত।

Shri Mohitosh Rai Choudhuri:

স্যার, আমার একটি পয়েন্ট অব প্রিভিলেজ আছে ও'রা নানা রকমভাবে আলোচনা করছেন করুন কিন্তু আমার উপর সন্তোষবাবু যে আক্রমন করলেন, সেটা তাঁর পক্ষে উচিত হয় নাই। আমি অবশ্য কিছু মনে করি না, তবে ও'র আক্রমনে আমার কিছু এসে যায় না। উনি অনেক কথা বললেন এই যে কথায় আছে অমৃতং কলো ভাষিতম্ উনি আমার পুত্রের বয়সী। সুতরাং ও'র কথায় নোটীশে আনিনা। আমি কারো কথা নোটীশে নেই না। মহীতোষবাবু সেনাইল যা হচ্ছে তাই বললেন। এই কথাগুলো কি শোভন হলো? একটা শিষ্টতা, ভদ্রতা আছে তো? ও'রা আবার গণতন্ত্রের কথা অনেক বলেন। বিরোধীপক্ষ যত রকম গালাগালি দিচ্ছেন, সব ব্যক্তিগত আক্রমণ করছেন। কাউকে আমি কিছু বলছি না। আমার কথা বলতে গেলে ও'রা কাউকে শুনতে দেবেন না। এই আকমণ কি রকম ভদ্রতা হলো? সন্তোষের কথায় আমি কিছু মনে করি না। আমি জিজ্ঞাসা করছি এ কথা বলাটা কি শোভন হয়েছে? না, হাউসের পক্ষে মর্য্যাদাকর হয়েছে? এসব কি জিনিষ?

Mr. Deputy Chairman:

এই রকম কথা বলা আমি মনে করি খুব অন্যায় হয়েছে।

Abdullah Rasul:

কালকে যে হরতাল হচ্ছে তাতে আমাদের বিরোধী দলের কেউ আসতে পাচ্ছে না। সেই কারণে কেউ না আসতে পারার জন্য হাউস মুলতুবী রাখা হোক কারণ বন্ধ না রাখলে বিল বা অন্য কিছু করা সম্ভব নয়। সুতরা কালকে হাউস বন্ধ রাখা হোক যাতে পরে আমরা কাজে যোগদান করতে পারি।

Shri Nirmalya Bagchi:

ট্রেজারি বেঞ্চ-এ যাঁরা আছেন এবং আমাদের অপোজিশন-এ যাঁরা আছেন তাদের সকলেরই অসুবিধা হবে সুতরাং সেইজন্য আপনাকে এই বিবেচনা করবার জন্য বারবার অনুরোধ করছি। আগামীকাল আমাদের কারোরই আসা সম্ভব নয় বা সভায় আলোচনায় যোগদান করা সম্ভব নয়।

(হৈ চৈ, গণ্ডোগোল)

The Hon'ble Jagannath Kolay:

আমাকে একবার বলতে দিন, আপনার কথা আমরা অনবরতই শুনছি সকাল থেকেই একই কথা ঘুরবার শুনছি।

Shri Nirmalya Bagchi:

আপনি হাউস এ্যাডজোর্ন করবেন, অমরা অপজিসন হলাম এই হাউস-এর একটা বড় ফ্যাক্টর। এই হাউস-এর বিজিনেস কি হবে তা আপনার চেম্বারএ বসে একটা সভা করে বলুন।

The Hon'ble Jagannath Kolay:

নির্মলবাবু বললেন যে বিরোধীপক্ষ যদি না থাকে আন-রিপ্রেজেন্টিভ হলে হাউস-এর বিজিনেস চলতে পারে না। এটা উনি কি বলছেন তা আমি বুঝতে পারছি না। যদি বিরোধীদল একজন বলে আমি আসবোনা তাহলে কি আমরা কিছু করতে পরবোনা? কিন্তু কোশ্চেন হচ্ছে যে কালকে আমাদের যে বিজিনেস আছে তার প্রোগ্রাম আমরা দিয়েছি এবং এটা ঠিক করেছি যে আমাদের এখানে কংগ্রেসের মেম্বার যাঁরা আছেন তাঁরা চান হাউস হোক। আমরা মনে করি কালকে হাউস হবে। কালকে যদি দেখি বিরোধীপক্ষ আসেননি তাহলে এমন কোন জিনিস হবে না বা কোন বিল করবো না। আমরা বিরোধীপক্ষকে বলবার সুযোগ দেবো কালকে আমরা শেষ করব না যদি দরকার হয় সোমবার করবো বা যদি দরকার হয় মঙ্গলবারও করবো তারজন্য একে ঘটনা। কিন্তু একটী কথা শুনে আশ্চর্য্য হলাম কারণ এটা হল আমাদের হাউস অফ এলডার্স। আমি এটা যদি দেখতাম যে সকাল থেকে গোলমাল হ'চ্ছে তাহলে সেটা বুঝতে পারতাম যে অপোজিসানরা বাধা দিচ্ছে। কিন্তু দেখলাম সকালে একবার গোলমাল হয়ে গেল, আপনারা এ্যালার্ড করলেন বিল আলোচনা করবার, এবং কিছুটা বিজিনেস হল, রিসেস হল। কিন্তু রিসেস-এর পর এরূপ হচ্ছে এবং আপনারা বিজিনেস অব দি হাউস কি হবে ইত্যাদি নিয়ে অনবরতই বাধার সৃষ্টি করছেন। কোশ্চেনটা কি? আপনারা বলেছেন কালকে যেন বিজিনেস-এ এরূপ কোন জিনিষ পাশ করিয়ে নেওয়া না হয় যাতে আপনারা আলোচনা করতে না পারেন, আমি এর উত্তর আগে দিয়েছি। আমি বুঝছি না কালকের কথা আজকে কেন বলছেন right to reopen that matter again যদি নাকি আমরা এমন কিছু করি।

Mr. Deputy Chairman:

এত উত্তর দেওয়া চলে না। আপনারা প্রসিডিউর জানেন না একর্ডিং টু প্রসিডিউর অব দি হাউস যা চিরকাল চলে এসেছে সেইভাবেই চলবে। কালকেও মিটিং সেইভাবে ডাকা হয়েছে। মিটিং বন্ধ করার অধিকার চেয়ারম্যানের নেই। কালকের মিটিং আজ পোষ্টপোন করা এডজোর্ণ করা যায় না। কাল যখন হাউস এসেমব্ল হবে তখন তারপর মিটিং এ্যাডজোর্ণ করা যায়। কাজেই এই কথা বাড়িয়ে কোন লাভ নেই। কালকের বিজিনেস ডিক্লেয়ার হয়ে গেছে, তখন কাল মিটিং হবেই। আজ এ্যাডজোর্ণ করার কোন যুক্তি নেই। কাজেই কালকের কথা বলে সময় নষ্ট করবেন না।

Shri Abdul Halim :

বহু নজীর আছে।

Mr. Deputy Chairman:

Whether there will be business or not

সেটা কালকের কথা, আজ আর এগিয়ে ডিসকাস করবেন না। কালকের মিটিং-এর ডিসকাস কালকে হবে। আমি কাসটোডিয়ান হিসাবে বলছি বা আজ আর এনিয়ে আলোচনা করবেন না।

That will be decided to-morow. Go on with your Bill.

(Noise and interruptions)

Shri Abdul Halim :

অন এ পয়েন্ট অব অর্ডার আমাদের প্রোগ্রাম থাকা সত্বেও হাউস এ্যাডজোর্ণ হয়েছিল এই রকম প্রিসেডিন্ট আছে।

Mr. Deputy Chairman : I admit this, but I shall never follow this. My decision is clear

মিটিং ডাকা হয়েছে হাউস চলবে।

Point of Order

Shri Mohit Kumar Moitra : Mr. Deputy Chairman, Sir, most reluctantly and with great pain I am bringing one fact to your notice by raising a point of order. The Chair commands the respect of the party in power as well as of the Opposition and from the Opposition I submit that we have implicit faith in the Chair. But, Sir, my point of order is this that during the discussion when you were giving your decision you had been pleased to remark that the Opposition had been adopting obstructionist tactics". Sir, the Chair must always show impartiality and if any of his remarks suggest that there was partisanship or there was partiality the Opposition feels that their rights and privileges have been encroached upon. Now, Sir, I just request you to give your ruling whether by uttering the word "obstructionist", by giving your decision that we have adopted "obstructionist" tactics, you have shown partisanship, and if so, have we not the right to record our protest against your decision ? This is my point of order on which I want your ruling.

Dr. Srikumar Banerjee : Mr. Deputy Chairman, Sir, this is questioning the conduct of the Chair and if the facts make it abundantly clear that the Opposition does not allow the order of business to proceed by raising all sorts of frivolous point of order then, I think, you are perfectly justified in your observation that the Opposition has taken up an obstructionist attitude.

So, Sir, we fully support your remarks and think that the Opposition is very wrong and it has violated parliamentary practice in having questioned the conduct of the Chair. Sir, we take strong exception to the conduct of the Opposition.

Shri Abdullah Rasul :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ডাঃ শ্রীকুমার ব্যানার্জী মহাশয় আমাদের সম্পর্কে যে ফিভালাস কথাটা ব্যবহর করেছেন, সে কথাটা বলা কি তাঁর ঠিক হয়েছে? আমরা মনে করি তাঁর এই ফেভোলাস কথা বলা উচিত হয় নাই। আমি এই বিষয়ে আপনার রুলিং চাই, আপনি রুলিং দিন।

Shri Santosh Kumar Bhattacharyya : Sir, with all respect to you................

Mr. Deputy Chairman : I would request you to sit down.

আপনি বসুন। আমাকে কথা বলতে দেবেন না? আমি অপজিসনকে ভালকরে হৃদয়ঙ্গম করতে বলি, অপজিসন যেন একথা ভাল করে মনে রাখেন যে আমি কোন সময়ে আপনাদের অসুবিধা করবার জন্য কোন কিছু কাজ করি না। কিন্তু আজকে আপনারা যেভাবে পয়েন্ট অব অর্ডার ইত্যাদি তুলে একই কথার রিপিটেশন চালাচ্ছেন, যে কথা হয়ে গেছে, সেকথা বার বার রিপিটে-

শন আপনারা করছেন যা কোন পার্লিয়ামেন্টারী প্রসিডিওর-এ নাই। যা রিসেস এর আগে হয়ে গেছে, তার এখন আবার রিপিটেশন হচ্ছে। কাজেই সেখানে যদি আমি বলে থাকি অবস্ট্রাকশনিস্ট ট্যাকটিজ, তাহলে আমি মনে করি কিছুমাত্র অন্যায় করি নাই। কাজেই আপনারা যদি কেউ ঐ অবস্ট্রাকশনিস্ট ট্যাকটিজ কথাতে ব্যথা পেয়ে থাকেন, তাহলে আই অ্যাম সরি ফর ইট। আমি আপনাকে ব্যথা দেবার জন্য কোন কথা বলি নাই। কিন্তু আপনাদের ট্যাকটিজ আমাকে অত্যন্ত বেদনা দিয়েছে, আমি অত্যন্ত বেদনাবোধ করছি। কাজেই আমি আশা করি যে পয়েন্টের থ্রেড-বেয়ার ডিসকাসন আগে হয়ে গেছে, যাকে বাংলায় বলে অত্যন্ত তেতো হয়ে গেছে এরকম কাজ আপনারা করবেন না।

(এ ভয়েস : আমরা ও'র কাছ থেকে বিবৃতি চাই।)

Shri Mohit Kumar Moitra : Sir, I am grateful to you for the regret you have expressed, but your speech has encouraged the Hon'ble Minister for Parliamentary Affairs and my honourable friend Dr. Srikumar Banerjee to utter unparliamentary terms.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমি কোন অবস্ট্রাকশনিস্ট ট্যাকটিজ নিচ্ছি না। আমার শেষ আবেদন আপনার মাধ্যমে বিফোর ইউ টেক আপ দি বিজনেস অফ দি হাউস, মন্ত্রী মহাশয় বিলের আলোচনা করবেন, তার আগে আপনার মাধ্যমে অনুরোধ ঐ যে সরকারী কর্মচারীদের প্রতি থ্রেটের ব্যাপারটা সম্বন্ধে তাঁকে কিছু বলতে হবে। মিনিষ্টার কিছু বলুন। উনি একটি কথাও বলবেন না এ কি করে হয়?

Mr. Deputy Chairman:

আমি আপনাদের কাছে জানতে চাই—কোন্ আইনে আমি ও'কে ফোর্স করতে পারি—বলবার জন্য? কি অধিকার আছে আমার? উনি যদি কিছু না বলেন, আমি কি করতে পারি?

Shri Nirmalya Bagchi:

উনি তো ওখানে বসে আছেন। আইনের কথা নয়, আমরা একটা কথা তুলেছি, উনি উত্তরে কিছু বলুন।

Mr. Deputy Chairman:

আপনারা তো অনেকবার তুলেছেন এ কথা, উনি যদি কিছু না বলেন, আমি বলবো কেমন করে? আই এ্যাম ভেরি সরি।

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আপনি একজন ভেটারান পার্লমেন্টেরিয়ান, আপনাকে কি আমাদের বলে দিতে হবে?

Shri Abdullah Rasul :

স্যার, ঐ ফ্রিভোলাস কথাটা কি রীতি সম্মত?

Mr. Deputy Chairman : "Frivolous" is a parliamentary word.

(Some honourable members of the opposition rose to speak.)

Mr. Deputy Chairman : Please take your seat, The Hon'ble Minister will reply.

Shri Mohit Kumar Moitra : Sir, if there are other members who want to speak, I think you should allow them to speak.

Mr. Deputy Chairman : I wanted names from you.

Shri Santosh Kumar Bhattacharyya:

নাম দেন নাই—পরে উনি বলতে চান বলবেন।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় সদস্য মোহিতকুমার মৈত্র মহাশয় বিলের আলোচনা প্রসঙ্গে গুটিকয়েক মন্তব্য করেছেন এবং আমি অত্যন্ত দুঃখের সঙ্গে বলছি। তিনি বিলটি পুঙ্খানুপুঙ্খরূপে না পড়ে এই মন্তব্যগুলি করেছেন। তিনি বলছেন পাঁচ নম্বর ক্লজ সম্বন্ধে বিল আনয়নকারী মন্ত্রিমহাশয় কিছু উল্লেখ করেন নাই, আমি উল্লেখ করেছি—ক্লজ সিক্স্ ছাড়া আর যে ক্লজগুলি আছে, সেগুলি সব কনসিকোয়েনসিয়াল। যদি দেখতেন ১৭২ ধারা যেটা ক্যালকাটা মিউনিসিপ্যাল এ্যাক্ট-এ আছে সেটায় বলার যে ৫ বৎসর অন্তর যে সমস্ত ওয়ার্ড ভাগ করা হয়েছে সেই সমস্ত ওয়ার্ড-কে এক একটা ইউনিট ধরে সেখানে এ্যাসেসমেন্ট করা হয় যদি ৮০টা ওয়ার্ডকে বিভিন্ন বৎসর এ্যাসেসী যদি করা হয় তাহলে এই নূতন ওয়ার্ড যেটা রি-এ্যাডজাষ্টমেন্ট হবে তার নূতন ওয়ার্ড-এর নাম পরিবর্তন হলে যে সমস্ত এসেসির পাওনা আছে তাদের কাছ থেকে সেটা আদায় করতে গেলে নূতন ওয়ার্ড-এর সাথে উল্লেখ করে সেই ওয়ার্ড-এর অধিবাসী দেয় ট্যাক্স আদায় করবার মত আইন সংগত একটা বিরাট উপস্থিত হয় সেটাকে বার করবার জন্য ওয়ার্ডটা যতই পরিবর্তন হোক না কেন ১৭২ ধারায় ওয়ার্ড-কে ইউনিট ধরে এ্যাসেসমেন্ট করে করা হয়েছে। বর্তমান আইন প্রচলিত হলেও সেই ওয়ার্ড রিয়েলাইজেসান এ্যাসেসমেন্ট সেই অনুসারে চলবে তাতে আইনের কোন বাধা নেই বা থাকতে পারে না। আর একটা কথা হল ওয়ার্ড ডিভিসন করার ব্যাপার—সেটা হল প্রশাসনিক আর হল আদায় বা এ্যাসেসমেন্ট করবার জন্য ইউনিট। ওয়ার্ড ডিভিসন হয়েছে তাতে সাইক্লিং অর্ডারে অর্থাৎ যে সাইক্লিং করা হল সেই ওয়ার্ডগুলো একই সময় সব করা হয় নি যে বৎসর একটা ওয়ার্ড-এ করা হল দ্বিতীয় বৎসর তা আর একটা ওয়ার্ড করা হল অথচ প্রত্যেক ওয়ার্ড ৬ বৎসর অন্তর এ্যাসেসমেন্ট-এর আয়ু থাকে, কাজেই এ সমস্ত ওয়ার্ড বিভক্ত হয়ে থাকে পুনর্নির্দ্ধারিত হওয়ার সাথে, পুনর্বন্টন হওয়ার সাথে এই সমস্ত আইনসংগত ত্রুটি বিচ্যুতি দেখা দিতে পারে এবং তার অন্তরায় ঘটতে পারে। সেই অন্তরায় থেকে মুক্ত হবার জন্য ৫নং ক্লজ এবং ১৭২ ধারা সংশোধন করা হয়েছে. এবং তিনি বলেছেন যে লোকচক্ষুর অন্তরালে গোপনে সীমানা নির্দ্ধারণ করা হয়েছে। প্রথমত সীমানার ব্যাপারে কাজ প্রথম শুরু হয় কর্পোরেশন-এর কাছ থেকে। করপোরেশন প্রথমত প্রস্তাবটা এভাবে পাঠায় যে লোক সংখ্যা বৃদ্ধি পেয়েছে ও কলকাতা সহরে ২৪টা এ্যাসেম্বলী কনস্টিটুয়েন্সী আছে ও যেহেতু একদিনে নির্বাচন পরিচালিত হতে পারে, এ তো এ্যাডাল্ট সাফ্রেজ করা হয়েছে, কাজেই ভোটার সংখ্যা এত বৃদ্ধি পেয়েছে যে এর ফলে এটা ৮০টা থেকে ১০০টা করতে হয়েছে। ১০০টা পর্যন্ত হওয়ার সাথে সাথে আমরা এই কথা বলেছিলাম যে তোমরা ৮০টা ওয়ার্ড থেকে এভাবে করতে চাচ্ছো কেন এবং কি ভাবে এর বিভাগ বা বন্টন হ'ছে। মাননীয় উপপরিষদ পাল মহাশয় এই বিভাগ বা বন্টনের কাজের ব্যাপারে ২টা বিষয় ভাববার আছে, একটা হল ম্যাপ। যে পুরান ওয়ার্ডগুলি ছিল সেই ক্যালকাটা কর্পোরেশন-এর ম্যাপ অবশ্য শুধু ঐ ম্যাপ-এই সন্তুষ্ট হলে হবে না সেই ওয়ার্ড-এর ভোটার সংখ্যা ছাড়িয়ে দিয়ে—কি ন্যায় সংগত করতে হলে সেই ভাবে তার ভোটার তালিকা প্রস্তুত করা। কোন সভ্য কি বলতে পারেন এই জিনিসগুলো আমাদের আওতায় আছে? আজকে দাগ দিয়ে যদি সীমারেখা করি তাতে হবে না। যদি ভোটারের কথা বলতে হয় তাহলে ভোট কত, এবং পূর্ণবয়স্ক ভোটারের সংখ্যা কত, এবং এর জন্য এ্যাসেম্বলী লিস্ট দেখতে হবে ও সেই লিস্ট মত কত হচ্ছে কতগুলো ক্রেম্যান্ট আছে ইত্যাদি। এই সমস্ত একটা রেজিস্টারিং অথরিটি বা ঐ ডিপার্টমেন্ট ছাড়া হতে পারে না। তাহলে দেখা যাচ্ছে মানচিত্রকে অবলম্বন করে রেখাঙ্কন করা এ্যাসেসমেন্ট বিভাগ কর্পোরেশন-এর এবং রেজিস্টারিং অথরিটি ও ইলেকসন ডিপার্টমেন্ট এই উভয় পক্ষের সমন্বয় ছাড়া কোন কিছু হতে পারে না। মাননীয় সত্যপ্রিয়বাবু বলেছেন যে তিনি জানেন না যে তিনি কলকাতার বাসিন্দা কি না। আমিও কলকাতার অলিগলি চিনি না কেবল প্রকাশ্য রাস্তাই চিনি কিছু অভিজ্ঞতা আমার নেই। আমাকে এখান থেকে আমেরিকা-য়

এসবের ম্যাপ দেখান যা আর কলকাতারও তাই, সুতরাং সে ধারনা সত্যপ্রিয়বাবুরও থাকতে পারে। আমার মনে হয় এখানে বিশেষ করে যত সদস্য রয়েছেন তাঁরা এখান থেকে এ্যামেরিকার ম্যাপ দেখে যা বুঝবেন কলকাতার ম্যাপ-এর সেই সমস্ত অলিগলি খুঁটি-নাটি ইত্যাদি দেখ-লেও তাই বুঝবেন। এ সবের একমাত্র নির্ভরশীল হল রেজিস্টারিং অথরিটী। প্রথমে ৮০টি বিভাগ ছিল। আপনি দেখে আশ্চর্য্য হবেন যে প্রথমে যে ৮০টি বিভাগ ছিল। তাতে লোকসংখ্যা এবং পূর্ণ বয়স্ক ভোটাধিকার দিয়ে দেখা যাচ্ছে যে একটা ওয়ার্ড হল ৪ হাজার ৮২৭, ৫৬নং ও ৭৫নং ওয়ার্ড-এ দেখা যাচ্ছে ৪২ হাজার ৮২৩। অতএব দেখা যাচ্ছে ৪ হাজার, ৫ হাজার এক একটি ওয়ার্ড, আর ৪২।৩০।৪০।২০।২২ হাজার এক একটি ওয়ার্ড-এ। অথচ ৮০টি বিভাগ বন্টন করে স্পষ্ট প্রতীয়মান হচ্ছে এই যে এক্‌জিষ্টিং ওয়ার্ড ৮০টি যা ছিল এবং যে অনুপাতে পূর্ণ বয়স্ক ভোটাধিকার হবে সেই তালিকাকে ডিষ্ট্রিবিউট করে দেখা যাচ্ছে একটা অস্বাভাবিক রকম তারতম্য রয়ে যাচ্ছে। কর্পোরেশন থেকে যখন রেজোলিউশন এল তখন কো-অপারেটিভ-কে বললাম যে তোমরা একটা বাটোয়ারা করে সীমারেখার মধ্য দিয়ে দেখিয়ে দাও যে কোন কোন ওয়ার্ড কি ভাবে ভাগ করা যেতে পারে। তাঁরা দিলেন

Corporation Authorities are in possession of certain documents. They can set the ball rolling.

তারপর তাঁদের কাছে যখন নিবেদন করলাম তখন করপোরেশন থেকে একটা স্পেশাল ডিলিমি-টেশন কমিটি করলেন। সেই কমিটি সীমানা নির্ধারণের ব্যাপারে ম্যাপ দেখেছেন, ক্ষতিয়ান দেখেছেন এবং ভোটার তালিকা দেখে তাঁরা ১০০টা করলেন। তাঁরা যে ১০০টি সীমারেখা নির্ধারণ করে আমাদের কাছে দিলেন, সেই সীমায় কেবল লাল পেন্সিলের দাগ দিয়েই দিলেন এবং তাতে চৌহদ্দীর বর্ণনা দিলেন না। (শ্রীনির্মল বসু ঃ সেই কমিটিতে কি অপোজিসন-এর লোক ছিলেন ?) সেটা আমাদের জানার বিষয়বস্তু নয়—করপোরেশন সেই সাব-কমিটি করে-ছেন। সেই কমিটির বিবরণ যখন এল তখন তা দেখে আশ্চর্য হয়ে গেলাম। অর্থাৎ সেই কমিটি যে সীমারেখা নির্ধারণ করে দিয়েছেন আমরা সেই রাস্তা ধরে যখন সীমানা নির্ধারণ ও চৌহদ্দী বর্ণনা করলাম এবং ভোটার তালিকা দিলাম তখন তাতে দেখা গেল পার্থক্য থেকে গেছে সেজন্য তক্ষুণি সরকারের কাজ এল। আমাদের এ্যাপয়েন্টেড রেজিষ্টারিং অথরাইজ অথরিটি, উইথ দি হেলপ অফ দি ইলেকসন কমিশন, তিনি দেখলেন যে ভোটগুলো ঠিক মত ডিসট্রিবিউসন করা হয় না। কাজেই করপোরেশন যেটা দিয়েছেন সেটা লোক চক্ষুর অন্তরালে দিয়েছেন, ষড়যন্ত্র করে দিয়েছেন, বিরোধী দলকে বাদ দিয়ে সাব-কমিটি করে দিয়ে-ছেন তা দেখার প্রয়োজন হয় না বলে তাঁদের মত গ্রহণ না করে সরকার যা নিরপেক্ষ মনে করেছেন সেই সীমা দিয়ে সীমারেখা নির্ধারণ করে এই বিলে দেওয়া হয়েছে। এই বিলে সীমা-রেখা যা দেওয়া হয়েছে সেটার ডিস্ট্রিবিউটিভ-এ আমরা যতদূর সম্ভব একটা সমতা রক্ষা করবার চেষ্টা করেছি, যতদূর সম্ভব কমপ্যাক্ট করে রাখবার চেষ্টা করা হয়েছে। আমি একথা বলতে পারি কোন পক্ষ এতে সন্তুষ্ট হন নি। কংগ্রেসের অসংখ্য সিটিং মেম্বার্স আমাদের কাছে দরখাস্ত করেছে, কম্যুনিষ্ট পার্টি ও অন্যান্য বিরোধী দল দরখাস্ত করেছেন, ব্যক্তিগত ভাবে করেছেন। যে সমস্ত বৈজ্ঞানিক যুক্তি, ভিত্তি এবং ডেটা-র উপর নির্ভর করে এই সীমা-রেখাগুলি পুনর্বন্টিত করে দেওয়া হয়েছে এই ব্যাপারে যেখানে তাঁদের প্রিন্সিপ্যাল-এর সংগে মেলেনি সেখানে সেটা আমি পরিত্যাগ করেছি। আবার যেখানে দেখা গেছে তাঁদের যুক্তি যুক্তিপূর্ণ সেখানে আমরা তাঁদের সবগুলি গ্রহণ করেছি। কিন্তু এইভাবে করেও দেখা যাচ্ছে কোন পক্ষকেই আমরা সন্তুষ্ট করতে পারিনি। সেজন্য সরকার নিরপেক্ষ দৃষ্টিভঙ্গীতে যা করেছেন সেটা ভালই করেছেন। স্যার, মোহিতবাবু বলেছেন ১১ হাজার আর ২০ হাজার। আমি বলেছি শুরু হয়েছে ১১ হাজারে আর শেষ হয়েছে ২০ হাজারে। সেজন্য যে লিস্ট বন্টন করে দিয়েছি তাতেই অনুগ্রহ করে দেখবেন যে ১১ হাজার কটা আছে। আমি বলছি ১১ হাজার আর ২০ হাজারের মধ্যে ১১।১২ হাজারে ১০টি, ১২ থেকে ১৩ হাজারে ৫টি, ১৩ হাজার থেকে ১৪ হাজারে ১৪টি, ১৪ থেকে ১৫ হাজারে ১৫টি, ১৫ থেকে ১৬ হাজারে ১৩টি, ১৬ থেকে ১৭ হাজারে ১১টি, ১৭ থেকে ১৮ হাজারে ১০টি, ১৮ থেকে ১৯ হাজারে ৯টি, ১৯ থেকে ২০ হাজারে ১২টি এবং একটি মাত্র কম আছে ওয়ার্ড নং ২৩-তে আছে ২০ হাজারের ঊর্দ্ধে এর মধ্যে ৫০০টি যে ডেটা যে প্রিন্সিপ্যাল-এর উপর করেছি তাতে ৫০০-টা বাদ দিয়ে রেখেছি।

এর মধ্যে আমি ৫০০ টাকে বাদ দিয়ে রেখেছি। কেন না ভোটার তালিকা যেটা, তা ষ্ট্যাটিক নয়, সেটা আরো বাড়বে এবং এর মধ্যে ৫০ হাজার ক্লেইম্যান্ট দরখাস্ত করেছে। সেই ৫০০টাকে সরিয়ে নিয়ে দেখবেন—যা আমরা ভোটার লিষ্ট দিয়েছি—তাতে দেখবেন সবগুলি ২৩ থেকে ১৮। ১৯ হাজারের মধ্যে ৭৩টা সিট আছে। আর বাকী যে আছে তাতে দেখবেন ১১ থেকে ১২ হাজার এবং ২০ হাজারের ঊর্ধ্বে আছে কেবল মাত্র ২৩ নম্বর ওয়ার্ড, সেটা হচ্ছে বড়বাজার। সেখানে কেন এমন অবস্থা হয়েছে? ২৩ নম্বর ওয়ার্ডে এই রকম হবার কারণ সেখানে এমন কোন পথ নাই, এমন কোন গলি নাই এবং এমন কোন স্পষ্ট সীমারেখা দেওয়া যেতে পারে না অল্প পরিসর, কিন্তু লোকসংখ্যা এত বেশী যে কোন প্রকার বিভাজন দ্বারা তার চেয়ে আর একে কমানো যায় না। অনিবার্য ক্ষেত্রে একে গ্রহণ করা হয়েছে।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সত্যপ্রিয়বাবু বলেছেন সাধারণের সুবিধার্থে, এখন নির্বাচনের ক্ষেত্রে কেবল আয়তন দ্বারা ভোটার সংখ্যা নির্ধারণ করা যাবে না। অনেক জায়গায় দেখবেন আয়তন বেশী, কিন্তু ভোটার সংখ্যা কম; আবার কোথাও আয়তন কম ভোটার সংখ্যা বেশী। কাজেই আকার দিয়ে ভোটার সংখ্যা বিচার করা চলে না। আকারের সাথে সাথে ভোটারের সংখ্যা তার মধ্যে ছড়িয়ে যে লিষ্ট আপনাদের কাছে বিতরণ করা হয়েছে তাতে দেখবেন কোন ক্ষেত্রেই কোনরকম ভাবে কারচুপি কিছু করা হয় নাই বরং পক্ষপাতিত্বহীন ভাবে নিরপেক্ষ দৃষ্টিভঙ্গী দিয়ে বিচার করে সব কিছু করা হয়েছে। তাই যে কথাগুলি বলা হয়েছে, যে সব অভিযোগ করা হয়েছে—সে সব একেবারেই ভিত্তিহীন, কোন দলীয় স্বার্থে কিছু করা হয় নাই। আমরা গণতান্ত্রিক ভিত্তিতে পূর্ণবয়স্কের ভোটাধিকার রেখে নির্বাচন সুচিত করছি। তাহলে বিরোধী দল কি বলতে চান যে জনসাধারণ যাঁরা পূর্ণ বয়স্কের ভোটাধিকার পেয়েছেন, তাঁদের নিজস্ব কোন বুদ্ধি নাই, হিতাহিত জ্ঞান নাই? কোন নীতি বোধ নাই? যদি সীমারেখা ধরে সব মানুষের মনগুলো আটকান যায়, তাহলে তো এটা অসম্ভব গণতন্ত্রের কথা, এই দৃষ্টিভঙ্গী নিয়ে যদি জনসাধারণের শুভবুদ্ধি ও ন্যায়বুদ্ধির উপর, ন্যায় বিচারের উপর কটাক্ষপাত করা যায়, তাহলে গণতন্ত্রের প্রতি তাঁরা কি রকম সম্মানশীল, তা তাঁরা বিবেচনা করে দেখবেন। ক্ষেত্র বা সীমারেখা দিয়ে মানুষের মনকে বাঁধা যায় না। যে চিন্তা, যে নীতি আজকে কাজ করছে তাতে আজকে যেখান থেকে নির্মলবাবু সাধারণ নির্বাচনে এসেছেন, সেখান থেকে হয়ত আমি দাঁড়িয়েও হয়ে যেতে পারি, আবার আমি যেখানে দাঁড়িয়েছি, সেখানে দাঁড়িয়ে নির্মলবাবুও হয়ে যেতে পারেন। কাজেই জনসাধারণের মন ষ্ট্যাটিক নয়; যুগের অগ্রগমনের সাথে সাথে, তাদের মনের চিন্তাধারার সাথে, তাদের শুভবুদ্ধি উদয়ের সাথে; গণচেতনার সাথে মানুষ পা ফেলে চলে, যদি কোন ব্যক্তি কোন কটাক্ষপাত করে থাকেন যে সীমারেখার দ্বারা দলীয় স্বার্থসিদ্ধির ব্যবস্থা করা হয়েছে, অনেকে বলেন সিটিং কাউন্সিলারদের সুবিধার জন্য করা হয়েছে, তাহলে তাঁরা ভুল করছেন। আমি তাঁদের বলবো জনসাধারণের শুভবুদ্ধির প্রতি শ্রদ্ধাহীন হবেন না। তাঁরা মানুষের ভুলভ্রান্তি বিচার করছেন করুন। আর একজন বলেছেন যে ভেষ্টেড ইনটারেষ্ট-দের জন্য এইভাবে সীমারেখা টানা হয়েছে। আমি বলবো যা ভেষ্টেড ইনটারেষ্ট ছিল, যেটুকু উঠিয়ে দেবার জন্য এই পূর্ণ বয়স্কের ভোটাধিকার দেওয়া হয়েছে। ২৪ বছর বয়স হলে, যে কোন কলকাতার অধিবাসী দরিদ্র হোক, শিক্ষিত বা অশিক্ষিত হোক, ধনী হোক, নির্ধন হোক সকলেই ভোট দিতে পারবেন। কাজেই ভেষ্টেড ইনটারেষ্ট উচ্ছেদের জন্য এই পূর্ণ বয়স্কের ভোটাধিকার দেওয়া হয়েছে, বরং বলা যেতে পারে ভেষ্টেড ইনটারেস্ট-এর অধিকার ক্ষুণ্ণ করবার জন্য এই পূর্ণবয়স্কের ভোটাধিকার দেওয়া হয়েছে। তাহলে সেই দৃষ্টি আর তার মধ্যে থাকে না।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে কথাগুলি বিরোধীপক্ষ থেকে বলা হয়েছে আসলে তার মূলে কোন যুক্তি নাই। কোন যুক্তি সাপেক্ষ দৃষ্টিভঙ্গী যদি না থাকে, তাহলে অনেক কথা বলা যায় যে কথা ন্যায়বিচারের ধোপে টেকে না। কাজেই যে সব কথা বিরোধী পক্ষের সদস্যেরা বলেছেন—মোহিতবাবু বলেছেন, নির্মলবাবু বলেছেন, সত্যপ্রিয়বাবু বলেছেন এবং মনোরঞ্জনবাবু বলেছেন—সিটিং মেম্বারদের সুবিধার জন্য করা হয়েছে। তা নয় সকলের সুবিধার জন্য—জনসাধারণের সুবিধার্থে করা হয়েছে। যাঁদের বাড়ীঘর আছে তাঁরা শুধু নয় যাঁরা কলকাতাকে ভালবাসেন, কলকাতায় যাঁরা বাস করতে চান, কলকাতার সুখ-সুবিধার প্রতি যাঁরা দৃষ্টি

রাখেন, তাঁদের জন্যই এই ভোটাধিকার দেওয়া হয়েছে। কাজেই ভেষ্টেড ইন্টারেস্ট নয়, কলকাতার কোন ভিখারী যদি কোন জায়গায় বা কোন রাস্তায় পড়ে ছ-মাস বসবাস করে থাকে, তাহলে তারও এই ভোটাধিকার থাকবে। কাজেই সকলের শক্তিসামর্থ্য, ন্যায়বুদ্ধি বিচারের ভিত্তিতে এই গণতান্ত্রিক অভিযান পূর্ণবয়স্কের ভোটাধিকার সুরু হয়েছে। ইতিহাসে এক নূতন অভিযান সুরু হয়েছে, যেখানে সুভাষচন্দ্রের মত লোক, যেখানে দেশবন্ধুর মত লোক, দেশপ্রিয়ের মত লোক, সুরেন্দ্রনাথ ব্যানার্জীর মত লোক যাঁদের স্মৃতি এই কলকাতা কর্পোরেশনের ভিত্তিতে এখনো লিপিবদ্ধ রয়েছে, যা মানুষের মনে এখনো রেখাপাত করছে, তাঁদের একদিন যে স্বপ্ন ও সাধ ছিল, সেই স্বপ্ন ও সাধকে সফল করবার জন্য, পূর্ণায়ন করবার জন্য এই ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

কোন কিছুতে পক্ষপাতিত্ব না করে দৃষ্টিভঙ্গীকে স্বচ্ছ বা স্পষ্ট রেখে ন্যায়-নীতির ভিত্তিতে বন্টন করা হয়েছে জনসাধারণের ভাল হবে বলে। বিরোধী সদস্যরা যে সমস্ত প্রস্তাব করেছেন আমি তার বিরোধিতা করছি। আমি আশা করি এই বিল সকলেই এখন গ্রহণ করবেন।

The motion of the Hon'ble S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into consideration was then put and agreed to.

Clauses 2 to 6

The question that clauses 2 to 6 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and title of the Bill

The question that clause 1, Preamble and title do stand part of the Bill was then put and agreed to.

Shri S. M. Fazlur Rahman : Sir, I beg to move that the Clacutta Municipal (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Mohit Kumar Moitra :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজকে এই বিল যেটা আনা হয়েছে এবং যাতে ১০০টি নির্বাচন ক্ষেত্রে সীমানা নির্দিষ্ট করা হয়েছে এই বিল চূড়ান্ত ভাবে পাসের জন্য আমাদের সামনে এসেছে। এই বিলে যে সমালোচনা করা হয়েছিল তার উত্তর দিতে গিয়ে আমাদের স্বায়ত্ব-শাসন মন্ত্রী মহাশয় যুক্তি এবং ভাবালুতার আশ্রয় গ্রহণ করেছেন ও সকলকে ভাবাবেগে ভরিয়ে দেবার চেষ্টা করেছেন। প্রাপ্ত বয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে নির্বাচন আমরা সকলেই চাই এবং আমরা সকলেই চাই যাতে ন্যস্ত স্বার্থ ভেষ্ট ইন্টারেষ্ট-এর নষ্ট হয়। কিন্তু এই প্রাপ্তবয়স্কদের ভোটাধিকারের ফলে কপোরেশন বিলে যে প্রভিসনস করা হয়েছে সেই প্রভিশন-এ নূতন কোন নির্বাচন তালিকা প্রস্তুতের ব্যবস্থা নেই। সেখানে বিধানসভার শেষে ভোটার তালিকার সেই তালিকাই এই যে নির্দিষ্ট নির্বাচন ক্ষেত্র সেই নির্বাচন ক্ষেত্রের মধ্যে পড়ে। তাদের নিয়েই প্রস্তুত করতে হবে এখন এই নির্বাচন ক্ষেত্র এরা যে ভাবে তৈয়ারী করেছেন তাতে দেখতে পাচ্ছি যে লিষ্ট দিয়েছেন তাতে ১১,৩২৯ থেকে আরম্ভ করে ২০,৪২৫ পর্যন্ত ভোটার আছে এবং মাননীয় স্বায়ত্ব-শাসন মন্ত্রী মহাশয় বলেছেন যে আরও ভোটার হবে। সুতরাং এখন বোঝা যাচ্ছে আরও বাড়তে পারে ও আরও বাড়াবার যে কথা সেটা এ্যাসেম্বলী-এর নির্বাচন তালিকা যদি রিভিসন হয় তা হলে পরে তারা সে সুযোগ পাবে। কর্পোরেশনের নির্বাচন হচ্ছে বলে তাদের সে সুযোগ দেওয়া হবে না কারণ কর্পোরেশনের আইনে এই কথাই বলা হয়েছে যে শেষ চূড়ান্ত এ্যাসেম্বলী-এর নির্বাচন তালিকা দেখেই কর্পোরেশনের নির্বাচন তালিকা প্রস্তুত করা হবে। তারপর ১১ হাজার থেকে ২০ হাজার পর্যন্ত যে পার্থক্যের কথা বলা হয়েছে সে কথার উত্তর দিতে গিয়ে তিনি বলেছেন যে ৮০টা ওয়ার্ড যখন ছিল তখন সবচেয়েও পার্থক্য ছিল। সেই পার্থক্য এর চেয়ে বেশী ছিল বলে আজকে নূতন করে ওয়ার্ড ভাগের সময় সেই পার্থক্য

যাতে না আসে তারজন্য বেতন দিয়ে মন্ত্রী মহাশয়দের রাখা হয়েছে। তারা সেটা দেখবেন না তারা কেবল এখানে এসে বলবেন যে আগে এই ছিল এর চেয়ে ভাল কিছু করা যায় না। এবং ভাবাবেগ দিয়ে সকলকে ভাসিয়ে নিয়ে যাবার চেষ্টা করেছেন। আজকে এই প্রশ্ন করবো যে যবনিকার অন্তরালে তৈরী হয়েছে বলে যা বলা হয়েছে তাতে তিনি কেন আপত্তি করেছেন? তিনি বলেছেন আমরা করি না কর্পোরেশন করছে কিন্তু কর্পোরেশন ত তাদেরই একটা অংশ এবং কর্পোরেশনের যিনি এই নির্বাচন ক্ষেত্রের দায়িত্ব নিয়েছিলেন বা এটা তৈয়ারী করতে প্রধান অংশ গ্রহণ করেছেন তিনি হলেন বিধান সভায় একজন সদস্য এবং তিনি এদের সাথে পরামর্শ করে এই কাজ করেছেন এই কথা আমি বলবো এবং কর্পোরেশনের বিরোধী সদস্যরাও এই কথাই বলছেন। এবং এই কথা কর্পোরেশন-এর বিরোধীপক্ষের সদস্যরা বলেছেন। আজকে তিনি এখানে তাঁর অজ্ঞতা দেখিয়ে বলছেন যে কর্পোরেশন কি ভাবে তৈরী করেছেন সেটা আমি জানি না। তিনি জানেন এবং জানেন বলেই তাঁরা প্রথম যে সীমারেখা নির্ধারিত করে এঁদের কাছে পাঠিয়েছিলেন সেই সীমারেখা তাঁরা গ্রহণ করেন নি। তারপর কি ভাবে সীমারেখা প্রস্তুত হয়েছে সেটা তিনি গোপন করে গেছেন। আজ সংখ্যাগরিষ্ঠতা আছে বিল তাঁরা পাশ করাবেন, কিন্তু এই বিলে তিনি যে ন্যায়ের চেহারা দিয়েছেন সেই ন্যায় অনুসরণ করা হয়নি। এই বিল দলের দিকে দৃষ্টি রেখে করা হয়েছে। তিনি আর একটা কথা বলেছেন যে আজ জনসাধারণ যাঁরা প্রাপ্তবয়স্ক ভোটাধিকার পেয়েছেন তখন তাঁরা নিজেরাই স্বাধীন ভাবে ভোট দেবার অধিকার প্রয়োগ করবেন। আজ ৩টা নির্বাচন প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে হয়ে গেছে। কিন্তু এই সমস্ত নির্বাচন ক্ষেত্রে তাদের অধিকার প্রয়োগ করবার সময় তারা কতটা স্বাধীনতা পায় সেটা সবাই জানেন। কি ভাবে তাদের স্বাধীনতা হরণ করা হয় সেটা বহু নির্বাচনে দাঁড়িয়ে যিনি জিতেছেন তিনি তো জানেন। স্বায়ত্তশাসন মন্ত্রী কি জানেন না যে তাঁদের সুবিধার জন্য কি ভাবে ভোটারের নির্বাচন ক্ষেত্র তৈরী করা হয়। এ সমস্ত কথা সকলেই জানেন। এই কথা বলতে গিয়ে তিনি নূতন যুক্তি দিতে গিয়ে ভাবাবেগে ভাষিয়ে দিয়েছেন, কিন্তু তা দিয়ে সত্যকে ঢাকা যায় না। সেজন্য এই সমস্ত কথা না বলে তিনি বরং বলুন যে সরকার যখন বিল এনেছেন তখন তা সংখ্যাগরিষ্ঠতার জোরে তাঁরা পাশ করিয়ে নেবেন এবং ওদিকের লোকেরা খুশী হয়ে চলে যাবেন। এই কথা বলে আমি এই বিলের বিরোধীতা করছি।

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মোহিতবাবু বললেন যে ভাবালুতার বন্যা বয়ে আমি মাননীয় সদস্যদের মতামত নেবার চেষ্টা করেছি, এটা ঠিক নয়। আমি কেবল নিজে নয়, আমি বিধানসভার যত নেতৃস্থানীয় ব্যক্তি বিভিন্ন দলের আছেন তাঁদের সঙ্গে একবার নয়, একাধিকবার ডেকে আলোচনা করেছি এবং তাঁদের কিছু কিছু এ্যামেণ্ডমেন্ট আমি নিয়েছি। মোহিতবাবুর দলের নেতা যাঁরা আছেন তাঁদের আমি জিজ্ঞাসা করেছি, তবে বিধান পরিষদের আমি নিইনি এটা সত্য কথা। কিন্তু যা করা হয়েছে সেটা আমার বুদ্ধিতে ও জ্ঞানমতে কোন পক্ষের প্রতি পক্ষপাতিত্ব করে বা বিশেষ সুবিধা দেওয়ার জন্য এই বিল আনা হয়নি। সেজন্য আমি বিশেষ কিছু বলব না। এই বিলটা দেখুন, ডিলিমিটেশন-এর ছবিটা দেখুন এবং আমি যে লিষ্ট দিয়েছি সেটাও দেখুন। আর একটা কথা বলেছেন যে আর ভোটার হবার সুবিধা নেই। আমি আমার প্রারম্ভিক ভাষণে বলেছি যে এখনও ৫০ হাজার ক্লেইমেন্ট ভোটার আছে যাদের সম্বন্ধে এখনও শেষ সিদ্ধান্ত হয় নি। বর্তমানের ইলেকশন রুলস যদি দেখেন তাহলে দেখবেন যে নির্বাচনের ৬ সপ্তাহ পূর্ব পর্যন্ত ভোটার হওয়া যায় এবং এক মাস পূর্ব পর্যন্ত ভোটার হওয়া যায় এবং প্রার্থী হওয়া যায় অর্থাৎ ভোটার তালিকার নামভুক্ত করে প্রার্থী হওয়া যায়। আবার নির্বাচনের এক মাস পূর্ব পর্যন্ত ভোটার তালিকা ভুক্ত হওয়া যায়, অবশ্য তাতে কিছু খরচ করতে হয়। কাজেই ভোটার থেকে বঞ্চিত করার প্রশ্ন নেই। অর্থাৎ নো এ্যাডমিশন এটা আইনের কোথাও নেই এবং সেই যুক্তিও ঠিক নয়। কাজেই তিনি যা বললেন তাঁর জবাবে আমি সব কথাই বললাম এবং আশা করছি সকলে একমতে এটা গ্রহণ করবেন।

The motion of the Hon'ble S. M. Fazlur Rahman that the Calcutta Municipal (Amendment) Bill, 1964, as settled in the Council, be passed, was then put and agreed to

Mr. Deputy Chirman : The House stands adjourned till 3 p.m. tomorrow.

Adjournment

The House was accordingly adjourned at 6-21 p.m. till 3 p.m. on Friday, the 25th September, 1964, in the Legislative Building, Calcutta.

Members Absent

Shri Sudhir Kumar Banerjee.
Shri Dhirendra Nath Bhattacharya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Nirmal Chandra Bhattacharyya.
Shri Amar Prasad Chakrabarty.
Shri Jatin Chakravarty.
Dr. Suniti Kumar Chatterji.
Shri Narendra Nath Das.
Shri Hansadhwaj Dhara.
Shrimati Labanya Prova Dutt.
Shri Kali Charan Ghose.
Shri Pijush Chandra Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Nar Bahadur Gurang.
Shri Gopal Haldar.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Shaikh Mohammad Jan.
Shri Dhajadhari Mondal.
Shri Sudhindra Nath Mukherjee.
Shri Debendra Kumar Mukhopadhay.
Shri Suresh Chandra Paul.
Shri R. S. Prasad.
Shri Rezaul Karim.
Dr. Biswaranjan Roy.
Shri Chittaranjan Roy.
Dr. Charu Chandra Sanyal.
Shri Sasank Sekhar Sanyal.
Shri Subodh Sen, and
Shri Jatindra Singha.

COUNCIL DEBATES

Friday, the 25th September, 1964

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Friday, the 25th September, 1964, at 3 p.m. being the Eighteenth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Deputy Chairman (Dr. PRATAP CHANDRA GUHA RAY) was in the Chair.

[3—3-10 p.m.]

Mr. Deputy Chairman: No question to-day, nor even any Calling Attention. Now, the Police (West Bengal Amendment) Bill, 1964.

The Police (West Bengal Amendment) Bill, 1964

The Hon'ble Rabindralal Sinha: Sir, I beg to move that the Police (West Bengal Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, এই সংশোধনী বিধেয়কটি উপস্থিত করা হয়েছে মূলত: ১৮৬১ সালের পুলিশ আইনে দুটো সংশোধনী সন্নিবেশিত করার উদ্দেশ্য নিয়ে। প্রথম যে পরিবর্তন সন্নিবেশিত করা এই বিধেয়কের উদ্দেশ্য সেটা প্রশাসনিক কারণে করা হচ্ছে। মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, আপনি জানেন যে অপর মহাআরক্ষ পরিদর্শকের পদ সৃষ্টি হচ্ছে এডিশন্যাল এ. আই. জি. অব পুলিশ এবং বর্তমান আইনে রাজ্য সরকার এই পদ সৃষ্টি করতে পারেন কিনা সে বিষয়ে কিঞ্চিত সন্দেহের অবকাশ আছে। আমি যদিও মনে করি পারেন, কিন্তু আইন সংক্রান্ত ব্যাপারে কোন সন্দেহের অবকাশ থাকা উচিত নয়। তাই এই সংশোধনী বিধেয়ক মারফৎ সেই সন্দেহ নিরাকরণ বা দূরীভূত করার উদ্দেশ্যে এই বিধেয়ক প্রথম পরিবর্তন সাধন প্রচেষ্টা হচ্ছে। এখন প্রশ্ন উঠতে পারে যে অপর মহাআরক্ষ পরিদর্শকের পদের প্রয়োজনীয়তা সম্বন্ধে। আপনি জানেন যতদিন এগিয়ে চলেছে আইন শৃংখলা রক্ষার ব্যাপারে বহু জটিল সমস্যার উদ্ভব ঘটছে। এমন কি পশ্চিমবাংলার কোলকাতা শহরকে বাদ দিচ্ছি। পশ্চিমবাংলার মফস্বল অঞ্চলে আজকে আইন শৃঙখলা এবং দেশে শান্তি অব্যাহত রাখার প্রচেষ্টা বাস্তবিক জটিলতর এবং দুরূহতর হয়ে উঠেছে। আপনি জানেন আজ পশ্চিমবাংলায় বিরাট জনসংখ্যার বৃদ্ধি সঙ্গে সঙ্গে শান্তি শৃংখলা রক্ষার সমস্যা যে বর্ধিত হয় সে বিষয়ে সন্দেহ নেই। এই জনসংখ্যা বৃদ্ধির সঙ্গে সঙ্গে অপরাধ প্রবণ এবং সমাজদ্রোহীদের সংখ্যাও বৃদ্ধি পায়। তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা অবলম্বন করার যে সমস্যা সেটাও বৃহত্তর হয়ে উঠে। তাছাড়া আজ পশ্চিমবাংলায় নব নব শহরাঞ্চলগুলি হচ্ছে। তার শিল্পাঞ্চল ক্রমবর্ধমান। এই ক্রমবর্ধমান শিল্পাঞ্চল এবং নব নব শহরাঞ্চল সৃষ্টি হবার ফলে অল্প পরিসরে বহুলোক একত্রে বাস করবার জন্য এবং তার মধ্যে বিভিন্ন ভাষাভাষি, বিভিন্ন আচারাবলম্বী ও বিভিন্ন মতের অনুসরণকারী মানুষ থাকার ফলে আজকে এই সমস্যা জটিলতর হয়ে উঠেছে এবিষয়ে কোন সন্দেহ নাই। আমি চাই শিল্পাঞ্চল আরও বিস্তৃত হোক। সুতরাং এই সমস্যা আছে। আজকে মাননীয় বিরোধীপক্ষের বন্ধুরা এখানে উপস্থিত নাই। কিন্তু তাঁরাও বারবার এই অভিযোগ করেছেন যে দুর্গাপুরের মতো যেখানে শিল্পাঞ্চল দিন দিন প্রবৃদ্ধির পথে, সেখানে আরক্ষ ব্যবস্থা আরো জোরদার করা উচিত—এ কথা তাঁরাও বলেন। তাছাড়া আজকে মাননীয় উপ-পরিষদপাল মহাশয় চৈনিক নিরলজ্জ আক্রমণের ফলে আমাদের সমস্যা আরো বর্দ্ধিত হয়েছে। অবশ্য একথা আমি বলি না যে আরক্ষা বিভাগ সীমান্তে অস্ত্র নিয়ে গিয়ে চৈনিক

আক্রমণকে প্রতিহত করবে। কিন্তু অত্যন্ত দুঃখের সহিত বলতে হচ্ছে যে মীর্জাফর উমিচাঁদের প্রেতাত্মারা আজও বাংলাদেশ পরিত্যাগ করেন নাই। সুতরাং এদিক থেকেও আরক্ষা বিভাগের দায়িত্ব অনেক বৃদ্ধি পেয়েছে। তাছাড়া পশ্চিমবাংলায় পাকিস্তানের সঙ্গে বিরাট আন্তর্জাতিক সীমান্ত আছে। যে সীমান্তে নানা অপরাধ অনুষ্ঠানের কথা আমাদের মাননীয় বিরোধী পক্ষের বন্ধুরা বারবার এই পরিষদ কক্ষে বলেছেন এবং তারই জন্য আজকে সীমান্ত রক্ষীবাহিনীর শক্তি বৃদ্ধিকল্পে নূতন দল গঠন করা হচ্ছে। নতুন ব্যাটেলিয়ান গঠন করা হচ্ছে। সুতরাং সেদিক থেকে ঐ আরক্ষাবিভাগের কাজ যে বর্দ্ধিত হয়েছে সে বিষয়ে কোন সন্দেহ নাই। চোরাকারবারী, পাকিস্তানীদের চোরাগোপ্তা অনুপ্রবেশ—এই সমস্তই সমস্যাকে জটিলতর করেছে। সীমান্তে চোরাকারবারী, পাকিস্তানের সঙ্গে শুল্ক ফাঁকি দেওয়ার চোরাকারবারী এবং তার সঙ্গে চোরাগোপ্তা অনুপ্রবেশ আজকে ভারত-পাক সীমান্তের সমস্যাকে আরও জটিলতর করে তুলছে, যার জন্য আরক্ষাবাহিনীকে শক্তিশালী করা প্রয়োজন।

তাছাড়া সাম্প্রদায়িক সমস্যার কথাও এই প্রসঙ্গে উল্লেখ করতে হয়। আমি একথা মুক্ত কণ্ঠে বলতে পারলে সুখী হতাম যে, আমাদের এই ধর্ম নিরপেক্ষ রাষ্ট্র থেকে সাম্প্রদায়িক বিদ্বেষ বৃদ্ধি সম্পূর্ণ তিরোহিত হয়েছে। কিন্তু অত্যন্ত দুঃখের সঙ্গে বলতে হয় যে সেকথা আমি বলতে পাচ্ছি না। সাম্প্রতিক বর্তমান বৎসরে যে সাম্প্রদায়িক বীভৎস তাণ্ডব অনুষ্ঠিত হয়েছে তার জন্য প্রতিটা পশ্চিমবঙ্গের দেশহীতকামী ও দেশপ্রেমিক মানুষের মাথা লজ্জায় অবনত হয়ে পড়েছে। আজকে অন্তরে এই বিদ্বেষ বৃদ্ধি থাকার ফলেও—এদিক থেকে আরক্ষা বিভাগের কার্য যে জটিল হয়েছে সেবিষয়ে কোন সন্দেহ নাই। তাছাড়া মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, আপনি জানেন যে, আজকে দেশের অভ্যন্তরে চোরাকারবারীদের আমি সীমান্তের কথা বলছি না, শুল্ক ফাঁকি দেওয়ার কথাও বলছি না সেকথা আগেই বলেছি, দেশের অভ্যন্তরে চোরাকারবারী অবৈধ মুনাফা লুন্ঠনলোভী এবং যারা সাধারণ মানুষকে দুর্দশার মধ্যে নিমগ্ন করে নিজেদের ব্যক্তিগত তহবিল অন্যায়ভাবে বিধিবহির্ভূত ভাবে, সকল নীতি বহির্ভূত ও স্ফীত করতে চান তাদের কথাও বিবেচনা করতে হবে। তাদের প্রতিহত করবার জন্য সরকার প্রচেষ্টা করছেন। আপনি জানেন স্যার ভারতরক্ষা আইনে রাঘববোয়াল কিছু আজকে বন্দি হয়েছে সুতরাং এদিক থেকেও আরক্ষাবিভাগের দায়িত্ব বৃদ্ধি পেয়েছে।

[3-10—3-20 p.m.]

তাছাড়া খাদ্য সংগ্রহ এবং বণ্টনের ব্যাপারে সহযোগিতার জন্য আরক্ষা বিভাগের দায়িত্ব আরও গুরুতর হয়ে উঠেছে। মাননীয় উপ-পরিষদপাল মহাশয় আপনি জানেন যে পুলিশ কমিশন তাঁর যে বিবরণী প্রকাশ করেছেন যেটা পরিষদ সদস্যদের মধ্যে বিলি করা হয়ে গিয়েছে সেখানেও তাঁরা আরক্ষা বিভাগের নিম্নস্তরে শক্তি বৃদ্ধির জন্য সুপারিশ করেছেন। সরকার অনেকাংশে সে সুপারিশ গ্রহণ করে তাদের শক্তি বৃদ্ধি করছেন। তলার দিকে যদি শক্তি বৃদ্ধি হয়, যদি যথাযথ নিয়ন্ত্রণ এবং পরিচালনা না থাকে তাহলে এই শক্তি বৃদ্ধি সত্ত্বেও উদ্দেশ্য সার্থক হবে কি না সে বিষয়ে সন্দেহের অবকাশ থেকে যায়। আজকে আরক্ষা বাহিনীর জন্য আমরা বিধানমণ্ডলীর থেকে অর্থ ব্যয়বরাদ্দ আনুমানিক আয় ব্যয়ের মাধ্যমে মঞ্জুর করেছি। এই অর্থ বরাদ্দ যখন মঞ্জুর করেছি তখন এই বাহিনী পরিচালনা যাতে সুষ্ঠুভাবে হয়, উপর দিক থেকে যাতে যথাযথ নজর রাখা যায় সেদিক থেকে এই কথা নিশ্চয় আমাদের বিশেষভাবে বিবেচনা করা উচিত। এই বাহিনীর শক্তি বৃদ্ধি করবেন ও পরিচালনা ও পরিদর্শনে শক্তি বৃদ্ধি যদি না করেন তাহলে সে বাহিনীর পক্ষে সুষ্ঠুভাবে কার্য্য করা অনেক বিপত্তির সম্মুখীন হতে হবে এ বিষয়ে সন্দেহ নেই। তাই এইসব কারণগুলি থেকে আমি একথা বলছি যদিও আমি এই কথা বলছি না যে অপর মহাআরক্ষা পরিদর্শক নিযুক্ত হলেই এই সব কারণগুলি রাতারাতি অপসারিত হবে। আমি একথা বলতে চাই যে এই কারণের জন্য আরক্ষা বিভাগের ও আরক্ষা বাহিনী কার্য্যে জটিলতা বৃদ্ধি পেয়েছে। সেই জন্য আজকে মহাআরক্ষা পরিদর্শক অর্থাৎ আই. জি. যিনি তাঁর সহযোগিতা করবার জন্য ও তাঁর যে গুরুদায়িত্ব এই আরক্ষা বাহিনীর দায়িত্ব তা থেকে আংশিকভাবে অন্ততঃ মুক্ত করার জন্য, রিলিফ করবার জন্য আজকে এই পদের প্রয়োজনীয়তা বৃদ্ধি

পেয়েছে। অপর মহাআরক্ষা পরিদর্শকের পদ সৃষ্টি করার কথা বিগত সাম্প্রদায়িক দাঙ্গা ও তাণ্ডবের সময়ে দেখা গেল। দেখা গেল সমগ্র আরক্ষা বাহিনী পরিদর্শনে বিশেষ অসুবিধা হয়ে উঠেছে। একটি লোকের হাতে সমগ্র দায়িত্ব থাকায় অন্যান্য দিক তার পক্ষে দেখা সম্ভব হয়ে উঠছিল না। এবং অন্যান্য দিক থেকেও দেখা গেল যে এই নূতন পদ সৃষ্টি করার প্রয়োজনীয়তা আছে। তখনই সেই অভিজ্ঞতার ভিত্তিতে এই নূতন পদ সৃষ্টি করা হয়েছে গত সাম্প্রদায়িক তাণ্ডবের পরে। অতএব আমি আশা করব যে এই সংশোধন অর্থাৎ অপর মহাআরক্ষা পরিদর্শকের পদ সৃষ্টি করার জন্য যে সংশোধন প্রস্তাব এখানে আনা হয়েছে মাননীয় সদস্যগণ তা গ্রহণ করবেন।

আর দ্বিতীয় সংশোধনী এই সংশোধনীবিধেয়কে সন্নিবেশিত হয়েছে সেটা হচ্ছে মূলতঃ দুর্নীতি দমনের উদ্দেশ্যে। মাননীয় উপ-পরিষদপাল মহাশয় পশ্চিমবাংলার প্রায় সমস্ত মানুষই জানেন যে সকল আমোদ প্রমোদ ক্ষেত্রে প্রবেশ পত্র সংগ্রহ করতে হয় প্রবেশ মূল্য দিয়ে সেখানে জনপ্রিয় কোন প্রদর্শনী থাকলে কিছু সমাজ বিরোধী মানুষ আগের থেকে ছলে বলে কৌশলে এই প্রবেশ পত্র সংগ্রহ করে রেখে দ্বিগুণ কি তারও অধিক মূল্যে এই প্রবেশ পত্র সাধারণ মানুষের কাছে বিক্রয় করে অন্যায়ভাবে অর্থ সংগ্রহ করে। পশ্চিমবাংলার সাধারণ মানুষ নিশ্চয় এই দুর্নীতিকে দমন করবার জন্য সরকারের সহযোগিতা করবেন সে বিষয়ে আমার মনে কোন সন্দেহ নেই। এই কুকার্য্যকে অপরাধ গণ্য করা আবশ্যক। এতদিন পর্য্যন্ত বর্তমানে যে পুলিশ আইন চালু আছে সেই আইনে এরূপ বিধান না থাকায় পুলিশের পক্ষে এক্ষেত্রে ব্যবস্থা অবলম্বন করা সম্ভব হয়ে উঠছিল না। আজকে সেইজন্য এই সংশোধনী বিধেয়কে এই বিধান সন্নিবেশিত করা হচ্ছে যাতে এরূপ সমাজ বিরোধী কার্য্যকে অপরাধ হিসাবে গণ্য করে অপরাধীকে বিচারালয়ে অভিযুক্ত করে শাস্তি দেওয়া যায়।

মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, নূতন কোন নীতি এখানে গৃহীত হচ্ছে না। এ বিধান বিধানে ইতিপূর্বে যখন কলকাতা ও সহরতলী আরক্ষা আইন অর্থাৎ ক্যালকাটা এ্যাণ্ড সুবারবন পুলিশ অ্যাক্ট—তাঁরা সংশোধন করেন তাতে এই বিধান আছে ক্যালকাটা এ্যাণ্ড সুবারবন পুলিশ অ্যাক্টের, আমার যতদূর মনে হচ্ছে ৬২ (সি) (সি) ধারাতে সন্নিবেশীত করেছেন। যেখানে ক্যালকাটা এ্যাণ্ড সুবারবন পুলিশ এ্যাক্ট চালু আছে—কলকাতা এবং সহরতলী—সেখানে এটাকে দমন করবার জন্য শক্তি আইন করে বিধানমণ্ডলী প্রদান করেছেন। কিন্তু মফঃস্বল অঞ্চলের জন্য কোন আইন নাই। আজকে মফঃস্বলে এমন কি হাওড়াতে এই ক্যালকাটা এ্যাণ্ড সুবারবন পুলিস আইন চালু নাই, দুর্গাপুরে নাই, আসানসোলে নাই, খড়গপুরে নাই, কোন বড় সহরে নাই। সুতরাং আজকে এই আইন সারা পশ্চিমবঙ্গে চালু হওয়া উচিত মনে করে যে আইন কলকাতা এবং সহরতলী পুলিশ আইনের বাহিরে সমস্ত এলাকা পরিচালিত হয় সেই ১৮৬১ সালের পুলিশ আইন সেখানে এই সংশোধনী সন্নিবেশিত করবার প্রস্তাব নিয়ে আজকে সরকার বিধানমণ্ডলী সমক্ষে উপস্থিত হয়েছেন। আমি আশা করি এই সামান্য পরিবর্তন এবং যে দুটি পরিবর্তন জনকল্যাণে প্রয়োজন সেটাকে বিধানমণ্ডলী অনুমোদন করবেন।

Shri Upendranath Barman : Mr. Deputy Chairman, Sir, I support the main provision of the Bill with all the force that I can command. As a preliminary observation I like to say, Sir, that after independence it is within our knowledge that every administrative department of Government has increased to a large extent. Having considered that I had some doubt as to why this Bill was necessary at all, because it is a question of superintendence and control of a large Police force under the Government of West Bengal. In other departments the numbers have swelled. What is the necessity of a Bill to make the additional post of D.I.G.? Why is this Bill necessary? I understand from the Leader of the House who has moved this Bill that there are legal difficulties. Sir, I have not studied the West Bengal Police Act. I understand that unless a Bill is passed, we cannot increase that force. As regards the desirability of increasing this force, I beg to say as to what are we doing. There are at present three D.I.Gs. under the control of the Inspector General of Police. We are increasing that number by only one. What

is the changed circumstances during the time of our independence ? At the time when there was a partition in West Bengal, the population of the State was a little over to two crores and some few lakhs. What is the condition today? The present population of West Bengal, as I find from record, is 3 crores 20 lakhs, excluding Calcutta. So the population has increased by about 50 per cent. and as regards the difficulties of running this administration, there has been a complete changeover, whereas under the alien rule—before partition, before independence—it was a Police State, so to day. The Police had to carry out the order of an alien Government, and they could go to any length in order to maintain law and order and the people of the country had no say, or whatever say they might have—that would not prevail in any case under the law and under the administration that was prevailing at that time. The administration of Government of the country was regulated by the Secretary of State sitting in British Isles. What is the changed circumstances after independence ? From a Police State it is now a Welfare State. Today it is the popular Government that is ruling the country, and not according to the whims of the ruling party whoever might be seated in the administration under the Constitution and that Constitution gives certain fundamental rights to the people at any moment there may be any breach or deviation from the fundamental rights and even the lowest rung of the people can go to the court and have his rights established against the Government, and the police has to protect that while it is administering law and order. So, there is a complete changeover of the nature of Government. The outlook of the Government as also of the police who formerly used to run the administration of an alien Government has completely changed to a Welfare State and they have to obey whatever fundamental rights the people of the country have got. So, that is one point. But more than that the police Department in their superintendence and control have to educate their subordinate staff so that they can understand the changeover and behave accordingly. Such a heavy task now lies upon the Police Department and for the purpose if we want to increase one Additional Inspector General of Police, it is to my mind a small thing that the Police Department is wanting from us.

[3-20—3-30 p.m.]

Sir, I like to say a few words more. We are now passing through a very difficult time. You know, Sir, that we have launched Five-Year Plans and we are just going to fulfil whatever we had planned at the beginning of the Third Plan. But it has also suffered because a large portion of resources of our country are being spent in order to make our defence forces stronger. Every one of us is happy that the Defence Department of the Central Government is doing its work. Side by side, I should say that in order to maintain the independence of this country it is not only necessary that we shall guard ourselves against any aggressive force but we must maintain law and order within the country. Unless we can maintain law and order within the country it will be very difficult even to maintain our independence and it will be very easy for the aggressive forces to play havoc in our country. So, that is another important thing which we should consider at this critical moment. The Chinese are still mobilising their forces beyond our frontier—on the other side of the Himalayas—and on both sides of India, on the right and left we have Pakistan who have joined with the Chinese secretly, and now they acknowledge that openly, and by that the freedom of our country has been jeopardised. In order that we can maintain our freedom, we can guard our freedom, we shall not only strengthen ourselves in our defence but also in the maintenance of law and order portfolio, and for that purpose I would not have grudged had the Police Department asked us to be supplied with, to be furnished with, more police forces both in superintendence and in control. Sir, I don't think that this increase of only one Additional Inspector-General of Police is a very great thing that we are going to concede. If necessary, I should concede more. But I want that just as our defence is being strengthened by the Central Government, the West Bengal Government, who have

specially a long frontier with an alien Government, who are not friendly to us, should also strengthen the police force and maintain the law and order within the country at all costs, even if necessary at the cost of some welfare department in other branches.

So, I whole-heartedly support this Bill.

Shri Nirmal Chandra Bhattacharyya : Mr. Deputy Chairman, Sir, the mover of the Bill, the Hon'ble Rabindralal Sinha, has delivered a speech which is remarkable for its brevity as well as for marshalling of arguments that he has advanced in its favour. I doubt if I can add to the arguments that he has placed before the House for its consideration. But I feel that there are two directions in which could supplement his arguments

Sir, a few days ago, we passed the National Volunteer Force Bill in connection with the organisation and control of national volunteers. The Inspector-General has been entrusted with significant functions. Now, that has added to the functions already given to the Inspector-General. I, therefore, feel that in order that the Inspector-General may be able to do justice to this function, viz., the control of the national volunteer force, in addition to his other functions, it is necessary that he should be given some kind of assistance and the assistance proposed by the Hon'ble Minister is that, if necessary, the Government should be empowered to appoint an Additional Inspector-General of Police.

The Deputy Commissioner of Police, Central, again entreated the workers to open the gate to allow him to get in or at least request Shri Beri and Shri Lakshmi Shaw to see him at the gate but without any success. The workers refused to open the gate unless the Mayor signed an agreement with them. Finding no other alternative, the Deputy Commissioner of Police, Central, collected a force and started pushing open the south western gate by force. As soon as a little opening was made more workers came from other directions and started pushing from inside. There was thus some jostling and pushing. In the melee some of the workers jumped upon the constables and a few constables had to use their lathis to push their way through and to defend themselves from the onrushing mass of workers. There was a stampede in course of which people started running helter-skelter. Thereafter the gates were opened by the police and the workers cleared out within five minutes. The situation became absolutely quiet. The Deputy Commissioner of Police went up to the Mayor who safely left the building at about 11-30 p.m.

The number of demonstrators was quite big, and the police party that went in did not exceed 40/50 men. Injuries were caused more by stampede than by lathis. The total number of demonstrators injured is 12 out of which only 2 have been kept under observation. Five policemen also received injuries and their uniform was torn.

The police did not enter the Corporation building on their own. They only entered at the insistence of the Mayor and the Councillors who wanted to be rescued from wrongfull confinement. It has been reported by the Commissioner of Police that when he informed the Mayor over the 'phone that the Deputy Commissioner of Police, Central, could not enter the building and contact the Mayor unless the police used some amount of force to effect their entry into it, the Mayor agreed to such course of action being taken. Persuasion having failed, the police used the minimum force to discharge their duties to maintain law and order in the affected area.

Mr. Deputy Chairman : The Hon'ble Minister may now kindly make a statement with regard to the Calling Attention Notice given by Shri Abdullah Rasul

Shri Ardhendu Sekhar Naskar : Sir, with reference to the Calling Attention Notice given by Shri Abdullah Rasul regarding the arrest of political leaders I make the following statement :

Some political parties had given a call to observe a "general strike" on 25th September 1964. Information available with the Government went to show that

on that date there would be organised obstruction to the public going to attend their places of employment, to vehicular traffic and other forms of interference with the normal life of the people. There was also apprehension of breach of public order and public safety. As a precautionary measure, therefore, Government decided to detain those persons who were reported to have been actually associated with the move for observing a hartal on 25th September, 1964. Largely as a result of this, coupled with the firm determination of the Government not to tolerate any disruption of the normal life of the people, the threatened general strike was virtually a failure. 120 persons belonging to different political parties were detained.

Government decided to release all such persons belonging to different political parties who had been detained under Rule 30 of the Defence of India Rules between 22nd September 1964, and 25th September, 1964, solely in connection with the move for holding a general strike on 25th September 1964, as soon as the hartal was over. Orders of release have accordingly been issued in all these cases.

Mr. Deputy Chairman : The next one is release of sufficient money by way of ad-interim grants-in-aid to enable the schools to pay salaries of teachers and also for payment of Puja Advance to Secondary School teachers (attention drawn by Shri Santosh Kumar Bhattacharyya).

Shri Rabindralal Sinha : Sir, I have to make the following statement.

The revised pay scales of teachers of aided Secondary Schools in which the Government D.A. of Rs. 17.50 Paise was merged became effective from 1st April 1961. Fixation of pay of teachers in the revised scales could not be made by the Board of Secondary Education during 1962-63.

Before the revision of pay scales, the teachers used to get six months' Government D.A. before the Puja Vacation. In view of the merger of the D.A. in the pay scales, no Government D.A. was paid to the teachers during 1962-63. Thus neither the D.A. nor the benefit of revised pay scales could be given to the teachers before the Puja Vacation of 1962. The first ad-interim grant as was paid to the aided High Schools by August, 1962, represented 50 per cent. of the grant made in the previous year, i.e., 1961-62 according to the unrevised pay scales. In the circumstances, the Board paid to the aided High Schools special ad-interim grant calculated at the rate of Rs. 200 per teacher to be adjusted against their salaries in the revised pay scale by January, 1963.

During 1963-64 the Board did not pay any such ad-interim grants during the Puja holidays of 1963 as the pay of teachers in many cases were by that time fixed in the revised pay scales. This year also no such advance is being paid.

During the current financial year a grant of Rs. 1.93 crores has already been paid to Schools on 1963-64 account, another grant of Rs. 1.66 crores has also been paid to schools on 1964-65 account. A further instalment of grants is being released towards grant-in-aid to schools on 1964-65 account.

Mr. Deputy Chairman : The next one is alleged discrimination in the matter of recruitment by I.A.C., Calcutta (attention drawn by Shri Jatin Chakravorty).

Shri Ardhendu Shekhar Naskar : The Statement will be made on the 1st October next.

Mr. Deputy Chairman : I have before me three notices of Calling Attention to the subjects of—

(1) Preservation of the house of Raja Rammohan Roy —by Shri Nirmalya Bagchi;

(2) Kidnapping of an Indian cowboy by the Pakistani armed force—by Shri Nirmal Bose; and

(3) Additional D.A. for the school employees other than teaching staff—by Shri Satya Priya Roy.

Members may formally call the attention.

Shri Nirmal Bose : My Calling Attention notice is as follows :—

On 26th September, 1964, about 50 armed Pakistanis trespassed into Mahishm ri, an Indian village (under Sitalkuchi police-station in Cooch Behar district) about 13 miles from the border and kidnapped an Indian cowboy. The miscreants also took away valuables worth about Rs. 2,000 and a number of grazing cattle. The Minister in-charge is requested to give a detailed information in respect of this incident and the steps taken by the Government to bring back from Pakistan the cowboy and the cattle and also the steps taken by the Government to prevent the occurrence of such incident in future.

[3-30—3-40 p.m.]

Shri Gopal Haldar : Sir, my Calling Attention motion runs thus :

It is a matter of great regret that the House of Raja Rammohan Roy, father of modern India, situated at Ahmerst Street, Calcutta, has passed away from the hands of Rammohan's heirs and the State Government have no plans to preserve that house as a historical momento. Moreover, the Government proposal made several years ago to build some kind of memorial at Khanakul, Hooghly, Rammohan's ancestral home, has also been pigeon-holed.

Shri Satya Priya Roy : Sir, my Calling Attention motion runs thus :

The contradiction between the assurance given by the Finance Minister in reply to a supplementary question on 27th February 1964 and the Government circular relating to additional Government D.A., to secondary schools is going to deprive several thousands of non-teaching secondary school employees of the benefit of additional Government D.A.

The supplementary question ran as follows :

এতদিন পর্যন্ত যখনই যে ডি. এ. দেওয়া হত মার্জারের আগে পর্যন্ত যে ডি. এ. দেওয়া হয়েছে তার অংশ করনিক গ্রন্থাগারিক অধস্তন কর্মীরা পেয়েছে। তাহলে তারা কি এই মৌলিক নীতির মধ্যে এসেছে।

The Finance Minister replied as follows :

যদি তারা মারজার অব দি পে স্কেল-এ সম্পূর্ণ এসে থাকে তাহলে তারাও পাবে।

But in spite of this assurance, several thousands of such employees are now being denied this benefit. The Finance Minister is requested to make a statement clarifying the situation in this respect.

I may further add that there is great agitation among the teachers in this respect and the teachers are going to observe a week of mass hunger strike at Subodh Mallik Square over this question of deprivation of the non-teaching employees of secondary schools from the benefit of this additional Government D.A.

Shri Ardhendu Shekhar Naskar : As regards the Calling Attention motion of Shri Nirmal Bose, the reply will be given on the next Thursday.

Shri Rabindralal Sinha : As regards the Calling Attention motion of Shri Gopal Haldar, the reply will be given on Thursday next. As regards the Calling Attention motion of Shri Satya Priya Roy, the reply will be given as early as possible.

Shri Satya Priya Roy :

এ্যাজ আর্লি এ্যাজ পজেবল্ মানে কি ? তাহলে কি আমরা না খেয়ে থাকব 'ফাস্ট অক্টোবর' এই স্টেটমেণ্টস দিতে পারবেন কিনা ?

Shri Jagannath Kolay :

ফাইনান্স মিনিস্টার বলেছেন যত তাড়াতাড়ি হয় তিনি দেবেন।

Message

Secretary : The following message has been received from the West Bengal Legislative Assembly :

"The West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 21st September, 1964 has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

K. C. BASU,
Speaker,
West Bengal Legislative Assembly."

Calcutta :
The 28th September, 1964.

I lay on the Table the Message and the Bill.

Point of Privilege

Shri Sasanka Sekhar Sanyal :

স্যার, আমি আজকে যে প্রশ্ন আপনার সামনে উপস্থিত করছি সেটা পরিষদের অধিকার ও পরিষদে ২৫ তারিখে যে সমস্ত কার্য হয়েছে তার বৈধতা এবং যৌক্তিকতা সব এক সঙ্গে জড়িত আছে। আপনি জানেন যে পারলিয়ামেণ্টারি গণতন্ত্র মানে হচ্ছে দ্বিপাক্ষিক—একদিকে সরকার এবং আর একদিকে সরকার বিরোধী দল। সরকারের সমর্থনে পার্টি কখনও একক দল হয়, কখনও কয়েক দলের সমন্বয়ে হয়, তেমনি বিরোধী দলের মধ্যে একক দল হয়, কখনও কয়েকটি বিরোধী দলের সমন্বয়ে হতে পারে এবং দলভুক্ত নয় এমনও হতে পারে। এখন ২৫ তারিখে যে হরতাল সেই হরতাল অপ্রত্যাশিত ছিল না। এই হরতালের প্রস্তুতি ও ঘোষণা বহু আগে থাকতে হয়েছে এবং সেই পরিপ্রেক্ষিতে ২৫ তারিখে পরিষদের অধিবেশন না বসানো সম্ভব ও সঙ্গত হোত। কিন্তু তার চেয়ে বড় কথা হচ্ছে যে পরিষদ যখন বসান হোল ২৫ তারিখে তখন ২ তারিখের স্টেটসম্যান, যুগান্তর ইত্যাদি কাগজে সকালবেলায় দেখা গেল যে আজ সমস্ত কংগ্রেসী সদস্যদের প্রতি উপস্থিত থাকার নির্দেশ।

২৫এ সেপ্টেম্বরের যুগান্তরে এটা প্রকাশিত হয়েছে। বলা হয়েছে "আজ সমস্ত কংগ্রেসী সদস্যকে উপস্থিত থাকার নির্দ্দেশ। বৃহস্পতিবার সন্ধ্যায় কংগ্রেস পার্লামেণ্টারী পার্টির বৈঠকে দলের সকল সদস্যকে" নির্দ্দেশ দেওয়া হয় যে "বিধান সভা ও বিধান পরিষদের শুক্রবারের অধিবেশনে উপস্থিত থাকিবার নির্দ্দেশ দেওয়া হইয়াছে যে, প্রস্তাবিত ধর্মঘট হেতু যানবাহন পাইতে অসুবিধা হইলে সদস্যরা পায়ে হাঁটিয়া বিধান সভা ভবনে চলিয়া আসিবেন অবশ্য যাহারা খুব দূরে থাকেন, এইরূপ সদস্যরা বৃহস্পতিবার রাজভবনে মন্ত্রীদের বাসভবনে রাত্রিযাপন করিবেন বলিয়া স্থির হয়"। কংগ্রেস সদস্যদের পদযাত্রা করবার নির্দেশ দেওয়ার বিরুদ্ধে আমার কিছু বলবার নেই কিন্তু ঐ যে বলা হয়েছে "যাহারা দূরে থাকে এরূপ সদস্যদের বৃহস্পতিবার রাজভবনে মন্ত্রীদের বাসভবনে রাত্রিযাপন করিবেন বলিয়া স্থির হয়" এরই বিরুদ্ধে আমার আপত্তি। এখন যে কংগ্রেস পারলিয়ামেণ্টারি পার্টির মিটিং হয়েছে সেটা বিধান মণ্ডলী কংগ্রেস দলের এবং তার নেতা হচ্ছেন মুখ্যমন্ত্রী ও উর্দ্ধতন সদস্য আমাদের পরিষদের শ্রদ্ধেয় ও অনেকের স্নেহভাজন নেতা শ্রীরবীন্দ্রলাল সিন্‌হা, এখানে যে বলা হয়েছে যে যাহারা দূরে থাকেন তাহারা বৃহস্পতিবার দিন রাজভবনে থাকিবেন। এই রাজভবনটা কোনো পার্টির বাড়ী নয় বা রাজভবনে কোনো মন্ত্রী যারা বাস করছেন তাদের ঐ কংগ্রেস পার্টি ভবন নয় বা এটা কংগ্রেসের চৌরঙ্গী ভবনের শাখা নয়। এটা জাতীয় ভবন, মুখ্যমন্ত্রী ও মন্ত্রীরা যাঁরা এখানে বাস করেন তাঁরা সকলেই বাংলা দেশের মন্ত্রী, যাঁরা তাঁদের সমর্থন করেন তাঁদেরও মন্ত্রী আর আমরা যারা বিরোধিতা করি এবং কখনও কখনও সমর্থন করি তাদেরও মন্ত্রী, কাজেই সে ক্ষেত্রে যখন নির্দ্দেশ দেওয়া হল যে রাজভবনে কংগ্রেসের সদস্যদের জন্য খোলা থাকবে তখনই সে নির্দ্দেশের মধ্যে এটা প্রচ্ছন্ন আছে যে অন্যান্য পক্ষের বা কংগ্রেসের বাহিরের সদস্য যাঁরা তাঁদের জন্য সে দরজা খোলা নাই, তার পরিণতি হচ্ছে এই যে, এই পরিস্থিতিতে পরিষদে যাঁরা অকংগ্রেসী তাদের পরিষদে আসবার জন্য কোনো সুযোগ সুবিধার ব্যবস্থা করা হয়নি। এর বিরুদ্ধে বলা হচ্ছে যেন যে যাঁরা অকংগ্রেসী তাঁরা জাহান্নামে যাক। আমরা ঐ পরিষদ চালাবো। কংগ্রেস সদস্য যাদের ইচ্ছা তাঁরা রাজভবনে থাকুন আর বাকী কংগ্রেসীই যারা তারা থাকছেন না তারা পায়ে হেঁটে আসবেন। আমার মনে হয় এটা শুধু বিরোধী পক্ষকে উপেক্ষা বা অবজ্ঞা করা হয়েছে তা নয়—বা শুধু পক্ষপাত দোষে দুষ্ট তাই নয় এটা হচ্ছে সমগ্র পরিষদের অধিকারকে ক্ষুণ্ণ এবং খর্ব করা হয়েছে ও অবমানিত করা হয়েছে। আমি চাই এ ব্যাপারটা আপনি অধিকার সমিতির কাছে পাঠিয়ে দিন এর সংজ্ঞা, সমস্ত পরিণতি এবং পরিস্থিতি নির্ণয় করবার জন্য। দ্বিতীয় কথা হচ্ছে এই, আমি আপনাকে অনুরোধ করবো যে শুক্রবার পরিষদে যে সমস্ত কার্য্যাবলী পরিচালনা করেছেন পরিষদের অধিকারের দিকে তাকিয়ে আপনি তা বাতিল করে দিন। এটা রেসিণ্ড করতে হবে আপনার এই রেসিণ্ড করবার প্রভিসনও আছে। মে'জ পার্লিয়ামেণ্টারী প্র্যাকটিস-এর আপনি যদি ৪২০ থেকে ৪২৫ পৃষ্ঠা পড়েন তা হলে আপনি দেখবেন যে অনেক সময় রেসিণ্ড করার প্রয়োজন হয়েছে। সেই রেসিণ্ড করা এখানে অত্যন্ত বেশী প্রয়োজন। এটা প্রয়োজন এই জন্য যে গণতান্ত্রিক অধিকার এবং গণতন্ত্রের কাঠামোকে ও গণতান্ত্রিক এই যে সংবিধান তার মূলে কুঠারাঘাত করা হয়েছে। স্যার এর জন্য আমার কাছে আপনার বক্তৃতা শুনাতে হবে না। আমাদের মনেই সে দিন সে জিনিসটা উঁকিঝুঁকি মেরেছিল। যখন পুলিশ দিবস আরম্ভ হল এবং সেই পুলিশ দিনের আগে সেই সমস্ত কথা উত্থাপন করে আমাদের শ্রদ্ধেয় মন্ত্রী মহাশয় যিনি আমাদের পরিষদের নেতা তার বক্তব্য যখন পেশ করলেন ও তার পরে পরিষদের কংগ্রেসের অনেকে বক্তৃতাও করেছেন এবং সে বক্তৃতা যে কি তা আমরা জানি না সেই বক্তৃতার পর আপনি যা মন্তব্য করেছিলেন তা আমরা জানি।

[3-40—3 50 p.m.]

তার পরে কংগ্রেসের পক্ষ থেকে অনেকগুলি বক্তা বক্তৃতা করেছেন, কি বক্তৃতা আমরা তা জানি না। তার পরেই এত বক্তৃতা হবার পরেও আপনি বললেন যে বিরোধী পক্ষের কেউ উপস্থিত নাই—আমি যেই রেডিওতে সেই সংবাদ পেলাম রাত্রিবেলায়, আপনি নির্দেশ দিলেন যে বিরোধী পক্ষের কেউ নেই, কাজেই এই আলোচনা আর চলা উচিত নয়।

সেই সময় প্রথম পর্য্যায়ের আলোচনা, মুলতুবী রেখেছেন, সেই আলোচনা আজ হবে বলে কাজেই আমি বলবো যে আপনার মনের যে সাড়া—সেটাই গণতন্ত্রের আসল কথা, সেই সাড়াটা আপনি যেখানে বন্ধ করেছেন, তা প্রথমেই হওয়া উচিত ছিল। ধরুন আপনি এলেন ঠিক ঘণ্টায়, এসে দেখলেন বিরোধীপক্ষ সরকারী বেসরকারী দলের সকলে উপস্থিত, কিন্তু ট্রেজারী বেঞ্চে একটিও মিনিষ্টার উপস্থিত নাই। আপনি তাকিয়ে দেখলেন একটিও মিনিষ্টার নাই তখন আপনি হাউস য়্যাডজোর্ন করে দিয়ে চলে গেলেন। আবার যখন ২০ মিনিট পরে ঘুরে এলেন, তখনও একই অবস্থা দেখে আবার সেই জিনিষের পুনরাবৃত্তি হলো, আবার চলে গেলেন, এই অবস্থা অনেকবার হয়েছে। সমস্ত হাউস উপস্থিত থাকা সত্ত্বেও ট্রেজারী বেঞ্চের মেম্বাররা কেউ নাই যাঁরা উত্তর দেবেন ক্রিটিসিজম-এর। তাঁরা সেখানটায় নাই। তখন সেই অবস্থায় হাউস বন্ধ করা হয়। তেমনি সেই সূত্র ধরে আমি আপনাকে বলবো কোশ্চেন যাঁরা করেছেন, নরেন দাস সম্বন্ধে আপনি খবর পেলেন তিনি ধৃত হয়েছেন তখন কোশ্চেন হ্যাণ্ড ওভার করলেন। কিন্তু আপনি এটা দেখলেন যে সমস্ত কোশ্চেন বিরোধী দলের দ্বারা নোটিশ দেওয়া হয়েছে একটি কোশ্চেনও তাঁরা পুট করতে পারছেন না। একটি কোশ্চেনেরও তাঁরা সাপলিমেণ্টারী করতে পারবেন না, কাজেই গণতন্ত্রের যে কাঠামো....

Mr. Deputy Chairman:

কোশ্চেন টাইমটা বিরোধী পক্ষরা সম্পূর্ণভাবে পাবে।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি ২৫এ তারিখের কথা বলছি।

(এ ভয়েস: ঐ দিন কোন কোশ্চেন ছিল না।)

ঐ দিন যদি কোশ্চেন থাকতো তাহলে কি হতো?

(এ ভয়েস: সে আলাদা কথা।)

আমি আপনাকে ইলাসট্রেট করে বলছি। যদি সেদিন কোশ্চেন থাকতো, তাহলে পরে একটা একটা করে যখন আপনি দেখতেন সমস্তই য়্যাবসেণ্ট তখন আপনি হাউস বন্ধ করে দিতেন। কাজেই সেই সূত্র ধরে আমি আপনাকে অনুরোধ করবো আপনি ২৫এ তারিখে গোড়া থেকে হাউসে যা কিছু হয়েছে, রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের বক্তৃতা থেকে সুরু করে —সেগুলি রেসিণ্ড করে দিন। আপনি যে কারণে সেদিন হাউস মুলতবী রেখেছিলেন, সেই কারণটা ভাল করে প্রয়োগ করে সেটা রেসিণ্ড করে দিন।

আগের কথা যা বলেছি যে এই যে সরকারী ভবন—রাজভবনে কংগ্রেসের লোককে নিয়ে গিয়ে সেখানটায় যেমন পোলিং বুথে ভোটারদের রেখে দেওয়া হয় একটা একটা কামরা ভর্ত্তি করে, তারপর একটা একটা করে রিলিজ করে দেয় ভোট দেবার জন্য— এ যেন ওখানটায় কংগ্রেসের পোলিং বথ হয়েছে। এটা অত্যন্ত derogatory to the prestige of the House আর ইমপ্রোপ্রাইটি সম্বন্ধে তো কোন কোশ্চেনই নাই। কাজেই আমি আপনাকে অনুরোধ করবো আপনি এটাকে প্রিভিলেজ কমিটিতে রেফার করুন।

Shri Jatin Chakravorty:

স্যার, আমি একটি কথা আপনাকে স্মরণ করিয়ে দিতে চাই। মাননীয় শশাঙ্ক স্যান্যাল মহাশয় যেকথা বললেন, রেসিণ্ড করবার কথা যেটা বললেন—তার নজির হিসেবে আমি উল্লেখ করবো— এই পশ্চিমবাংলার বিধান সভাতে সে নজির আছে। এই রকম একটা হরতালের সময়, তখন

পরলোকগত মুখ্যমন্ত্রী ডাঃ রায় বেঁচেছিলেন সেই সময় সেই হরতালের পরের দিন বিরোধী দলের পক্ষ থেকে এই দাবী করা হয় এবং সেই দাবী অনুসারে তিনি যে বিলের আলোচনা চলছিল তার আগের দিন যার ফার্স্ট রিডিং শেষ হয়ে গিয়েছিল তা বন্ধ রেখে আবার গোড়া থেকে অর্থাৎ ফার্স্ট রিডিং থেকে পুনরায় বিলের আলোচনা সুরু হয়েছিল। সুতরাং নজীর আমাদের পশ্চিমবাংলার বিধান সভাতে আছে। হাউস অব কমন্স বা মে'র কোন নজীরের দরকার নাই। সেই নজীর অনুসারে আমি আপনার কাছে দাবী করবো, অনুরোধ জানাবো যে শশাঙ্ক বাবু যেকথা এ সম্বন্ধে বললেন, সেটা অত্যন্ত যুক্তিসঙ্গত ও ন্যায়সঙ্গত নজীর এবং সেই ডাঃ বিধানচন্দ্র রায়ের কথা বার বার এই সভায় বলা হয়। আজকে আশা করবো আমাদের যিনি এই সভার নূতন নেতা নির্বাচিত হয়েছেন মাননীয় রবীন্দ্রলাল সিংহ মহাশয় সেই নজীর মেনে নিতে রাজী হবেন এবং তিনিও আমাদের সঙ্গে যোগ দেবেন আপনাকে অনুরোধ করবার জন্য যে ওঁরা যে বক্তৃতা দিয়েছেন কাল সেই সমস্ত রেসিনডেড হয়ে নূতন করে বিল তাঁরা উত্থাপন করবেন এবং এর দ্বারা প্রমাণ করবেন যে ডি-বিধানাইজেসন বাংলাদেশে হচ্ছে না, অন্ততঃ ওঁরা সেটা করছেন না সেটা তাঁরা প্রমাণ করুন।

Shri Rabindralal Sinha :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, বন্ধুবর শশাঙ্ক বাবু দুটি প্রশ্ন উত্থাপন করেছেন। প্রথমটা প্রিভিলেজ এর প্রশ্ন। আমি বুঝতে পারি না এর মধ্যে প্রিভিলেজ কি করে আসতে পারে। মন্ত্রীদের ভবনে পোলিং বুথ-এর মত রেখে দেওয়া ছিল বলে আমি জানি না—অন্ততঃ এই পরিষদের কেউ ছিল না। খবরের কাগজে জানা যাইতেছে, কি শোনা যাইতেছে কিম্বা একথা প্রকাশ এই বলে যে খবর বেরোল তার উপর ভিত্তি করে প্রিভিলেজ মোসান কি করে হবে তা জানি না। তা ছাড়া যদি কেউ মন্ত্রীদের আতিথ্য গ্রহণ করেন, মন্ত্রীরা অতিথি হিসাবে কাউকে যদি রাখতে চান তাহলে প্রিভিলেজ কোশ্চেন কি করে আসতে পারে তা আমি বুঝতে পারছি না। অতএব প্রিভিলেজ এখানে ওঠে না। দ্বিতীয় প্রশ্ন রেসিণ্ড-এর কথা বলেছেন। যতীনবাবু বিধান সভার কথা বলেছেন। বিধানসভায় বিরোধী পক্ষ বক্তৃতা রাখবার সুযোগ পাননি বলে সর্বসম্মতিক্রমে স্পীকার রেসিণ্ড করে দেননি, এটা সর্বসম্মতিক্রমে বিধানসভায় তাঁরা নিজেদের কার্যাবলী রেসিণ্ড করেছিলেন। এখানে রাজী হবার কোন কারণ নেই, কারণ আজকে ওঁরা ওঁদের বক্তৃতা রাখবার যথেষ্ট সুযোগ পাবেন।

Mr. Deputy Chairman :

আমি মাননীয় শশাঙ্কবাবুর কথা অত্যন্ত মনোযোগ দিয়ে শুনেছি। প্রথম কথা হচ্ছে কংগ্রেস পার্লিয়ামেণ্টারী পার্টি ইজ এ নন-অফিসিয়াল পার্টি যেমন অন্য অনেক দল আছে। তারা রেজলিউসন কি করলেন, কে কোথায় কি বললেন সেটা

not within the purview of this House

দ্বিতীয়তঃ যদি মন্ত্রীরা তাদের বাড়ীতে লোক রেখে থাকেন—আমি জানি না রেখেছেন কিনা—তাহলে মন্ত্রীরা রাজভবন হিসাবে রাখেননি, রাজভবনে তাঁরা ভাড়া দিয়ে থাকেন। কাজেই তাঁরা নিজের বাড়ীতে যদি অতিথি রাখতে চান তাহলে তাঁদের এভ্রি রাইট আছে সেখানে রাখবার। তাঁরা সব পার্টিকে না বলে কেবল কংগ্রেস পার্লিয়ামেণ্টারী পার্টির লোককে কেন বললেন? অপোজিট তো পরিষ্কারভাবে বলে দিয়েছেন যে আমরা উপস্থিত থাকবো না। কাজেই কংগ্রেস পার্লিয়ামেণ্টারী পার্টি তাঁদের লোককে বিশেষ ভাবে বলেছেন যাঁরা দূরের লোক আছে তাঁরা এখানে থাকতে পারেন। কাজেই এখানে প্রিভিলেজ-এর কোন প্রশ্ন আসে না।

Shri Sasanka Sekhar Sanyal:

আপনি জানেন যে হরতাল বেলা ৪টা পর্যন্ত ছিল। আমাদের হাউস ৩টায় বসেছিল—৩টা থেকে ৪টা কোশ্চেন আওয়ার ৪টার পর কোশ্চেন না থাকলে, মিনিস্টার না থাকলে আপনাকে য়্যাডজোর্ন করতে হয়। সে ক্ষেত্রে আপনি জানেন হরতাল ৪টায় টারমিনেট করবে এবং ৪টার পর থেকে যানবাহন সুরু হবে। আমাদের মোহিতবাবু বাগবাজার থেকে, কেউ বদ্রীনাথ টেম্পল থেকে,

কেউ টালিগঞ্জ থেকে আসবেন। এই অবস্থায় ৪টায় না বসিয়ে ৫।৫॥টার সময় বসালে কিছু বলার ছিল না। সেখানে যখন দ্রুত গতিতে হয়েছে তখন রেসিও করবেন কিনা সেটা আপনার জুরিসডিকসন।

Mr. Deputy Chairman :

রেসিও-এর কথা পরে হবে। এখন প্রিভিলেজ-এর কথা বলছি যে এখানে প্রিভিলেজ-এর কোন প্রশ্ন নেই।

Shri Sasanka Sekhar Sanyal:

প্রিভিলেজ-এর প্রশ্ন আসে। আমি একথা বলিনি যে তাঁদের বাড়ীতে কাউকে গেস্ট রাখতে পারবেন না। মন্ত্রীদের বাড়ীতে গুণ্ডা, অসৎ চরিত্রের লোক রাখুন তাতে আপত্তি নেই। তাঁরা জানেন যে লোক আসতে পারবে না। সেজন্য

Privileges are being extended only to members of one party, and by specific implication, that is being denied to members of the other party. Therefore, it is an attempt at rushing headlong to the business of the House in the absence of the Opposition. That constitutes the breach of privilege.

Mr. Deputy Chairman :

আমি আগেই বলেছি যে অপোজিসন পরিষ্কার ভাবে আগের দিন বলে গেছেন যে আমরা কেউ আসব না। কাজেই অপোজিসন-এর কোন প্রশ্ন আসে না।

Shri Sasanka Sekhar Sanyal:

অপোজিসন আসবেন না, সেটা অন্য কথা। তিনি যদি এই স্টেটমেণ্ট না করতেন তাহলে অপোজিসন আসতো কি না আসতো তাতে কিছু যায় আসে না। কিন্তু তিনি যে স্টেটমেণ্ট করেছেন.....

Shri Rabindralal Sinha :

স্টেটমেণ্ট কে করেছেন ?

Shri Sasanka Sekhar Sanyal :

আপনি জিজ্ঞাসা করুন। আমি নোটিশের কপি চীফ মিনিস্টারকে দিয়েছি—তিনি এসে বলুন যে আমি একথা বলিনি।

Shri Jagannath Kolay :

কি স্টেটমেণ্ট করেছেন ?

Shri Sasanka Sekhar Sanyal :

অবশ্য যাঁরা দূরে থাকেন ঐরূপ সদস্যরা বৃহস্পতিবার রাজভবনে মন্ত্রীদের বাসভবনে রাত্রিযাপন করিবেন বলিয়া স্থির হয় একথা চীফ মিনিস্টার এসে ডিনাই করুন।

Shri Jagannath Kolay :

আমি এখানে চীফ হুইপ—(চীফ মিনিস্টার নয়)—অব দি পার্টি হিসাবে চীফ মিনিস্টার-এর চেনে দেখা দরকার যে মেম্বাররা যাতে আসে। আমি এটা অস্বীকার করছি যে আমরা কখনও একথা বলিনি, পার্টি মিটিং-এও নয়, যে আমাদের কংগ্রেসের তরফের যাঁরা সদস্য আছেন তাঁরা মন্ত্রীদের নিবাসে

গিয়ে থাকবেন। আমরা বলেছি হরতাল করবে না। আমরা বলেছি সেদিন ট্রাম, বাস চলবে এবং সকলের যখন যে সময় হবে সেই সময় হাউস-এ আসবেন।

[3-50—4 p.m.]

আমি এটা বলতে পারি যে আমরা কোন সদস্যকে মোটরে নিয়ে আসিনি, আমাদের বেশী ভাগ সদস্যই বাসে এসেছেন এবং ট্রামে এসেছেন, অনেকে গড়িয়াহাটা থেকে বাসে এসেছেন এবং শিয়ালদহ থেকেও ট্রামে এসেছেন, আমাদের বিশ্বনাথবাবু ট্রামে এসেছেন আমরা কাউকে আনায়নি, যাঁরা এসেছেন স্বেচ্ছায় এসেছেন, এবং দেখা গেছে যাঁদের মোটর আছে তারা মোটরে এসেছেন এবং কোথাও তাঁরা বাধা প্রাপ্ত হননি। আপনারা পুলিস বিল-এর আলোচনার কথা বলেছেন। আমরা তা স্থগিত রেখেছিলাম কেননা অপোজিশনরা বলেছিলেন আসতে পারবো না। রিকোয়েস্ট-এর কথা বলেছিলেন, বলেছিলেন যে স্থগিত থাকা উচিত, এবং আমি বলেছিলাম স্থগিত রাখবো কারণ আলোচনায় সে অধিকার আছে, তা থেকে বঞ্চিত করবো না। কোন অপোজিসন এলে করতে পারতাম কিন্তু কেউ না আসায় স্থগিত রাখা হয়েছে যা নাকি আমরা পাশ করতে পারতাম। এটা কনসিডারেসন স্টেজ-এ আছে।

Shri Sasanka Sekhar Sanyal:

ডিফিকালটি হচেছ মন্ত্রীমণ্ডলীর মধ্যে সদস্য চীফ হুইপ যিনি রাজভবনের মধ্যে মন্ত্রীভবনে থাকেন না, আমাদের পরিষদের নেতা যিনি তিনিও থাকেন না। কাজেই যখন প্রিভিলেজ মোসন-এ দিয়েছিলাম তাতে বলেছিলাম

The Chief Ministe may be informed.

আমি জানতে চাই যে চীফ মিনিস্টার কি বলবেন? তিনি বলুন যে এরূপ কোন নির্দেশ দেননি। তিনি বলুন যে তাঁর বাড়ীতে কংগ্রেসের লোক থাকবে এবং তিনি নিয়ে মিটিং করবেন তিনি তো এখানে এসেছেন তিনি বলছেন না কেন?

Shri Jagannath Kolay:

প্রথমতঃ একটা কথা বলতে চাই চীফ মিনিস্টার আমাকে বলেছেন যে তিনি একথা বলেননি। দ্বিতীয় কথা হল চীফ মিনিস্টার পার্টি মিটিং এ ছিলেন না। তাঁর অন্য জায়গায় এনগেজমেণ্ট ছিল, সেই এনগেজমেণ্টএ তিনি গিয়েছিলেন।

Shri Sasanka Sekhar Sanyal:

তিনি যখন নিজে এসেছেন তখন তাঁর কি বলার দরকার নেই?

Shri Rabindralal Sinha:

না, দরকার নেই, তার কারণ হল
on behalf of the Cabinet or on behalf of the Ministry

উনি একথা বলছেন।

Mr. Deputy Chairman:

আমি মনে করি এ আলোচনা করে কোন লাভ নেই এতে প্রিভিলেজ-এর কোন প্রশ্ন আসে না। কংগ্রেস পার্টি তাদের মিটিংএ কি রেজলিউসন করেছে তা এখানে আলোচনা করার কোন দরকার নেই। তাছাড়া তাঁরা বলেছেন এ আলোচনা করেননি যদি করেও থাকেন তাহলে নন-অফিসিয়াল বডি কি করেছেন
is not written within my jurisdiction.

এছাড়া মন্ত্রী মহাশয়রা বলছেন যে আমরা কাউকে বাড়ীতে রাখিনি এবং য়্যানাউন্সমেন্ট

দিই নি। আমি সেটাই মেনে নিচ্ছি। যদি তাঁরা রাখেনও তাতে কোন ক্ষতি নেই। তাঁরা ভাড়াটিয়া বাড়ীতে থাকেন সেখানে আত্মীয় কুটুম্ব আসতে পারে। এ অধিকার তাঁদের আছে। কাজেই এটা প্রিভিলেজ কোশ্চেন-এর ব্যাপার নয়। তারপর নেক্সট কোশ্চেন হচ্ছে রেসিও করতে হবে। রেসিও করার কথা বন্ধুবর যতীন চক্রবর্তী মহাশয় বলছেন। তিনি যা বলেছেন সে সময় একটা বিল পাশ হয়ে গিয়েছিলো। সেটা আগের দিনে। তখন দুই পক্ষ মিলে বললো যে নূতন করে আরম্ভ হোক। কিন্তু আমি সে কাজ করিনি এখানে বিল কনসিডারেসন মোসান যাতে নাকি অপোজিসনরা যোগ দিতে পারে সে বন্দোবস্তও করে রেখেছি। আপনারা অপোজিসনরা যদি বলেন যে কিসের উপর আমরা আলোচনা করবো কারণ কংগ্রেস পক্ষ কি বলেছে তা আমরা জানি না এজন্য আমি আমার অফিসকে অর্ডার দিয়েছি সে সমস্ত স্পিচএর আন করেকটেড কপি এখানে এখনই দিতে। সে স্পিচএর উপর ইউ ফ্রেম ইওর আরগুমেণ্টস এই য্যারেঞ্জমেণ্ট করে রেখেছি এখনই ডিসট্রিবিউট করে দেবে। The inaugural speech of the Hon'ble Minister and the speeches of other members will be circulated to you.

কাজেই এখানে হাউসে কোরাম থাকলে চলতে থাকবে, আমার তা না চালাবার কোনও অধিকার নেই। আমি অপোজিসন মেম্বারদের যতটা সুবিধা দেওয়া যায় তার য্যারেঞ্জমেণ্ট করেছি কাজেই আমি মনে করি এখানে রেসিও করবার কোন কোশ্চেন আসে না।

Release of arrested persons

Shri Nirmal Bose:

স্যার, আপনার কাছে পূর্বেই অনুমতি নিয়েছি—আমি একটা বিষয়ের উল্লেখ করতে চাই।

Shri Jagannath Kolay:

যদি স্যার, এক ঘণ্টা কোশ্চেন আওয়ারে যায়, তারপর যদি প্রত্যেকবারই সবাই একটা করে বিষয় বলেন, এর উপর আবার তিনটা করে কলিং য্যাটেনসন যদি রোজ থাকে, তাহলে হাউসের বিজিনেস হবে কোত্থেকে ?

Shri Nirmal Bose:

স্যার, আমি তো অনুমতি নিয়েছি। সময় বিশেষ নষ্ট হচ্ছে না কোশ্চেন আওয়ার থাকলেতো এতক্ষণ কোশ্চেনই চলতো। কাজেই সময় আপনার বিশেষ নষ্ট হচ্ছে না।

(শ্রীশশাঙ্ক শেখর সান্যাল : আমাদের সারা জীবনই তো নষ্ট হয়ে গেল, আর সময় কি নষ্ট হবে ?)

আমি যে বিষয়টা উল্লেখ করতে চাই সেটা হলো এই, যদিও তার সঙ্গে হরতালের সম্পর্ক রয়েছে এই কারণে কিছুক্ষণ আগে, এখানে মাননীয় রাষ্ট্রমন্ত্রী অর্দ্ধেন্দু বাবু নেই, তিনি বলে গেলেন যে যাদের গ্রেপ্তার করা হয়েছিল তাদের সবাইকে মুক্তি দেওয়া হয়েছে। আমি বলতে চাই যে তিনি সত্য কথা বলেননি। যাদের ধরা হয়েছে তাদের মধ্যে বহুলোক এখনো গ্রেপ্তার হয়ে আছে। আমাদের মধ্যমগ্রামের বিশিষ্ট ফরওয়ার্ড ব্লক নেতা সরল দেবকে গ্রেপ্তার করা হয়েছিল। যখন প্রথম জেলে নির্দেশ গেল, অর্ডার গেল, সবাইকে বলে দেওয়া হলো—ছেড়ে দেওয়া হলো, কিন্তু একটা নাম দেখা গেল রয়ে গেছে, আশ্চর্য্য ব্যাপার, কেউ বলতে পারলেন না। তারপরে তাকে এখন পর্যন্ত ছাড়া হয় নাই। দীনেশ দাসগুপ্ত মহাশয় পশ্চিমবঙ্গের এস এস. পি'র জেনারেল সেক্রেটারী—অদ্ভুত ব্যাপার তাঁকে ৫ আইনে ধরে আটকে রাখা হয়েছে। অজিত বোসকে এখনো ছাড়া হয় নাই। আশ্চর্য্য ব্যাপার। তিনি হরতালের আবেদন করেছিলেন। কি ব্যাপার আমি জানি না। এটা আশ্চর্য্য ব্যাপার। হাওড়ার এস. এস. পি. দলের সহকারী

সভাপতি হরিপদ মজুমদারকে হাতে হাত কড়া দিয়ে নিয়ে গেছে। এদের লজ্জা হওয়া উচিত। কোন লজ্জা সরমের বালাই তাদের নাই। এঁরা আয়ুবশাহী বাংলা দেশে চালাবার জন্য তৈরী হয়েছে। কি রকম সন্ত্রাস হরতালের দিন তারা চালিয়েছে। হাওড়া ফরওয়ার্ড ব্লকের সেক্রেটারী অজিত বোসকে আটকে রাখা হয়েছে। অথচ অর্দ্ধেন্দুবাবু বলে গেলেন সবাইকে ছেড়ে দেওয়ার নির্দেশ দেওয়া হয়েছে। এটা সম্পূর্ণ একটা অসত্য কথা। পুলিস বিলের ব্যাপারে পুলিশী ব্যাপার হবে; কিন্তু হরতাল সম্পর্কে একটু আগে আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় বললেন যে হরতাল একেবারেই হয়নি, দুআনাও হয়নি। কিন্তু সেদিন একটা রূপ দেখেছি, আমি সেদিন উত্তর কলকাতায় সারাদিন ছিলাম। আমি দেখেছি সেখানে কোন ট্রাম বাস চলেনি। আমি যখন বিকেলবেলা বেরুলাম—দুপুরবেলা রেডিওতে বলা হলো জীবনযাত্রা স্বাভাবিক। সমস্ত ট্রামবাস ঠিকমত চলছে। আমি কিন্তু সেরকম চেহারা কিছু দেখলাম না। মানিকতলার মোড়ে একজন পুলিশ অফিসারকে জিজ্ঞাসা করলাম কি মশাই, ট্রামবাস চলছে? দাঁড়াবো? তিনি বললেন কোথায় ট্রাম বাস? সারাদিন এখানে কোন ট্রাম বাস চলেনি। আমি বললাম কেন? ওঁরা তো রেডিও থেকে বলছেন জীবন-যাত্রা স্বাভাবিকভাবে চলছে। তখন উনি ঘাবড়ে গিয়ে বললেন বোধ হয় অন্য দিকে কোন রুটে চলেছে। তাঁরা বলছেন যে সমস্ত কিছু স্বাভাবিক ভাবে চলছে। কাগজে দেখলাম বিধানসভার একজন সদস্য পরিহাস করে ঐ সভায় ভেটকী মাছ ও অন্যান্য জিনিষপত্র এনে ঠাট্টা করেছেন। কাগজে বেরিয়েছে একজন মন্ত্রী পর্যন্ত হেসে কুটিকুটি গেছেন। এও দেখেছি—আমি হাতীবাগান বাজারে গিয়েছিলাম সেখানে আমি নিজের চোখে দেখে এসেছি সকাল সাড়ে নটার সময় তিনটি মাছের দোকান খোলা—সাধুলাল হালদার—এ এল. সি. আর. ১৩২এ, বনমালী দাস আর. ১৮৫এ, নিমাই মান্না আর ৩৪এ ষ্টল নং ২৬ এই তিনটি দোকান খোলা সেখানে একজন পুলিসের এস. আই. ও দুজন কনেষ্টবল দাঁড়িয়ে। আমি বললাম বেশ ভাল কথা—মাছটাছ পাওয়া যাচ্ছে? আজকে কম দামে পাওয়া যাবে? কি ব্যাপার, তোমরা দোকান খুলেছ? তারা বললে না, না, খুলবো কেন? সকাল বেলায় পুলিস এসে বলেছে দোকান না খুললে গুলো মেরে ধরে নিয়ে যাব। পাশে এস. আই. দাড়িয়ে আমি বললাম প্রতিবাদ করুন, তারা বললে—কি করবো বলুন। বড়কর্ত্তা শ্যামপুকুরের অফিসার ইন চার্জ অম্বিকা ভট্টাচার্য্য এসে জোর করে দোকান খুলে দিয়ে গেলেন। জোর করে পুলিস তিনটা দোকান খুলে দিয়ে গেছে এই ভাবে জোর করে পুলিস দোকান খুলেছে এবং জোর করে বাস চালাবার চেষ্টা করেছে কিন্তু তা চলেনি। আমি এইকথা আপনার মাধ্যমে বলতে চাই এঁরা যে বিবৃতি দিয়েছেন হরতাল দু-আনা সফল হয়েছে—এর চেয়ে অসত্য কথা আর কিছু হয় না। কালকাতায় মানুষ এতে সাড়া দিয়েছে; হরতাল পুরো হয়েছে। তাঁরা পুলিসের সাহায্যে জোর করে হুমকী দিয়ে বাংলাদেশে আয়ুবশাহী চালাতে চাইছেন। প্রফুল্ল সেন তিনি কোথায়? বুধবার থেকে তাঁকে দেখছিনা। তিনি নূতন আয়ুবশাহী হয়ে কোথায় বসে আছেন তিনি জানেন। তিনি যদি এই ভাবে সন্ত্রাসের রাজত্ব চালাতে চান, তাহলে পরে এর প্রতিবাদ আপনার মাধ্যমে আমাদের করা প্রয়োজন।

[4—4-25 p.m. including adjournment.]

Shri Abdullah Rasul :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, সেদিন আমাদের এখানে যে আলোচনা হয় তার মধ্যে পরিষদের নেতা একটা মন্তব্য করেছিলেন এবং সেই মন্তব্য সম্পর্কে এখানে আমরা অনেক প্রশ্ন তুলেছিলাম এবং আপনি নিজে আশ্বাস দিয়েছিলেন যে, প্রসিডিংস দেখে সেই মন্তব্য ঠিক কিনা এবং সে সম্বন্ধে কি করণীয় তা আপনি পরে জানাবেন। এখন আমরা সেটা জানতে চাই।

Mr. Deputy Chairman :

আমি অরডার দিয়েছি আমার কাছে পৌঁছাবার জন্য, আমার কাছে এলে আমি তা জানাব।

(At this stage the House was adjourned for twenty minutes)

(After adjournment)

(4-25—4-35 p.m.)

The Police (West Bengal Amendment) Bill, 1964

Shri Sasanka Sekhar Sanyal:

মাননীয় উপ-সনৎ সভাধিপ মহাশয়, আপনি নির্দেশ দিয়েছেন এই বিলের আলোচনা ব্যাপক ভাবে বিতর্ক করা যাবে না। আমার শ্রদ্ধেয় বন্ধু তিনি যখন অতিরিক্ত ক্ষমতা পুলিসের জন্য চেয়েছেন তখন তো তার পেছনে টাকা লাগবে। খরচ বেশী হবে এবং এই হিসেবে এটা প্রায় মানি বিল-এর মধ্যে পড়ে যাবে।

Shri Rabindralal Sinha:

তাহলে সব বিল তো মানি বিল এবং তাতে এই হাউস এর ভোট-এর দরকার হবেনা। কিন্তু এই ক্ষমতা ছাড়তে রাজী নই।

Shri Sasanka Sekhar Sanyal:

আমার বন্ধু ট্রেজারি বেঞ্চ-এর নূতন সদস্য। তিনি অনেকখানি শুভেচ্ছা, অনেকখানি আশা এবং ভরসা নিয়ে এখানে এসেছেন, সেই শুভেচ্ছা এখনও প্রত্যাহার করা হয়নি। আশা ভরসা এখনও ধূলিসাৎ হয়নি। কিন্তু কালের অমোঘগতি যেভাবে শিক্ষামন্ত্রীকে পুলিশের হাতে ফেলে দিচ্ছেন তাতে আমাদের রাজ্যের ভবিষ্যৎ সঙ্কাজনক বলে মনে করি। স্যার, পুলিস বিলের আলোচনা করতে গিয়ে সাম্প্রতিক ২৫এ তারিখের বাংলাদেশের চেহারা চোখের সামনে ফুটে উঠছে এবং ভয়ে ধিক্কারে গ্লানিতে আমাদের মন আলোড়িত হচ্ছে। ২৬এ তারিখে সকালবেলায় সংবাদপত্রে মুখ্যমন্ত্রীর যে বিবৃতি বেরুল তাতে দেখলাম তাঁর কি পৈশাচিক উল্লাস। মুখ্যমন্ত্রী বেছে বেছে দুআনা বার করলেন--টাকার দাম ১৭ পয়সায় দাঁড়িয়েছে।

Shri Nirmal Chandra Bhattacharyya:

On a point of order, Sir,

মাননীয় সদস্য পৈশাচিক কথা ব্যবহার করেছেন কিন্তু এটা কি পারলামেণ্টারি রীতি বিরোধী নয়?

Mr. Deputy Chairman:

এটা কোন দোষের কথা নয়।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি প্রত্যাহার করব যদি নির্মলবাবু একটা সাবস্টিট্যুট শব্দ আমাকে দিয়ে দেন।

Mr. Deputy Chairman:

পৈশাচিক আনপারলিয়ামেণ্টারি নয় তবে বলা উচিত নয়।

Shri Sasanka Sekhar Sanyal:

আমি এমন কথা বলবো না যেটা unparliamentary—after all I am a gentleman.

Shri Nirmal Chandra Bhattacharyya:

যাকে যখন বলা হয়েছে তখন আমি বলছি যে আনহোলি গ্লি বলা যেতে পারে (এ ভয়েস: বাংলায় কি বলা যাবে) বাংলায় কি বলতে হবে তা গোপালবাবুকে জিজ্ঞাসা করুন।

Shri Gopal Halder :

আমি মনে করি এটাই উপযুক্ত এক্সপ্রেসন।

Shri Sasanka Sekhar Sanyal :

আমার বলা রইলো যে পৈশাচিকের বিকল্প ঠিক ঐ রকম অর্থবাহী শব্দ আমাদের অধ্যাপক মহাশয় যদি দেন তা হলে আমি সানন্দে সেটা গ্রহণ করবো এবং আপনি আপনার রিপোরটারদের বলে দেবেন যেন সেই জায়গায় সেটা যেন বসিয়ে দেন।

Shri Gopal Halder :

প্রত্যেক ভাষারই কতগুলি ইডিয়ম আছে আনহোলি গ্লি যাকে বলে বাংলায় যদি তাকে বলি "অপবিত্র আনন্দ" তা হলে কি অথ হবে? না হবে না কাজেই পৈশাচিকই হবে।

Shri Jatin Chakravorty:

নির্মল ভট্টাচার্য্য মহাশয় যদি আনপারলিয়ামেণ্টারী মনে করে থাকেন তা হলে আমি বলবো যে উনি ওখানে যে বসবার স্বপ্ন দেখেছেন সেটা এরূপ হলে হবে না এবং উপেন বর্মনের নাম প্যানেল-এ প্রথম হয়ে গেছে।

(হাস্য)

Shri Nirmal Chandra Bhattacharyya

স্যার যতীনবাবু যে ব্যক্তিগত আক্রমণ করলেন সেটার কোনো ভিত্তি নেই। আমি কখনই এরূপ আশা করে বসে নেই বা বসে আছি এটা সম্পূর্ণ ভুল।

Shri Sasanka Sekhar Sanyal :

আমি যেটা বলেছিলাম যে ২৬এ তারিখে সকালে মুখ্যমন্ত্রীর যে উল্লাস আমি দেখলাম তাতে আমার মনে খুব ব্যথা হল এবং সেটা কেন হল তা বলি। হরতাল ক-আনা সাকসেসফুল হয়েছে বা ক-আনা আনসাকসেসফুল হয়েছে এটা কোন বিচার্য্য বিষয় নয়। হরতালের প্রেরণা জাতির কাছে পেয়েছিল এবং হরতাল কেন হয়েছে ও হরতাল সাফল্যমণ্ডিত হওয়ার জন্য যা হয়েছে তাতে তারা আনন্দিত এবং হরতাল যদি আংশিক ব্যর্থ হয়ে থাকে সেজন্য কারা আনন্দিত? স্যার, ওদিক থেকে এ পাড়ার অনেককে স্ট্যালিন এবং লেনিন-এর নাম দিয়ে তাদের শ্লেষ দিয়ে অনেক সময় বিদ্রুপাত্মক আলোচনা করা হয় এবং মাও সে তুং-এর নাম দিয়েও এ সব করা হয়েছে। আমি ভাবছিলাম এই যে হরতাল এই হরতাল স্ট্যালিন ও লেনিনের শেখানো নয় বা ক্রুশ্চেভের শেখানো নয়। এই হরতাল গণতন্ত্রের প্রথম এবং প্রধান উপাসক ভারতবর্ষে মহাত্মা গান্ধী শিখিয়েছেন। আজকে সেই হরতাল ব্যর্থ হয়েছে বলে আনন্দে আটখানা হয়ে পড়েছেন সেই ব্যক্তি যিনি নিজেকে কথায় কথায় মাহাত্মা গান্ধীর শিষ্য বলে এবং মহাত্মা গান্ধীর আদর্শে উদ্‌বুদ্ধ বলে ঘোষণা করেন। বলন তো স্যার, এর পরে আমাদের বাংলা দেশের পরিতাপের বিষয় আর কি হতে পারে? এক কালে আমাদের মুখ্য-মন্ত্রী আরামবাগের গান্ধী বলে পরিচিত ছিলেন, "ফেলিয়া এসেছি আজি জীবন পশ্চাতে"--ফেলে এসেছেন কিন্তু এই বর্তমানে যে জীবনযাপন করছেন, সেই জীবন যাপন যখন করেন তখন মহাত্মা গান্ধীর আদর্শের কথা উল্লেখ করেন? তিনি আজকে কোন নৈতিক শক্তির উপর নির্ভর করে, কোন যুক্তির উপর নির্ভর করে বলছেন যে হরতাল বিফল হয়েছে হরতাল ২ আনা হয়েছে। আমার আদালতের কাঠগড়ায় জীবিকা (এ ভয়েস: কাঠগড়ায়?) অর্থাৎ আদালতের কাঠগড়ায় যারা থাকে তাদের নিয়েই জীবিকা, সেখানে সাক্ষীর হলফ নাই। আমার বন্ধু শিক্ষামন্ত্রী এখনও ভুলে যাননি আশা করি যে "আমি ধর্মতঃ প্রতিজ্ঞাপূর্বক কহিতেছি যে আমি সত্য বই মিথ্যা বলিব না" কিন্তু উঠেই মিথ্যাবই সত্য বলে না। আজকে মহাত্মাগান্ধীর যারা উপাসক, প্রচারক এবং উত্তরাধিকারী বলে দাবী করেন তাঁরা গান্ধীর নামে গান্ধী হত্যার অভিযান চালিয়ে যাচ্ছেন।

স্যার, এই যে হরতালটা হয়েছিল এই হরতাল কেন হলো ? এই হরতাল যে হবে তা নেকদিন থেকে বলা হয়েছে; এমন কি আমাদের প্রধানমন্ত্রী লালবাহাদুর শাস্ত্রী যিনি সেদিন দানে বক্তৃতা করেছেন, তিনি এই হরতালের বিরুদ্ধে কোন কিছু বলেন নি। তিনি বলেছেন যারা স্বেচ্ছায় করবেন তাঁরা নিশ্চয়ই করবেন এবং কাউকে যদি যুক্তি দিয়ে করান যায় তাতে ছু বাধাই থাকা উচিত নয়। বলপ্রয়োগে কাউকে হরতাল করান হবে না। কিন্তু এখানকার অভিযান দেখান হলো তাতে স্বতঃস্ফূর্ত ও স্বেচ্ছায় যে হরতাল সেই হরতালকে বল র্বক বন্ধ করবার জন্য পুলিসী অভিযান সেদিন চালান হয়েছিল।

(শ্রীবিশ্বনাথ মুখার্জী : কোশ্চেন।)

কোশ্চেন! গড়িয়াহাটা বলে একটা জায়গা আছে, রাসবিহারী এভেনুর মোড় বলে শ্রদ্ধেয় বন্ধু শ্বনাথ মুখার্জী মশায় জানেন আমার বাড়ী থেকে স্টোন থ্রো আমি সকালবেলা যখন ট্রেণের ওয়াজ পেলাম, ট্রাম বাসের যখন আওয়াজ পেলাম না, তখন ন'টা সাড়ে ন'টার সময় আমরা একজন বেরোলাম, আমি তখন শারীরিক খুব কাতর, আমি একজনের ঘাড়ে ভর দিয়ে মোড় র্যন্ত গেলাম, সেই মোড় পর্যন্ত গিয়ে সেখানে দেখলাম শুধু পুলিস পিস্তল পরিহিত সব ন কি একটা অভিযান হবে তার মুখোমুখি হবার জন্য পুলিসী রাজত্ব পুলিসের সন্ত্রাসবাহিনী পস্থিত।

(এ ভয়েস : কোশ্চেন।)

বার কোশ্চেন : কোশ্চেন ও করবেন ? এই পরিষদের যদি কোন সদস্য বলেন—

(এ ভয়েস : সেখানে জনসাধারণ ছিল, পুলিসও ছিল)

ধু সশস্ত্র পুলিস ছিল সেখানটায় কোন দোকানের সামনে কেউ দাঁড়িয়ে কাউকে বলেনি যে তামরা দোকান বন্ধ কর বা দোকান খুলো না। কোন পিকেটিং সেখানটায় হয়নি এবং যে সমস্ত াস চলে যাচ্ছে, সেই বাসের যে যাত্রীরা চলছিল, তাদেরকে কোন বাধা দেবার জন্য কোন চষ্টা হয় নাই।

(এ ভয়েস: পুলিস ছিল বলে সে চেষ্টা হয় নাই।)

লিস ছিল বলে যে চেষ্টা হয় নাই—থ্যাঙ্ক ইউ। একথা আমি বলিনি—বিশ্বনাথবাবু যা বলিনি তা লবেন না। সেখানটায় দেখা গেল যে পুলিসের সন্ত্রাসবাহিনী উপস্থিত আমি স্বচক্ষে যেটা দেখে সেছি সেটাতেও যদি কোশ্চেন করেন, তাহলে এর উত্তর দেবার আমার কিছু নাই।

তারপর একজন ডাক্তার এসেছিলেন আমাকে দেখতে এবং আমার একজন আত্মীয়কে খতে। সেই ডাক্তারের গাড়ীতে করে চড়ে খানিকটা রাস্তা ঘুরতে গিয়েছিলাম—উদ্দেশ্য— রে আসবার সময় তাঁর ডিসপেনসারী থেকে ওষুধ নিয়ে আসবো সেখানে গিয়ে দেখলাম ার একমোড়ে সেখানে জনসাধারণ এবং পুরী নিস্তব্ধ! আগে যেমন হরতালের সময় ক্রিকেট খলতো তা নয়, সেখানে আছে কেবল পুলিসী অভিযান। পুলিসবাহিনীর পুলিসী তৎপরতা বং পুলিসে পুলিসময় হয়ে সমস্ত কলিকাতা দাঁড়িয়ে আছে। কেন ? হরতাল যাঁরা করেছিলেন াঁদের মধ্যে সকলেই অহিংস হরতালের জন্য ডাক দিয়েছি, এনহিংস হরতালের জন্য কেউ াক দেন নাই।

(এ ভয়েস: হিংস হয়ে পড়েছি।)

কাথায় হয়ে পড়েছিল ? এর নাম হিংস হয় না। আমার বন্ধু জা ে ন মহাত্মা গান্ধীর আমলে অহিংস রতাল ডাকা হতো। সেই অহিংস আন্দোলনকে ব্যর্থ করবার জন্য পুলিসের ভাড়াকরা লোকেরা ট পাটকেল ছুড়ে খানিকটা হিংস প্রতিক্রিয়ার সৃষ্টি করতো।

(এ ভয়েস : আমরা যা করতাম।)

তামরা করতে? তাহলে তো খুব লজ্জার কথা, যে কংগ্রেসের আদর্শে সই করে কংগ্রে বেঞ্চে ওখানে বসে আছো। হরতাল যখন ডাকা হয়, তখন তা অহিংস ভাবে ডাকা হয়েছিল যাঁরা ডাক দিয়েছিলেন তাঁদের তো মুখ্যমন্ত্রী মহাশয় ডেকে এনে বলতে পারতেন হ্যাঁ, মশা আপনাদের যে বিক্ষোভ, কিসের বিক্ষোভ? দ্রব্যমূল্য রোধ? আমি করে দেব, দশদিনে মধ্যে কমিয়ে দেব। খাবার পাইয়ে দেব, স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনবো। হয় নেতাদের ডে একথাও বলতে পারতেন আপনারা আমাদের সাহায্য করুন। এইভাবে তাঁদের বল পারেন, আপনারা হরতাল ডাক দিয়েছেন। নরেন দাস কি সমস্ত দেশকে হিংসার মধ্যে নি যাবে? আর যতীন চক্রবর্তী মশায়, তিনি তো খাদ্যআন্দোলন থেকে আরম্ভ করে সমস্ত শ্র আন্দোলনের মধ্যে জড়িত আছেন। তিনি কি কোন দিন নিজে হিংসার পথে গেছেন অন্যান্য যে সমস্ত সদস্য ধরা পড়েছেন, তাঁরা কেউ তো হিংসার পথে যাননি।

[4-35—4-45 p.m.]

হিংসার পথে যাননি তার একমাত্র প্রমাণ সরকারের আচরণ যে হরতালের পর তাঁদের সকলে ছেড়ে দেওয়া হয়েছে। কাজেই হিংসার কোন প্রশ্ন ছিল না। আমার মনে আছে বৃটি সরকারের একজন প্রতিভূ আমাদের দেশে এসে হাওড়া স্টেশনে এসে নামলেন তখন স্বর্গত যতীন্দ্রমোহন সেনগুপ্ত, আমাদের এখানকার কংগ্রেসের প্রেসিডেণ্ট, তিনি সমস্ত সুপারভাইজ করে গেলেন এবং হাওড়া স্টেশনে এসে যখন সেই প্রতিভূ নামলেন সেখানে গিয়ে দেখলাম চারিদিকে কমপ্লিট হরতাল এবং কোন জায়গায় পুলিশের কোন য়্যারেঞ্জমেণ্ট নেই কারণ পুলি থাকলেই একটা প্রোভোক করে একটা হিংসা সৃষ্টি করে। সেই সময় জে, এম, সেনগুপ্ত গাড়ীতে আমি ছিলাম। স্যার, চার্লস টেগার্ট যখন হাওড়ায় বাহিরে প্লাটফর্ম-এর সামে তখন বললেন

Sir Charle , congratulate you for the excellent arrangements that you have mad

আমি তাঁকে বললাম, মিঃ সেনগুপ্ত আপনি একথা বললেন কেন? তিনি বললেন,

because in his statesmanship and in his prudence he has not made any police man visible on the street.

আমাদের দেশে খাদ্যদ্রব্যের মূল্য বৃদ্ধির প্রতিবাদের প্রতীক হিসাবে হরতাল হল। আমর এখানে এ নিয়ে সরকারকে গালাগালি করছি—করে কিছু করতে পারছি না। কিন্তু বাহিরে দেশের লোক যদি একটা প্রতীক আন্দোলন করে, ধর্মঘট করে বিক্ষোভ জানায় তাহলে এর মধ্যে অন্যায় কি আছে। আগেকার যুগে অন্যায় ছিল না, এখন মৌলিক অধিকার হবার পর প্রত্যে গণতান্ত্রিক নাগরিক বৈধ উপায়ে নিজেদের সমষ্টিগত বিক্ষোভ জ্ঞাপন করবার যে অবিচ্ছেদ্য অধিকার আছে সেই অধিকারের মুখোমুখি পুলিসের সন্ত্রাস বাহিনীকে অভিযানে নিযুক্ত করে দেবার কি যুক্তি ছিল? আগেকার দিনে হরতাল ফেল হলে স্যার চার্লস টেগার্ট বোধ হয় হিজ ডিসেন্সি উল্লাস প্রকাশ করেন নি, যদিও মনে মনে আনন্দ হয়েছিল

Sir, Basit Blackett, Alexander Mudiman

ইত্যাদিরা ডেমোক্রেটিক রাইটকে থুটল করবার জন্য চেষ্টা করেছেন। তাঁদের অভিযান সাকসেসফু হয়েছে, জনমতকে পদদলিত করা হয়েছে, জনমতের পিছনে যাঁরা দাঁড়িয়েছেন তাঁদের প্রচে ব্যর্থ করা হয়েছে। কিন্তু তাঁরা এইরকম উল্লাস কোন দিন প্রকাশ করেন নি। আজকে ১৯৬ সালে ১৭ বছর স্বাধীনতার পর যিনি স্বাধীনতা সংগ্রামের পুরোধা সেই পশ্চিমবাংলার মুখ্যমন্ত্রী যিনি ২রা অক্টোবর তারিখে গান্ধীজীর জন্মদিনে খদ্দরের দোকানে গিয়ে বসে আগে খদ্দ বিক্রি করতেন, এখনও করবেন—খদ্দর বিক্রি করেন সেই লোক গান্ধীর প্রদর্শিত যে পথ পন্থা তাকে অমর্য্যাদায় ধূলায় লুটিয়ে দিয়ে দেশের এবং জাতির কলঙ্ক হিসাবে কাজ করেছেন স্যার, এঁরা করেছেন কি? আমার বন্ধু নরেন দাস মহাশয়, যাঁর রাজনীতি সত্তার সঙ্গে আমা

মেলে না, একজন ভদ্রলোক। আমার মন্ত্রীরাও জানেন যে বিরোধী দলের মধ্যে নরেনবাবু, যে কজন নিছক খাঁটি ভদ্রলোক আছেন--তার মধ্যে সে একজন--আমি তার মধ্যে অবশ্য পড়ি না। নরেনবাবুর স্ত্রী রাত্রি ৩-৩০ মিঃ সময় ফোন করছেন। কি ব্যাপার না রাত্রি সোয়া দুটোয় সময় এসে দ্বারে করাঘাত যেন প্রণয়ীনির কাছে প্রণয়ী প্রেম নিবেদন করবার জন্য গোপনে এসে ঘা দিচ্ছে, "ওগো 'ওঠো"। নরেনবাবু উঠলেন............। (শ্রীযতীন চক্রবর্ত্তী : আপনি কি করে জানলেন যে ২-৩০ মিঃ-এর সময় প্রণয়ী প্রণয়ীনিকে ডাকে?) (শ্রীরবীন্দ্রলাল সিংহ : সেটা আর জিজ্ঞাসা করবেন না) ওঁরা জিজ্ঞাসা করলে বলতাম। আমি অপোজিসন মেম্বারকে এক্সপোজ করব না, কারণ আমি তাদের কাসটোডিয়ান, বয়সে বড়। অনুরূপ্রতিম অনেক ভ্রাতাদের এইরকম অভিযান অনেক সময় পুলিশ ধরেছে তখন আমি তাদের নিয়ে এসে সামিল দিয়েছি। নরেনদাদা উঠলেন, পরনে লুঙ্গী, হাতে এখনও প্লাসটর্ড করা আছে; স্লি বাঁধা। তারা বললে নরেনবাবু আপনাকে আমরা এখুনি চাই। তাঁর বাড়ীর কোলাপসিবল গেট বন্ধ। নরেনবাবু ভেবেছেন বোধ হয় ভোরবেলা ৪টা। তিনি ভাবলেন পুলিশ অফিসারদের একটু চা খাওয়ান যাক, দলাই মলাই যদি করে ঠাণ্ডা করতে হবে। নরেনবাবু বললেন একটু নিজের কাপড়টা বদলে নিই। তারা বললো কোথায় বসবো। নরেনবাবু বললেন আপনাদের তো ৭।৮টা ভ্যান আছে তাতে বসুন না। পুলিশ-এর লোক বললো এক কাজ করুন কোলাপসিবল গেটটা খুলে দিন আমরা বারান্দায় বসি। ভদ্রলোক ও বোকা লোক তাই ঐ কথা বলামাত্র কোলাপসিবল গেট খুলে দিলেন। খোলার পরে কয়েকজন লোক ঢুকে সেই লুঙ্গি পরা অবস্থায় এবং গায়ে গেঞ্জী তাঁকে ঐ অবস্থায় ওন ঐ ভাঙ্গাহাত তাতেই হিড় হিড় করে টানতে টানতে নিয়ে গিয়ে ভ্যানে বসালেন। পরনের পরিধেয় যে ধুতি তা পরবার সময় দিলেন না, একটা জামা পরবার সময়ও দিলেন না। ওকে নিয়ে চলে গেলেন। পেছনে তাঁর স্ত্রী, বাঙ্গালীর স্ত্রী, বাংলা দেশের মেয়ে তাই তিনি ছুটে গিয়ে একটা ধুতি পাঞ্জাবী দিয়ে গেলেন তার পকেটে আবার ৭৫টা টাকা ছিল। উনি যখন জামাটা তোলেন তখন জামাটা খানিকটা র‍্যাসনড হয়ে গেছে পকেট এ আর নেই। যা হোক সে টাকার কথা ছেড়ে দেওয়া যাক। আপনি অধ্যক্ষ মহাশয় বলুন, কারণ ব্রিটিশ আমলে আপনি অনেকবার জেল খেটেছেন এরূপ সেখানে হয়েছে কিনা? (শ্রী মহিতোষ রায় চৌধুরী : টাকাটা কি পাওয়া গিয়েছিলো?) সে টাকা আর পাওয়া যাবে না, কাজেই এ ঘটনাটা আপনার কাছে এজন্য উপস্থিত করছি। আমি আমার বন্ধু রবীন্দ্রনাথ সিংহকে এটা উদাহরণ স্বরূপ উপহার করছি যে ভারতরক্ষার্থে যাদের ধরলেন তারা যে ভারতের কি বিঘ্ন করলো তা জানি না। ভারতের জনসাধারণের দারিদ্রের কথা বলা যদি ভারতকে বিপন্ন করা হয় তাহলে আমি বলবো মন্ত্রীমণ্ডলীর যারা ভারতের বিপদ বলে ভারতবাসীর ন্যায্য আন্দোলনকে প্রতিরোধ করেন সেই মিনিস্টারদের আগে গ্রেপ্তার করে বন্ধ করে রাখা উচিত। আপনাকে দেখাই যে পুলিশকে আমরা কতটা ক্ষমতা দেব একে পুলিশ রাজ তো হয়েই আছে। সুতরাং আবার কি চাই? আমি ১৭-৬-৬৪ তারিখে সুপারিণ্টেণ্ডেন্ট অব রেলওয়ে পুলিশ শিয়ালদহ -কে একটা চিঠি লিখেছিলাম---

May I ask you to see that there is an end of the unhealthy climate round the G. R. P.S. which has become the breeding ground of chronic corruption of an insistent type? The vendors at and round the railway station at Berhampore have been made the victim of daily and periodical quota to be rendered to the Officer-in-charge on pain of jeopardy. I hope you will be good enough to look into the matter.

১৭ই জুন ১৯৬৪ পর্যন্ত তার কোন উত্তর নেই জুলাই গেল, আগষ্ট গেল, ঠিক ২ মাস হল ১৭ই আগষ্ট তারিখে আমি ডি. আই. জি.র কাছে চিঠি লিখলাম। আমি লিখলাম অন ১৭-৬-৬৪ তারিখে-

I wrote a letter from Calcutta addressed to the Superintendent, etc.

ওটা কোট করে দিলাম

Nothing appears to have been done and even my letter has not been acknowledged.

আর তাতে বললাম---

The O. C. once saw me and pleaded that my pen would go against him, etc. This shows that the content of my letter was made known to him.

আমাকে উত্তর দিলেন না সে বাড়ী গিয়ে বললো আপনি লিখেছেন আমার বিরুদ্ধে। এটা তো আমার বিরুদ্ধে যাবে

what happened thereafter is that having seen or been sure that my letter would lead to nothing it was possible for the O. C. to bully some of the Vendors even into writing obliging drafts.

তাদের কয়েকজনের কাছে লিখিয়ে নিলো যে আমাদের কোন অত্যাচার করা হয়নি

you can easily realise the atmosphere of terror further deepened by helplessness on their part when they find that a representation from a man of some little public position is made to look so ineffective.

(4-45—4-55 p.m.).

আমার চিঠি ইনএফেকটিভ হয়ে গেল। এটা জানতে পারার পরে সমস্ত ভেণ্ডারবা—তার, সেখানে গিয়ে পদানত হলো। তাদের কয়েকজনের কাছ থেকে লিখিয়ে নেওয়া হলো

"In this context it occurred to me to acquiant you with the state of things in the expectation that something will yet be done."

তার উত্তরে ডি. আই. জি. ২৮এ আগষ্ট লিখছেন

Dear Shri Sanyal, I acknowledge with thanks the receipt of your letter of August 17, 1964. The matter is receiving my attention.

জানি না তার কাছে ঘটনা কি অবস্থায় এখন আছে।

তারপরে আমি ১৫।৯।৬৪ তারিখের লেটার এস পি, শিয়ালদা পুলিশ তিনি লিখছেন

In reply to your letter, dated 17th June, 1964, I am to inform you that the matter has been fully investigated and no evidence was available to substantiate the allegation against O. C., Berhampore Court, G. R. P. S.

স্যার, এভিডেন্স দেবে কে? আমি করেছি কমপ্লেণ্ট, আমার কাছে ভেণ্ডাররা এসে বলেছে আমি তাদেরকে প্রডিউস করবো এন কোয়ারি হলে পরে। আমাকে কিছু জানান হল না। কয়েকটি ভেণ্ডারকে ধরে নিয়ে গিয়ে ওবলাইজিং স্টেটমেন্ট লিখিয়ে নেওয়া হলো। নেবার পরে তারপরে এই উত্তর এসেছে। বলুন তো পুলিশ রাজত্ব বৃটিশ আমলে এরকম ছিল, না, এর চেয়ে খারাপ ছিল? না, এর চেয়ে অন্তত খানিকটা ভাল ছিল?

তারপর দেখুন এই যে সেই জি. আর. পি.র দারোগা, তিনি রিপোর্ট করছেন একটি জায়গায় ঐ যে ভেণ্ডাররা একটা কনেষ্টবলের সঙ্গে ভেণ্ডারদের ঝগড়া বাধিয়ে দিল, দিয়ে সেই কনেষ্টবল ভেণ্ডারকে মারতে যায়। তখন ভেণ্ডার গিয়ে সেই স্টেশন থেকে আমার কাছে টেলিফোন করে। যে রিপোর্ট করেছে—শ্রীচ্যাটার্জী বলে একজন এ. এস. এম.—অ্যাসিসটান্ট স্টেশন মাষ্টারকে শুদ্ধ জড়িয়ে যে

accompanied the alleged shop-keeper, viz., such and such, to his office and allowed Shri Saha to use his official telephone in contacting some anti-police person of Berhampore Town." Do you know who is this anti-police person.

রেল থেকে এনকোয়ারী করতে গেল আপনি অ্যানটি পুলিশ কাকে বলেছেন? সে বললে কেন? ঐ শশাঙ্ক শেখর স্যান্যাল অ্যান্টি পুলিশ।

আমি র‍্যান্টি গভর্নমেণ্ট, আমি গভর্নমেন্টকে ক্রিটিসাইস করি, পুলিসকে কনডেম করি র‍্যাজ এ লিম্ব অব দি গভর্নমেন্ট কোন পুলিশের বিরুদ্ধে আমার কোন ব্যক্তিগত অভিযোগ কিছু নাই। বরং আমার ব্যবসার ক্ষেত্রে যখন কোন পুলিশ প্রসিকিউটেড হয় ফর করাপসন এবং আদার থিংস তখন তাদের বাঁচাবার জন্য এবং নিজেকেও খানিকটা বাঁচাবার জন্য তাদের পক্ষ অবলম্বন করতে হয়। তাই আমি বলি আমার শ্রদ্ধেয় বন্ধু রবিবাবুকে—এরপরে আবার পুলিশের কি ক্ষমতা চান? এর পরিস্থিতি কতদূর গড়িয়েছে জানেন? একজন প্যাসেঞ্জার যে নেমে গিয়ে টিকিট দিয়ে বেরিয়ে যাচ্ছে তাকে একজন পলিশ কনস্টেবল গিয়ে চেপে ধরেছে, ধরার পরে কয়েকজন প্যাসেঞ্জার এসে তাকে উদ্ধার করে এবং এ. এস. এম-এর কাছে নালিশ করে। এ. এস. এম. সেটা ফরওয়ার্ড করেছে এবং প্যাসেঞ্জাররা এভিডেন্স দিয়েছে। সমস্ত এভিডেন্স-এর কপি আমার কাছে আছে। সম্প্রতি সেই এনকোয়ারির পরিস্থিতি.—পুলিশের কি আতঙ্ক! প্যাসেঞ্জারদের রাইট কজ স্টেশনস্টাফরা তাদের সেই রাইট কজ র‍্যাডপ্ট করেছিল। কিন্তু সেখানকার একটি জি. আর. পি. এস.-এর অফিসার ইন চার্জ সাব ইনসপেক্টার তার বিরুদ্ধে যাচ্ছে বলে পুলিশ চারিদিকে একেবারে এনকোয়ারির উপর এনকোয়ারি, আর সেই এনকোয়ারি মানে—যেখানে পুলিসের লোকেরা বসে, বাইরের লোককে ঢুকতে দেন না, কাউকে জিজ্ঞাসাও করেন না এবং সম্প্রতি এখানকার একজন রেলওয়ে কনসালটেটিভ কমিটি মেম্বার তিনি যখন এ সম্বন্ধে জানতে চান, আমি তাঁর নাম করে দিচ্ছি ডাঃ নলিনাক্ষ্য স্যান্যাল, তখন রেলওয়ে পুলিসের বড় বাবুরা বলছেন দেখুন স্যার, পুলিসের সঙ্গে ঝগড়া করে কি করবো। আমাদের হাতে তো গ্রেপ্তারের ক্ষমতা নাই, ওদের হাতে সে ক্ষমতা। যে কোন দিন আমাদের গ্রেপ্তার করে দেবে। তাহলে দেখুন স্যার

demoralisation of law-abiding people

কতখানি কমপ্লিট এবং পুলিসী রাজত্ব কতখানি কায়েম, এ থেকে আপনি বুঝতে পারবেন।

তারপর দেখুন র‍্যাপ্লিকেসন অব দি ডি, আই, রুলস হয় আমরা যখন ডিফেন্স অব ইণ্ডিয়া বৃটিশরা করতো, তখন গালাগালি করেছি। এখন ঐ বেঞ্চেতে যাঁরা আছেন, তাঁরা আমাদের সমগোত্রীয় তখন ছিলেন। তখন আমরা বলতাম

It is not for the defence of the Country that you have promulgated the laws but it is for the defence of the unwarranted power.

আজকে সেটা অক্ষরে অক্ষরে মিলে যাচ্ছে। কোথায় চায়না? আজকে চায়নার বিরুদ্ধে এখানকার ফ্রণ্টে যদি প্রফুল্লবাবু তাঁর মিলিটারী ও পুলিস দাঁড় করিয়ে দিতেন, তাহলে তিনি উল্লাস করে বলতেন যে চায়নাকে একেবারে এগোতে দিইনি। যারা তাদের আক্রমণ করে তাদের বিরুদ্ধে তাঁরা অহিংস, আর যারা আক্রমণ করে না তাদের বিরুদ্ধে তাঁরা হিংস; এই নীতি পুলিসী রাজকে কায়েম করছে। আমি সেদিন র‍্যাপ্রোপ্রিয়েসন বিল আলোচনার সময় একটা চিঠি পড়ে শুনিয়েছিলাম। প্রফেসার ভট্টাচার্য্য মহাশয় পরে সেই চিঠি দেখেছিলেন। একটা লোক সে বরাবরই বলছে পাকিস্তানের লোক অমুকের বাড়ীতে এসে আনাগোনা করছে। দেশে বিপদ। সেই লোকগুলোকে গ্রেপ্তার করা হয়েছে পরে সংবাদ নিয়ে জানা গেল প্রথমে সেই জান মহম্মদ বিশ্বাসকে ১৫১ ধারায় গ্রেপ্তার করা হয়। আপনি জানেন, রবিবাবুও জানেন একটা ডাকাতি, চুরি করতে যাচ্ছে এইরকম অবস্থা জানতে পারলে তাকে ১৫১ ধারায় ধরা হয়। তারপর তাকে জামিন দেওয়া হয় এবং অপরাধ করার ক্ষেত্র যখন কেটে যায় তখন তাকে ছেড়ে দেওয়া হয়। সেই চাঁদমোহন বিশ্বাসকে ১৫১ ধারায় গ্রেপ্তার করা হল, গ্রেপ্তার করে তখন বলা হয় যে লোকটা বড় দুঁধে লোক। আমাদের মন্ত্রীমণ্ডলীতে দুঁধে লোক কেউ নেই, সব ভদ্রলোক হয়ে গেছে—আমাদের মধ্যে অনেক দুঁধে লোক আছে। দুঁধে হলে যদি তাকে গ্রেপ্তার করতে হয় তাহলে বাংলাদেশেতো নিবির্য হতে হয়, পুরুষকার বাংলাদেশ থেকে নিশ্চিহ্ন করে দিতে হয়। ১৫১ ধারায় গ্রেপ্তার করা মানে হচ্ছে সে কোন অপরাধ করেনি অপরাধ করতে পারে এই আশঙ্কায় গ্রেপ্তার। কিন্তু যাকে ১৫১ ধারায় গ্রেপ্তার করা হল সে আগে কোন অপরাধ করেনি। তাকে জামিন না দিয়ে সঙ্গে সঙ্গে কগনাইজেসন অফেন্স করা হল। তার কারণ কি? কারণ হচ্ছে যে সে যাদের বিরুদ্ধে লিখত তারা মন্ত্রীমণ্ডলীর পক্ষপুষ্ট।

পাকিস্তানে যায়, পাকিস্তান থেকে লোক নিয়ে আসে। স্মরজিৎ ব্যানার্জির সেই কনসটিটুয়েনসি। তাদের ভোট আছে। তাদের বিরুদ্ধে যারা লিখছে তারা এই দেশের লোক তারা দেশপ্রেমিক, সমাজদ্রোহী নয়। তারা যদি সমাজের কোন অনিশ্চিয়তা আনে তাহলে তাদের পি. ডি. য়্যাক্ট-এ ধরা যায়, ১০৭, ১১০ ধারায় ধরতে পারেন। এখন ডি, আই, রুলস্ অনেক সস্তা হয়ে গেছে। ১০৭ বা ১১০ ধারায় দিলে যে মামলা টিকবে না। আজ সেজন্য ডি, আই, রুলস্-এ ধরে রাখা হচেছ; এটা টিকবে এজন্য যে তাদের বিচার নেই। কাজেই সমস্ত জায়গায় পুলিশ রাজত্ব চলছে। সেজন্য আমি পুলিশ বিলের বিরোধীতা করছি, প্রতিবাদ করছি। আমি একথা বলছি যে মুখ্যমন্ত্রী আজকে পুলিশের পদানত হয়ে আছেন। কাজেই এই পদানত মুখ্য-মন্ত্রীকে আমি পুলিশের ক্ষমতা ও ব্যয়বৃদ্ধি করার কোন সুযোগ দিতে চাই না। আজ জনসাধারণ জানতে চায় ও দাবী করে যে আজ মন্ত্রীমণ্ডলী ও জনসাধারণের পদতলে বসে পুলিশ সেবা করবে সেই সেবার উপর পুলিশ দাঁড়িয়ে থাকবে। কিন্তু পুলিশ রাজত্ব করবে এই অবস্থা আমরা হতে দেব না।

[4-55—5-5 p.m.]

Shri Jatin Chakravorty:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এটা খুব ভাল উদ্দেশ্য নিয়ে করাহয়েছিল মনে হবে বিশেষ করে ৪নং ধারায় বলেছেন আমোদ প্রমোদের ক্ষেত্রে বা খেলার যে সমস্ত টিকিটের চোরা কারবার হয়ে থাকে এবং উঁচু দরে বিক্রী হয়ে থাকে সে সব বন্ধ করবার জন্য এই ধারা রাখা হয়েছে সেটা দিয়ে জনসাধারণের খুব বড় একটা সমর্থন পাবেন এ উদ্দেশ্যে রাখা হয়েছে। কিন্তু স্যার, আসল উদ্দেশ্য সেটা সেটা আমাদের রবীন্দ্রলাল সিংহ মহাশয়ের বক্তৃতায় দেখলাম যে তিনি তার বেশীর ভাগ বক্তব্যই ঐ যে ৩নং ধারা যেখানে এ্যাডিশনাল ইনসপেক্টর জেনারেল অব পুলিশ যে নূতন পদ সৃষ্টি করা হয়েছে তারই সমর্থনে এই যে বিল বা এর মূল বা উদ্দেশ্য সেটা তার বক্তব্যের মধ্য দিয়ে খুব পরিস্কারভাবে ফুটে উঠেছে, কারণ বক্তব্যের অধিকাংশ সময়ই এবং অধিকাংশ জায়গায় তার ঐ সমর্থনের জন্য ব্যয় করেছেন, স্যার, এর একটু ব্যাক গ্রাউণ্ড বা একটু ইতিহাস আছে। আপনি জানেন যে এই যে নূতন পদ সৃষ্টি হতে চলেছে কিন্তু এই আইনের মাধ্যমে বা বিলের মাধ্যমে সেটাকে র‍্যাটিফাই করে নিচেছন কারণ তারা ইতিমধ্যেই সে পদ সৃষ্টি করে রেখেছেন এবং কেন করেছেন বা কি পরিপ্রেক্ষিতে করেছেন সেটা একটু স্মরণ করিয়ে দিতে চাই। স্যার, ১৯৬৪ সালের জানুয়ারী মাসে সাম্প্রদায়িক দাঙ্গা হয় যাহা অত্যন্ত দুর্ভাগ্যজনক বা কলঙ্কজনক। সে সময় যিনি পুলিশ কমিশনার ছিলেন তাঁকে অত্যন্ত কুৎসিতভাবে ইন আগলি হেস্ট সেই ভদ্রলোককে রাইটার্স বিল্ডিংস্-এ এনে কোনদিন যা শুনিনি পুলিশ কমিশনারকে ছুটি দেওয়া হল এবং তারপরে তাকে সেই পদ থেকে সরিয়ে দেওয়া হল, পাকিস্থানের সুযোগ হ'ল সে সম্পর্কে অপপ্রচার করার যে কলকাতার দাঙ্গা পুলিশ করেছে বা পুলিস বন্ধ করবার চেষ্টা করেনি। এই অপপ্রচারের সুযোগ করে দিয়ে রাইটার্স বিল্ডিংস-এর চীফ সেক্রেটারির ঘরে পরামর্শ করে মুখ্যমন্ত্রী মহাশয় তাঁকে ডেকে এনে সেই পুলিশ কমিশনারকে ছুটি করান। এবং আপনার নিশ্চয়ই মনে আছে যাঁরা তাঁর পরে অর্থাৎ যে দুজন সিনিয়র ছিলেন, সময়ের দিক থেকে বা কার্যকালের দিক থেকে যে ২ জন সিনিয়র ছিলেন তাদের সুপারসিড করে বর্তমানে যিনি পুলিস কমিশনার তাকে বসান হল, এবং আমি এখানে প্রশ্ন করেছিলাম বাজেট অধিবেশনে। সেই প্রশ্নতে রাষ্ট্রমন্ত্রীকে দিয়ে মুখ্যমন্ত্রী যিনি পুলিশ দপ্তরেরও মন্ত্রী তিনি উত্তর না দিয়ে ঐ দপ্তরের রাষ্ট্র মন্ত্রী অর্দ্ধেশ্দুশেখর নস্করকে দিয়ে একটা জবাব দেবার চেষ্টা করলেন। আমি প্রশ্ন করেছিলাম যে সুপারসিড হয়েছে কিনা? সেখানে খুব চতুরতার সঙ্গে রাষ্ট্রমন্ত্রীকে দিয়ে জবাব দেওয়ান হল। তাঁকে আবার ব্রিফ করে দেওয়া হয়েছিল যে না সুপারসেসন করান হয়নি। স্যার আপনি জানেন যে ৬ সপ্তাহ পযন্ত কোন পোস্ট-এ যদি কাউকে য়্যাকটিং করতে দেওয়া হয় তাতে সুপারসেসন হয় না। কিন্তু স্যার, ২ মাস পর তখন

সুপারসেসন হয় এবং যখন জবাব দেয় রাষ্ট্রমন্ত্রীকে দিয়ে ৬ সপ্তাহের মধ্যে, কিন্তু তারপর আমি আর একটা প্রশ্ন করেছিলাম। তখন ২ মাস হয়ে গেছে—সুপারসেসন হয়েছে। মুখ্যমন্ত্রী ২৬-এ মার্চ তারিখে জবাব দিচ্ছেন কলিং ফর পেপার্স। তিনি খুব চতুরতার সঙ্গে যে চাতুর্য বা দুর্বলতার জন্য আজকে পুলিস দপ্তরের ভারপ্রাপ্ত হয়েও বিধান সভায় এ বিল আনার সময় মুকাবিলা করেন নি, এবং আজকে আমার বন্ধু রবীন্দ্রলাল সিংহকে দিয়ে এই বিল উথাপন করে জবাব দেবার চেষ্টা করছেন, মুখ্যমন্ত্রী আসছেন না। এবং আজকে আমার মাননীয় বন্ধু রবীন্দ্রলাল সিংহ মশায়কে দিয়ে এই বিল উত্থাপন করে জবাব দেবার জন্য চেষ্টা করছেন, তিনি নিজে আর এখানে আসছেন না। সেদিন সেই চতুরতার সঙ্গে তিনি জবাব দিয়েছিলেন। ১৪ই জানুয়ারী এমন একটি অবস্থার সৃষ্টি হলো—জবাব একটা এই যে জানুয়ারী মাসের দাঙ্গার সময় তিনি অত্যন্ত পরিশ্রান্ত হলেন, তার ফলে ১৪ই জানুয়ারী থেকে এক মাসের ছুটির দরখাস্ত করলেন। যেহেতু তিনি পুলিশ কমিশনারের পোষ্টে ছিলেন, সেইখানে আবার তাঁকে যোগদান করতে দেওয়া হবে, এই কথা মুখ্যমন্ত্রী এখানে বলেছিলেন। কিন্তু হঠাৎ দেখা গেল আরো এক মাসের জন্য তাঁকে দিয়ে ছুটির দরখাস্ত করা হলো এবং ১৪ই মার্চ পর্যন্ত তিনি ছুটি নিলেন। তারপর কি হলো, স্যার। সেই ছুটি শেষ হবার আগে যে স্বার্থে বর্তমান পুলিস কমিশনারকে বসাবার জন্য চেষ্টা করেছিল এবং তাঁকে পার্মানেণ্ট করবার চেষ্টা করেছিল, সেই স্বার্থের খেলা চললো এবং তারজন্য ঐ শচীন্দ্রমোহন ঘোষ যিনি ছুটিতে ছিলেন তাঁকে কোথায় সরাবেন? তিনি সিনিয়রমোস্ট তাঁর বিরুদ্ধে কোন অভিযোগ নাই, তাঁর রেকর্ড ভাল, সৎ এবং সাধু। পুলিসবিভাগে যত সৎ ও সাধু কর্মচারী আছেন, তিনি তাদের মধ্যে অন্যতম। তাঁর ছুটি ১৪ই মার্চ তারিখে শেষ হবার পূর্বে

before the expiry of the extended leave

মুখ্যমন্ত্রী বলেছেন

however. it was decided that Shri Ghosh should assume responsibilities of higher post.

কেন? সুপারসেসনটা গোপনে হলো, বাজেট সেসনে জবাব দেবার আর দরকার হলো না। শ্রীশচীন্দ্রমোহন ঘোষকে প্রমোশনের নাম করে হি ওয়াজ কিকড আপ এবং বর্তমানে যিনি পুলিশ কমিশনার তাঁকে সেখানে পাকাপাকি বসাবার বন্দোবস্ত হলো। স্যার, হয়ত প্রশ্ন করবেন সুপারসেসন তো হয়নি। আমি স্যার আপনার কাছে সিভিল লিষ্ট খুলে দেখলে দেখতে পাবেন। —শচীন্দ্রমোহন ঘোষের সরকারী কার্য্যে প্রবেশ করবার সময় হচ্ছে ১লা মার্চ ১৯৩৫। এর পরে আরো দুজন আছেন মিঃ মাসুদ তাঁর সরকারী কার্য্যে প্রবেশকাল হচ্ছে ১লা মার্চ ১৯৩৫ এবং অপরজন হচ্ছেন দুর্গাগতি ভট্টাচার্য ১লা ফেব্রুয়ারী ১৯৩৬। তারপরেতে হচ্ছেন বর্তমান পুলিশ কমিশনার পি. কে. সেন ১২ই মার্চ ১৯৩৭। আমি জিজ্ঞাসা করতে চাই ঐ দুজনকে সুপারসিড করা হয়েছে কিনা? মিঃ মাসুদকে পুলিশ কমিশনার কেন করা হয় নাই? তার বিরুদ্ধে কোন্ অভিযোগ আছে?

[5-5—5-15 p.m.]

আমাদের এই সেকুলার স্টেট—এর সেকুলারিজম—এর দিক থেকে বহু জায়গায় করে থাকেন। আপনাদের তাঁকে আজকে করা উচিত ছিল। শ্রীদুর্গাগতি ভট্টার্য্যকে করা উচিত ছিল। তাঁর যে অধিকার সেই অধিকার সরিয়েছেন। কোন অধিকার থেকে তাঁকে বিচ্যুৎ করে পি কে সেনকে করেছেন? স্যার, অবশ্য আমাদের যিনি পুলিশ কমিশনার সেই সময় হস্তরেখা বিশারদের কাছে যাতায়াত করেন। সেই হস্তরেখা বিশারদ তাঁকে ভবিষ্যৎ বাণী করে দেন—তখন তিনি পুলিশ কমিশনার হননি—যে ৩ মাসের মধ্যে আপনি পুলিশ কমিশনার-এর পদে উন্নীত হবেন। সেই য়্যাস্ট্রলজার-এর ভবিতব্যকে প্রমাণ করার জন্য তাঁকে য়্যাকটিং করা হল পারমানেণ্ট করা হল। এছাড়া আর কোন সঙ্গত কারণ ছিল না। স্যার, পুলিশ কমিশনের সুপারিশ আমাদের কাছে বিতরণ করা হয়েছে। প্রফেসর নির্মল ভটটাচার্য্য যদি নাম

চান আমি সেই নাম দেব তাঁর ভবিষ্যৎবাণী সম্পর্কে জানার জন্য (শ্রীনির্মল চন্দ্র ভট্টাচার্য্য: আমি সেই নাম চাই না) পুলিশ কমিশনার যে রেকমেণ্ডেসন করেছেন। যে রিপোর্ট বেরিয়েছে সেই রিপোর্ট আপনি একবার পড়ে দেখুন। পুলিশ কমিশন এ. আই. জি. পোষ্ট-এর সুপারিশ করেননি। আশ্চর্য্য ব্যাপার যে পুলিশ কমিশন পর্যন্ত যে পোস্ট সম্পর্কে সুপারিশ করেননি আজ সেই পোস্ট ক্রিয়েট করা হচ্ছে টু কিক আপ এস. এম. ঘোষ। ২৩এ মার্চ ১৯৬৪ তারিখে মুখ্যমন্ত্রীর সেই বিবৃতিতে তিনি কারণ দেখিয়েছেন। কারণ হচ্ছে যে পলিশে ভয়ানক কাজ বেড়েছে। এটা তিনি কখন জানতে পারলেন ঠিক রায়ট-এর পর যখন শচীন্দ্র মোহন ঘোষ ছুটি নিয়েছেন। ১৪ই মার্চ তারিখে তার ছুটি শেষ হবে। এক্সটেনডেড লিভ—তিনি নিজেই বলেছেন

extended leave was allowed to him. Before the expiry of the extended leave, however, it was decided that Shri Ghosh should assume responsibility.

কারণ কি ভয়ঙ্কর কাজ বেড়েছে, যেন এতদিন আর কাজ বাড়েনি কারণ

strained relation between India and Pakistan have resulted in further increase in work not only within the State but also in East Pakistan border.

অর্থাৎ যেন পাকিস্তানের সঙ্গে এতদিন ঝগড়া বিবাদ চলছিল না। শিক্ষামন্ত্রী যখন জবাব দিতে উঠবেন তিনি যেন খবর নেন যে ঐ মাসুদ সিনিয়রমোস্ট—মাসুদের ভাল কাজের রেকড আছে যে ঐ পাকিস্তানের সম্পর্কে পশ্চিমবাংলার পক্ষে—

in favour of West Bengal.

পাকিস্তান সম্পর্কে বহু তথ্য তিনি যোগাড় করেছেন। তিনি কাজ ভাল করেছেন। কিন্তু আমাদের সেকুলার স্টেট-এ মিঃ মাসুদকে করা হচ্ছে না এবং এর জন্য অপপ্রচারের সুযোগ দেওয়া হচ্ছে! অথচ তাঁর সমস্ত ভাল কাজের রেকর্ড আছে। তারপর আমাদের মখ্যমন্ত্রী বলছেন

It was felt that the Inspector-General of Police should be relieved of a substantial portion of his work by another superior officer of the same status.

এবং শিক্ষামন্ত্রীকে দেখলাম ঠিক সেই একই পুনরাবৃত্তি করছেন এ আই জি পোস্ট-এ এস এম ঘোষকে বসান হয়েছে, আজ নয় অনেকদিন হল।

স্যার, আমি জিজ্ঞাসা করতে চাই এ. আই. জি. পোস্ট-এ এস. এম. ঘোষকে বসান হয়েছে, আজ নয়। আমি জিজ্ঞাসা করতে পারি কি কার পদমর্য্যাদা সম্পর্কে এত কথা বলা হয়েছে য়্যাডিসনাল আই, জি। আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের তো রাইটার্স বিল্ডিংস-এ চেম্বার আছে। তিনি আই জি. চেম্বার নিশ্চয়ই দেখেছেন। য়্যাসিস্ট্যাণ্ট আই. জি. যাঁরা দু জন আছেন তাঁদের ঘরও দেখে এসেছি। পদমর্য্যাদার সঙ্গে তাল রেখে অফিস ঘরের বন্দোবস্ত হয়েছে। যিনি য়্যাডিসনাল আই. জি. তাঁকে ডেপুটি সেক্রেটারীর চেয়ে নীচু স্তরের ঘর দেওয়া হয়েছে এবং তাঁর ঘরে অনেক সাংবাদিক বন্ধু যান। আমি নিজে গিয়েও দেখে এসেছি, কোন কাজই তাঁর কাছে আসে না। তাঁর টেবিলে ডিটেকটিভ নভেল কিছু আছে তাই তিনি পড়েন। তাঁকে জিজ্ঞাসা করা হয়েছে কি মশাই আপনার কাজকর্ম নেই। তিনি বলেন, কি করবো কাজকর্ম আমাকে দেওয়া হ'চ্ছে না, আমার কোন কাজ নাই। এখন নূতন একটা কাজ দেওয়া হয়েছে ন্যাসনাল ভোলাণ্টিয়ার ফোর্স যার একটা ডাইরেকটরেট ছিল এবং তাতে ডেপুটি সেক্রেটারী যখন দরকার হত ন্যাশন্যাল ভোলাণ্টিয়ার ফোর্স সম্পর্কে সেই ডেপুটি সেক্রেটারী তার ব্যবস্থা করতেন সেটা হল একটা আলাদা ডাইরেকটোরেট, সেই ন্যাশন্যাল ভোলাণ্টিয়ার ফোর্স-এর দায়িত্ব এবে য়্যাডিশন্যাল আই. জি-র উপর দেওয়া হয়েছে। শুধু তাই নয় আরও মজা হচ্ছে সে ওঁকে দিয়ে যা কেরাণীর কাজ সেই কাজ করান হচ্ছে। পুলিশ রুলসগুলো ভদ্রলোক দেখছিলেন সেই ভদ্রলোকের কাছ থেকে একজন বড় অফিসার যিনি য়্যাডিশন্যাল আই. জি. তাঁকে দেওয়া হয়েছে। আই. জি.-এর যে আসল ক্ষমতা তা ঐ য়্যাডিশন্যাল আই. জি.কে ঐ ক্ষমতা দেওয়া হয়নি। এই বিলের মধ্যে বলা হয়েছে কি যে য়্যাডিশন্যাল আই. জি.কে আই. জি.-এর কোনো ক্ষমতা দেওয়া হবে? অথচ ৩(২) ধারায় কি বলা হচ্ছে?

The Additional Inspector-General of Police shall be competent to exercise or perform all or any of the powers, functions or duties conferred or imposed upon the Inspector General of Police by or under this Act or any other law for the time being in force.

ইনস্পেক্টর-জেনারেল অব পুলিশ-এর কোন্ কোন্ কাজ দেওয়া হয়েছে সেটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় জানাবেন কি কারণ ৩।৪ মাস আগেও তাকে বসান হয়েছে। ঐ য়্যাডিশন্যাল ইনস্পেক্টর-জেনারেল অব পুলিস তার আজকে কাজ কি সেটা দেখুন। আমি পুলিশের বহু তথ্য এখানে দিয়েছি আমি আর একটি তথ্য আপনার কাছে দিচ্ছি। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি দেখবেন যে এই পুলিশ কতটা করিতকর্মা, স্যার, আমরা শুনেছিলাম যে পাঁচকড়িকে ধরার হুকুম, তিনকড়ি আর দুকড়ি ধরে নিয়ে যখন কাউকে পাওয়া যায় না তখন ঐ পাঁচকড়ির হিসাব নিয়ে আসে পুলিস। প্রায় সেই রকম অবস্থায় ঘটেছে গত হরতালের সময়। স্যার, আমরা ট্রেড ইউনিযন করি যারা হরতাল বা ধর্মঘটের ডাক দিয়েছে সেই বামপন্থী দলগুলি তাদের কেন্দ্রীয় সংগঠনগুলির পক্ষ থেকে, শ্রমিক সংগঠনগুলির পক্ষ থেকে এই ডাক দেওয়া হয়েছে, সাধারণ ধর্মঘটের জন্য বি. পি. টি. ইউ. সি.-এর পক্ষ থেকে বিধান সভার সদস্য পশ্চিমবাংলার কমিটির সাধারণ সম্পাদক শ্রীমনোরঞ্জন রায় তিনি এই ডাক দিয়েছেন, আমি আমাদের প্রতিষ্ঠান ইউনাইটেড ট্রেড ইউনিয়ন কংগ্রেস-এর সাধারণ সম্পাদক হিসাবে ডাক দিয়েছি। হিন্দ মজদুর সভার পশ্চিমবাংলার কমিটির সাধারণ সম্পাদক তারা ডাক দিয়েছেন সেই হিন্দ মজদুর সভা-র একজন নেতৃস্থানীয় যিনি বহুদিন ধরে ট্রেড ইউনিয়ন করছেন ফণীন্দ্র নাথ ঘোষ বহুদিন ধরে যিনি কাজ করে চলেছেন যাঁর বয়স প্রায় পঞ্চান্ন বৎসর হবে সেই ফণীন্দ্রনাথ ঘোষ মহাশয়কে ধরতে হবে যার ঠিকানা হলো ঐ হিন্দ মজদুর সভার অফিসের পাশে ৩৫বি, নির্মল চুন্দের স্ট্রিট, এটা সকলেই জানেন, পুলিশের লোকও সকলেই জানেন। আমি এর আগে একবার বলেছিলাম খোঁজ করতে করতে পরলোকগত বঙ্কিম মুখার্জীর বাড়ীতে গিয়ে হাজির হয়েছিল। পুলিস বঙ্কিম মুখার্জীকে গ্রেপ্তার করতে মারা যাবার একবৎসর না দেড় বৎসর পরে গিয়ে ছিল এবং এবারে সেই ফণী ঘোষকে খুঁজে না পেয়ে এক ২৭।২৮ বৎসরের যুবক যার নাম ফণী ঘোষ তাকে ধরে নিয়ে এসেছে, সেই ভদ্রলোক অর্ডিন্যান্স ফ্যাক্টরীতে কাজ করে তাকে এনে পুলিস জেলএ রেখেছিল।

(5-15—5-25 p.m.)

পাঁচ দিন জেলে রাখলো। দুর্ভাগ্যবশতঃ ট্রেড ইউনিযন নেতা ফণী ঘোষের পিতৃদেবের যা নাম, এই ফণী ঘোষের পিতৃদেবের নামও তাই। এই হচ্ছে তার দুর্ভাগ্য। কিন্তু ৫৫ বৎসর বয়স আর ২৭ বছর বয়স এই বয়সের পার্থক্য তারা জানে না। ৩৫বি, ওয়েলিংটন ষ্ট্রীট যার অফিস—তাকে গিয়ে ধরলো জগদ্দলে। সেই ভদ্রলোক অর্ডন্যান্স ফ্যাক্টরীতে কাজ করে তার চাকরীর কি হবে জানি না। বিনা দোষে তাকে গিয়ে ধরলো। সে বারবার বলছে আমি মশাই কোনদিন ট্রেড ইউনিয়ন করি না, রাজনীতিও করি না। তার ঐ সেই পাঁচকড়ি ধরার মত তিনকড়ি ও দুকড়িকে এক সঙ্গে ধরে আনার মত এও সেই রকম। ট্রেড ইউনিয়নের হিন্দ মজুদুর নেতা ফণী ঘোষকে ধরতে গিয়ে জগদ্দলের ফণী ঘোষকে ধরে নিয়ে এলো। পুলিসের আজ এত কাজ এত চাপ তাদের কাজের ইনসপেক্টর জেনারেল-অব পুলিস-এর কত কাজের চাপ। তার কথা সেদিন বলেছি যিনি দেশদ্রোহী—যে লোককে দেশদ্রোহিতা অপরাধে ভারতরক্ষা আইনে গ্রেপ্তার করা হয়েছিল তিনি যে আজও চুম্বীভ্যালীতে চীনে ফৌজদের কাছে স্মাগলিং করে চাল চিনি শিলিগুড়ি মারফৎ পাঠাচ্ছে, তার কাছ থেকে ব্যক্তিগত ভাবে উনি সস্ত্রীক রিসেপসন নিয়েছেন। সেদিন আমি বলেছি—মুখ্যমন্ত্রী তার জবাব দেবার চেষ্টা করেছিলেন যে চেয়ারম্যান দিয়েছে এটা মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের চিঠি নয় এ যে ভাইস-চেয়ারম্যান হিসেবে মিউনিসিপ্যালিটির চেয়ারম্যানের হয়ে তিনি দিতে পারেন না এবং শিলিগুড়ি এলাকায় যে ভাবে আজও চোরা চালান চলেছে—আমাদের দেশ আক্রমণ কারীদের সাহায্য করবার জন্য, যে আজও তাঁরা বন্ধ করতে পারছেন না। সেই জন্য স্যার, আজকে যতই আপাত দৃষ্টিতে যে উদ্দেশ্য নিয়েই এই বিল আসুক না কেন আসল উদ্দেশ্য

যে কায়েমীস্বার্থবাদী তাতে সন্দেহ নাই এবং পি. কে. সেনের মস্ত বড় একটা কোয়ালিফিকেসন আছে, সেই কোয়ালিফিকেসন-এর কথা বলে দেই। যার জন্য তাঁকে পুলিস কমিশনার রাখা হয়েছে তা হচ্ছে এই—এতদিন পর্য্যন্ত যত পুলিস কমিশার ছিলেন সুখ্যাত হোক আর কুখ্যাত হোক—এমন কি শ্রীহরিসাধন ঘোষ চৌদুরী পর্যন্ত পুলিস কমিশনার থাকার সময় তাঁর সম্পর্কে বহুবার বহু অভিযোগ আমরা করেছি। সেই লোকও কিন্তু কোনদিন লালবাজার থেকে ঐ কংগ্রেস ভবনে চৌরঙ্গীতে সেলাম দিতে যাননি। কিন্তু স্যার, এই বর্তমান পুলিশ কমিশনার চৌরঙ্গীর কংগ্রেসভবনে গিয়ে সেলাম বাজায় এবং সেই সেলাম বাজানোর যে কি পুরস্কার এও তো আমরা জানি। আপনি তো স্যার, নাম করতে দেবেন না।

(এ ভয়েস : না।)

পশ্চিমবাংলায় সর্বভারতীয় একজন নেতা আছেন, সেই নেতাকে গিয়ে তিনি সেলাম বাজান এবং সেই সর্বভারতীয় নেতার সঙ্গে ঐ যে তার পি. কে. সেন বলে এক ভাই আছে সুগার-এর ডেপুটি কনট্রোলার-এর যোগাযোগ আছে প্রতাপ কুমার সেনগুপ্ত এবং সেইজন্য আজকে তাকে পুলিস কমিশনার রাখা দরকার পি. কে. সেনকে চৌরঙ্গীর কংগ্রেস ভবনে যেমন সেলাম বাজান আর ওর মারফৎ যে ফাণ্ডে চাঁদা আসে তাকে অব্যাহত রাখবার জন্য। চিনি ব্যবসায়ীদের এণ্টালি এলাকায় একজন কিশোরী চৌধুরী সুরজমল বাহাদুর লালের যিনি প্রোপ্রাইটর তাকে প্রেসিডেন্সি জেলে আমি দেখে এসেছি বেশ আরামে আছে। রোজ সকালবেলা, দুপুর বেলা, বিকেল বেলা' সন্ধ্যে বেলা—এই বড় বড় সমস্ত খানা যাচ্ছে—জেল রুলসে আছে উপায় নাই—নানারকম সব উপাদেয় খানা আসছে দেখে এসেছি।

(এ ভয়েস : চেকে দেখছেন নাকি ?)

না, আমি ঘৃণা করি। তোমরা দেখতে পার। আমাদের চোরাকারবারী অভ্যাস নাই। সেই কিশোরী লাল চৌধুরীর এণ্টালি এলাকায় ১৩টি দোকান। জেলখানা সম্বন্ধে আমার কোন অভিযোগ নাই। নিরামিষ খাওয়াতে আমার কোন অসুবিধা হয় নাই। আমার খাওয়া সেখানে যথারীতি পেয়েছি। আমি জেলখানা সম্বন্ধে কোন অভিযোগ করছি না।

স্যার, সেই যে কিশোরীলাল চৌধুরী যার তেরটি চিনির কল, নানারকম স্বনামে বেনামেতে যে দোকান, সেই দোকানের মাধ্যমে যে চাঁদা আসে ঐ সর্বভারতীয় নেতার ব্যক্তিগত ফাণ্ড, তাকে অব্যাহত রাখবার জন্য এই পি. কে. সেনকে পুলিস কমিশনার হিসেবে রাখা দরকার। এই পি. কে. সেনকে রাখার জন্য এস. এম. ঘোষকে টুকিক হিম আপ করা হল। কিন্তু সর্বনাশের পথ করে রাখা হল এই পোস্ট তৈরী করে সাইনেকিওর পোস্ট ভবিষ্যতে যদি ঐ পি. কে. সেন-এর মত বশংবদ লোক যদি তার প্রভুর সেবা ঠিক মতন না করে, যদি সরাতে হয় তাহলে দে ইউল বী কিকড আপ এই পোস্ট তৈরী করে রাখা হল সাইনেকিওর পোস্ট; কোন কাজ নেই কোন কাজ দেব না। এই রকম একটা পথ করে রাখাই এই বিলের মুখ্য উদ্দেশ্য। সেজন্য আমি এই বিলের বিরোধীতা করছি।

Shri Narendra Nath Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিলের বিরোধীতা করতে গিয়ে আমি মাননীয় মন্ত্রী রবীন্দ্রলাল সিংহ তাঁর রিস্তিক ভাষণে যে কথা বলেছেন সেই কথাগুলি আপনার সামনে উপস্থিত করছি। আপনি জানেন তিনি বলেছেন "যতদিন এগিয়ে চলেছে আইন শৃঙখলা রক্ষার ব্যাপারে বহু জটিল সমস্যার উদ্ভব ঘটছে। এমন কি পশ্চিমবাংলার কোলকাতা শহরকে বাদ দিচ্ছি; পশ্চিমবাংলার মফঃস্বল অঞ্চলে অনেকে আইন শৃঙখলা এবং দেশে শান্তি অব্যাহত রাখার প্রচেষ্টা বাস্তবিক

জটিলতর ও দুরুহতর হয়ে উঠছে। অপরাধ ও সমাজদ্রোহীতাদের সংখ্যা বৃদ্ধি পাচ্ছে।" স্যার, আপনি জানেন দেশে যে পরিমাণ শান্তি স্থাপিত হয় সে পরিমাণে অপরাধের সংখ্যা কমে যায়। এই জিনিষটা সমাজতত্বে দেখেছি ও বিদেশের ইতিহাসে তাই দেখেছি। সেখানে দেশ যত উন্নত হচ্ছে তত সেখানে অপরাধ কমছে। কিন্তু এখানে তা দেখছি না। এতদিন জানতাম কল্যাণমলক রাষ্ট্রে শান্তি বিরাজ করে। কিন্তু তাঁরা এটা ভুলে গেলেন—তাঁদের এই কথাটায় আমরা, চেপে ধরব যে খেয়াল তাঁদের হয়নি—অর্থাৎ "আইন শৃঙখলা রক্ষা করার ব্যাপার জটিল সমস্যা হয়ে দাঁড়িয়েছে"। এই কারণেই হরতাল হচ্ছে। দেশের আইন শৃঙখলা ও অপরাধ বাড়ে যদি ইকনমিক ডিষ্ট্রেস বাড়ে। মানুষ জন্মে থেকেই সে কখনও ক্রিমিনাল হয় না। সে অবস্থার চাপে পড়ে ক্রিমিন্যাল হয়, অর্থাভাবে ক্রিমিনাল হয়, সামাজিক পরিবেশের চাপে, অর্থনৈতিক অবস্থার চাপে তাকে ক্রিমিনাল হতে হয়। এই ভাবে ক্রাইম এবং ক্রিমিনাল-এর সংখ্যা যেখানে বাড়ছে আইন শৃঙখলা রক্ষা করবার ব্যাপার সেখানে সুকঠিন হয়ে ওঠে। সেই অবস্থা প্রতিরোধ করার জন্য হরতাল হয়। ইকনমিক ডিসট্রেস যাতে কমান যায়, দ্রব্যমূল্য বৃদ্ধি যাতে কমান যায়। খাদ্য-দ্রব্যমূল্য যেভাবে আকাশচুম্বী হচ্ছে সেটা যাতে কমান যায় তার জন্যই হরতাল হয়। অতএব যেখানে আমরা দেখছি আজ এই হরতালকে রুখবার জন্য ডি. আই. আর.-এর আশ্রয় নেওয়া হচ্ছে।

[5-25—5-35 p.m.]

কিন্তু আমি জিজ্ঞাসা করছি যে যাঁরা দেশকে রক্ষা করতে চেয়েছেন তাদেরই এভাবে ব্যবহার করা হচ্ছে। একটা পুস্তিকা প্রকাশ করা হয়েছে "ইণ্ডিয়া প্রিপেয়ারস" ব্রড কাস্টিং মিনিস্ট্রি থেকে এবং সে পুস্তিকা আমাদের বিতরণ করা হয়েছে। তাতে বারবার এই কথাই বলা হয়েছে যে যুদ্ধরত দেশের প্রথম এবং প্রধান কাজ হচ্চে দ্রব্যমূল্য যাতে বৃদ্ধি না হয় এবং দারিদ্র্য যাতে না থাকে ও আমাদের যে লড়াই হচ্ছে কারখানা কৃষি ক্ষেত্রে যে লড়াই হচ্চে সেখানে সে লড়ায়ের ফলে আমাদের উৎপাদন বাড়ছে, অতএব এটা শুধু আমাদের সীমান্তের জন্য প্রস্তুতি নয়, আমাদের প্রস্তুতি হচ্ছে ইন দি রেয়ার অলসো. ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এর জন্য যখন যুদ্ধরত দেশে দ্রব্যমূল্য হু হু করে বৃদ্ধি পাচেছ নিত্য প্রয়োজনীয় দ্রব্যের যখন মূল্য বাড়ছে তখন যে আন্দোলন হ'লো সে আন্দোলন হ'ল দ্রব্যমূল্যকে রোধ করবার জন্য আন্দোলন নয় সেটা ভারতবর্ষকে রক্ষা করবার জন্য আন্দোলন। কিন্তু ভারতবর্ষকে রক্ষা করবার জন্য যে আন্দোলন তাতে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করা হ'ল। এরূপ একটা প্যারাডক্স আমার মনে হয় পৃথিবীর ইতিহাসে কখনও হয়নি। স্যার, হরতাল হ'ল একটা গণতান্ত্রিক পদ্ধতি এটা আপনি জানেন। এটা বোধহয় আপনার মনে আছে যে আমরা যখন ছোট ছিলাম স্কুলে কলেজে পড়তাম তখনকার কথা। তখনও আমরা হরতাল দেখতাম। ১৭ই নভেম্বর ১৯২১ সালে যে হরতাল হয়েছিল তাও দেখেছি। কিন্তু আজকে কিসের জন্য হরতাল? আজকের যা হচ্ছে তা হল ইকনমিক ডিসট্রেস-এর জন্য। আপামর জনসাধারণ এর স্বার্থের জন্য ও আজ যে অর্থনৈতিক অবনতি হয়েছে তার জন্য। কিন্তু ১৯২১ সালে ১৭ই নভেম্বর যে হরতাল হয়েছিল যাতে মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনিও যোগদান করেছিলেন, সেটা ছিল প্রিন্স অব ওয়েলস ভিজিট অর্থাৎ যুবরাজ আসার জন্য বয়কট সেই উপলক্ষে এই হরতাল হয়েছিল। তারপর মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে স্বর্গীয় জে. এন. সেনগুপ্ত নেতাজী সুভাষচন্দ্র বোস তাঁদের তলে আমরা সাইমন কমিশনকে বয়কট করবার জন্য হরতাল করেছিলাম। সে সব আন্দোলনগুলো সম্পূর্ণ ভাবে পলিটিকাল ব্যাপারে ছিল। প্রিন্স অব ওয়েলস-এর ভারতবর্ষে আসার ফলে ভারতবর্ষের কি ক্ষতি হত বা জনসাধারণের কি ক্ষতি হত? কিন্তু যেটা ঠিক হয়েছিল সেটা সম্পূর্ণভাবে পলিটিক্যাল ছিল। সাইমন কমিশন-এর ব্যাপারে যে হরতাল হয়েছিল তাও পলিটিক্যাল ছিল। কিন্তু ২৫এ সেপ্টেম্বরের যে হরতাল তা সম্পূর্ণ ভাবে অর্থনৈতিক এবং জনসাধারণের যে বেদনা, যে দুঃখ তাদের যে মর্মকথা সেটা এক্সপ্রেসন দেবার জন্য এই হরতাল। স্যার, এই হরতাল মহাত্মা গান্ধীও এনেছিলেন—তিনি এনেছিলেন যাতে সাধারণ মানুষের বিক্ষোভেও একটা গণতান্ত্রিক অধিকার প্রকাশ পায় তারজন্য—এই হরতাল হয়ত হিংসাত্মক রাস্তায় ডাইভারটেড হতে পারে কিন্তু সেটা বন্ধ বা রোধ করবার জন্য মহাত্মা গান্ধী এই হরতালের প্রচেষ্টা করেন। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি বোধ হয় জানেন যে ১৭ই নভেম্বর এবং পরে ২৪এ ডিসেম্বর ১৯২১ সালে যে দিন কলকাতায়

প্রিন্স অব ওয়েলস এলেন সে দিনের কথা, ইংরাজের সম্মানবোধ ছিল, ইংরাজ জানত যে যেদিন প্রিন্স অব ওয়েলস আসবেন সেদিন শহরে গাড়ী ঘোড়া না চলে শহর যদি শ্মশান [হয়] তাহলে তাকে অসম্মান দেখান হবে।

It is an indirect censure upon the Government.

এই বোধটা ইংরাজের ছিল। মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি জানেন যে এর জন্য মহাত্মা গান্ধীর কাছে লর্ড রিডিং কমপ্রোমাইজ-এর প্রস্তাব পাঠিয়েছিলেন। তাঁরা বলেছিলেন তোমরা হরতাল কোরনা আমি তোমাদের সঙ্গে এই চুক্তি করতে রাজী আছি। আমি যে-সময়ের কথা বলছি সে-সময় আপনি বোধহয় বন্দীনিবাসে ছিলেন, সে সময় দেশবন্ধু চিত্তরঞ্জন দাসের কাছে প্রস্তাব গিয়েছিল। মহাত্মা গান্ধীকে দেশবন্ধু চিত্তরঞ্জন বলেছিলেন যে লর্ড রিডিং-এর সঙ্গে কমপ্রোমাইজ কর। আমি এখানে কমপ্রোমাইজ ভাল কি মন্দ সে কথা বলছিনা কিন্তু তাদের মর্য্যাদাবোধ ছিল এবং সেই মর্য্যাদার জন্য মহাত্মা গান্ধীর সঙ্গে মীমাংসা করতে চেয়েছিলেন কিন্তু আজকের যারা হরতালের আহ্বায়ক, তাঁদেব তো মুখ্যমন্ত্রীমহাশয় ডেকে বলতে পারতেন তোমরা কিসের জন্য এই হরতাল করছো? কেন করছো? কি হলে তোমরা এটা বন্ধ করতে পারো? সেই আলোচনা তিনি করেন নাই। সেই আলোচনা করা তিনি প্রয়োজনবোধ করেন নাই। অথচ তিনি নাকি গান্ধীজীর মন্ত্রপূত শিষ্য। আমরা নিমন্ত্রণ পেয়েছি ২রা অক্টোবর আটটার সময় তিনি গান্ধীঘাটে গান্ধীর জন্মদিবস উদ্‌যাপন করবেন। কতকগুলি হরতাল বৃটিশ রাজত্বের সময়ও হয়েছে। আপনিও স্যার সমস্ত আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন। তখন কি কোথাও প্রিভেনটিভ য়্যারেস্ট দেখেছেন হরতালের জন্য? তেমনি সাইমন কমিশন যেদিন কলকাতায় আসেন সেদিন আমরা সবাই মিলে হাওড়া ব্রীজের সামনে গিয়ে চ্যাঁচামেঁচি করেছি; হরতাল সম্পূর্ণ হয়েছিল। কিন্তু এখন দেখছেন আজ আমরা সন্ত্রস্ত হচ্ছি। সরকার সন্ত্রস্ত হচ্ছে যেকোনরকম ভাবে হরতালকে বন্ধ করতে হবে। তারজন্য ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস প্রয়োগ করা হলো এবং তার যে প্রয়োজন ছিল না তার প্রমাণ হচ্ছে যে হরতাল যেদিন হলো সেদিন বিকেলবেলা শ্রদ্ধেয় হেমন্ত বোস ও অমর বোসকে তাঁরা ছেড়েদিলেন। আপনি স্যার, বলুন—আজ অমরদার মত একজন বৃদ্ধ মানুষ বা হেমন্তবাবুর মত একজন বৃদ্ধ মানুষ বাইরে থাকলে কি দেশ গোল্লায় যেত বা দেশ কোন্ নরকে যেত? আমি তা বুঝতে পারি না। তাঁদের গ্রেপ্তার করে ওদের কি লাভ হয়েছে? অথবা তাঁরা বাইরে থাকলে কি অনিষ্ট হতে পারতো? একজনের বয়স ৭০ বছরের বেশী, আর একজনের বয়স ৭৫ বছরের কাছাকাছি। কিন্তু সরকার যে ভুল করেছেন, সরকার যে অন্যায় করেছেন তার প্রমাণ হচ্ছে যেদিন হরতাল শেষ হবার আগে আমরা শুনতে পেলাম যে হেমন্ত বাবু ও অমরবাবুর রিলিজ-এর খবর এসেছে। এখন প্রশ্ন হলো যে হরতাল সম্পর্কে পুলিস যে সমস্ত কাজ করেছে, পুলিস বহু লোককে ৪১(৫)তে গ্রেপ্তার করেছে এবং গ্রেপ্তারের পর তাদের কোমরে দড়ি দিয়ে টানতে টানতে নিয়ে গেছে। আমি জানি না মন্ত্রী মহাশয়, যারা আছেন, তারা এটা নোট করছেন কিনা। তিনি কি মনে করেন একজন সম্মানিত রাজনৈতিক কর্ম্মীকে কোমরে দড়ি দিয়ে হাতে হাতকড়া দিয়ে টেনে টেনে নিয়ে যাওয়াটা পুলিসের উচিত হয়েছে? এটা যদি তাদের মতে কোন অন্যায় না হয়ে থাকে এর জন্য তাদের মনে যদি কোনরকম কোয়াম্‌স্ না থাকে তাহলে অত্যন্ত লজ্জাব বিষয় এই যে স্বাধীন ভারতবর্ষে যারা রাজনৈতিক কর্মী বা রাজনৈতিক নেতা তাঁরা বিরোধী পক্ষের বলে তাদের কোমরে দড়ি দিয়ে হাতে হাতকড়া দিয়ে নিতে হবে এবং জেলের মধ্যে ডিভিসন থ্রী দিয়ে সাধারণ কয়েদীদের সঙ্গে খাওয়াতে হবে। আমি সাধারণ কয়েদীদের সঙ্গে ছিলাম। তাদের সঙ্গে জীবনযাপন করেছি। তাতে আমার কোন ভয় নাই। আমরা যারা রাজনৈতিক জীবন বরণ করে নিয়েছি, তার জন্য তারা প্রস্তুত। কিন্তু এদের সম্পর্কে সরকার যে আচরণ করছেন, সেই আচরণ সরকারের তরফ থেকে ঠিক হচ্ছে কিনা তা ভেবে দেখতে হবে। আজকে ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এ আমরা জেলে গিয়ে নিজের পয়সা খরচ করে থাকি। টুথপেষ্ট থেকে আরম্ভ করে সমস্ত ব্যবহার্য্য জিনিষ বাড়ী থেকে নিতে হয়। প্রাইভেট ফাণ্ড যাদের কাছে নাই তাদের ডিফেন্স অব ইণ্ডিয়া রুলস-এ জেলে থাকতে খুব কষ্ট হয়। কিন্তু ইংরেজের সময় তা ছিল না।

স্যার, আপনি জানেন যে আমরা ১৯২৪ সালের বেঙ্গল ক্রিমিন্যাল ল' (এ্যামেণ্ডমেণ্ট) এ্যাক্ট-এ ডেটিনিউ ছিলাম, ১৯৩০ সালে ছিলাম, ১৯৪০ সালে সিকিউরিটি প্রিজনার ছিলাম। ইংরেজের

সময় যে আচরণ দেখেছি, সেই আচরণ আর এদের আচরণের সঙ্গে যে কি তারতম্য তা আপনি বুঝতে পারবেন, স্যার।

তারপর হরতাল শেষ হয়ে গেল। কিন্তু আজ পর্য্যন্ত বহু লোককে আটকে রাখা হয়েছে। কিছু লোককে তারা ছেড়ে দিয়েছেন। কেন? তারা পিকেটিং করেছেন? আমি জানি না। পিকেটিং করার অভিযোগ এসেছে। আপনি জানেন স্যার

picketing is a legal proposition.

এই কথা বলার জন্য গান্ধীজী সারাজীবন লড়াই করেছেন বরং পিকেটিং যাতে লিগ্যাল হয় গান্ধী-আরউইন এগ্রিমেণ্ট-এ তা স্বীকৃত হয়েছে। কিন্তু তারা পিকেটিং যদি করেও থাকে, তারজন্য তাদের আজ পর্য্যন্ত গ্রেপ্তার করে রাখতে হবে? শশাঙ্কবাবু আমার সম্বন্ধে একটা কথা বলেছেন আমি তাঁর কথা উল্লেখ করে আমি আমার আসন গ্রহণ করবো।

আপনি জানেন স্যার, সাম্রাজ্যবাদী ইংরেজ—বৃটিশ যারা এদের থেকে ভাল ছিল বলে এরা মনে করেন, সেই বৃটিশের কারাগারে আমি ষোল বৎসর ছিলাম। মদের দোকানে বা বিলেতী কাপড়ের দোকানে পিকেটিং করে জেলে যাইনি, সশস্ত্রবিপ্লবে বিশ্বাস করতাম বলেই জেলে গিয়েছি। সেদিনও আমরা পুলিসকে দেখেছি, সেদিনকার ইনটেলিজেন্স ব্রাঞ্চকে দেখেছি, আর্মস্ট্রংকে দেখেছি, টেগার্টকে দেখেছি, লোম্যানকে দেখেছি, কোলম্যানকে দেখেছি—নলিনী মজুমদারকে দেখেছি, ভূপেন চ্যাটার্জীকে দেখেছি, তখনকার তাদের যে আচরণ, তাদের যে কর্মকুশলতা, তার তুলনা হয় না। আমরা কর্মকুশলতার দিক থেকে তাদের কাছে পরাজিত হয়েছি। কিন্তু তাদের জায়গায় আজকে যারা এসেছেন তাদের কর্মকুশলতা কম। আগে সেখানে যাদের দেখেছি তারা কমপ্লিটলি ইনকরাপটিবল ছিল আর আজকাল যারা এসেছেন ইনটেলিজেন্স ব্রাঞ্চকে বলবো, সবাইকে বলছি না, তারা ইনকরাপটিবল নয়।

[5-35—5-45 p.m.]

কিন্তু কি দেখছি? আপনি বলতে পারেন যে আমি একজন খুব অসভ্য লোক? একটা পুলিস পার্টি ২-১৫ মিনিটের সময় আমার বাড়ীতে গেল। বাড়ীতে ট্যাপ করল। আমি দরজায় গিয়ে দাঁড়ালাম এবং কতকগুলি ছলচাতুরী করে বললেন যে আমাদের একটু বসতে দিন। আমি মনে করিনি তারা নরপশু, তাঁদের বিশ্বাস করে আমার বারান্দায় ঢুকতে দিলাম। তারপর আমি আমার ঘরের ভেতরে ঢোকার সঙ্গে সঙ্গে দরজায় ঢুকে আমাকে শুধু একটা লুঙ্গি পরা অবস্থায় টেনে টেনে নিয়ে গেল। আমি বললাম যে আমায় একটা জামা পরতে দিন, আমি খালি গায়ে ছিলাম কিন্তু তারা তা দিল না। এ সম্বন্ধে একটা ইনভেসটিগেসন হওয়া উচিত। ২-১০ মিঃ গিয়ে ২-১৫ মিঃ একজন লোক গ্রেপ্তার কি ভাবে হয়। আমাকে অন্য লোকে কাপড় পরিয়ে দিতে হয়। আমার রেডি হতে কিছু সময় লাগে। যাহোক, আমাকে ২-১৫ মিঃ গ্রেপ্তার করা হল। ইংরাজ আমলেও আমরা গ্রেপ্তার হয়েছি। ২-১৫ মিনিটের সময় তারা আমার বাড়ীতে গেছে, কিন্তু গ্রেপ্তার করেছে ৫টা সাড়ে ৫টার সময়। কিন্তু এই নবাবপুত্ররা গেলেই বেরিয়ে আসতে হবে। এটা শুধু আমার সম্বন্ধে হয়নি, কাশীকান্তবাবু, বহু লোকের সম্বন্ধে হয়েছে। সোনারপুরের স্মৃতিকান্ত ভট্টাচার্য বলে একটা লোককে কাপড় পরার সময় পর্যন্ত দেয়নি। আজকের দিনে ইনটেলিজেন্স ব্রাঞ্চ-এর লোক এই ভাবে ব্যবহার করছে। আমার প্রতি তারা যে আচরণ করল এতে ব্যক্তিগত-ভাবে মানুষ হিসাবে আমার অপমান বোধ হয়েছে, কষ্ট হয়েছে। কিন্তু আমি ভাবছি যে স্বাধীন ভারতবর্ষে এটা কেমন করে সম্ভব হল।

I was bundled into a jeep,

এক ফারলং তারা আমাকে টেনে নিয়ে গেল। আমাকে যদি তারা বলত যে আপনাকে বেশী সময় দেব না, আমরা ফোর্স য়্যাপ্লাই করব, আপনি তৈরী হয়ে নিন তালে বুঝতাম। সেই রকম নোটিশ তারা দেয়নি। আমার ঘরের ভেতর তাদের ট্রেসপাস করার প্রয়োজন ছিল না। আমি আপনার মাধ্যমে বলছি যে আমাদের এই হাউসের সভ্য হিসাবে কিছুটা মর্যাদা বোধ

আছে। আমরা এগুলি আপনার কাছে ছাড়া আর কার আছে বলব। সেজন্য আমি জিজ্ঞাসা করছি ২-১৫ মিনিটের সময় কোন লোকের ঘরে এইভাবে ঢোকা উচিত কিনা? হালে যতগুলি গ্রেপ্তার হচেছ সবই তা ৩টা সাড়ে ৩টার সময় হচেছ। ইংরাজ আমলে এইরকম ছিল না। ইংরাজদের ভয় ছিল না, এদের ভয় আছে। একজন সিপাহী বলছে দেরী করে নেব, কিন্তু হাজার লোক যদি জড় হয়ে যায় তাহলে কি করব? সে আমাকে জ্ঞান দিচেছ যে এই রকম যদি হয় তাহলে হাজার লোক তো জড় হতে পারে। আমি জিজ্ঞাসা করি সালাউদ্দিনকে গ্রেপ্তার করার সময় সরকার কি ব্যবস্থা করেছিলেন। আমাদের শিক্ষামন্ত্রীর কাছে আমি কতকগুলি স্পেসিফিক কথা তুলছি এবং এ সম্বন্ধে আমি সম্পূর্ণ দায়িত্ব নিয়ে বলছি। খুব শান্ত প্রকৃতির লোক হিসাবে আমি যে কথা বলছি তার আমি পারসু করব। আমি এটা চাই। পশ্চিমবাংলার লোক চায় যে পুলিশ ভদ্র হোক, তাদের আচরণ ঠিক হোক, তারা যদি অপরাধ করে তা অনুসন্ধান করা হোক। আমার জিজ্ঞাস্য হচেছ যে ২-১৫ মিঃ ৩টা ইত্যাদি একটা আনআর্থলি টাইমে পুলিশ লোককে গ্রেপ্তার করতে যাবে কিনা? কোন ভাওলেন্স-এর প্রশ্ন নেই যার লেজিসলেচার-এর মেমবার তাঁদের মধ্যে। কাশীবাবুর মা অসুস্থ ছিলেন তাঁকে বলছে যে বেরিয়ে আসতে হবে টাইম দিতে পারব না। তারপর কোন অফিসার একটা চাতুরী করে ঘরের মধ্যে ট্রেসপাস করে ঢুকবে সেটা ঠিক কিনা? এগুলি বিলের মধ্যে আসে না, কিন্তু তবুও আমি এই সমস্যাগুলো রাখছি। আজ পুলিশমন্ত্রী নাই, আমি শিক্ষামন্ত্রীকে অনুরোধ করব তিনি এই প্রসঙ্গে যথাস্থানে উপস্থিত করবেন। তারপর আমার মত লোককে যদি টেনে নিয়ে যেতে পারে তাহলে আপনি মনে করুন সাধারণ মানুষের সঙ্গে তারা কি ব্যবহার করে। মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার মনে পড়ে চর্মানার কেসের উপর আপনি যে বক্তৃতা করতেন সেকথা আমার আজও মনে হচেছ। চর্মানার সেই ভাষা আমার নেই, কিন্তু সেই বক্তৃতা আমার মনে পড়ছে।

সেদিন ইংরাজের অনাচারকে যেভাবে কলঙ্কিত করেছেন। সব চেয়ে খারাপ জিনিষ হল আমি যখন বললাম যে আমাকে একটা কাপড় জামা পরতে দেওয়া হোক কিন্তু তারা তা দিল না একটু শিষ্টাচার নেই। আমাদের যারা মন্ত্রী বা সেক্রেটারি বা ইনসপেক্টর–জেনারেল অব পুলিশ তারা বারণ করেছেন কিনা জানতে চাই। আমি জানতে চাই যে তাঁরা এ কথা বারণ করে ছিলেন কিনা যে কাপড় জামা পরতে দেওয়া হবে না। আমাকে গ্রেপ্তার করার ক্ষমতা এদের ছিল না। কিন্তু সে দিন আমি জানতাম আমি গ্রেপ্তার হব এবং আমি গ্রেপ্তার হতে চেয়েও ছিলাম, আমি ওটা এড়াতে চাইনি। আমাকে এরা মে-মাসে গ্রেপ্তার করতে পারেনি যে মাসে আমি নোটিশ দিয়ে গেছি। দেড়মাস এইভাবে ছিলাম আমায় কেউ গ্রেপ্তার করতে পারে নি। কিন্তু সে দিন আমি জানি আমি গ্রেপ্তার হব এবং আমি গ্রেপ্তারের জন্য প্রস্তুতও ছিলাম। কিন্তু সেখানে আমাকে এই ভাবে টেনে টেনে নিয়ে যাওয়া বা সাধারণ ভদ্র ব্যবহার না করা ঠিক কিনা তা আমি জানতে চাই? যে তিনজন অফিসার এ কাজ করেছিল আমি তার নাম করতে চাই যদি নাকি তারা আমাকে মিথ্যা না বলে থাকেন। একজন ইনসপেক্টর ছিলেন তার নাম জীবনকৃষ্ণ দাস। সেই জীবনকৃষ্ণ দাস কোন উচচবাচচ্য করেন নি। তিনি স্ট্যাচুর মত দাঁড়িয়েছিলেন। কিন্তু ভিলেন অব দি পুলিশ আরও ২ জন সাব ইনসপেক্টর ছিল। একজন পুরা নাম বললেন না ডি. মুখার্জী বললেন ৩৫ কি ৩৬ বৎসর বয়স। আমি ৪১ বৎসর রাজনীতি করছি তার ভেতরে এরকম ব্যবহার আমি প্রথম দেখলাম। সেই লোকটাই আমার উপর সবচেয়ে বেশী অত্যাচার করেছে। সেই আমাকে টেনে টেনে নিয়ে গিয়েছিল এবং সব চেয়ে অভদ্রতা করেছে। আর একটা বয়স্ক লোক নাম বোধ হয় কে. ডি. ব্যানার্জী। আমি সেই ভূপেশ চ্যাটার্জী নলিনী মজুমদারদের সময় যে সব গালিগুলি শুনতাম সে সব গালিগুলি তার মুখ থেকে শুনলাম। বয়স্ক লোক বোধ হয় রিটায়ারের সময় হয়ে এসেছে বোধ হয় কনসটেবল ছিল ১৯৪৭-এর পরে দারোগা হয়েছে, সেই কে. ডি. ব্যানার্জী সম্বন্ধেও আমার অভিযোগ। আমি আশা করেছিলাম এর একটা কিছু হবে, কারণ লিডার অব দি হাউস জানেন যে আমি কখনও দায়িত্বহীন উক্তি করি না। তিনি জানুন এই ঘটনা সত্য কিনা। ৫ মিনিট সময় বোধ হয় দিয়েছে কিনা সন্দেহ। এই ৫।১০ কি ১৫ মিনিট সময়ে হয়? আমি যখন গ্রেপ্তার হই তখন বোধ হয় কেউ গ্রেপ্তার হয়নি। এটা কেন হয়েছে। কি সাহসে বা কি ইনসট্রাকসন-এ তারা এটা করলো এটাই আমি জানতে চাই। আজকে এটা নিয়ে ইনভেসটিগেসন হওয়া দরকার। এটা হলে বা এটা প্রমাণিত হলে পশ্চিমবঙ্গ সরকারের কোন অপরাধ হবে না। মাননীয় উপাধ্যক্ষ

মহাশয়, আপনিও জানেন যে এটা ইনভেসটিগেসন হতে পারে। আপনার বোধ হয় মনে আছে গান্ধী-আরউইন এগ্রিমেণ্ট-এর সময় এ ধরণের একটা পুলিশ একসেস হয়েছিল সুরাট ডিস্ট্রিক্ট-এ। তাঁর জন্য মহাত্মাগান্ধী গান্ধী-আরউইন এগ্রিমেণ্ট ভেঙ্গে দিতে চাইলেন। লর্ড উইলিংডন বুদ্ধিমান লোক ছিলেন তিনি পুলিশের সম্বন্ধে ইনভেস্টিগেসান করলেন। তারপর আপনি বোধ হয় জানেন যে এখান থেকে ১৯৩০ সালে টেগার্ট সাহেবকে যেতে হয়েছিল সুভাস চন্দ্র বসুর উপর লাঠি চার্জ করেছিল বলে, ইংরাজ ভদ্র ছিল এবং ইংরেজের লজ্জাবোধ ছিল, ইংরাজ কর্মকুশলী ছিল এবং পাবলিক ওপিনিয়নকে তারা বুঝতো। সুভাষ বসুকে মেরেছে তার জন্য ইনভেস্টিগেসান করেছে এবং তা প্রুভ হয়েছে এবং তখন স্যার চার্লস টেগার্টের মতন লোককে যাকে তারা ইণ্ডিয়ান কাউন্সিলের মেম্বার করেছিলেন তার মতন লোককে সরিয়েছিলেন। আমি আপনার মাধ্যমে পশ্চিমবাংলা সরকারকে সমস্ত দায়িত্ব নিয়ে এই কথা জানাচ্ছি, এই যে তিনজন কর্মচারী এই তিনজন কর্মচারীর নাম হয়ত ভুল হতে পারে কিন্তু যে পুলিশ পার্টি আমার বাড়ী গিয়েছিল তারা কেন দুর্ব্যবহার করেছে এ সম্বন্ধে একটা অনুসন্ধান হওয়া উচিত। আমি সরকারের কাছে লিখেছি এবং আপনার কাছেও পাঠিয়েছি। আমি এর জবাব চাই যদি এটা হোয়াইট ওয়াস করতে চান করতে পারেন একটা ডিপার্টমেণ্টাল এনকোয়ারি একটা কমপেটেড অফিসারকে দিয়ে করতে পারেন কিন্তু তা যদি না করেন তাহলে খুশী হব, যদি করেন তা হলে আমি এটা বলছি আমি এই হাউস-এ দাঁড়িয়ে এমন একটা অবস্থা সৃষ্টি করবো এবং দরকার হলে আমি অনশন করব যাতে পশ্চিমবঙ্গ সরকার এটার প্রতিবিধান করেন। তার জন্য আমি জীবন দিয়ে করবো, এটা আমি করবো আর কোন কিছুর জন্য নয় অন্তত আমি এটাত পারবো যে পশ্চিমবঙ্গ সরকারের পুলিশ ডিপার্টমেণ্টটা ভাল করার জন্য। আমি একটা ভাল কাজের জন্য মৃত্যুবরণ করতে রাজী আছি, আমি আপনার মাধ্যমে আবার অনুরোধ করবো যে এই অফিসাররা সংশ্লিষ্ট আছেন তাদের সম্বন্ধে একটা অনুসন্ধান করে যেন যথোচিত শাস্তি দেওয়া হয়। আমি জানি তাদের কোন রকম ডিফেন্স নেই আমার অনুরোধ তাদের শাস্তি বিধান করুন। আমি পশ্চিমবঙ্গ সরকারের কাছ থেকে আশা করবো যে তারা এই সম্বন্ধে কি করলেন তার একটা জবাব যেন আমাকে দেন।

[5-45—5-55 p.m.]

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি নরেনবাবুর বক্তৃতা শুনছিলাম, শুনে আমার মনে হচ্ছিল তিনি যে সমস্ত পুলিশ কর্মচারীর নাম বললেন তাদের কি এরপর প্রমোশান হবে? আমি যখন কিছুক্ষণ আগে আপনার কাছে উল্লেখ করছিলাম যে শ্যামপুকুরের ও সি জবরদস্তি করে হাতীবাগানের দোকান খুলেছেন তখন ওদিক থেকে একজন ঠাট্টা করে বললেন আপনি তার ডি. এস. পি. হবার পথ খুলে দিলেন। তাই আমি জিজ্ঞাসা করি মন্ত্রীমহাশয়ের কাছে যে নরেনবাবু যে সমস্ত নামগুলি করলেন, এ বিষয়ে কি ইনভেসটিগেসন হবে? না, বামপন্থীদের সায়েস্তা করেছে বলে ওদের প্রমোশন হবে? এই পুলিশ বিল সম্পর্কে বলছি—এবং তা বলতে গিয়ে পুলিশ কি রকম অভদ্র ব্যবহার করে—যেটা নরেনবাবু সম্পর্কে পুলিশ করেছে, আমি তার আর একটা ঘটনার কথা বলি। গতবছর ৭ই নভেম্বর বেরুবাড়ীতে আমাদের কয়েকজনকে গ্রেপ্তার করা হয়েছিল এবং আমাদের তিনমাস আটকে রাখা হয়েছিল। আমাদের যাদের গ্রেপ্তার করা হয়েছিল তার মধ্যে মানিকগঞ্জ স্কুলের প্রধান শিক্ষক সুধাংশু মজুমদার মহাশয় ছিলেন। তিনি তখন খড়ম পায়ে ছিলেন। তাঁর বাড়ীটা কিছু দূরে। যখন তাঁকে গ্রেপ্তার করা হলো এস. পি., ডি. এস. পি, সি. আই. এবং ও. সি.—এই চারজন পুলিশ অফিসার সেখানে উপস্থিত ছিলেন। তাঁদের কাছে সুধাংশু বাবু বললেন দেখুন, আমি খড়ম পায়ে রয়েছি, বাড়ী আমার কাছেই, আমাকে জুতা পায়ে আসতে দিন। পুলিশ যখন জবরদস্তি করে আমি বললাম সেকি কথা। উনি খড়ম পায়ে রয়েছেন, এখান থেকে দুমিনিট তার বাড়ীর পথ, তাঁকে আপনারা জুতা পায়ে আসতে দিন। আমরা চাই তিনি জুতা পায়ে আসুন। তখন এস. পি. একটু চিন্তাটিন্তা করে বললেন আচ্ছা, ঠিক আছে। পাশে সি আই.কে বললেন যাবার সময় মাষ্টার মশায়ের বাড়ীর সামনে জিপ দাঁড় করাবেন এবং উনি জুতা পায়ে যাবেন। অবশ্য ভদ্রলোকের কথা আমরা বিশ্বাস করি, কারণ আজকাল পুলিশ সব ভদ্র হয়ে গেছে, সৎ হয়ে গেছে। জীপ যখন ছাড়লো, আমরা জীপে উঠেছি, জীপ সোজা মাষ্টার মশায়ের বাড়ীর

সামনে দিয়ে সবেগে চলে গেল। আমি চীৎকার করে বললাম কি সি. আই. মশায়, গাড়ী থামান। কে শোনে কার কথা। গাড়ী ছুটে বেরিয়ে গেল। শেষ পর্যন্ত খড়ম পায়ে সুধাংশুবাবু গি য় জেলে পৌঁছুলেন এবং সেইখানে থাকলেন। অবশ্য তার পরের দিন মানিকগঞ্জ থেকে লোক গিয়ে তাঁর জুতা দিয়ে আসে। এই একই ঘটনা আমরা সেদিন দেখেছি, আজও দেখছি। এতে আমরা বিস্মিত হই না। আমাদের পুলিশ এই রকমই।

যে কথা আমি বলছিলাম পুলিশ সম্পর্কে সব চেয়ে বড় যেখানে আমার আপত্তি সেটা হলো পাবলিক য়্যাডমিনিস্ট্রেসন বা প্রশাসনিক নীতির এটা বিরোধী। যদি মন্ত্রী মহাশয় একথা বলতেন যে এই এই কারণে আমাদের এই পদ স্থষ্টি করা দরকার বা স্থষ্টি করতেন, তারপরে সরকারী নীতি অনুযায়ী বিজ্ঞাপন ইত্যাদি দিয়ে যদি তারপর যোগ্য লোককে সেখানে বসাতেন, তাহলে বুঝতাম। কিন্তু এখানে তা হয় নাই। এ বিষয়ে অন্যান্য বক্তা আগেই বলেছেন লোক আগে ঠিক করা হয়েছে, তাকে বসিয়ে দেওয়া হয়েছে, তারপরে এটা আইন সভায় উত্থাপন করা হয়েছে—তোমরা এটা অনুমোদন কর। এ যেন ভূতের বাপের শ্রাদ্ধ—যেদিন বলেছিলেন কিন্তু এটা তার চেয়েও বেশী। পাবলিক য়্যাডমিনিস্ট্রেসনএ এর চেয়ে অন্যায় এর চেয়ে দুর্নীতিপূর্ণ কাজ আর কিছু হতে পারে না। এই পদ স্থষ্টি করে লোক নিচ্ছেন না, লোক আগে বসিয়ে দিয়ে পদ স্থষ্টি করছেন। কি পরিপ্রেক্ষিতে এ জিনিষটা করা হয়েছে—তা আপনি জানেন, যতীনবাবু এটা বিস্তৃতভাবে বলেছেন। আমি সে বিষয় আর পুনরাবৃত্তি করছি না। তবে নীতিগত প্রশ্ন আমি তুলছি। প্রশ্নটা হল এই—জানুয়ারী মাসে দাঙ্গা হয়, সেই সময় পুলিস কমিশনার থেকে শচীন্দ্রমোহন ঘোষকে সরিয়ে দেওয়া হল। কারণ সেই সময় স্বরাষ্ট্রমন্ত্রী গুলজারিলাল নন্দ কলকাতায় আসেন, তাঁর মনে হলো উনি অন্যায় করেছেন, তিনি চাপ দিয়ে তাকে সরিয়ে দিলেন।

(এ ভয়েস: ঠিক নয়।)

ভাল। কাগজ পড়ে আমার তাই মনে হয়েছে। আমি একথা বলতে চাই যদি কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী কোন রাজ্যে অশান্তি হচ্ছে বলে হস্তক্ষেপ করেন, তাতে আপত্তি করার কিছু নাই নিশ্চয়, যদিও এটা যুক্তরাষ্ট্রীয় নীতি বিরোধী, এতে রাজ্যের স্বাতন্ত্র্য নষ্ট হয়। আসামে যখন বাঙ্গালীরা মরছিল, সেখানে যখন বাঙ্গালী মেয়েদের উপর অত্যাচার হচ্ছিল, তখন দিল্লী থেকে তো স্বরাষ্ট্রমন্ত্রীকে দৌড়াতে দেখিনি। সেখানে গৌহাটির পুলিশ কমিশনারকে তো এই ভাবে সরাতে দেখিনি। বাংলা সরকার ভাল কাজ করেছেন, তাদের ধন্যবাদ দিচ্ছি। কিন্তু কেন শচীন্দ মোহন ঘোষকে সরান হয়েছে—এ বিষয় দুটো মত রয়েছে। একটা মত হল যে তিনি অন্যায় করেছেন, তিনি দাঙ্গা থামাবার জন্য যথেষ্ট কাজ করেন নাই। এই যদি তাঁর বিরুদ্ধে অভিযোগ হয় তাই যদি সত্য হয়, সরকারের কি করা উচিত? তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা উচিত। সেটাতো তাঁরা করলেন না। সেটা তারা না করে তাকে আরো উচ্চপদে বসিয়ে দিলেন। তাহলে প্রশ্ন হলো তিনি যদি সত্যই সাম্প্রদায়িক দাঙ্গা না থামাবার জন্য কাজ করে থাকেন, তার যদি কর্তব্যে গাফিলতি হয়ে থাকে তার বিরুদ্ধে ব্যবস্থা অবলম্বন করা উচিত। কিন্তু তা তাঁরা করেন নাই। তার কারণ হয়ত এই যেটা প্রমাণ করা যায়নি বা যেটা তিনি করেন নাই। তাহলে এই যে সাধারণ লোকের মনে ধারণা আছে যদি সে বিষয়ে কোন শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন না করে তাঁর উন্নতির ব্যবস্থা করা হয়, তাহলে কি কারণে কেন তাঁকে সরান হয়েছে তার তো কোন মীমাংসা হল না। তাদের যদি গাফিলতি হয় তাহলে শাস্তি দেওয়া উচিত। আর যদি গাফিলতি না হয়ে থাকে তাহলে এই যে ভুল ধারণা আছে সেটা দূর করা উচিত। এইভাবে স্বপদে কোলকাতার পুলিশ কমিনশনারকে সেখানে বসান উচিত এবং তারজন্য অন্যায় ভাবে আর একটা য়্যাডিসনাল আই. জি.এর পদ স্থষ্টি করার কোন প্রয়োজন নেই। এটা আমি এজন্য বলছি যে বাংলাদেশের সুনাম এতে নষ্ট হতে চলেছে। সরকারের এই কাজ করার ফলে তাঁরা বিষয়টাকে এড়িয়ে গিয়ে ধামা চাপা দেবার জন্য চেষ্টা করছেন। অর্থাৎ যে প্রশ্ন যে কলঙ্কের কথা উঠেছে সেটার তাঁরা নিষ্পত্তি করছেন না। আপনারা হয় বলুন যে শচীন্দ্রমোহন ঘোষ তাঁর কর্তব্যে অবহেলা করেননি, তাকে পুলিশ কমিশনার পদে বসান—আর না হয় বলুন যে

তিনি অবহেলা করেছেন বলে তাঁর বিরুদ্ধে তাঁরা শাস্তি দিচ্ছেন। তিনি আমাদের সেকুলারিজম সাম্প্রদায়িক মৈত্রী নষ্ট করেছেন বলে তাঁর বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা অবলম্বন করছেন সরকার দুটোর একটাও করছেন না বলে লোকের মনে ধারণা হচ্ছে যে তিনি বোধ হয় সাম্প্রদায়িক দাঙ্গার উস্কানী দিয়েছেন। কিন্তু সরকার কিছু না করে তাঁকে উঁচুপদে বসিয়ে দিচ্ছেন। এবিষয়ে সরকারকে স্পষ্ট জবাব দিতে হবে, না হলে আমরা মনে করব বাংলাদেশ, কোলকাতায় যে সুনাম সেই সুনাম নষ্ট হতে চলছে সরকারের একটা অন্যায় কাজের জন্য। সেদিন আমাদের অনুপস্থিতিতে কংগ্রেসী সদস্যরা বক্তৃতা করেছেন আপনাকে ধন্যবাদ যে আপনি সেই বক্তৃতাগুলি আমাদের দিয়েছেন। কিন্তু এর মধ্যে আমরা কি লক্ষ্য করছি আমি জানি না তারা যখন বক্তৃতা দিয়েছেন তখন তাঁরা সজ্ঞানে দিয়েছেন কিনা? তাঁদের বক্তৃতা পড়লে লজ্জা হয়। এই কারণে লজ্জা হবে তাঁরা যে কথা নির্বাচনী সভায় বলেন সর্বত্র বলেন সেখানে ঠিক তার উল্টো কথা বলেছেন। এটা যেন বিরোধী পক্ষের বক্তৃতা। কি বক্তৃতা না পশ্চিমবাংলায় শান্তি শৃঙখলা নেই, আসামাজিক কাজ, চুরি, ডাকাতি বেড়েছে। এইসব তাদেরই স্বীকারোক্তি। এই স্পষ্ট স্বীকারোক্তির জন্য আমি মন্ত্রীদের ও কংগ্রেসী সভ্যদের ধন্যবাদ দিচ্ছি। ১৭ বছর শাসন চালাবার পর তাঁরা বাংলাদেশকে যে চোর ডাকাতের দেশে পরিণত করেছেন এই তাঁরা স্বীকার করছেন। এত টাকা তাঁরা খরচ করে কল্যাণ রাষ্ট্র করেছেন, ভাল কাজ করছেন, কিন্তু এসব করেও চোর ডাকাতের দেশে পরিণত করেছেন। আমি একথা জানতে রাজী নই যে তারা এই পদটি সৃষ্টি করার জন্য এই কথা বলেছেন, আর যদি তাঁদের কথায় ঠিক হয় তাহলে তাঁদের অবিলম্বে পদত্যাগ করা উচিত। অর্থাৎ ১৭ বছরে তারা কি করেছেন, না চোর, ডাকাতের সংখ্যা বাড়িয়েছেন, একটা অসামাজিক ভয়ঙ্কর অবস্থার সৃষ্টি করেছেন, যেখানে মানুষের কোন নিরাপত্তা নেই, মানুষ ভালভাবে বাস করতে পারেনা। আমি বলতে চাই যে এখানে চীন ও পাকিস্তানের কথা মাননীয় শিক্ষামন্ত্রী যিনি এই বিল আমাদের সভায় উত্থাপন করেছেন, ঐ সভাতেও উত্থাপন করেছিলেন—উল্লেখ করেছেন। কিন্তু আমি জিজ্ঞাসা করি পশ্চিমবঙ্গের পুলিশের একটা উচ্চপদ সৃষ্টি করার জন্য চীন ও পাকিস্তানের কথা বলা হয় কেন? এ যেন ধান ভাঙতে শিবের গীতের মত। চীন সীমান্তে আমাদের যে কাজ করা দরকার তা আমরা করছি। আমরা এতটুকু জমি রক্ষা করছি না। এসব বিষয় শশাঙ্কবাবু বলেছেন। পাকিস্তান সীমান্ত নিয়ে আজও আমাকে কলিং য়্যাটেনসন মোশন দিতে হল যে পরেরদিন কুচবিহার সীমান্ত থেকে নিয়ে চলে গেছে। এ বিষয়ে আপনারা কোন কিছু চেষ্টা করছেন না এবং এই রকম ঘটনা ১৭ বছর ধরে চলছে। পাকিস্তান ও চীনের ব্যাপার অনেকদিন ধরে চলছে, কিন্তু হঠাৎ আজ তার জন্য আর একটা আই. জি. পদ সৃষ্টি করার জন্য বলছেন কেন? এন. ভি. এফ.-এর কথা বলেছেন। এগুলি সব অপ্রাসঙ্গিক কথা, এগুলি আসল কথা নয়। আসল কথা যেটা তাঁরা চাইছেন সেটা হচ্ছে যে একটা দিকে নিজেদের অপকর্ম কাজ, অন্যায় কাজ যেটা তাঁরা বন্ধ করতে পারেননি সেটাকে ঢাকবার জন্য শচীন্দ্রমোহন ঘোষের জন্য একটা পদ সৃষ্টি করছেন। আর একটা দিক যেটা সেদিন বিভিন্ন সদস্যদের বক্তৃতায় মধ্যে আছে এবং যেটা একটা অন্যতম কারণ সেটা হচ্ছে যে বাংলাদেশের রাজনৈতিক আন্দোলনকে ধ্বংস করার জন্য তাঁরা মনে করছেন আরও জবরদস্তি পুলিস ব্যবস্থা দরকার। আমি একজনের বক্তৃতা পড়ে দিচ্ছি, তাতে এটা আছে—অর্থাৎ আমাদের সুধীন মুখার্জি মহাশয় বলেছেন

"Here in West Bengal we definitely require a police force which can stand up to the situation which unfortunately has been created by our friends the Communists as well as the various other political parties."

এই আসল উদ্দেশ্যেই অতিরিক্ত পুলিশ কমিশনার তাঁরা তৈরী করছেন এবং পুলিশের উচ্চস্তরে আরও বেশী ক্ষমতা তাঁরা চাইছেন। এর অন্যতম উদ্দেশ্য হচ্ছে যে বাংলাদেশের রাজনৈতিক আন্দোলনকে ধ্বংস করা এবং এর একটা চণ্ডরূপ আমরা সেদিন হরতালের মধ্যে দেখেছি। হরতালের দিন পুলিশ যে কাণ্ড করেছে তাতে আমরা একনায়কত্বের পথে চলেছি এবং তাতে মনে হয়েছে এই পুলিশ কল্যাণরাষ্ট্রের পুলিশ নয়। মহীতোষবাবু নেই, তিনি বলেছেন যে বিরোধী পক্ষ আদ্যশ্রাদ্ধ করবে এবং তা তিনি শোনবার জন্য ব্যাকুল হয়ে আছেন। কিন্তু তাঁর ব্যাকুলতার কোন পরিচয় পাচ্ছি না। এই উদ্দেশ্য নিয়ে শিক্ষামন্ত্রী এই বিল এই হাউসে উত্থাপন করছেন।

তিনি এই পরিষদের নেতা, ক্যাবিনেট রেসপনসিবিলিটি আছে, তিনি এই বিল বিধান সভায় উত্থাপন করেছেন, কিন্তু আরও অনেক মন্ত্রী আছেন তাঁরা কেন করলেন না? অর্থাৎ শিক্ষামন্ত্রীকে দিয়ে পুলিশ মন্ত্রী বিল উত্থাপন করা সঙ্গত কিনা সেটা আমার মনে প্রশ্ন আছে। যে কথাটা এই কারণে বলছি যে আমাদের সরকার বারে বারে বলেন এবং আমাদের প্রশ্নের জবাবে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় পরিষদে এবং বাহিরে বলেছেন যে শিক্ষার জন্য টাকা নেই টাকা পাচ্ছি না বহু স্পনসর্ড কলেজকে অনার্স য়্যাফিলিয়েসন দেওয়া হয়েছে কিন্তু অনার্স য়্যাফিলিয়েসন-এর জন্য টাকা দেওয়া হচ্ছে না কারণ টাকা নেই। অধ্যাপকদের বর্দ্ধিত বেতনহার মানা হচ্ছে না কারণ টাকা নেই, একজন ভাল শিক্ষককে নিয়োগ করা হচ্ছে না এবং বহু সরকারী কলেজে শিক্ষক নেই তার কারণ টাকা নেই বলে। শিক্ষার জন্য টাকা পাওয়া যায় না য়্যাডিশনাল ইনস্পেক্টর জেনারেল অব পুলিশ যার পদের কোন দরকার নেই, যাকে কোন কাজ দেওয়া হয় না তার টাকার ব্যবস্থা হয়। সুতরাং আমার জিজ্ঞাস্য কোন অবস্থার মধ্য দিয়ে আমরা চলেছি যে রাজত্বে বা যে দেশে শিক্ষকের জন্য টাকা পাওয়া যায় না আর বাড়তি পুলিশের জন্য টাকা পাওয়া যায় সে রাজত্বকে ধিক, সে মন্ত্রীসভাকে ধিক।

[5-55—6-5 p.m.]

Shri Abdul Halim :

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, আমি আমার বক্তব্য খুব সংক্ষেপেই রাখবো। আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় পুলিশ বিল উত্থাপনকালে তার বক্তৃতায় যা বলেছেন তা সংক্ষেপে পড়েছি। তিনি বলেছেন যে দেশের জনসংখ্যা বৃদ্ধি পেয়েছে দুর্নীতি বৃদ্ধি পেয়েছে ক্রাইম বেড়েছে সুতরাং এই সব বিভিন্ন কারণে প্রশাসনিক ব্যবস্থাকে সুসংহত করবার জন্য একজন য়্যাডিশনাল ইনসপেক্টর জেনারেল এর দরকার এবং সেই জন্য এই বিল আনা হয়েছে। আমি বলছি যে আমরা ১৭ বৎসর কংগ্রেস গভর্নমেণ্টকে বলে আসছি এই পুলিশ সম্বন্ধে—প্রতি বৎসর তারা বাজেট বরাদ্দ করছেন। গত ১৯৫২ সাল থেকে যা দেখছি তাতে পুলিশের ব্যয় বরাদ্দ প্রতি বৎসরই বেড়ে গেছে। কিন্তু টাকা বাড়া সত্ত্বেও দেশের দুর্নীতি বা ক্রাইম কেন বাড়ছে সেটা দেখা দরকার। আমার মনে হয় পুলিশের নিস্ক্রিয়তা ও অকর্ম্মন্যতা বেড়ে গেছে। এই গভর্নমেণ্টএর দ্বারা বা এই সমস্ত বিভাগের দ্বারা দেশের জনসাধারণের কোনো উপকার হতে পারে না। আজকে এরা চুরি, ডাকাতি, খুন, রাহাজানি বন্ধ করতে পারছে না। এরা চোরাকারবারী বন্ধ করতে পারে না, দেশের দুর্নীতি বন্ধ করতে পারে না, খাদ্যের ভেজাল বন্ধ করতে পারে না, আজ ১৭ বৎসর পরে আবার য়্যাডিশনাল ইনস্পেক্টর জেনারেল অব পুলিশ-এর দরকার হল। প্রশাসনিক যন্ত্রকে শক্ত করবার জন্য তাদের এ ধরণের য়্যাডিশনাল ইনস্পেক্টর জেনারেল অব পুলিশ-এর দরকার হয়েছে। এর দ্বারা তারা কি করবেন? আজকে যে বিক্ষোভ বাড়ছে, লোক খেতে পাচ্ছে না দেশে উৎপাদন বাড়ছে না, জমিতে ধান হচ্ছে না, দেশে দ্রব্যমূল্য বৃদ্ধি পাচ্ছে, চোরাকারবারী বাড়ছে এবং লোকে চাকুরী পাচ্ছে না এবং তার ফলেই দুর্নীতি বৃদ্ধি পাচ্ছে। পুলিশের কর্তব্য অর্থাৎ এই গভর্নমেণ্টএর কর্তব্য যে টাকা এই প্রশাসনিক কাজের জন্য ব্যয় হয় তাতে দুর্নীতি, চুরি, ডাকাতি বন্ধ করা কিন্তু তারা তা পারেন নি। তারা অন্য যক্তি নিয়েছেন, যারা সত্যপথে এবং ন্যায্যপথে শান্তিপূর্ণপথে আন্দোলন করে এই সমস্যার সমাধান করতে চান এবং যারা দেশকে এগিয়ে নিয়ে যেতে চান, দেশের খাদ্যের অনটন বন্ধ করতে চান এবং সর্বপ্রকারে দেশকে শান্তিপূর্ণভাবে এগিয়ে নিয়ে যেতে চান তাদের দমন করবার জন্য এই পুলিশ বিল এসেছে এবং এইভাবে টাকা খরচ হচ্ছে তাদের জানা উচিত এই ভাবে দেশের সাধারণ মানুষের টাকা নিয়ে ছিনিমিনি খেলছেন। আজ দেখা গেছে তারা পুলিসেরা চার পাঁচতলা বাড়ী করছে টাকা জমিয়ে রাখা হচ্ছে এবং তাদের গাড়ী করে দেওয়া হয় যাতে তাদের পায়ে হেটে আসতে না হয় মোটরে হাজার হাজার টাকা খরচ করে অনবরতই তারা গাড়ী করে ঘুরছে। সাধারণ মানুষের সঙ্গে কি দুর্ব্যবহার করা হয় তা এখানে বোধহয় সকলেই জানেন। থানায় কি ভাবে ব্যবহার করা হয় তাও বোধহয় সকলেই জানেন। এই দুর্নীতিপরায়ণ পলিশ তাকে সুসংহত করে তাকে শিক্ষিত করে তারা যে দেশ শাসন করবে এটা একটা ভ্রান্ত ধারণা। যদি সেই সত্যিকারের বাসনা থাকতো তাহা হলে ১৭ বৎসরের দেশের চেহারা বদলে যেতো। দেশের লোকের কল্যাণ সাধিত

হত কিন্তু সে পথে তারা অগ্রসর হন নি। আজকে ইনস্পেক্টর জেনারেল-এর হাত শক্ত করবার জন্য তার একটা লাঠির দরকার হয়েছে, এই দুই লাঠি মিলে দেশকে ঠাণ্ডা করবার সুবিধা হবে। আমি সেই জন্য এই বিলের বিরোধিতা করছি। গত দাঙ্গার সময় আমরা কি দেখেছি, আমরা দেখেছি ৩।৪ দিন ধরে অরাজকতা ছিল, যেন গভর্নমেণ্ট বলতে কিছুই ছিল না। সেদিন পলিশ কি করেছিল, দুর্গাপুরের কলকারখানা হয়েছে, টিটাগড়, নৈহাটী, বেলঘরিয়ায় কলকারখানা গড়ে উঠেছে—কিন্তু সেখানে ক্রাইমও বেড়েছে। আজকে বলা হয়েছে এই সমস্ত ক্রাইম-এর জন্যই নাকি পুলিশ বাড়ানো হয়েছে।

হ্যাঁ, ক্রাইম দেশে কেন হবে? দেশে ক্রাইম বাড়লে পুলিশ বাজেটে টাকা বেশী খরচ হয় এবং আস্তে আস্তে ক্রাইম বন্ধ হয়ে যায়। আজকে প্রত্যেক দেশে দেখা যাচ্ছে পুলিশের যা নীতি তাতে ক্রাইম কমে আসছে কিন্তু আমাদের দেশে স্বাধীনতার সতের বছর পরেও ক্রাইম কমলো না, ক্রাইম বেড়েই যাচ্ছে, দুর্নীতি বেড়ে যাচ্ছে। কিসের জন্য এটা সম্ভব হচ্ছে? তার কারণ হচ্ছে পুলিশের য়্যাডমিনিষ্ট্রেসন-এর ভেতর প্রশাসনিক ব্যাপারে যে দুর্নীতি ও নিস্ক্রিয়তা চলছে তার ফলেই এটা সম্ভব হচ্ছে। এগুলি যদি দেখে গভর্নমেণ্টের যিনি পুলিস মিনিষ্টার তিনি নিজে যদি নিজের হাতে পুলিসকে দমন করতেন, পুলিস কমিশনের রিপোর্ট অনুযায়ী তিনি যদি কাজ করার ব্যবস্থা করতেন এবং সুষ্ঠুভাবে পুলিসকে পরিচালনা করতেন তাহলে এই দুর্নীতি বন্ধ হয়ে যেত। অন্যান্য দেশে আমরা কি দেখিনা কি করে সেখানে দুর্নীতি বন্ধ হয়ে গেছে? সমস্ত স্বাধীন ও সভ্য দেশে কি করে ক্রাইম ও দুর্নীতি কমিয়ে দিচ্ছে—তারা মানুষকে ভাল খাওয়া দাওয়ার ব্যবস্থা করে দেশে কি করে উন্নতি করছে। স্বাধীন সভ্যদেশগুলো সুষ্ঠুভাবে সাংগঠনিক নীতি নিয়ে দেশকে গড়ে তুলছে, যাতে করে ক্রাইম বন্ধ হয় তার ব্যবস্থা করছে। গত সতের বছরে এই গভর্নমেণ্ট সে সম্পর্কে কোন ব্যবস্থা করতে পারেন নাই। স্যার, আপনি জানেন, আপনিও এখানে আছেন, আমরাও এখানে আছি, এই গভর্নমেণ্টের জেলের কথা আজকে আমরা ধরছি না পুলিশের জোর, জুলুম ইত্যাদির পরোয়া আমরা করি না। আপনি জানেন ১৯২১ সালের যেদিন থেকে জেল খাটছি সেদিন থেকে আর জেলের পরোয়া আমরা করি না এবং ভবিষ্যতেও করবো না। কিন্তু প্রশ্ন হচ্ছে এগুলো দমন করবার জন্য, যার জন্য ইংরেজের বিরুদ্ধে আমরা লড়েছিলাম দেশের স্বাধীনতা আসবার জন্য চেষ্টা করেছিলাম। আজ যদি কংগ্রেস গর্ব করে যে আমরা স্বাধীন হয়েছি, সেই স্বাধীনতার কি এই উদ্দেশ্য ছিল? ওদের স্বাধীনতার কি এই আদর্শ? দেশে চোরাকারবারী বেড়ে যাচ্ছে, লোকে খেতে পাচ্ছে না, অনাহারে মরুক, বেকার হোক এই কি স্বাধীনতার চেহারা? এগুলো দমন করা যেতে পারতো যদি সুষ্ঠুভাবে দেশকে তারা পরিচালনা করতো, নতুন ভাবে দেশকে তারা গড়ে তুলবার চেষ্টা করতো। তাহলে খাদ্য সমস্যার সমাধান হতো, এই দুর্নীতি ও অশান্তি হতো না। এমন কি স্ট্রাইক হবার কোন প্রয়োজন হতো না। মহাত্মা গান্ধীর সময় থেকে অহিংসভাবে স্ট্রাইক চলছে। যখন প্রত্যেকভাবে জনসাধারণের প্রতিবাদের কোন হাতিয়ার থাকে না, তখন বাধ্য হয়েই তারা হরতাল করে, ধর্মঘট করে আপত্তি জানায়। এই আপত্তি জানাবার জন্য আমাদের লাঠি নিয়ে পেটাও করা হচ্ছে। এই জন্য আমাদের এখানকার সদস্যদের গ্রেপ্তার করা হয়েছে, ধরে নিয়ে যেতে হয়েছে। প্রফেসর জয়ন্ত ব্যানার্জী যাদবপুর ইউনিভার্সিটির, একজন প্রফেসর তাঁকে ইউনিভারসিটি ক্যাম্পাস থেকে ধরে নিয়ে গেল, এই যে কে ডি ব্যানার্জী পুলিশ তাকে এখানে ঢোকবার অনুমতি কে দিল? এ যেন এক অরাজকতার মধ্যে আমরা বাস করছি, হিটলারী রাজত্বে বাস করছি। আপনারা যেভাবে রাজত্ব চালাচেছন, তা থেকে কি হিটলারী রাজত্ব খারাপ ছিল? আমরা হিটলার থেকেও আরো খারাপ রাজত্বে বাস করছি। এদিকে স্যার, আপনার দৃষ্টি আকর্ষণ করছি। পুলিশের দুর্নীতি ও নিস্ক্রিয়তার কথা আমরা অনেক জানি। তারা কি ভাবে আমাদের সঙ্গে ব্যবহার করে, রাজনৈতিক কর্মীদের সঙ্গে ব্যবহার করে, জেলে তারা কি রকম ব্যবহার করে সে সব আমরা জানি, তার বিষয় আর ব্যক্তিগতভাবে প্রচার করতে চাই না। কিন্তু স্যার, আপনার মাধ্যমে জানাতে চাই যে সত্যিকার কল্যাণ রাষ্ট্র যদি আমাদের গড়ে তুলতে হয়, তাহলে এই পুলিশের দুর্নীতি ও নিস্ক্রিয়তা এবং অপদার্থতা প্রথমেই দূর করতে হবে এবং

প্রশাসনিক ব্যাপারে উন্নতি করবার জন্য দৃঢ় সঙ্কল্প গ্রহণ করতে হবে। শুধু টাকা খরচ করলে দেশকে গড়ে তোলা যাবে না। তার জন্য চাই সুষ্ঠু ব্যবস্থাপনা, তা না হলে কিছু হবে না। সেই জন্য এই পুলিশ বিলের আমি বিরোধিতা করছি।

(6-5—6-15 p.m.)

Shri Gopal Haldar :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই বিল সম্বন্ধে যতটা বুঝতে পেরেছি পূর্বে যে আলোচনা হয়েছে আপনার অনুগ্রহে সেই আলোচনার নকল আমরা পেয়েছি, তাতে দেখছি এই বিল আনার মুখ্য উদ্দেশ্য হচ্ছে যে একজন কর্মচারীকে একটা পদে নিয়োগ করা হচ্ছে এবং সেই নিয়োগ বিধিমত হয়নি বলে তা আইনসঙ্গত করতে এখন আইন পালটাতে হবে। একজন বিশেষ কর্মচারীর জন্য একটা দেশে আইন পালটাতে হবে এবং তার জন্য ২টা আইনসভায় একটা আলোচনা চালাতে হবে ২।৩ দিন ব্যাপী, এটা একটা অদ্ভুত ব্যবস্থা। অবশ্য এই সূত্রে এমন কতকগুলি কথা আছে যাতে মনে হবে শুধুমাত্র একজন বিশেষ কর্মচারীর জন্য এই ব্যবস্থা করা নয়। যেমন প্রাসঙ্গিকভাবে যিনি এই বিল উথাপন করেছেন তিনি বলেছেন যে, দেশে নানা বিষয়ে নানা রকম জটিলতা এসেছে, নানা রকম অপরাধ বেড়েছে, নানা রকম ইনডাসট্রিয়াল জায়গায় যেখানে কলকারখানা গড়ে উঠছে সেখানে নানা রকম অপরাধ দেখা দিচ্ছে। তারপর সিনেমাতে টিকেটের চোরাকারবারী আছে, এবং তাতেও একটা বড় জটিলতা এসেছে। সিনেমা ছাড়া চোরাকারবারী আমাদের দেশে বিশেষ নেই, এটাই বুঝলাম ওঁর বক্তৃতা থেকে যাই হোক. ব্যাপারটা দাঁড়ালো এই যে, অন্যায়ভাবে একজন কর্মচারীর জন্য, আমি বিশদ আলোচনা করতে চাই না তিনি কত ভাল বা কত মন্দ কর্মচারী—একটা অসঙ্গত কাজ করা হয়েছে, সেই অন্যায় কাজকে যেভাবে হোক সমর্থন করতে হবে, তার জন্য আইন পালটাতে হবে। এটাই হচ্ছে মুখ্যকথা, যা এই বিল থেকে বুঝতে পারছি। এতবড় অন্যায়, এতবড় দুর্নীতি তাকে আমাদের সমর্থন করতে হবে। আমি আশ্চর্য্য হয়ে গেছি শুধু মাত্র সরকারের দলের নয়, সরকারপক্ষীয় অন্যান্য সদস্যদেরও সেদিন সময় ক্ষেপন করার প্রয়োজন হল, তাঁরা সেদিন একটা অন্যায় কাজকে সমর্থন করার জন্য সুদীর্ঘ বক্তৃতা করেছিলেন এই জন্য যে, অন্যায়কে ন্যায় করে আর একটা আইন করতে হবে। এ কর্মচারীর জন্য আইন পালটানোর মধ্যে যেতে চাই না। এসব জিনিষ আমরা বৃটিশ আমলে দেখতাম। পারলামেণ্টারি গভর্নমেণ্ট-এর কোন নীতি আমরা এখানে মানিনা। মারশাল ল জারী করলেই তো সব হয়ে যেত আমরা জানি তারপরে ইনডেমনিটি য়্যাক্ট দরকার হত। সেই ইনডেমিনিটি য়্যাক্ট আনতেন তাহালেই উদ্দেশ্য সিদ্ধ হয়ে যেত। অর্থাৎ যা করলে সব অন্যায় ধুয়ে মুছে যাবে অসুবিধা হবে না, আইন পাশ করিয়ে নিতে পারবেন। দুই সভাতেই সরকারের যখন সংখ্যা গরিষ্ঠতা আছে তখন কোন অসুবিধাই নেই। সুতরাং একটা অন্যায়কে সমর্থন করার জন্য আইন পালটানোর এই অজুহাত কেন?

তারপর আমরা একটু একটু বুঝে দেখি যে কি হচ্ছে? সিনেমায় টিকিট নিয়ে চোরাকারবার হয়, তা একটা বড় সমস্যা বটে। কিন্তু চোরাকারবার কোথায় না হয়। সিনেমার টিকিটের কথা কেন শুধু বলছেন, আই. এফ. এ.-এর খেলার কি হয়? আই. এফ. এ খেলার চোরাকারবারী টাকা কোথায় যায়? কোন সূত্রদিয়ে কার পকেটে বেশী যায় সিনেমায় টিকিট নিয়ে সামান্য ছুটকা ছাটকা পথের লোক হয়ত চোরা কারবার করে। কিন্তু আই. এফ. এ. এর টাকা কার পকেটে যায় সেই প্রশ্ন করুন? তাঁদের কি পুলিশ ধরতে পারে না। কিন্তু পুলিশের যে সাধ্য নেই। পুলিশের নিয়োগ কর্তাও তাঁরাই। তাঁদের অনেকের কাছে সেই টাকার ভাগ যায়। কাজেই একথা বলে লাভ নেই যে চোরাকারবারী দমন করার জন্য এটা হচ্ছে। চোরাকারবারী দমন করার জন্য পুলিশকে নতুন ক্ষমতা দেবার দরকার নেই। বেশি পুলিশও নিয়োগ করার কোন দরকার নেই। আরও বুঝতে পারি এজন্য যে এই রাজ্যে যত পুলিশ আছে তা যদি আরও ৩ গুণ করে দেন তাহলেও চোরাকারবারীদের দমন হবে না। কারণ, চোরাকারবারী আজকে কর্তৃপক্ষই তৈরী করছেন, তাকে কে দমন করবে? তাঁদের নিজেদের দমন করার জন্য তারা পুলিশের সাহায্য নেবেন। গভর্নমেণ্ট এখন চোরাকারবারীদের হাতে। তাই আমরা আশা করতে পারি না যে

পুলিশ বাড়ালেই চোরাকারবারী কমবে। এটাই হচ্ছে প্রথম কথা। দ্বিতীয় কথা, যদি চোরাকারবারীদের ধরতে হয় তাহলে পুলিশ বাড়ালেই কি তা দমন করবার সম্ভাবনা আছে? দুজন দোকানের মালিক চোরাকারবারের বড় বড় রাঘব বোয়াল, তাই বলে তাদের ধরে রাখার কি সম্ভাবনা আছে? পুলিশ ফোর্সের সেরূপ ক্ষমতা থাকলেও তা সম্ভব হবে না দোষটা শুধু কর্মচারীদের ও নয় বিভাগের ও কতৃপক্ষের। পুলিসের মধ্যে আজকাল পাশ করা ভাল ভাল ছেলে যায়। তারা সবাই খারাপ এমন কথা কেউ বলবে না, আমিও বলব না। কিন্তু নূতন যারা যায় তাদের সঙ্গে আলাপে এই কথা শুনেছি যে "ওখানে গিয়ে সত্যিকারের ভাল যদি কিছু করতে হয় তাহলে আমি মারা যাবো, না হলে আমার চাকরী যাবে।" একথা আমাদের নূতন যারা ছাত্র স্থানীয় লোক পুলিশে ঢুকেছে, তারা বলেছে এবং একথা দুএকবার নয় বার বার শুনেছি তাদের মুখে।

এটা জানা আছে যে, পুলিশে গিয়ে, সাধুতা রেখে, পুলিশের শান্তিরক্ষায় যে কাজ দেশের লোকের সেবা করবার জন্য যে কাজ সে কাজের জন্য যদি কেউ চেষ্টা করে তাহলে আসানসোলে পুলিশ ইনস্পেক্টরটির মত হয় নিজের লোকের বা অন্য লোকের হাতে মার খেয়ে মরতে হবে অথবা চাকরী থেকে বরখাস্ত করবার ষড়যন্ত্র হবে। এই হচ্ছে পুলিশের এক দিকের চিত্র। অন্য দিকে করাপসন বা ভ্রষ্টাচার সরকারের চারদিকে চলছে। এই করাপসন বা দুর্নীতির সঙ্গে আছে ইনএফিসিয়েন্সি বা অকর্মন্যতা। দুর্নীতি থাকলে অকর্মন্যতা বাড়ে বলেই আমরা জানি, এবং এখন আমরা তা বাড়ছে তাও দেখছি। পুলিশ শুধু ভ্রষ্টাচারকে প্রশ্রয় দেয় তা নয়,—অকর্মন্যও। আর গভর্নমেণ্ট যখন দুর্নীতিকে প্রশ্রয় দিচ্ছে পুলিস তখন তার প্রশ্রয় দিতে বাধ্য। তাই আর একটা জিনিষও আছে ওই দুর্নীতির সঙ্গে তা হল ঐ অকর্মন্যতা। পুলিসের অকর্মন্যতার কথা বলে তা বোধহয় শেষ করা যায় না। অতএব পুলিশের কাজ বেড়েছে এই কথা বলে লাভ নেই। কাজ বেড়েছে বলে যদি তিনগুণও পুলিশ বাড়ান হয় তাহলেও অকর্মন্যতা এখন দূর হবে না, অপরাধও বন্ধ হবে না, এই হচ্ছে আমার বক্তব্য। বরং বাড়বে ভ্রষ্টাচার এবং অকর্মন্যতাও। মাননীয় চেয়ারম্যান মহাশয় আজ এখানে উপস্থিত থাকলে তিনি অত্যন্ত ভাল ভাবে একথাটা বুঝতে পারতেন। একজন খ্যাতনামা এবং সরকারের সুপরিচিত পদস্থ লোকের কথা তিনি জানেন। তার পৈতৃক বাড়ীতে তাঁর ভাইপো সপরিবারে আছে। তাদের পাড়ার গুণ্ডাদের থেকে শুধু আশ্রয় দেবার জন্য তিনি পুলিশ কর্মচারীদের সহায়তা চেয়ে দেখলেন যে তার সেই ভাইপো সেখানে কোন সহায়তা পেলেন না। পাড়ায় গুণ্ডা ছেলেদের কাছ থেকে অসম্মান না সয়ে তার বয়স্কা কন্যাদের নিয়ে সে নিজ বাড়ীতে থাকবে, এরূপ ব্যবস্থা মাননীয় সুনীতি কুমার চট্টোপাধ্যায়এর অনুরোধেও ডেপুটি কমিশনার বা য়্যাসিস্ট্যাণ্ট কমিশনার করে উঠতে পারে না—পুলিশ সত্যই আশ্রয় দিতে পারলো না। এই ব্যাপারটা অধ্যাপক চট্টোপাধ্যায় উপস্থিত থাকলে উত্থাপন করতে পারতাম, এবং তিনিও বলতে পারতেন যে আমি সত্য কথাই বলছি। আজকে কলকাতাতে এই অবস্থা। তৃতীয় কথা আর একটি বিষয়। আমি আর একটি কথা সে বিষয়ে জানাতে চাই। ১৯৩০ থেকে ১৯৩৮ সাল পর্যন্ত আমার সঙ্গে এক বন্ধু জেলে ছিলেন যেমন সদস্য নরেনবাবুও ছিলেন। সেই সময় সেই বন্ধুটি স্বদেশী কাজ করতেন। তারপর তিনি একটি কলেজের অধ্যাপক হন, এবং এখন তিনি ডিপার্টমেণ্টাল হেড অর্থাৎ ইতিহাস বিভাগের প্রধান অধ্যাপক। তিনি আমার কাছে একদিন বিকালে কাজ সেরে আমার পত্রিকা অফিস "পরিচয়" থেকে বেরিয়ে গেলেন। সন্ধ্যার পরে রাত্রিতে আমি খবর পেলাম তিনি তখনও বাড়ী ফেরেন নি। সেদিন অনেক রাত্রিতে তিনি বাড়ী ফিরলেন। পরের দিন কারণ জিজ্ঞাসা করলাম। তিনি হাসছেন তিনি বললেন আমাকে ওরা যখন বলতে নিষেধ করছেন, তখন আর বলি কেন? আমি বললাম, বলুন না কি ব্যাপারটা? শুনলাম তিনি যখন হাজরা রোড দিয়ে বাড়ী যাচ্ছিলেন হঠাৎ তার পিছন থেকে তাকে কে জড়িয়ে ধরলো—এই ধরেছি। তার নামের পরিবর্তে অন্য নাম বললে সে লোক বললে, আপনি অমুক। অধ্যাপক বললেন, যে আমি সে নই আমার নাম এই—আমার নাম অধ্যাপক অমুক। গোয়েন্দা পুলিশ তা মানে না। অধ্যাপক বললেন, আমাকে নিকটবর্ত্তী থানার ডেপুটি কমিশনার বা কর্তারাও কেউ কেউ চেনেন। এই কথা বলা সত্ত্বেও গোয়েন্দা কর্মচারী হাত ছাড়বে না, নিকটের থানায়ও যাবেনা বললেন, আগেত চলুন আমাদের অপিসে নিয়ে যাই। তারপর লর্ড সিংহ রোডের অফিসে অধ্যাপককে নিয়ে গেলেন। সেখানে তাকে বসিয়ে রেখেছেন, একের পর একজন করে সেখানকার

কর্মচারীরা তাকে দেখে যাচ্ছে নিজের নাম বললেও ধরে নিচ্ছে তার নাম অন্য কিছু। শেষে পুরনো একজন কর্মচারী এলেন, বললেন "আপনি। আপনাকে ভুল করে ধরে নিয়ে এল বুঝি। আপনি বসুন।" এধারে রাত্রি ৯টা বেজে আসছে। তখন অধ্যাপক মহাশয় বলছেন, আমাকে ছাড়ছেন না কেন এখনো ? আমাকে ত ভুল করে নিয়ে এসেছেন। এই কথা বলায় তাকে বলা হল, দেখুন ঝাঁকের কই। পেয়েছি যখন থাকুন কদিন। অবস্থা দেখে অধ্যাপক মহাশয় তখন চেঁচামেচি সুরু করে দিয়েছেন। আমি দেখা করতে চাই। আপনাদের ডেপুটি কমিশনার অব পুলিশএর সঙ্গে লর্ড সিনহা রোডএ যিনি থাকেন। অগত্যা তার সঙ্গে দেখা হল তিনি বললেন এটা বাইরে বলবেন না। কারণ এটা একটা ভুল হয়ে গেছে।" আমি যে কথা বলছিলাম তা এই—এই হল পুলিশের এফিসিয়েন্সি এবং এই হল ইনটেলিজেন্স বিভাগেরও কাজ—যারা নাকি নিজেদের সেরা পুলিশ কর্মচারী বলে পরিচয় দেয়। আমি আমার নিজের কথাও বলবো না, কারণ আমি এর আগে সে সব দৃষ্টান্ত দিয়ে দুএকবার বলেছি। আমি কেবল হালের দৃষ্টান্তগুলি দিলাম। তা হলে এই পুলিশকে সংখ্যায় অখণ্ড বাড়িয়ে কি লাভ হবে? আরও কিছু অর্থদণ্ড করবার জন্য কি করা হবে? তবে একটা লাভ হতে পারে, কারণ ওরা যখন জানেন যে কর্তাদের কাছে আমাদের চাকুরী ঠিক রাখতে হলে কি কাজ করতে হবে তখন দেশের লোককে খুব করে পেটাও আর বিশেষ করে যদি জানা থাকে যে লোকটা বিরোধী পক্ষের মানুষ তা হলে আরও পেটাও। এই হল তাদের একমাত্র সার্থকতা, বা এফিসিয়েন্সি বা মানদণ্ড। নিজেদের কর্মদক্ষতা প্রমাণ করবার একমাত্র মানদণ্ড হল কি করে দেশের মানুষকে জব্দ করা যায়।

নরেন বাবুর কথা তো শুনেছেন, যেকথা আর আমি উল্লেখ করতে চাই না। অধ্যাপক জয়ন্তকুমার বন্দ্যোপাধ্যায়ের কথাও বলা হলো—শুনলেন। তাঁকে যখন বলা হলো "ত্রিগুণাবাবুকে খবর দিয়েছেন"? যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ক্যামপাস বা এলাকার ভেতর ঢুকে পুলিশ কর্তারা তাঁকে গ্রেপ্তার করে নিচ্ছেন। ত্রিগুণাবাবুর কথা তুললে পুলিশ বল্লে এত রাত্রে আবার কাকে যাবো ডাকতে।" এই হল তার জবাব। এই হলো সরকারের শাসনের ব্যবস্থা। কাউকে ডাকবার প্রয়োজন নাই। আমাকে একজন পুলিশ কর্মচারী একবার বলেছিলেন, কাউকে ধরতে গেলে জানেন ওয়ারেণ্ট লাগে, কিন্তু সেক্ষেত্রে তিনি বললেন, "এখন বৃটিশ আমল নাই আমাদের আর ওয়ারেণ্ট টোয়ারেণ্ট লাগে না, আপনি চলুন, চলুন"। এই হচ্ছে এখনকার পুলিশের কাজের পদ্ধতি, এই বিচারবুদ্ধি, এই বিবেকবুদ্ধি। এই তাদের কাজের ধারা। কি করে কর্তৃপক্ষ ভ্রষ্টাচার দূর করবেন তা আমি কিছুতেই বুঝতে পারি না। সেই হেতু, বিশেষ করে যখন তাঁরাও জানেন আমরাও জানি, ওপক্ষও জানেন, দেশের লোকেও জানেন যে, ভ্রষ্টাচারের আসল কর্তা হচ্ছে সরকার নিজে। তার মূলটা যেখানে সেই ভ্রষ্টাচার এই সরকারের আমলে আবার পুলিস না করে পারে কি করে। তারা তা দমন করবে এ প্রশ্ন তাই ওঠে না। তাই এই বিলের প্রত্যেকটা জিনিষে আমি তাই প্রতিবাদ করি। এ সরকারকে আর কোনরকম ক্ষমতা দেওয়া চলে না—বিশেষ করে এই পুলিশের ব্যাপারে কোন ক্ষমতা দিতে আমরা রাজী নই। বারে বারে আমরা এর প্রতিবাদ করবো, অন্ততঃ পক্ষে এই বিলের পিছনে যে নীতি আছে একজন কর্মচারীকে সরকার অন্যায় করে সরিয়ে দিয়ে সেই অন্যায়কে সমর্থন করবার জন্য একটি বিল আনা আমাদের কাছে তার অনুমোদন চাওয়াকে আমরা ঘৃণার সঙ্গে প্রত্যাখ্যান করি ও প্রতিবাদ জানাই।

[6-15—6-25 p.m.]

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় উপাধ্যক্ষ মহোদয় এই পুলিস বিলের আলোচনা প্রসঙ্গে কথা উঠেছে মুখ্যমন্ত্রী মহাশয় যে বিবৃতি বের করেছেন, আমি সেটার প্রতিবাদ করবো বলে মনে করি। ২০এ যে যে হরতাল হয়েছিল, তার তুলনায় এবারকার হরতাল মাত্র দুআনা সাফল্য লাভ করেছে। আমার ব্যক্তিগত অভিজ্ঞতা থেকে বলতে পারি বেলেঘাটা অঞ্চলে যেখানে জগন্নাথ বাবু থাকেন,

সেখানে আমি ঘুরে দেখেছি ৯৯ পার সেণ্ট দোকানপাঠ বন্ধ ছিল, বাজারে কয়েকটি ভেজিটেবল সপ মাত্র খোলা ছিল।

(এ ভয়েস: জগন্নাথবাবুর বাজার বন্ধ ছিল।)

না। কোলে বিস্কুট কোম্পানীও বন্ধ ছিল। কাজেই মুখ্যমন্ত্রী যে বিবৃতি দিয়েছেন তাতে তিনি সত্যের অপলাপ করেছেন। এটা তাঁর পক্ষে উপযুক্ত হয় নাই। আমরা এর তীব্র প্রতিবাদ করি। তাঁর হাতে যত শক্তি ছিল, পুলিশ ফোর্স ছিল, তার দ্বারা তিনি জনমতকে দমন করবার অপচেষ্টা করেছেন। তার ফলে শশাঙ্কবাবু বলেছেন—তাঁরা পৈশাচিক উল্লাস প্রকাশ করেছেন।

দ্বিতীয়তঃ কথা হচ্ছে নরেনবাবুকে যেভাবে গ্রেপ্তার করা হয়েছে তা অমানুষিক এবং অভদ্রোচিত তো বটেই। স্বাধীন দেশের মানুষ একজন ভদ্রলোকের সঙ্গে যে পুলিস এমন বর্বরোচিত ব্যবহার করতে পারে তা চিন্তাও করতে পারা যায় না। সুতরাং আমাদের দেশে পুলিশ যে কোথায় নেমে যাচ্ছে তা চিন্তা করা দরকার। নরেনবাবু একজন বিশিষ্ট ভদ্র-লোক—তাছাড়া তিনি একজন এম. এল. সি। এ সত্বেও ঐ রকমভাবে তাঁকে গ্রেপ্তার করা হয়েছে. এর নিন্দা করবার ভাষা খুঁজে পাচ্ছি না। আমি আশাকরি এ সম্বন্ধে যে তদন্তের দাবী করা হয়েছে মুখ্যমন্ত্রী মহাশয় সে সম্বন্ধে অবহিত হবেন। এই পুলিশ যাতে ভাল হয়, যাতে পুলিশ ভদ্র ব্যবহার করতে শেখে তার ব্যবস্থা তিনি যেন করেন।

পুলিশের কাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ। পুলিশকে যদি আমি সাহায্য করতে পারতাম তাহলে স্বাধীন ভারতে আমি খুব আনন্দিত হতাম। যেকথা মাননীয় মহীতোষবাবু বলে গেছেন আমাদের স্বাধীনতার পরে পুলিসকে আমাদের বন্ধু বলে গ্রহণ করা উচিত। বাস্তবিক আমরা পুলিশকে বন্ধু বলে গ্রহণ করবার জন্য প্রস্তুত ছিলাম। আমার মনে পড়ে ডাঃ প্রফুল্ল ঘোষ যখন মুখ্যমন্ত্রী ছিলেন তখন তিনি পুলিশকে সংশোধন করবার প্রচেষ্টা করেছিলেন এবং তাতে তিনি আংশিক কৃতকার্য্য হয়েছিলেন। এবং পুলিশ জনসাধারণের সুখ দুঃখের অনুসন্ধান নিত। এখন বর্তমানে তাদের অপসারণের পর পুলিশের অবনতি দিন দিন যে ভাবে হচ্ছে সেখানে জনসাধারণের পক্ষে তাদের সঙ্গে সহযোগিতা করা দুরূহ হয়ে উঠেছে। আমরা জানি জনসাধারণ স্বাধীন ভারতের পুলিশকে যমের চেয়ে ভয় করে। অথচ পুলিশের জনসেবক হওয়া উচিত। আমাদের সামনে আদর্শ রয়েছে লণ্ডনের পুলিশ। সেখানকার পুলিশ জনসাধারণের বন্ধু এবং তারা কি ভাবে সকলকে সাহায্য করে থাকে তা আমরা জানি। তাদের তুলনায় আমাদের পুলিশ কোথায় আছে? তারা দিনের পর দিন অবনতির পথে চলে যাচ্ছে। আজকে পুলিশের মধ্যে দুর্নীতি প্রসার পাচ্ছে। যখন বৃটিশ সরকার ছিল তখন পুলিশের মধ্যে দুর্নীত ছিল না। তখন আই. জি. অব পুলিশ, সুপারিণ্টেণ্ডেণ্ট অব পুলিশ, ডি. আই. জি. ইত্যাদি উচ্চ পদস্থ কর্মচারীরা সকলেই ইউরোপিয়ান ছিলেন। তাঁদের মধ্যে একটা বিবেকবুদ্ধি ছিল বলে আমার জানা আছে। তাঁরা উৎকোচ গ্রহণ করতেন না। আমার বন্ধু যতীনবাবু বললেন যে সর্বোচ্চস্তরের পুলিশ থেকে নীচুতলার পর্যন্ত সকলেই ঘুষ নেয়। উপর তলার লোক যদি ঘুষ নেয় নীচের লোক যে নেবে তাতে কোন সন্দেহ নেই; উপরের লোক যদি খারাপ হয় তাহলে সেখানে নীচের লোক তো খারাপ হয়ে যাবে। এই রকম হলে সেখানে শৃঙখলা থাকবে না, এবং পুলিশের মোরেল যে তাতে খারাপ হবে সে বিষয়ে সন্দেহ নেই। আমরা জানি পুলিশ অবাধে ঘুষ নিয়ে যাচ্ছে। ডিসিপ্লিন বলতে কিছু নেই। পুলিশের মধ্যে ডিসিপ্লিন খুব বেশী থাকা উচিত। কিন্তু সে সব আমরা কিছুই পাই না, বরং যারা ভাল কর্মচারী তারা পুলিশের কাজে কোনরকম উৎসাহ পায়না, তাদের সরিয়ে দেওয়া হয় অন্য কাজে। পুলিশের মধ্যে অনেক ভাল কর্মচারী আছেন আমি জানি শ্যামল মল্লিক বলে যিনি ডি. সি ছিলেন তিনি উচ্চশিক্ষিত ব্যক্তি ছিলেন এবং সাধু প্রকৃতির, নির্দোষ প্রকৃতির লোক ছিলেন। ক্যালকাটা ইউনিভারসিটি ব্যাপারে তাঁকে ভার দেওয়া হয়েছিল। তিনি কোনরকম ভাবে সংযমের সঙ্গে এবং নিয়ম রক্ষা করে নির্বিরোধে শান্তিস্থাপন করেছিলেন। তাঁকে সরিয়ে দেওয়া হল কিসের জন্য না তিনি আগের স্ট্রাইক-এ ট্রামগুলি যখন পুড়িয়ে দেওয়া হয়েছিল তখন তিনি গুলি চালাননি। তিনি শান্তির সঙ্গে

ভদ্রতার সঙ্গে শান্তি স্থাপন করার চেষ্টা করেছিলেন। কিন্তু আমাদের দেশে ভাল লোকের স্থান নেই। আমি জানি আমার অভিজ্ঞতা আছে থানায় যাঁরা ও. সি. আছেন তাঁদের কাজ বেড়েছে, মফঃস্বলের যাঁরা পুলিশ ও. সি. আছেন তাঁদের কাজ বেড়েছে, কিন্তু এস. পি.-র কাজ বেড়েছে বলে জানি না। সুতরাং আজ যদি পুলিশকে শান্তি শৃঙখলায় সঙ্গে কাজ চালাতে হয়তাহলে প্রত্যেক থানায় অতিরিক্ত কর্মচারী দেওয়া উচিত এবং উপরি দেবার আবশ্যকতা আছে বলে মনে করিনা, দিলে দুর্নীতি বেড়ে যাবে এবং তার দ্বারা পুলিশের কোন উন্নতি হবে তা মনে করি না। সুতরাং এই টুকুন বলে আমি এই বিলের বিরোধিতা করছি।

(6-25—6-34 p.m.)

Shri Rabindra Lal Sinha :

মাননীয় উপপরিষদ পাল মহাশয়, আলোচ্য বিধেয়কে যে প্রস্তাবিত বিধি সংযুক্ত করবার কথা হয়েছে ও তার আলোচনা হয়েছে তাহা প্রধানতঃ দুটী কারণে হয়েছে, কেউ কেউ এই আলোচনা করেছেন যে পুলিসের হাতে অধিক ক্ষমতা দেওয়া উচিত নয়, আলোচ্য বিধেয়কে দুটা বিধি সন্নিবেশিত করার প্রচেষ্টা হয়েছে, প্রথম হচ্ছে অপর মহা আরক্ষের পদ সৃষ্টি। সেখানে পুলিশের হাতে অতিরিক্ত কোনো ক্ষমতা দেওয়া হয়নি কারণ আরক্ষ মহা পরিদর্শকের যে ক্ষমতা আছে তাই ভাগাভাগি হবে নূতন ক্ষমতা চাওয়ার প্রশ্ন এখানে নেই। দ্বিতীয় কথা হচ্ছে এই সমস্ত আমোদ প্রমোদের ক্ষেত্রে প্রবেশপত্র নিয়ে যে চোরাকারবারী চলে যাতে সরকার এই সমস্ত চোরাকারবারী বন্ধ করতে পারেন এবং যারা চোরাকারবারী করে তাদের বিচারালয়ে অভিযুক্ত করতে পারেন এই ব্যবস্থাই চাওয়া হয়েছে। আমি মনে করি না এই ক্ষমতাটা যেটায় রাজদ্বারে তাদের অভিযুক্ত করা যাবে এবং শাস্তি দেওয়া যাবে এই প্রশ্নের কারও আপত্তি আছে যদিও বন্ধুবর গোপাল হালদার মহাশয়ের কথা বুঝতে পারলাম না, তিনি বোধ হয় আরও অনেক চোরাকারবারীর কথা বলেছেন। চোরাকারবারীদের কি ধরবো না এটাই কি তিনি বলতে চাইছেন? আমার মনে হয় নিশ্চয়ই তা মনোগত ইচ্ছা নয়। অতএব সেদিক থেকে আর বলবার কিছু নেই এবং একথাও জানাচ্ছি যে অতিরিক্ত কোনো ক্ষমতা গ্রহণ করা হচ্ছে না। আর একটি কথা বলা হয়েছে যে কোনো একটি পদাধিকারিক কে এই পদ দেবার জন্য এটা সৃষ্টি করা হয়েছে। আমি একথা অস্বীকার করি। আজকে আমার প্রারম্ভিক ভাষণে আমি বলেছিলাম যে শান্তি এবং শৃঙখলার ব্যাপারে আরক্ষা বিভাগ পরিচালনায় জটিলতার বৃদ্ধি পেয়েছে এবং তলার দিকে যত কর্মচারীর বাড়ানোর প্রয়োজন আছে পুলিশ কমিশনার তার বিবরণীতে বলেছেন এবং সে সম্বন্ধে সরকার ব্যবস্থা গ্রহণ করছেন। কিন্তু উপর দিকে যদি সুপরিচালনা এবং নিয়ন্ত্রণ না হয় তাহলে শুধু তলার দিকে কর্মচারী বাড়িয়ে কিছু লাভ হবে না এবং আজকে যে সমালোচনা করলেন সেটা করলে তার চেয়েও বেশী সমালোচনা করতেন, সুতরাং সুনিয়ন্ত্রণ এবং সুপরিচালনার ব্যবস্থা করতেই হবে। আজকে এনফোর্সমেণ্ট ব্রাঞ্চএর কাজ কত বেড়েছে তাহা আপনারা সকলেই জানেন এবং সেটা সুষ্ঠু পরিচালনা হওয়া উচিত এটা সকলেই স্বীকার করবেন। এই অপর মহা আরক্ষা বাহিনী সে কাজে বাধ্য আছে। এই ভাবে কাজ করতে হলে দেখা গেছে কাজ অনেক বেচেছে এবং সে কারণে এপদ সৃষ্টি করার দরকার। তা ছাড়া যে সমস্ত অফিসার এর কথা বলেছেন তা আমি মনোযোগ দিয়ে শুনেছি। বন্ধুবর যতীনবাবু তিনি অফিসারকে সাধুবাদ করেছেন এবং বলেছেন একজন সৎ এবং সাধু লোক। সুতরাং সেই সৎ এবং সাধুলোকের পদোন্নতি যদি হয় তা হলে নিশ্চয়ই অপরাধ কিছু হয়নি। তিনি ছিলেন কমিশনার অব পুলিশ এবং তিনি সাধু এবং সৎ লোক বলে কি পদোন্নতি হবে না এই কথাই কি তিনি বলতে চান? আজকে যে পদ নিয়ে এই প্রশ্ন উঠেছে অপর মহা আরক্ষা এর পদ তাহলে সৎ এবং সাধু লোকে বলে যতীনবাবু যাকে জানেন তার কি উন্নতি হবে না এবং তিনি স্বীকার করছেন যে কিছু সৎ এবং সাধু লোক পুলিশে আছে যদিও মুখে তিনি কিছু বলেন না, যখন এটা মেনে নিয়েছেন তখন সৎ এবং সাধু লোককে পদোন্নতি করা হয় তা হলে অন্যায় কিছু হয়নি অতএব এদিক থেকে কিছু বলবার নেই, এ ছাড়া অনেক কটুক্তি করা হয়েছে, ভ্রষ্টাচার ইত্যাদি বলা হয়েছে এবং চোরকারবারীদের সঙ্গে আমরা সংযোগ রাখি একথাও বলা হয়েছে। একথা ১৯৬২ সালে মঞ্চ থেকে মঞ্চান্তরে বারবার বলেছেন এবং আদালতের রায়ে তাহা প্রমাণ হয়েছে। কারণ

রাজনৈতিক ব্যাপারে আদালতের রায় জনসাধারণ এবং সেই আদালতের রায়ে আমরা বেকসুর নির্দোষ বলে খালাস হয়েছি। সুতরাং আজকে জনসাধারণের পক্ষে কথা বলবার একমাত্র সোল সেলিং এজেন্সি নিয়ে ওরা আসেন নি। এবং সেইজন্য বলছি যে ঐ কটূক্তির সম্বন্ধে কিছুই বলবার নেই। হঠাৎ পরিষদ কক্ষে এসে একটা অভিযোগ করলে তা যথাযথ অনুসন্ধান বা যাচাই করে দেখা যায় যে অধিকাংশই অসত্য এবং কতক অর্ধসত্য যেটা সত্যের চেয়েও বিপজ্জনক তাই সেই জন্যই বলছি এ সব কথা বলা হঠাৎ মুস্কিল। আর আমার বন্ধুবর শশাঙ্কবাবু গান্ধীজীর নাম উল্লেখ করে হরতালের কথা বলেছেন। স্বাধীনোত্তর এবং স্বাধীনতার পূর্ব দিনের প্রভেদ নিশ্চয় শশাঙ্কবাবুকে আর বোঝাতে হবে না। তখন যে সরকার ছিল তা অপরিবর্তনীয় সরকার। সমগ্র জনমত সে সরকারকে পরিবর্তন করতে পারতো না। আজকে আর প্রত্যক্ষ সংগ্রামের প্রয়োজন নাই। যদি জনসাধারণকে বুঝিয়ে ওঁরা রাজী করতে পারেন তাহলে ওঁরা আমাদের ঘাড় ধরে বের করে দিতে পারেন—একথা আমরা ১৯৫২ সাল থেকে শুনছি। আবার ১৯৬৭ সালে দেখবো। কেন আর আপনারা দুঃখ করছেন? আমরা তো ১৯৫২ সালে এসেছি। ১৯৫২ সালের আগেও শুনেছি এবং ১৯৫৭-৬২ সালের আগেও এই সদনে কতবার শুনেছি যে জনসাধারণ আর আমাদের চান না। ইংরাজীর বাংলা করে তাঁরা বলেছিলেন দেওয়ালের লিখন পাঠ করুন।

(শ্রীশশাঙ্ক শেখর সান্যাল: আমি বন্ধুবরকে একটা কথা বলি—তিনি এবং তাঁরা ১৯৫২ সাল থেকে যত দিন ঐ কথা বলবেন এখানে আমি এবং আমার উত্তরাধিকারী যাঁরা আসবেন তাঁরাও ততদিন এই কথা বলবেন)

(হাস্য)

সেই জন্যই এই কথা বলছি যে গত নির্বাচনে জনমতের রায়ে আমরা নির্দোষ বলে খালাস পেয়েছি। যেটা বলছিলাম যে স্বাধীনতা উত্তর ও পূর্ব দিনে—তখন সরকার ছিল- অপরিবর্তনীয় —সমগ্র জনমত একমত হলেও সরকারকে পরিবর্তন করতে পারতেন না। কিন্তু আজকে তাঁরা তা পারেন। কারণ আজকে আমরা সংসদীয় গণতন্ত্রের নীতি গ্রহণ করেছি। সুতরাং সেই নীতিতে আজকে আমাদের চলা উচিত। এবং জনসাধারণের উপর তাঁদের বিশ্বাস যদি থাকতো তাহলে জনসাধারণের কাছে নির্বাচনের প্রাক্কালে এই আবেদন করে তাঁরা জয়যুক্ত হতেন।

বন্ধুবর নরেনবাবু ব্যক্তিগত অসুবিধার কথা অনেক বলেছেন। আমি সে সকল শুনে অত্যন্ত দুঃখিত হয়েছি। এবং তিনি যে অভিযোগগুলি করেছেন—নিশ্চয়ই তার যথোপযুক্ত তদন্ত হবে।

(শ্রীশশাংক শেখর সান্যাল: আর যে সব অভিযোগ আমরা করেছি—তার তদন্ত হবে না?)

Shri Rabindralal Sinha:

না. না, সব হবে।

Shri Jatin Chakravorty:

নরেনবাবু তাঁর ৭৫ টাকা ফেরত পাবেন তো?

Shri Rabindralal Sinha:

এই ৭৫ টাকা নিয়েছেন কিনা—সেটা তদন্ত হওয়ার মানেই দোষকে আগে থেকে স্বীকার করে নেওয়া—আর কি তদন্ত হবে—তদন্তের দরকার হয় না।

The motion of Shri Rabindralal Sinha that the Police (West Bengal Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration was then put and agreed to.

Clauses 2 to 4

The question that Clauses 2 to 4 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and title of the Bill

The question that Clause 1, Preamble and title do stand part of the Bill was then put and agreed to.

Shri Rabindralal Sinha : Sir, I beg to move that the Police (West Bengal Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, I do not want any commitment from the Hon'ble Minister on the floor of the House. But I hope thtt he will forward our accusations and allegations to the department for proper enquiry.

The motion of the Shri Rabindralal Sinha that the Police (West Bengal Amendment) Bill, 1964, as settled in the Council, be passed was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 6-34 p.m. till 3 p.m. on Tuesday, the 29th September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent

Shri Snehangshu Kanta Acharyya.
Shri Nirmalya Bagchi.
Dr. Anil Chandra Banerjee.
Shri Dhirendra Nath Bhattacharya.
Dr. Janaki Ballabha Bhattacharyya.
Shri Santosh Kumar Bhattacharyya.
Shri Sreepada Bhattacharyya.
Shri Promotho Nath Bisi.
Shri Byomekesh Chakravarty.
Dr. Suniti Kumar Chatterji.
Shri Bibhuty Bhusan Ghattak.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Shri Nar Bahadur Gurng.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumder.
Shri Sheikh Mohammad Jan.
Shri Dhirendra Nath Moitra.
Shri R. S. Prasad.
Shri Lakshman Prodhan.
Shri Chittaranjan Roy.
Shri Charu Chandra Sanyal, and
Shri Subodh Sen.

Tuesday, the 29th September, 1964

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 29th September 1964, at 3 p.m. being the twentieth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Deputy Chairman (Dr. Pratap Chandra Guha Ray) was in the Chair.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[3—3-10 p.m.]

Ceramic Industry

***128. Shri Narendra Nath Das :** Will the Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) what are the raw materials used by Ceramic Industry;

(b) whether these raw materials are available in West Bengal;

(c) if so,

(i) what proportion of raw materials is supplied to West Bengal Ceramic Industry from this State,

(ii) what proportion of raw materials is supplied from States other than West Bengal;

(d) will the Hon'ble Minister be further pleased to state—

(i) whether the State Government have ascertained if entire raw materials necessary for West Bengal Ceramic Industry are available in the State,

(ii) what specific assistance the Ceramic Industry of West Bengal gets from Government of India's Ceramic Institute, and

(iii) steps adopted by the State Government for marketing of Ceramic products from Small Scale Units of West Bengal for competing with products of other States ?

Shri Ardhendu Sekhar Naskar : (a) (1) China-clay, (2) Quartz, (3) Felspar, (4) Fireclay, (5) Limestone, (6) Plastic fireclay, (7) Talc., (8) Marble, (9) Gypsum, (10) Magnesite, (11) Dolomite, (12) Chromite ores, (13) Kyanite, (14) Siliminite, (15) Bauxite, and (16) Sand (Quartzite).

(b) The following raw materials are avialable in West Bengal :—

(1) China-clay,
(2) Quartz,
(3) Felspar,
(4) Fireclay, and
(5) Limestone.

(c)(i) A small percentage of the total quantity of raw materials, viz., China-clay, fireclay, quartz., felspar and limestone required for the Ceramic industry is available from the sources of this State. Actual percentage is not available.

(ii) Major portion of the raw mterials mentioned in items (1) to (5) and the full requirement of raw materials mentioned in items (6) to (16) in reply to part (a) of the question are supplied from States other than West Bengal.

(d)(i) The prospect of availability of the raw materials is being explored by the Geological Survey of India and the State Directorate of Mines and Minerals.

(ii) The Central Glass and Ceramic Research Institute, Jadavpur, offers research facilities for the development of ceramic, refractory, glass and enamel industries.

(iii) The State Government have the following organisations for the marketing of the ceramic products from small units of West Bengal :—

(1) The West Bengal Small Industries Corporation, and

(2) Government Sales Emporia in the State.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন (ডি) (আই)-তে যে জবাব দিয়েছেন Geological Survey of India and the State Directorate of Mines and Minerals, আমাদের এই স্টেটের স্টেট ডাইরেক্টরেট অব মাইনস এ্যাণ্ড মিনারেলস কবে থেকে কাজ সুরু করেছেন ?

Shri Ardhendu Sekhar Naskar :

তারিখ বলা সম্ভব হবে না।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় স্বীকার করেছেন যে এই সিরামিক ইণ্ডাস্ট্রির জন্য প্রয়োজনীয় অনেক 'র' মেটেরিয়ালস পশ্চিমবাংলায় রয়েছে, কিন্তু এখন পর্যন্ত পশ্চিমবাংলা থেকে তার খুব সামান্যতম অংশ ঐ ইণ্ডাস্ট্রিকে সাপ্লাই করা হয়। এত মাটির নীচে যে 'র' মেটেরিয়ালস রয়েছে সেই 'র' মেটেরিয়ালস এক্সপ্লোর করবার কথা আপনি বলেছেন, আমাদের স্টেট ডাইরেকটরেট করছেন, আমার প্রশ্ন হচেছ কবে থেকে তাঁরা করছেন এবং কি করছেন—সেটা বলতে পারেন কি ?

Shri Ardhendu Sekhar Naskar :

পুরুলিয়া, রূপনারায়ণপুর এই সব জায়গায় আমরা এসম্বন্ধে রিসার্চ করছি।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে এই যে চায়না ক্লে, কোয়ারস, ফেলসপার, ফায়ার ক্লে-এর অনেকাংশ আমরা পশ্চিমবাংলার বাইরে থেকে ইমপোর্ট করি, এটা কত পারসেন্ট আমরা ইমপোর্ট করি বলতে পারেন ?

Shri Ardhendu Sekhar Naskar :

১৯৫২ সালে বাইরে থেকে চায়না ক্লে আনা হয়েছিল ১০২ টন ; ১৯৫৯ সালে ১,৯৬১ টন ; ১৯৬০ সালে ৩৯,৮৩৭ টন ; ১৯৬১ সালে আনা হয়েছে ৪৭,২১৮ টন।

Shri Narendra Nath Das :

আমার প্রশ্নটা এজন্য জিজ্ঞাসা করছি যে বাংলার সিরামিক ইণ্ডাস্ট্রি খুব উচ্চস্তরে ছিল। কিন্তু আজ আমরা অন্যান্য রাজ্যের কাছে পরাজিত হয়েছি। এই পরাজিত হবার কতকগুলি কারণ আমি আন্দাজ করে দিয়েছিলাম বলে এ সম্বন্ধে একটা সুষ্ঠু জবাব পাওয়া দরকার।

Shri Ardhendu Sekhar Naskar : Most of the raw materials required for the Ceramic Industry in West Bengal is imported from outside West Bengal. A small percentage of raw materials, viz., China-clay, quartz, felspar, fire-clay and lime-stone, required for the Ceramic Industry is available in West Bengal. China-clay is available in Birbhum and Bankura. China-clay available in Birbhum is mined and washed and is used in Ceramic Industries specially in refractories, earthenware and stoneware. Although samples of high class China-clay collected from the districts of Birbhum and Bankura have been tested in the laboratory of the College of Ceramic Technology, the prospecting of these clays has not yet been completed and, as such, assessment of ceramic evaluation and economic possibility have not been ascertained.

Toll tax on Mayurakshi Bridge at Tilpara

***129. Shri Narendra Nath Das :** Will the Hon'ble Minister-in-charge of the Public Works Department be pleased to state—

(a) how many persons were convicted for organised violation of toll tax on the Mayurakshi Bridge at Tilpara in Birbhum district in March last;

(b) what were the charges against the civil registers (sections of relevant Act to be quoted);

(c) the nature of punishment meted out to the civil registers ?

Shri Khagendra Nath Das Gupta : (a) 81 persons.

(b) Charges were under section 283, I.P.C., and under section 27 of the Bengal Ferries Act, 1885, convicted under section 27 of the Bengal Ferries Act, 1885.

(c) The punishment was as follows :—

(i) Detention till rising of the Court against 45 persons and fine of Re.1 each in default detention.

(ii) Detention till rising of the Court against 26 persons and fine of Rs. 5 each in default.

(iii) Simple imprisonment for 3 days against one person.

(iv) Fine of Rs. 10 each in default sentenced to simple imprisonment for 7 days against each of the 9 persons.

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহাশয় জানেন যে কয়েকদিন আগে তাঁকে আমি এ সম্পর্কে প্রশ্ন করেছিলাম তাতে তিনি বলেছিলেন এই টোল ধার্য্য করা হয় ১৮৫১ য়্যাক্ট অনুসারে আর আপনি এদের সাজা দিচ্ছেন ফেরিজ য়্যাক্ট অনুসারে। ফেরিস্ য়্যাক্ট-এ তাদের সাজা কেন? কারণ ফেরিস্ য়্যাক্ট-তো আইসোলেট হচ্ছে না।

Shri Khagendra Nath Das Gupta :

সেকশান টুয়েণ্টি-সেভেন আইসোলেট করছেন বলা হয়েছে।

Shri Narendra Nath Das :

ফেরিস য়্যাক্ট সম্পর্কে ৩টা প্রশ্ন করেছি। একটা প্রশ্নের জবাবে বলেছেন যে টোলস য়্যাক্ট বলে এটা এনফোর্স করেন। কিন্তু সাজাটা ফেরিস য়্যাক্ট-এ দিচ্ছেন কেন?

Shri Khagendra Nath Das Gupta :

আদালত সাজা দিচ্ছেন টোল না দেবার জন্য, এর মধ্যে গোলমাল কি আছে বুঝতে পারছি না। ফেরীর জন্য যে টোল সাব্যস্ত আছে সেই টোল না দেবার জন্য এই সাজা দেওয়া হয়েছে।

Shri Narendra Nath Das :

আপনি কি জানেন যে এই ব্যাপারে বীরভূম জেলাতে একটা অসন্তোষ রয়েছে। কারণ বহু জায়গায় এই ধরণের টোলস সাইকেল, গরুরগাড়ী, রিকসার উপরে নেই। বিশেষ করে ময়ুরাক্ষীর উপরে যাবার জন্য সেখানে একটা অসন্তোষ রয়েছে এ খবর কি জানেন?

Shri Khagendra Nath Das Gupta :

টোল যেখানে থাকে সেখানে অসন্তোষ থাকে। টোল শুধু বীরভূমে নয়, মুর্শিদাবাদ, ওয়েস্ট দিনাজপুরএ আছে। এমন খুব বড় একটা অসন্তোষ হলে সেখানে সত্যাগ্রহ অনেক জোরদার হোত।

Shri Sasanka Sekhar Sanyal :

আমার বন্ধু নরেন্দ্রনাথ দাস মহাশয় একটা প্রশ্ন করলেন যে টোলের জন্য বীরভমে অসন্তো আছে কি না? এর উত্তরে উনি বললেন যে বীরভূম, মুর্শিদাবাদে একটু আধটু অসন্তোষ আছে, বেশী অসন্তোষ থাকলে সত্যাগ্রহ হবে। আমার এখানে সাপ্লিমেণ্টারী হচ্ছে যে তাহলে মন্ত্রি মহাশয় কি সত্যাগ্রহ আহ্বান করছেন?

Shri Khagendra Nath Das Gupta :

আমি সেরকমভাবে বলিনি। আমি বলেছি যে খুব জোর অসন্তোষ থাকলে সত্যাগ্রহ খুব জোরদার হোত।

[3-10—3-20 p.m.]

Shri Debendra Kumar Mukhopadhyay :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলতে পারেন এই টোলস য়্যাক্ট এবং ফেরিস য়্যাক্ট এই দুটোর মধ্যে পার্থক্য কি? একই য়্যাক্ট?

Shri Khagendra Nath Das Gupta :

আমি তা বলতে পারছি না। তবে ফেরিস য়্যাক্ট সম্পর্কে আছে ফেরীর উপর যে টোল ধার্য্য করা হয়।

Shri Debendra Kumar Mukhopadhyay :

আপনি যদি ফেরিস য়্যাক্ট ও টোলস য়্যাক্টএর পার্থক্য বলতে না পারেন, তাহলে আর কি কোশ্চেন করবো ? অথচ এতে আবার কনভিকশান হয়ে গেছে বলছেন।

Shri Khagendra Nath Das Gupta :

আবার নোটিশ দিলে জানিয়ে দেব।

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহাশয় কী জানাবেন এযাবৎ তিলপাড়া ব্যারেজ থেকে কত টাকা আপনারা টোল তুলেছেন ?

Shri Khagendra Nath Das Gupta :

নোটিশ দিলে বলতে পারবো। তাছাড়া এই কোশ্চেন থেকে ওটা য়্যারাইজ করে বলে আমার মনে হয় না।

Shri Sasanka Sekhar Sanyal :

মন্ত্রী মহোদয় কি জানেন টোলস য়্যাক্ট-এর মধ্যে কোন প্যানাল প্রভিসন আছে কি না ?

Shri Khagendra Nath Das Gupta :

এই কোশ্চেনের উপর টোলস য়্যাক্ট কি করে আসে জানি না। তবে আমি নোটিশ দিলে বলতে পারবো।

Shri Narendra Nath Das :

প্যানাল প্রভিসন যদি না থাকে, তাহলে কি করে পানিসমেণ্ট দেন ?

Shri Khagendra Nath Das Gupta :

এটা ফেরিস য়্যাক্ট এর কথা হচ্ছে না।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন এই টোল যা তোলা হবে, সেটা কি তিলপাড়া ব্যারেজ ও ময়ূরাক্ষী ব্যারেজের সমস্ত খরচটা তোলবার জন্য আরোপ করা হবে ?

Shir Khagendra Nath Das Gupta :

না। এর সঙ্গে টোল ধার্যের কোন সম্পর্ক নাই। টোল ধার্য্য করা হয়েছে গভর্নমেণ্টের রেভেনিউ আর্নিং-এর জন্য।

Shri Sasanka Sekhar Sanyal : Will any of the Ministers occupying the Treasury Benches be pleased to answer whether there is any penal provision in the Tolls Act ?

(No reply)

Shri Sasanka Sekhar Sanyal : Will the Hon'ble Finance Minister be pleased to give us the light on the subject ?

Shri Saila Kumar Mukherjee : All that I know is that if tolls are not paid then action lies.

Shri Sasanka Sekhar Sanyal : Under the Tolls Act or under the Ferries Act ?

Shri Saila Kumar Mukherjee : Tolls Act is different from the Ferries Act. Under the Ferries Act tolls are levied on the ferries but under the Tolls Act tolls are levied on the bridges, roads and even on ferries.

Calling attention to matters of urgent public importance

Mr. Deputy Chairman : The attention of the Minister concerned was drawn on 24th September 1964 by Shrimati Anila Debi to the subject of payment of deputation allowance to teachers under training.

The Minister concerned will please make statement, if he has come prepared.

Shri Rabindralal Sinha : Sir, in reply to that notice I beg to make the following statement :—

An expenditure of Rs. 9·49 Crores has already been incurred towards payment of deputation pay of teachers under training in training colleges during this financial year. We are further releasing deputation pay of approved teachers still under training in the current session and in majority of cases grant for such payment has already been released.

Mr. Deputy Chairman : I have before me one notice of Calling Attention by Shri Nirmalya Bagchi to the subject of non-payment of dearness allowance of Rs. 5 to the school mothers serving in the Junior Basic Primary Schools in Hooghly district. The form in which he has put the question cannot come under the Calling Attention but still I have allowed it.

Shri Nirmalya Bagchi : It has been reported that school mothers serving in the Junior Basic Primary Schools in the Hooghly district are being deprived of the benefit of the recent dearness allowance of Rs. 5 per month. The Hon'ble Minister is requested to make a statement clarifying the reasons for their exclusion.

Shri Rabindralal Sinha : Sir, the statement will be made on Monday next.

Hunger-strike of secondary School Teachers

Shri Sasanka Sekhar Sanyal :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকের নির্ধারিত কর্মসূচীর আলোচনা আরম্ভ হবার পূর্বে আমি একটা বিশেষ গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার এবং আপনার মাধ্যমে এই পরিষদের এবং বিশেষ করে শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করতে চাই। আমরা সকলে অবগত আছি আজকে মাধ্যমিক শিক্ষকরা এক সপ্তাহের অনশন ধর্মঘটে প্রবৃত্ত হয়েছেন। তাঁদের দাবীদাওয়া সুপরিচিত এবং এ সম্বন্ধে অনেকবার এখানে উপস্থিত করা হয়েছে। তাঁরা যে দাবী করছেন সেই দাবী কতখানি সঙ্গত বা দরকার তার কতখানি গ্রহণ করবেন একথা নিয়ে বিতর্কের মধ্যে আমি যেতে চাই না। আমরা এই ব্যাপার নিয়ে স্বতঃই খুব উদ্বেলিত হচ্ছি। তার কারণ শিক্ষকদের সমাজে একটা স্থান আছে। এছাড়া এই পরিষদে শিক্ষক প্রতিনিধি আছে—যেটা বিধান সভায় নেই—যাঁরা আমাদের পাশেই বসেন সত্যপ্রিয় বাবু ও অনিলা দেবী তাঁরা এই পরিষদের সদস্য এবং দলমত নির্বিশেষে তাঁদের নিরাপত্তা ও তাঁদের স্বাস্থ্যের দিক থেকে আমরা সকলেই আগ্রহান্বিত। অতীতেও শিক্ষকরা ধর্মঘট করেছেন এবং দুই পক্ষের

জেদাজেদি শেষ পর্য্যন্ত দুই পক্ষের কোলাকুলিতে পর্য্যবসিত হয়েছিল। আজকে আমাদের তরুণ বন্ধু শিক্ষামন্ত্রীকে বিশেষ করে আবেদন জানাচ্ছি যে পরে এর একটা পরিসমাপ্তি হবে সংগ্রাম ও সংঘর্ষের মধ্য দিয়ে কিন্তু এই রকমের পরিসমাপ্তিকে এড়িয়ে গিয়ে যদি সুরুতে আমরা বাইরে বসে—শিক্ষামন্ত্রী, অন্যান্য মন্ত্রী, শিক্ষকদের প্রতিনিধি এবং সেই সঙ্গে সমস্ত দলের প্রতিনিধিরা বসে এর একটা সুচারুরূপে সমাধা করতে পারি তাহলে বোধ হয় ভাল হবে। আমি বিশেষ করে আবেদন করছি যে পূজার পূর্বে অনেক রকম বিতর্কমূলক অবস্থার মধ্য দিয়ে আমরা গেছি, আর নূতন করে অবাঞ্ছিত পরিস্থিতিকে ঘাড়ের উপর যাতে না চাপে সেটা সকলের পক্ষে পরিহার করা কর্তব্য। আমি অনুরোধ করছি শিক্ষামন্ত্রী নিজে একটু এগিয়ে আসুন। শেষ পর্যন্ত ঘটনার চাপে কি হবে তার উপর নির্ভর না করে ঘটনা সৃষ্টি না করে নিজে এগিয়ে এসে যাতে এর একটা সুমীমাংসা হয় সে বিষয়ে তিনি প্রয়াস করুন।

Shri Santosh Kumar Bhattacharyya :

স্যার, এখানে আমাদের শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন বলে আপনার মাধ্যমে তাঁর কাছে যে নিবেদন আমার আগে শ্রদ্ধেয় সদস্য শশাঙ্ক বাবু করেছেন আমিও সেটা করছি। তাঁদের দাবী অত্যন্ত সামান্য। অর্থাৎ অন্তবর্ত্তীকালীন সকলের জন্য ১০ টাকা মহার্ঘ্য ভাতা চায়। শিক্ষক, বিদ্যালয়ের কেরাণী, বেয়ারা, পিওন ইত্যাদি সকলের জন্য সমভাবে ১০ টাকা অন্তবর্ত্তীকালীন মহার্ঘ্য ভাতা আমরা চাই। আমরা চেয়েছি ৩০ টাকা এটা নিয়ে পরে আলোচনা করব। কিন্তু অন্তবর্ত্তীকালীন হিসেবে চেয়েছি ১০ টাকা। এরজন্য খুব একটা বিরাট টাকার অঙ্ক লাগবে তা নয়। কত লক্ষ টাকা হবে এই সামান্য দাবী যেটা মেটান যেতে পারে সেটা যদি শিক্ষামন্ত্রী মহাশয় বলেন তাহলে আমরা বুঝতে পারি যে সরকারের অবস্থাটা কি? আজ থেকে ৭ দিন ব্যাপী এঁরা অনশন করতে যাচেছন। এর আগে আপনি বললেন যে ওঁর কাছে কয়েক হাজার শিক্ষক, শিক্ষিকা, কেরাণী পিওন, ইত্যাদিরা প্রোসেশন করে এসেছিলেন, সেদিন তিনি বিধানসভায় ছিলেন না, তিনি বিধানসভায় এসে চলে গিয়েছিলেন বলে আমরা মুখ্যমন্ত্রীর কাছে স্মারকলিপি পেশ করেছি। তারপর এই দাবীর উপর গত ১৫ই তারিখে সারা পশ্চিমবাংলার মাধ্যমিক শিক্ষকগণ কর্মবিরতি করেছেন সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য। কিন্তু দুঃখের বিষয় আজ পর্য্যন্ত এবিষয়ে তাদের তরফ থেকে কিছু শোনা যাচেছ না। কাজেই উপায়ন্তর না দেখে আজ থেকে ওয়েলিংটন স্কোয়ারে বহু সংখ্যক শিক্ষক শিক্ষিকা, বিদ্যালয়ের কেরাণী, অধঃস্তন কর্মচারীরা এক সপ্তাহব্যাপী একটানা অনশন ধর্মঘট আরম্ভ করেছেন সরকারের দৃষ্টি আকর্ষণ করার জন্য এবং সরকারের শুভ বুদ্ধি জাগ্রত করার জন্য। শিক্ষামন্ত্রিমহাশয় এখানে আছেন, তিনি আমাদের হাউস-এর লিডার তাঁকে বলছিল যে শশাঙ্ক বাবু যেটা বলেছেন যে পরিস্থিতি যাতে কোনরকম বিসদৃশ না হয় তার আগে আমরা আশা করি উনি বলবেন যে তিনি বিবেচনা করছেন এবং এই যে সামান্য নগন্য দাবী সকলের জন্য ১০ টাকা নিঃস্বর্ত মহার্ঘভাতা তা দেওয়া। অন্যান্য ব্যাপারে ওঁরা বহু লক্ষ লক্ষ টাকা খরচ করেন। কাজেই এটা যদি বলেন এবং আমাদের যদি আশ্বাস দেন তাহলে আমার মনে হয় এই যে পরিস্থিতি এই পরিস্থিতি এড়ান যেতে পারে।

[3-20—3-30 p.m.]

Shri Rajkumar Chakraverty :

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, এ বিষয়ে ইতিপূর্বে শিক্ষক সমিতি মাননীয় শিক্ষামন্ত্রীর সঙ্গে দেখা সাক্ষাৎ করবার জন্য চিঠি দিয়েছিল এবং শিক্ষামন্ত্রীও বলেছিলেন যে তিনি তাঁদের সঙ্গে দেখা সাক্ষাৎ করবেন। সুতরাং এটা আলোচনার স্টেজের বাইরে এখনো চলে যায়নি। আমি আশা করি এ বিষয়ে বেশীদূর না গড়াতে দেওয়াই ভাল। কারণ গণ অনশন বেশী প্রীতিপ্রদ জিনিষ নয়। সুতরাং এটা বেশীদূর না গড়াবার পূর্বে শিক্ষামন্ত্রী যে কথা বলেছেন এ নিয়ে আলাপ আলোচনা করবেন। তার জন্য তিনি যদি একটা পথ অবিষ্কার করেন, তাহলে ভাল হয়।

Shri Nirmal Bose :

স্যার, আমি পুনরাবৃত্তি না করে একটি কথা এ সম্বন্ধে বলতে চাই। শিক্ষামন্ত্রীর কাছে এগিয়ে আসার জন্য আবেদন করা হয়েছে, আজকে মাধ্যমিক শিক্ষক শিক্ষিকারা তাঁদের দাবী নিয়ে অনশন সুরু

করেছেন। বাংলাদেশের শিক্ষার অবস্থা বর্তমানে এরকমই যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়ে শিক্ষকরা আন্দোলনের কথা বলছেন, প্রাথমিক শিক্ষকরা যেখানে বলছেন যে তাদেরও হয়ত এই রকম কর্মপন্থা ভবিষ্যতে গ্রহণ করতে হবে। তাই বর্তমান অবস্থায় যদি শিক্ষামন্ত্রী এগিয়ে আসেন, যাতে এই অনশনের অবস্থাটা আমরা এড়াতে পারি এবং একটা সম্মানজনক মীমাংসায় পৌছিতে পারি, তার জন্য তিনি চেষ্টা করুন। তাঁর কাছে আবেদন তিনি এগিয়ে আসুন এবং এবিষয়ে একটা মীমাংসা করুন।

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় উপাধ্যক্ষ মহোদয়, মাধ্যমিক বিদ্যালয়ের যারা শিক্ষক, গ্রন্থাগারিক, পিওন, দারোয়ান—এদের আর্থিক অবস্থা অত্যন্ত শোচনীয় এবং কোন উন্নতি তাদের হয় নাই, শিক্ষকদের জন্য যদিও বা সামান্য কিছু করেছেন কিন্তু ক্লার্ক, লাইব্রেরীয়ান, পিওন, দারোয়ান—এদের অবস্থা খুবই খারাপ, তাদের জন্য কিছু মাগ্‌গীভাতা দেওয়া আমার মনে হয় মানবতার দিক থেকে বিশেষ প্রয়োজন রয়েছে। সুতরাং এই দিক থেকে মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। এটা খুবই ন্যায়সঙ্গত দাবী। এদের জন্য বেশী খরচ হবে বলে মনে হয় না। এখানে মাননীয় ফাইনান্স মিনিস্টারও উপস্থিত আছেন, তাঁরা দুজনে যদি পরামর্শ করে একটা মীমাংসায় আসেন, তাহলে ভাল হয়। আজ একটা অবাঞ্ছনীয় যে পরিস্থিতির উদ্ভব হচ্ছে তাতে মনে হয় একটা সংঘর্ষ চলবে। কোন স্বাধীন ও সভ্য দেশ শিক্ষা জগতে বা শিক্ষকদের সঙ্গে কোন রকম ধ্বস্তাধ্বস্তির মধ্যে আসে না। তার আগেই যেন তাঁরা একটা মীমাংসা করে নেন। আমি জানি ইংল্যাণ্ডে যে বার্নহাম কমিটি আছে তার সঙ্গে পরামর্শ করে সেখানকার গভর্নমেণ্ট কাজকর্ম করেন, বেতনাদি সম্পর্কে নীতি নির্ধারিত হয়। এখানে যিনি শিক্ষামন্ত্রী আছে তিনি প্রতিনিধি স্থানীয় শিক্ষকদের আহ্বান করে যদি একটা কোন সম্মানজনক মীমাংসায় আসেন, তাহলে এই যে একটা অস্বস্তিকর পরিস্থিতির উদ্ভব হচ্ছে, তা থেকে সকলে মুক্তি পেতে পারেন। তাই জন্য আমি সবিনয়ে আবেদন জানাচ্ছি শিক্ষামন্ত্রী একলা কিছু করতে পারবেন না, ফাইন্যান্স মিনিস্টার যতক্ষণ সম্মতি না দিচ্ছেন, ততক্ষণ তিনি কোন প্ল্যান নিলেও তা কার্যকরী করতে পারবেন না। সুতরাং অর্থমন্ত্রীর কাছে আবেদন করছি তিনি উদার হয়ে শিক্ষামন্ত্রী যে প্রস্তাব দিবেন তা গ্রহণ করে এই অবাঞ্ছনীয় পরিস্থিতির হাত থেকে সকলকে মুক্ত কররেন।

Shri Jatin Chakravorty :

এর পরেও শিক্ষামন্ত্রী কিছু বলবেন না স্যার?

Mr. Deputy Chairman:

তিনি যদি কিছু না বলেন তাহলে আমি কি করতে পারি।
Attention of the Ministers has been drawn to it.

Shri Jatin Chakravorty :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি আপনার অনুমতি নিয়েই একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি এই সভার দৃষ্টি আকর্ষণ করতে চাই।

স্যার, আর আধ ঘণ্টা পরেই রাইটার্স বিল্ডিংসের রোটাণ্ডায় একটি জরুরী সভা অনুষ্ঠিত হতে চলেছে এবং দিল্লী থেকে আজকে সকালে আমাদের ভারতবর্ষের স্বরাষ্ট্রমন্ত্রী নন্দজী এসেছেন এবং তাঁর সাথে আমাদের এখানকার মুখ্যমন্ত্রীও আছেন। সদাচার সমিতি, ভিজিলেন্স কমিটি এই সব সংস্থা নাকি আজকে গঠিত হতে চলেছে। আমাদের এখানে মুখ্যমন্ত্রী মহাশয় প্রশ্নোত্তরের সময় আমারই একটা প্রশ্নের জবাবে তিনি বলেছেন যে বেসরকারী সংস্থা গঠন করা হবে। আমি জানতে চাইছি এখানে যদি বেসরকারী সংগঠন হয়, তাহলে রাইটার্স বিল্ডিংসের রোটাণ্ডাতে সেই সংস্থার কি করে সভা হয়? এবং দ্বিতীয়তঃ স্যার, আমি সংবাদপত্রে যেটুকু দেখেছি যে ঐ সংস্থায় আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় আছেন এবং যাঁর নাম আপনি কথতে রোজই

বারণ করেন সেই সর্বভারতীয় পশ্চিমবাংলার নেতাও তাতে আছেন। তাঁরা গিয়ে আজকে একজন প্রাক্তন বিচারপতিকে নাকি সেই সংস্থার সভাপতি করছেন। এটা সরকারী কি বেসরকারী তা কেউ বুঝতে পারছেন না।

এটা বেসরকারী কি সরকারী তা বুঝতে পারছি না। এটার সভা রোটাওাতে হয়েছে। প্রাক্তন বিচারপতি দেবব্রত মুখার্জি যিনি ১৯৫২ সাল পর্যন্ত সক্রিয়ভাবে কংগ্রেসের সঙ্গে জড়িত ছিলেন, কংগ্রেসের একজন ক্যানডিডেট হিসাবে নির্বাচনে অংশ গ্রহণ করে পরাজিত হয়ে ছিলেন এবং তারপর তাঁকে পুরস্কার হিসেবে হাইকোর্টের জজ করে দেওয়া হয়। জজ হবার আগে পর্যন্ত তিনি দক্ষিণ কোলকাতা কংগ্রেস কমিটির অফিস বেয়ারার ছিলেন, গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত ছিলেন তাঁকে এর সভাপতি করা হল। আপনি জানেন ঐ সর্বভারতীয় নেতা সম্পর্কে আমাদের বহু অভিযোগ আছে। নন্দজীর কাছে অভিযোগ করেছি এবং এ সম্পর্কে কিছু কিছু তদন্ত হয়েছে। আমার বক্তব্য হচ্ছে এটা বেসরকারী সংস্থা, না সরকারী সংস্থা? বেসরকারী হলে মুখ্যমন্ত্রী তাদের সঙ্গে এইভাবে গিয়ে রোটাওাতে সভা করেন কি করে সেটা আমি জানতে চাই? শৈলবাবু আছেন—তিনি অত্যন্ত গুরুত্বপূর্ণ—মুখ্যমন্ত্রীর পরেই তাঁর স্থান এবং তাঁর ডেপুটি হিসেবে প্রায় জবাব দেন। আমি তাঁর কাছ থেকে জানতে চাই যে কি করে রোটাওাতে সভা হল? শৈলবাবু এর জবাব দিন, খগেন বাবুর দেরী হয় জবাব দিতে। বেসরকারী যদি সংগঠন হয় তাহলে মুখ্যমন্ত্রী কি করে রোটাওাতে সভা করেছেন এবং ঐ ভদ্রলোককে সভাপতি করেন সেটা জানতে চাই? যিনি কংগ্রেসের সক্রিয় সভ্য ও কংগ্রেসের প্রার্থী ছিলেন সেই ভদ্রলোককে দিয়ে কি করে দুর্নীতির সম্পর্কে সদাচার সমিতি তার তদন্ত করবে সেটা আমি জানতে চাই? এবং রোটাওাকে আপনারা কি করে ব্যবহার করতে দিয়েছেন, কিসের জন্য তাও জানতে চাই?

Mr. Deputy Chairman :

You have drawn the attention of Minister concerned. Now let us take up the next Bill.

Shri Sasanka Sekhar Sanyal :

আমি একটা পয়েণ্ট র‍্যারাইজ করছি। গত কয়েকদিন ধরে হরতাল, সভ্যদের জেলে বাস এবং স্টেট ট্রেডিং উঠে যাবে এই রকম একটা স্টেটমেণ্ট প্রফুল্লবাবু করছেন এবং টিচাররা স্ট্রাইক করেছেন। এই সমস্ত গুরুত্বপূর্ণ র‍্যাবনরম্যাল সিচুয়েশন-এর মধ্য দিয়ে আমরা যাচ্ছি, অথচ for the last few days the fugitive Chief Minister is going about like an absconder. তিনি আসছেন না কেন?

Mr. Deputy Chirman : Cabinet Ministers are there

Shri Sasanka Sekhar Sanyal :

তাহলে লেজিসলেচার ডাকার দরকার কি? তাঁর যদি এখানে না এলে চলে তাহলে লেজিসলেচার এ্যাডজোর্নড করে দেওয়া হোক। এখানে আমার কোয়েশ্চেন অব প্রিভিলেজ হচ্ছে It is a question of courtesy and decency. Important things are cropping up. We are going through an abnormal and unusual situation. The Chief Minister is like a criminal avoiding the gaze of the Legislature. Why should he not appear ?

[3-30—3-40 p.m.]

Shri Sukumar Dutta :

তাহলে হেবিয়াস কার্পাস করুন না।

Shri Sasanka Sekhar Sanyal :

এখানে হেবিয়াস কর্পাস ওটা লাই করে না বলে চেয়ারম্যানকে করতে বলছি।
Arms of the Chairman are longer than the High Court Judges' arms for the matter of securing attendance of the Ministers. If he says that 'I want the Chief Minister to come' he has to come.

Shri Abdullah Rasul :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি এক মিনিটের জন্য একটা বিষয়ের উল্লেখ করছি। সেটা হচ্ছে এই আজ কয়েকদিন ধরে [গত শনিবার থেকে বাজারে রুটি পাওয়া যাচ্ছে না. দোকানে সুজি ময়দাও পাওয়া যাচ্ছে না। পূজার মরশুম এসে পড়েছে। জনসাধারণের মধ্যে প্রচণ্ড বিক্ষোভ। গভর্ণমেণ্টের তরফ থেকে এ সম্বন্ধে কি বলবেন তা আমরা কিছুই বুঝতে পারছি না। আমি জানতে চাচ্ছি সরকার অবিলম্বে সে বিষয়ে কি করতে চাচ্ছেন এবং তাঁরা কি আশ্বাস দিচ্ছেন ?]

দ্বিতীয়তঃ একটা বিষয় আজকে কাগজে দেখেছি ১৫ই তারিখের পরে নাকি কাপড়ের দর নিয়ন্ত্রণ করা হবে। অর্থাৎ বোম্বে কলের সমস্ত কাপড় যখন এখানে আসার পর লুটপাট শেষ হয়ে যাবে, পূজাও যখন শেষ হয়ে যাবে, লুটপাটও সম্পূর্ণ হবে, তখন কাপড়ের দর নিয়ন্ত্রণ করা হবে। বিষয়টা কি তা বুঝতে পারছি না। সেই সম্পর্কে যদি সরকারী তরফ থেকে কেউ আলোকপাত করেন তাহলে ভাল হয়।

Shri Santosh Kumar Bhattacharyya :

স্যার, কিছুদিন ধরে একটি জিনিষ আমরা লক্ষ্য করছি কোন কিছু জানতে চাইলেও আমাদের মন্ত্রীরা মুখ খুলছেন না।

Shri Sasanka Sekhar Sanyal :

তাঁরা মুখও খুলছেন না. বুকও খুলছেন না। দুই দরজাই বন্ধ।

Mr. Deputy Chairman : You may draw the attention of the Ministers but I cannot force them to make a statement. If they feel necessary then they will make the statement.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1964

Shri Saila Kumar Mukherjee : Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

The Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, was introduced in the Legislative Assembly on the 7th August, 1963. It was then referred to a joint Committee of both Houses which considered the Bill clause by clause and effected certain changes in the Bill. The changes were incorporated in the Calcutta Municipal (Second Amendment) Bill, 1963, as reported by the Joint Committee. The Bill as reported by the Joint Committee has since been passed by the Assembly and to day I am asking for leave of the House to take into consideration the Bill as passed by the Assembly.

The Bill now consists of 129 clauses. The Bill as it now stands proposes the following main amendments to the Calcutta Municipal Act, 1951:—

1. Amendments asked for by the Corporation itself including enhancement of certain taxes and fees which they have been pressing for a long time;

2. Amendments necessitated by judicial decisions relating to taxes on advertisements and to license for certain use of premises;

3. Amendments necessitated by conversions to metric measures;

4. Amendments to ensure that the executive head of the administration wields effective power over the staff subject to the democratic control of the Corporation;

5. Amendments regarding—

   (i) Reduction of the number of Standing Committees and their annual elections instead of elections every four years;

   (ii) Framing of certain rules by the State Government instead of by the Corporation;

   (iii) Constitution of an Accounts Committee by proportional representation;

   (iv) Similar constitution of an Estimates Committee by proportional representation ;

   (v) Fiscal powers of a Standing Committee and the Commissioner ;

   (vi) Creation of a Judicial Tribunal for hearing appeals from orders relating to building cases ;

   (vii) Payment of honoraria and allowances to Councillors and Aldermen; and

   (viii) Suspension of the Corporation, if necessary.

Certain provisions of the original Bill so emphasize the separation of the policy-making function from the executive function absolutely have been omitted from the Bill, as reported by the Joint Select Committee. Nevertheless, the Bill sufficiently clarifies the position of the Commissioner as the executive head of a big administration functioning within the framework of the general powers of the Corporation, referred to in section 24 of the Act.

The next election of the Calcutta Corporation will be held on adult franchise for which provision has already been made and it is hoped that executive efficiency in a democratic set-up will be able to effect an all-round improvement in the civic life of the city of Calcutta.

Sir, with these preliminary remarks, I move my motion.

Shri Rajkumar Chakraverty : Sir, the Calcutta Municipal (Second Amendment) Bill, as presented before the House, is not acceptable to me The Hon'ble Minister has pleaded....

Shri Narendra Nath Das : On a point of order. Sir.

যে বক্তৃতা তিনি দিলেন তার একটা কপি সারকুলেট করে দিলে ভাল হয়।

Shri Saila Kumar Mukherjee :

আপনারা 'নোটিস' করে নিন।

Shri Sasanka Sekhar Sanyal :
'নোটিস' প্রশ্ন নয়।
The notes have lapsed into debate

Shri Rajkumar Chakraverty : The Hon'ble Minister has pleaded that effective control of the Corporation by the Government.

Shri Saila Kumar Mukherjee : I have never said that.

Shri Rajkumar Chakraverty : By the Commissioner. It is still more objectionable. It is now an elected body. It will consist of 100 elected representatives of the public, but the Commissioner will have powers without responsibility and the elected representatives will be so many nonentities because the Corporation will be fully officialised if this Bill is passed.

Sir, the history of freedom of the Corporation is well-known to many of us. I will quote a few lines from Sir Surendra Nath Banerjee's book called "A Nation in the Making". Sir, we all know that the Corporation was an official body at one time. Sir Surendra Nath says in his book at page 121 : "The majority of the representatives of the ratepayers in the Corporation was still maintained." That was during Mackenzie's days. "But it was left for Lord Curzon, after the Bill has passed the Select Committee stage, to issue the crowning mandate that was to officialise the Corporation, directing the reduction of the elected members and placing them numerically on the same footing as the nominated members. This, coupled with the fact that the President was an official, gave a standing majority to the official element. Thus was the officialisation of the Corporation completed." This was in 1899. Sir Surendra Nath was then a member of the Corporation. He along with 28 other members of the Corporation resigned as a protest. Then in 1921 Sir Surendra Nath became the Minister-in-charge of Local Self-Government of the Government of Bengal and he made the Corporation an elected body. In 1921 Sir Surendra Nath, as the Minister-in-charge of Local Self-Government, rescued the Corporation from the official hands and gave elected majority to the non-officials when Mr. C.R.Das became the first Mayor and, after a few years, Mr. Subhas Chandra Bose became the Chief Executive Officer. Sir Surendra Nath says in his book : "Twenty-two years have come and gone. I expressed the hope and I ventured to indulge in the prediction that the inestimable, boon of local self-government would within a measurable distance of time be restored to the city of my birth. The time has come. The day has arrived. I have lived to see it. I thank God on my knees...I have endeavoured to embody in this Bill the principles which I preached and for which I lived and worked."

So, he rescued the Corporation from officialisation in 1921. What was done by Sir Surendranath is going to be undone by the present Ministry. That is my complaint The officialisation about which Sir Surendranath complained will be completed as a result of the passing of this Bill.

[3-40—3-50 p.m.]

Let me take up the position of the Commissioner. The State Government shall appoint the Commissioner; he is the pivot of the team; his is a key-post. He can spend money up to Rs. 25,000. A new provision is there that he can be dismissed by the Government. So he can be appointed by the Government and dismissed by the Government. The Commissioner has to be appointed in consultation with the Public Service Commission. That is a very good priciple but if the Public Service Commission is to be consulted, why not leave it to the Corporation to choose the person whom the Public Service Commission offers for selection. I am reminded in this connection of the quarrel between America and England before

ne American war of independence. There the British Government removed all the chief Executive Officers in the different States of America at their whims whenever they failed to be sub-servient to the British Government. Here also the Government of West Bengal wants a sub-servient person to be the Commissioner of Corporation. The power of appointment and dismissal is vested in the State Government: that is the most objectionable thing.

Then there is the power of supersession by the State Government. There are similar provisions in many institutions but here the Government is not satisfied merely with the power of supersession of the Corporation but the Government keeps in its hands the power of supersession of any Department of the Corporation, and they can impose some officers from Writers Buildings or firm from some other place to man the superseded Department.

In clause 23 I find the Finance Officer and Chief Accountant is to be appointed by the State Government. The position of the Finance Officer and Chief Accountant is no inconsiderable one. He has to look to Writers' Buildings for his job.

In clause 26 we find the Corporation can create a post carrying a salary of more than Rs. 1,000 or can enhance the slary of a person to Rs. 1,000 or more per month subject only to the approval of the State Government.

One good thing I find here is that the Bill provides for the constitution of a Building Committee. If there be any complaint about any building it may be decided by the Building Committee. The constitution of the Building Committee is that the President will be appointed by the State Government; there will be two Assessors of this Building Committee—it is called Building Tribunal: one of the Assessors is to be appointed by the State Government and the other by the Corporation. It is very difficult for me to understand this principle.

It has been laid down in the Act that the President of the Building Tribunal will be a man of Judicial Service and he will hold the rank not inferior to that of the District Judge and he must have the ten years' service. That is very good, but why should we leave the matter there and ask the Corporation to choose such a man from the rank of the Judiciary? Even there also the Corporation could not be trusted. The State Government must trust a man of the Judiciary upon the Corporation. The Corporation will only appoint one Assessor, but the other Assessor will be appointed by the Government. The Government might as well appoint all the three members of the Tribunal, and the small mercy that they have left to the Corporation is the appointment of one Assessor—keeping the main appointments of the President of the Tribunal and one of the Assessors in their hands.

Sir, I will not take much time of the House. My complaint is that it has fully officialised, because the key-posts have been kept at the disposal of the State Government. I am afraid this Bill has been prepared on the assumption that the present ruling party will always rule and there will be no change of Ministry ever. I only give this warning to the Ministry that they ought to remember that they are going to make laws for all time to come, whatever the character of the Ministry may be. Today there may be this party in power, tomorrow or some years after there may be another Ministry in power but then what will happen ? The Engineer will be hoisted with his own petard as Shakespeare said, and these gentlemen will stew in their own juice if some other party comes into power. Therefore, usurping all the powers of appointment to the key-posts in their hands is not a very sound principle. I think they should reconsider the position and see whether they can alter any of the provisions.

With these few words, Sir, I object to the Bill because it is going to officialise the Corporation about which or against which Sir Surendranath complained so bitterly in his days.

Shri Nirmal Basu :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল এখানে উত্থাপন করা হয়েছে আমি তার বিরোধিতা করছি। এখানে যে বিল উত্থাপন করা রয়েছে তার মধ্যদিয়ে ক্যালকাটা কর্পোরেশন-এর গণতন্ত্র হচ্ছে না, সুশাসন হচ্ছে না এবং স্বায়ত্বশাসনের যে মূল নীতি সেই মূল নীতির সম্পর্কে বিরোধী একটা বিল আমাদের সামনে আনা হয়েছে। সুশাসনের নাম করে আমরা দেখতে পাচ্ছি এখানে সরকার সমস্ত ক্যালকাটা কর্পোরেশনকে নিজের হাতে তুলে নিচ্ছেন। এর আগে শ্রদ্ধেয় রাজকুমারবাবু বলেছেন যে সুরেন্দ্রনাথ ব্যানার্জি কি ভাবে ক্যালকাটা কর্পোরেশন-এর কথা ভেবেছিলেন। উনি যে আইন এনেছিলেন তাতে যেটুকুন স্বাধীনতা কর্পোরেশন-এর ছিল স্বাধীন রাজত্বে যেখানে আমাদের সংবিধানে গণতান্ত্রিক বিকেন্দ্রীকরণের কথা, সেখানে স্বায়ত্তশাসনের কথা রয়েছে এবং যেখানে আমরা প্রতিদিন বলছি স্থানীয় স্বায়ত্তশাসনের মধ্য দিয়ে গণতন্ত্রকে আমরা স্বার্থক করতে চাই সেখানে সরকারী নিয়ন্ত্রণ আরও বেশী করে কর্পোরেশন-এ বসালেন। বিলের বিভিন্ন প্রসঙ্গে আমি পরে আসছি সরকারী নিয়ন্ত্রণ হস্তক্ষেপ এই কর্পোরেশন এর উপর কিভাবে হচ্ছে সেটা আমরা কয়েকদিন আগে লক্ষ্য করলাম। আমরা জানি দুটো প্রতিষ্ঠানে কিছুটা স্বায়ত্তশাসন রয়েছে সরকারের তা সহ্য হচ্ছে না—একটা হচ্ছে ক্যালকাটা ইউনিভার্সিটি আর একটা ক্যালকাটা কর্পোরেশন, এ ছাড়া অন্যান্য জায়গায় জেলা পর্ষদ ইত্যাদি নাম করে সেখানে সরকারী হস্তক্ষেপ হচ্ছে। বিশ্ববিদ্যালয় বিল এসেছে—তার এখন আমি আলোচনা করতে চাই না—সেখানেও দেখছি কিভাবে স্বাধীনতা খর্ব করার চেষ্টা করা হচ্ছে। কর্পোরেশন-এর উপর গতকাল মন্ত্রীমহাশয় বিবৃতিতে বলেছিলেন মেয়র পুলিশ ডেকেছিলেন। কিন্তু মেয়র বললেন পুলিশ আমি ডাকিনি। দুজনই কংগ্রেসের লোক—মেয়র বলছেন আমি পুলিশ ডাকিনি তদন্ত হোক, আর এখানে মন্ত্রীমহাশয় বলছেন মেয়র পুলিশ ডেকেছিলেন বলে পুলিশ গিয়েছিল। এটা একটা গুরুত্বপূর্ণ বিষয় যেখানে কংগ্রেস নিজে শ্রমিক আন্দোলন করছে।

[3-50— 4 p.m.]

যেখানে কর্পোরেশনের শ্রমিকরা আন্দোলন করছেন যে কর্পোরেশনের স্বাতন্ত্র্য আছে—আমরা বলি, সরকার সেখানে হস্তক্ষেপ করবে না এটা আমরা চাই যেখানটাতে সেদিন লাঠি চার্জ হলো, গোলমাল হলো, যার জন্য সরকার এবং মেয়র বিপরীত কথা বলছেন। সে বিষয়ে একটা পূর্ণাঙ্গ তদন্ত হওয়া উচিত বলে আমরা মনে করি।

আজকে এই বিলে কি বলা হয়েছে? তাতে এই কথা বলবার চেষ্টা হয়েছে যে কর্পোরেশন ভালভাবে চলছে না। তাই নাগরিকদের স্বার্থে কর্পোরেশনকে ঠিকমত পরিচালনা করবার জন্য কতকগুলি ব্যবস্থা গ্রহণ করা দরকার। কি ব্যবস্থা তাঁরা গ্রহণ করেছেন? কাউন্সিলররা এতদিন যে ক্ষমতা ভোগ করতেন, সেই ক্ষমতাকে হ্রাস করা হয়েছে, কমিয়ে দেওয়া হয়েছে। কমিটির ব্যবস্থা যা আছে, যে কমিটির ব্যবস্থা আমাদের স্বায়ত্তশাসনের একটা মূল বিষয়—আমরা বৃটিশের লোকাল সেলফ গভর্নমেণ্ট-এর নীতি অনুযায়ী যে কমিটির ব্যবস্থা আমরা গ্রহণ করেছি, সেই ব্যবস্থাকে পঙ্গু করবার জন্য চেষ্টা করা হচ্ছে। কমিটি পর্য্যায়ের কাজ কমিয়ে দেওয়ার চেষ্টা হচ্ছে। কমিটির গুরুত্ব ও মর্য্যাদা কমিয়ে দেওয়া হচ্ছে। আর সব চেয়ে যেটা আপত্তিকর কমিশনার—প্রধান যিনি কর্ম সচিব তার ক্ষমতা ভয়ংকর রকম বাড়িয়ে দেওয়া হয়েছে এবং কেবলমাত্র তাই নয়-সেই কমিশনারকে পরিপূর্ণভাবে সরকারের তাঁবেদার এবং রাইটার্স বিল্ডিংসের কুক্ষিগত করে রাখবার ব্যবস্থা হয়েছে। তবে এটা স্যার, আমরা স্বীকার করি বর্তমানে যেভাবে কলকাতা কর্পোরেশন চলছে তাতে বলা যায় সেটা ঠিকভাবে চলছে না। কলকাতা কর্পোরেশনে অনেক দুর্নীতি ঢুকেছে

সেখানটাতে শাসন ব্যবস্থা ভালভাবে চলছে না। যেখানে কাজকর্ম দেরীতে হয় এবং অনেক জঞ্জাল সেখানে জমে আছে এবং এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। কিন্তু আসল কাজটা না করে, যে ব্যবস্থা গ্রহণ করলে আজকে কলকাতা কর্পোরেশন ঠিকভাবে পরিচালনা করা যেত, আসল যে অভাব, যে সমস্যা, সেগুলি দূর করা যেত, সেদিকে সরকার আদৌ দৃষ্টি দেন নাই। সেখানে সমস্যা কোথায়? সমস্যা হচ্ছে আসল যে কল্যাণকর কার্য্য, তার জন্য আজকে অর্থ ব্যয় হচ্ছে না; যেগুলো নন-ডেভেলপমেণ্ট এক্সপেনডিচার সেদিকে বেশী খরচ হচ্ছে। এই বিলের মধ্যে এমন কোন ব্যবস্থা নাই যাতে করে সেগুলিকে কমানো যায় এবং ব্যবস্থা করা যায়। কাজ সেখানে ঠিকমত হচ্ছে না। একমাত্র কমিশনারকে যত ক্ষমতা দেওয়া হোক না কেন, তাতে করে নীচস্তরে কোথাও কোন কাজ হচ্ছে না। সে বিষয়ে ঠিকমত ভেবেচিন্তে দূর করার কোন ব্যবস্থা নাই। কমিশনারকে আমরা যত ক্ষমতাই দেই না কেন, যদি নীচের দিকে কাজ না হয় তাহলে কখনো ঠিকমত কাজ হতে পারে না। আজকে কলকাতা কর্পোরেশনে যে দলাদলি চলছে, সেই দলাদলির মাথায় কি রয়েছে? দীর্ঘকাল ধরে তো কংগ্রেস দল এটা চালাচ্ছেন। এই কংগ্রেস দল যেভাবে এটা যে ভাবে পরিচালনা করছেন, তার জন্যই এই সঙ্কট দেখা দিয়েছে। সে বিষয়ে আজকে তাঁরা অবহিত নন। তাঁরা সেই সমস্যাকে এড়িয়ে যাবার চেষ্টা করছেন। তা দেখছি মূল যে সমস্যা, সেই সমস্যাগুলি সম্বন্ধে কোন কথা এই বিলের মধ্যে নাই। এর অর্থ দায়িত্ব এড়িয়ে যাবার চেষ্টা হয়েছে। যেখানে এই অবস্থা, সেখানে কমিশনারের ক্ষমতা বাড়িয়ে দেওয়া হচ্ছে কোন যুক্তিতে? যেখানে কমিশনারকে প্রতিপদে কাজে হস্তক্ষেপ করা হয়, সেখানে তো কাজের অসুবিধা হবেই। সুতরাং এই যে তিনি বললেন পরিপূর্ণ ক্ষমতার স্বাতন্ত্রীকরণ অর্থাৎ পলিসি মেকিং বডি ও এক্সিকিউটিভ বডি আলাদা সম্পূর্ণভাবে না করলে, স্বতন্ত্র না করলে চলবে না। যাতে করে প্রতিপদে কমিশনারের উপর হস্তক্ষেপ না হয় তার জন্য এই বিলে দেখলাম একটা জিনিষ আলাদা ভাবে কিছু করবার ব্যবস্থা করা হয়েছে। কিন্তু সেখানটাতে আমরা কি দেখতে পাচ্ছি? সেখানে একটা ডায়ার্কি একটা দ্বৈতশাসনের আশঙ্কা রয়ে গিয়েছে। কমিশনারের প্রত্যেকটা কাজ এবং কাউন্সিলারদের কতকগুলি কি কি কাজ সেটা পরিষ্কার ভাবে সীমারেখা টেনে দেওয়া হয় নাই। কাউন্সিলারদের কাজ সুস্পষ্টভাবে নির্দেশ করে দেওয়া হয়নি। তার ফলে এই যে একটা দ্বৈত শাসন সেখানে চলবে, একটা দ্বন্দ্ব চলবে, তার মীমাংসা কি করে হবে? এখানে কমিশনারের হাতে বেশী করে ক্ষমতা দিয়ে কাউন্সিলারদের ক্ষমতা খর্ব করে কাজ চালাবার চেষ্টা চলছে। এই যে ব্যবস্থা—এই ব্যবস্থা অত্যন্ত আপত্তিকর। তার কারণ অন্যান্য দেশে আমরা কি দেখছি? আমাদের এখানে আমরা এমন একটি ব্যবস্থা করতে চাচ্ছি, যেটা আমরা অন্য কোথাও কোন দেশে দেখি না। বর্তমানে কলকাতা কর্পোরেশনে যে ব্যবস্থা আমরা করতে যাচ্ছি, সেটা বিবেচনার আগে অন্যান্য দেশের অবস্থা কি তা দেখা যাক। আমরা যেখান থেকে আমাদের স্থানীয় স্বায়ত্তশাসন নীতিকে গ্রহণ করেছি, সেই ইংল্যাণ্ডে কি ব্যবস্থা রয়েছে? সেখানটাতে মেয়র বা চেয়ারম্যানকে নিয়ে যে কাউন্সিল-মেয়র সিষ্টেম সেখানটাতে আমরা দেখছি কাউন্সিল-মেয়রদের অর্থাৎ কর্পোরেশনের উপর সেখানকার স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠানের উপর তাদের ক্ষমতা বেশী রয়েছে। তাঁরাই সেখানকার নীতি নির্ধারণ করেন, তাঁরাই সেখানে কার্য্য পরিচালনা করেন। টাউন ক্লার্ক যাঁরা থাকেন তাঁরা তাঁদের কর্মচারীরূপে তাঁদের নির্দেশিত কাজ তাঁরা করেন। সেই ব্যবস্থা আমরা এতদিন ধরে অনুসরণ করে আসছি। তবে কলকাতা কর্পোরেশনের অভিজ্ঞতা বলে যে আজকে কাউন্সিলারদের হাতে নীতি নির্ধারণের ক্ষমতা সঙ্গে সঙ্গে প্রতিদিনের কাজকর্মের ব্যাপারে যদি বেশী দায়িত্ব থাকে এবং যদি আমাদের কমিশনারকে ঠিক বিলেতের মত টাউন ক্লার্কে পরিণত করি, তাহলে ভাল হবে না। ভাল কথা। তারও পাল্টা ব্যবস্থা আমরা মার্কিণ যুক্তরাষ্ট্রে দেখছি সিটি ম্যানেজার সিষ্টেম, সেই ব্যবস্থা-তো আমরা গ্রহণ করতে পারি। আমরা তাও গ্রহণ করিনি।

ষ্ট্রং মেয়র সিস্টেম, উইক মেয়র সিস্টেম, কমিশনার সিস্টেম এবং সিটি ম্যানেজার সিস্টেম কোন্ জায়গাতে আছে। কিন্তু আমাদের এই প্রস্তাবিত বিলে কমিশনারের ব্যবস্থা করা হয়েছে সেই রকম একটা অদ্ভূত দায়িত্বকে বাদ দিয়ে কাজ করবার যে ব্যবস্থা সে রকম করা হয়নি! ষ্ট্রং মেয়র সিস্টেম—সেখানে মার্কিণ যুক্তরাষ্ট্রে আপনি জানেন রাষ্ট্রপতি থেকে সুরু করে রাজ্যের

গভর্নর থেকে সুরুকরে মেয়র পর্যন্ত জনসাধারণের দ্বারা প্রত্যক্ষভোটে নির্বাচিত। সেজন্য মেয়র প্রধানতঃ স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান এবং মেয়রই ক্ষমতা প্রয়োগ করে থাকেন। নিউইয়র্কের মত শহরে যেখানে মেয়র শক্তিশালী সেখানে মেয়র জনসাধারণের দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত হন। তাঁর মর্য্যাদা রয়েছে, তিনি কাজ করেন এবং কাউন্সিল তাঁর সঙ্গে সহযোগিতা করেন, সেখানে কোনরকম সংঘর্ষ দেখা দেয় না। অন্য দিকে ছোট ছোট শহরে যেখানে উইক মেয়র সিস্টেম আছে সেখানে জনসাধারণের প্রতিনিধি নিয়ে কাউন্সিল গঠিত এবং তাঁরাই সেখানে প্রধান কাজ করেন—মেয়র জনসাধারণের দ্বারা নির্বাচিত। আরও কতকগুলি শহরে বোর্ড অব কমিশন রয়েছে। সেখানে ৫।৬।৭ জনকে জনসাধারণ নির্বাচিত করে দেন, তাঁরা বিভিন্ন দপ্তরের দায়িত্ব গ্রহণ করেন এবং তাঁরা কাজ করেন। তাঁরা জনসাধারণের দ্বারা নির্বাচিত ও জনসাধারণের কাছে দায়ী সিটি ম্যানেজার সিস্টেমএ আমরা তাই দেখেছি। আমাদের দেখে বিভিন্ন সময় বিভিন্ন ভাবে অনেকে উল্লেখ করেন যে ক্যালকাটা কর্পোরেশন-এর অবস্থা খুব ভাল। কিন্তু সেখানে দেখা যায় নীতি নির্ধারক ও কার্য্যনির্বাহক প্রতিষ্ঠানের মধ্যে তফাৎ রয়েছে। সেখানে কাউন্সিল-এর উপর দায়িত্ব দেওয়া হয়েছে। নীতি নির্ধারণ করে দেবার এবং সিটি ম্যানেজারকে দায়িত্ব দেওয়া হয়েছে তিনি সেগুলি কাজ করবেন। ক্যালকাটা কর্পোরেশনএ যদি এই ভাবে ব্যবস্থা করা হোত যে কাউন্সিলররা কর্পোরেশন নীতি ঠিক করে দেবেন এবং কমিশনার সেগুলি কার্যে্য পরিণত করবেন, সেখানে তাঁর উপর হস্তক্ষেপ করা চলবে না তাহলে সেটাকে আমি অভিনন্দন জানাতাম। অর্থাৎ যদি দেখতাম কমিশনার কর্পোরেশন-এর দ্বারা নির্বাচিত, অথবা জনসাধারণের দ্বারা প্রত্যক্ষভাবে নির্বাচিত এবং কর্পোরেশন যে কোন সময়ে তাঁকে সরিয়ে দিতে পারেন, কর্পোরেশন রেসপনসবেল টু দি কমিশনার অর টু দি পিপল এই ব্যবস্থা যদি করা হোত তাহলে বুঝতাম। সেখানে আছে সিটি ম্যানেজারকে কাউন্সিল নির্বাচিত করবেন, কাউন্সিল-এর কাছে কৈফিয়ৎ দিয়ে থাকেন। সিটি ম্যানেজার রাজ্য সরকার, কেন্দ্রীয় সরকারের কাছে দায়ী নন, কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার তাঁকে নিয়োগ করেন না তাঁকে সরিয়ে দিতেও পারেন না। কিন্তু আমাদের এখানে করা হয়েছে যে কমিশনার কর্পোরেশন-এর দ্বারা নির্বাচিত নন। তাঁদের কাছে দায়ীও নন। বরং বলা আছে ৫ ভাগের ৩ ভাগ সদস্য যদি সরকারী কর্মচারী হন তাহলে তাঁকে এক মাসের নোটিশ দিয়ে সরানোর কথা আনতে পারে। কিন্তু সরকারের হাতে কি ক্ষমতা আছে? কমিশনার তাঁরা নিয়োগ করছেন এবং যে কোন সময়ে কমিশনারকে তাঁরা সরিয়ে দিতে পারেন। এর ফলে কমিশনার কার কাছে দায়ী থাকবেন? কমিশনার রাইটার্স বিল্ডিংস-এর দ্বারা নির্বাচিত হয়ে আসবেন, তিনি সব সময়ে রাইটার্স বিল্ডিংস-এর দিকে তাকিয়ে থাকবেন। কেন না তিনি যদি সেখানে খুশী না করতে পারেন, তাদের নির্দেশানুযায়ী কাজ না করতে পারেন তাহলে যে কোন সময় সার্ভিস টারমিনেটেড হয়ে যাবে। সেজন্য বলতে চাই যে কর্পোরেশনকে নীতি নির্ধারণের পরিপূর্ণ দায়িত্ব দিয়ে কর্পোরেশনের দ্বারা নির্বাচিত একজন কমিশনার করুন তাতে আমাদের আপত্তি নেই। কিন্তু আপনারা এটা কি করেছেন? বিলিতি ব্যবস্থায় কর্পোরেশন-এর প্রধান নীতি স্থির করেন ও বিভিন্ন কমিটির দ্বারা কাজ করেন। টাউন ক্লার্ক কেরাণী ছাড়া কিছু নয়। মার্কিন যুক্তরাষ্ট্রে যেখানে সিটি ম্যানেজার ব্যবস্থা আমরা দেখছি সেই সিটি ম্যানেজার-এর উপর পূর্ণ দায়িত্ব দেওয়া আছে। কিন্তু সামান্য কাজের জন্য কাউন্সিলার-এর কাছে দায়ী—এটাও নয় ওটাও নয়, না ঘরকা না ঘাটকা। আমরা অন্যান্য দেশের কথা বলতে পারি। মস্কো, টরেন্টো, কোপেনহেগেন, স্টকহলম ইত্যাদি বড় বড় শহর কি ভাব চলে। এই রকম একটা ব্যবস্থা যে এমন একজন কর্মচারী তার হাতে সমস্ত দায়িত্ব দিয়ে দিচ্ছেন এবং সেই কর্মচারী স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানের কাছে দায়ী নয় এর স্থানীয় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান তাকে নিয়োগ করতে পারে না, তাকে সাধারণ অবস্থায় সরান যায় না। এটা কি স্বায়ত্তশাসন, এটা কি গণতন্ত্র? এই যে কমিশনার তৈরী করছেন এই কমিশনারের প্রতিদিনকার কাজে হস্তক্ষেপ করা যায় না, তাঁর একটা রাজত্ব সেখানে তৈরী হবে এবং তিনি সেখানে একজন ক্ষুদে নবাবে পরিণত হবেন। এই যে ব্যবস্থা তাতে এটা স্থানীয় স্বায়ত্তশাসন নয়। আমি এর তীব্র প্রতিবাদ করছি এবং যে কথাটা আমি বলতে চাই সেটা হল যে আমাদের এখানে আমরা দেখছি স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময় বিভিন্ন আইনের মধ্য দিয়ে করপোরেশন-এর উপর সরকার হস্তক্ষেপ করতে যাচ্ছেন।

[4—4-10 p.m.]

যে কথাটা আমি বলতে চাই—সেটা হলো এই—একথা ঠিক আমরা এখানে দেখতে পাচ্ছি স্বাধীনতার পর থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন আইনের মধ্য দিয়ে কর্পোরেশনের উপর সরকার বেশী হস্তক্ষেপ করতে চাচ্ছেন, বিভিন্ন কাজে তাঁদের হস্তক্ষেপ হবে এবং কমিশনারের মারফৎ সেই কাজগুলি তারা করাবেন। কেন? এর কারণটা কী? এর কারণ আছে। কারণ হচ্ছে তাঁরা নিয়ন্ত্রণ চান রাজনৈতিক কারণে। আমি এখানে একটা মন্তব্য পড়ে শোনাচ্ছি; আমাদের ভারতবর্ষে পাকিস্তানে এবং বার্মায় আমাদের স্বায়ত্তশাসন ব্যবস্থা পর্যালোচনা করে একজন বিশিষ্ট ব্যক্তি ওয়ার্থ থিংকার তিনি তার--
Foundation of Local-Self Government in India, Pakistan and Burma—
এই বইতে এই রকম একটা অবস্থার ইঙ্গিত করেছেন। তিনি বলেছেন—
"It is possible that present-day Indian and Burmese politicians, when they find local bodies unfit for the discharge of their programme or when they find their political opponents utilising local bodies to build up opposition to the Government" (as is happening in West Bengal today) "may react by restricting local boards' powers or even by abolishing them"
আরো তিনি বলেছেন—
"Certain trends in present-day Indian Government policy point to an increased concentration of powers from local bodies to district officials under Ministerial control"
১৯৫৪ সালে তিনি এই বইখানি লিখেছেন তিনি দেখেছেন কলকাতা কর্পোরেশনে পশ্চিমবঙ্গে কি হচ্ছে? কলকাতা কর্পোরেশনকে সরকার কি ভাবে নিয়ন্ত্রণ করছেন? তার পর তিনি বলছেন—
"A healthy system of local government offers almost the only method of keeping a check on the new bureaucracy created by the growth in the activities of the State as in the United Kingdom."

আমরা দেখছি পণ্ডিতরা বলছেন স্থানীয় স্বায়ত্তশাসন ব্যাপারে যাঁরা অভিজ্ঞ ব্যক্তি যে বুরোক্রেসীতে রাষ্ট্রীয় ক্ষমতাবৃদ্ধির ফলে যেখানে বুরোক্রেসী গড়ে উঠছে, তাকে নিয়ন্ত্রণ করবার জন্য সর্বস্তরে স্থানীয় স্বায়ত্তশাসন প্রসারিত করা দরকার। আজ আমরা এখানে ঠিক তার উল্টো দেখছি, স্থানীয় স্বায়ত্তশাসনকে নিয়ন্ত্রণ করবার জন্য বুরোক্রেসীকে চাপিয়ে দেওয়া হচ্ছে। একথা ঠিক এমন একটা অবস্থা কেবলমাত্র আমাদের কলকাতা শহরেই নয়, পৃথিবীর বিভিন্ন দেশের সহরে আমরা যে সমস্ত সমস্যার সঙ্গে পরিচিত তাতে দেখেছি স্থানীয় স্বায়ত্তশাসন পরিচালনা করতে গিয়ে কাজে দেরী হয়। দুর্নীতি রয়েছে। অসাধু রাজনৈতিক ব্যক্তিরা সেখানে কর্তৃত্ব করেন— এটাতো একমাত্র কলকাতার সমস্যা নয়, বিভিন্ন শহরের সমস্যা। এই সব সমস্যা সেখানে রয়েছে এবং এই সব সমস্যা সমাধানের পথ কী? এই সব সমস্যা সমাধানের পথ সম্পর্কে আমি আর একটি মন্তব্য আপনার সামনে এখানে রাখছি। এখানে এ বিষয়টা আলোচনা করেছেন লণ্ডন স্কুল অব ইকনমিকস য়্যাণ্ড পলিটিক্যাল সায়েন্স-এর পাবলিক য়্যাডমিনিস্ট্রেশান-এর বিশিষ্ট অধ্যাপক উইলিয়ম রবসন। তিনি পৃথিবীর বিভিন্ন দেশে ইউরোপ আমেরিকা, এশিয়া, আফ্রিকা, ল্যাটিন আমেরিকা বিভিন্ন দেশের বড় বড় সহরে স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থার তুলনামূলক আলোচনা করেছেন। সেই বই থেকে আমি কয়েকটি মন্তব্য পড়ছি
Great cities of the World, their Government, Politics and planning
সম্বন্ধে তিনি কি বলছেন—

(দি অনারেবল শৈলকুমার মুখার্জি: ও বইটা আমার কাছেও আছে।)

ভাল কথা। আমি তাঁর যুক্তি পড়ছি, আপনি পাল্টা যুক্তি দেখাবেন।

তিনি কি বলছেন? তিন এই কথা বলছেন—
Many of the defects of metropolitan government are directly by traceable to public indifference or popular ignorance. The low level of popular interest in and public

understanding of the affairs of the great city even among the more educated classes largely explain the difficulty of finding men and women of highmental and moral calibre who are willing to serve on the city council or its executive organs. They explain too nepotism and corruption which grow in some great cities. They account for the case with which self-interested politicians or officials obstruct or defeat attempts at improving the constitutional organisation of the metropolis. Above all. it is only the low level of civics existing in city affairs which makes it impossible for great cities like Paris, Riode Jéneiro, Buenos-Aires, Bombay and Calcutta to be virtually governed by Prefects, Mayors, or Commissioners appointed by a Central or Provincial Government with only nominal or limited power, if any. given to the representative organisations..

জনসাধারণের মধ্যে চেতনা নাই; জনসাধারণ উদাসীন, নির্লিপ্ত তার জন্য অসাধু রাজনৈতিক নেতারা এইভাবে স্থানীয় স্বায়ত্বশাসন প্রতিষ্ঠানগুলিকে নষ্ট করছে। এটা শুধু কেবল কলকাতার সমস্যা নয়, অন্যান্য জায়গায় এমন কি যে শিক্ষিত ফ্রান্স সেখানকার প্যারিসেও এই অবস্থা।

কিন্তু এটার থেকে বাঁচবার পথ কি? এই যে অবস্থা এই অবস্থা থেকে উন্নত করে ভাল পৌরশাসন প্রতিষ্ঠার পথ কি? এ সম্পর্কে রবসন যা বলেছেন তা আশা করি মন্ত্রীমহাশয় শুনবেন

Robson says "But whatever the causes, only a deliberate and sustained effort to educate metropolitan man in the politics and Government of the vast metropolitan community of which he is a member will solve the problems arising under this head."

তিনি একথা একবারও বলেন নি গণতন্ত্রকে সঙ্কুচিত করে জনসাধারণের নির্বাচিত প্রতিনিধির হাত থেকে ক্ষমতা তুলে নিয়ে একজন বুরোক্রেটিকের হাতে ক্ষমতা দাও। তিনি একথা বলেছেন যে পৌরশাসনকে উন্নত করার একটা পথ হচ্ছে জনসাধারণকে শিক্ষিত করে তাদের মধ্যে উৎসাহ সৃষ্টি করা। আমি একথা বলতে চাই দীর্ঘকাল ক্যালকাটা কর্পোরেশন-এর পরিচালনার মধ্য দিয়ে অনেক ত্রুটি বিচ্যুতি দেখা গেছে। কিন্তু এই ত্রুটি বিচ্যুতি দূর করার পর গণতন্ত্রকে টুটি টিপে হত্যা করা হচ্ছে। গণতন্ত্রের যে দোষত্রুটি সেটার সমাধানের পথ গণতন্ত্রকে অস্বীকার করে, গণতন্ত্রকে সেখানে আরও বেশী প্রসারিত করা উচিত। ক্যালকাটা কর্পোরেশন সম্বন্ধে যে সি. সি. বিশ্বাস কমিটি নিয়োগ করা হয়েছিল সেখানেও তিনি একথা বলেছিলেন যে গণতন্ত্রের প্রসারের দ্বারাই গণতন্ত্রের ত্রুটি দূর করা যায়। তাই আমি একথা বলি যে এই প্রস্তাবিত বিলের মধ্যে গণতন্ত্রকে হত্যা করা হয়েছে। জনসাধারণের নির্বাচিত প্রতিনিধির হাত থেকে ক্ষমতা কেড়ে নিয়ে একজন কমিশনার, যে কমিশনার সরকারের দ্বারা নিযুক্ত, সরকারেরই নিয়ন্ত্রণাধীন, তার দ্বারাই কাজ করার চেষ্টা করা হচ্ছে। এটা গণতন্ত্র নয়, স্বায়ত্তশাসন নয়। যদি আপনাদের মনে হয় এটা চলছে না তাহলে একে তুলে দিন, শো অব ডেমোক্রেসির দরকার নেই। রাইটার্স বিল্ডিং-এর ১০টা ডিপার্টমেণ্ট আছে, সেখানে আর একটা ডিপার্টমেণ্ট দিয়ে কোলকাতায় ম্যানেজমেণ্ট চালিয়ে দিন এবং এটা তুলে দিলে অনেক অর্থ বেঁচে যাবে এবং যন্ত্রনার হাত থেকে বাঁচবেন। অর্থাৎ এই ভাবে শো অব ডেমোক্রেসী রাখবার দরকার নেই। কিন্তু এখানে যেভাবে ডেমোক্রেসীকে হত্যা করার প্রচেষ্টা হচ্ছে তার বিরুদ্ধে আমি তীব্র প্রতিবাদ করছি।

Shri Abdul Halim :

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, এই বিল সম্পর্কে বলতে উঠে মাননীয় অর্থমন্ত্রী শৈল বাবু যে যুক্তি দিয়েছেন তার আমি সম্পূর্ণ বিরোধীতা করছি। ১৯৫১ সালের বিলটাকে সম্পূর্ণরূপে সেজে নূতন করে তাঁরা বিল আনছেন। আগের বিলে যে সমস্ত অধিকার কর্পোরেশন-এর জন-প্রতিনিধিদের ছিল সেসব কেড়ে নিয়ে এটাকে একটা রাইটার্স বিল্ডিংস-এর অংশ করে সেখান থেকে কর্পোরেশন পরিচালনা করার চেষ্টা করছেন। অর্থাৎ তাঁরা পৌর প্রতিষ্ঠানকে একটা সকারিতে সৃষ্টি করছেন। রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ, জে এম, সেনগুপ্ত এবং অন্যান্য যাঁরা সেই প্রতিষ্ঠানের সেবা করে গেছেন সেই প্রতিষ্ঠানকে কলঙ্কিত করে, আজকে তাদের সেই অধিকারকে ক্ষুন্ন করে নিজেদের কর্তৃত্ব সেখানে প্রতিষ্ঠা করার জন্য আজ এই বিল তিনি এনেছেন। এই বিলের

মাধ্যমে যে সমস্ত জনপ্রতিনিধি যাঁরা জনসাধারণের ভোটে নির্বাচিত হবেন তাঁদের কোন ক্ষমতা থাকবে না এবং একজন কমিশনারকে সেখানে নিযুক্ত করা হবে এবং তিনি যে ভাবে কাজ করবেন সেই ভাবে হবে। কোলকাতার রাস্তা জলে ডুবে যায়, আমরা জানি এক ঘণ্টা বৃষ্টির ফলে কোলকাতা ডুবে যায়। নর্দমা নালা বন্ধ হয়ে যায়, ময়লা জমে যায় সেগুলি পরিষ্কার করার জন্য যে সমস্ত বিভিন্ন প্রতিনিধি নিজ নিজ এলাকায় আছেন তাদের কাজ করার যে অধিকারটুকু ছিল সেই অধিকারটুকু তাঁদের থাকবে না, কেন না কমিশনারের হুকুম না হলে কিছু করতে পারবেন না। কাজেই এই বিলে যে সমস্ত প্রোভিসান তাঁরা এনেছেন তাতে পৌর প্রতিষ্ঠানের যে উদ্দেশ্য সেখান জনসাধারণের কল্যাণের জন্য, জনস্বাস্থ্য উন্নয়নের জন্য এবং জনসাধারণের ভালভাবে থাকার ব্যবস্থার জন্য জল পায়খানা বস্তী উন্নয়ন করার যে উদ্দেশ্য সেদিকে দৃষ্টি না দিয়ে তাঁরা আজকে ক্ষমতাকে কুক্ষিগত করার চেষ্টা করছেন। এই ক্ষমতা কুক্ষিগত করতে গিয়ে দরকার হলে তাঁরা মনে করছেন যে এটাকে সুপারসিড করে নেবেন, দরকার হলে নিজের লোক নিযুক্ত করবেন তা না হলে কমিশনারকে ক্ষমতা দিয়ে দেবেন কিন্তু কমিশনারের হাতে ক্ষমতা দিয়ে একটা পৌর প্রতিষ্ঠান চলতে পারে না। আমরা জানি কোলকাতায় প্রায় ৪।৫ লক্ষ লোক বস্তীতে বাস করে।

[4-10—4-40 p.m. Including adjournment]

যেখানে রাস্তাঘাট নাই, সেখানে পুতিগন্ধময় দুর্গন্ধযুক্ত অবস্থার মধ্যে লোকে বাস করে; আলোবাতাসহীন ঘরে সেখানে লোক বাস করে। সেখানকার বড় বড় মালিক বাড়িওয়ালা তারা সে সব ঘর মেরামত করে দেয় না, পায়খানা তৈরী করে দেয় না। শৌচাগারের ব্যবস্থা করে না। সেখানকার যারা ভাড়াটে যারা অধিবাসীরা নিজেদের খরচায় যে সেটুকু করে নেবে সে অধিকার পর্যন্ত এই আলোচ্য বিলে স্বীকার করা হয় নাই।

আজকে এই যে অবস্থা সমস্ত কলকাতা ঘনঘন ডুবে যাচ্ছে, স্যার, আপনি দেখেছেন কলকাতায় একটু বৃষ্টি হলে পরে কি দুরবস্থা হয়। বস্তীর অবস্থা কি শোচনীয় আকার ধারণ করে। যত ময়লা সেখানে জমে যায়, তা পরিষ্কার করার ব্যবস্থা নাই, আজও বাড়ীতে বাড়ীতে ময়লা পরিষ্কার হচ্ছে না। তার জন্য আজকে কমিশনারের মুখ চেয়ে অপেক্ষা করতে হবে, পৌর প্রতিনিধিরা কেউ কিছু করতে পারবে না। তাঁদের কোন অধিকার থাকবে না। কাজেই কাজগুলি যা করা উচিত ছিল, সেদিকে সরকারের লক্ষ্য নাই। তাদের লক্ষ্য হচ্ছে কি করে সেখানে আরো আমরা কর্তৃত্ব করবো, আরো সেখানে ক্ষমতা দখল করবো, আরো সেখানে কি করে পুলিশ নিয়ে গিয়ে সেখানকার কর্মীদের লাঠি ডাণ্ডা দিয়ে পিটিয়ে ঠাণ্ডা করবো। এই তারা ব্যবস্থা করতে চাচ্ছেন। এই ভাবে সমস্যার সমাধান হয় না বা পৌর প্রতিষ্ঠান চলতে পারে না। পৌর প্রতিষ্ঠানকে ভাল ভাবে গড়ে তুলতে হলে অন্যান্য সভ্য দেশে যেভাবে পৌর প্রতিষ্ঠান চলছে, সেইভাবে গণতান্ত্রিক উপায়ে স্বায়ত্বশাসন প্রতিষ্ঠান হিসেবে একে গড়ে তোলা দরকার। সেখানে তাদের যে অধিকার, সেই ভাবে তাঁরা তা পরিচালিত করেন। গভর্নমেণ্ট প্রয়োজনমত কিছু কিছু সাহায্য সেখানে দেন, আবার দরকার হলে কিছু কিছু হস্তক্ষেপ যে তারা করেন না, তা নয়। কিন্তু জনসাধারণের যেটা প্রতিষ্ঠান এই যে পৌর প্রতিষ্ঠান তাকে কুক্ষিগত করে নেবার সরকারের কি অধিকার আছে তা আমরা বুঝতে পারি না। কেন না, তাহলে এটা আমরা করেছিলাম কেন? এই পৌর প্রতিষ্ঠানের তাহলে প্রয়োজন হয়েছিল কেন? সেলফ গভর্ণমেন্ট—এর জন্য ইংরেজ আমলে আমরা এ নিয়ে অন্দোলন করেছিলাম কেন? কেন আমরা পৌর প্রতিষ্ঠানকে নিজেদের স্বতন্ত্র প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে চেষ্টা করেছিলাম? কি আমাদের প্রয়োজন ছিল? জনসাধারণের স্বার্থে একটা প্রতিষ্ঠান গড়ে তোলা হবে, সেই সংস্থার মারফৎ জনসাধারণ তাদের প্রয়োজন মেটাবে। আজকে কলকাতায় লক্ষ লক্ষ লোক বাস করে, তাদের যে সব অসুবিধা আছে তা এই প্রতিষ্ঠান দূর করবে। সাধারণ লোকের বসবাসের জন্য ঘরবাড়ীর ব্যবস্থা করতে হবে, পায়খানার ব্যবস্থা করতে হবে আলোর ব্যবস্থা করতে হবে, ড্রেনের ব্যবস্থা ইত্যাদি করতে হবে এবং এগুলি করার জন্য একটি

সুষ্ঠু সংগঠন দরকার তা কেউ অস্বীকার করে না। সেটা করতে গেলে এই বিলটা যে ভাবে আনা হয়েছে—তাতে হবে না। যে অধিকারগুলো ছিল, সেগুলোও এই বিলের দ্বারা খর্ব করা হচ্ছে। এই পৌরপ্রতিষ্ঠানের যারা কাউন্সিলার আছেন, তাঁদের অধিকার ক্ষুণ্ন করে নিয়ে যদি আমরা এটা পরিচালনা করতে চাই তাহলে এই বিল বেশী কার্য্যকরী হবে না।

আমরা বস্তী উন্নয়নের কথা বহুদিন থেকে শুনে আসছি যে বস্তি তুলে দিয়ে বড় বড় পাকা বাড়ী তৈরী করে কলকাতার সৌন্দর্য্য বৃদ্ধি করা হবে। কিন্তু আজও সে সব কিছুই করা হল না, বস্তি এখনো রয়ে গেছে এবং বস্তি থাকবে। সহর জীবনের সঙ্গে সঙ্গে আরো কলকারখানা যতদিন এখানে থাকবে ততদিন এই বস্তিও থাকবে এবং এখানে থাকতে হলে পরে পৌর প্রতিষ্ঠানের প্রয়োজনীয়তাও থাকবে, সেখানকার অসুবিধাগুলি দূর করবার জন্য তদারক করবার জন্য পৌর প্রতিষ্ঠানের প্রয়োজন হবে। আস্তে আস্তে দেশ যখন আরো উন্নত হবে এবং আমরা বস্তি ভেঙ্গে ফেলতে পারবো, লোকের অবস্থা আরো ভাল হবে এবং সেই ভাল অবস্থায় পৌঁছবার আগে পর্যন্ত এই কলকাতার ৮০টি ওয়ার্ডকে ভেঙে ১০০টা করা হলো। যে সব কাউন্সিলররা নির্বাচনের মাধ্যমে নির্বাচিত হয়ে আসবেন, তাঁরা সেখানে গিয়ে কি এখন ঘাস কাটবে? সেখানে তাঁদের করনীয় কি থাকবে? তাঁদের মাথায় উপর যদি কমিশনার বসে থাকেন রাইটার্স বিল্ডিংসের প্রতিনিধি হিসেবে এবং তিনি যদি তাঁদের উপর হুকুম চালাতে থাকেন, তাহলে এঁরা সেখানে গিয়ে কি করবে? তাঁরা সেখানে যাচেছন কি জন্য? তাঁদের কি কিছু বক্তব্য থাকবে না? কোন কাজ করার অধিকার থাকবে না? কোন কিছু করতে হলে পরে রাস্তার যদি পাক সরাতে হয়, তাহলে কোদাল নিয়ে কি তাঁর কাছে ছুটতে হবে? এ সব তো আমি কিছু বুঝতে পারি না এটা কোন ধরণের আইন যেখানে লোকের করের বোঝা হ্রাস করা দরকার, খাজনার হার কমিয়ে দেওয়া প্রয়োজন সেখানে তার কোন ব্যবস্থা এই বিলে নাই। বড় লোকদের খাজনা কম হবে। আর বস্তিবাসী যারা সাধারণ মানুষ—যে ছা-পোষা মানুষ যাদের বেশী উপার্জন নাই, যারা বেশী ভাড়া দিতে পারে না, যারা ছেলেপেলে নিয়ে দুঃখে কষ্টে বাস করে, সেই সমস্ত লোকের উর ট্যাক্স বেশী করে ধরা হয়। তাদের ট্যাক্স কমানোর ব্যবস্থা করা হয় না, অথচ বড় বড় যারা জমিদার আছে তারা সব সুযোগ সুবিধা পাচ্ছে। কোলকাতায় এখনও জমিদারী প্রথা উচেছদ হয়নি। জমিদাররা কোলকাতার মালিক হয়ে বসে আছেন। বড় বড় বস্তীর মালিক জমিদারা। এখানে জমিদাররা যা খুসী করছে। সেখানে জল জমে গেলে জল নিকাশের ব্যবস্থা করবে না, তারা নিজেরা যা করে নেবে তাই হবে। তারা পায়খানার ব্যবস্থা করে নেবে, রাস্তার ব্যবস্থা করে নেবে। তাই বলছি এই ধরণের বিল পাশ করে গভর্নমেণ্ট কোন ভাল কাজ করছেন না। এটি একটা মহাভারত বিল। এই মহাভারত বিলের আলোচনা একদিনে হয় না। আপনারা চাচেছন যে ৫ মিনিটেই এর আলোচনা শেষ করি। এ আলোচনা যদি করতে হয় তাহলে মহাভারত আলোচনা করতে হয়। ১৯৫১ সালে যে বিল এল সেই বিলটার আমূল পরিবর্তন করবার দরকার হল। আজ কর্পোরেশন-এর কি এমন প্রয়োজন হল যে নিজেদের স্বার্থ না থাকলে নিজেদের অধীনে একে না নিয়ে যেতে পারলে কোন কিছু হবে না। সেজন্য ধারায় ধারায় লাইনে লাইনে পরিবর্তন করার দরকার হচ্ছে। এতে কমিটি অনেকগুলি করেছেন। আজ জনপ্রতিনিধি যারা সেখানে নির্বাচিত হতে যাবেন তাঁরা ট্রেড ইউনিয়ন যে সংস্থা তাতে যোগদান করার অধিকার থাকবে না। ইউনিয়ন করার অধিকারটুকু এটা বিলে হরণ করার চেষ্টা করেছেন। শ্রমিকরা যদি একটা সমিতি, ক্লাব বা ইউনিয়ন করে নিজেদের সুখ সুবিধা আদায় করার জন্য তাহলে সেখানে পৌরপ্রতিষ্ঠানের প্রতিনিধিরা তার মেম্বার হতে পারবেন না। এটা কোন্ আইন তা বুঝতে পারছি না। সেজন্য এটা একটা অগণতান্ত্রিক আইন। আমার মনে হয় এই ধরণের আইন না আনাই উচিত ছিল এবং যদি আনতে হয় তাহলে এই সমস্ত যে লুপহোল ল্যাকুনা আছে সেদিকে দৃষ্টিভঙ্গী রেখে একটা বিল আনা উচিত ছিল। এই রকম ধরণের বিল গভর্নমেণ্টের ক্ষমতা আছে পাশ করিয়ে নেবেন, রাইটার্স বিল্ডিং থেকে হুকুমনামা জারী করবেন, কমিশনার নিয়োগ করবেন, তার উপর দরকার হলে কর্পোরেশনকে সুপারিসিড করবেন। কিন্তু সেই ক্ষমতা যখন রয়েছে তখন এইরকম ধরণের ক্ষমতা করে দিয়ে একজন লোককে সেখানে কর্তা করে দিয়ে এই রকম ধরণের বিল আনার দরকার ছিল না। এই বলে আমি বক্তব্য শেষ করছি।

(After adjournment)

[4-40—4-50 p.m.]

Shri Gopal Haldar :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল আলোচনা করতে গিয়ে আমার প্রথমে মনে হয় আজ বোধ হয় নিয়তির একটা পরিহাস আমরা এই বিলের মধ্যে দেখতে পাচ্ছি। কলকাতা কর্পোরেশন সম্বন্ধে আমরা পুরানো খবর বেশী না বললেও সামান্যভাবে তা স্মরণ করতে পারি। সাধারণভাবে কোলকাতার মানুষ কোলকাতার নাগরিকজীবন যাত্রা নির্বাহ করার জন্য মিউনিসিপ্যালিটি বা পৌর প্রতিষ্ঠান পরিষদ গঠন করবেন, এই বহুকালের চেষ্টা যা ছিল তাকে প্রথম রূপদান করতে চেষ্টা করেন স্যুরেন্দ্রনাথ ব্যানার্জি। আমরা জানি তখন বৃটিশ আমল। সেই আমলে তার ব্যবস্থা একটা যথেষ্ট রকমের যুগান্তকারী আইন বলে পরিগণিত হয়; তার মধ্য দিয়ে কোলকাতা শহরের জনসাধারণ নিজেদের দায়িত্ব জ্ঞানের পরিচয় না দিয়েছিলেন তা নয়।

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি তখনকার সক্রিয় একজন রাজনীতিক আমরা তখনও সাধারণের সামনে না থাকলেও তখন পর্যন্ত পৌর কার্য্যধারা লক্ষ্য করতাম। দেশের লোকেরাও লক্ষ্য করেছে বিরোধী নেতারাও লক্ষ্য করেছেন কর্পোরেশনে স্বদেশীয় প্রতিনিধীরা প্রথম ক্ষমতায় আসার পরে যা ঘটেছিল। কলকাতা সহরে প্রথম যখন দেশবন্ধু চিত্তরঞ্জন দাস মেয়র হলেন এবং নূতন মিউনিসিপ্যাল আইন অনুসারে কলকাতা সহরের পরিচালনার ভার আমাদের দেশের লোকের হাতে পড়লো, তখন কলকাতা সহর সত্যি সত্যি প্রমাণিত করেছিল যে এদেশের এ সহরের শাসনভার কলকাতার লোকেরা পরিচালনা করতে জানে এবং তার প্রতিনিধিরাও পরিচালনা করতে জানেন। সে আজ দীর্ঘ দিনের কথা——তা আর আমার আলোচনা করবার দরকার নাই কিন্তু গত ২০ থেকে ২৫ বছরের মধ্যে ধীরে ধীরে সেই কলকাতা কর্পোরেশনের যে ভাবে অধঃগতি তার ঘটেছে তাতে অনেকেই বলতে বাধ্য হবেন যে, নিয়তির একটি পরিহাস আমরা সেখানেও দেখেছি আজ তাই দেখছি এখন আমরা স্বাধীনতা সংগ্রামের মধ্য দিয়ে আমরা সমস্ত ক্ষমতা আয়ত্ত করেছি। এ সব ক্ষমতা আয়ত্ত করবার জন্য দীর্ঘ কাল ধরে আমরা চেষ্টা করেছি, চেয়েছি জনসাধারণের শক্তি দেশশাসনে প্রতিষ্ঠিত হবে জনসাধারণের শক্তি সাধারণভাবে সহরের শাসন কার্য্যে এমন কি গ্রাম পঞ্চায়েতের শাসন কার্য্যে প্রযুক্ত হবে এই তখনকার দিনে ছিল আমাদের দাবী। ইংরেজের আমল থেকে লোকাল সেলফ গভর্নমেণ্ট বা স্থানীয় স্বায়ত্ত শাসনের যে দাবী কিংবা সাধারণভাবে তখন থেকে রাষ্ট্রীয় স্বাধীনতা পর্য্যন্ত যে দাবী সেই দাবীই যখন পূর্ণ হতে চললো তখন দেখলাম কি? একটি একটি করে সমস্তগুলি প্রতিষ্ঠানের মধ্য দিয়ে জনসাধারণের ক্ষমতাকে খর্বিত করবার সমস্ত রকম চেষ্টা বৃদ্ধি ক্রমশঃ পেয়েছে। এই বিলে আলোচনা করতে গিয়ে স্বভাবতঃই আমার একটা সংকোচ এসে যাচ্ছে। দিনের পর দিন আমরা বর্তমান সরকারের কাছ থেকে একটা কথা শুনছি সমালোচনার বিরুদ্ধে একটা তাদের মুখ্য জবাব আছে। সে জবাব হচ্ছে এই যে, "আমরা সাধারণের দ্বারা নির্বাচিত হয়ে এ রাজ্যের শাসন কার্য্য পরিচালনা করছি। অতএব তোমরা বিরোধী পক্ষ যে কোন সমালোচনা কর তার কোন মূল্য নাই। কেননা আমরা সাধারণ নির্বাচনে নির্বাচিত হয়েছি এবং ৫ বছর পরে আবার সাধারণ নির্বাচনে আমরা নির্বাচিত হব।" এই জবাব এতবার আমাদের শুনতে হয়েছে যে তারপরে আমরা কোন বিষয়ের সমালোচনা করতেও সংকোচ বোধ করি। এই বিলের সমালোচনা করতে গিয়ে আমরা এও শুনতে পাব যে, "সাধারণের দ্বারা আমরা নির্বাচিত হয়েছি। অতএব একবার যখন এই সাধারণের দ্বারা নির্বাচিত হয়েছি বর্তমান সরকার তখন সর্বরকমে সাধারণকে ক্ষমতাচ্যুত করবার তাদের সকলরকম অধিকার আছে।" পাচ বছরে যেহেতু একবার করে তাঁরা জনসাধারণের সম্মুখীন তাঁরা হন, তখন সাধারণকে ৫ বছর ধরে ক্ষমতাচ্যুত রাখা তাদের সমস্ত রকম অধিকার আছে। বর্তমানে যে ভাবে এদেশে শাসন কার্য্য পরিচালিত হয়, তা দেখে আমার একজন অরাজনীতিক ঐতিহাসিক বন্ধু বলেছিলেন, "তোমরা মনে করে থাকতে পারো পার্লামেণ্টারী ডেমোক্রেসী এই দেশে চলছে, সত্যি কি তাই? এই যে শাসন পদ্ধতির নাম---" তাঁর ভাষায় "এটা হলো প্লেবিসাইটাল ডিকটেটরসিপ" পাচ বছরে একবার করে তাদের প্লেবাইসিট-এর মত একটা ব্যবস্থা করতে হয়, এবং তার মধ্য দিয়ে তার পরে যা হয়, যা ঘটে, যা দেখা দেয় তার নাম ডিকটেটরসিপ, তাছাড়া আর কিছুই নয়। এই

প্লেবিসাইটাল ডিকটেটারসিপ এর মধ্য দিয়ে যা ফুটে উঠছে তার নাম হচ্ছে "কংগ্রেস টোট্যালিটারিয়ানিজম", সেই জিনিষটা আমরা এই বিলের মধ্য দিয়ে দেখছি। সমস্ত স্থানে আমরা জানি সরকারী ব্যাপারের কথা আমি ছেড়েই দিলাম আই-এফ-এ বা খেলার প্রতিষ্ঠান থেকে আরম্ভ করে সাধারণভাবে সাহিত্য পরিষদ বা সাহিত্য সম্মেলন পর্য্যন্ত সমস্ত প্রতিষ্ঠানের উপর এই দেশে একটা রাজনৈতিক দল তাদের ক্ষমতা সর্বভাবে আয়ত্ত করে সার্বভৌম ক্ষমতা সম্পন্ন হবার সমস্ত রকম ব্যবস্থা সম্পন্ন করছেন। শাসন বিভাগীয় কার্য্যের মধ্য দিয়ে ও এই পরিষদের মধ্য দিয়ে তাদের সেই টোট্যালিট্যারিয়ানিজম্-এর চেষ্টা এই কলকাতা কর্পোরেশন বিলের মধ্য দিয়েও ফুটে উঠেছে। কারণ, এখন থেকে দেখা যাবে কি? যে মিউনিসিপ্যালিটিতে যে কোন নির্বাচনের দ্বারা পরিষদ গঠিত হোক তার কোন ক্ষমতা থাকবে না। কার থাকবে ক্ষমতা? যারা রাজ্য পরিচালনা করছেন। ঐ সেই কথা যাঁরা পাঁচ পাঁচ বছরে একবার নির্বাচনের দ্বারা নির্বাচিত হয়ে রাজ্য শাসনে ক্ষমতায় আসীন হয়েছেন সেই প্লেবিসিট্যাল ডিকটেটরসিপ যারা পেয়েছেন। সেই ডিকটেটরদের সেখানে ক্ষমতা থাকবে কর্পোরেশনের কমিশনারকে নিযুক্ত করার এবং সেই কমিশনার তাঁদের হুকুম মত সর্বেসর্বা হবে মিউনিসিপ্যালিটির নির্বাচিত কাউন্সিলরদের কোন ক্ষমতা সেখানে থাকবেনা। এই হচ্ছে সাধারণভাবে যে প্রিন্সিপল্ দ্বারা বা নীতির দ্বারা এই বিলটি গঠিত হয়েছে সেই সম্বন্ধে প্রধান আপত্তি। এই নীতি সম্বন্ধেই প্রধানতঃ আমার আপত্তি। এবং এই নীতির প্রতি অবিচলিত নিষ্ঠাবলে তারা কার্য্যতঃ কার্য্য পরিচালনা করছেন। যে দলের প্রত্যেকবারই মুখে যখন তখন শুনতে হয় যে "আমরা নির্বাচনের মধ্য দিয়ে ক্ষমতা লাভ করেছি। তখন আর কোনও যুক্তি আমরা শুনবো না আর কোন কথার উত্তরও আমরা শুনবো না" তখন বাধ্য হয়েই এই বিলের সমালোচনা করতে গিয়েও আমাদের সংকোচবোধ করতে হয়।

এছাড়া আর কোন উত্তর কোন যুক্তি যখন বিলের সমর্থনে শুনতে পাই না তখন বাধ্য হয়ে এই বিল সমালোচনা করতে গিয়ে সঙ্কোচ বোধ করতে হয়। দেশে এখন টোটালিটারিয়ানিজ্‌ম্ এর দৌরাত্ম্য। কাজেই আমাদের পক্ষে কথা বলা মনে হয় একটা অবান্তর কথা— অন্ততঃ বাংলা দেশে তাই হয়েছে।

এই মূল কথা মনে রেখে আমি সাধারণভাবে এখন বলব এই মূল নীতির বিরুদ্ধে প্রথমে আপত্তি জানিয়ে আমি সাধারণভাবে এই বিল সম্বন্ধে আমার বক্তব্য এখন বলতে চাই। আমরা পূর্বেই স্বীকার করে নিয়েছি যে গত ২০।২৫ বছর যাবৎ যেভাবে কলিকাতা কর্পোরেশন পরিচালিত হচ্ছে তাতে কর্পোরেশন-এর উপর শ্রদ্ধা রাখে এমন লোক, আমি বিস্মিত হয়েছি, কংগ্রেসের মধ্যেও নেই। আমরা এটা জানি কংগ্রেসের একটা শাখা পরিচালনা করছে কর্পোরেশন; এবং কংগ্রেসেরই আর একটা শাখা পরিচালনা করছেন এই রাজ্যসরকার। তথাপি আমি বলতে বাধ্য এই কলকাতা কর্পোরেশন গত ২৫ বছর যাবৎ যেভাবে পরিচালিত হচ্ছে তাতে এই কর্পোরেশন সম্বন্ধে শ্রদ্ধা রাখে তার জন্য মায়া মমতা রাখে, দরদ রাখে, এমন লোক সাধারণভাবে কোলকাতার জনসাধারণ নয়। কাজেই নানা দিক থেকে কর্পোরেশনের উন্নতি করার চেষ্টা করা দরকার। উন্নতি করার মত উপায় আছে তা আমি বিশ্বাস করি। কিন্তু যেভাবে কর্পোরেশন চলছে সেইভাবে চলা উচিত নয়। অথচ চালিত করছেন তাঁরাই যাঁরা আজকে ক্ষমতায় আসীন আছেন। অর্থাৎ যে দল রাজ্য ক্ষমতায় আসীন আছেন তাঁরাই কর্পোরেশন পরিচালিত করছেন। যত ত্রুটি কর্পোরেশনের মধ্যে আছে। আমি জানি সেই সকল ত্রুটি আরও বেশী করে এই সরকারের মধ্যেও আছে। কাজেই কংগ্রেস দলের এই দুই শাখা একই ত্রুটির দ্বারা ইনফেকটেড রোগ বিকৃত, তার দ্বারাই সংক্রামিত। তাই যেমন আমরা এই সরকারের উন্নতি চাই তেমনি আমরা কলকাতা কর্পোরেশনের উন্নতি চাই, এবং কর্পোরেশনের উন্নতি করা যায় একথাও আমি বিশ্বাস করি। সে রকম কোন আইন যে বর্তমান সরকারের দ্বারা আনীত হতে পারে না তাও বুঝি। কিন্তু যতক্ষণ সাধ্য আছে ততক্ষণ আমি বলব সেই রকম আইনই আমার প্রয়োজন যাতে কর্পোরেশনের উন্নতি হতে পারে। এখানে আমার বক্তব্য যে কলকাতা কর্পোরেশনের ত্রুটি বিচ্যুতি আছে কিন্তু তা দূর করার জন্য বিল আসছে না। এ বিলে দেখছি যে একজন সর্বশক্তিমান কমিশনার নিযুক্ত করলে পর কর্তৃপক্ষ মনে করছেন সব ঠিক হয়ে যাবে। সাধারণভাবে এই বিলের প্রধান লক্ষ্য, প্রধান চরিত্র আমরা এই বিলেই দেখতে পাই যে, একজন

সর্বশক্তিমান কমিশন নিযুক্ত করলে পর, যে কমিশনার হবেন প্লেবিসাইটাল ডিকটেটর এবং টোটালিটারিয়ান সরকারের দ্বারা নিযুক্ত কলকাতা কর্পোরেশনের উন্নতি সম্ভব। একথা আমরা বিশ্বাস করি না। এই হচ্ছে আমাদের মত। প্রধান কারণ, কর্পোরেশন, কাউন্সিলর এবং কমিশনার যখন থাকবে তখন বার বার তাঁদের মধ্যে কার ক্ষমতা কতটুকু তা নিয়ে দ্বন্দ্ব হবে। তা না হলে কর্পোরেশন পরিচালনা করবেন যে কংগ্রেস দলভুক্ত সদস্যরা, এবং কমিশনারও নিযুক্ত হবেন কংগ্রেস সরকারের দ্বারা, তখন তিনি সেখানে কর্তাদের আজ্ঞাবহ ভৃত্য হবেন; কাজেই কোন রকম দ্বন্দ্বের কারণ নেই, একথা মেনে নিলেও বলতে বাধ্য হব এইরকমভাবে সর্বশক্তিমান কমিশনার নিযুক্ত করার কোন অর্থ হয় না। আমার বন্ধু নির্মল বসু মহাশয় উল্লেখ করলেন যে ঐ কমিশনার যদি জনসাধারণের দ্বারা নির্বাচিত হতেন, যেমন মেয়র কোন কোন জায়গায় হয়, তাহলে বলতে পারতাম যে তাঁকে অনেকগুলি ক্ষমতা দেওয়া যায়। কিন্তু তিনি নির্বাচনের মধ্য দিয়ে আসবেন না। তিনি কেবলমাত্র গভর্নমেণ্টের আজ্ঞাবহ ভৃত্য হবেন। তাই তাঁর হাতে কোন বড় ক্ষমতা দেওয়ার কারণ আমি দেখি না। কারণ, এরূপ ব্যবস্থাকে আমরা দুর্নীতিমূলক বলে মনে করি। এর একমাত্র কারণ হচ্ছে টোটালিটারিয়ানইজম কর্পোরেশনে চালু করতে হবে এবং তার জন্য এইরকমভাবে কর্পোরেশন-এর উপর খবরদারী করার জন্য কমিশনার বসানোর প্রয়োজন। কাজেই এই যে ব্যবস্থা বিলে আছে তার বিরুদ্ধে আমাদের ঘোরতর আপত্তি আছে। যতক্ষণ পর্য্যন্ত টোটালিটারিয়ানিজম-এ আমাদের আপত্তি আছে ততক্ষণ পর্য্যন্ত এই প্লেবিসাইটাল ডিকটেটরসিপ এর আপত্তি আছে। সংসদীয় গণতন্ত্রকে প্রহসনে পরিণত করে এইভাবে ডিকটেটরিয়াল ক্ষমতা টোটালিটরিয়ান পদ্ধতিতে শাসন পরিচালনা করারও আপত্তি আছে। সেজন্য এইভাবে কমিশনারকে নিযুক্ত করার ব্যাপারে আমরা আপত্তি করব।

[4-50—5 p.m.]

তৃতীয় কমিটিগুলির কথা বলতে হয়, কমিটির ব্যাপারে বিধান ছিল, কলকাতা কর্পোরেশনের পুরাতন আইনানুযায়ী কমিটিগুলি পরিচালিত হতো। সেখানে তার একটি ঐতিহ্য গড়ে উঠেছিল, দেশবন্ধুর আমল থেকে যে ঐতিহ্য গড়ে উঠেছিল, বর্তমান টোটালিটারিয়ানইজম-এর আমলে, বর্তমান ডিকটেটরসিপ-এর আমলে আমি জানি কলকাতা কর্পোরেশনও সেই নীতির দ্বারা পরিচালিত হয় যে নীতির দ্বারা সমস্ত বাংলাদেশ পরিচালিত হয় কাজেই কলকাতা কর্পোরেশনের কংগ্রেস কাউন্সিলার বা ঠিক দেশবন্ধুর নাম করে তার ঐতিহ্যকে কিংবা তার পরেরকার সততার ঐতিহ্যকে বাতিল করে একটি দলের দ্বারা সমস্ত কমিটিগুলি কুক্ষিগত করেছেন। আমি "কুক্ষিগত" কথাটা বার বার বলতে বাধ্য হবো। সভাপতি মহাশয় আপনার গুরু ছিলেন দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ তাঁর সময়ে কর্পোরেশনের সদস্যদের মধ্যে মুসলমানরাও ছিলেন, ইউরোপীয়ানরাও ছিলেন, য়্যাংলোইণ্ডিয়ানরা ছিলেন। যাঁরা আপনাদের সেসময়ে পদে পদে বাধা দিয়েছেন এই রকম প্রত্যেক দেশের লোকই তবু কমিটিতে তখন স্থান পেত। কিন্তু বর্তমানে কলকাতা কর্পোরেশন যেভাবে পরিচালিত হয়, তাতে একটি দলের দ্বারা কমিটিগুলো কুক্ষিগত হয়েছে এবং সেই নীতিই চলছে। যতক্ষণ পর্যন্ত কমিটির মধ্যে নূতন করে সকলরকম দলের প্রতিনিধি গ্রহণের বিধি বা প্রোভিসন না থাকে, ততক্ষণ বুঝতে হবে আপনারা সেই কর্পোরেশনের কমিটিগুলি এই দলগত টোটালিটারিয়ানিজম-এর নীতির দ্বারা পরিচালিত করতে চান। এবং সেই নীতির দ্বারা পরিচালিত করতে চান বলে যতরকম এ প্রস্তাব এসেছিল যেমন, কমিটির মেম্বাররা সিঙ্গল ট্রানসফারেবেল ভোটের দ্বারা নির্বাচিত হবেন সে সমস্ত কথাই অগ্রাহ্য করা হয়েছে সিলেক্ট কমিটিতে আমরা এও দেখতে পেলাম। কাজেই কমিটিগুলির নাম করার দরকার নাই—নয়টি কমিটিকে পাঁচটি কমিটিতে পরিণত করা এবং পাঁচটি কমিটির মধ্যে একটি কমিটি ছাড়া আর সবগুলির মধ্যে কোনখানে সিঙ্গল ট্রানসফারেবল ভোটে নির্বাচনের ব্যবস্থা অনুষ্ঠিত হতে না দেওয়া; এই আয়োজনই আপনারা করেছেন। এ দ্বারা একথাই প্রমাণিত হয় যে, পূর্বাপর এই বিলটির উদ্দেশ্য এই রয়েছে যে একটি দলের দ্বারা সমস্ত রকমভাবে এই কর্পোরেশনকে কুক্ষিগত করতে হবে। প্রথমতঃ কমিশনারকে দিয়ে তারপর কমিটিগুলি দিয়ে যতক্ষণ পর্যন্ত সিঙ্গল ট্রানসফারেবেল ভোটের ব্যবস্থা না হবে, ততক্ষণ পর্য্যন্ত আমি মনে করি এই কংগ্রেসের এই সব কমিটি সম্প্রতি যেভাবে চলছে সেইভাবেই একটা দলের দ্বারা তা কুক্ষিগত হবে, এবং

তাহলে দুর্নীতি কখনো দূরীভূত হবে না। কাজেই এই কমিটি বিষয়ক প্রসঙ্গেও আমার ঘোরতর আপত্তি আছে। কেবলমাত্র একটি কমিটিতে আপনারা একটু ভালো ব্যবস্থা নিয়েছেন—সে হচ্ছে এস্টিমেটস এণ্ড একাউণ্টস কমিটি। তার জন্য আমরা নিশ্চয়ই আনন্দিত। এই বিভাগের মধ্যে আপনারা সকলের সঙ্গে কাজ করবার একটা ইচ্ছা প্রকাশ করেছেন। আশা করি এ ইচ্ছা কার্য্য পরিচালনা করবার সময় কার্য্যতঃ দেখান হবে। কারণ যা আইনতঃ করা হয় যে কার্য্যতঃ করা হয় না—তার বহু দৃষ্টান্ত এখানে সর্বত্র আমরা দেখতে পাই। এমন কি এই সভার কার্য্য পরিচালনার মধ্যেও সেই জিনিষ আমরা বার বার দেখতে পাই। যেমন হয় সংসদীয় যে ধারা আছে যে ঐতিহ্য আছে, তা এদেশে কোন কোন দিকে যথেষ্ট ভাবে সমাদৃত হতে পারলো না এজন্য যে তা কার্য্যতঃ গ্রহণ করবার ইচ্ছা ক্ষমতাসীন দলের নেই। সেই জন্য আশা করবো এই কমিটির ব্যাপারে বিষয়টি লক্ষ্য রাখবেন, কার্য্যতঃ যাতে এ ব্যবস্থা অনুষ্ঠিত হয় তা দেখা হবে।

পঞ্চমতঃ আমি বলতে পারি ট্রাইবুনালের যে ব্যবস্থা করেছেন তার প্রেসিডেণ্ট ও এসেসর-এর ব্যবস্থার দ্বারা সাধারণ নাগরিকের পক্ষে সুবিচার পাবে একটি অসম্ভব রকম বাধার সৃষ্টি হবে তারা নিজেদের বক্তব্য নিজেদের কথা বহু ব্যয় করে তবেই তাতে উত্থাপন করতে পারে এ জিনিষটা সম্বন্ধে আমাদের ঘোরতর আপত্তি না থাকলেও যথেষ্ট আপত্তি আছে। যদি তাকে সত্যি কার্য্যকরী ব্যবস্থা করতে হয় এবং সাধারণ নাগরিককে অসুবিধায় ফেলতে না হয় তা হলে তার জন্য কার্যকরী ব্যবস্থা করা দরকার যাতে নাগরিকদের উপকার হতে পারে যতক্ষণ পর্যন্ত তা না হচ্ছে এই বিলের মধ্য দিয়ে আগাগোড়া যেভাবে বিলটা প্রণীত হয়েছে তার মধ্য দিয়ে যতক্ষণ না তার আভাস পাচ্ছি ততক্ষণ যতরকম অসুবিধার সম্ভাবনা ঘটছে তাতে আমাদের আপত্তি আছে—তা আপনার মাধ্যমে আমরা জানাতে বাধ্য।

আমার শেষ কথা—আপনারা কলকাতাকে নিয়ে কী করতে চান? এই শহরের নাগরিকরা বাঁচবে এই কি চান? এই বস্তিগুলির উন্নতি হবে তাই কি আপনারা চান? না, সমস্ত কলকাতার নাগরিকরা খেয়ে পরে বেঁচে থাকতে পারবেন এই আপনারা চান? কলকাতা শহরের যে দুরবস্থা সে অবস্থা কলকাতায় পূর্বে কেউ কল্পনাও করতে পারত না। একজন পরিহাস করে বলেছিলেন—যখন কর্পোরেশন আমাদের স্বরাজ্য পার্টির দ্বারা অধিকৃত হলো, তখন দু-একজন আমাদের বিরোধী লোক পরিহাস করে বলেছিলেন "তোমরা আর কিছু না পারো চৌরঙ্গীকে শ্যামবাজারে পরিণত করতে পারবে—এটা আমরা মানি"। তাদের কথা মিথ্যা প্রমাণ করে সেই দশ বছরে দেশবন্ধুর পরে আমরা শ্যামবাজারকে চৌরঙ্গী করতে না পারি, অন্ততঃ সেখানে তেমন করে 'টার' দেওয়া রাস্তা সাধারণভাবে শহরে প্রাইমারী শিক্ষার ব্যবস্থা, প্রসূতি সদনের আয়োজন—এই রকম কতকগুলি স্বাস্থ্যের ব্যবস্থা ধাত্রীবিদ্যার কতকগুলি প্রতিষ্ঠান করে সুপ্রসবের ব্যবস্থা প্রভৃতি কতকগুলি ব্যবস্থার চেষ্টা করেছিলাম আমরা প্রথম দশ বছরে।

সে সব অনেকগুলি ব্যবস্থা এমন হয়েছে যে সেগুলি চূর্ণ হবার পথে গিয়ে দাঁড়িয়েছে। অন্যদিকে পানীয় জল, স্বাস্থ্যের ব্যবস্থা, বস্তীর উন্নতির ব্যবস্থা ইত্যাদি কোন দিক থেকে যে ব্যবস্থা হয়নি। এসব সম্বন্ধে উন্নয়নের সামান্য সুযোগ ও কল্পনা এই বিলের পিছনে আছে বলে দেখতে পাই না। আমরা যেকথা বলি কলকাতা কর্পোরেশনের উন্নয়নের দরকার কিন্তু আমরা বলতে বাধ্য যে সেই দিকে এই বিলে দৃষ্টি নেই। দেশের উন্নয়নের সূচনার আভাষ এই বিলের মধ্যে নেই সেজন্য আমরা বলতে বাধ্য যে কলকাতা শহরের সাধারণ নাগরিকের জীবনযাত্রা, তার স্বাস্থ্য, শিক্ষা ইত্যাদির উন্নয়ন সাধনের প্রয়োজনের দিকে দৃষ্টি রেখে এই বিল প্রণীত হয়নি। এই বিল প্রণীত হয়েছে কেবলমাত্র কলকাতা কর্পোরেশনকে একটি মাত্র দলের কুক্ষিগত করে রাখার প্রয়োজনে এই বিল প্রণীত হয়েছে, যে সরকার একটি দল কুক্ষিগত করেছে, সেই সরকারের দ্বারা কলকাতা কর্পোরেশন ও সাধারণ নাগরিক জীবনযাত্রার উপর তার দলীয় ফাঁসকে আরও শক্ত করে এঁটে দেবার জন্য। এই টোটালিটারিয়ান দৃষ্টিভঙ্গী থেকে যে জিনিষ প্রণীত হয়েছে, কার্য্যতঃ যা পরিচালিত হচ্ছে তার বিরুদ্ধে আমাদের প্রতিবাদ করা প্রয়োজন। সেজন্য আমরা এই বিলকে সমর্থন করতে অস্বীকার করি এবং আমরা তার বিরুদ্ধে প্রতিবাদ করতে বাধ্য।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আজ যে বিল আমাদের সামনে এসে উপস্থিত হয়েছে তাতে ক্যালকাটা কর্পোরেশন-এর পূর্বে যে অবস্থা ছিল আজকে কি অবস্থা আনতে চাইছেন এই বিলের মধ্য দিয়ে সেটা আমাদের ভাল করে বিচার করে দেখতে হবে। সমস্ত মিউনিসিপ্যালিটিতে আমরা দেখেছি একজন করে একজিকিউটিভ অফিসার না হয় ক্যালকাটা কর্পোরেশন-এ কমিশনার বসান হয়েছে। তিনি গভর্নমেণ্টের এবং কংগ্রেসের দলের মধ্যে একজন লিয়াইসন অফিসার-এর মত। তিনি নিজে রাইটার্স বিল্ডিং-এর যে ডিকটেশন সেই অনুসারে কাজ করে যাবেন। এই যে সর্বত্র একজন আড়কাটি বসিয়ে রাখার ব্যবস্থা সরকার করেছেন এতে কতদূর ভাল হয়েছে? আমরা দেখেছি হাওড়াতে যখন ত্রিবেদী সাহেব গিয়ে বসেছিলেন তখন সেখানে কি হাহাকার হয়েছিল। লোকজন বললে অনেক বকেয়া ট্যাক্স, আদায় করেছিলেন কিন্তু সাধারণ লোককে কি রিলিফ দিতে পেরেছিলেন। আজ অর্থমন্ত্রী রয়েছেন তিনি ভাল করে জানেন হাওড়ার অবস্থা কি হয়েছিল। সেখানে তাঁরা সবাই প্রতিবাদ করেছিলেন এবং তিনি চেয়েছিলেন ইলেকসান-এর দ্বারা নির্বাচিত সদস্যরা এটা চালান। তিনি অনেক দিন মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান ছিলেন, তিনি জানেন যে একজিকিউটিভ অফিসার থাকলে কেমন ভাবে চক্রান্ত সৃষ্টি করে প্রভাব প্রতিপত্তি বজায় রাখবার চেষ্টা করেন। নির্বাচিত যে সদস্য আছেন তাঁদের মধ্যে একটা বিভেদ সৃষ্টি করে দিয়ে নিজে শাসন কায়েম করার জন্য তিনি চেষ্টা করতে বাধ্য। আজ সমস্ত জায়গায় একজিকিউটিভ অফিসার-এর যে সাইকোলজি দেখাবে এখানেও সেই সাইকোলজি ব্যতিক্রম হবে না। আজ হয়ত মন্ত্রী হয়ে তিনি অন্য কথা বলবেন। কিন্তু একথা তিনি আমার কাছে স্বীকার করেছেন যে একজিকিউটিভ অফিসার-এর ফাংসান সম্বন্ধে তাঁর নিজের তিক্ত অভিজ্ঞতা আছে এবং আমাদেরও অভিজ্ঞতা আছে। আমরা জানি একজিকিউটিভ অফিসার কিভাবে চলেন। ক্যালকাটা কর্পোরেশন সম্বন্ধে যেকথা দেশবন্ধু বলেছিলেন সমস্ত দরিদ্র ছেলে মেয়েদের বিনা পয়সায় দুধ খেতে দেব, শ্যামবাজারকে চৌরঙ্গীতে পরিণত করব। এটাই ছিল তার ইলেকসান ম্যানিফেষ্টো আজ সেই দুধের কথা না বলাই ভাল। আইডিয়াল ডেমোক্রেসি সেটা বিলেতে হচ্ছে এবং সেটা লণ্ডন-কর্পোরেশন এ আমরা দেখি। সেখানে মেয়রের ক্ষমতা কতখানি থাকে এবং কিভাবে তাঁরা দেশসেবা করেন সেকথা তাঁকে স্মরণ করতে বলছি।

5-0—5-10 p.m.]

কারণ আমি জানি যে সেখানে যাঁরা গরীব জননী, তাঁদের সদ্যোজাত শিশুর জন্য তাঁরা বিনা পয়সায় এবং জননী নিজে বিনা পয়সায় দুধ পেয়ে থাকেন। কিন্তু আমাদের এখানে সেটা কল্পনা করাও পাপ বলে আমি মনে করি। এখন যে অবস্থা সাধারণ মধ্যবিত্ত ঘরেতে দুধ জোটান দায় হয়ে পড়েছে।

Shri Jatin Chakravorty :

শৈলবাবুকে পাঠিয়ে দিন লণ্ডন দেখে আসুন।

Shri Saila Kumar Mukherjee :

বছর দেখেছি।

এখন বিলেতের সঙ্গে তুলনা এজন্য করছি যে এঁরা কথায় কথায় ডেমোক্রেসির কথা বলে থাকেন; মাদার অফ ডেমোক্রেসি বলে যদি কোন দেশ থাকে তাহলে সে হচ্ছে বিলেত। সুতরাং আজকে এখানে দুধের যে সংকট এরা সৃষ্টি করেছেন, তাতে আমি তাঁদের দিল্লী দেখে আসতে বলি, দিল্লীতে গয়লাদের নির্বাসিত করা হয় নাই। তাদের জন্য গরু রাখবার জায়গার ব্যবস্থা করা হয়েছে এবং সেখানে খাটালগুলির উন্নত ধরণের করা হয়েছে এবং সেখানেতে গরুর জন্য খাদ্যের ব্যবস্থা আছে এবং দুধও প্রচুর পাওয়া যায়।

(এ ভয়েস: সেখানে কমিশনারের "পাওয়ার"এর দশগুণ।)

সেখানে কমিশনারের পাওয়ার যেমন আছে, মেয়রেরও পাওয়ার আছে এবং সেকথা উনি স্বীকার করেন কিনা তা শুনতে চাই।

(এ ভয়েস: সেখানে ফাইন্যান্স মিনিষ্টারের কোন পাওয়ার নাই।)

দেশবন্ধু মেয়র হয়ে যা কিছু আইন করেছিলেন সেই আইন ডেমোক্রেসির সঙ্গে খাপ খা আজও সেই আইন চালু আছে। হঠাৎ এঁরা যেভাবে তা পরিবর্তন করতে করতে নিয়ে চলেছে তাতে ডেমোক্রেসির শ্রাদ্ধ তাঁরা করছেন কিনা, সেকথা তাঁরা ভেবে দেখুন।

তারপরেতে এককোটা তো ওয়ার্ড ভাগ করা হলো; ছোট ছোট এরিয়া হওয়াতে আমা খুব আপত্তি করছি না; তা হতে পারে। কিন্তু প্রত্যেক কাউন্সিলারকে টাকা দেওয়া হো তাঁর ওয়ার্ডে যে সমস্ত গ্রিভ্যানসেস আছে, তাদের যে সমস্ত অভাব অভিযোগ আছে তার আংশি যাতে তিনি দূর করতে পারেন তার ব্যবস্থা করা হোক। এটা কারসরি মানি—এ যদি এলটমেন্ট করা না থাকে, তাহলে এই রকম ভাবে ওয়ার্ড ভাগ করে যে ইলেকসন করা হচে তা শুধু মাত্র একটা প্রহসনে পরিণতি হবে; মিউনিসিপ্যালিটির এডুকেশন এর যে ব্যবস্থা সে সম্বন্ধে গভর্নমেণ্টের মুখ চেয়ে থাকতে হবে এবং এঁরা যে সেখানে কিভাবে কতটুকু এডুকেশন স্প্রে করছেন তার কোন আভাষ এ বিলের কোথাও নাই। ফ্রি প্রাইমারি এডুকেশন যদি কলকাতায় না হয়, তাহলে বাংলাদেশে যা হবে তার যে রূপ হবে সেটা বোঝাই যাচ্ছে।

আজকে আমি দেখতে পাচ্ছি এই বিলের মধ্যে যে কমিটিগুলো করা হচ্ছে তার গঠন প্রণালী কি রকম হবে, সর্বদলীয় লোক সেখানে থাকবে কিনা সে সম্বন্ধে বিলে কোন কথা বলা হয় নাই। আমরা দেখতে পাচ্ছি বাজেটের যে আলোচনা হয়, সমস্ত মিউনিসিপ্যালিটি যে বাজেট, তা চেয়ারম্যান বা কমিশনার এসে প্রেজেণ্ট করেন। কিন্তু তার আগে প্রত্যেক ওয়ার্ডের কি গ্রিভেনসেস আছে তা সেখানকার কাউন্সিলরের কাছে থেকে জানবার কোন ব্যবস্থা এই বিলেতে নাই এবং তা জানবারও কোন ব্যবস্থা কোনকালে হবে বলে মনে হয় না। আসল ডেমোক্রেসির যে রূপ তা এখানে আমরা দেখতে পাচ্ছি না। সুতরাং শুধু ডেমোক্রেসী বললেই হবে না। কার্যতঃ আপনাদের দেখাতে হবে—ডেমোক্রেসিকে আপনারা সম্মান দিয়েছেন ডেমোক্রেসিকে মেনে চলেছেন। কিন্তু সে জিনিষটার এই বিলের মধ্য থেকে কোন সন্ধান পেলাম না। শুধু পেলাম একটা ডিকটেটরসিপ-এর প্রকাশ এর মধ্যে এবং একজন মানুষকে ক্ষমতা দিয়ে ডিকটেটরএর আসনে বসান হচ্ছে। আসল ক্ষমতা থাকবে রাইটার্স বিল্ডিংসে সেই কথা বিলটি পড়ে আমার মনে হয়েছে। এই বলে আমার বক্তব্য শেষ করছি।

Shri Nirmalya Bagchi :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, যে বিল সম্পর্কে এ পক্ষের বিভিন্ন বক্তা যে সমালোচনা করেছেন তাকে আমি সমর্থন করি এবং তাঁদের বক্তব্য সমর্থন করতে গিয়ে আমি এই বিলের একটা ত্রুটি ল্যাকুনা সম্পর্কে আপনার দৃষ্টি আকর্ষণ করছি। ক্যালকাটা কর্পোরেশন-এর নানাবিধ দায়িত্ব রয়েছে আলো, জল, রাস্তা, স্বাস্থ্য, শিক্ষার ব্যবস্থা করা। কিন্তু আপনি লক্ষ্য করবেন এই বিলের মধ্যে ক্যালকাটা কর্পোরেশন-এর অধীনে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সম্পর্কে কোন উল্লেখ মাত্র নেই। ১৯৫১ সালের আইনে প্রাথমিক শিক্ষা বিষয়ে যে ধারা ছিল সেই ১২৪ ধারায় আছে—

Corporation shall spend annually a sum of not less than five lakhs of rupees for the purpose of promoting primary education among boys and girls residing in Calcutta and whose age does not exceed twelve years Bengal Primary Education Act, 1919.

এই ধারাটি ১৯৫১ সালে গৃহীত হবার পর আজ ১৯৬৪ সালে যখন সেই আইনটা সংশোধন হতে যাচ্ছে তখন সেই ধারায় কোন পরিবর্তন করা প্রয়োজন কিনা সে সম্পর্কে দেখা যাচ্ছে এই বিলের যাঁরা প্রণেতা তাঁরা বিন্দুমাত্র সচেতন নন। আমি আপনার কাছে আর একটা কথা উল্লেখ করতে চাই যে কোলকাতায় প্রাথমিক শিক্ষা ব্যবস্থা যে আইনের দ্বারা এত দিন

পরিচালিত হোত আমি আনন্দিত যে শিক্ষামন্ত্রী এখন আসন গ্রহণ করছেন এবং এই বক্তব্যগুলো তাঁকে উল্লেখ করেই বলছি বেঙ্গল প্রাইমারী এডুকেসন অ্যাক্ট, ১৯১৯, অনুযায়ী এবং যেটা বাংলা দেশের সমস্ত মিউনিসিপ্যালিটিগুলোতে প্রযোজ্য ছিল। ১৯৬৩ সালে যখন আরবান প্রাইমারী এডুকেশন অ্যাক্ট পাশ হয় তখন বেঙ্গল প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, ১৯১৯-টা রিপিল করা হয়েছে। আরবান প্রাইমারী এডুকেশন অ্যাক্ট, ১৯৬৩, সেটা কোলকাতা সহর সম্পর্কে প্রযোজ্য নয় কোন নূতন বিল কোলকাতা শহরের প্রাথমিক শিক্ষা পরিচালনা সম্পর্কে তাঁরা আজ পর্য্যন্ত আনেননি—আনবেন কিনা জানি না! সুতরাং দেখা যাচ্ছে ১৯১৯ সালেরটা রিপিল হয়ে গেছে এবং ১৯৬৩ সালের আইনটা কোলকাতা শহর সম্পর্কে প্রযোজ্য নয় এবং কোলকাতা শহরের প্রাথমিক শিক্ষা সম্পর্কে কোন আইন বর্তমানে কার্য্যকরী নয়। আপনি যাঁর কাছে স্বদেশী মন্ত্রে দীক্ষিত হয়েছিলেন সেই দেশবন্ধু ১৯২৪ সালে ক্যালকাটা কর্পোরেশন-এর প্রথম মেয়র হয়েছিলেন। সেদিন তিনি স্বপ্ন দেখেছিলেন এবং কাজে হাত দিয়েছিলেন যে কোলকাতা শহরে বিনা বেতনে প্রাথমিক শিক্ষা প্রবর্তন করতে হবে। সেই দৃষ্টিভঙ্গী নিয়ে ১৯২৪ সাল থেকে দীর্ঘ দিন ক্যালকাটা কর্পোরেশন প্রাথমিক শিক্ষা প্রসারের জন্য তাঁরা চেষ্টা করে আসছেন। ১৯৩৪ সালের ১৪ই নভেম্বর এই দিনটি স্মরণ করুন, ভারতবর্ষের প্রথম প্রধানমন্ত্রী পণ্ডিত নেহরুর জন্ম দিবস এবং এই তারিখে সারা ভারতবর্ষে শিশু দিবস হিসাবে প্রতিপালিত হয়—ক্যালকাটা কর্পোরেশন-এর ৫টা ওয়ার্ডএ প্রাথমিক শিক্ষাকে শুধু অবৈতনিক নয় বাধ্যতামূলক হিসাবে ঘোষণা করা হয়েছিল। সেই কংগ্রেসী দল ১৯৩৪ সাল থেকে আজ পর্য্যন্ত ঘটনার বিভিন্ন ঘাত প্রতিঘাতের মধ্য দিয়ে ক্যালকাটা কর্পোরেশন পরিচালনা করে আসছেন। তাঁরা ১৯৩৪ সাল থেকে ১৯৬৪ সাল ৩০ বৎসর ব্যাপী চালিয়ে আসছেন। এই ৩০ বৎসরে কোলকাতা শহরের প্রাথমিক শিক্ষাকে কোন পর্য্যায়ে নামিয়ে এনেছেন সে সম্পর্কে আমি ২।১টা তথ্য আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রীর কাছে পরিবেশন করছি। ক্যালকাটা কর্পোরেশন-এর প্রাথমিক শিক্ষা সম্পর্কে ইতিমধ্যে ২।৩টা রিপোর্ট প্রকাশিত হয়েছে, যদিও সেগুলি ছাপিয়ে জনসাধারণের মধ্যে প্রচার করার ব্যবস্থা হয়নি। কেন্দ্রীয় সরকারের প্রাথমিক শিক্ষা সম্বন্ধে যিনি শিক্ষা উপদেষ্টা জে পি নায়েক তিনি ১৯৬১ সালে একটা বিস্তৃত রিপোর্ট প্রণয়ন করে বাংলা সরকারের কাছে সেটা পেশ করেছিলেন। সি. এম. পি. ও. কোলকাতার প্রাথমিক শিক্ষা সম্পর্কে ১৯৬৩ সালে একটা ব্যাপক সমীক্ষা গ্রহণ করেন। ক্যালকাটা কর্পোরেশন-এর এডুকেশন কমিটির যিনি চেয়ারম্যান, ডাঃ মহেন্দ্রনাথ সরকার, তিনি গত বৎসর যে একটা রিপোর্ট পেশ করেন তাতে প্রাথমিক শিক্ষার একটা ভয়াবহ চিত্র সারা দেশের কাছে উদঘাটিত হয়েছে। সি. এম. পি. ও. যে রিপোর্ট প্রকাশ করেছেন সেই রিপোর্ট এখনও পর্য্যন্ত জনসাধারণের মধ্যে প্রচার করা হয়নি। সেখানে দেখা যাচ্ছে কোলকাতা শহরে ৬ থেকে ১১ বছর পর্যন্ত যে বালক বালিকা রয়েছে তাদের সংখ্যা হচ্ছে ৩ লক্ষ ২১ হাজার ৪৫৮ এবং এর মধ্যে ১ লক্ষ ৯৪ হাজার ৯০৬টি বালক বালিকা প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া শেখবার সুযোগ সুবিধা পেয়েছে।

[5-10—5-20 p.m.]

সেখানে আমরা দেখতে পাচ্ছি যে কলকাতা সহরে যে বালক-বালিকারা রয়েছে ৬ থেকে ১১ বছরের, তার সংখ্যা ৩,২৪,৪২৮ এবং এর মধ্যে ১,৯৪,৯০৩টি বালকবালিকা প্রাথমিক বিদ্যালয়ে লেখাপড়া শিখবার সুযোগ পায় এবং বাকী ১,২৯,৫৫৫টি শিশু এই কলকাতা শহরে যেখানে বসে আমরা সভা করছি, তারা কোন রকম প্রাথমিক শিক্ষার সুযোগ পায় না। তাদের হয়ত আপনি দেখবেন স্যার, এই রাস্তায় বসে জুতো ব্রুশ করছে, রেষ্টুরেণ্টে চা নিয়ে যাচ্ছে, বাড়ীতে গৃহভৃত্যের কাজ করছে, তাদের কাছে প্রাথমিক শিক্ষা চিরকালের জন্য রুদ্ধ হয়ে গেছে। বর্তমানে কলকাতা শহরে যে ৮০টি ওয়ার্ড আছে, সেই ৮০টি ওয়ার্ডের মধ্যে ১৯টি ওয়ার্ড আছে, যেখানে মাত্র শতকরা ৪০ ভাগ ছেলেমেয়েও লেখাপড়া শিখবার সুযোগ পায়না এবং আরো ১৯টি 'ওয়ার্ড আছে যেখানে শতকরা ৬০ ভাগের কম শিশু লেখাপড়া শিখবার সুযোগ পায়। এই কংগ্রেস সরকার মাদ্রাজেও রয়েছে। সেখানে তারাই মাদ্রাজ কর্পোরেশন পরিচালনা করছেন। সেই মাদ্রাজ সহরে শতকরা ৯৬জন শিশু তারা প্রাথমিক শিক্ষার সুযোগ সুবিধা পেয়ে থাকে। কিন্তু সি এম পি ও মারফৎ আমরা এই কলকাতা শহরের একটি হিসেব পেয়েছি,

তাতে আমরা দেখতে পাচ্ছি কলকাতাতে ৮৩৩টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে এবং তার মধ্যে মাধ্যমিক বিদ্যালয়ে যে প্রাথমিক অংশটুকু যুক্ত রয়েছে এই সব নিয়ে আমি বলছি তার মধ্যে কলকাতা কর্পোরেশন ২৫৪টি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করে থাকেন; রাজ্য সরকার ৬টি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করে থাকেন এবং কেন্দ্রীয় সরকার ৫টি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা করে থাকেন এই মোট ২৬৫টি এবং বাকী ৫৬৮টি প্রাথমিক বিদ্যালয় সম্পূর্ণরূপে প্রাইভেট সেক্টরের মধ্যে রয়েছে। ব্যক্তিগত পরিচালনাতে এই ৫৬৮টি প্রাথমিক বিদ্যালয় কলকাতা শহরে পরিচালিত হচ্ছে। অর্থাৎ কলকাতা কর্পোরেশন এক তৃতীয়াংশেরও বেশী দায়িত্ব তাঁরা এখন পর্যন্ত পালন করতে পারেন নি। শ্রীজে পি নায়ক তিনি সরকারী লোক তিনি যে মন্তব্য সেদিন করেছিলেন, সেই মন্তব্যটি আপনার কাছে আমি একটু পড়ে দিচ্ছি—

"It will be seen that the bulk of the educational effort is provided by private enterprise and that the Corporation provides about one-third of the total order."

কলকাতা কর্পোরেশনের ২৫৪টি প্রাথমিক বিদ্যালয়ের ৫০ হাজার ছাত্র-ছাত্রী তারা মাত্র বিনা বেতনে পড়বার সুযোগ পায়। অর্থাৎ যে শিশুরা এখানে লেখাপড়া করছে প্রাথমিক বিদ্যালয় তার শতকরা ২৮ জন মাত্র কলকাতা কর্পোরেশনে প্রাথমিক বিদ্যালয়ে বিনা বেতনে পড়বার সুযোগ পাচ্ছে এবং বাকী যারা রয়েছে শতকরা ৭২ ভাগ তাদেরকে তাদের পিতা-মাতারা বেতন দিয়ে কোন রকমে লেখাপড়া শেখাবার ব্যবস্থা করছেন।

তারপর আমি বলেছি যে কলকাতা কর্পোরেশনের এই যে ২৫৪টি প্রাথমিক বিদ্যালয় রয়েছে তার মধ্যে তাদের নিজস্ব বাড়ী রয়েছে মাত্র ২৭টি। আর বাকী স্কুল ভবনগুলি জরাজীর্ণ ও অব্যবহার্য্য ভাড়াটে বাড়ীতে রয়েছে। তার পরিবেশ অত্যন্ত জঘন্য। সে সম্বন্ধে ডাঃ মহেন্দ্র নাথ সরকার যে রিপোর্ট পেশ করেছিলেন তাতে তিনি বলেছেন—

এই বাড়ীগুলি হচ্ছে এক একটা ডেথ চেম্বার অর্থাৎ নিধনভবন। এখানে শিশুদের পাঠানো মানে তাদের যমের বাড়ীতে ঠেলে দেওয়া। মাননীয় শিক্ষামন্ত্রী তিনি নূতন এসেছেন, তাঁর কাছে অনেক প্রত্যাশা আমাদের আছে। কলকাতার প্রাথমিক শিক্ষা সম্পর্কে তিনি যদি নূতন কোন পরিকল্পনা গ্রহণ করেন, আমরা নিশ্চয়ই সেটা সহানুভূতির সঙ্গে বিবেচনা করে দেখবো। আর ঐ যে ৬টি প্রাথমিক বিদ্যালয় রাজ্য সরকারের পরিচালনাধীন রয়েছে, সেগুলিও অবৈতনিক নয়। সেখানে প্রতি ছাত্রের কাছ থেকে দু টাকা থেকে চার টাকা করে মাইনে এই সরকার আদায় করে থাকেন এবং কলকাতা সহরে তার ফলে দেখা যাচ্ছে এখানে রাজ্যসরকার তাঁদের দায়িত্ব পালন করেন না এবং কলকাতা কর্পোরেশনও তার দায়িত্ব পালন করেন না। এই কলকাতা সহরে প্রাথমিক শিক্ষা নিয়ে মুনাফা অর্জনের যে একটা ব্যবসা সুরু হয়ে গেছে, তা সহজেই বোঝা যায়। একদিকে রয়েছে বড় বড় যারা ধনিকশ্রেণী উচ্চ মধ্যবিত্ত তাঁদের ছেলে মেয়েরা যাতে পড়তে পারে তার জন্য উঁচু বেতন দিয়ে পড়বার মত স্কুলের ব্যবস্থা আছে: সেখানে ২০ টাকা ২৫ টাকা থেকে এমন কি ৭০্ টাকা মাইনে দিয়ে তাদের ছেলেমেয়েদের প্রাথমিক বিদ্যালয়ে পড়াবার ব্যবস্থা রয়েছে। আর অন্য দিকে অলিগলিতে সাইনবোর্ড দিয়ে যে সমস্ত প্রাথমিক বিদ্যালয় প্রতিষ্ঠিত হচ্ছে সেখানে সাধারণ গরীব লোকেরা ছেলেমেয়েদের পাঠাচ্ছে এবং বেতন দিয়ে পড়াচ্ছে।

যে টাকা নিয়েছে তারা অভিভাবক ও শিশুদের ফাঁকি দিচ্ছেন। শিক্ষার যে মান সেখানে রয়েছে সে সাধারণ মানের চেয়ে অনেক নীচুতে। সি, এস, পি, ও রিপোর্টে বলা হচ্ছে, সাব স্ট্যাণ্ডার্ড এডুকেশন য়্যাণ্ড ডিফ্রডিং দি গার্ডিয়ানস ভারতীয় সংবিধানে যেকথা লেখা আছে যে এই দেশে যে শিশু জন্ম গ্রহণ করেছে শিক্ষার উপর তার জন্মগত অধিকার রয়েছে। কিন্তু এই শহর যে শহর নিয়ে আমরা গর্ব বোধ করি সেই শহর কোলকাতা সম্পর্কে এটা খাটে না। ক্যালকাটা কর্পোরেশন প্রাথমিক শিক্ষা সম্পর্কে কি ব্যয় করে থাকেন সেটার একটু আভাষ দিতে চাই। ১৯৬১ সালে দেখছি এই কোলকাতা শহরে প্রাথমিক শিক্ষার জন্য যে মোট টাকা ব্যয় হয়ে থাকে তার পরিমাণ ৮২ লক্ষ টাকা এর মধ্যে শতকরা ৩৬ ভাগ বহন করে

থাকেন ক্যালকাটা কর্পোরেশন, রাজ্য সরকার নমঃ নমঃ করে ১৯ ভাগ বহন করেন, আর বাকী ৪৫ ভাগ টাকা ওঠে ছাত্রদের বেতন থেকে। ক্যালকাটা কর্পোরেশন যে টাকা খরচ করেন তাঁদের বাৎসরিক যে ব্যয় হয় তার সামান্যই তারা ব্যয় করে থাকেন। এই বিষয়ে মাদ্রাজ শহরের দিকে তাকিয়ে দেখুন সেখানে বাৎসরিক যে ব্যয় হয় তার ১৫.২৬ ভাগ তাঁরা ব্যয় করে থাকেন, আর ক্যালকাটা কর্পোরেশন সেখানে ৩.৯ ভাগ মাত্র খরচ করে থাকেন। জে. পি. নায়ক মন্তব্য করেছেন,

"It will be seen that the total expenditure for primary education in the city of Calcutta is low specially as compared with the Corporation standard, it works out to less than Rs.2.5 per capita of the population."

রাজ্য সরকারের ভূমিকা সম্পর্কে তিনি মন্তব্য করেছেন দিস ইজ লো বাই এনি স্ট্যাণ্ডার্ড এবং কর্পোরেশন-এর ভূমিকা সম্পর্কে বলেছেন—

This is also very low judged by the standard of other Corporations or even that of smaller municipalities.

ভারতবর্ষের অন্যান্য কর্পোরেশন-এর কথা ছেড়ে দিয়ে বাংলায় বিভিন্ন মিউনিসিপ্যালিটির বাৎসরিক আনুপাতিক ব্যয়ের যে পরিমাণ সেই পরিমাণ ক্যালকাটা কর্পোরেশন প্রাথমিক শিক্ষার জন্য ব্যয় করেন না এবং আজ এই আইনে কোলকাতা শহরের প্রাথমিক শিক্ষা ব্যবস্থা উন্নয়নের কোন ব্যবস্থা নেই। এইটুকুন বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, আমার এদিকের বন্ধুরা এই বিলটা সমর্থন করেন নি, আমি বুঝতে পারছি না আমি এই বিলের বিরোধীতা করব কিনা। এটা ঠিক স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান যে সমস্ত আছে সেখানে সরকারের শাসন থাকা উচিত নয়, যদি থাকে তাহলে বোর্ডিয়াবি পাওয়া; যেটুকু সেটার আবশ্যকতা থাকে। আমার বন্ধু নির্মলবাবু যে সমস্ত দেশের কথা উল্লেখ করেছেন সেই সমস্ত দেশ শিক্ষা বিষয়ে বিশেষ উন্নত। পাশ্চাত্য শিক্ষিত দেশের সঙ্গে আমাদের ভারতবর্ষ বা পশ্চিমবঙ্গের যারা শিক্ষা বিষয়ে একেবারে অনগ্রসর তাদের সঙ্গে তুলনা চলে না। পাশ্চাত্য দেশে শিক্ষার হার হচ্ছে কোন জায়গায় শতকরা ১০০, কোন জায়গায় ৯৭।৯৮ এবং শিক্ষার মান অনেক উন্নত। সেখানে আমাদের মত প্রাইমারি এডুকেশন ৪ বছরের নয় সেখানে ক্লাস এইট-নাইন পর্যন্ত আছে। সেখানে কিন্তু সবাইকে প্রাইমারী শিক্ষায় শিক্ষিত করা হয়। সুতরাং সেই দেশে শিক্ষার মান অনেক উন্নত সেখানে অনাচার থাকতে পারে কিন্তু আমাদের দেশে যেখানে শিক্ষা মোটেই নেই সেখানে যে সমস্ত স্বায়ত্তশাসনের কথা বলছেন সেগুলি প্রযোজ্য কিনা আমি ঠিক জানি না। আমি বাস্তব পরিস্থিতি সম্বন্ধে বলছি। কোলকাতায় এই যে মিউনিসিপ্যাল গভর্নমেণ্ট এটা সম্পর্কে আমি সেদিন বলেছিলাম যে এটা একটা অজিয়ান স্ট্যাবল সেখানে এত দুর্নীতি অনাচার এবং অব্যবস্থা আছে যার ফলে রাস্তায় জঞ্জাল সমস্ত পুঞ্জীভূত হয়ে থাকে এবং যেসমস্ত বস্তী আছে সেগুলির অবস্থা অত্যন্ত শোচনীয়। তা ছাড়া বিল্ডিং কমিটিতে যদি যান সেখানে যদি কোন প্ল্যান পাশ করাতে হয় তাহলে গলদঘর্ম হতে হয়। এডুকেশন কমিটির কাউনসিলর-এর লোক ছাড়া একটা লোকও যত যোগ্য হোক না কেন সে নিযুক্ত হতে পারে না এবং অন্যান্য সমস্ত বিষয়ে এত অব্যবস্থা যে কোলকাতা শহর আজ জগতের সামনে একটা উপহাসাস্পদ স্থান বলে পরিচিত হয়েছে।

[5-20—5-30 p.m.]

যে সমস্ত টুরিষ্ট এখানে আসেন তাঁরা প্রায়ই কলকাতা শহরের রাস্তার জঞ্জালগুলিকে, স্লামস-এর বাসিন্দাদের এবং রাস্তায় যে সমস্ত নগ্ন ভিখিরী ঘুরে বেড়ায় তাদের ফটো নিয়ে জগতের সামনে ধরে থাকেন—এই হচ্ছে কলকাতা শহর এবং এই কলকাতা শহরে যাঁরা শিক্ষিত ব্যক্তি, তাঁদের দ্বারা এই প্রতিনিধিমূলক প্রতিষ্ঠান এইভাবে শাসিত হয়ে থাকে। সুতরাং এ প্রতিবাদ আবশ্যক। যদিও কংগ্রেস সরকারের আজ সেখানে প্রাধান্য রয়েছে, সেই কংগ্রেসী প্রতিনিধিদের

প্রাধান্য কর্পোরেশনে রয়েছে, কংগ্রেসী প্রতিনিধিদের সংখ্যা বেশী। কাজেই এই যে কু-শাসন সেখানে চলছে তারজন্য তাঁরাই দায়ী এ বিষয়ে কোন সন্দেহ নাই। বর্তমানে যে রাজনৈতিক অবস্থা, তাতে যাঁরা চেষ্টা করছেন যে এই দুর্নীতিকে দূর করবেন, তা তাঁরা পারবেন না। কারণ কংগ্রেসী কাউনসিলরদের প্রভাব সেখানে এতবেশী যে সমস্ত অফিসার কর্মচারী যাঁরা আছেন, তাঁরা সব ডিমরালাইজড হয়ে আছেন। আমাদের বি কে সেন যখন কমিশনার ছিলেন, তখন তিনি একটা ষ্ট্রীট কর্ণার মিটিং মাঝে মাঝে করতেন এবং সেখানে স্থানীয় লোকদের ডেকে নিয়ে এসে তাদের অভাব অভিযোগ জানবার চেষ্টা করতেন সেখানে আমি জানি একজন কংগ্রেস কাউন্সিলর যার শিক্ষা ক্লাস এইট-নাইন-এর বেশী নয়, তিনি একজন শিক্ষিত ডিষ্ট্রিক্ট ইঞ্জিনিয়ারকে এমনভাবে ধমকালেন ও গালাগালি করলেন যে তা কোন শিক্ষিত ভদ্রলোক সহ্য করতে পারেন না। কিন্তু তিনি সেগুলি বেমালুম হজম করে গেলেন। তা আমি দেখে বিস্মিত হয়েছি। আমি হলে তার প্রতিবাদ করতাম এবং সঙ্গে সঙ্গে রিজাইন দিতাম। তাই বলছিলাম বর্তমান পরিস্থিতিতে কংগ্রেস কাউন্সিলাররা এত প্রভাব বিস্তার সেখানে করে থাকেন। কর্পোরেশনে যে সব গলদ রয়েছে তা দূর করবার জন্য বর্তমান কংগ্রেস সরকার কিছুটা চেষ্টা করেছিলেন আমি জানি। মিঃ ত্রিবেদীকে যখন কমিশনার করে নিয়ে আসা হলো, তিনি প্রাণপণে চেষ্টা করেছিলেন এই গলদ দূর করবার জন্য। কিন্তু তিনিও অসমর্থ হয়েছেন। তারপর এস বি রায় কমিশনার হয়ে এলেন না তিনি একজন সৎ অফিসার ছিলেন। তিনিও চেষ্টা করেছিলেন বিশেষভাবে এই সমস্ত দুর্নীতি দূর করবার জন্য। কিন্তু শুধু কংগ্রেসী কাউন্সিলারদের বাধাতে তাকেও এক রকম লাঞ্ছিত ও অপমানিত হয়ে কর্পোরেশন ত্যাগ করতে হয়েছে।

তারপর এডুকেশন কমিটি সম্বন্ধে আমি জানি সেখানেও এই কাউন্সিলরদের প্রভাব এত বেশী যে উপযুক্ত প্রার্থী থাকা সত্বেও এমন দেখেছি বি. এ. বি. এস. সি অনার্স ডিগ্রি সব রয়েছে, তাঁদের নিযুক্ত না করে থার্ড ডিভিশনে পাস করা একজন কংগ্রেসী কাউন্সিলরের প্রার্থীকে মনোনীত করা হয়েছে। বাইরের লোকের কারো সাধ্য নাই কর্পোরেশনের যে সমস্ত স্কুল আছে সেখানে তাঁরা যতই উপযুক্ত হোন না কেন কংগ্রেস কাউন্সিলরের সমর্থন না পেলে সেখানে কেউ ঢুকতে পারবে না। এই রকম অবস্থা সর্বত্র। তারপর বিল্ডিং কমিটি রয়েছে, য়্যাসেসমেন্ট কমিটি রয়েছে; কর্পোরেশনের যে সমস্ত ফ্যাক্টরী রয়েছে সেখানেও এই রকম অবস্থা। কনজারভান্সির গাড়িগুলো রয়েছে, তা অব্যবহার্য্য হয়ে পড়ে থাকে। তারা কাজে সময় মত বেরোয় না। কর্মচারীরা সময়মত অফিসে উপস্থিত থাকেন না। কাউন্সিলরদের তোষাজ করে চাকুরী বজায় রাখেন, কোন কাজ তাঁরা করেন না। এই রকম ভাবে চারিদিকে দুর্নীতিতে পরিপূর্ণ হয়ে রয়েছে। সংবাদপত্রে যে সব প্রতিবাদ হয়েছে আমি জানি তারা প্রায় ত্রাহি ত্রাহি ডাক ছাড়ছেন এই দুর্নীতি থেকে আমাদের রক্ষা করা হোক।

আজকে কংগ্রেস সরকার এই যে বিল এনেছেন এই বিলেতে আমার মনে হয় পলিসি এবং একজিকিউশন দুটো নীতি রয়েছে। যাঁরা কাউন্সিলর থাকবেন, তাঁরা এক্সিকিউশন-এর নীতি ঠিক করে দেন; আর যিনি কমিশনার থাকবেন তার উপর সমস্ত ভার দেন যাতে তিনি সেই কাজগুলি সম্পূর্ণ করতে পারেন এবং তিনিই দায়ী হবেন সমস্ত কাজের জন্য। বোম্বে এবং দিল্লী যতদূর আমি জানি সেখানে যে সমস্ত মিউনিসিপ্যালিটি আছে সেগুলি কলকাতার চেয়ে অনেক ভাল ভাবে পরিচালিত হয়ে থাকে। সেখানকার ব্যবস্থাপনা ভাল। সেখানে পলিসি যারা পরিচালিত করবেন, কার্য্যনির্বাহক অধ্যক্ষ আছেন, সেইভাবে যদি বিলটি আনা হতো, তাহলে বিলকে আরো সম্পূর্ণভাবে সমর্থন করতে পারতাম।

এঁরা অর্ধ পথে স্তব্ধ হয়ে গেছেন। এঁরা খানিকটা ক্ষমতা কাউনসিলর-এর, খানিকটা ক্ষমতা কমিশনারের হাতে দিয়েছেন। কিন্তু এঁরা একটা হোল হগার নীতি নিতে পারেন নি। সুতরাং সেদিক থেকে এই বিলটাতে ত্রুটি রয়েছে এবং আরও অনেক বছর যাবে যাতে এই ভাবে কার্য্যকারিতা, পলিসি এবং যিনি কমিশনার থাকবেন তাঁর কর্তব্য নির্ধারণ করে দিয়ে শেষ করতে হবে। ডেমোক্রেসি সম্বন্ধে বলব যে ডেমোক্রেসি প্রিসাপোসেস এডুকেশন, এডুকেশন যেখানে নেই সেখানে ডেমোক্রেসি চলতে পারে না। আমাদের দেশে ডেমোক্রেসি যা হয়েছে সেটা ডেমোক্রেসি ঠিক নয় আমার মনে হয় আমাদের দেশে এতে উপযুক্ত ছিল না। শিক্ষা না থাকলে ডেমোক্রেসি

চলতে পারে না। কেন না, যাঁরা প্রতিনিধি আসবেন তাঁরা কি মন্দ, উপযুক্ত কি অনুপযুক্ত একথা বুঝবার ক্ষমতা যারা অশিক্ষিত লোক তাদের থাকে না। এর ফলে যাঁরা সমাজের প্রতিষ্ঠাবান লোক আছে, ব্ল্যাকমার্কেটিয়ারস হোর্ডারস রয়েছেন তাঁরাই চলে যান এবং তাঁদের হাতেই কংগ্রেস সরকার রয়েছে। তার ফলে কংগ্রেসের ফেলিওর উপর দিক থেকে এবং কংগ্রেসী মিউনিসিপ্যালিটির ফেলিওর উপর দিক থেকে। সুতরাং যতদিন পর্যন্ত কর্পোরেশনে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা না হবে ততদিন কিছুই হবে না। প্রাথমিক শিক্ষা ব্যবস্থা যে অত্যন্ত শোচনীয় সেই কথা নির্মাল্য বাবু বলে গেছেন। এদিক থেকে বলতে চাই কংগ্রেস কাউনসিলর যারা ছিলেন তাঁরা নিজেরাই এবিষয়ে অপরাধী, কেন না তাঁরা এ বিষয়ে দৃষ্টি দেন নি। এটা সরকার করবেন, না কাউনসিলররা করবেন এ বিষয়ে বিরোধ রয়েছে এবং এর ফলে প্রাথমিক শিক্ষা বিস্তার হয়নি। এর উপর দুর্নীতি, অনাচার রয়েছে, টপ টু বটম করাপশন রয়েছে। এখানে অফিসিয়াল থেকে আরম্ভ করে, কাউনসিলর থেকে আরম্ভ করে সর্বত্র একটা দূষিত আবহাওয়া চলছে। এর একটা আশু প্রতিকারের দরকার রয়েছে। এসব দূর করে কংগ্রেস সরকার যদি সিনসিয়ারলি ট্রাই করতেন তাহলে তাঁরা খানিকটা সাকসেসফুল হতে পারতেন। সুতরাং এই বিলটার আমি অপোজ করছি না।

Shri Jatin Chakravorty :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বিল আমাদের অর্থমন্ত্রী এনেছেন এটাকে আমি সমর্থন করি না। প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে কর্পোরেশন-এর নির্বাচন হতে চলেছে এবং সেই পরিপ্রেক্ষিতে এই বিল আনছেন। এই বিলটাকে প্রথমে আমি যে দৃষ্টিভঙ্গী নিয়ে দেখেছি সেটা হচ্ছে এটা একটা বিল নয়, এটা হল দুই পালোয়ানের লড়াই। দুই বিপুলকায় পালোয়ান দারাসিং ভারসেস কিং কং। আমাদের এখানে দারাসিং, আর একজন কিংকং। এই দারা সিং ও কিং কং এর মধ্যে কর্পোরেশনের উপর ক্ষমতাকে কতখানি কুক্ষিগত করবে এ নিয়ে লড়াই চলছে। দারাসিং পরাজিত কি না বলতে পারব না কারণ দুজনে এখনও লড়ছেন। আমি পরে দেখাব যে সেই লড়াই কোথায় গিয়ে পৌঁচেছে। মাননীয় সদস্য অনেকে বলেছেন ত্রিধা বিভক্ত ক্ষমতা। এই বিলের মধ্যে আমরা দেখছি কর্পোরেশন-এর কাউন্সিলর রয়েছেন, স্ট্যাণ্ডিং কমিটি আছে এবং কমিশনার আছেন এবং আজকে কতখানি ক্ষমতা কুক্ষিগত করতে পারে তার চেষ্টা চলছে। আমি বলছি রাইটার্স বিল্ডিং-এর উপর যে বিপুল ছায়া চৌরঙ্গীর কংগ্রেস ভবন থেকে পড়ে থাকে, কর্পোরেশনের উপর যে একছত্র রাজত্ব চলে সেই বিপুল ছায়ার মালিক কিং কং তাঁর ক্ষমতা ছাড়তে চান না।

[5-30—5-40 p.m.]

আমাদের এখানকার মন্ত্রীমণ্ডলীর দারা সিং চেষ্টা করছিলেন যে রাইটার্স বিল্ডিংস-এর মারফৎ কিছুটা ক্ষমতা নিয়ন্ত্রণ করা যায় কিনা। কিন্তু দুজনই অগণতান্ত্রিক। তাদের যদি গণতন্ত্রের প্রতি আস্থা থাকতো, তাহলে কাউনসিলরদের হাতে ক্ষমতা দিতেন এবং গণতন্ত্রের পথে বিরোধী দল যে ভূমিকার অভিনয় করে, যে ভূমিকা তাদের রয়েছে লোকসভায়, রাজ্য সভায়, বিধানসভায় এবং বিধান পরিষদে, আমরা বিরোধী দল যে গণতন্ত্রের যে ভূমিকা আমরা পালন করে থাকি, সেই বিরোধী দলকে সেই ভূমিকা পালন করবার সুযোগ তাঁরা দিতেন। ওখানে কিংকংও চাননি, দারাসিংও চাননি। সেইজন্য বিলের মধ্যে এস্টিমেটস কমিটি এবং একাউণ্টস কমিটি এই দুইটি কমিটিতে প্রপোরশনাল রিপ্রেজেণ্টেশন-এর মাধ্যমে বিরোধী দলকে আসবার সুযোগ দেওয়া হয়েছে। কিন্তু স্ট্যাণ্ডিং কমিটি গুলিতে যাবার সুযোগ বিরোধীদলের লোকেদের দেওয়া হয় নাই, আমি সেইজন্য বলছি এই যে দুই পালোয়ানের দ্বন্দ্ব চলছে লড়াই চলছে যে দুর্নীতি কর্পোরেশনে বাসা বেধেছে সেটা আর দূর হবে না। এই জন্য দূর হবে না স্যার। আজ আমরা কি দেখছি ? আমি আজকে সভা শুরু হবার সময় সদাচার সমিতির কথা বলেছিলাম রোটাণ্ডায় হচ্ছে বেসরকারী সংস্থা; স্যার, আমি যে কথা বলেছিলাম সেকথা সত্যি। আমি এই মাত্র খবর পেলাম সদাচার সমিতি হয়ে গিয়েছে। হাইকোর্টের প্রাক্তন বিচারপতি দেবব্রত মুখার্জী, তিনি কনভেনর ছিলেন এই সদাচার সমিতির মিটিংএর। তিনি চিঠি লিখেছেন মন্ত্রীদের নিমন্ত্রণ করেছেন। মন্ত্রীরা এবং কংগ্রেস সদস্যরা সেখানে এত বেশী সংখ্যায় গিয়েছেন যে এসেম্ব্লীতে সরকার প্রায় স্ন্যাপ ভোটে হেরে যাচ্ছিলেন। ৪৭-৩২ ভোটে কোন রকমে মান বেঁচেছে। ঐ দেবব্রত মুখার্জীকে এই

সদাচার সমিতির সভাপতি করা হয়েছে। কিন্তু সেই কমিটির আর কোন সদস্যের নাম সেখানে ঘোষণা করা হল না। এত বক্তৃতা হলো। সেখানেও লড়াই সেখানেও সংঘর্ষ। কার লোক দিয়ে সদাচার সমিতি গঠিত হবে? সভাপতি হাতে রয়েছে কিং কং এর এবং দারাসিং এখন চেষ্টা করছেন সেখানে কতখানি দিতে পারেন, সদাচার সমিতিতে কত নিজের লোক ঢোকান যাবে। এই যে দুজনের লড়াই ও দ্বন্দ্ব চলছে কর্পোরেশনে ও সদাচার সমিতিতে তার কোথায় পরিসমাপ্তি কে জানে।

Shri Sudhindra Nath Mukherjee :

Sir, on a point of order,
আমরা এখানে কিসের আলোচনা শুনছি?

Shri Jatin Chakravorty :

বুঝতে পারছেন না কিসের আলোচনা? কর্পোরেশন বিলের।

Shri Sudhindra Nath Mukherjee :

বিলের আলোচনা বিলের মধ্যে সীমাবদ্ধ থাকা দরকার।

Shri Jatin Chakravorty :

হ্যাঁ, সেখানের দুর্নীতি দূর করা যাবে কিনা এই সদাচার সমিতির মাধ্যমে সেটা আলোচনা করতে হবে। কর্পোরেশনে ক্ষমতার দ্বন্দ্ব চলছে। সদাচার সমিতিতেও সেই দ্বন্দ্ব চলছে। এটা বোঝাবার জন্য আমি একটা উপমা দিলাম মাত্র। সেখানে লড়াই যেটা চলছে তাতে আমাদের যিনি দারা সিং, তিনি কিছুটা পরাজিত হয়েছেন কারণ যে ক্ষমতা তিনি এই বিলের মাধ্যমে নিতে চেয়েছিলেন, তা পারলেন না। হেরে গেলেন। কমিশনার যখন বসান হয়, সেই সময় একবার হেরেছিলেন সেই চৌরঙ্গী ভবন বা কংগ্রেস ভবনের কাছে এবং আজও দেখছি যে আশা আমরা করেছিলাম যে এই সদাচার সমিতির মাধ্যমে অন্ততঃ কর্পোরেশনের দুর্নীতি দূর করতে পারবো। কিন্তু সে আশা ধুলিসাৎ হতে চলেছে। ঐ যে বললাম সভাপতি যিনি হয়েছেন, সেই ভদ্রলোক কিং কং এর আশ্রিত লোক। তার সদস্য সংখ্যা কত হবে সেটা পরে ঠিক হবে। এখনো ঠিক নাই। গণতান্ত্রিক মনোভাবের যে অভাব সেই অভাবটা এই বিলের প্রতি ছত্রে ফুটে উঠেছে।

সেজন্য দেখছি যে এই বিলের মধ্য দিয়ে গণতান্ত্রিক মনোভাবের অভাব আছে। এটা একটা পিসমিল লেজিসলেশন আজকে প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে নির্বাচন হতে চলেছে কর্পোরেশনএ, গণতন্ত্রকে আরও সেখানে বিকশিত করার জন্য। নির্বাচন যখন হবে তখন দেখা যাবে কোন্ বিরোধী দল হয়। আমরা যারা বিরোধী দলে আছি নির্বাচিত না হতে পারি, আপনারাও না হতে পারেন। কিন্তু আমরা চাই বিরোধী দলের গুরুত্বপূর্ণ ভূমিকা তাঁরা প্রতিপালন করুন। কিন্তু স্ট্যাণ্ডিং কমিটির মধ্য দিয়ে তাকে সঙ্কুচিত করা হচ্ছে যাতে বিরোধী দল ঢুকতে না পারে। এই ভাবে এই ক্ষমতার লড়াইয়ে দুই বিপুলকায় পালোয়ানের খেলা চলছে। সেজন্য আমি এই বিলের বিরুদ্ধে প্রতিবাদ জানাচ্ছি। সামগ্রিক ভাবে, ভালভাবে, সুষ্ঠুভাবে গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়ে যাতে এই কর্পোরেশনকে গড়ে তোলা যায় সেজন্য ব্যবস্থা করুন। দেশবন্ধুর নামের সঙ্গে, ঐতিহ্যের সঙ্গে কর্পোরেশন-এর নাম জড়িত আছে; সুরেন্দ্রনাথ ব্যানার্জির সঙ্গে কর্পোরেশন-এর নাম জড়িত আছে; আরও বহু দেশ নেতার নামের সঙ্গে কর্পোরেশন-এর নাম জড়িত আছে; নেতাজীর নাম জড়িত আছে। সুতরাং তাঁরা কর্পোরেশনকে যেভাবে তৈরী করবেন বলে স্বপ্ন দেখেছিলেন, দেশ স্বাধীন হবার পর কর্পোরেশনকে গড়ে তুলবার যে সুযোগ ছিল গণতান্ত্রিক পদ্ধতির মধ্য দিয়ে তাকে বিকশিত করতে পারতেন। একটা এত বড় স্বায়ত্তশাসন মূলক প্রতিষ্ঠান আসাম রাজ্যের চেয়ে যার ইনকাম বেশী এবং ভারতবর্ষের সব চেয়ে বড় পৌর নগরী সেই নগরীর যে স্বায়ত্তশাসনমূলক প্রতিষ্ঠান আজকে তাকে এই বিলের মধ্য দিয়ে গণতান্ত্রিক পদ্ধতিতে শক্তিশালী করা যাবে না। তার কারণ আমি আপনাকে বলেছি ঐ দারাসিং বর্সেস কিংকং এর লড়াই। সেই লড়াইয়ের জন্য আমরা এই বিলের প্রতিবাদ করছি।

Shri Saila Kumar Mukherjee :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল সম্বন্ধে আমাদের মাননীয় বিরোধী সদস্যগণ যে আলোচনা করলেন তা আমি মনোযোগের সহিত শুনেছি। এই বিলের আলোচনা কালে দেশবন্ধু, সুরেন্দ্রনাথ, নেতাজীর নাম আনা হয়েছে। আমরা তাঁদের সেই আদর্শ প্রতিপালন করতে পারছি কি না? দেশবন্ধু দরিদ্র নারায়ণের সেবার আদর্শ চেয়েছিলেন। ক্যালকাটা কর্পোরেশন সম্বন্ধে তিনি চেয়েছিলেন "আওয়ার সিটি উইল বি ক্লিন, হেলদি, য়্যাণ্ড বিউটিফুল"। নেতাজী প্রথমে গিয়ে বললেন উই হ্যাভ টু ক্লিন দি ক্যালকাটা কর্পোরেশন অফ ইটস অজিয়ান স্ট্যাবল। আজ মাত্র ২ জন সদস্য বললেন ক্যালকাটা কর্পোরেশন অজিয়ান স্ট্যাবলএ পরিপূর্ণ। এ বিষয়ে তাঁদের সঙ্গে আমিও একমত। সুতরাং একথা আজ সর্ববাদীসম্মত যে ১৯২৩ সালের সুরেন্দ্রনাথের আইনের মধ্যে দিয়ে ক্যালকাটা কর্পোরেশনএ দেশবন্ধু এসেছিলেন প্রথম মেয়র রূপে, নেতাজী এসেছিলেন প্রথমে চীফ একজিকিউটিভ অফিসার এর পরে মেয়র রূপে, যতীন্দ্রমোহন এসেছিলেন মেয়র রূপে। সেই ১৯২৩ সালের আইনকে আমরা তার আদর্শ প্রতিপালন করতে পারিনি বলে দেশব্যাপী, কোলকাতা ব্যাপী সংবাদপত্র ও জনসাধারণের মাধ্যমে আন্দোলন গড়ে উঠেছিল সেজন্য গণতন্ত্রের দাবীতে ১৯২৩ সালের আইনকে ১৯৫১ সালে আমূল পরিবর্তন করবার প্রয়োজন হয়েছিল।

[5-40—5-50 p.m.]

গণতন্ত্রের দাবীতে জনসাধারণের চেষ্টায় সংবাদপত্র সমূহের আলোচনায় এই কর্পোরেশন চলছেনা যার জন্য সেদিন আইনে স্থান ছিল না—স্পেশাল অর্ডিন্যান্স করে আইন করে সুপার সেশন এ্যাক্ট করতে হয়েছিল এবং কর্পোরেশনকে সুপারসেশন করে—তারপর আপনি জানেন একটা বিরাট কমিশন বসে, শ্রদ্ধেয় চারুচন্দ্র বিশ্বাস কমিশন তিনি তিন বৎসর ব্যাপী কলকাতা নাগরিকদের সর্বস্তরের মানুষের সামনে পরীক্ষা করেছেন ঐ যে দাবীর কথা, কলকাতা কর্পোরেশনের ঐ যে অজিন স্ট্যাবল কি করে নির্মূভ করা যায়, তার একটা বিরাট খসড়া কলকাতা বাসী জনসাধারণের জন্য দিয়েছেন। তার উপর ভিত্তি করে ১৯৫১ সালে এই কলকাতা কর্পোরেশন আইন প্রচলিত হয়েছে। ১৯৫১ সালের আইন আমরা এই ১৪ বৎসর চালনা করছি তথাপি কি দেখেছি? আজ এই আইন আসবার পরে আমি মাননীয় বিরোধী দলের সদস্যদের কাছে প্রশ্ন করি কলকাতার এমন একটি সংবাদপত্র ছিল কিনা যারা দিনের পর দিনে সংবাদ পত্রের মাধ্যমে কলকাতা কর্পোরেশন আইনের সংশোধন প্রস্তাব জনসাধারণের কাছে উত্থাপন করে নাই? সভা সমিতিতে, ব্যক্তিগত মতের মাধ্যমে কলকাতার গভর্নমেণ্টকে দোষী করা হয়েছে কেন, গভর্নমেণ্ট কলকাতার কর্পোরেশনের সংশোধন আইন আনছেন না। সুতরাং সরকার এগিয়ে এলেন এবং এগিয়ে আনবার আগে তাঁরা একটি বিশেষজ্ঞ কমিটি নিয়োগ করলেন। কি এবং কোথায় কর্পোরেশনের দোষ? কোথায় তার গলদ? আইনে কতটা কোথায় গলদ? এই সব বিচার বিবেচনা করে সেই কমিটি তা দূর করবার পরামর্শ দিয়েছেন। ৬৫০টা ধারা বিশিষ্ট একটি আইন, যে আইন প্রণয়ন করতে শুধু ভারতবর্ষের নয়, পৃথিবীর শ্রেষ্ঠ যাঁরা সমাজসেবী, যাঁদের সিভিক য্যাডমিনিষ্ট্রেশন-এ অভিজ্ঞতা আছে, তাঁদের মত নিয়ে স্বগতঃ ডাঃ বিধান চন্দ্র রায় ১৯৫১ সালে এই আইন প্রণয়ন করেছিলেন। এই ১৯৫১ সালের আইনে তিনটা বিভাগ। কিন্তু মাননীয় সদস্যদের বক্তৃতা শুনে আমার মনে বড় দুঃখ হচ্ছিল। যখন তাঁরা বক্তৃতা দিচ্ছেন সেই একই কথা বারবার পুনরাবৃত্তি করছেন সকলে যে এই কি গণতন্ত্র, এর দ্বারা গণতন্ত্রকে হত্যা করা হবে ইত্যাদি আখ্যা দিয়েছেন। অনেকে আবার এটা অগণতান্ত্রিক আইনও বলেছেন। একে সরকারের কুক্ষিগত করবার প্রচেষ্টা ইত্যাদি বলেছেন সেই গামুলি, একই স্টিরিওটাইপড্ আর্গুমেণ্ট যা বিদেশী শাসনের সময় শুনতাম এখনো সেই একই কথা শুনছি।

প্রথম বক্তৃতায় শ্রীরাজকুমার চক্রবর্ত্তী বললেন এই বিলে সব অফিসিয়ালাইজ করে দেওয়া হয়েছে। তিনি অফিসিয়ালাইজ বলতে, তিনি বিজ্ঞ অধ্যাপক কি বোঝাতে চেয়েছেন আমি জানি না। তিনি অফিসিয়াল আইনের ভাষা কোট করবার সময় বললেন, সেই সময় সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয়ের কথা তুললেন, তদানীন্তন ইংরেজ লেখক কবে অফিসিয়ালাইজ কথাটা বলেছিলেন, তাঁর উক্তিটা

আজ ১৯৬৪ সালে উদ্ধৃত করছেন। সে কথাটা তিনি ভুলে গেলেন কোথায় ১৯২১ সাল ; আর আজ ১৯৬৪ সালে ভারতবর্ষের আমূল পরিবর্তন হয়ে গেছে। ১৯২৩ সালে ভারতবর্ষের স্বাধীনতা ছিল না ; ১৯২৩ সালে ভারতবর্ষে গণতান্ত্রিক আইন পৌরশাসনে প্রচলিত ছিল না। ১৯২৩ সালে জনসাধারণের প্রাপ্ত বয়স্কের ভোটাধিকারের ভিত্তিতে কলকাতা কর্পোরেশনের পরিচালনা— স্বপ্ন দেখবারও সাহস ছিল না, আজ তারই পরিপ্রেক্ষিতে এখানে এই বিল আসবার আগে এই পশ্চিমবঙ্গ সরকার গত বৎসর কলকাতা পৌরশাসনে এডাল্ট ফ্রানচাইজ প্রবর্তন করবার সৎসাহস রাখেন এবং সেই সরকারকে অগণতান্ত্রিক, সরকারের কুক্ষিগত এবং অফিসিয়ালাইজ করবার প্রচেষ্টা ইত্যাদি কথা আমি জানি না। রাজনৈতিক কি দৃষ্টিভঙ্গী নিয়ে তাঁরা বলছেন। রাজনৈতিক কোন বিচারে এটাকে আমরা অফিসিয়ালাইজ করছি বলছেন? আমি এর প্রত্যেকটা ধারা পর পর ব্যাখ্যা করবো।

এই য্যাক্ট দেখা যাক, কি বলেছি আমরা। তাঁরা বার বার বলেছেন কমিশনারকে একটা সর্বময় কর্তা করে দিয়েছি। সরকার তাঁকে রাইটার্স বিল্ডিংসের একজন কুক্ষিগত পেটোয়া লোক করেছেন। কি করেছি আমরা সেটা তাঁরা দয়া করে পড়েছেন কি? আমরা যা করেছি তা হলো এই দীর্ঘ ৬৫০টি ধারাকে আমরা বিচার বিশ্লেষণ করেছি। আমাদের এ্যামেণ্ডমেন্ট হচ্ছে হোল ক্যালকাটা কর্পোরেশন য্যাক্ট এর উপর সেটা তিন ভাগে বিভক্ত। একটা হচ্ছে এডমিনিষ্ট্রেটিভ আর একটা হচ্ছে ফিনানসিয়াল প্রভিশন, এবং তৃতীয় হচ্ছে জনসাধারণের স্বাস্থ্য ও কল্যাণমূলক প্রচেষ্টায় অংশ গ্রহণের প্রচেষ্টা।

এই বিলের মধ্যে ২৫০টা ধারা আছে—হোল য্যাক্ট-এ এবং তার হেডিংস আছে। এগুলিতে বলা হয়েছে সমস্ত ক্যালকাটা কর্পোরেশন-এর পাবলিক হেলথ সেফটি এণ্ড কনভিনিয়েন্স-এর চ্যাপটার তার মধ্যে আছে পয়ঃপ্রণালীর সংশোধন, রাস্তাঘাটের উন্নতি, ওয়াটার সাপ্লাই, ড্রেইনেজ, প্রিভি, ড্রেইনেজ অফ প্রেমিসেস, গৃহ নির্মাণ প্রভৃতি সমস্ত কল্যাণমূলক কথা। এই ২৫০টা ধারার একটা ধারারও কমা ফুলষ্টপ পরিবর্তন করা হয়নি। এই ২৫০টা ধারার কথায় মাননীয় সদস্য এখানে য়ুরোপ, আমেরিকার কথা বললেন। য়ুরোপ, আমেরিকার মূল্যস্বরূপ এইগুলি গ্রহণ করা হয়েছে। তাদের সিভিক অ্যাডমিনিস্ট্রেশন য্যাক্ট, পাবলিক হেলথ য্যাক্ট ইত্যাদির যে সমস্ত ধারা বৃহৎ বৃহৎ পৌর প্রতিষ্ঠানে আছে সেগুলির আমরা পরিবর্তন করিনি—কেন না এগুলি পরিবর্তন করা অসম্ভব। কারণ—

the result of collecting wisdom of ages not only of India's wisdom but of the world's wisdom is implemented in the section.

তার ফাইনানসিয়াল এণ্ড এ্যাডমিনিস্ট্রেটিভ সেকসান পরিবর্তন করতে হয়েছে। মাননীয় সদস্য নির্মলবাবু বৃটেন ও আমেরিকার কথা বললেন। মাননীয় সদস্য কি জানেন যে বিগত ১০০ বছরের মধ্যে ব্রিটিশ হাউস অফ কমনস তাঁরা পৌর সংস্থাগুলি ৫ বার পরিভ্রমণ করে এই মাত্র সেদিন ১৯৬১ সালে আইন শেষ করেছেন। গণতন্ত্র গতিশীল, স্থিতিশীল—স্ট্যাটিক নয়। সেই গণতন্ত্র জীবন্ত বেঁচে আছে এবং যুগের প্রয়োজনে তার আইনের পরিবর্তন করবার সৎসাহস রাখে। সুতরাং জনসাধারণের দাবীতে পরিবর্তন প্রয়োজন। কি পরিবর্তন করেছি? দাবি কি ছিল? আইনে সবই আছে। আইনের দ্বারা যে কোন লোক আসুন না কেন আইনগুলির ইমপ্লিমেণ্টেশনএ আমাদের গলদ হচ্ছে। নিশ্চয় আইনের কোথাও গলদ আছে। সেই আইনের গলদ বিচার করবার চেষ্টা করা হচ্ছে। আজ অনেকে বলেছেন কমিশনারকে সর্বময় কর্তা করা হচ্ছে। আজ এ বিষয়ে তাঁদের কাছে আমি খালি তুলনামূলক বিচার করে দেখাব। অনেকে তুলনা মূলক বিচার করে বলেন ভারতবর্ষের মধ্যে বম্বে নাকি বেষ্ট য়্যাডমিনিস্ট্রেটেড কর্পোরেশন। একথা বিধান সভায় অনেকে বলেছেন। আজকে প্রফেসার নির্মল বসু মহাশয় রবসন-এর পুস্তক থেকে কোট করেছেন। রবসন-এর একটা পুস্তক আছে—গ্রেট সিটিস অফ দি ওয়ার্লড বোম্বে য়্যাডমিনিস্ট্রেসন-এর কথা যদি ওঁদের সামনে ধরি এবং যদি সেই ভাবে আইন আনতাম তাহলে আমাকে বলতেন শৈলবাবু গণতন্ত্রকে হত্যা করছে রাইটার্স বিল্ডিংস-এর কুক্ষিগত করছেন। বোম্বে বৌথ য়্যাডমিনিস্ট্রেড সম্বন্ধে আছে

Commissioner is the sole authority employed by the Government. It is the Government and Gove nment alone that employees the Commissioner in Bombay.

তারপর তাদের ক্ষমতা দেখুন যে কাউনসিলর

In regard to the organisation of the staff there is an essential difference between the two cities. In Bombay all control over municipal employees is concentrated in the Commissioner. He prescribes their duties and exercises supervision over them and disposes of all questions relating to their service, pay, privileges and allowances in accordance with regulations framed for the purpose by the Standing Committee. It has already been pointed out that the Commissioner is independent of the Corporation in the discharge of his administrative duties and this has resulted in party and political influences being reduced to a minimum in the recruitment, tenure and discipline of the staff.

Shri Nirmalya Bagchi : We are now trying to fall in line with Bombay.

Shri Saila Kumar Mukherjee : We are not trying. We are far away from Bombay.

আপনারা যে এত কথা বলছেন, কিন্তু আমরা কি করেছি। আমরা কতকগুলি সেকশন য়্যাড করেছি। আমরা একটা অ্যামেণ্ডমেণ্ট করেছি, কিন্তু পাওয়ারস আর ডিফাইণ্ড দেয়ার। কাউন্সিলরদের পাওয়ার আজকে য়্যাডালট ফ্রানচিজ ইলেকশন-এ হয়ে যাচ্ছে। তাদের পাওয়ার আমরা এক জায়গায় কমা, ফুল ষ্টপ চেঞ্জ করে খর্ব করিনি। ডিসিট্রিবিউশন অফ পাওয়ারস য়্যাণ্ড প্রিভিলেজ-এর চ্যাপটার দেখুন। পাওয়ারস, ডিউটিস য়্যাণ্ড ফাংসনস্ অফ দি কর্পোরেশন সম্বন্ধে সেকশন ২৪, ২৫-ও আছে। আমরা এর কিছু য়্যামেণ্ডমেণ্ট আনিনি। কেন বলছেন কাউনসিলরদের ক্ষমতা হরণ করা হয়েছে কোথায় পেলেন যে কাউনসিলরদের ক্ষমতা হরণ করা হয়েছে?

[5-50—6-04 p.m.]

তারপর আসুন পাওয়ারস ডিউটিস কর্পোরেশনের দুটি অথরিটি কর্পোরেশনের স্ট্যাণ্ডিং কমিটিজ, আর কমিশনার—দেয়ার আর থ্রি অথরিটিস এই তিনটি অথরিটিজ সম্পূর্ণ কোলাবারেশন-এ ভালভাবে কলকাতার পৌর শাসন চালাতে পারবে। যেখানে সংঘাত, সংঘর্ষ সেখানে কাজের ক্ষতি সেখানে কলকাতাবাসী সাফার করবে সেই সংঘাত ও সঘর্ষ নিবারণের চেষ্টা এর মধ্যে করা হয়েছে।

তারপর দেখুন পাওয়ারস ডিউটিস য়্যাণ্ড ফাংসনস অফ দি স্ট্যাণ্ডিং কমিটিস—সেকশন ২৬, সেকশন ২৭ এ আছে। তার একটি কমা, ফুলস্টপও চেঞ্জ করিনি। স্যার, কোথায় আমরা স্ট্যাণ্ডিং কমিটিতে মেম্বারদের ক্ষমতা হরণ করেছি?

নেক্সট হচ্ছে পাওয়ারস, ডিউটিস য়্যাণ্ড ফাংসনস্ অফ দি কমিশনার কি করেছি। সেকশন ২৮ টু ২৯—তাঁরা যে নেতাজীর কথা, সুরেন্দ্রনাথের কথা বললেন যাঁদের আদর্শ অনুযায়ী যখন চারুচন্দ্র বিশ্বাস কমিশনের উপর এই আইন হয়েছিল। তার চেয়ে বেশী ক্ষমতা আমরা এর একটি ধারায়ও আনিনি যদিও আমরা এই পশ্চিমবঙ্গের গণতান্ত্রিক সরকার নির্বাচনে জিতে এখানে এসেছি। সুতরাং এই সমালোচনা আমাদের বিরুদ্ধে আনার কোন অর্থ হয় না। এটা অবাস্তব, অসঙ্গত এবং একদম ভিত্তিহীন অভিযোগ। তাই বলছি সেকশন ২৮ টু ৩৭ যে পাওয়ার অফ দি কমিশনার সেখানে কিছুটা পরিবর্তন করা হয়েছে। কী পরিবর্তন সেখানে করা হয়েছে? শুনুন, আগের আইনে কমিশনারকে পাঁচ হাজার টাকা পর্য্যন্ত খরচ করবার ক্ষমতা দেওয়া হয়েছিল। কেন এখন সেটা সর্বসম্মতভাবে ২৫ হাজার টাকা করা হয়েছে? ১৯১১ সালে যে জিনিষের দাম পাঁচ হাজার টাকা ছিল, তার দাম এখন সকলে জানেন অন্ততঃ ২৫ হাজার টাকা। কলকাতা কর্পোরেশনের কাজের সুবিধার জন্য মিনিমাম ফাইনানসিয়াল পাওয়ার হিসেবে এই সুবিধা তাঁকে দেওয়া হয়েছে। তাকে তো একটা চেঙ্গিস খাঁ করা হয় নাই। তাকে তো একটা আয়ুবশাহী করা হয় নাই। যা তাঁর ক্ষমতা ছিল, সেই ক্ষমতাই ১৯১১ সালের মানদণ্ডে করা হয়েছে—এটা ক্লিয়ার করে দেওয়া হয়েছে যে তাঁকে ২৫ হাজার টাকা পর্যন্ত খরচ করবার অধিকার দেওয়া হয়েছে। কোন স্ট্যাণ্ডিং কমিটির

পাওয়ার ছিল ৫০ হাজার টাকা খরচ করবার, সেখানে বাড়িয়ে সেটা ১ লক্ষ টাকা করা হয়েছে। ঐ একই নীতিতে আজকে ৫০ হাজার টাকার মূল্য প্রায় ১ লক্ষ টাকা। তাই স্ট্যাণ্ডিং কমিটির পাওয়ার বাড়ানো হয়েছে, কমানো হয় নাই। তেমনি একটি জিনিষ কি করা হয়েছে? স্টাফের উপর যে পাওয়ার যে সেকশনএ আছে য়্যাক্ট-এর মধ্যে কমিশনারের পাওয়ার. এর মধ্যে তার কর্তব্য কী সেকথা আছে

All Municipal Officers and servants shall be subordinate to the Commissioner.

আমি তার বেশী কিছুই যাইনি। সেটা আমি এ্যামপ্লিফাই করেছি বোম্বে আইনের সেকসনটি গ্রহণ করে। সমস্ত কর্মীরা জানবেন যে এই একমাত্র বনিয়াদ কোন প্রশাসনিক ব্যবস্থাই সুষ্ঠুভাবে চলতে পারে না যেখানে একশো জন প্রতিনিধিকে প্রত্যেক কর্মচারী মনে করবে আমার মনিব এবং একশোজন হুকুম দিতে পারে। সেই প্রতিষ্ঠান রসাতলে যায় এই যেখানে অবস্থা। তার এ্যাডমিনিষ্ট্রেসন মোটেই ভালভাবে চলতে পারে না। এটা সর্ববাদিসম্মত। সেইজন্য ক্লিয়ারলী কর্পোরেশনের সমস্ত স্টাফ জানবে আমাদের শাস্তি আমাদের সমস্ত কিছু কাজকর্ম সমস্তই রেসপনসিবিলিটিস অফ দি ম্যান। গুড এ্যাডমিনিষ্ট্রেশনের জন্য এটা আমি য়্যামপ্লিফাই করেছি। সেটুকু ছিল অল মিউনিসিপ্যাল অফিসারস্ য়্যাণ্ড সারভেণ্টস্ স্যাল বি সাবঅরডিনেট টু দি কমিশনার।

এটা য়্যামেণ্ডমেণ্ট নং ২৮ সেকশন এ আমি য়্যামপ্লিফাই করেছি। আর স্ট্যাণ্ডিং কমিটি সম্বন্ধে কি করেছি? রুল মেকিং পাওয়ার ছিল কর্পোরেশনের গভর্নমেণ্ট সেই রুল মেকিং পাওয়ার নিজের হাতে নিয়েছে। কেন নিয়েছে? আপনি জানেন স্যার সংবাদপত্রে সমালোচনা হয়েছে, পাবলিক কমেণ্ট করেছে দেরী হয়, রুল ছিল সরকারের দেখবার ক্ষমতা ছিল না যে একটি রিজোলিউশন পাস করলো কমিটি ৫ : ৩ যে তিন জনের মেজরিটি ভোট পাচ্ছে তার বিরুদ্ধে অন্যরা রেসিশন মোশন দিলেন। ব্যস. দু বছর কাজ বন্ধ রেসিশন মোশনের আইনে।

(Shri Jatin Chakravorty :

সংবাদপত্র তো আরো অনেক কিছু সমালোচনা করেন, তা তো মানেননা?)

আপনি সদাচার সমিতির সম্বন্ধে ভুল সংবাদ যেগুলি দেন, তা শুনি না বটে, কিন্তু আর সব শুনি।

So far as the Calcutta Corporation is concerned the people of Calcutta are unanimous that something should be done.

সুতরাং সেই প্রশাসনিক ব্যবস্থার জন্য আর কি করা হয়েছে সেটা দেখতে হবে। গোপালবাবু বলবেন ৯টা কমিটি ছিল. সেটাকে কমিয়ে দিলেন কেন? এটা কাজের জন্য হয়েছে। বম্বে শহরে যদি একটা স্ট্যাণ্ডিং কমিটি সুষ্ঠুভাবে কাজ করতে পারে, মাদ্রাজে যদি ৪টা স্ট্যাণ্ডিং কমিটিতে কাজ করতে পারে দিল্লীতে ৪টা স্ট্যাণ্ডিং কমিটিতে যদি কাজ করতে পারে তাহলে আমাদের এখানে কেন এত স্ট্যাণ্ডিং কমিটি থাকবে? তাতে তো কোন কাজ হয় না। আমি নির্মলা বাবুর সঙ্গে সম্পূর্ণ একমত যে প্রাইমারী এডুকেশন-এ কাজ হয়নি। বেশী স্ট্যাণ্ডিং কমিটি থাকলে যে কাজ হবে তার মানে নয়। এজন্য আমরা রি-য়্যাডজাষ্টমেণ্ট করছি। হালিম সাহেব বস্তীবাসীর কথা বলেছেন। এটা সত্যিকথা যে বস্তী সম্বন্ধে চিন্তা করবার কোন স্ট্যাণ্ডিং কমিটি কর্পোরেশন করেনি। বস্তী উন্নয়ন সম্বন্ধে একটা চ্যাপটার, একটা সেকশন আছে। সেই সেকশন ১২ বছরের মধ্য য়্যাপ্লিকেবল হয়নি। এটা ইমপ্লিমেণ্টেড দেরীতে হয়েছে। কিন্তু সরকার সে সব পরিবর্তন করেন নি—রেখেছেন। তবে শুধু একটা বস্তী কমিটি আইনের দ্বারা করে দেওয়া হয়েছে এর দায়িত্ব হচ্ছে বিধানে যে প্রভিসন আছে সেই অনুযায়ী বস্তীর কল্যাণ করা। এছাড়া আমরা কিছুই করিনি, কারণ গভর্নমেণ্ট বস্তী সম্বন্ধে নীতি নিয়েছেন. স্লামস্ ইমপ্রুভমেণ্ট য়্যাক্ট, স্লাম ক্লিয়ারেন্স য়্যাক্ট পাশ করেছেন। স্লাম ইমপ্রুভমেণ্ট-এর কথা সি এম পি ও-র মাধ্যমে বিবেচিত হচ্ছে। কোলকাতা শহরে স্লামস্ ক্লিয়ারেন্স এ্যাক্ট প্রযোজ্য।

সরকার মনে করছেন এই আইনের দ্বারা আমাদের ১০০ বছর লাগবে কোলকাতার বস্তী সংস্কার করতে। দ্রুত কি ভাবে করা যায় সে সম্বন্ধে সি. এম. পি. ও বিবেচনা করছেন। সেজন্য ক্যালকাটা কর্পোরেশন-এর আইনে বস্তী সমস্যার কথা আমরা পরিবর্তন করিনি—রেখেছি, কিন্তু একটা বস্তী স্ট্যাণ্ডিং কমিটি করেছি। আর কি করেছি, না এস্টিমেটস্ য়্যাণ্ড য়্যাকাউণ্টস্ কমিটি করেছি। এতদিন ডুয়াল ফাংশনস্ ছিল। এখানে একজন য়্যাকাউণ্টস কমিটির চেয়ারম্যান বসে আছেন তিনি বললেন যে আপনি বাঁচিয়েছেন এটা করে তা না হলে ফাইনান্স কমিটির সঙ্গে দ্বন্দ্ব লেগেই থাকতো। সেজন্য সরকারের য়্যাসেম্বলী কাউনসিল-এর বেলায় যে নীতি আছে সেই ভাবে এস্টিমেট কমিটি করেছি। অর্থাৎ এই এস্টিমেট কমিটির মধ্যে দিয়ে প্রত্যেকটা টাকার স্ক্রুটিনি হবে। কিন্তু এতে ডিলে হবে না। স্ট্যাণ্ডিং কমিটির সম্বন্ধে এটা একটা নূতন আবির্ভাব। বিল্ডিং কমিটি সম্বন্ধে পাবলিক-এর কাছ থেকে দুর্নীতির বহু অভিযোগ শোনা যায়। সেজন্য একটা জুডিসিয়াল ট্রাইবুন্যাল এর ব্যবস্থা করেছি। আসল কথা প্রশাসনিক ব্যবস্থার যাতে উন্নতি হয় সেদিকে দৃষ্টি রেখে নূতন গণতান্ত্রিক পদ্ধতিতে প্রাপ্তবয়স্ক ভোটাধিকার ভিত্তিতে নূতন কর্পোরেশন আমরা করছি এবং আশা করব এটা সর্ববাদী সম্মত নিয়ে এই কর্পোরেশন সত্যিকারের কোলকাতায় জনসাধারণের প্রতিনিধিত্ব মূলক হবে। সেজন্য আমরা ফাইনানসিয়াল প্রোভিশন করিনি, ট্যাক্স য়্যাণ্ড ফাইনান্স করিনি, নূতন কর্পোরেশন বিচার করুন তাঁদের কতটা আছে। আজ দেখুন এবিষয়ে কত স্কোপ আছে। বম্বের কথা আমি উল্লেখ করেছি। বম্বে আমাদের চেয়ে দুই স্কোয়ার মাইল কম, আমাদের চেয়ে ২॥ লক্ষ পপুলেশন বেশী। কিন্তু বম্বে কর্পোরেশন বছরে ১,২৫২ কোটি টাকা ট্যাক্স আদায় করে, আর আমাদের কর্পোরেশন-এ ট্যাক্স আদায় হয় ৫৫৭ কোটি টাকা। বম্বে ট্যাক্স ২১ পারসেণ্ট বাড়িয়ে দিয়েছে। এডুকেশন সেস লেভি করছেন সাড়ে ৬ পারসেণ্ট—আমরা করিনি। আমাদের আইনে আছে মিনিমাম ৫। নির্মাল্যবাবু সেটা বললেন সত্যি কথা যে বাড়ানোর প্রভিশন-এর দরকার নেই। আইনে আছে কমপক্ষে মিনিমাম ৫ লক্ষ টাকা খরচ করতে হবে এখন কর্পোরেশন ৩৫ লক্ষ ৪০ লক্ষ টাকা খরচ করেন। কিন্তু ৩৫।৪০ লক্ষ টাকা খরচ করে কমপালসারী প্রাইমারী এডুকেশন সমস্যার সমাধান সম্ভব নয়। তাই সরকার য়্যাডাল্ট প্রাইমারী এডুকেশন য়্যাক্ট সমস্ত মিউনিসিপ্যাল এরিয়ায় চালু করেছেন। কোলকাতার জন্য আইন প্রণয়নের দিকে প্রাক্তন শিক্ষামন্ত্রী এই হাউসে আশ্বাস দিয়েছিলেন এবং সরকারও শীঘ্র নূতন ব্যবস্থা গ্রহণ করছেন। তাই আমরা আশা করব নূতন কর্পোরেশন জনসাধারণের প্রাপ্তবয়স্ক ভোটাধিকারের ভিত্তিতে এসে নূতন দৃষ্টিভঙ্গী দিয়ে কাজ করবেন। মাননীয় যতীন বাবু বললেন অপোজিশন-এর কি হবে? ধরে নিচ্ছেন কেন যে এক দলই আসবেন। কোন জায়গায় না আসার বাঁধা নেই। উনি দুই পালোয়ানের লড়ায়ের কথা বলেছেন। আসল জিনিষ হচ্ছে ডেমোক্রেটিক পালিয়ামেণ্ট সৌহার্দ্দের মধ্য দিয়ে গড়ে ওঠে, অপোজিশনকে বাদ দেবার কথা নয়।

ঝগড়া হচ্ছে সংখ্যা নিয়ে ১২ জনের কমিটিতে ৪ জন থাকবে, কি ৫ জন থাকবে, কি জন থাকবে। তার বিষয়ে আমি আশা করবো যখন য়্যাডাল্ট ফ্রানচাইজ এর সেই কনভেনশন করবে তখন এঁরা মিলে কমিটি করবেন। সেই কমিটি যদি প্রত্যেক বছর প্রোপোরশনাল রিপ্রেজেনটেসন এ হয়, তাহলে কর্পোরেশনে বছর বছর রাজনীতি হবে, প্রশাসন নীতি কিছু হবে না।

(Shri Nirmal Bose : রাজ্য এসেমব্লীর এস্টিমেট কমিটির ইলেকশন কি ভাবে হয়?)

কোন জায়গায়ই কমিটি প্রোপরশনাল রিপ্রেজেনটেশন হইনি। তা মৌলিক নীতি বিরোধী। প্রত্যেক বছর প্রোপরশনলাল রিপ্রেজেনটেশিন এ ইলেকশন হতে গেলে কমিটির কাজ কিছু হবে না। বছর বছর ইলেকশন এর কাজে তারা লেগে থাকবে, আসল কমিটির কাজ আর থাকবে না। তার জন্য সিম্পেল প্রোসিডিওরএ একবার আসলে পর ৪ বছরের কায়েমী সত্ব। সেখানে প্রতি বছর বছর জনসাধারণ চাইবেন নতুন নতুন মানুষ আসুন সেকথা তো আমি বলছি না। তাঁরা এলে য়্যালাউন্স পাবেন, সেটা তো তাঁদের স্যালারি নয়। এটা তাঁদের সম্মান। কলকাতা কর্পোরেশনে কাজ করবার জন্য নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে কলকাতার জনসাধারণ এখানে আসবেন এই আশাই আমি করবো। সকল বিরোধী দল আসুক যে কোন রাজনৈতিক দল আসুক সকলে মিলে কলকাতার জনসাধারণ সবাই সমবেত ভাবে কর্পোরেশনের কাজে আত্মনিয়োগ করবেন এটাই আমি চাই।

Shri Nirmal Bose :

মন্ত্রিমহাশয়ের কাছে আমি জিজ্ঞাসা করি—তিনি যেমন রবসনের বই-এর কথা উল্লেখ করলেন আমিও সেটা উল্লেখ করেছি—তিনি ভারতবর্ষের পৌরশাসন সম্পর্কে যা বললেন—আমি জানি ভেঙ্কট রামাইয়ার লেখার মধ্যেও তা আছে। রবসনের সম্পাদিত বই বিভিন্ন পৌরশাসন সম্পকে বিভিন্ন জনে লিখেছেন। ভেঙ্কট রামাইয়ার বইয়ে বোম্বে কলকাতা সম্পর্কে এরা যা করেছেন তাই বলেছেন। কিন্তু মূল ভূমিকা রবসন—সমস্ত বিষয়টা আলোচনা করে ভারতবর্ষে কি ভাবে পৌরশাসনকে নষ্ট করা হচ্ছে, কিভাবে সরকারী হস্তক্ষেপ হচ্ছে, কিভাবে দুর্নীতিগ্রস্ত হচ্ছে এবং সেটা সংশোধনের জন্য গণতান্ত্রিক ভারতবর্ষের দ্বারা ও নাগরিকদের দ্বারা তা করা উচিত আমি সেই কথাই বলেছি। কিন্তু মন্ত্রীমহাশয় তো রবসনের ভূমিকার কথা বললেন না। তিনি কেবল ভেঙ্কট রামাইয়ার কথা বলে উল্টো দিকে নিয়ে যাবার চেষ্টা করলেন। তিনি যা বলেছেন সেখানে যে পথ নির্দেশ তিনি করেছেন সেটা কি আপনি দেখেছেন? বলুন আপনি ভেঙ্কট রামাইয়ার বই পড়েন নাই। সেক্রেটারী যে ফাইল তাকে দিচেছন, মন্ত্রীমহাশয় তা থেকে দু লাইন পড়ে দিলেন—আর হয়ে গেল।

The Hon'ble Saila Kumar Mukherjee :

মাননীয় নির্মল বোস—এখনো তাঁর নীতি ও প্রেরণা পান ঐ পাশ্চাত্য দেশের রবসনের কাছ থেকে। এখনো ইমপিরিয়ালিস্ট কানট্রির লোক তাঁর প্রেরণা জোগায়—আশ্চর্য।

The motion of the Hon'ble Saila Kumar Mukherji that Calcutta Municipal (Second Amendment) Bill, 1964, as passed by the Assembly be taken into Consideration was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 6-04 p.m. till 2 p.m. on Wednesday, the 9th September, 1964, in the Legislative Buildings, Calcutta.

Members absent :

Shri Snehangshu Kanta Acharyya.
Shri Dhirendra Nath Bhattacharya.
Shri Nirmal Chandra Bhattacharyya.
Shri Sreepada Bhattacharyya.
Shri Promotho Nath Bisi
Shri Bomkesh Chakravorty.
Dr. Suniti Kumar Chatterjee.
Shrimati Amla Debi.
Shri Labanyaprova Dutt.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Nar Bahadur Gurung.
Shri G. N. Kaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Shaikh Mohammad Jan.
Shri Dhirendra Nath Moitra.
Shri R. S. Prasad.
Shri Lakshman Prodhan.
Dr. Biswaranjan Roy
Shri Chittaranjan Roy.
Shri Satya Priya Roy.
Dr. Charu Chandra Sanyal.
Shri Subodh Sen and
Shri Jatindra Singha.

COUNCIL DEBATES

Wednesday, the 30th September, 1964.

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 30th September, 1964, at 2 p.m. being the Twenty-first day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (The Hon'ble Dr. SUNITI KUMAR CHATTERJI) was in the Chair.

The Hon'ble Rabindralal Sinha:

স্যার একটু ডিফিক্যালটি হচ্ছে যে এই হাউস দুটোয় বসেছে, ঐ হাউস-এ লাস্ট কোশ্চেন চলছে ; সুতরাং আমরা যারা আছি জবাব দিয়ে দিচ্ছি।

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[2-10 p.m.]

Private practice of Doctors attached to Government Medical Colleges

***132. Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(1) (a) whether the attention of the Government has been drawn to the controversy in the Press and elsewhere regarding the private practice of the Doctors attached to the Government Medical Colleges;

(b) if so, what decision in the matter has been taken by the Government;

(2) the number of Doctors in Government Medical Colleges in Calcutta who are allowed private practice with their pay scale; and

(3) the number of Doctors in Government Medical Colleges in Calcutta who are not allowed private practice with their pay scale?

Shrimati Purabi Mukhopadhyay: (1) (a) Yes.

(b) The whole matter is under consideration of Government.

(2) The total number of medical officers of different categories employed in the Medical Colleges in Calcutta including the Institute of Post-Graduate Medical Education and Research who are allowed private practice is 126. Their pay scales or rates of honourarium are as follows:—

Whole-time Officers (West Bengal Medical and Health Service)
Pay-scales

(i) Rs. 1,300—60—1,600.

(ii) Rs. 700—50—750—60—1,350.

(iii) Rs. 250—15—550.

Honorary Officers

Rates of honourarium

Rs. 350 p.m., Rs. 250 p.m. and Rs. 100 p.m.

(3) 206 (two hundred and six). They draw pay in any of the following scales.—

(i) Rs. 1,500—60—1,800.

(ii) Rs. 850—50—1,350.

(iii) Rs 300—25—800.

Shri Rajkumar Chakraverty: As the controversy regarding private practice of these doctors is hanging fire for a long time, when is the decision likely to be arrived at?

Shrimati Purabi Mukhopadhyay: We have prepared a scheme and that is now being examined by the Finance Department.

Shri Rajkumar Chakraverty: May I ask the Hon'ble Minister to tell us if she is aware that if private practice by these doctors is allowed, ordinary poor patients find it very difficult to get beds in the hospitals without paying a fat fee to these doctors? That is the aspect which I want to bring to the notice of the Hon'ble Minister.

Shrimati Purabi Mukhopadhyay: I am not competent enough to reply to what Professor Chakraverty has said because it is a question of personal opinion. The doctors tell me that if private practice is allowed to them they will not deviate from the duty hours and they will not utilise hospital beds for the benefit of private practice. They sent us a memorandum by which they made two demands; first demand was to increase the scale of pay and the second was that if we cannot increase the salary then they should be allowed private practice. So, we had to accept the other alternative because the State has no means to increase the salary of the doctors and also because it has a long repurcussion on other fields in other services. We are now judging the point whether by allowing private practice to all the doctors the hospital conditions will improve or it will further deteriorate. Now, even if we allow them private practice then we will do it as an experimental measure. We can take out that facility any day when we will find that hospital conditions instead of improving have been further deteriorated. So, it is just an experiment that we are going to make.

Shri Sasanka Sekhar Sanyal: What is the attitude of the Hon'ble Minister in respect of those Medical Officers who hold administrative posts?

Shrimati Purabi Mukhopadhyay: Abiut the administrative posts, we are certainly not going to allow them private practice. What we will do is that we will save by allowing private practice because we will not pay them any compensation for non-practising. So by the saving we will have, we will just increase the non-practising compensatory allowance for those who will still now be remaining as non-practising doctors either in the administrative posts or in the admitting posts and especially in the special selection grade posts. We do not envisage that we will allow them private practice.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন, যে তাঁর কাছে কি এরূপ কোন অভিযোগ এসেছে যে কলকাতা মেডিক্যাল কলেজ-এ যিনি এক্স-রে ডিপার্টমেণ্ট-এর চার্জ-এ আছেন তিনি এক্স-রে মেসিন বন্ধ করে রেখেছেন যাতে তাঁর প্রাইভেট চেম্বার-এ রুগীরা গিয়ে চিকিৎসা করায়?

Shrimati Purabi Mukhopadhyay:

মাননীয় অধ্যক্ষ মহাশয় এই প্রশ্ন থেকে এটা আসেনা। তবে আমি উত্তর দিতে পারি এই কারণে যে রেডিও থেরাপি এবং এক্স-রে প্রফেসর-ডাইরেক্টর যিনি তিনি অনারারী হোল-টাইমার নয়। আমরা মনে করছি যতক্ষণ অবধি আমরা প্রফেসর-ডিরেক্টর-কে ওখানকার হেড অব দি ডিপার্টমেণ্ট হোল টাইম প্রফেসর হিসাবে না পাচ্ছি ততক্ষণ অবধি এই গ্রাজুয়াল ডিমাণ্ড অন দি ডিপার্টমেণ্ট করা যাবে না। এইসব দিক থেকে আমরা তাকে নোটিশ সার্ভ করেছি—১ মাসের ওয়ান ক্যালেণ্ডার মান্থস নোটিশ-এ জানিয়ে দেওয়া হয়েছে যে তাঁর সার্ভিস-এর আর প্রয়োজন নেই।

[2-10—2-20 p.m.]

Shri Jatin Chakravarty:

আমি মন্ত্রিমহোদয়ার কাছ থেকে জানতে চেয়েছিলাম যে এই রকম অভিযোগ তিনি পেয়েছেন কিনা এবং যদি সে অভিযোগ পেয়ে থাকেন, তারজন্যই কি আপনারা শ্রীএন বি রায় সম্পর্কে এই ব্যবস্থা অবলম্বন করেছেন?

Shrimati Purabi Mukhopadhyay:

আমি এই প্রশ্নের উত্তরে একথা বলবো যে অভিযোগতো আমরা অনেক পেয়ে থাকি তার মধ্যে কতকগুলি অভিযোগ জেনুইন হয়, আর কতকগুলি হয়ত ঠিক যতটা বলা হয়, ততটা নয়। এই অভিযোগের জন্য তাড়িয়েছি একথা আমি বলবোনা, এই শুধু আমি ইনসিষ্ট করবো আমার ষ্টেটমেণ্ট যে
whole-time head of the department in that department
প্রয়োজন হলে তার
service will no more be required
এই বলে তাকে নোটীশ দেওয়া হয়েছে।

Royalty from the Coal Industry

***124. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Commerce and Industries Department be pleased to state—

(a) the amount of royalty received by the State Government from the Coal Industries in the State year by year for the last three years;

(b) how much amount is lying outstanding from such industries up to 31st March, 1964, with reasons; and

(c) how the outstanding amount will be recovered?

Shri Saila Kumar Mukherjee: (a)

Year		Rents and royalties
1961-62	...	Rs. 4,87,249.08 p.
1962-63	...	Rs. 6,41,885.73 p.
1963-64	...	Rs. 33,34,648.03 p.

(b) Assuming that all rights to Mines and Minerals have vested in the State Government with effect from the 15th April, 1955, under the West

Bengal Estates Acquisition Act, 1953, the estimated arrears of royalty up to the 31st March, 1964, is Rs. 3 crores approximately.

Out of 220 working collieries only 40 are direct lessees from whom only the State Government can demand and realise royalty because of the pending High Court Rules.

(c) With regard to the first degree working lessees who are not deliberately paying royalties, steps are being taken by this Government to realise the same by certificate proceedings. So far as the sub-lessees are concerned, the State Government cannot proceed in the matter as there is an appeal pending in the High Court.

Shri Narendra Nath Das:
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন তিনি বললেন ৩ কোটি টাকা বাকি রয়েছে, সেই ৩ কোটি টাকা বাকি কি কেবল ১৯৬৪ সালের সমস্ত টাকাটা, না, দু-তিন বছরের ১৯৬১ থেকে ১৯৬৪ সাল পর্যন্ত হিসেব যা পেয়েছেন?

Shri Saila Kumar Mukherjee: Up to 31st March, 1964.

Shri Narendra Nath Das:
তাহলে সবটা মিলিয়ে হল ৩ কোটি টাকা। মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে কি পদ্ধতে এই কোল গ্রেডেসন আপনারা ঠিক করেন?

Shri Saila Kumar Mukherjee:
এই কোল গ্রেডেসন আমাদের পশ্চিমবাংলা সরকারের ঠিক করবার কোন অধিকার নাই
Nation Coal Development Council, Government of India.
ঠিক করেন।

Shri Narendra Nath Das:
মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন তাহলে ঐ রয়ালটীটা কিভাবে ধার্য হয়?

Shri Saila Kumar Mukherjee:
১৯৬২ সালের জানুয়ারী থেকে গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়ার সর্বভারতীয় ভিত্তিতে রয়ালটী ঠিক করেছেন দশ আনা পার টন। যে বেসিসে আপনি লক্ষ্য করবেন—১৯৬২-৬৩ সালে ৬ লক্ষ ৪১ হাজার ৮৮৫ টাকা হয়েছে, ১৯৬৩-৬৪ সালে হয়েছে ৩৩ লক্ষ ৩৪ হাজার ৬৫৮ টাকা। তার আগে একআনা রয়ালটী ছিল, আজ সেখানে দশ আনা রয়ালটী একন আদায় হচ্ছে।

Shri Narendra Nath Das:
মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন এ, বি, সি—এই তিনটি গ্রেড রয়েছে কোল-এর?

Shri Saila Kumar Mukherjee:
এ ছাড়া আরো বেশী আছে—ডি পর্যন্ত আছে।

Shri Narendra Nath Das:
এই গ্রেডেসন-এর জন্য রয়ালটীর কি তারতম্য হয়?

Shri Saila Kumar Mukherjee:

রতম্য আর কি হবে, গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া তো টেন এ্যানাস পার টন ঠিক করে দিয়েছেন, দামেই আপনি বিক্রী করুন আড়াই পারসেণ্ট রয়ালটী ইজ ফিক্সড, যে দামেই আপনি বিক্রী রুন তাতে কিছু এসে যায় না। গ্রেডেসন-এর সঙ্গে রয়ালটীর কোন সম্পর্ক নাই।

Shri Sasanka Sekhar Sanyal: Royalty and loyalty go hand in hand.

Shri Narendra Nath Das:

রয়ালটী আপনারা কিভাবে ক্যালকুলেট করেন? যে কোল রেইজড হবে, তার উপর, না, ট্রা গাড়ীতে করে ডেসপ্যাচড হবে তার উপর?

Shri Saila Kumar Mukherjee:

টা ডেসপ্যাচ হবে, সেল হবে তার উপর হয়।

Shri Narendra Nath Das:

রেলের মধ্যে যেটা আসে বা ডেসপ্যাচ হয়, তা আপনারা ক্যালকুলেট করতে পারেন। কিন্তু আপনি কি জানেন হাজার হাজার লরী বাই রোড যে কোল নিয়ে আসে তার সেটা কিভাবে ঠিক হয়?

Shri Saila Kumar Mukherjee:

সেটা তো কোলিয়ারীর খাতায় ডেসপ্যাচ বলে লেখা হয়। সেই অফিসের লেখা খাতার উপর নির্ভর হবে।

Shri Narendra Nath Das:

এই যে ডেসপ্যাচ—তাদের অফিসের খাতায় একবার ডেসপ্যাচ হয়, আবার রেলের খাতায় আর একবার ডেসপ্যাচ হয়, যেখানে ভেরিফাই হবার পন্থা রয়েছে। কিন্তু যদি কোল মাইন ওনার্স ইচ্ছা করেন, তাহলে এটা কাউকে না জানিয়ে ব্ল্যাকমার্কেটিং হিসেবে তাঁরা নিয়ে আসতে পারেন—এটা ক জানেন?

Shri Saila Kumar Mukherjee:

দ্যাট ইজ এ ম্যাটার অফ বিগ অপিনিয়ন জোচ্চোরী মনে করলে, জগতে তো অনেক রকমই করতে পারে। তার কি উত্তর আমি দেব?

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় তো জানেন যে এক্সটেনসিভলি রোড ট্রান্সপোর্ট-এ কয়লা আসে এবং সে কয়লা রেলে যমন ক্যালকুলেট করা সহজ হয়, তেমন সহজ নয়। একথা কি ঠিক নয়।

Shri Saila Kumar Mukherjee:

এ প্রশ্নটা আমাদের বিবেচনাধীন নয়, কেননা আপনি জানেন ৯ বছর ধরে মোকদ্দমা চলছে বলে হাইকোর্ট ষ্টেট এবং আইনের উপর রুল জারী করেছেন যে তোমাদের ভেসটিং হয়নি প্রপার; সেইজন্য আপনারা আমরা এই বিধান এবং এই সভায় সভায় একটা আইন পাশ করেছি—(ষ্টেট এ্যাকুইজিশান এ্যামেন্ডমেন্ট) এই উদ্দেশ্যে যাতে ঐ ভেস্টিংটা ক্লিয়ার রিট্রেসপেক্টিভ এফেক্ট হয় ১৯৬১ সাল থেকে, তার উত্তরে আমাদের সুবিধা হবে এই আজকে আর হাইকোর্টে ঐ মামলা টি চলতে পারবে না।

আজকে ইণ্ডিয়ান মাইনিং ফেডারেশান গভর্ণমেণ্টের সঙ্গে একটা বিরাট আইনের ভিত্তিতে সেটেলমেণ্ট করেছেন যাতে আমাদের সমস্ত বাকী বকেয়া ডিসপিউট-এর ফলে বহু কোলিয়ারি একসঙ্গে মিশে গেছে আমরা নিজস্ব পন্থায় আমাদের ব্যবস্থা করতে পারি।

Shri Narendra Nath Das:
আপনি কি জানাবেন এই রয়েলটি কে কালেক্ট করে?

Shri Saila Kumar Mukherjee:
আমাদের সরকারের মাইনিং ডিপার্টমেণ্ট রয়েছে, কমার্স এ্যান্ড ইণ্ডাস্ট্রিস ডিপার্টমেণ্ট রয়েছে তাঁরাই কালেক্ট করেন এবং এল আর ডিপার্টমেণ্টও কালেক্ট করেন।

Shri Narendra Nath Das:
এই কালেকসনটা র‍্যাসানালাইজ করার কোন পরিকল্পনা আছে কিনা?

Shri Saila Kumar Mukherjee:
এই বিরাট ৯ বছরের ঝগড়া মিটছে না, সেজন্য র‍্যাশানালাইজ করার বর্তমানে প্রশ্ন নেই। সরকারই একমাত্র ডাইরেক্ট লেসি, বাংলাদেশের সাব-লেসি আছে, সেকেণ্ড ডিগ্রি লেসি, থার্ড ডিগ্রি লেসি, ফোর্থ ডিগ্রি লেসি আছে তাদের উপর আমাদের আইনতঃ কোন অধিকার নেই। আমাদের ডাইরেক্ট লেসি-র থ্রু দিয়ে যেতে হবে। এ সমস্ত বিষয় বিবেচনা করে সরকার যাতে তাঁর ন্যায্য রাজস্ব খনি থেকে বঞ্চিত না হন তারজন্য আমরা এ্যাডভোকেট জেনারেল-এর মত নিয়ে চলছি। আশা করছি ২।৩ মাসের মধ্যে ৯ বছরের দীর্ঘ সমস্যার সমাধান হয়ে যাবে।

Shri Narendra Nath Das:
আমি আবার সেই রোড ট্রান্সপোর্ট-এর ব্যাপারে আসছি যে পাকিস্তানে আমাদের এখান থেকে কোল স্মাগল্ হয় একথা কি ঠিক?

Shri Saila Kumar Mukherjee:
হতে পারে, অনেক কিছুই তো স্মাগলিং হয়। বর্ডার যেখানে আছে সেখানে স্মাগলিং হয়। আমাদের কোলিয়ারি থেকে যে জিনিস বেরিয়ে গেল তার আর কি রয়ালটি নেব?

Shri Jatin Chakravarty:
আপনি বললেন অনেক রয়ালটি আউটস্ট্যাণ্ডিং আছে এবং সেগুলি আদায় করার জন্য ব্যবস্থা অবলম্বন করা হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে কোন কোন কোম্পানী বা কলিয়ারী-র রয়ালটি পাওনা আছে এবং তার মেনেজিং এজেন্টস কারা তার একটা লিস্ট দেবেন কি?

Shri Saila Kumar Mukherjee:
ধররে গেলে আপনি ধরতে পারেন সকলেরই পাওনা আছে
India Mining...............
তারা হাইকোর্ট-এ সুট করেছে, তাঁদের ডিসিসন এখন সকলের উপর প্রযোজ্য হবে।

Shri Jatin Chakravarty:
তার মধ্যে কি ম্যাকলিয়ড কোম্পানী আছে?

Shri Saila Kumar Mukherjee:
আমি যতদূর জানি তাদের কলিয়ারী নেই।

Shri Narendra Nath Das:

২২০টা কোলিয়ারীর ভেতর ৪০টা কলিয়ারী হচ্ছে আপনার লেসি যাদের কাছ থেকে ডাইরেক্টলি পাচ্ছেন, আর বাকী ১৮০ টার কাছ থেকে পাচ্ছেন না এটা কি কি?

Shri Saila Kumar Mukherjee:

এদের মধ্যে অনেকের কাছ থেকে পাচ্ছি। ফার্স্ট ডিগ্রী, সেকেণ্ড ডিগ্রী, থার্ড ডিগ্রী, ফোর্থ ডিগ্রী আছে। তারা লিগ্যাল পয়েণ্ট-এর ব্যাপার তুলে হাইকোর্ট-এ কেস করেছে যে প্রপার ভেষ্টিং হয়নি সেই পুরানো ১৯০৩ অনুযায়ী। সেজন্য এই এ্যাক্ট সংশোধন করা হল।

Shri Narendra Nath Das:

আপনি কি আমাদের একটা লিস্ট দিতে পারেন যাদের কাছ থেকে রয়ালটি পাচ্ছেন না?

Shri Saila Kumar Mukherjee:

দিতে পারি, কিন্তু সে লিস্ট নেই এবং অনেক বছরের লিস্ট নিতে হবে।

Shri Narendra Nath Das:

আপনি কি বলবেন যে এই কোম্পানীগুলোতে পশ্চিমবাংলার মন্ত্রী বা কংগ্রেস নেতাদের কোন শেয়ার আছে কিনা?

Shri Saila Kumar Mukherjee:

কয়লার ব্যবসা কেন, সকল ব্যবসাতেই কোন না কোন সদস্যের অংশ থাকতে পারে। কেউ যদি কোলিয়ারি ওনার থাকেন তাহলে তাঁর পক্ষে এম, এল, এ, এম, এল, সি, হতে আইনে কোন বাধা নেই।

Shri Jatin Chakravarty:

ঐ সমস্ত নেতারা, মন্ত্রীরা বা সদস্যদের যদি কোন স্বার্থ ঐ কোম্পানীগুলোতে থেকে থাকে তাহলে তাঁদের পরোক্ষ বা প্রত্যক্ষ প্রভাবের জন্য ঐ টাকা আদায় স্থগিত আছে কি না?

2-20—2-30 p.m.]

Shri Saila Kumar Mukherjee:

প্রথমতঃ আমার যতদূর জানা আছে পশ্চিমবঙ্গ সরকারের এমন একজনও সৌভাগ্যবান মন্ত্রী নেই যাঁর কোন কোলিয়ারীতে ১ আনা অংশ আছে, আপনি যা বললেন তার উত্তরে আপনাকে এটাই জানাতে পারি। কিন্তু এরূপ ২।৪ জন এম, এল, এ, এম, এল, সি, আছেন মাইনিং সম্বন্ধে অভিজ্ঞ তাঁরা এই ৯ বৎসরের তাঁরা এই ঝগড়া যার জন্য পশ্চিমবঙ্গ সরকার বঞ্চিত হচ্ছেন সে বিষয়ে যথেষ্ট সাহায্য করছেন যাতে সমস্ত মাইনিং ফেডারেসান সরকারের সাথে হাত মেলায়।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানেন যে ১০০ টাকা শেয়ারের যে কয়লা তা ১,৩০০ টাকায় বিক্রি হয়?

Shri Saila Kumar Mukherjee:

হতে পারে, এ প্রশ্নের সঙ্গে তার কোন সম্পর্ক নেই।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয়কে এই কথা জিজ্ঞাসা করছি যেটা যতীনবাবু করেছিলেন যে এখানে প্রভাবান্বিত করা হয়েছে কি না ও রয়ালটি দেওয়া বন্ধ রয়েছে কি না এটাই জিজ্ঞাসা করছি?

Shri Saila Kumar Mukherjee:

প্রভাবান্বিত করা হয়নি বরং প্রভাব বিস্তার করেছেন, যার জন্য তাদের প্রভাবে আইন করে এই পরিবর্তন করা হচ্ছে এবং তার ফলে আড়াই থেকে তিন কোটী টাকা কি ভাবে আদায় করতে পারা যায় তার একটা চেষ্টা হচ্ছে যেটা ৯ বৎসরেও পারা যায় নি।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি জানাবেন যে গত তিন বৎসরে ৯ টাকা পার টন কয়লার দাম বেড়েছে এবং সেই ভাবে বা সেই হিসাবে রয়ালটি কত বেড়েছে?

Shri Saila Kumar Mukherjee:

আমি অনেকবারই বলেছি যে তার সঙ্গে এর কোন সম্পর্ক নেই রয়ালটি দামের উপর বাড়ে না। ন্যাশনাল কোল ডেভেলপমেন্ট করপোরেশন তাদের সর্বভারতীয় নীতির ভিত্তিতে রয়ালটি ধার্য করে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় বললেন যে, রয়ালটি বাবদ তিন কোটী টাকা প্রাপ্য রয়েছে পশ্চিমবঙ্গ সরকারের এবং মাইনিং ফেডারেশন-এর সাথে আলোচনা কিছুদিন যাবৎ চলেছে। এক্ষণে এই মাইনিং ফেডারেশন-এর সাথে আলোচনা প্রসঙ্গে এটাও কি পরিষ্কার করা হচ্ছে যে ল্যান্ড রেভিনিউ পশ্চিমবঙ্গ সরকার তাদের কাছ থেকে আদায় করে নেননি বা দেন নি ও তার কত পরিমাণ আউটস্ট্যান্ডিং রয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

ল্যান্ড রেভিনিউ-এর সঙ্গে এ প্রশ্নের কিছু নেই। এটা হচ্ছে মাইনিং রয়ালটী-এর প্রশ্ন, ল্যান্ড রেভিনিউ এ্যাক্ট-এ আদায় না হলে তা হবে, কোন দিন ল্যান্ড রেভিনিউ দেব না তা বলা হয়নি বা বলেছেন বলে তা আমার জানা নেই।

Shri Nirmalya Bagchi:

সরকার আদায় করেন নি ল্যান্ড রেভিনিউ এবং সেই ল্যান্ড রেভিনিউ-এর আউটস্ট্যান্ডিং পরিমাণ কত?

Shri Saila Kumar Mukherjee:

এটা আলাদা প্রশ্ন, প্রশ্ন করলে বিস্তারিত তথ্য দিতে পারবো।

Shri Sasanka Sekhar Sanyal:

একটা কোশ্চেন হল ইনকাম ট্যাক্স ইভেসান যা হয় সেরূপ রয়ালটি ডিসক্লোজড রয়ালটি যা সেগুলি ফেক্‌ড এ্যান্ড ম্যানিপুলেটেড কি না এবং সরকারের যা প্রাপ্য তা সেই সবচেয়ে যে বেশী প্রাপ্য সে প্রাপ্য টাকা দেখবার জন্য কোন মেশিনারি এ্যাপয়েন্ট করা হয়েছে?

Shri Saila Kumar Mukherjee:

এই মেশিনারী এ্যাপয়েন্ট হবে এবং সমস্ত জিনিসটা মেটাবার চেষ্টা করছি। ৯ বৎসরের একটা নেবুলাস স্টেট হয়ে আছে, এতে সংগত বাধা, নীতিগত বাধা এবং প্রশাসনিক বাধা হয়ে আছে, কিন্তু আমরা যা চেষ্টা করছি, তাতে আমাদের সমস্ত আশঙ্কা দূরীভূত হবে এটাই আশা করছি।

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় কি জানাবেন যে স্টেট গভর্ণমেণ্ট-এর রয়ালটী ঠিক ঠিক ভাবে লেভিড হয় কি না পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে ভারত সরকারকে সাহায্য করার কোন মেশিনারী এ্যাপয়েন্ট আছে কি?

Shri Saila Kumar Mukherjee:

লেভী করবার কোন প্রশ্ন নয় কিন্তু কোশ্চেন হচ্ছে যে কতটা ডেসপ্যাচ হচ্ছে এবং কলিয়ারীতে তার ফিগার করা এবং এটা নিশ্চয়ই হচ্ছে। আমাদের মাইনিং এ্যান্ড কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজ ডিপার্টমেন্ট-এর কাছে তথ্য আছে আসানসোল মাইনিং বোর্ড প্রত্যেকের রেকর্ড রাখতে হয়, প্রত্যেক
Miners are governed under the Mining Settlement Act
এতে বিস্তারিত তথ্য দিতে হয় এবং তার মধ্য দিয়ে সমস্ত ফিগার পাই।

Shri Narendra Nath Das:

ভারত সরকারের যে রাইট রয়েছে, তা আমি অস্বীকার করছি না। কিন্তু যেখানে কয়লা-খনির মালিকদের তরফ থেকে কয়লা রেইজড হয়, যেখানে তার পরিমাণটা কম দেখানো হয়, এ রকম ইনফরমেশান আমার আছে, সেটা চেক করবার বা সেটা ওয়াচ করবার কোন মেশিনারী আছে কি?

Shri Saila Kumar Mukherjee:

প্রত্যেক কোয়ারটার্লি এবং এ্যানুয়্যাল মাইনিং য়্যাকটের আন্ডারে প্রত্যেক মাইনকে বিস্তারিত রিপোর্ট দিতে হয়, তা থেকে সবই সংগ্রহ করা যায়।

Shri Nirmalya Bagchi:

মন্ত্রী মহাশয় এক্ষুণি বললেন ১৯৬১, ১৯৬২ ও ১৯৬৩—এই তিন বছরে ৩ কোটী টাকা রয়ালটি প্রাপ্য আছে এবং তার সাথে সাথে বলেছেন সমস্ত ব্যবস্থাটা ৯ বছর যাবৎ নেবুলাস স্টেজ-এ রয়েছে। সুতরাং এই বৎসরের প্রাপ্য রয়ালটি পুরাপুরি কত আউটস্ট্যান্ডিং দাঁড়িয়েছে সেটা কি তিনি বলতে পারেন?

Shri Saila Kumar Mukherjee:

আমি তো ৩ বছর বলিনি। আপনি ভুল শুনেছেন। আমি বলেছি আপ টু থার্টি-ফার্স্ট মার্চ গোড়া থেকে।

Hindi Medium primary schools

*131. **Shri Nirmalya Bagchi:** Will the Hon'ble Minister-in-charge of the Education Department be pleased to state—

(a) whether in view of the fact that a large number of primary schools teaching through Hindi Medium are situated in the Calcutta and Barrackpore industrial areas, he considers the desirability of opening training institutions nearabout Calcutta for Hindi primary teachers serving in those schools;

(b) if the reply to (a) be in the affirmative (i) the proposed selection of sites; and (ii) the expected date of opening such centres; and

(c) if the reply to (a) be in the negative, reasons therefor?

Shri Rabindralal Sinha: (a) and (b) the matter is under active consideration.

(c) Does not arise.

Shri Nirmalya Bagchi:
মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় কি অবগত আছেন যে রাজ্য সরকার যদি কোন ট্রেনিং ইনস্টিটিউশান স্টার্ট করেন, তাহলে কেন্দ্রীয় সরকার তার সেন্ট পারসেন্ট এ্যাসিসটেন্স দিয়ে থাকেন?

Shri Rabindralal Sinha:
আমরা কেন্দ্রীয় সরকারের এ্যাসিসট্যান্স নিয়ে অলরেডি সেকেন্ডারি হিন্দি টিচার-এর জন্য একটা ইন্সটিটিউশন খোলবার ব্যবস্থা করে ফেলেছি। বাড়ী ভাড়া নিয়েছি। আগামী পয়লা নভেম্বর থেকে সেশান স্টার্ট করবো। আর প্রাইমারী টীচারদের জন্য এরকম একটা করা উচিত বলে আমরা মনে করছি। সেটাও ফাইনাল করে ফেলবো যত তাড়াতাড়ি পারি।

Shri Nirmalya Bagchi:
আমার প্রশ্নের উত্তর ঠিক হল না, সবেতে সেন্ট পারসেন্ট কি না বলতে পারেন?

Shri Rabindralal Sinha:
তা ঠিক বলতে পারছি না। তবে হিন্দী ট্রেনিং-এর ব্যবস্থা আমরা সেন্ট্রাল এ্যাসিসট্যান্স সেন্ট পারসেন্ট নিয়ে করেছি সেটা সেন্ট পারসেন্ট বলতে পারি।

Shri Nirmalya Bagchi:
এই ব্যাপারে পশ্চিমবঙ্গে হিন্দী প্রাইমারী স্কুল টীচারস্ ট্রেনিং ইনষ্টিটিউট করা সম্পর্কে কেন্দ্রীয় সরকার কি আপনাদের কাছে কোন পত্র লিখেছেন? আমার কাছে একটা পত্র আছে— মিনিষ্টার অব এডুকেশান্, গভর্নমেন্ট অব ইন্ডিয়া লিখছে
No reply from the State Government of West Bengal has been received so far who have been reminded several times.

Shri Rabindralal Sinha:
না, আমি এখনই কিছু বলতে পারছি না। আপনার পত্রটা আমায় দিলে আমি অনুসন্ধান করে দেখতে পারি।

Shri Sasanka Sekhar Sanyal:
ম্যাঁয় পুঁচতা হুঁ শিক্ষামন্ত্রী হিন্দী মে কাহে ইসিকা জবাব নেহি দেতা হ্যায়?

Shri Rabindralal Sinha:
যেজন্য বাংলায় বক্তৃতা করতে গিয়ে অজস্র ইংরেজী শব্দ আমরা ব্যবহার করি তার মানে হচ্ছে আমরা বাংলাটাও ভাল করে বলতে শিখিনি।

Mr. Chairman: Questions over.

CALLING ATTENTION TO A MATTER OF URGENT PUBLIC IMPORTANCE

Mr. Chairman: There is one notice of Calling Attention from Shri Nirmalya Bagchi. I admit that. Will Shri Bagchi kindly read out the notice?

Shri Nirmalya Bagchi: As reported in Hindusthan Standard of 24th September, 1964, Abhinagore Free Primary School under Itahar Circle, West Dinajpore, has been going without any teacher for the last three or four months. Similarly, Updel Free Primary School under Gazole Circle, Malda district, has been without any teacher for months. This has been causing great inconvenience to your learners and their guardians.

[2-30—2-40 p.m.]

Business Advisory Committee

Dr. Srikumar Banerjee. Sir, before you take up the business of the day, I have a statement to make. The Business Advisory Committee of this Council, of which I happen to be a member, has not met since the beginning of this session. Therefore, the members on this side of the House have been deprived of the right of having the medium of time which ought to have been allotted to them for the purpose of their participation in the debate. So, I would request you to have a meeting of the Business Advisory Committee immediately and allot for the members on this side of the House the time to speak and participate in the debate to which they are entitled on account of their numerical strength in the House and on the basis of the principle of allotment.

Mr. Chairman: But has their right to make use of the time, to which they are entitled, been in any way curtailed? I do not think so.

Dr. Srikumar Banerjee: Yes, Sir, their time has been curtailed because they are not being allowed any opportunity to participate in the debate. If for example, four hours or six hours are allotted for the discussion of a particular Bill, then the Business Advisory Committee decide as to what time should be allotted to the Government side and what time to the Opposition. But, Sir, during this session, no time has been allotted to the members on the Government side to participate in the debate. I take that to be an encroachment on the rights of the members on this side of the House and I would appeal to you for protecting their legitimate rights.

Mr. Chairman: I think the Chief Whip decides the time...........

Dr. Srikumar Banerjee: Sir, it is not a question of Chief Whip only. The matter is decided not by the Chief Whip only but by the Business Advisory Committee of which the Chief Whip is a member. So, Sir, let us have a meeting of the Business Advisory Committee in which the opinion of the Chief Whip will be certainly considered and given due weight, but he alone will not decide.

Mr. Chairman: Yes, as early as possible. But you have brought up the matter at the fag end of the session.

Shri Jatin Chakravorty:

মহীতোষবাবু ওয়াক আউট করে চলে গেলেন, তাঁকে বলতে দেওয়া হয়নি।

Shri Jagannath Kolay:

শ্রদ্ধেয় শ্রীকুমারবাবু বললেন তাঁরা বলতে পারেন নি, সময় পাননি। কংগ্রেস তরফ থেকে আমি যখন এখানে পারলামেন্টারি মিনিষ্টার এবং আমি চিফ হুইপ আছি তখন শ্রীকুমারবাবুকে এটা স্বীকার করে নিতে হবে যে লিষ্ট আমি যা দেব ফ্রম্ মাই পার্টি সেই অনুযায়ী চলবে। এরপরও যদি মহীতোষবাবু বা শ্রীকুমারবাবুর যদি কিছু বলার থাকে তাহলে তাঁরা চিফ হুইপ-কে বলতে পারেন।

Mr. Chairman: That is an internal affairs.

Shri Sasanka Sekhar Sanyal: Professor Banerjee's aspersion upon the chair should be countered.

Shri Jagannath Kolay:

গভর্নমেন্ট বিজনেস যখন হবে তখন বিজনেস এ্যাডভাইসরি কমিটির ফাংশন কি? এ্যালটমেন্ট অফ টাইম কি হবে, এই বিজনেস-এর উপর কত ঘন্টা হবে বিজনেস এ্যাডভাইসরি কমিটি আপনার সঙ্গে সেটা সেটেল করবেন চিফ হুইপ-এর সঙ্গে এবং আপোজিসন হুইপ-এর সঙ্গে একটা সেটেলমেন্ট হবে যে অপোজিসন কত টাইম পাবেন এবং গভর্নমেন্ট কত টাইম পাবেন। পারলামেন্টারি ডিমোক্র্যাসি যেখানে আছে সেখানে অপোজিসন-কে স্কোপ দেওয়া হয়। গভর্নমেন্ট বিল যেখানে স্পনসর্ড করছেন সেখানে অপোজিসন হুইপ-এর সঙ্গে বিবেচনা করে সব বিষয়ে এটা ঐ হাউসেও হয়। আমরা স্পীকারকে জানিয়ে দিই যে গভর্নমেন্টের পক্ষে এবং অপোজিশন-এর পক্ষে অপোজিশন হুইপ জানিয়ে দেন যে তাঁদের তরফ থেকে কে কে বলবেন এবং গভর্নমেন্টের চিফ হুইপ ঠিক করে দেবেন যে তাঁদের দলের কে কে বলবেন। মহীতোষবাবু যদি আমাকে জিজ্ঞাসা করে আপনাকে নাম দেন তাহলে সেটা ঠিক হয় না। আপনি মহীতোষবাবুকে বলবার জন্য যদি এ্যালাউ করেন তাহলে মনে করব পার্টি-র ডিসিপ্লিন ভঙ্গ হয়েছে। আমি মনে করি যে চেয়ারম্যান চিফ হুইপ-এর পরামর্শ না নিয়ে পার্টির তরফ থেকে কাউকে বলতে দেওয়া উচিত নয়।

Mr. Chairman: I need not consult you.

Dr. Srikumar Banerjee: I entirely agree with the point of view put forward by the Chief Whip that so far as the selection of members on this side of the House is concerned he is the only authority, but then the allotment of time depends upon the Business Advisory Committee. Suppose we decide that out of six hours two hours will be allotted to the members on this side of the House and four hours to the members on the other side of the House, the Chief Whip will determine who will be the persons who will speak from this side of the House. So far as that matter is concerned, I entirely agree with the point of view put forward by the Chief Whip, but we insist upon the right of the party on this side of the House to be given a reasonable share of participation in that time.

Mr. Chairman: You are insisting upon your individual right to speak. I think members have an inherent right to speak and if a member catches my eye—I am not to consult his party Whip—I think I ought to allow him to speak.

Shri Jagannath Kolay: That is the rule, that one who catches the eye of the Chairman will be allowed to speak by him.

Shri Sasanka Sekhar Sanyal: The two Whips are always subject to the overriding right of the Chair.

Shri Mohitosh Rai Choudhuri: No doubt it is the business of the Chief Whip to decide who are to speak from this side of the House. Whoever catches your eye, Sir, or whoever informs you beforehand that he wants to speak has been allowed to speak. I and my friend Dr. Srikumar Banerjee have no grievance because I was not allowed to speak; that does not matter. I was not allowed to speak, I think, on the ground that there was no time for my party; therefore, it should be settled how much time is allowed to this side of the House.

Shri Jagannath Kolay:

আমি মহীতোষবাবুকে এ ব্যাপারে বলেছি। এটাও আমাদের দেখতে হবে যে কেন আমি মহীতোষবাবুকে বলতে দিইনি। আমাদের দেখতে হবে যে তিনি সিলেক্ট কমিটি-র মেম্বার কি না? এটা আমাদের কনভেনশান আছে যে সিলেক্ট কমিটি-র মেম্বাররা সাধারণত বক্তৃতা দেয় না।

Shri Sasanka Sekhar Sanyal:

একটা হেলদি কনভেনসান হয় যদি দুই পক্ষ থেকে এটা এগ্রি করে যে ওপক্ষের স্পীকার আমরা ঠিক করে দেবো আর এ পক্ষের স্বীকার ওরা ঠিক করে দেবেন।

Shri Jagannath Kolay:

আমরা রাজী আছি আপনারা রাজীতো।

Goodwill Mission to Pakistan

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার মারফৎ মাননীয় মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। এটা কলিং এ্যাটেনশান-এ দেওয়া যেত কিন্তু হাউস কবে বন্ধ হবে বোঝা যাচ্ছে না, তাই এটা গুরুত্বপূর্ণ বিষয় বলে এখানে উত্থাপন করছি। বিষয়টা হল কহিমা থেকে টুয়ান্টি-সেভেন্থ সেপ্টেম্বর ইউ, এন, আই একটা খবর দিচ্ছে, সে খবরটা হচ্ছে যে শ্রীজয়প্রকাশ নারায়ণ তাঁর শুভেচ্ছা সফর করছেন পূর্ব বাংলায়। আমি এর প্রাসঙ্গিকতা কি তা বলছি না, কারন বেসরকারী সুভেচ্ছা সফর নিশ্চই তিনি করতে পারেন, এবং আমরা শুভেচ্ছা চাই, সৌহার্দ্য হোক তাও চাই। কিন্তু শ্রীজয়প্রকাশ নারায়ণের যে শুভেচ্ছা সফর তা বেসরকারী।

[2-40—2-50 p.m.]

কিন্তু শ্রীজয়প্রকাশ নারায়ণের জন্য শুভেচ্ছা দল সেটা বে-সরকারী, সরকার তার দায়িত্ব গ্রহণ করেন নি। ইতিপূর্বে মন্ত্রিমহাশয়ও যে কথা বলেছেন যে সরকারের সঙ্গে তার কোন সম্পর্ক নাই। তার সঙ্গে সরকারের সম্পর্ক রাখা মুস্কিল। কেন না জয়প্রকাশ নারায়ণ অনেক উল্টা পাল্টা বলেন। বর্তমানে তিনি বলছেন যে পাকিস্তানকে কাশ্মীর দিয়ে দেওয়া হোক, চীনকে আকসাই চীন দিয়ে দেওয়া হোক। এই শুভেচ্ছাদলে যাঁরা যাবেন তার মধ্যে কিছু রাজনৈতিক নেতার কথা আছে যেমন-কংগ্রেস পার্লামেন্টারী পার্টীর দুজন আছেন আনন্দগোপাল মুখার্জী ও সামসুদ্দিন আহমেদ। কিন্তু দেখছি এই দশ জন সদস্যের মধ্যে সরকারী কলেজের একজন অধ্যক্ষও রয়েছেন। তার নাম হচ্ছে ডাঃ এ, ডবলিউ, মহম্মদ, প্রিন্সিপাল অব এ ক্যালকাটা কলেজ একটা বে-সরকারী শুভেচ্ছা দল শ্রীজয়প্রকাশ নারায়ণ পরিচালিত দল যে দলের পাকিস্তান সম্পর্কে বক্তব্য, যে দলের চীন সম্পর্কে বক্তব্য সম্বন্ধে আমাদের ঘোরতর আপত্তি আছে। কারণ রাজনৈতিক ব্যাপার এর সঙ্গে জড়িত আছে, ভারতের স্বার্থ ক্ষুন্ন হবে এ রকম আশঙ্কা আছে। তার সঙ্গে একটা সরকারী কলেজের অধ্যক্ষ কি করে যুক্ত হন আমি বুঝি না। হয় সরকার বলুন কোন সরকারী কলেজের অধ্যক্ষ যাচ্ছেন না; অথবা তাঁরা বলুন যে সরকারের সমর্থন আছে এবং সরকারের সম্মতি নিয়ে ডাঃ মামুদ পাকিস্তানে যাচ্ছেন জয়প্রকাশের সঙ্গে কাশ্মীর দেখার উদ্দেশ্যে। যা হয় তিনি করুন।

Teachers' hunger-strike

Shri Satya Priya Roy:

স্যার, আমি একটি গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি, আমরা অর্থমন্ত্রীকে ইতিমধ্যে একটী প্রশ্ন দিয়েছিলাম অর্থমন্ত্রী মহাশয় যখন বাজেট বক্তৃতা করছিলেন, সেই সময় তাঁকে প্রশ্ন করায় তিনি বলেছিলেন যে বিদ্যালয়ের করনিক এবং অধস্তন কর্মীরা

ডিয়ারনেস এ্যালাউয়েন্স পাবেন। কিন্তু এখন যখন তা চালু করা হচ্ছে, তখন দেখা যাচ্ছে এই বিদ্যালয়ের করনিক ও অধস্তন কর্মচারীদের সেই মহার্ঘভাতা থেকে বঞ্চিত করা হচ্ছে। তাতে অবস্থা কি দাঁড়াচ্ছে? বিদ্যালয়ের একজন কারনিকের বেতন হচ্ছে ৮০ টাকা এবং বিদ্যালয়ের একজন অধস্তন কর্মচারীর বেতন হচ্ছে ৪৫ টাকা। সেখানে আজকে সরকার যখন মনে করছেন দ্রব্যমূল্য বৃদ্ধির জন্য যা হোক যৎ সামান্য মহার্ঘভাতা যতটুকু তাঁরা মনে করুন দেওয়ার প্রয়োজনীয়তা আছে, তিনি শিক্ষকদের জন্য ব্যবস্থা করে করনিক, গ্রন্থগারিক ও অধস্তন কর্মচারীদের বাদ দিয়েছেন। এটা তাঁদের বোঝা উচিত ছিল যে শিক্ষকরা এখনো মানবিকতাবোধ বিসর্জন দেন নাই যে একই বিদ্যালয়ে কাজ করবে যে করনিক এবং অধস্তন কর্মচারী তারা সম্পূর্ণ বঞ্চিত থাকবে এবং শিক্ষকরা নিজেদের মধ্যে মহার্ঘভাতার টাকা নিয়ে যাবে। কাজেই এটা সম্পর্কে আপনি বোধ হয় স্যার ছিলেন না, জানেন যে শিক্ষক সমিতির পক্ষ থেকে সুবোধ মল্লিক স্কোয়ারে অনশন সত্যাগ্রহ আরম্ভ করা হয়েছে এই বঞ্চনার বিরুদ্ধে, এই বিভেদের বিরুদ্ধে। এটা স্যার, শুধু টাকার লড়াই নয়। ওখানে তাঁরা সাতদিন অনশন সত্যাগ্রহ করে থাকবেন। আজকে তার দ্বিতীয় দিবস। আমরা প্রশ্ন দিয়েছিলাম এবং অর্থমন্ত্রীর কাছে উত্তর চেয়েছিলাম তিনি তাড়াতাড়ি উত্তরটা দেবেন। এই সম্পর্কে অর্থমন্ত্রী কোন উত্তর দেবেন কিনা এটা আমি তাঁর কাছে জানতে চাই।

Shri Saila Kumar Mukherjee:

স্যার, মাননীয় সত্যপ্রিয়বাবু এবিষয়ে একটি কলিং এ্যাটেনশান নোটিশ দিয়েছেন এবং আপনি সেটা এ্যাডমিট করেছেন। আমি কালকে এর উত্তর দেব। বলেছি কালকে ষ্টেটমেন্ট করবো।

Shri Satya Priya Roy:

আগে এটা বলেন নি, এখন শুনছি এর উত্তর কালকে দেবেন। ওখানে অনশন সত্যাগ্রহীদের অবস্থা খারাপ হবার আগে আজকে তো সরকার এর উত্তর দিতে পারেন। কোন জটিল সমস্যা তো এ সম্পর্কে কিছু নাই। এই মুহূর্তেই এ সম্বন্ধে সিদ্ধান্ত করা যেতে পারে। এর জন্য কেন কালকে বলছেন? কেন আরো ২৪ ঘন্টা এতগুলো লোককে অণশনের মধ্যে রাখছেন? তাতে অর্থমন্ত্রীর কি সুবিধা হবে তা তো আমরা বুঝতে পারছিনা। এ তো কোন জটিল সংখ্যাতত্ত্বের উপর নির্ভর করবেনা। এ শুধু তাঁর মানবিকতা বোধের উপর নির্ভর করবে। আজকেই তিনি এর উত্তর দিতে পারেন। বাজেটের সময় তিনি যে কথা বলেছেন সেটা তিনি পালন করবেন কিনা বলুন।

Shri Saila Kumar Mukherjee: Statement will be made tomorrow.

Mr. Chairman: There is no point in insisting on this. You have drawn the attention of the Hon'ble Finance Minister and he will reply tomorrow.

Shri Satya Priya Roy:

স্যার, কালকে ষ্টেটমেন্ট করার মানে আরো ২৪ ঘন্টা ধরে সেই লোকগুলো ওখানে অনশন করে বসে থাকবে। উনি তাড়াতাড়ি জবাব দিতে পারেন, তিনি বলতে পারেন। বাজেটের দিনে যে কথা বলেছি সেটা ওখানে লেখা আছে। সেকথা তিনি মেনে চলছেন কিনা এ কথার উত্তর দিতে কি তাঁর ২৪ ঘন্টা সময় লাগবে?

Point of Information

Shri Mohitosh Rai Chaudhuri:

On the point of information, Sir, আমাদের Chief Whip একটা কথা বলি বলি করেও বলতে পারলেন না—

Mr. Chairman: Are you reverting back to that? That is closed.

Shri Mohitosh Rai Chaudhuri: On a point of information, Sir, and it is for you to give the information.

Mr. Chairman: But Shri Satya Priya Roy is on his legs.

Shri Saila Kumar Mukherjee: That date has been fixed.

Shri Satya Priya Roy:

না, স্যার ডেট এখনো ফিক্সড্ হয় নাই, আপনি আমাদের রেকর্ড দেখুন কোথায় উনি বলেছেন। তিনি বলেছেন যত তাড়াতাড়ি সম্ভব উত্তর দেব।

Shri Rabindra Lal Sinha:

সেদিন যে কটা কল এ্যাটেনশান হয়েছিল সব কটাই বলা হয়েছিল বৃহস্পতিবার জবাব দেওয়া হবে।

Shri Satya Priya Roy:

সেটা তা হলে রেকর্ড দেখুন যে এ সম্পর্কে বলা হয়েছে যখন আমরা বললাম খুব গুরুত্বপূর্ণ যতদূর সম্ভব তাড়াতাড়ি দেওয়া হবে।

Shri Rabindra Lal Sinha:

আমি বৃহস্পতিবার বলেছিলাম তবে একটা বলেছিলাম যে চেষ্টা করব তাড়াতাড়ি করতে।

Shri Satya Priya Roy:

অনেকগুলি লোকের কষ্টের লাঘব হতে পারে যদি আমরা জানতে পারি তাঁদের মতামত কি?

Mr. Chairman:

You have raised the point before the House.

Shri Mohitosh Rai Choudhuri:

আমার জিজ্ঞাস্য হচ্ছে যাঁরা সিলেক্ট কমিটি-র মেম্বার হল রাঁরা কি কখনও সেই বিল সম্বন্ধে বলতে পারবেন না?

Is it your ruling, is that the parliamentary convention? Once he is a member, can he not make any observation here?

Mr. Chairman:

Yes, he can participate in the discussion here.

Teachers' hunger-strike

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার আবেদন হচ্ছে যেটা সত্যপ্রিয়বাবু বলেছেন যে অনেক টিচার হাঙ্গার স্ট্রাইক করে আছেন

Mr. Chairman: Shri Satya Priya Roy has mentioned it twice.

Shri Santosh Kumar Bhattacharyya:
কালকে হাঙ্গার-স্ট্রাইক আরম্ভ হবার আগে আমরা এদিক থেকে দৃষ্টি আর্ষণ করছিলাম। কিন্তু কয়েকদিন থেকে লক্ষ্য করছি যে আমাদের এসব ব্যাপারে শিক্ষামন্ত্রী একেবারে অদ্ভুতভাবে নীরব। তাঁরা সেখানে না খেয়ে পড়ে আছে, সেখানে বৃষ্টি, রোদের মধ্যে খোলা মাঠে তাঁরা আছেন।

Mr. Chairman: You are making a speech—it is not at all called for.

Shri Santosh Kumar Bhattacharyya: Our colleagues are fasting there, Sir.

Shri Satya Priya Roy:
আপনি অবস্থাটা স্যার, একটু বুঝে দেখুন যারা না খেয়ে ওখানে পড়ে আছেন।

Mr. Chairman :
Well, they are also human-beings; they have heard everything

Shri Satya Priya Roy:
আপনি হাউস-এর কাসটোডিয়ান আপনি বুঝে দেখুন যে ২৩ জন লোক না খেয়ে পড়ে আছেন সেখানে মন্ত্রীদের ন্যায়বোধ কোথায় গিয়ে পেঁচেছে।

Mr. Chairman :
I understand everything. The matter has been placed before the House and so you need not speak any further on it.

Shri Satya Priya Roy:
আমরা তাঁদের প্রতিনিধি হয়ে এখানে এসেছি। নিশ্চয় আমাদের কথা বুঝতে পারছেন।

Mr. Chairman :
Please stop, this is not at all called for.

Shri Satya Priya Roy:
এই যে হৃদয়হীনতার পরিচয় তাঁরা দিয়েছেন, এতে কি মনুষ্যত্বের পরিচয় হচ্ছে? আপনি নিজে শিক্ষক ছিলেন আপনি সেটা বুঝতে পারছেন। আমরা সহকর্মীরা এটা একটা মানবতার প্রশ্ন না খেয়ে আছেন তাঁদের জন্য আমার কি দুঃখ সেটা আপনি নিশ্চয় বুঝতে পারবেন। স্যার, ওরা কি মনুষ্যত্ববোধ সম্পূর্ণ হারিয়ে ফেলেছেন? ওদের মধ্যে কি কোন রকম ন্যায়বোধ বিচারবোধ কিছু নেই।

Mr. Chairman :
Please sit down.

Shri Satya Priya Roy:
আমি বসে কি করব? আমার মনের অবস্থা আপনি বুঝতে পারছেন না। আমি বসতে পারবো না। আপনি উত্তর দিতে বলুন। আমি পরিষ্কারভাবে বলে দিচ্ছি আমি বসতে পারব না। তাঁরা না খেয়ে মরে যাচ্ছেন। আমি বসতে পারবো না এই কথাই আপনাদের কাছে আবেদন করছি। ও'রা উত্তর দেবেন, আর না হয় হাউস বন্ধ থাকবে। আপনি জানেন শিক্ষক হিসাবে কি তাঁদের দুঃখ।

Mr. Chairman :

No.

Shri Satya Priya Roy:

আপনি জানেন ২৪ ঘন্টার জন্য অনশন থাকায় কি যন্ত্রনা?

Mr. Chairman :

What you propose to do?

Shri Satya Priya Roy:

আপনি তাঁদের উত্তর দিতে বলুন?

Mr. Chairman:

No. This I cannot allow.

Shri Satya Priya Roy:

আমি, স্যার, বসতে পারবনা। আপনি আমার অবস্থা বুঝতে পারছেন না।

Mr. Chairman:

I requested them and they have said that they would be ready with the reply tomorrow.

Shri Nirmal Bose:

এইমাত্র যখন সত্যপ্রিয়বাবু বলছিলেন তখন আমি শুনলাম অর্থমন্ত্রী বললেন তাঁদের অনশন বন্ধ করতে বলুন না। আপনি শোনেননি। আমরা শুনেছি। আপনি টেপ-রেকর্ড-এর সংগে করে মিলিয়ে নেবেন। জবাব তিনি কাল দেবেন বলছেন। আপনার আইনে আমি জানি আপনি উত্তরের জন্য অনুরোধ করতে পারবেন না। কিন্তু আমরা যখন বলছি অনশন করে পড়ে আছেন, তখন একটা জবাব দিলে হয়ে যায় একটা মীমাংসা করলেই হয়ে যায়। কিন্তু তা না করে বলছেন তুলে নিলেই হয়ে যায়। এই মনোভাবের আমরা নিন্দা করছি। আমি ও'দের অনুরোধ করি আজকে আমরা উত্তেজিত সেখানে বলুন যে কি নীতি তাঁরা স্থির করেছেন তাহলে তো সব মীমাংসা হয়ে যায়। কাল অবধি কেন বসে থাকব আপনি এর ব্যবস্থা করুন, কারণ আমরা অত্যন্ত উত্তেজিত বোধ করছি।

[2-50—3 p.m.]

Mr. Chairman:

তাহলে এখন—

'Let us pass on to the next item'.

Shri Sasanka Sekhar Sanyal: Sir, may I intervene? After all, it is a very serious matter and you will naturally appreciate the mental condition of the teachers and those who are attached to the teaching department and also of our friends. Therefore, instead of brushing in the matter any further, let us wait for some time. Sir, I would like to meet the Hon'ble Education Minister and the Hon'ble Finance Minister outside and then I shall try to get a reply from them, if possible, and if that is not possible, then we shall certainly bring this matter on the floor of the House.

Mr. Chairman: Again?

Chairman's Ruling

Mr. Chairman: In the mean while, I want to give my ruling in connection with the question raised the other day by Shri Sasanka Sekhar Sanyal and several other members with regard to this House possessing the right to bring in a motion of no-confidence in the Council of Ministers.

Two notices of motions of no-confidence in the Council of Ministers have been tabled, one by Shri Sasanka Sekhar Sanyal to the effect that "this House expresses its lack of confidence in the Ministry" and the other by Sarvashri Sasanka Sekhar Sanyal, Jatin Chakravorty, Narendra Nath Das, Nirmal Bose, Abdul Halim and Satya Priya Roy to the effect that "the Ministry do no longer enjoy the confidence of the Legislature and of the people."

As the present rules of procedure and conduct of business of this House, which came into force on the 4th April, 1961, do not contemplate in specific terms this kind of no-confidence motion, I heard Shri Sanyal and the Hon'ble the Finance Minister on the 17th September last on the question of admissibility of these motions.

Shri Sanyal, like a skilful Marshal, arranged in battle-array a host of weighty arguments in support of the admissibility of the motions, while the Hon'ble the Finance Minister advanced no less weighty arguments to the contrary. The substance of Shri Sanyal's contention, short of his other supporting arguments, if I have under-stood him aright, is that it is the inherent right and privilege of a member of this House to raise, and of this House itself to entertain and discuss, a motion of no-confidence in the Council of Ministers, under the provisions of article 194(3) of the Constitution. The substance of the Hon'ble the Finance Minister's argument is that the intended motions of no-confidence are inadmissible since article 164(2) of the Constitution makes the Council of Ministers collectively responsible only to the Legislative Assembly and not to the Legislative Council and the present rules of procedure of this House, which omitted the old rule 106 in this regard, do not contemplate in specific terms the bringing in of this kind of motion.

It is necessary to remember certain facts in this connection which occurred in this House in the recent past. The present Legislative Council in West Bengal, which is a continuing body under article 172(2) of the Constitution not subject to dissolution, was first constituted under the Constitution in 1952. The rules of procedure of the Legislative Assembly of West Bengal, which were in force before the commencement of the Constitution, had effect in relation to the newly established Legislative Council under article 208(2) of the Constitution, subject to such modifications and adaptations as were then made by the Chairman of the Council. These rules continued in force in the Legislative Council until the 4th April, 1961, when they were superseded by the present rules made by this House under article 208(1) of the Constitution. Rule 106 of these old rules definitely contemplated motions of no-confidence in the Council of Ministers in this House. In accordance therewith, one motion of no-confidence, which was declared admissible by a ruling of mine on the 25th March, 1958, was debated and voted upon in this House on the 1st April, 1958 and two such motions were similarly debated and voted upon on the 10th February, 1961. Thus, between the years 1952 and 1961, the members of this Legislative Council of West Bengal enjoyed under the Constitution the right and the power to move a motion of no-confidence in the Council of Ministers. Even

so, under the auspices of the Government of India Act, 1935, the old Bengal Legislative Council enjoyed, like the old Bengal Legislative Assembly, the same right and power of moving a motion of no-confidence between the years 1937 and 1947 in terms of express rules of the then Council. It is interesting to recount that in paragraph VIII of the Instrument of Instructions issued to the Governors by His Britannic Majesty on the 8th March, 1937 under section 53 of the Government of India Act, 1935, the following passage occurs: "In making appointments to his Council of Ministers, the Governor shall use his best endeavours to select his Ministers in the following manner, that is to say, in consultation with the person who in his judgment is likely to command a stable majority in the Legislature, to appoint those persons who will be in a position collectively to command the confidence of the Legislature, fostering a sense of joint responsibility among his Ministers". It may be noted that here the emphasis is on the word 'Legislature' as a whole and not on any single House of the Legislature. It is, therefore, clear that the Legislative Council of this State enjoyed an almost unbroken practice of moving a motion of no-confidence against the Council of Ministers from 1937 to 1961 with the exception of the five years between 1947 and 1952 when there was no Legislative Council.

We may now examine the question of admissibility of a no-confidence motion in the Legislative Council with reference to the practice in the British Parliament, particularly in the House of Commons, and in the light of the provisions of our Constitution. Article 194(3) of our Constitution provides that the powers and privileges of each of the Houses of State Legislature and of the members thereof shall be those of the House of Commons and of its members. Thus the powers and privileges of the Legislative Council and of its members are equated to those of the House of Commons and of its members. It is the inherent right and privilege of a member of the House of Commons, generally from the Opposition Front Bench, to move a substantive motion of no-confidence in the Council of Ministers, and it is the inherent right and privilege of the House of Commons to entertain, debate and vote upon such a motion. Such a motion, more properly called a motion of censure, is frequently moved in the House of Commons and is not uncommon even in the House of Lords. According to Halsbury's Laws of England, Third Edition, Volume 28, paragraph 447, page 301, "in both Houses motions may be made reflecting upon the conduct of a particular minister or of the government as a whole". Sir Gilbert Campion in his Introduction to the Procedure of the House of Commons (1950) at page 110 calls if a "substantive motion", and an "opposition motion", as distinguished from Government Motions and Private Members' Motions, which is moved from the Opposition Front Bench for the purpose of criticism or to advocate alternative policies. At pages 113 and 117 of his treatise, he calls it an "Incidental Business", representing an inroad into Government time, and the Government, according to him, "is bound by convention to 'find time' for the discussion of a motion containing or implying censure upon its policy."

The moving of a motion of censure in the House of Commons or in the House of Lords is not envisaged in the Standing Orders of the two Houses but is sanctioned by ancient practice, usage and convention.

[3—3-10 p.m.]

May in his Parliamentary Practice (16th edition) at page 305 says: "By established convention the Government never fail to accede to a demand from the Leader of the Opposition to allot a day for the discussion of a motion expressing lack of confidence in the Government". It is not always the Leader of the Opposition who moves the motion of censure. On

July 1 and 2, 1942, a motion of censure moved by Sir John Wardlaw Milne in the House of Commons against the National War Cabinet of Sir Winston Churchill was discussed at a time when there was practically no opposition worth the name, only 25 members mostly of the Independent Labour Party voting for the motion against the Government 475 [H. C. D. Vol. 381 (1941-42) cc. 224 ff]. Thus the right of the members of the opposition to move a motion of no-confidence in the House of Commons is not created by the rules of procedure or standing orders but is an ancient inherent inalienable right sanctioned by established practice, usage and convention. In this sense, although the present rules of this House do not provide for the moving of a motion of no-confidence, the right inherited by this House from the House of Commons, has not been extinguished. It is pertinent in this connection to invite the attention of this House to my ruling delivered on the 25th March, 1958 (Council Debates Vol. XIV, p. 267) when I held that article 164(2) of our Constitution did not in any way take away the right of the Council to criticise the conduct of the Ministry or to show its disapproval of the policy of the Ministry. The effect of that provision is that, if a vote of censure is passed in the Legislative Assembly, the Ministry will be under a constitutional obligation to resign, while no such result will follow in the Legislative Council. The Constitution nowhere interdicts the moving or discussion of a motion of censure in the Legislative Council. The only restriction on discussion in the State Legislature is contained in Article 211, which excepts a debate on the conduct of the Judges of the High Court and Supreme Court. I should also advert to Article 164(4) of the Constitution which provides that no Minister can continue in office for more than six consecutive months unless he becomes a member of the Legislative Assembly or the Legislative Council. It shows the responsibility of the Minister to the Council, of which he happens to be a member. Halsbury, in dealing with the effect of the presence of Ministers in Parliament, says at page 301 of his volume 28 of the Laws of England (3rd Edition): "...the practice and procedure of both Houses ensures that the action of the executive shall always be open to the criticism of Parliament. For Ministers of the Crown cannot indefinitely remain in office without being members either of the House of Lords or of the House of Commons." The same thing is indirectly indicated by our express rule 171 of this House that a member of the Council, who has resigned his office of Minister, may make a personal statement to the House in explanation of his resignation and any other Minister, who is not a member, may make a statement pertinent to the former statement.

Concluding I must hold that there is no inherent constitutional disability or incapacity in the Legislative Council to entertain and debate a motion of no-confidence, which the members of the Opposition have the right and the power and the privilege to move. To illustrate the point further, if a private member's resolution expressing the opinion of the Council as to the lack of confidence in the Council of Ministers gains first priority in the ballot, it cannot be shut out under the rules of this House. Further, if an emendment expressing similar want of confidence is sought to be moved, adding the words at the end of the Address of thanks to the Governor in reply to his opening speech, it cannot be ruled out of order. Exactly similar was the case in the House of Commons on the 17th January, 1924 when an amendment motion of censure to the Address of thanks on the King's speech was carried on a division, bringing down Mr. Baldwin's Government and ushering in the first Labour Government in England under Mr. Ramsay MacDonald (H. C. D. 1924 Vol. 169 cc. 301 ff).

The effect of the omission of the old rule 106, which existed here before the adoption of the present rules of procedure on the 4th April, 1961, is not to wipe out the right, power and privilege of the members of this

House to move a motion of no-confidence but to do away with the restrictions, which attended such a motion formerly. Such a rule still exists in the Uttar Pradesh Legislative Council. It is also clear that the present rules of procedure of this House are not exhaustive of all situations which may arise in this House. Rule 241 of our rules expressly admits that all matters are not specifically provided for in these rules, and so confers residuary powers on the Chairman to regulate such contingencies.

In view of all the above considerations I hold that motions of no-confidence in the Council of Ministers are admissible in this House.

Though the joint motion of no-confidence signed by Shri Sasanka Sekhar Sanyal, Jatin Chakravorty, Nirmal Bose, Abdul Halim, Narendra Nath Das and Satyapriya Roy is more representative of all the opposition parties, it is technically defective as it mentions the "Confidence of the Legislature" which includes the Legislative Assembly. Since the intention of the parties in the opposition in expressing a lack of confidence in the Council of Ministers is clear, I allow the motion of Shri Sasanka Sekhar Sanyal who is a common signatory to both the motions. I have no doubt Government will find time and afford an early opportunity to the members of the opposition and this House to discuss this motion of no-confidence of Shri Sanyal.

Shri Sasanka Sekhar Sanyal: Mr. Chairman, Sir, with attention, admiration and gratitude we have heard your ruling and we have received it. Sir, all these days we were looking forward to the ruling but you were detained in Delhi. I hope the climate at New Delhi, both animate and inanimate, was quite helpful to you in brushing up your mind in making a rediscovery of your historical ruling on 25th March, 1958.

Sir, from this side of the House I made it clear at the time of relevant debate, and my friends also shared that, that my primary object was to get the stature of this House restored to its former position which was impenilled by rules which I have considered to be senseless and thoughtless. Now that the right has been established, we will not make any cheap use of this at the fag end of the session. Sir, the weapon will be taken out from the armoury of the Opposition at the appropriate time. For the time being, with the consent of all members of the Opposition I can only say that I do not press my motion, and I express on behalf of the Opposition our heartfelt thanks and gratitude to you for this historical ruling.

Teachers' hunger-strike

Shri Satya Priya Roy:
আমরা উহার কথা শুনলাম। আলাপ আলোচনার কথা মন্ত্রিমহাশয় বললেন না।

Shri Sasanka Sekhar Sanyal: Sir, may I ask you to adjourn the House for some minutes ? We shall put in our good offices to both sides so that we can come to a position which will be acceptable to all of us.

Mr. Chairman: What is the intention of the House ? Should we adjourn ?

Dr. Srikumar Banerjee: Why should the whole House be adjourned? Let the Minister concerned and some members of the Opposition go out for the purpose.

Shri Sasanka Sekhar Sanyal: But the members who will be putting in good offices may possibly have some criticisms to offer on an important measure like the Calcutta Municipal (Second Amendment) Bill.

Mr. Chairman: But I find the names of only one or two members.

Shri Sasanka Sekhar Sanyal: Names may not be there but names should be put in.

[3-10—3-45 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal: Blessed are the peace-makers and I hope nobody should stand in the way.

Shri Biswanath Mukherjee:
উনি তো বলেছিলেন কালকে জবাব দেবেন, এরকম তাড়াহুড়ার কি দরকার?

Shri Sasanka Sekhar Sanyal:
তাহলে এ্যাডজোর্ণ করুন।
We are trying to bring a peaceful atmosphere.
সেখান থেকে ব্রাসিং ইন দি রঙ ওয়ে হলে কি হাউসের বিজিনেস এগুবে?

Shri Biswanath Mukherjee:
লীডার অব দি হাউস করলে হবে?

Mr. Chairman:
I cannot see eye to eye with you for adjourning the House.

Shri Sasanka Sekhar Sanyal:
এ্যাডজোর্ণমেন্ট করতে আপত্তি কিসের এত? আপনি রিসেস করুন না! আজকে দুটায় হাউস আরম্ভ করে সওয়া তিনটায় রিসেস দিতে পারবেন না? একটু বেশী করে দিন।

Mr. Chairman: All right. Recess for tea for half an hour.

[At this stage the House was adjourned for 30 minutes.]

[After adjournment.]

Shri Sasanka Sekhar Sanyal: Sir, the talk over the matter is continuing and the business of the House should not be held up for that.

Mr. Chairman: Bleassed are the peace-makers.

Shri Satya Priya Roy:
স্যার, আমি আর একটু সময় নেব। অর্থমন্ত্রী এখানে আছেন। আমি একথা পরিষ্কার করে বলতে পারি যে এটা অর্থের ব্যাপার নয়। এটা একটুখানি শুধু মানবিক দৃষ্টিভঙ্গীর প্রশ্ন।

Mr. Chairman:
Humanistic attitude.

Shri Satya Priya Roy:

হ্যাঁ, সেই সম্পর্কে যেন উনি কালকে স্টেটমেন্ট দেবার আগে একটু দেখে নেন্ এবং দেখেশুনে যেন একটা মীমাংসা করেন।

Shri Saila Kumar Mukherjee:

আপনারা যে সমস্ত অসামঞ্জস্য দেখিয়েছেন, সেগুলি আমি তথ্য থেকে দেখছি।

THE CALCUTTA MUNICIPAL (SECOND AMENDMENT) BILL, 1964.

Mr. Chairman: We now take up the Bill.

Clause 2

Shri Abdul Halim: Sir, I beg to move that in clause 2, for item (iv), the following be substituted, namely:—

"(iv) for clause (38), the following clause shall be substituted, namely:

"(38) "hut" means any building or structure built of masonry, reinforced concrete, steel, iron or other metal provided that the roof thereof shall be constructed by corrugated iron or asbestos or tin or tiles; ' "

মিঃ চেয়ারম্যান স্যার, আমি এই এ্যামেণ্ডমেন্ট এখানে রাখছি। আপনি জানেন কলকাতা সহরে বহুলোক বস্তিতে বাস করে তারা কাঁচা ঘরে থাকে, দেওয়ালগুলি বাঁশের বেড়া দিয়ে তৈরী। জমিদার বা তাদের সেখানে পাকা বাড়ী তৈরী করবার অনুমতি দেয় না, সেইজন্য আমি চাচ্ছি বস্তিবাসীরা যাতে নিজেরা ইট দিয়ে বাড়ী তৈরী করে স্ট্রাকচার খাড়া করতে পারে, রুফ ইত্যাদি টিন বা টালি দিয়ে করতে পারে এই প্রভিশন এখানে থাকা দরকার। কেননা, আপনি জানেন স্যার, বর্ষার সময় সেখানে জলপড়ে ঘর ভিজে যায়, অনেক ক্ষেত্রে ডুবেও যায়, সেখানে স্ট্রাকচার যদি ঐ ভাবে ইট দিয়ে তৈরী হয় তাহলে আর বর্ষায় জল প্লাবিত হয় না ঘরের ভেতর। তাহলে তারা একটা স্বাস্থ্যকর অবস্থার মধ্যে বাস করতে পারে এবং আরো অনেক তাদের সুবিধা হতে পারে। সেইজন্য আমি বলবো মন্ত্রীমহাশয়কে আমার এই এ্যামেণ্ডমেন্ট তাঁর গ্রহণ করা উচিত। এই হচ্ছে আমার মূল বক্তব্য। এর চেয়ে বেশী আর কিছু বলতে চাচ্ছি না।

Shri Saila Kumar Mukherjee: Sir, perhaps the honourable member has not appreciated that if this amendment is accepted, it may be completely in conflict with the definition of 'building' as it is. Therefore, this definition is not acceptable. I oppose the amendment.

The motion of Shri Abdul Halim that in clause 2, for item (iv), the following be substituted, namely:—

(iv) for clause (38), the following clause shall be substituted, namely:—

'(38) "hut" means any building or structure built of masonry, reinforced concrete, steel, iron or other metal provided that the roof thereof shall be constructed by corrugated iron or asbestos or tin or tiles; ' "

was then put and lost.

The question that clause 2 do stand part of the Bill was then put and agreed to.

[3-45—3-55 p.m.]

Mr. Chairman: New Clause 2A is out of order.

Shri Saila Kumar Mukherjee: This is an amending Bill. By new clause 2A the honourable member is not suggesting any amendment of the Act.

Mr. Chairman: New Clause 2A is out of order.

Clause 3

Shri Rajkumar Chakraverty: I move that in clause 3, the proposed section 13A(a) be omitted.

It is about payment of honorarium to the Councillors and Aldermen. It is a question of principle that I am raising out of my deep conviction. We had been taught certain principles by the Congress before the attainment of independence, one of those principles was that people and the leaders should do public work without any remuneration. It was insisted upon all Congress workers to do public service wihout any remuneration.

My second point is that this is a bit of social service. We should not encourage payment of honorarium to people for doing social service. The character of social service would be spoilt if that is done. It is not the best tradition of this country.

My third point is that the gentlemen who will be elected Councillors are residents of Calcutta; so if they are not allowed any honorarium there would be no hardship to them.

I am raising the question of principle. I propose that section 13A(a) be omitted.

Shri Nirmal Bose: I move that in clause 3, for the proposed section 13A(a), the following be substituted, namely:—

"(a) an honorarium of two hundred rupees per month, and".

স্যার, আমার যে এ্যামেণ্ডমেন্ট সেটা আমি মুভ করতে গিয়ে আমার পূর্বে শ্রদ্ধেয় রাজকুমার-বাবু যা বললেন সেটা আমি শুনলাম। আমাদের দুটোর একটা নিতে হবে। জনসেবার আদর্শের দিক থেকে যাঁরা যাবেন তাঁরা এক পয়সাও নেবেন না—এই নীতি আমি সমর্থন করি এবং এদিক থেকে বলার কিছু নেই। মন্ত্রীমহাশয় যদি রাজকুমারবাবুরটা গ্রহণ করেন আমি আমার সংশোধনী প্রত্যাহার করে নেব যে মাইনে নেবার দরকার নেই। কিন্তু যদি মাইনে নিতে হয় তাহলে মুষ্টিভিক্ষা কেন? এটা ১০০ টাকা কিসের জন্য? মাইনে না দিলেও আমরা বুঝি। মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান-এর মাইনে নেই, পঞ্চায়েতের মাইনে নেই। তাঁরা কি সেখানে কাজ করতে আসেননি। কিন্তু ১০০ টাকায় পেটও ভরবে না, জাতও যাবে।

আমার বক্তব্য হল যদি দিতে হয় তাহলে যাতে ঠিক মত দেন সেটা দেখা দরকার। করপোরেশানকে কিছুটা সময় দিতে হবে এবং সেই সময় দিতে গেলে যিনি ব্যবসা করেন তাঁর কিছুটা সময় নষ্ট হবে, যিনি অন্য কাজ করেন তারও কিছুটা সময় নষ্ট হবে। সেই সময়ের যাতে কিছুটা আর্থিক ক্ষতিপূরণ হয় এটা বিবেচনা করেই ১০০ টাকা দেওয়া হচ্ছে। কিন্তু আজকের দিনে ১০০ টাকাটা এতই কম যে এটা দেওয়ার কোন অর্থই হয় না। তাই আমার বক্তব্য হচ্ছে অন্ততঃ এটা ২০০ টাকা করুন। (শ্রীবিশ্বনাথ মুখোপাধ্যায় ঃ তাহলে তো প্রায় এখানের টাকার

সঙ্গে এক হয়ে যাবে?) সেটা হলেই বা ক্ষতি কি? আমার বক্তব্য আপনারা এটা বিবেচনা করুন, এটাও যুক্তি হতে পারে যে সময় দিতে হয় তার জন্য তাদের অর্থ দেওয়া হোক এবং আমি জানিনা যে মন্ত্রী মহাশয়ের মাথায় এটা আছে কি না যা নাকি অনেক সময় বলা হয় যে কর্পোরেশন-এ ভয়ানক দুর্নীতি চলেছে সুতরাং কাউন্সিলারদের যদি টাকা দিতে পারেন তাহলে হয়ত ঐ বাঁ হাত বা ডান হাতের কাজ আর হবে না। যদি এটা যুক্তি হিসাবে ধরা যায় তাহলে বলবো যে ১০০ টাকা দিয়ে তা বন্ধ করা যাবে না এবং ২০০ টাকা দিলেও তা সন্দেহ আছে। তবু কিছু বেশী টাকা হলে হয়ত বন্ধ হতে পারে। যেমন সরকারী কর্মচারীদের ৪০ টাকা দিয়ে পেয়াদা রেখে চলে। সে তো গেলেই ঘুস চাইবে। কিন্তু সেখানে যদি ফেয়ার ওয়েজ দিই তাহলে বলতে পারবো যে তোমার ভরণ-পোষণ করবার জন্য কিছু পয়সা দেওয়া হচ্ছে তবে কেন তুমি এভাবে পয়সা নিচ্ছো, কিন্তু যদি এই ১০০ টাকা আমরা দিই ঐ কাউন্সিলারদের তাহলে কারো পক্ষে সে কাজ করা সম্ভব নয় অন্ততঃপক্ষে ২০০ টাকা দিলে এটা কিছুটা হয়। তাই আমার বক্তব্য যে হয় আপনারা টাকাটা তুলে দিন আর না হয় অন্ততঃ ২০০ টাকা দিন।

Shri Saila Kumar Mukherjee:

মাননীয় ডেপুটী চেয়ারম্যান স্যার, এটা দৃষ্টিভঙ্গীতে ভুল হচ্ছে। উনি বললেন এটা মাহিনা। আমরা তো এটাকে মাহিনা বলিনি। আমরা এটাকে অনারারিয়াম বলছি। অনারারিয়াম কেন বলছি তার কারণ হল সর্বভারতীয় কর্পোরেশন-এর এই নীতি অনুসরণ হচ্ছে. বোম্বেতে ১৫০ টাকা দেয়, আমরা ১০০ টাকা দিচ্ছি এবং কমিটি মিটিং-এ ১০ টাকা করে এই হিসাবে দেখা যাচ্ছে ১৫০ টাকা হয়। এটা সংসার চলার পক্ষে বা আর্থিক সঙ্গতির পুরণের পক্ষে মোটেই যথেষ্ট নয়, এটা আমরা দিচ্ছি এই কারণে যে তিনি দেশের সেবা করবেন, সময় নষ্ট করবেন, ঘরের খেয়ে অন্য কাজ করে বেড়াবেন তা না করে গাড়ী ভাড়া পেট্রোল ইত্যাদি খরচের জন্য আমরা এটা দিচ্ছি।

Provision has been made following the principles in other new corporations like Bombay, Poona, Madras, Delhi, etc.

Shri Sasanka Sekhar Sanyal: What is the position in England and other places?

Shri Saila Kumar Mukherjee: They also get some honorarium. Sir, I am opposing both the amendments of Shri Rajkumar Chakraverty and Shri Nirmal Bose.

The motion of Shri Rajkumar Chakraverty that in clause 3, the proposed section 13A(a) be omitted, was then put and lost.

The motion of Shri Nirmal Bose that in clause 3, for the proposed section 13A(a), the following be substituted, namely:—

"(a) an honorarium of two hundred rupees per month, and", was was then put and lost.

The question that Clause 3 do stand part of the Bill was then put and agreed to.

Clause 4

Shri Mohit Kumar Moitra: Sir, I beg to move that after clause 4(a) the following new sub-clause be inserted, namely:—

"(aa) after the word 'constituted' the words 'by election by secret ballot on single transferable vote' shall be inserted."

এই ভাবেই আমি বিধান পরিষদের সামনে এই সংশোধনীটি রাখলাম। এর আগে আপনি রুলিং দিয়েছেন যে, যে সমস্ত বিধি সংশোধন করবার চেষ্টা হয় নি বিলেতে সে সম্পর্কে কোন সংশোধনী রাখা যাবে না।

[3-55—4-5 p.m.]

স্যার, আপনার যে রুলিং নিশ্চয়ই আমি তা মানবো। কিন্তু আপনাকে একটা বিষয় বিবেচনা করতে হবে। যখন কোন সংশোধন প্রস্তাব কোন বিধি সম্বন্ধে আনতে হয়, তখন প্রি-এ্যামবল-এর দিকে দেখতে হয় এবং প্রি-এ্যামবল-এ কি বলছে সেটাও দেখতে হবে। এখানে প্রি-এ্যাম্বল-এ চাচ্ছে ক্যালকাটা মিউনিসিপ্যাল বিল-কে সংশোধন করতে হবে। সুতরাং এই সংশোধন করতে হলে তার স্টেটমেণ্ট অফ অবজেক্টস-এ যা লেখা আছে সেই অনুসারে যে সিলেক্ট কমিটি হয়েছে এবং সিলেক্ট কমিটিতে যা এ্যালাউ করা হয়েছিল, তাই আমি আনছি। সুতরাং সেই সম্পর্কে আপনি ভেবে দেখবেন।

এখন ক্লজ নং ৪—যেখানে বলছেন আমাদের এখানে ক্যালকাটা মিউনিসিপ্যাল আইন ১৯৫১ সালের, যে ৬ ধারাটা আছে, সেই ৬ ধারায় বলা হচ্ছে যে স্ট্যাণ্ডিং কমিটিগুলি সাধারণ নির্বাচনের পরে নির্বাচিত হবে। এখন এই ৬ ধারাটা এঁরা পরিবর্তন করেছেন এবং সেই জায়গায় প্রতি বছর নির্বাচনের কথা এখানে গৃহীত হয়েছে। এখন সেই নির্বাচনটা কি পদ্ধতিতে হবে, সেই সম্পর্কে আমি এখানে সংশোধন প্রস্তাবটা আনতে চাই। আমি বলছি এই যে স্ট্যাণ্ডিং কমিটিতে নির্বাচন হবে বছর বছর, তা সেকরেট ব্যালট-এ সিংগল ট্রান্সফারেবল ভোটে নির্বাচন হোক। কালকে প্রারম্ভিক আলোচনার উত্তর দিতে উঠে মাননীয় অর্থমন্ত্রী বলেছেন ক্যালকাটা মিউনিসিপ্যাল আইনে গণতন্ত্রকে প্রসারিত হচ্ছে। নিশ্চয়ই গণতন্ত্রকে প্রসারিত হচ্ছে বলতে গিয়ে তিনি বলেছেন মিউনিসিপ্যাল আইন অনুসারে বোম্বে অথবা দিল্লীতে কমিশনারকে যে ক্ষমতা দেওয়া হয়েছে, তার চেয়ে এখানে কমিশনারের ক্ষমতা অনেক গণতান্ত্রিক ভাবে প্রসারিত করা হয়েছে। আমি আজকে সে কথা বলছি না; আমি এই কথা বলবো তিনি যখন গণতন্ত্রকে প্রসারিত করতে চেয়েছেন এবং তার আকাঙ্ক্ষা প্রকাশ করেছেন, তখন এই স্ট্যাণ্ডিং কমিটিগুলিতে কলকাতা কর্পোরেশনের যে সমস্ত দল নির্বাচিত হয়ে আসে, সেই সমস্ত দলের মত যাতে স্ট্যাণ্ডিং কমিটিগুলিতে প্রতিফলিত হয়, তার জন্য তিনি ব্যবস্থা করবেন এবং সেই ব্যবস্থা করতে আজকে সিংগল ট্রান্সফারেবল ভোট এবং গোপন ব্যালটে যদি করা হয় সেই নির্বাচন তাহলে পরে এর ফল পাওয়া যাবে। এখন এই বিধান পরিষদ গোপন ব্যালটে সিংগল ট্রান্সফারেবল ভোটে সদস্য নির্বাচিত হন। আজকে এই ব্যাপারে যেটা তাঁরা গ্রহণ করতে পেরেছেন কর্পোরেশনে কেন সেটা তাঁরা গ্রহণ করতে পারবেন না? কোথায় তাঁদের সে বাধা সেটা তিনি পরিষ্কার করে বলবেন। এই অনুরোধ তাঁর কাছে জানাচ্ছি।

Shri Nirmal Bose: Sir, I beg to move that for clause 4(b), the following clause be substituted, namely:—

'(b) for clauses (i) to (ix) the following clauses shall be substituted, namely:—

"(i) Finance and Establishment, (ii) Education, (iii) Health, (iv) Bustee Improvement, (v) Water Supply, (vi) Drainage and Sewage-disposal, and (vii) Works and Town Planning";'.

I also move that in clause 4(b) the following proviso be added, namely:—

"Provided that the elections of Standing Committees shall be held in accordance with the system of proportional representation by means of the single transferable vote."

স্যার, এই ক্লজ ফোরে আমি দুটো এ্যামেণ্ডমেন্ট এক সঙ্গে বলছি। এই যে এ্যামেণ্ডমেন্ট তাতে বলা হয়েছে বিলে ৫টা কমিটির কথা হয়েছে। আমি সেখানে প্রস্তাব করছি এই কমিটির সংখ্যা সাত। এই যুক্তির দুটি প্রধান কথা হলো কর্পোরেশন কমিটি সিস্টেমে চলা উচিত, বিভিন্ন এর কাজকর্ম কমিটি মারফৎ হবে। কমিটিতে যে সকল সদস্য থাকবেন, তাঁরা বিভিন্ন বিষয়ে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহণ করবেন এবং কমিশনার সেই সিদ্ধান্তগুলিকে কার্যকরী করবেন। মূল যে কর্পোরেশনের সভা, তাতে ঘন ঘন আলোচনা করা ঠিক নয় এবং কমিশনারের হাতেও সব দায়িত্ব দেওয়া ঠিক নয়। মাঝামাঝি ব্যবস্থা হচ্ছে কমিটি। এই কমিটিগুলিতে কাজের প্রধান দায়িত্ব দিতে হবে। কিন্তু ৫টা কমিটি করবার ফলে কি হচ্ছে?

তারপর আর একটা কথা বলা হচ্ছে একজন সদস্য দুটো করে স্ট্যাণ্ডিং কমিটিতে থাকতে পারবেন। তাতে এমন হতে পারে যে ৩০ জন সদস্যই সব কয়টি কমিটিতে থাকছেন। এখানে যেভাবে কমিটি করা হয়েছে, তাতে আমি মনে করি—আমি যে প্রস্তাব করেছি এডুকেশন এখানটায় রয়েছে, হেলথ্ বস্তি ডিপার্টমেণ্ট ইত্যাদি এক সঙ্গে রয়েছে।

Since September, 1963, 52,391 tons of ammonium sulphate, 6,785 tons of urea, 15 tons of ammonium sulphate nitrate, 1,095 tons of calcium ammonium nitrat have been distributed. Since the last cultivation season (1963-64) a tot quantity of 67,000 tons of phosphatic fertilisers has been distributed to get better yield of paddy crop which is harvested after September.

(7) Scheme for Improved Agricultural Practices: During the year 1963-6 1,94,798 acres of land were brought under Japanese Method of Paddy Cultivatio

(8) Distribution of Dhaincha Seeds: 27,000 maunds of dhaincha seeds we distributed since September, 1963 which is about 13 times more than the peri before 1963.

(9) Scheme for Compost making: During the year 1963-64, 17,00,000 tons rural compot, 38,712 tons of town compost and 4,586 tons of sludge have be distributed.

(10) Distribution of Implements: During the year 1963-64, 22,000 M.B. plough Dones 1270, 3,574 P. Weeders and 2,000 wheel hoes i.e. in all about 28,744 we purchased for distribution. In the 2nd plan only about 1000 pieces were distribute

(11) Plant Protection Scheme: During the year 1963-64, a sum of Rs. 37,11,0 was spent on plant protection measures. A sum of Rs. 24.22 lakhs has be sanctioned so far under the scheme during this year. More funds are intended be provided during this year as and when occasion arises.

(12) Provision of large credit facilities to agriculturists through Co-operative During the Co-operative year 1963-64 ending 30th June, 1964, a total sum Rs. 4,21,50,000 was allotted by the Reserve Bank of India for providing crop lo in West Bengal. This year it is intended to provide about Rs. 10 crores.

(13) Distribution of cattle purchase and fertiliser purchase loans to agriculturist Since September, 1963, a sum of Rs. 35,60,000 has been sanctioned by Governme to the district officers for distribution as cattle purchase loan. Another sum Rs. 38.66 lakhs has been sanctioned since 1st September 1963 for distribution as ca loan for the purchase of fertilisers for Khariff/Rabi and Jute.

(14) Lakhs of vegetable seedlings and seeds have been distributed free a grafts etc. of fruit trees at 1/2 price.

(iii) The Minor Irrigation Schemes enumerated in (ii) above are designed protect the grown crops from drought.

(iv) The Flood Control Schemes of the Irrigation and Waterways Department of this Government are protective measures against inundation.

(v) The godowns of the State Warehousing Corporation and the Co-operative Societies are available for the producers to store their produces.

Shri Nirmalya Bagchi :

অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, আজ এই প্রশ্নের দীর্ঘ জবাব তিনি দিয়েছেন। আমাদের হাউসে রুলস ও কনভেনসানএ আছে যে ১৫ মিনিট আগে লাইব্রেরী টেবলএ উত্তর প্লেস করতে হবে, এরা তা করলে পর আমাদের পক্ষে সাপ্লিমেণ্টারী তোলা অনেক সুবিধা হয়। এই প্রশ্নের উত্তর দেওয়া হয়নি। এ সম্পর্কে আমি লক্ষ্য করছি বহুদিন যাবৎ কোন রিপ্লাই লাইব্রেরী টেবলএ প্লেস করা হচ্ছেনা। আজকের এই উত্তর সম্বন্ধে আমরা বিশেষ আগ্রহশীল। এই সম্পর্কে আপনার একটা রুলিং দেওয়া উচিত যাতে তাঁরা নিয়মিতভাবে লাইব্রেরী টেবিলে উত্তর প্লেস করেন। এছাড়া এর মধ্যে অন্য কোন পলিটিক্যাল মোটিভ নেই।

Shri Smarajit Bandyopadhya :

এই প্রশ্ন সম্বন্ধে কয়েকদিন আগে মাননীয় সদস্য শশাঙ্কবাবু বলেছিলেন যে আমি কোন পোলিটিক্যাল মোটিভ নিয়ে প্রশ্ন করছি না, কি-কি মেজার নেওয়া হয়েছে তার ডিটেল চাই।

Shri Sasanka Sekhar Sanyal :

আমার প্রশ্ন পোলিটিক্যাল মোটিভ-এ হয় না, পার্লিয়ামেণ্টারী প্র্যাকটিস-এ হয়।

Shri Smarajit Bandhopadhya :

আপনি এই ভাষাই প্রয়োগ করেছিলেন।

Shri Sasanka Sekhar Sanyal :

আমি বলেছিলাম আমি কোন পলিটিক্যাল ক্যাপিট্যাল করতে চাই না।

Shri Smarajit Bandyopadhyay :

উনি বলেছিলেন ডিটেল যদি বলেন তাহলে ভাল হয়, সেজন্য আমি ডিটেল দিয়েছি।

Shri Sasanka Sekhar Sanyal :

অন এ পয়েণ্ট অব অর্ডার, স্যার, কোয়েশ্চেন যখন দেওয়া হয় সেটা কোন পারসোনাল বা ইনডিভিজুয়েল কোশ্চেন নয়, সেটা লেজিসলেটিভ-এর কোশ্চেন পার্লিয়ামেণ্টারী প্রসিডিওর-এ হয়। তার আমি ২।১টা সাপ্লিমেণ্টারী কোশ্চেন করতে পারি, অন্য লোকে অন্য করতে পারে। কাজেই উত্তরটা যখন আগে থেকে লাইব্রেরীতে দেবার কথা তখন সেটা দেওয়া হচ্ছে না কেন সেটাই আমাদের কথা।

Mr. Chairman : This is not a correct state of things. It should be rectified so far as these replies are concerned, specially if they are long replies to which the members would like to refer in course of their supplementaries. I hope this will be attended to in future.

Shri Smarajit Bandyopadhyay :

স্যার, কোশ্চেনটা কি লাইব্রেরী টেবিল-এ নেই?

Shri Nirmalya Bagchi : Sir this reply may be circulated.

Shri Smarajit Bandhyopadhyay :

স্যার, আনষ্টার্ড দিলে সাপ্লিমেণ্টারীর হওয়ার সুবিধা হয়, ওরাল হলে আপনাদেরও অসুবিধা হয় আমাদেরও অসুবিধা হয়।

Shri Narendra Nath Das :

লাইব্রেরীর টেবিলে না দেওয়ার জন্য তার কমপেনসেসান হিসাবে শুধু খবরটা জানবার জন্য সারকুলেসন চাচ্চি।

Shri Smarajit Bandyopadhyay :

লাইব্রেরীর টেবিলে না দেওয়ার জন্য দুঃখ প্রকাশ করছি, ভবিষ্যতে যাতে হয় দেখবো।

Shri Sasanka Sekhar Sanyal :

উনি যে বল্লেন কতকগুলি লোনস দেওয়া হয়েছে কেটল পার্চেজ লোনস যা লোকেদের দেওয়া হয়েছে তা ডিসট্রিবিউটেড হয়েছে কতটা ?

Shri Smarajit Bandyopadhyay :

অফহ্যাণ্ড বলতে পারবো না নোটিশ চাই। আর একটা কথা জানাচ্চি কো-অপারেটিভ-এর থ্রু দিয়ে এটা বিলি হয় আমি কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট-এর কাছ থেকে আনিয়েছি।

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহাশয় কি বলছেন যে ৩০০টা পাম্প-এর বা টিউবওয়েলস-এর মধ্যে ৭১টা ওয়ার্ক করছে ?

Shri Smarajit Bandyopadhyay :

আরও ৭১টা কমিশন করা হয়েছে।

Shri Narendra Nath Das :

সব মিলিয়ে কতটা করেছেন ?

Shri Smarajit Bandyopadhyay :

৩০০—আর ৭১টা কমিশান করা হয়েছে।

Shri Narendra Nath Das :

তা হলে আরও ২১৯টা আউট অফ কমিশান।

Shri Smarajit Bandyopadhyay :

হ্যাঁ, ইলেকট্রিক কানেকসান হয় নি।

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এইগুলোকে কবে ইলেকট্রিক সাপ্লাই দিতে পারবেন।

Shri Smarajit Bandyopadhyay:

মাননীয় সদস্য চেয়েছিলেন সেপ্টেম্বর থেকে আজ পর্যন্ত, এক বৎসরে ৬৪০টা ডিপ টিউবওয়েলস ড্রিল্ড করা হয়েছে তার মধ্যে ২৫০ কি ৩০০টা এনারজাইসড করা হয়েছে বাকীটা এনারজাইসড হয়নি।

Shri Narendra Nath Das :

প্রশ্নটা হচ্ছে সেপ্টেম্বর ১৯৬৩তে সুতরাং তারপর কটা করেছেন ?

Shri Smarajit Bandyopadhyay :

সেপ্টেম্বর ১৯৬৩ থেকে ৩০০টা হয়েছে।

Shri Mohit Kumar Moitra :

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন যে জাপানী প্রথায় কিছু পরিমাণ জমিতে ধান হয়েছে, উনি কি বলবেন যে জাপানী প্রথায় যে ধান চাষ হয়েছে সেই সমস্ত চারাগাছে এবার কিরকম ধান হয়েছে ?

Shri Smarajit Bandyopadhyay :

ফলন ভাল হয়েছে। জাপানী প্রথায় দেখা গেছে যে ইল্ড বাড়ে।

Shri Mohit Kumar Moitra :

একথা কি সত্য নয় যে জাপানী প্রথায় ধান চাষ করতে গিয়ে অতিরিক্ত সার দেওয়ার ফলে গাছ বড় হয়ে যাওয়ায় ফলন ভাল হয়নি ?

Shri Smarajit Bandyopadhyay :

মাননীয় সদস্য বোধ হয় রাণাঘাটে জাপানী ফার্ম-এর কথা মিন করছেন। সেখানে প্রথম বৎসর তাই হয়েছে এখানে নূতন ক্লাইমেট তারা ধরতে পারেনি সেইজন্য বেশী সার দিয়েছিল এবং তার ফলে গাছ বেশী বড় হয়ে গিয়েছিল কিন্তু পর বৎসর আর সেটা হয়নি।

Shri Abdulla Rasul :

শুধু রাণাঘাটে নয় বিভিন্ন জায়গায় হয়েছে যেমন বর্ধমান জেলায় বয়ড়া গ্রামে সেখানে এরূপ ৩ জন গরীব চাষী ৩ বিঘা জমিতে এরূপ চাষ করবার ব্যবস্থা করেছিল তারপর ভাদ্রমাসে দেখা গেল যে গাছের চারা এত বড় হয়েছে যে সব ভেঙ্গে নষ্ট হয়ে গেল ফলে একদানা ফসলও সেখানে হয়নি।

Shri Smarajit Bandyopadhyay :

এটা পদ্ধতির দোষ নয় সেটা সার বেশী ডোজ দেওয়ার দোষ।

Shri Mohit Kumar Moitra :

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে জাপানী প্রথায় চাষ করবার আগে সেই জমিতে ঐ প্রথায় চাষ করলে কি রকম সার তাতে দেওয়া হয় সে সম্বন্ধে কোন এক্সপার্টের অনুসন্ধান হয়েছিল ?

Shri Smarajit Bandyopadhyay :

এক্সপার্টদের ওপিনিয়ন চাষীদের মধ্যে প্রয়োজন হলে দেওয়া হয় আর রাণাঘাটে যেটা হয়েছে সেটায় আমাদের এক্সপার্টরা দেন নি তাতে জাপানী এক্সপার্টরা এতে ছিলেন, জাপানীরা প্রথমে সয়েল, ক্লাইমেট ইত্যাদি বুঝতে পারেনি বলে একটু ভুল হয়ে গিয়েছিল।

[2-50—3 p.m.]

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় যে লিষ্ট দিলেন, তার মধ্যে কাউডাং-এর যে একটা পরিকল্পনার কথা শুনেছিলাম তার কথা তো কিছু উল্লেখ করলেন না ?

Shri Smarajit Bandyopadhyay:

আমি বলেছিলাম কাউডাং দিয়ে কমপোষ্ট সার তৈরী হয়। মাননীয় সদস্য বোধ হয় কাউডাং প্ল্যাণ্ট এর কথা মিন করছেন। কাউডাং প্ল্যাণ্ট আমরা তৈরী করতে দিয়েছি। ইতিমধ্যে কাউডাং প্ল্যাণ্ট থানা ফার্মে বসিয়েছি। তা থেকে গ্যাস হচ্চে, আলো হচ্ছে, বাই প্রডাক্ট, সার হচ্ছে। এই থানা ফার্মে কাউড্যাং প্ল্যাণ্ট সাকসেসফুল হলে পরে চাষীদের মধ্যে বিলি করবো।

Shri Narendra Nath Das:

কতটা যায়গায় কাউড্যাং থেকে গ্যাস হচেছ এবং কিভাবে তা উটিলাইজড হচেছ ?

Shri Smarajit Bandyopadhyay:

আমি একদিন মাননীয় সদস্যদের ফার্মে নিয়ে যাব এই কাউড্যাং প্ল্যাণ্ট দেখাবার জন্য।

Shri Abdullah Rasul :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন তাঁদের এ পর্যন্ত যে হিসেব আছে সেই অনুসারে পার একার ইল্ড পূর্বে এভারেজ যা ছিল, তার তুলনায় বর্তমানে কি পরিমাণ বেড়ে হয়েছে ?

Shri Smarajit Bandyopadhyay:

তা অফ হ্যাণ্ড বলতে পারবো না, নোটিশ চাই।

Shri Narendra Nath Das :

আমার কাছ থেকে শুনুন পার একার ইল্ড এখন কমে গেছে।

Shri Smarajit Bandyopadhyay:

একথা ঠিক নয়।

Shri Abdullah Rosul :

এই যে আপনাদের মিকচার সার সরকারী বা বেসরকারী এজেন্সি মারফৎ বিলি বা বিক্রী করা হচেছ আমি সংবাদ পেয়েছি, তার মধ্যে মাটির পরিমাণ বেশী আছে বা পার্সেণ্টেজ বেশী আছে, একথা কি জানেন ?

Shri Smarajit Bandyopadhyay:

আমি তদন্ত করে দেখবো।

Shri Nirmalya Bagchi :

আপনি বলেছেন যে ৮৭.৫ পারসেণ্ট অব ইউজেবল ল্যাণ্ড ইজ আণ্ডার কালটিভেসান এই সব শুনছি। আপনি কি বলতে পারেন জিওগ্রাফিক্যাল পশ্চিম বাংলায় কত পার্সেণ্ট কালটিভেবল জমি আছে ?

Shri Smarajit Bandyopadhyay:

আমি এই ইউজেবল ফর কালটিভেসন থেকে পাহাড় পর্বত বাদ দিয়েছি।

Shri Nirmalya Bagchi:

পশ্চিমবাংলার যা জিওগ্রাফিক্যাল এরিয়া তার কত পারসেণ্টেজ বলতে পারবেন ? আপনি যা বললেন তা ভেগ এণ্ড মিসলিডিং।

Shri Smarajit Bandyopadhyay:

তা বলতে পারবো না।

Shri Nirmalya Bagchi :

আমাদের নেট এরিয়া শোন কত অর্থাৎ কালটিভেশন এর আণ্ডারএ জানাবেন ?

Shri Smarajit Bandyopadhyay:

১ কোটি ২৫ লক্ষ একর জমিতে আমাদের চাষ হয়।

Shri Nirmalya Bagchi :

আপনি কি বলতে পারেন যে এরিয়া শোন মোর দ্যান ওয়ান্স তার পরিমাণ কত ?
What is the area which is sown more than once in West Bengal?

Shri Smarajit Bandyopadhyay : I cannot reply off hand. I want notice.

Shri Nirmalya Bagchi :

আপনি যে ৮৭.৫ পারসেণ্ট অফ ইউজেবল ল্যাণ্ডএ চাষ হয় বলেছেন এটা বোগাস, ইকনমিক সার্ভে অব ওয়েষ্ট বেঙ্গল বলে যে বইখানা আছে তার সঙ্গে কি আপনার পরিচয় আছে ? তাতে লিখেছে যে পশ্চিমবাংলায় ৫ হাজার একর কালটিভেবল ওয়েষ্ট রয়েছে এটা কি জানেন ?

Shri Smarajit Bandyopadhyay:

তা থাকতে পারে। হাজার গণ্ডা বই আমিও দেখাতে পারি।

Shri Nirmalya Bagchi:

যে কালটিভেবল ওয়েষ্ট ল্যাণ্ড ওয়েষ্ট বেঙ্গলএ রয়েছে তা ইউটিলাইজ করবার জন্য আপনারা কোন প্ল্যান বা প্রোগ্রাম গ্রহণ করেছেন কি ?

Shri Smarajit Bandyopadhyay:

হ্যাঁ, ওয়েষ্ট ল্যাণ্ড রিক্লামেশন করবার আমাদের প্ল্যান আছে।

Shri Nirmalya Bagchi :

কি প্ল্যান ?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের যে সমস্ত জমি চাষের অযোগ্য হয়ে গেছে সেখানে কনজার্ভেশন অফ সয়েল-এর জন্য মেজার নেওয়া হয়েছে। বিভিন্ন ব্লকএ ল্যাণ্ড রিক্লামেশন-এর জন্য আমাদের লোন গ্র্যাণ্ট দেওয়া হয় এবং এগ্রিকালচারেল এক্সটেনসান অফিসার যাঁরা আছেন তাঁরা সেগুলি রিক্লেম করার জন্য চাষীদের দ্বারা ব্যবস্থা করেন।

Shri Narendra Nath Das :

আপনি বললেন যে প্রায় ১০ কোটি টাকার মত ক্রপ লোন দেওয়া হবে। পশ্চিমবাংলায় সেই ক্রপ লোন কি টাকা হিসাবে দেবেন না কাইণ্ডসএ দেবেন ?

Shri Smarajit Bandyopadhyay:

টাকা হিসাবে দেওয়া হয় তবে সম্প্রতি ঠিক হয়েছে আমরা ফার্টিলাইজার কিছু দেব ইন কাইণ্ডস এ

Shri Nirmalya Bagchi:

আপনি কি বলবেন পশ্চিমবাংলা ও মাদ্রাজে একর প্রতি উৎপাদন কত?

Shri Smarajit Bandyopadhyay:

একর প্রতি ১২ থেকে ১৫ মণ।

Shri Nirmalya Bagchi:

আমার ফিগার হচেছ ৯০০ পাউণ্ড এবং মাদ্রাজে ৪০ পারসেণ্ট ইনক্রিজ করে ১২০০ পাউণ্ড পার একর হয়েছে এটা কি অবগত আছেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের মত সাব মার্জিনেল্ ল্যাণ্ড মাদ্রাজ চাষ করে না। মাদ্রাজে ২ বার রেইনি সিজন হয় এবং মাদ্রাজে ইরিগেসান ব্যবস্থা আমাদের চেয়ে বেশী।

Shri Nirmalya Bagchi:

আপনি কি জানেন অন্ধ্রে ১১০০ পাউণ্ড পার একার ইল্ড হচেছ?

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের চেয়ে অন্ধ্রের এভারেজ বেশী। অন্ধ্রে মার্জিনাল সাব মার্জিনাল ল্যাণ্ড এ চাষ করতে হয়না এবং তারা ফারটাইল ল্যাণ্ডএ বেশীরভাগ চাষ করেন। সেজন্য তাদের ইল্ড আমাদের চেয়ে বেশী।

Shri Nirmalya Bagchi:

আপনি কি বলবেন তৃতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনায় ৩৭ কোটি টাকা কৃষির জন্য বরাদ্দ করা হয়েছিল এবং ৩ বছরে আপনাদের যেখানে ৪৬৩।। কোটি টাকা খরচ করা দরকার সেখানে আপনারা ৯ কোটি টাকা খরচ কেন করেছেন?

Shri Smarajit Bandyopadhyay:

এ সম্বন্ধে আমার বক্তব্য হচেছ থার্ড ইয়ার অফ দি প্ল্যান এ আমরা দেখতে পাচিছ টেমপো অফ ডেভেলপমেণ্ট রাইজ করে, তবে এখনও আমাদের সময় হয়নি বলবার যে আমরা খরচ করতে পারিনি।

Shri Nirmalya Bagchi:

এটা কি সত্যি যে ৯ কোটি টাকা খরচ করেছেন, ৪।। কোটি টাকা খরচ করতে পারেন নি?

Shri Smarajit Bandyopadhyay:

সম্পূর্ণ না পারলেও আমাদের পারফরমেন্স খারাপ হবে না।

Shri Abdullah Rosul:

আপনি ৫এর উত্তরে বলেছেন লার্জার গোডাউন ফেসিলিটিজ আমি এটা জানতে চাই বাংলাদেশে ওয়েয়ার হাউস স্কীম যা আছে তাতে কতগুলি ওয়েয়ার হাউস স্কীম করা হয়েছে যেখানে প্রডিউসাররা গিয়ে ফসল রাখতে পারে এবং তাতে বিশেষ করে গরীব চাষীদের প্রাওরিটি দেওয়া হয় কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

ওয়েয়ার হাউস খুব বেশী করতে পারি না—এখন পর্যন্ত ৩২।৩৩ টা হয়েছে এবং আরও করছি। তা ছাড়া আমরা যে ওয়েয়ার হাউস বিল পাশ করছি তাতে প্রাইভেট পার্টিকে ওয়েয়ার হাউস করে ভাড়া দিতে পারি।

Shri Abdullah Rasul:

গত বছর রিজার্ভ ব্যাঙ্ক-এর রিপোর্ট অনুসারে দেখা যায় যারা ভারতবর্ষে গ্রাম এলাকায় ১৩৩২ কোটি টাকা ক্রেডিট দেওয়া হয়েছিল। এর মধ্যে কত কোটি টাকা বাংলাদেশের কৃষকদের দেওয়া হয়েছিল?

Shri Smarajit Bandyopadhyay:

এটা কো-অপারেটিভ ডিপার্টমেণ্ট বলতে পারবেন।

Shri Nirmalya Bagchi:

জাপানিজ মেথড অফ কালটিভেসান যেটা আপনারা চালু করেছেন সেটা কিন্তু জাপানের এগ্রিকালচারেল এক্সপার্টরা কোন দিন শোনেন নি—এটা কি সত্য?

[3—3-10 p.m.]

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রিমহাশয় কি দয়া করে জবাব দিবেন যে এই জাপানী মেথড অব কালটিভেসান বলে যেটা গণ্য করেছেন সেটা কিন্তু জাপানী এগ্রিকালচারাল এক্সপার্টরা কোন দিন তারা শোনেন নি। এটা কি সত্য।

Shri Smarajit Bandyopadhyay:

জাপানে আমাদের অনেক এগ্রিকালচারাল এক্সপার্টরা গেছেন তাঁরা সেখান থেকে দেখে এসেছেন তা ছাড়া মাননীয় সদস্য শুনেছেন আমি আগেই বলেছি যে জাপানী চাষী এখানে এসে আমরা বারাসাটের একটি ফার্মে তাদের পদ্ধতিতে এখানে চাষের ব্যবস্থা করেছি এবং সেটা সাফল্য মণ্ডিত হলে আমরা এটা ব্যাপকভাবে বিভিন্ন এলাকায় আরও করবো।

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে জাপানিজ মেথড অব কালটিভেসান চাষ করতে হলে পরে পেডিসিড গুলি এগ্রেসিন দিয়ে ওয়াস করা দরকার এই এগ্রিসিন কি গ্রামসেবকরা ডিষ্ট্রিবিউট করে চাষীর মধ্যে?

Shri Smarajit Bandyopadhyay:

করে।

Shri Narendra Nath Das:

করে না বলেই আমার ধারনা। মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে ওয়ার হাউসিং এর কথা যে উনি বললেন যে ওয়েয়ার হাউস এর এডভানটেজ সম্পূর্ণ চাষীরা নেয় অর্থাৎ সারা বছর যারা জমিতে রাখতে পারেন তারাই নেন, গরীব চাষীরা পায় না?

Shri Smarajit Bandyopadhyay:

হতে পারে, কো-অপারেটিভ-এর যে সমস্ত গোডাউন আছে চাষীরা তা নিতে পারে বা গরীবরাও নিতে পারে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বললেন ১৮টা স্মল ইরিগেশান স্কীম আছে এই ১৮টা স্মল ইরিগেশান স্কীম এর সবগুলোই কি পশ্চিমবঙ্গে হয়েছে, আমার আর জিজ্ঞাস্য যে এর কতগুলি ডিষ্ট্রিক-এ সীমাবদ্ধ রেখেছেন ?

Shri Smarajit Bandyopadhyay:

সমস্ত পশ্চিমবাংলায় হয়েছে, সমস্ত ব্লক-এর মাধ্যমে স্মল ইরিগেশান স্কীমগুলি ওয়ার্ক আউট করা হয়।

Shri Narendra Nath Das:

এই এগ্রেসিন ডিষ্ট্রিবিউশান রিপোর্ট যে রিটার্নগুলি কোথায় ফাইল করা হয় এবং কে র‍্যাটেস্ট করে ভেরিফাই করে ?

Shri Smarajit Bandyopadhyay:

এর রিপোর্ট নেই জাপানী মেথড-এ চাষ করবার জন্য গ্রাম সেবকরা গ্রামে চাষাদের শিক্ষা দেন এবং তারা সেইভাবেই চাষ করে।

Shri Nirmal Bose:

মাননীয় মন্ত্রিমহাশয় কিছুক্ষণ আগে কর্ষণযোগ্য জমির হিসাব দিতে গিয়ে বললেন যে পাহাড় পর্ব্বত ইত্যাদি বাদ দিয়ে এ সব হয়েছে। তা হলে আমার জিজ্ঞাস্য পাহাড় অঞ্চলে দার্জিলিং বা জলপাইগুড়ি জেলায় যে ধান চাষ হয় সে হিসাব বাদ দিয়ে কি এই হিসাব করা হয়েছে ?

Shri Smarajit Bandyopadhyay:

পাহাড় অঞ্চল বাদ দিয়ে কালটিভেবল বলেছি পাহাড়ের যেটা কালটিভেবল সেটা নিশ্চয়ই ইনক্লুড হবে।

Shri Nirmalya Bagchi :

টোটাল জিওগ্রাফিক্যাল এরিয়া কত সেটা বলতে পারবেন ?

Shri Smarajit Bandyopadhyay:

এরূপ মাস্টারী করলে কিরূপ একজামিন দেবো বলুন ?

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে এই যে প্যাকেজ প্রোগ্রাম এটা বর্দ্ধমান ছাড়া আর কোথাও ইনট্রোডিউস হয়েছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

না করে নি তবে ফোর্থ ফাইভ-ইয়ার প্ল্যান এ এই পরিকল্পনা আছে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে প্যাকেজ প্রোগ্রাম লেখা জীপ গাড়ীগুলো কলকাতা শহরেই ঘুরে বেড়ায় ?

Shri Smarajit Bandyopadhyay:

না জানা নাই।

Shri Narendra Nath Das:

কান দিন দেখেন নি।

Shri Smarajit Bandyopadhyay:

না।

Old-age Pension Scheme

***133. Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Home (Social Welfare) Department be pleased to state—

(a) the date of introduction of the old-age pension scheme;

(b) the number of persons so far admitted to the scheme;

(c) the amount of pension and the minimum age-limit entitling persons to such pensions; and

(d) the name of the authorities admitting the applications for pension?

[3—3-10 p.m.]

Shrimati Abha Maiti: (a) 1st January, 1964.

(b) 81 up to 29th September, 1964.

(c) Rs. 15 per month for urban areas and Rs. 12 per month for rural areas.

Minimum age limit is 70 years subject to the conditions laid down in the West Bengal Old-age Pension Rules, 1962.

(d) Joint Secretary, Home (Social Welfare) Department for the whole of West Bengal.

District Magistrates/Deputy Commissioners for their respective districts.

Director of Social Welfare, West Bengal, Calcutta, as defined in section 3 of the Calcutta Police Act, 1866.

Shri Rajkumar Chakravorty:

এই যে ৮১ জন বুড়ো মানুষকে পেনসান দেওয়া হয়েছে তা আপনারা এ ব্যাপারে কত এপ্লিকেশানস পেয়েছেন?

Shrimati Abha Maiti:

আমরা এ পর্যন্ত ৪৬২টা এ্যাপ্লিকেশান পেয়েছিলাম। তবে এই সঙ্গে একটা কথা বলে দিই এবং এটা বলে দিলে সাপ্লিমেণ্টারী হয়ত আর করতে হবে না। কথা হচ্ছে এই যে লোকেদের দেওয়া হয়েছে তার সংখ্যা খুবই কম, কারণ আমাদের যে এজ লিমিট বেঁধে দেওয়া হয়েছে ং যে সমস্ত রুলস করা হয়েছে তার ফলে খুবই কম লোক পেয়েছে। আত্মীয়স্বজন ইত্যাদির কথা সমস্ত বলা হয়েছে এ ভাবে থাকলে বেশী লোক সুযোগ নিতে পারবে না। এটা আমাদের ভিজ্ঞতা হয়েছে, এবং এর জন্য সম্প্রতি আমরা এই সমস্ত রুলস চেঞ্জ করছি যাতে নাকি বেশী াক এই স্কীম-এর সুযোগ সুবিধা নিতে পারে।

Shri Nirmal Bose:

নীয় মন্ত্রিমহাশয় বললেন যে এর উদ্দেশ্য হচ্ছে আত্মীয় স্বজন যাঁদের নেই এবং যাদের বেশী স হয়েছে তাদের এই সমস্ত সুযোগ সুবিধা দেওয়া হবে ও তাদের ১৫ টাকা করে দেওয়া হবে। হলে ঐ ১৫ টাকা যাঁদের দেওয়া হচ্ছে ঐ সমস্ত আত্মীয় স্বজন হীন লোকেদের দেখবার জন্য খানে আমার বক্তব্য হচ্ছে এই ১৫ টাকায় ভরণপোষণ কি হবে?

Shrimati Abha Maiti :

নিশ্চয়ই, ১৫ টাকাটা কম, তবে একদম না দেওয়ার চেয়ে ভাল।

Shri Amar Prosad Chakravarti :

এজ লিমিটটা কত বললেন ?

Shrimati Abha Maiti :

৭০ বৎসর।

Shri Amar Prosad Chakravarti : Normal retiring age কত ?

Shrimati Abha Maiti :

৫৮ বৎসর।

Shri Amar Prosad Chakravarti :

তাহলে এ্যাভারেজ কত জনেন ?

Shrimati Abha Maiti :

আমি আগেই বলেছি ৭০ বৎসর হওয়ার দরুন অনেকেই সুযোগ সুবিধা নিতে পাচ্ছে না, সেজন্য আরও এজ লিমিট কমাবার জন্য ব্যবস্থা করেছি, এ ছাড়া এই এই আত্মীয় স্বজন থাকলে পাবেনা এই কথা যা বলা হয়েছিল সেই আত্মীয় স্বজনের লিষ্ট কমাবার ব্যবস্থাও আমরা করছি যাতে নাকি আরো বেশী লোক এই স্কীম এ আসতে পারে।

Shri Amar Prasad Chakraborty :

এজ লিমিট কত কমাবার চেষ্টা করছেন ?

Shrimati Abha Maiti:

এখনো পাকাপাকি কিছু ঠিক করিনি, করলে পরে একদিন জানিয়ে দেব।

Shri Nirmal Bose :

মন্ত্রিমহোদয় কি বলবেন এই ১৫ টাকা ১২ টাকা থেকে আরো কিছু বাড়াবার কোন পরিকল্পনা আছে কিনা।

Shrimati Abha Maiti :

যদি আমাদের আর্থিক সঙ্গতি বাড়ে তাহলে নিশ্চয়ই বাড়াবার পরিকল্পনা থাকবে।

Dr. Srikumar Banerjee :

মাননীয় মন্ত্রীমহোদয় কি জানেন আত্মীয়স্বজন থাকলে পরেও অনেক সময় তারা ভরণপোষণে দায়িত্ব নেয় না ?

Shrimati Abha Maity :

হ্যাঁ, জানি। তাই রুলসে আত্মীয় স্বজনের যে লিষ্ট আছে তা কমিয়ে দেবার চেষ্টা করছি।

Shri Amar Prasad Chakravarty :

যখন তাঁরা দরখাস্ত করেন, তখন কি আপনারা কোন এনকোয়ারী করেন ?

Shrimati Abha Maiti :

না, এনকোয়ারী করা হয়।

Shri Amar Prasad Chakraborty :

যিনি একজনকে জানি তিনি বহুদিন হলো দরখাস্ত করেছেন, আজ পর্যন্ত তার কোন এনকোয়ারী হয়নি। এ সম্পর্কে কি বলবেন?

Shrimati Abha Maiti :

তিনি কোন জায়গায় দরখাস্ত করেছেন, সেটা আমাকে জানিয়ে দেবেন, আমি এনকোয়ারী করবো।

Shri Amar Prasad Chakrabarti :

এ হল জয়েণ্ট সেক্রেটারীর কাছে। ঠিকানা এখন আমার কাছে নাই, কলকাতা খিদিরপুর।

Shrimati Abha Maiti :

আচ্ছা, সেটা আমার কাছে দেবেন, আমি অনুসন্ধান করে দেখবো।

Shri Raj Kumar Chakraverti :

এই টাকাটা কি সেণ্ট্রাল গভর্নমেণ্ট থেকে আসছে, না, স্টেট গভর্নমেণ্ট দিচ্ছেন?

Shrimati Abha Maiti :

এখন আমাদের বাজেট বাজেট থেকে ব্যয় হচ্ছে। হয়ত ভবিষ্যতে সেণ্ট্রাল গভর্নমেণ্ট কিছু দিতে পারেন।

Shri Jatin Chakrabarti :

এই পেনসন স্কীমের আওতায় আসবার জন্য টার্মস অ্যাণ্ড কণ্ডিশনস কি? এলিজিবিলিটি ফর দিস পেনসান কি?

Shrimati Abha Maiti :

১ নম্বর রুলে যে রুলস আছে

'A person shall be entitled to eceive pension under these Rules if he satisfies he following conditions viz.,

(a) He has attained the age of 70 and is a resident of West Bengal;

(b) He is a destitute, i.e., he is a person who has no source of income and has no elation who can maintain him, provided that where the *per capita* income of a amily is Rs. 4 per month or less, his relation is to be taken as to be not in a position o maintain that destitute; and

(c) He has been a resident of West Bengal for not less than 10 years on the date f making the application.'

Shri Jatin Chakravarti :

মাননীয় মন্ত্রি মহোদয় কি বলবেন তিনি এই মাত্র যখন প্রশ্নোত্তরের সময় বলছিলেন যে বেশী সংখ্যক এপ্লিকেসান পড়েনি, তখন আমার প্রশ্ন হচ্ছে...

Shrimati Abha Maiti :

আমি তো তা বলিনি। যে ৪৬২ খানা দরখাস্ত এসেছিল তার থেকে বেশী সংখ্যক লোককে দেওয়া সুব হয়নি। এই জন্য যে টার্মস অ্যাণ্ড কণ্ডিশনসএ যে রুল করে দেওয়া হয়েছে সেগুলি তারা

সেটিসফাই করতে পারেনি বলে এই রুলস গুলিকে আরো সহজ করবার চেষ্টা করছি যাতে বেশী সংখ্যক লোক এর সুযোগ গ্রহণ করতে পারে।

Shri Jatin Chakravarti:

তাঁদের যখন এটাই উদ্দেশ্য যে বেশী সংখ্যক লোক যাতে দরখাস্ত করে এবং এই স্কীমের আওতায় আসে, তখন এই স্কীম সম্পর্কে যাতে আরো বেশী প্রচার করা হয় সংবাদপত্র মারফৎ সেই সম্পর্কে কোন ব্যবস্থা তাঁরা অবলম্বন করবেন কি?

Shrimati Abha Maiti:

এর জন্য যে ফর্ম আছে তাতে বি. ডি. ও.র নিকট পর্য্যন্ত তাঁরা দরখাস্ত করতে পারেন যাঁরা গ্রামে বাস করেন, যে কোন ব্লক ডেভেলপমেণ্ট এরিয়ায় বাস করেন, তাঁরা বি. ডি. ও.র কাছে ফর্ম পেতে পারেন এবং যদি প্রিনটেড ফর্ম না থাকে, তাহলে সাদা কাগজেও তাঁরা দরখাস্ত করতে পারেন এবং সেই দরখাস্ত করার পরেতে ওঁরাই এনকায়ারী করে ডিস্ট্রিক্ট ম্যাজিষ্ট্রেটের মাধ্যমে আমাদের কাছে তা পাঠিয়ে দেন।

আর যে কথা আপনি বলতে চাচ্ছেন সেটাও বুঝতে পারছি—যে আরো বেশী করে প্রচার এ সম্পর্কে হয়েছে কিনা বা হতে পারে কিনা। আমাদের যদি মনে হয় আরো বেশী প্রচার করা দরকার। তা করতে পারি প্রচার বিভাগের মাধ্যমে। তাতে কোন অসুবিধা নাই।

Mr. Chairman: Questions over.

Calling attention to matters of urgent public importance

[3-10—3-20 p.m.]

Mr. Chairman: Attention of the Ministers concerned was drawn to the subjects of—

(i) alleged discrimination in the matter of recruitment by the I.A.C., Calcutta —by Shri Jatin Chakravorty;

(ii) kidnapping of an Indian cowboy by the Pakistani Armed Forces—by Shri Nirmal Bose on the 28th September, 1964;

(iii) preservation of the house of Raja Ram Mohan Roy—by Shri Gopal Haldar on the 28th September, 1964; and

(iv) additional dearness allowance for the school employees other than teaching staff—by Shri Satya Priya Roy on the 28th September, 1964.

The Ministers concerned may please make statements if they have come prepared.

Shri Saila Kumar Mukherjee: With reference to the calling attention notice given by Shri Jatin Chakravorty, we have referred to the Government of India and the answer has not yet come; as soon as it comes it will be given.

Shri Jatin Chakravorty:

আমি এটা বলছি এজন্য যে এটা ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্ট-এর লেবার ডিপার্টমেণ্ট-এর যে ন্যাশনাল এমপ্লয়মেণ্ট সার্ভিস আছে সেই ন্যাশনাল এমপ্লয়মেণ্ট সার্ভিস থেকে একজন অফিসার আই. এ. সি.র এরিয়া ম্যানেজার-এর কাছে গিয়েছিলেন এবং সেখানে থেকে একটা রিপোর্ট তাঁদের কাছ থেকে নিয়ে এসেছেন।

Shri Saila Kumar Mukherjee: The Labour Minister is not here. I gave the information.

Shri Jatin Chakravorty:

আপনি বললেন গভর্নমেণ্ট অফ ইণ্ডিয়ার কাছে লিখেছি। কিন্তু

That is not correct. National Employment Service

এর একজন অফিসার তাদের এরিয়া ম্যানেজার-এর কাছ থেকে একটা এক্সপ্লানেসান নিয়ে এসেছেন। want to know what is the explanation ?

Mr. Chairman : Some reference has been made by some agency to the Government of India.

Shri Khagendra Nath Das Gupta : With reference to the calling attention notice given by Shri Gopal Haldar, I beg to state that it is not known whether the house of Raja Ram Mohan Roy at 85, Amherst Street, Calcutta, has actually been sold by his heirs as alleged in the calling attention notice. On behalf of the P.W.D. the Director of Archaeology tried several times to contact Shri Dharani Mohan Roy, an heir of Raja Ram Mohan Roy, but it was of no avail, as Shri Roy was not interested to meet the Director of Archaeology for discussion about the proposal for acquisition of the house. The Government of West Bengal in their Labour Department also tried to acquire the house but had subsequently to drop the proposal because of opposition by Shri Dharani Mohan Roy, heir of the late Raja.

There is a proposal under consideration of the Government in the Education Department for the acquisition of the premises No. 85, Amherst Street, Calcutta, the residential house of Raja Ram Mohan Roy, on behalf of the Calcutta University, for the purpose of housing their Political Science and Sociology Departments there. These institutions are proposed to be named "Raja Ram Mohan Roy Institute of Political Science and Sociology." The University is prepared to meet the cost of acquisition.

The ancestral house of Raja Ram Mohan Roy measuring more or less 13.80 acres situated at Mauzas Langulpara, Raghunathpur and Paschim Radhanagar under police station Khanakul, district Hooghly, was acquired by Government in the Education Department in 1962-63 at a cost of Rs. 17,519 for the establishment of a suitable memorial in the name of Raja Ram Mohan Roy and for educational purposes.

Another premises at Radhanagar with a partly constructed memorial thereon under the control and management of the Hooghly District Board was offered to Government as a donation for the purpose of completion of the incomplete construction and for preservation and maintenance. The proposal has been under consideration of Government in the Education Department along with the scheme for utilisation of the property at Raghunathpur, etc., mentioned above. The scheme has not yet been finalised.

Shri Narendra Nath Das :

এ সম্বন্ধে মন্ত্রিমহাশয় বললেন যে কোন টেকনিক্যালিটিস বাধা নেই তাহলে আমার জিজ্ঞাস্য হচ্ছে যে, ধরণী মোহন রায় যে অপদার্থ লোক এটা করছেন তা পশ্চিমবঙ্গ সরকারের পক্ষ থেকে কি বাড়ীটা কোন রকমে একোয়ার করবার পরিকল্পনা রাখেন ? যদি তা রাখেন তাহলে তো একোয়ার করতে পারেন এবং ইউনিভারসিটি কে দিতেও পারেন। এই সম্বন্ধে তাঁদের বক্তব্য কি ? সব দোষটা ধরণী মোহন রায়ের উপর ছেড়ে না দিয়ে পশ্চিমবঙ্গ সরকারের রাজা রামমোহন রায়-এর বাড়ী রক্ষা করবার কোন পরিকল্পনা আছে কি ?

Shri Saila Kumar Mukherjee : Mr. Chairman, Sir, I now rise to make a statement on the Calling Attention Notice of Shri Satya Priya Roy requesting to clarify the situation relating to the question whether non-teaching staff of the

Secondary Schools will come within the scope of the recent D.A. benefits given by Government or not. In this connection I find it necessary to make a clear statement of our policy in this matter. Following the decision to grant dearness allowance to Government servants at the rate of Rs. 5 per month for those drawing pay up to Rs. 150 per month and at the rate of Rs. 10 per month for those drawing pay up to Rs. 300 per month, Government decided that with effect from 1st March, 1964, the teachers of all recognised non-Government Secondary Schools and Primary Schools will get the dearness allowance in the following manner :—

(i) Those drawing pay up to Rs. 150 per month will get dearness allowance of Rs. 5 per month. In this category will fall the teachers of all recognised non-Government primary schools.

(ii) Those drawing pay above Rs. 150 per month but not above Rs. 300 per month will get dearness allowance of Rs. 10 per month subject to the following condition :

In the case of teachers of recognised non-Government Secondary Schools, who will fall in this category, the benefit of D.A. at the rate of Rs. 10 per month will be given only after the School Authorities agree to bear 50 per cent of the additional expenditure involved. That is to say, Government will give Rs. 5 per month to the teachers of these Secondary Schools provided the School Authorities agree to bear the other Rs. 5 per month. In this connection I also want to make it clear that the above D.A. benefits will be given to teachers of all recognised non-Government Secondary and Primary Schools. No distinction will be made between aided and unaided schools. I also want to make it clear that Government have not decided to extent the benefit of such D.A. to the non-teaching staff, i.e. the Librarians, Clerks and Class IV employees of the Secondary and Primary Schools.

The Calling Attention Motion is on the point whether the non-teaching staff of Secondary Schools, i.e. the Librarians, Clerks and Class IV employees of Secondary Schools will get the benefit of such D.A. As has been clearly stated by me previously, such non-teaching staff will not get the benefit of D. A. Shri Satya Priya Roy has referred to a fragment of my reply to a supplementary question put by him on 27th February, 1964. In this connection I would refer to my clear, replies to the relevant supplementary questions on the same day, i.e. 27th February, 1964. In reply to a supplementary question on this point put by Shri Santosh Kumar Bhattacharyya, I clearly stated that the non-teaching staff of the educational institutions will not get the benefit of this D.A. In reply to a number of supplementaries by Shri Satya Priya Roy I had stated as follows :—

Government have been following a definite and basic policy in the matter of

[3-20—3-30 p.m.]

increase of the pay of school teachers. I had stated that only those who fall within the scope of this basic policy or "Moulik Niti" will get the benefit of the recent decision to allow D.A. I should explain that this "Moulik Niti" or basic policy has been to treat school teachers as a class apart from other employees of secondary and primary schools. Thus, even when non-teaching staff of schools were allowed dearness allowance in the past, they were given such benefit at a much reduced rate and separately from similar benefits allowed to school teachers. This basic policy of treating teachers of secondary schools as a class apart and giving more beneficial treatment to them was followed in the matter of fixation of their revised pay scales after merger of dearness allowance with pay. In the case of these teachers we fixed their revised and new scales of pay on the basis of their qualifications. In most cases these revised pay scales were the result not only of merger of D.A. with their previously existing scales but of additional increases according to qualifications of the school teachers. This basic policy of allowing additional increases in their pay

scales apart from the merger of D.A. with their previous scales has been followed in the case of non-teaching staff of the secondary and primary schools. By saying that only those who come within the scope of such merger of pay scales completely will get the benefit of D.A., I meant that only those whose revised pays have been fixed on such benefiial principles will get the benefit of the recent decision to grant dearness allowance. The portion of my reply quoted by Shri Roy may lead to some confusion in meaning when taken out of context of my replies to the previous supplementary questions put by Shri Roy and others on the same day, i.e. 27th February, 1964. However, in the context of the series of supplementaries put earlier on that day and my replies thereto, the meaning of the portion of my reply quoted by Shri Roy will be as explained above by me.

I would like to mention also in this connection that this point was clarified on my behalf in this House in a statement on another calling attention motion by Shri Santosh Kumar Bhattacharyya on 3rd September, 1964.

I do hope that I have been able to clarify the position and the policy of the Government to the satisfaction of the Hon'ble members.

Shri Satya Priya Roy :

আমাদের মিনিষ্টার যে স্টেটমেণ্ট দিলেন, তার মধ্যে অনেক ইনয়্যাকুরেট ইনফরমেশন আছে এবং অনেক ট্রাভেস্টি অফ ট্রুথ আছে, সেইজন্য অন্যগুলি হয়ে গেলে ঐ সম্পর্কে একটা আলোচনার অনুমতি আমি চাই।

Mr. Chairman : Now the Calling Attention Notice of Shri Nirmal Bose about the trespass by Pakistanis into Indian territories and kidnapping of a cowboy etc. Will the Minister concerned make the statement ?

Shri Ardhendu Shekhar Naskar : Mr. Chairman, Sir, with reference to the Calling Attention Notice tabled by Shri Nirmal Bose, M.L.C. about the tresapss by Pakistanis into Indian territory, kidnapping of a cowboy and lifting of cattle, I would like to make the following statement :—

On 26th September, 1964 about 50/60 Pakistanis trespassed into the Indian territory at village Mahismuri under P.S. Sitalkuchi, district Cooch Behar, kidnapped an Indian cowboy, namely, Kherketu Barman and lifted away 17 heads of cattle valued at about Rs. 2000. Over this incident, the Deputy Commissioner, Cooch Behar has lodged a strong protest with the Deputy Commissioner, Rangpur, demanding immediate return of the Indian cowboy along with the lifted cattle. A protest is also being lodged with the Government of East Pakistan by this Government. The situation there is reported to be peaceful. However, the Indian Border Police has been asked to intensify patrolling in the area to prevent such trespass by the Pakistanis.

Mr. Chairman : I have before me one Notice of Calling Attention from Shri Sasanka Sekhar Sanyal. I ask him to read his Notice.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, the subject matter of my Notice is this :—

The quick and planned disappearance from the market of Amul Milk Food for babies and other varieties of Baby Food . Enquiries reveal that (1) some of these food materials are going underground, (2) some of them are being exported, (3) some of them are being held back from the market on the plea or ground of non-availability of containers, (4) some of them are being sold at blackmarket. This has introduced a new alarming feature to the already frightening state of things, since Haringhata milk has been nothing but an apology for milk, and healthkilling drive for children is virtually on its stride.

আমি একটা কথা মেনসন করি। কালকে বালিগঞ্জে আপনার বাড়ীর কাছে বোস এণ্ড সন্স-এ যখন বেবি ফুড আনতে যাওয়া গেল তখন অনেকক্ষণ পর তাঁরা বললেন যে ভল্টাস কোঃ নাকি এটা কণ্ট্রোল করেন—কাছ থেকে স্লিপ না আনলে পাওয়া যাবে না। আমি হাউস-এ এসে আপনার এখান থেকে টেলিফোন করে জিজ্ঞাসা করায় তারা প্রথমে আমাকে পাত্তাই দেন না। কিন্তু তারপরে যখন আমি বললাম যে আমি মেম্বার অব দি লেজিসলেচার এবং লেজিসলেচার থেকে বলছি—মাইণ্ড টা ডিসক্লোজ করলাম তখন তাঁরা বললেন যে আপনি পিওন পাঠিয়ে দিন আমরা স্লিপ দেব সেখান থেকে পাবেন। তারপর আপনার এখান থেকে একটা লোক পাঠাই, এখনও পাইনি, হয়ত পাব, কারণ আমি লেজিসলেচার-এর নাম করে দিয়েছি। কিন্তু কটা লোক ভল্টাস কোঃ তে পিওন পাঠাতে পারে? কটা লোক সেই স্লিপ পাবে বা সেই স্লিপ ব্যবহার করে বেবি ফুড পাবে? এই যে সাংঘাতিক অবস্থা এ সম্বন্ধে ওঁরা কিছু বলতে পারেন কিনা?

Shri Saila Kumar Mukherjee: Sir, the reply will be given on Tuesday next.

Rationing

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আমি একটা বিষয়ের প্রতি আপনার মারফৎ মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। সেটা হল ইতিপূর্বে মুখ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম যে পশ্চিমবাংলায় জানুয়ারী মাসের মধ্যে পূর্ণ রেশনিং ব্যবস্থা প্রবর্তন করা হবে। গতকাল কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী কোলকাতা এসেছিলেন। তিনি মুখ্যমন্ত্রী ও পূর্বাঞ্চলের অন্যান্য খাদ্যমন্ত্রীর সঙ্গে আলোচনার পর বিভিন্ন সংবাদপত্রে এইরকম সংবাদ বেরিয়েছে যে কেন্দ্রীয় সরকার সাহায্য করবেন না বলে পশ্চিমবাংলায় রেশনিং চালু করা যাবে না। অর্থাৎ এই রকম আশঙ্কা কোন কোন পত্রিকায় প্রকাশ করা হয়েছে। সেজন্য আমি জিজ্ঞাসা করছি সত্যি সত্যি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে কি জানান হয়েছে যে রেশনিং-এর প্রয়োজন নেই, বা আর্থিক সাহায্য দেবেন না এবং বাংলা দেশে রেশনিং চালু হবে না।

Mr. Chairman: I hope this has been taken note of by the Ministers.

Shri Saila Kumar Mukherjee:

শ্রুতি আকর্ষণ হয়েছে দৃষ্টির সঙ্গে।

Release of arrested persons

Shri Narendra Nath Das:

২৫শে তারিখের হরতাল সম্পর্কে বহু লোক গ্রেপ্তার হয়েছে। গ্রেপ্তার যাঁরা হয়েছেন সবই বিনা বিচারে। তাঁরা এখনও পর্যন্ত মুক্তি পাননি। আরও কিছু লোক রয়েছে যাদের কোন কোন জায়গায় হয়ত কতকগুলি বাজে অজুহাতে গ্রেপ্তার করে রাখা হয়েছে বিভিন্ন আইনে। আমি আপনার মাধ্যমে একথা বলতে চাই যে আমাদের মুখ্য মন্ত্রী একটা বিবৃতি দিয়েছিলেন খবরের কাগজে যে সবাইকে ছেড়ে দেওয়া হবে। কিন্তু কাল পরশু যাদের কেস ছিল তাদের আবার তারিখ দিয়েছে। এ সম্পর্কে আপনার মাধ্যমে ওঁদের কাছে অনুরোধ করছি যখন ২৫ তারিখ শেষ হয়ে গেছে তখন কেন তাঁদের জেলে আটক রেখে দিয়েছেন?

Shri Nirmal Bose:

মাননীয় নরেনবাবু যেকথা বললেন এর জবাব একটা দরকার। এর জবাব কেন দেবেন না? মন্ত্রী মহাশয় বলবেন তাঁরা এটা পৌঁছে দেবেন। কিন্তু মুখ্যমন্ত্রী অনেকদিন আসছেন না। ঐ কক্ষে রয়েছেন, তিনি কিছু বলুন।

Shri Ardhendu Shekhar Naskar :

একটা কলিং এটেনসান ছিল এ সম্পর্কে তার জবাব দিয়েছি, বাকী যাঁরা আছেন তাঁদের সম্বন্ধে বিবেচনা করব।

Shri Nirmal Bose :

সেদিন তিনি একটা জবাব দিয়ে চলে যাবার পর আমি আপনার কাছে বলেছিলাম যে উনি অসত্য কথা বললেন যে সবাইকে মুক্তি দেবার নির্দেশ দেওয়া হয়েছে। আমি কয়েক জনের নাম বলেছিলাম যে এদের মুক্তি দেওয়া হয়নি তাদের কথা বলুন।

Mr. Chairman : He has said that they are considering their cases.

Shri Ardhendu Shekhar Naskar:

আমি বলেছি যাদের বিরুদ্ধে স্পেসিফিক চার্জ আছে কি করে তাদের এখন ছেড়ে দেওয়া যায়?

Sri Narendra Nath Das :

স্যার, ধরুন চার্জ হচ্ছে পিকেটিং। পিকেটিং গান্ধীজির সময় ছিল এবং আমরা জানি পিকেটিং ইজ লিগ্যাল।

Shri Bijoy Singh Nahar :

পিকেটিং সব সময় লিগ্যাল নয়।

Mr. Chairman : The matter has been brought to the notice of the Government. One Minister stood up and said that they are considering such cases.

[3-30—3-40 p.m.]

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমরা গত ৬ দিন ধরে মুখ্যমন্ত্রীকে চাচ্ছি কিন্তু এই গত ৬ দিন তিনি এখানে আসেন নি।

Mr. Chairman : I request Ministers concerned to carry information to the Chief Minister to be here.

Shri Bijoy Singh Nahar : Any Cabinet Minister can reply. We cannot ask the Chief Minister to be here on the order of the Opposition.

Shri Sasanka Sekhar Sanyal : It is not a question of giving orders. It is a well-known practice in the House of Commons that when there is a demand from the opposition that in the matter of an important policy statement the Chief Minister is needed here, it is a matter of courtesy amounting to law that he should come·

Shri Bijoy Singh Nahar : That may be so, but the way in which it has been put.

Mr. Chairman : He admits the reasonableness of what Mr. Sanyal has said.

Shri Satya Priya Roy :

আমাদের কলিং এটেনসান এর উপর একটা স্টেটমেণ্ট হয়েছে আমি আগেই বলেছি যে এই স্টেটমেণ্ট বা বক্তব্য অর্দ্ধসত্য এবং অসত্যে পূর্ণ।

Mr. Chirman : I can not allow a discussion of it.

Shri Satya Priya Roy :

স্যার, আপনি জানেন যে আজ কি অবস্থা দাঁড়িয়েছে। আজকে কাউন্সিল-এর ২ জন মেম্বার তিন দিন ধরে উপোষ করে আছেন এবং তাঁদের অবস্থা বিপন্ন কাজেই আপনি এ্যট ইওর ডিসকাসন এটা দেখুন।

Mr. Chairman : You kindly let me have a list of all these incorrect statements which you allege, have been made by the Finance Minister. I shall pass it on to him.

Shri Satya Priya Roy :

আপনি ইচ্ছা করলেই এটা আলোচনা করতে দিতে পারেন কারণ এটা আপনার ডিসক্রিসানের উপর নির্ভর করে এর জন্য আলাদা কোন রুলস নেই।

Mr. Chairman : This is not done according to rules.

Shri Sasanka Sekhar Sanyal : Whether you permit it or not is a different matter. It is a question of discretion but discretion must be consistent with the magnitude of the importance of the matter proposed to be put. In your wisdom you have framed rules--rule 242 of the Rules of Procedure and Conduct of Business in the West Bengal Legislative Council says, "Any member may with the consent of the Chairman, move that any rule may be suspended in its application to a particular motion before the Council". My friend is not speaking on a particular matter. Everything which is moved is a motion and I move that in your wisdom you, Sir, suspend the application of the ordinary rule, because it is no use discussing grand-motherly tales here when certain member of this House are going on hungerstrike. It is not the propriety or justice of the hungerstrike: it is the question of the undeniable fact. Therefore, ways and means must be devised to find out a way out of the impasse. Therefore, I beseech you to suspend the rule and allow the matter to be discussed across the table.

Mr. Chairman : He will give me statements which he says are incorrect.

Shri Sasankr Sekhar Sanyal : Let us exchange our minds.

Shri Satya Priya Roy :

উনি সত্য কি অসত্য বলছেন তাতে কি যায় আসে। আমি যা বলেছি তারপর আমাকে বলতে দেওয়া হয় নি। আমি যেটা বলতে চাই তা হল আমরা এরূপ অবস্থায় একটা মিমাংসা চাই। প্রথমত দেখা যাচ্ছে আজ ৩ মাসের ভেতর তিনবার তাঁরা মত বদলেছেন। তারপর আজকে লেজিসলেটিভ এসেম্বলীতে আমাদের মাননীয় শিক্ষামন্ত্রী যে বক্তব্য রেখেছেন সেই বক্তব্যের মধ্যে যা আছে আর এখানে অর্থমন্ত্রীর বক্তব্যের মধ্যে কোন সম্পর্ক নেই। আমি রেসপনসিবল মেম্বার অব দি লেজিসলেটিভ এসেম্বলীর কাছ থেকে শুনেছি যে ওঁনারা বলেছেন যে ওখানে ১৬ হাজার কর্মীকে দিতে হবে, এবং এত সংখ্যক কর্মচারীকে দিতে গেলে যে পরিমাণ টাকা দিতে হবে সে পরিমাণ টাকা সরকারের নেই, এবং সেজন্য কেন্দ্রীয় সরকারের কাছে নাকি লেখা হয়েছে সেখান থেকে এলে তবে হবে, এখন সরকার কিছু নাকি বলতে পারবেন না।

Shri Saila Kumar Mukherjee : My friend is referring to a statement made in the other House. Sir, you might call for the statement to see how far he is correct.

Mr. Chairman : Certain things have been said in the other House. He says we must satisfy ourselves whether your reference to that is correct.

(Noise and interruptions)

Shri Satya Priya Roy : Sir, let him clerify the situation.

Shri Sasanka Sekar Sanyal : Sir, you have yourself in many of your rulings observed quoting the authorities of the House of Parliament that democracy is a Government by discussion. So why do you ban the discussion ? Let there be a discussion.

Mr. Chairman : There is a limit to *bak-bitanda.*

Shri Satya Priya Roy :

স্যার, তাঁদের পলিসি কি—তাঁরা বলুন। আজকের যে অবস্থা—যে সমস্যা এটা শুধু কাগজের আলোচনা নয়—এ সবে শিক্ষকদের জীবন নিয়ে খেলা হচ্ছে। কাজেই আমরা একটা মীমাংসায় যাবার জন্য আলোচনা করতে চাই এবং ফুল স্টেটমেণ্ট করতে চাই। এই ফুল স্টেটমেণ্টেরএর আশা করি অর্থমন্ত্রী তাঁর উত্তর দেবেন। আর আরো আমরা সন্তুষ্ট হতাম—যদি শিক্ষামন্ত্রী মহাশয় উনি তো জানেন যে আজকে এই প্রশ্ন উঠবে এখানে উপস্থিত থাকতেন। তাঁর উপস্থিত থাকাটা অত্যন্ত বাঞ্চনীয় ছিল বলে মনে করেছিলাম। যাই হোক তিনি আমার কাছে বললেন যে কনটেক্সট তুলে নেওয়াতে নাকি ওখানে একটি বিভ্রান্তির স্মষ্টি হচ্ছে। কিন্তু কনটেক্সট তুলে নিলেও প্রত্যেক জিনিষের একটা নিজস্ব অর্থ আছে এবং সেই অর্থ এত পরিস্কার হতে পারে যে তার কনটেক্সট এর সঙ্গে সম্পর্ক নাও থাকতে পারে। স্যার, আপনার মাধ্যমে মন্ত্রীমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি পরিস্কার আমাদের প্রশ্ন কি ছিল এবং তার উত্তরে তিনি কি বলেছিলেন এই ফেব্রুয়ারী মাসে, যেটা তাঁকে জানাতে চাই। সেটা হচ্ছে এই আমরা পরিস্কার প্রশ্ন করেছিলাম এতদিন পর্য্যন্ত যখনই যে ডি. এ. দেওয়া হতো, মার্জার-এর আগে পর্যন্ত যে ডি. এ. দেওয়া হয়েছে তার অংশ করণিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মীরা পেয়েছে। তাহলে এটা মৌলিক নীতির মধ্যে আসিছে কিনা ? এটা আপনি স্যার, বিবেচনা করে দেখুন।

[Noise and interruptions]

Shri Biswanath Mukherjee : Can you allow him, Sir, to say all this things.

(ভয়েস: বসে পড়ুন, বসে পড়ুন।)

Mr. Chairman : I have allowed him to make a statement.

Shri Satya Priya Roy :

উনি বলছেন আমি নাকি তার কনটেক্সটকে তুলে নিয়ে এসে একটা বিভ্রান্তির স্মষ্টি করেছি। তার মধ্যে বিভ্রান্তির কোন অবকাশ নাই। উনি কী উত্তর দিয়েছেন ? যদি তারা মার্জার অব দি পে স্কেলএ সম্পূর্ণ এসে থাকে তাহলে তারাও পারে। স্যার, ওখানে বিভ্রান্তির কোন অবকাশ নাই। আপনি দেখুন এখানে পরিস্কার করণিক, গ্রন্থগারিক ও অধস্তন কর্মীরা পাবে কিনা এই প্রশ্ন আমি স্পষ্ট ভাবে করেছিলাম, কোন বিভ্রান্তির অবকাশ আমি রাখি নাই এবং মন্ত্রী মহাশয়ও স্পষ্ট করে বলেছিলেন—যদি তারা মার্জার অব দি পে স্কেলএ সম্পূর্ণ এসে থাকে তাহলে তারাও পাবে। পরিস্কার তারা মার্জার অব দি পে স্কেলএ এসে গেছে এবং মার্জার অব দি পে স্কেলএ আমার পরে এখানে যে কোথায় বিভ্রান্তির অবকাশ আছে—আমি জানি না। উনি অবশ্য বলেছেন ঐ দিনে অন্য উত্তরে —আমি বলেছি যে ক্লার্কস, লাইব্রেরিয়ান্স ও অধস্তন কর্মচারীদের এখানে আমরা দেব না। কিন্তু সেটা ভেরিফাই করবার জন্য আমার এই প্রশ্ন এসেছিল। সেখানে অস্পষ্ট উক্তি ছিল বলে আমি স্পষ্ট করে নিতে চেয়েছিলাম। তারপর স্যার উনি তখন বলেছিলেন "মার্জাবে" যাঁরা আসবে তারা পাবে এবং তা যদি হয়ে থাকে উনি আজকে তাঁর স্টেটমেণ্টে বারবার বললেন যে রিকগনাইজড স্কুলস হলে পাবে। অথচ সেদিন কিন্তু ওঁরা ঐ রিকগনাইসড স্কুল এ দিতে রাজী হন নাই। তখন রিকগনাইসড স্কুলএর টীচারদের ডি. এ টা মার্জড হয় নাই। স্যার সম্পূর্ণ জিনিষটা আপনিও জানতে পারবেন।

[3-40—3-50 p.m.]

আন এডেড স্কুলএ মার্জার হয়নি এবং আনএডেড স্কুল-এ ডি. এ. তাঁরা আলাদা করে পাচ্ছে। মন্ত্রিমহাশয় যে পরিস্কার নীতি ঘোষণা করছেন সেখানে কিন্তু ভায়লেট করা হচ্ছে এবং ভায়লেট করে তাদের দেওয়া হবে বলে আজকে ২।৩বার তিনি তাঁর বিবৃতিতে বলেছেন আনএডেড স্কুলকে দেব, কিন্তু তাঁর স্পষ্ট ঘোষণা ছিল তাঁদের দেবেন না। স্যার, সেদিন আপনি ছিলেন থার্ড সেপ্টেম্বর তিনি স্টেটমেণ্ট দেননি, ওঁর পক্ষ থেকে স্টেটমেণ্ট পড়েছিলেন লেবার মিনিষ্টার সেই লেবার মিনিষ্টারএর কপি আমরা পাইনি এবং সেই কপি না পাওয়ার জন্য এখানে একটা ভীষণ গণ্ডগোলের স্মৃষ্টি হয়েছিল সেটাও বোধ হয় আপনার মনে আছে। সেখানে তিনি যে কথা বলেছিলেন সেকথা কিন্তু আজ নেই। সেখানে তিনি পরিস্কার বলেছিলেন

Government at no stage have decided to grant this new additional D.A. to teachers of unaided schols.

একথা সেদিন থার্ড সেপ্টেম্বর তিনি বলেছিলেন। আজ সেই কথাকে উল্টে দিয়ে বলছেন যে আনএডেড স্কুলকে দেব। আমরা চাই আনএডেড স্কুলকে দেওয়া হোক। তাই যদি করে থাকেন তাহলে শ্রীসন্তোষ ভট্টাচার্য্যের প্রশ্নে যে ক্লার্কস, লাইব্রেরিয়ানরা পাবে কিনা সেকথার যা বলেছিলেন সেটা কনটেক্সট-এ আসছে না। একটা পরিস্কার করে নেবার জন্য আমি যখন জিজ্ঞাসা করেছিলাম যে অধঃস্তন কর্মী গ্রন্থাগারিক, কেরাণী, পিওন ইত্যাদির যদি মার্জার হয়ে থাকে তাহলে এরা পাবে কিনা এবং তখন তিনি স্পষ্ট উক্তি করেছিলেন যে তারা পাবে। কাজেই থার্ড সেপ্টেম্বর এর স্টেটমেণ্ট-এর কোন ভেলিডিটি নেই। অতএব সেটা একটা টুকরো কাগজে পরিণত হয়ে যাচ্ছে এবং সেদিন যে বক্তব্য তিনি করেছিলেন সেকথা আর শোনা যাচ্ছে না এবং ঐ স্টেটমেণ্টএর ঠিক উল্টো কথাই আজ বলছেন। কাজেই থার্ড সেপ্টেম্বর-এর যে উল্লেখ তিনি করছেন সেটা যে অর্ধসত্য একথা পরিস্কার বুঝতে পারছেন। এখন এই সমস্ত কথার পর তাঁহার ঐ হাউসের যে উক্তি সেটা সম্পর্কে বলছি। তাঁরা কোথায় দেখতে পেলেন ১৬ হাজার কর্মচারী? এই পরিসংখ্যান তাঁরা কোথা থেকে নিলেন? এই পরিসংখ্যান নিতান্ত অসত্য—এবসোলিউটলি ইনকারেক্ট, এই পরিসংখ্যান ওঁরা নেননি, শুধু একটা বিবৃতি দেবার জন্য এই রকম করেছেন।দ্বিতীয় একটা জিনিষ গোপন করেছেন ঐ হাউস-এর সামনে। আমাদের প্রত্যেকের জানা উচিত ওপক্ষে যাঁরা বসে আছেন তাঁদের জানা উচিত—এই যে ডি এ দিচ্ছেন সেটা হচ্ছে একটা স্কীম অনুযায়ী যাতে ৫০ পারসেণ্ট টাকা সেণ্ট্রাল গভর্নমেণ্ট দেবেন। এটা হচ্ছে ইমপ্রুভমেণ্ট অব সার্ভিস কণ্ডিসান অব টিচার্স স্কীম কাজেই ইমপ্রুভমেণ্ট অব সার্ভিস কণ্ডিসান অব টিচার্স স্কীমএ এই টাকা বাড়ান হচ্ছে অর্থাৎ এর থেকে শতকরা ৫০ ভাগ টকা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাবেন।এ দিক থেকে আমাদের রাজ্য সরকার ৫।৭।১০ টাকা দিচ্ছেন। আবার ৫।৭ টাকা যা রাজ্য সরকারের কর্মচারীদের দেওয়া হচ্ছে তার সম্পূর্ণ দায়িত্ব রাজ্য সরকারের। কিন্তু আমাদের জন্য যেটা দেওয়া হচ্ছে মাধ্যমিক বা প্রাথমিক বিদ্যালয়ে তার অর্ধেক দায়িত্ব মাত্র আমাদের রাজ্য সরকারের এবং বাকী অর্ধেক টাকা ওঁরা কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাবেন। এই অবস্থায় আজ কত টাকার ব্যাপার সেখানে ওরা বিভ্রান্তি স্মৃষ্টি করে যাচ্ছেন। কাজেই আমি পরিস্কার এ সম্পর্কে আমার বক্তব্য রাখতে চাই যে যদি ১০ হাজার কর্মচারী গ্রন্থাগারিক, করণিক এবং অধঃস্তন কর্মচারী হয় তাহলে ১০ হাজারের মধ্যে রাজ্য সরকারের অর্ধেক ৫ টাকা খরচ করতে গেলে ৫০ হাজার টাকা খরচ এবং তাকে ১২ দিয়ে গুণ করলে ৬ লাখ টাকা খরচ হবে। এই ৬ লাখ টাকা খরচের জন্য কত বড় মৌলিক প্রশ্ন শিক্ষকদের সামনে এসেছে। আমরা দরিদ্র কিন্তু ভিক্ষুক নই। আমরা ৫।৭।১০ টাকার জন্য নিজেকে বিকিয়ে দিতে রাজী নই। কিন্তু আমাদের মনুষ্যত্ব বোধ কোথায় আটকাচ্ছে? আপনি নিজেই বুঝে দেখুন যে একই বিদ্যালয় কাজ করছি আমরা শিক্ষকরা ৫।৭।১০ টাকা হারে নিয়ে যাব, আর আমরা আমাদের চোখের সামনে দেখব যে যারা আমাদের টাকার বিল করছে, টাকা ট্রেজারী থেকে নিয়ে আসছে তাঁরা পাবেন না। এটা দেখে আমরা এই টাকা নিতে পারি? এটা কি করে শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রী মহাশয় মনে করতে পাবেন তা বুঝতে পারি না।

স্যার, এটা একটা মস্ত বড় মৌলিক প্রশ্ন আমাদের সামনে এসেছে, যার জন্য ২৩ জন লোক ওখানে প্রাণ দেবার জন্য দৃঢ় সংকল্প গ্রহণ করেছে। এটা তাঁরা গ্রহণ করেছে কেন না এটা

শুধু ৫ টাকা বা ১০ টাকার প্রশ্ন নয়। অন্য দিক দিয়ে এটা কত বড় একটা নীতির প্রশ্ন সেটা দেখুন।

Shri Sasanka Sekhar Sanyal : Sir, In your kindness and wisdom

আপনি যখন অনুগ্রহ করে বলতে দিয়েছেন তখন এ্যাকচুয়াল পিকচারটা না পেলে কি করে হবে।

Shri Satya Priya Roy :

আমরা স্যার এই ৫ টাকা বা ১০ টাকার জন্য মানবতা বোধ বিসর্জন দিতে পারি না। আমি বলেছি যদি পয়সার জন্য আটকে থাকে তাহলে মন্ত্রী মহাশয় আমাদের সঙ্গে বসুন, শিক্ষকদের যে ৫ টাকা ১০ টাকা দিচ্ছেন তাতে স্পষ্ট করে আমি শিক্ষকদের পক্ষ থেকে ঘোষণা করে যাচ্ছি তাদের ঐ টাকায় আমাদের সঙ্গে কাজ করছে সে সমস্ত দরিদ্রতম কর্মী যারা ৪৫ টাকা বেতন পাচ্ছে তাদের ঐ টাকা দেওয়া হোক। সে সব কথার জন্য আমাদের সঙ্গে বসুন এবং আলোচনা করুন যদি নাকি এটা টাকার প্রশ্ন হয়। এ যে সব ব্যবস্থা এতে আমাদের সমাজের কি ব্যবস্থা দাঁড়াবে। যে দরিদ্র তাকে সবচেয়ে বেশী বঞ্চিত করা হবে আর যার যতবেশী আছে তাকে তত বেশী দেওয়া হবে? এই সমাজ ব্যবস্থা কি চিরন্তন হয়ে থাকবে। আজকে শিক্ষক সমাজের কি অবস্থায় দাঁড়িয়েছে, সেই ব্যবস্থা আজকে মেনে নিয়ে, আমাদের বিবেকবোধকে কি আমরা হত্যা করবো এই মাত্র ৫ টাকা আর ১০ টাকার জন্য? কিন্তু আমাদের মানবতা বোধ আজও বেঁচে আছে, আমরা অভাবের মধ্যেও তাকে বিসর্জন দিই নি কারণ যে দরিদ্রতম কর্মী আমাদের সাথে কাজ করছে তারজন্য আমরা করতে পারি না। তাদের স্বার্থে আমরা সমস্ত নীতি বিসর্জন দিয়ে আমরা এটা করতে পারি না। আমি মন্ত্রী মহাশয়কে বলছি টাকা যদি না থাকে তাহলে তিনি আমাদের সাথে বসুন। আমাদের ৫ টাকা আর ১০ টাকা, যেটা দিয়েছেন সেটা আমরা তুলে দিচ্ছি। আপনারা দয়া করে ওদের জন্য ব্যবস্থা করুন অনেক কম টাকা লাগবে তাতে, তবু আপনারা মনুষ্যত্বের পরিচয় দিন। আপনারা এই অমানুষিক ব্যাপার চালাতে চান আপনাদের হাতে ক্ষমতা আছে বলে। আমরা কিন্তু এ অমানুষিক জিনিষ চালাতে দিতে পারি না। আমরা কেবল অর্থ লোভের আশায় জীবন বিসর্জন করে এ আন্দোলন করছি না এক বিরাট আদর্শ সামনে রেখে আমরা আন্দোলনে ব্রতী হয়েছি এবং ঐ আন্দোলনে যদি প্রাণ দিতে হলেও আমরা দেবো।

Shri Pashupatinath Maitra :

এই কি হচ্ছে শিক্ষকদের আচরণ? লুকিয়ে লুকিয়ে তো পেয়েছেন।

[Noise and interruptions]

Shri Nirmal Bose :

বিদ্রুপ করবেন না, এটা আমরা সহ্য করতে পারি না। এয়ার কণ্ডিসানডএ বসে আছেন তাদের কি কষ্ট হচ্ছে জানাবেন কি করে?

Shri Santosh Bhattachryya :

লজ্জা করে না বাঁদর সব বসে আছে। বিদ্রুপ করা হচ্ছে.......!

Mr. Chairman : I am on my legs. Will you please take your seat?

Shri Satya Priya Roy :

কত লক্ষ টাকা নিয়েছেন তার জবাব দিন। যারা লক্ষ লক্ষ টাকা চুরি করে তারা আবার কথা বলে তাদের লজ্জা করে না। আপনি বললেও স্যার, আমি বসতে পারবো না। আপনি হাউস এ্যাডজোর্ন করুন এবং মন্ত্রিমহাশয়কে বলুন যাতে তিনি আমাদের সঙ্গে আলোচনায় বসেন।

আমাদের সঙ্গে বসে উনি বলুন কতটাকা লাগবে আমরা টাকা দিচ্ছি। আমরা আমাদের টাকা ছেড়ে দিতে রাজী আছি। এতে তাদের কোষাগারে আরও টাকা বেঁচে যাবে। আপনারা যা খুশী বলুন তা আমরা শুনে যাব। আপনি হাউস এডজর্ন করুন। ৪৮ টাকা মাহিনার যে সমস্ত কর্মচারী তাদের কথা আমাদের বলতেই হবে। আমাকে একটু বলতে দিতেই হবে। আপনি এ্যাডজোর্নড করুন, এর জন্য জীবন দিতে হয় দেবো, তবু এরকম অমানুষিক কাজ হতে দেবো না।

Shri Santosh Bhattacharyya :

আমাকে ধমকিয়ে বন্ধ করা যাবে না, ফাইনেন্স মিনিস্টারকে স্টেটমেণ্ট করতেই হবে।

We are not going to sit down.

Mr. Chairman : I ask you to sit down.

Shri Santosh Bhattacharyya : Unless the Finance Minister makes a statement as to how much money will be required, we won't sit down Sir, you may call your Marshall and try to get us out of the House.

এ রকম অমানুষিক কাজ হতে দেব না।

Shri Satya Priya Roy :

আপনি যদি প্রয়োজন বোধ করেন তাহলে এ্যাডজর্ন দি হাউস কিন্তু আমরা থাকতে এ সব হতে পারে না, মাত্র ৪৮ টাকা মাহিনার কর্মচারী তাদের জন্য কি আপনাদের দরদ নাই? কিন্তু আমাদের সে দরদ আছে। আপনি হাউস এ্যাডজোর্ন করুন, এখানে যদি জীবন দিতে হয় দেবো, তবু স্যার, প্রতিবাদ করে যাবো।

Mr. Chairman : Don't indulge in heroics.

উনি এখানে জীবন দেবেন এসব কি কথা? কি ছেলেমানুষী করছেন? আপনারা হাউসের যে ডেকোরাম সেটা তো দেখবেন? কংগ্রেস পক্ষের যিনি লম্ফ ঝম্ফ করছেন তাঁরও ওটা করা উচিত হয় নি। এটা বোঝা উচিত ছিল যে বিরোধী পক্ষেরা উত্তেজিত। এভাবে আপনারা শুধু হিট বাড়াচেছন।

Shri Satya Priya Roy:

আপনি স্যার, হাউস এডজার্ন করুন, কিন্তু আমাদের এটা জানতেই হবে।

[3-50—4-20 p.m.]

Shri Sasanka Sekhar Sanyal : On a point of order. When temper is frayed on either side, one man who should keep his temper in control is the Chairman. I understand your difficulty. Having been in this Council for pretty long time and having myself been involved in many frays once upon a time, I am competent to assist you in keepintg control in the House. When there is misgiving or misapprehension on either side, please do not apply any water-tight formula of discussion. You understand the heat in their mind; the heat has to steam off and it can be steamed off by calling upon the Minister to make a statement if that is possible, with a view to allaying the apprehension which is in their mind. So through you I would appeal to the Hon'ble Minister to make a statement which will be helpful. When you find one side has grievances and the other side does not reply, there is naturally accentuation of differences. I would, therefore, through you, Sir, make an appeal to the Hon'ble Minister to make a statement.

Mr. Chairman : Has the Minister got any statement to make ?

Shri Saila Kumar Mukherjee : Sir, calling attention is not a motion. If you look at my friend Shri Satya Priya Roy's calling attention notice or at any other calling attention notice, it is not a motion. If you read the last line to Shri Satya Priya Roy's calling attention notice, it says, "the Finance Minister is requested to make a statement clarifying the confusion created". In my humble way I have complied with his request and made a statement clarifying the confusion. To that statement I have nothing further to add to clear the confusion.

Shri Sasanka Sekhar Sanyal : On a point of clarification. My frined was a student of Engilsh Literature once upon a time and you were a teacher. Confusion is created when the well-known character of Milton's Paradise Lost, Belial, tries to make the worse appear better. My friend Shri Satya Priya Roy has made the position clear; so many teachers have gone on hunger-strike and the invidious distinction of giving sops to the teachers and denying evensips to the clerks and underlinks has created an ugly situation. If in my house or if in the Minister's own house the Government rationed-food is given to the householder only denying it to the menial staff, would he take that rationed food or give it back ? Sops have been given to the teachers and evensips have deen denied to these underlinks, but in his generosity Shri Satya Priya Roy has taken courage in both hands to say that out of the money offered to the teachers he is prepared to surrender Rs. 6 lakhs for these underlinks. I want to know that is the reaction of the Minister.

Shri Saila Kumar Mukherjee : My friend has referred to many things. I would most humbly and with folded hands request him to go through the Calling Attention Notice of Shir Satya Priya Roy. If there is any reference to hunger-strike of teachers, I plead guilty. There is nothing like that. I was asked to clear a confusion out of the statement made in the House. I tried to make the position clear in my humble way. This is a thing which is outside the scope of the Calling Attention motion which is a completely extraneous matter for which I am not prepared to reply.

Shri Sasanka Sekhar Sanyal : On a point of order. Sir. I am not confining myself to the Calling Attention motion or to the answer or to the counter answers. I am not so much interested in the fate of the teacher. I am interested as a citizen of the State......

Shri Saila Kumar Mukherjee : We are interested in the fate of the teachers. Two crores of rupees have been provided in the budget for them.

Shri Sasanka Sekhar Sanyal : I am interested as a citizen of the State of West Bengal in the uncomfortable situation that has been created by the hunger-strike of teachers. It is no longer a sectional question with the teachers. It is no longer a question of a particular community. It is a national situation which has cropped up and I would ask the Hon'ble Minister what is the Cabinet going to do, what initiative is the Cabinet going to take in order to bring about a termination of the strike.

Mr. Chairman : He cannot give a reply offhand.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, I am to understand that the Gods of the Treasury Benches have nothing to do in this matter ?

Mr. Chairman : They will give their mind to that and try to find out a solution.

Shri Sasanka Sekhar Sanyal : Sir, the position is very clear that today the whole country is faced with that strike. The Government has to terminate it.

Either the Government has to kill these people by shooting at their empty bellise or fill their bellies by giving them something generously.

Mr. Chairman : They are all trying to find out a solution.

Shri Satya Priya Roy :

কলিং এটেনসান উনি আলাদা করে দিয়েছেন। কিন্তু কালকে ওঁরা হাউসএ বলেছিলেন যে আমাদের হাঙ্গার স্ট্রাইক সম্পর্কে আলাপ আলোচনা হচ্ছিল তার সম্পর্কে একটা স্টেটমেণ্ট দেবেন এবং The Hon'ble Finance Minister told yesterday that he will make a statement. I hope he will make the position clear.

(At this stage the House was adjourned for 20 minutes)

(After Adjournment)

[4-20—4-30 p.m.]

Shri Satya Priya Roy :

বিসনেস আরম্ভ হবার আগে আমি এটাই বলতে চাই, কারণ এর আগে আমরা এ আলোচনা করছিলাম, স্টেটমেণ্টএর উপর যে এসিওরেন্স দেওয়া হয়েছে সেই কলিং এটেনসান এর উত্তরে যা বলা হচ্ছে সে সম্বন্ধে বলতে চাই তাত বলা হয়েছিল.....।

Mr. Chairman :

অন এ পয়েণ্ট অফ ভিউতে বলেছিলুম এবং এর জন্য অনেকক্ষণ সময়ও দিয়েছি, ডিসকাসানএর সময় আমি যা আশঙ্কা করেছিলাম তাই হল এবং ভয়নক বেশী উত্তেজনার সৃষ্টি হয়েছিল। অতএব That is closed. Your request is before the House. Now let us go on with the business.

Shri Satya Priya Roy :

উত্তেজনা স্যার আমাদের আছে এবং বলতে গেলে এটা এসে যায়। আমরা চাই ওঁরা স্টেটমেণ্ট দিন তা না হলে হবে না। এটা কি করে হয়।

Mr. Chairman :

আমি সকলকে বসবার জন্য অনুরোধ করছি এবং মাননীয় মন্ত্রীকে জিজ্ঞাসা করেছি আপনারা কোন স্টেটমেণ্ট দিতে চান কিনা তাতে ওঁনারা অসম্মতি জ্ঞাপন করেছেন সুতরাং এখানেই এ ব্যাপারটা শেষ করা হল।

Shri Sasanka Sekhar Sanyal : On a point of order.

আপনি হলেন হাউসের মাথা। আপনি যদি হাতজোড় করে বলেন তাহলে তাতে আমাদের অপমান হয় সুতরাং এটা দয়া করে করবেন না।

Mr. Chairman :

আমি প্রত্যাহার করছি। কিন্তু আপনারা এক সঙ্গে বলবেন না বা চেচামেচি করবেন না। We have got to go on with the business.

Shri Satya Priya Roy :

আমার জিজ্ঞাসা মন্ত্রিসভা যদি স্টেটমেণ্ট দেবেন বলে থাকেন তাহলে আপনি কি তাঁদের দিতে বাধ্য করবেন না। গতকাল যে স্টেটমেণ্ট দেবার কথা ছিল সেটা দেবেন কি না ?

Shri Saila Kumar Mukherjee : The statement which was due has been duly given.

Shri Satya Priya Roy :

আপনি বলেছিলেন এবং ডেফিনিট্ এসিওরেন্স দিয়েছিলে· আমাদের জিজ্ঞাসা সেটা হবে কিনা ?

Shri Saila Kumar Mukherjee: That definite assurance has been hundred per cent. given.

Mr. Chairman : My own impression has been that the statement in connection with the Calling Attention Notice about the D.A. for the non-teaching staff of the schools has been made.

Shri Satya Priya Roy :

কালকে সে এতক্ষণ আলোচনা করলাম সেটা কি বৃথা গেল। তিনি এখন অস্বীকার করছেন।

Mr. Chairman : It will be in course of that—that is my impression.

Shri Saila Kumar Mukherjee :

এটা অস্বীকারের প্রশ্ন নয়। স্টেটমেণ্ট লাইন বাই লাইন ক্রিয়াবলি দিয়েছি, এর বেশী দিতে পারবো না বা এর বেশী দেওয়া যাবে না। আপনারা আর কি স্টেটমেণ্ট চান ?

Shri Satya Priya Roy :

বারবার উঠে দাঁড়িয়ে এটা বলা হল যে শেষ লাইন নোট করলেন উইথ ক্লারিফাইং দি সিচুয়েসান এবং

You literally started with my Calling Attention Notice.

Shri Jatin Chakravorty :

স্যার, আপনার চেম্বারে আপনার সঙ্গে যে আলোচনা হয়েছে এবং এখানে যদি এরূপ একটা অচল অবস্থার সৃষ্টি হয় তাহলে কি হবে। আমার বক্তব্য ছিল সত্যপ্রিয় বাবু যে কথা বললেন এবং গভর্ণমেণ্ট তার উপর একটা পলিসি নিয়েছেন। ঐ ৫ টাকা এবং ১০ টাকার ব্যাপারে যে জায়গায় সত্যপ্রিয় বাবু আজকে একটা পাল্টা অফার দিচ্ছেন। আমি শৈলবাবুর কাছ থেকে জানতে চাই যে কেবিনেট মিটিং এ বসে বা গভর্ণমেণ্ট লেভেলএ বসে এটা ঘোষণা করা যায় কিনা সেটা ঠিক করুন, অর্থাৎ যে টাকা দিচ্ছেন তার বেশী দেওয়া সম্ভব কি না এবং করণীক গ্রন্থাগারিক ইত্যাদি নন-টিচিং স্টাফ যারা তাদের সম্পর্কে আপনাদের আজকালের মধ্যে বসে কিছু করা সম্ভব কিনা এবং

Keeping in view the offer made by Shri Satya Priya Roy on behalf of the teachers.

যদি টিচার্সদের জন্য ১০ লক্ষ টাকা থাকে এদের জন্য যদি ৫ লক্ষ টাকা থাকে এবং এখন বলছেন সেই অফারটা কনসিডার করে গভর্ণমেণ্ট-এর পক্ষে এটা করা সম্ভব কিনা বা স্টেটমেণ্ট করা বা রিভিউ করতে পারেন কিনা এই সম্পর্কে। এ ব্যাপারের জন্য কেবিনেট মিটিং আপনারা কাল পরশু ডাকতে পারেন এবং এটা ঠিক করতে পারেন।

Mr. Chairman :

আমার নিজের ধারনা হচ্ছে উনি যে কথাবার্তা বললেন তাতে যেন আমি শুনলাম উনি কেবিনেট-এর কথা বলেছেন, অর্থাৎ বিষয়টি কেবিনেট-এ আনবার কথা বলছেন এরূপ ইঙ্গিতই করলেন। নেচারাললি উনি কেবিনেট-এর সঙ্গে পরামর্শ না করে কি করে করবেন ?

Shri Jatin Chakravorty:

স্যার, আমরা এই কথা বলছি না যে উনি এক্ষুণি অন দি ফ্লোর অব দি হাউস রাইট অন দি স্পট—এ কথা বলছি না। সত্যপ্রিয় বাবু যা বলছেন কেবিনেট মিটিংএ ওঁর এই অফারটার বিষয় আলোচনা করা,

In view of this suggestion, can you review the policy adopted by the Government ?

এটা কেবিনেট-এ বসে ভাববেন কিনা সেটা একটু বলুন।

Mr. Chairman :

উনি তো বলেছেন।

Shri Saila Kumar Mukherjee :

তাহলে সত্যবাবুর আবার কনফিউসান ওয়ার্স কনফাউণ্ডেড হয়ে যাবে। সত্যবাবু কি স্টেটমেণ্ট দিয়েছেন আর একবার দয়া করে তা ক্লেরিফাই করে বলুন আমরা তা নিশ্চয়ই বিবেচনা করবো। উনি বলেছেন যতটুকু আমি বুঝেছি, টিচাররা ভলানটারিলি ৫৲ টাকা এমপ্লয়িদের জন্য ছেড়ে দিয়েছেন, তার জন্য তো কোন কেবিনেট মিটিং-এর দরকার নাই। সুতরাং তাঁরা যা খুশী অফার করতে পারেন। উনি কী স্টেটমেণ্টটা কেবিনেটে বিচার করতে বলছেন ? সো ফার এজ টিচার্স আর কনসার্নড তাতে কুিয়াবলি বলা আছে আমরা পারবো না, আমরা সে পলিসি করিনি কোন দিন।

Shri Satya Priya Roy :

তাহলে তো কোন আপোষের কথা নাই। উনি যেটা বললেন তা যে বাস্তব না তা স্যার আপনি বুঝতে পারেন। তাঁরা যে ইয়ারমার্ক করে দেবার কথা বললেন পাচ টাকা, দশ টাকা টিচারদের দেওয়া হল, তারপর টিচাররা তা ভলানটারিলি সিফট করে দেবে। সেটা কোন বাস্তব অবস্থা নয়। এটা নিশ্চয়ই মন্ত্রিমহাশয়ও নিজে বুঝবেন।

Shri Saila Kumar Mukherjee :

তাহলে অফারটা কী ?

Shri Satya Priya Roy :

আমাদের অফার হচ্ছে আপনারা আমাদের সঙ্গে বসুন, আপনাদের যদি অর্থের অভাব হয় তাহলে আমরা এইটুকু বলতে চাই যে সেই অর্থের অভাব আমরা বিবেচনা করতে রাজী আছি এবং শিক্ষক সমিতিও যদি প্রয়োজন হয়, আমরা না নিলেও ঐ যে করণিক গ্রন্থাগারিক ও অধস্তন কর্মী আছে, তাদের সেই টাকা দেওয়া হোক। সেটা আমরা খুব পরিস্কারভাবে অফার করতে চাই আমাদের সঙ্গে আলোচনা করা উচিত।

Shri Saila Kumar Mukherjee :

আপনি দয়া করে একটি রিটেন অফার আমাদের এডুকেসান মিনিস্টার-এর কাছে প্লেস করুন—I assure you that it will be pleaded before the Cabinet.

Shri Satya Priya Roy :

তাহলে তো স্যার ছয় মাসের ব্যাপার। আপনি তো স্যার বুঝতে পারছেন ব্যাপারটা।

Shri Sasanka Sekhar Sanyal : On a point of information, Sir,

যে কথা উনি বলছেন এঁরা একটা অফার দিলেন, আর উনি বললেন কেবিনেট মিটিংএর পরে বসে ঠিক করবো যদি রিটেন মেটার আসে

on the floor of the House. The teacher representative is making a real offer. That is quite clear.

Shri Saila Kumar Mukherjee : On the floor of the House, confusion has been created and you want to clear the confusion. But you are making confusion worse confounded.

Shri Sasanka Sekhar Sanyal :

আমি জানতে চাচ্ছি—ইন দি মিন টাইম, যখন এত বড় একটা ইমপরটেণ্ট মেটার এটা যখন হাই পিচ-এ গেছে ফর ডিসকাসান, তখন

Is it impossible for the Hon'ble Chief Minister to come and show a gesture ?

Shri Saila Kumar Mukherjee : Sir, the Chief Minister has to reply to the corruption debate in the other House. So he cannot come.

Shri Satya Priya Roy :

স্যার, আপনি তো আমাদের অবস্থাটা বুঝতে পারছেন। ওখানে প্রতিদিনে প্রতি মুহূর্তে কি যে অমানুষিক যন্ত্রণা তাঁরা ভোগ করছেন, তা আপনি নিশ্চয়ই বুঝতে পারছেন, আমরা এটাও বুঝতে পারছি ওঁরা কিছু করবেন না এবং এ ও বুঝতে পারছি করণিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মচারীদের জন্য ওঁরা কোন বিচার বিবেচনা করবেন না। একথা অর্থমন্ত্রী পরিষ্কার বলে দিয়েছেন। আমরা তো এই অফার খুব পরিষ্কার করে হাউসে রাখছি যে তাঁরা আমাদের সঙ্গে বসে আলোচনা করুক, আর্থিক অসুবিধা যদি হয়, তাহলে আর্থিক অসুবিধার মধ্যে কি করে তাদের জন্য ব্যবস্থা করা যায় সেটা আমাদের অংশ থেকে সম্পূর্ণ ছেড়েও যদি দিতে হয়, তাহলে তা দিয়েও আমরা ঐ করণিক, গ্রন্থাগারিক ও অধস্তন কর্মীদের জন্য ব্যবস্থা করবো। কিন্তু সেটা তো আলোচনা সাপেক্ষ। কাজেই ওঁরা আলোচনা করুন এই হাউসের দুজন মেম্বার ওখানে হাঙ্গার স্ট্রাইক করে বসে আছেন। কাজেই এই সম্পর্কে ওঁরা যেভাবে লেভিটি নিয়ে উত্তর দিচ্ছেন, সেই লেভিটি নিয়ে উত্তর দিলে স্যার কিছু হবে না।

Mr. Chairman : I think—none can say that the Finance Minister is not serious.

Shri Satya Priya Roy : They are sitting tight in their seats.

ওঁরা যে গভীর ভাবে এটা বিবেচনা করছেন, তা ওঁদের উত্তর থেকে বোঝা যাচ্ছে না। ওঁদের তো কোন দুঃখকষ্ট নাই। যারা দুঃখকষ্টে পড়েছে আমি তাঁদের প্রতিনিধি স্যার। কাজেই আমি তাঁদের কাছ থেকে কি এই আশ্বাস পেতে পারি যে ওঁরা আমাদের সঙ্গে এ বিষয়ে আলাপ আলোচনা করবেন?

Mr. Chairman : An offer has been made by you. He has given the assurance that he will discuss the matter in the Cabinet.

[4-30—4-40 p.m.]

Shri Satya Priya Roy :

আমরা জানতে চাই যে অর্থমন্ত্রী আজ আমাদের সঙ্গে আলোচনা করবেন কিনা?

Shri Saila Kumar Mukherjee : If you have any offer to make, make it seriously. The Education Minister has seen you several times.

Shri Nirmal Bose :

আমি একটা নিবেদন করছি যে আজকে এ বিষয়টা নিয়ে উঠবে, শিক্ষামন্ত্রীর জানা আছে। অর্থাৎ শিক্ষক অনশন ধর্মঘটের ব্যাপার ঐ হাউসে বিশ্ববিদ্যালয় বিল উঠবার কথা তার জন্য

তিনি ব্যস্ত থাকবেন। সেখানে বিশ্ববিদ্যালয় বিল শেষ হয়ে গেছে এবং এখন করাপসান-এর ব্যাপার নিয়ে আলোচনা হচ্ছে। কিন্তু তিনি আসছেন না কেন? তিনি জানেন আজ শিক্ষক ধর্মঘটের ব্যাপার নিয়ে আলোচনা হবে, অথচ শিক্ষামন্ত্রী নেই। অতএব আলোচনা হবে কি করে। শিক্ষামন্ত্রী এই পরিষদের নেতা, তিনি এখানে উপস্থিত। এই রকম একটা গুরুত্বপূর্ণ বিষয়ে শিক্ষামন্ত্রীকে আসবার জন্য আপনি বলুন। শিক্ষা সমস্যা, শিক্ষকদের অনশন ধর্মঘট নিয়ে আলোচনা করছি সেখানে শিক্ষামন্ত্রী কোথায়?

Shri Jatin Chakravorty:

আমি একটা সলিউশান বলব, আমরা বোনাস-এর ব্যাপারে নিগোসিয়েসান করে সব জায়গায় সেটেলমেণ্ট করি। টাকার ব্যাপার বলে শুধু শিক্ষামন্ত্রীর সঙ্গে কথা বললে হবে না, অর্থমন্ত্রীরও দরকার আছে। ওঁরা যে কথা বলেছেন তাতে আমরা যেটুকুন বুঝি ট্রেড ইউনিয়ন-এর ক্ষেত্রে আমরা এই রকম সলিউসান করে থাকি। টাকা যদি লিমিটেড একাউণ্ট হয়, একটা সেকসান যদি বেশী টাকা পায়, অন্য সেকশান যদি না পায় তাহলে আমরা সেরকম ক্ষেত্রে ভাগ বাটোয়ারা করে দিই। এই রকম প্রস্তাবও ওঁরা দিয়েছেন। অর্থমন্ত্রী ওঁদের সঙ্গে বসতে স্বীকার করুন তাহলে সেখানে তাঁরা তাঁদের প্রস্তাব রাখতে পারেন। সেই প্রস্তাব সম্বন্ধে তিনি যদি বোঝেন তাহলে শিক্ষামন্ত্রীকে নিয়ে কেবিনেট-এ আলোচনা করতে পারেন। আজ হাউস শেষ হবার পর আপনি ওঁদের সঙ্গে দয়া করে বসে ওঁদের প্রস্তাব শুনে নিন।

Shri Saila Kumar Mukherjee : I shall speak to the Education Minister about it and let them know the result. As soon as the House is over we can meet.

Shri Sasanka Sekhar Sanyal :

আমরা সকলে মিলে ডেপুটেসান করে ঘরে ঢুকে যাই। এটা কি কথা যে এই রকম একটা ব্যাপার হচ্ছে সেখানে এডুকেসান মিনিস্টার চীফ মিনিস্টার আসছেন না কেন?

Shri Santosh Kumar Bhattacharyya : Let the Education Minister along with the Finance Minister sit with us.

Shri Saila Kumar Mukherjee : If you want to meet me alone, certainly I will meet you. If you want to meet also the Education Minister I shall have to consult him.

Shri Sasanka Sekhar Sanyal :

উনি তখন বললেন যে এডুকেসান মিনিস্টার নেই আমি নিগোসিয়েসান ফাইনেল করতে পারছি না।

Mr. Chairman :

আমি অনুরোধ করছি ওঁরা আজকে দেখা করবেন।

Shri Saila Kumar Mukherjee :

অল রাইট আজই মিট করব।

Mr. Chairman :

আমাদের এবার হাউস-এর বিজিনেস করতে হবে, কারণ আমাদের পূজোর ছুটি হয়ে যাচ্ছে। হাউস শেষ হবার পর এডুকেসান মিনিস্টার য়্যাণ্ড ফাইনেন্স মিনিস্টার ওঁদের সঙ্গে মিট করবেন এই কথাই থাকল।

Shri Satya Priya Roy : We are meeting the Education Minister and the Finance Minister.

The Hon'ble Saila Kumar Mukherjee :

আমি নিশ্চয় মিট করব, তবে এডুকেসান মিনিস্টার-এর সঙ্গে কনসাল্ট করে মিট করব

I shall request him to meet them jointly.

Clasue 20

Shri Rajkumar Chakraverty : Sir, I beg to move that in clause 20, after the proviso to the proposed section 52A (2), the following further proviso be added, namely :

"Provided further that the authority referred to in sub-section (1) shall be a person who is or was a member of the Judicial Service for at least 10 years and held a rank not inferior to that of a District Judge."

Sir, here is the question of the appointment of the Electoral Officer for preparing the electoral roll and other things. The special arrangement for the appointment of an Electoral Officer is rather good. The Electoral Officer will be somebody other than a member of the Corporation or of a Standing Committe or the Commissioner or a municipal officer or servant. So far as it goes, it is a good thing. But, Sir, one defect I find and that is this. What is given by the Hon'ble Minister by one hand is taken away by the other. No qualification of the Electoral Officer has been laid down in this clause. We are all very anxious for fair and impartial election of the Corporation. There is no meaning in having persons elected on adult franchise unless the selection is fair and just. Therefore, it is meet and proper that an independent man from outside should be appointed as the Electoral Officer. Therefore, Sir, I have proposed that this Electoral Officer, for the preparation and revision of the electoral roll, should be a person who is or was a member of the Judicial Service for at least 10 years and held a rank not inferior to that of a District Judge. I am sure, Sir, the Hon'ble Minister is anxious for a free and fair election specially after our experience of the Gonda Election in U P. We ought to be very cautious and careful in having a fair election Therefore, Sir, the suggestion of a Judicial Officer being appointed as the Electoral Officer has been given in this amendment.

The Hon'ble Saila Kumar Mukherjee : Sir, the choice of an Electoral Officer from a Judicial Service is not made anywhere in India. We have Election Commission. The procedure of election is everywhere the same. Never there is Judicial Officer. If you are to select a Judical Officer and get his consent, then elections will never be held. Therefore, Sir, I oppose the amendment.

The motion of Shri Rajkumar Chakraverty that in clause 20 after the proviso to the proposed section 52A(2), the following further proviso be added, namely :

"Provided further that the authority referred to in sub-section (1) shall be a person who is or was a member of the Judicial Service for at least 10 years and held a rank not inferior to that of a District Judge."

was then put and lost.

The qustion that Clause 20 do stand part of the Bill was then put and agreed to.

[4-40—4-50 p.m.]

Clase 21

Shri Mohit Kumar Moitra : Sir, I beg to move that clause 21(2) be omitted.

মাননীয় সভাপাল মহাশয়, এই বিলের ২১ নম্বর ধারায় ক্যালকাটা মিউনিসিপ্যাল য়্যাক্ট, ১৯৫১-এর ৫৫ নম্বর ধারাকে সংশোধন করবার ব্যবস্থা হয়েছে। এই ৫৫ নম্বর ধারার কি কি দোষের জন্য

বা কি কি ডিসকোয়ালিফিকেসান-এর জন্য একজন মেম্বার, কাউন্সিলর, অল্ডার ম্যান নির্বাচিত হতে পারবেন না—সেকথা বলা হয়েছে। এখন স্যার, এখানে দেখবেন যে আমাদের দেশের যে সংবিধান আছে, সেই সংবিধানে ট্রেড ইউনিয়ন করবার অধিকার প্রত্যেকটা ভারতের নাগরিকের আছে এবং কংগ্রেস যে সময় স্বাধীনতা সংগ্রাম করেছিলেন, সেই সময় এই ট্রেড ইউনিয়ন আন্দোলনকে তাঁরা যথেষ্ট গুরুত্ব দিয়েছিলেন এবং সেখানে লালা লাজপত রায়, দেশবন্ধু চিত্তরঞ্জন দাস, জওহরলাল নেহরু, সুভাষ চন্দ্র বসু প্রভৃতি সকলেই এই ট্রেড ইউনিয়ন কংগ্রেসের সভাপতিপদে নিযুক্ত হয়ে গেছেন এবং সেই অবস্থাতে তাঁরা কর্পোরেশনের কাউন্সিলর ও হয়েছেন। আর আজকে এখানে বলা হচ্ছে দু নম্বর উপধারায় যে

After Clause (ff), the following clause shall be inserted, namely :—(fff) hold office in any Union or Association of Municipal Officers or Servants;

স্যার, আজকে আপনার মাধ্যমে এই পরিষদের কাছে এই কথাই বলতে চাই যে আমাদের সংবিধান আজ নাগরিক অধিকার দিয়েছেন যে কোনরকম সংস্থা গঠন করতে এবং বিশেষ করে ট্রেড ইউনিয়ন গঠন করবার অধিকার ভারতের প্রত্যেকটি নাগরিকের আছে। কিন্তু আজকে একশো টাকা ভাতা দিয়ে যদি কাউন্সিলর ও অল্ডারম্যানদের মাথা কিনবার এই ব্যবস্থা করে ব্যক্তি স্বাধীনতা হরণ করে এবং ট্রেড ইউনিয়ন আন্দোলনের উপর এই বাধা আরোপ করে থাকেন, তাহলে একথা বলতে হবে যে, এরা সংবিধান বিরোধী কাজ করছেন। সেই জন্য আপনার মাধ্যমে এই সংসদের কাছে আবেদন করছি ২১ নম্বর ধারার দু নম্বর উপধারা যেটা আছে, সেটা বাতিল করা হোক।

Shri Saila Kumar Mukherjee :

স্যার, মাননীয় সদস্য একটু ভুল করছেন। ট্রেড ইউনিয়ন করবার অধিকারে মোটেই হস্তক্ষেপ করা হয় নাই। একশোজন কাউন্সিলর যারা নির্বাচিত হবেন তাঁরা যে কোন আন্দোলন করতে পারেন, ট্রেড ইউনিয়ন করতে পারেন—তাতে কোন আইনে বাধা সৃষ্টি হয়নি ; ঠিক তেমনি যাঁরা ট্রেড ইউনিয়ন করেন, তাঁদের ও মিউনিসিপ্যাল ইলেকসান সম্পর্কিত যে সমস্ত রুল আছে, তাতে কোন ডিসকোয়ালিফিকেসান নাই, বাধা নাই প্রার্থী হবার পক্ষে। তবে ডিসকোয়ালিফিকেশন, কোনখানে করা হয়েছে ? যে এমপ্লয়ার, যে এমপ্লয়ীস, যে, একজিকিউটিভ অফিস হোল্ড করে যিনি মিউনিসিপ্যাল কমিশনার তিনি একজন

employer he is the employer and he being the executive head of the Trade Union becomes employee's representative.

এখানে কনফ্লিকট অব ইনটারেষ্ট হবে। সেই জন্য তাঁর মিউনিসপ্যাল অফিস হোল্ড করলে মিউনিসিপ্যাল কমিশনারের ডিসকোয়ালিফিকেসন বাঁধা হয়েছে তিনি ট্রেড ইউনিয়ন করতে পারবেন না। আবার যিনি কাউন্সিলার তিনি এই সমস্ত ট্রেড ইউনিয়নের মেম্বার থাকতে পারবেন, ট্রেড ইউনয়ন আন্দোলন করতে পারবেন তাতে কোন বাধা সৃষ্টি হয়নি। যিনি ট্রেড ইউনিয়ন করেন, তার কাউন্সিলর হবার জন্য ইলেকসানেও দাঁড়াবার কোন বাধা নাই।

Shri Mohit Kumar Moitra :

আমি একটা কথা বলে দেই—এখানে আছে যে মিউনিসিপ্যাল এসোসিয়েসনের ট্রেড ইউনিয়ন করলে পরে তার অফিসার বেয়ারার থাকবে। আমরা সেটার বিরোধিতা করছি, ট্রেড ইউনিয়ন করার কথা বলছি না।

Shri Saila Kumar Mukherjee :

বিলের এখানে আছে

Shall not hold any office in any Union or Association of Municipal Officers or Servants.

মিউনিসিপ্যাল এমপ্লয়িজ এসোসিয়েসান-এ তিনি যদি কমিশনার হন, কাউন্সিলর হন, তিনি তখন এমপ্লয়ার হলেন। তিনি যদি এমপ্লয়িজ ইউনিয়ন করেন—তাহলে তিনি কোন এক্সিকিউটিভ

অফিস হোল্ড করতে পারবেন না। কিন্তু তাঁর ট্রেড ইউনিয়ন করবার পক্ষে কোন বাধা সৃষ্টি করা হয় নাই, কোন মৌলিক অধিকার কিছুই খর্ব করা হয় নাই। সুতরাং I oppose it.

The motion of Shri Mohit Kumar Moitra that clause 21(2) be omitted was then put and a division taken with the following result :

AYES

Abdul Halim, Shri
Abdullah Rasul, Shri
Bagchi, Shri Nirmalya
Bhattacharyya, Dr. Janaki Ballabha
Bhattacharyya, Shri Santosh Kumar
Bose, Shri Nirmal
Chakrabarty, Shri Amar Prasad
Chakraverty, Shri Rajkumar
Chakravorty, Shri Jatin
Das, Shri Narendra Nath
Haldar, Shri Gopal
Moitra, Shri Mohit Kumar
Roy, Shri Satya Priya
Sen Gupta, Shri Manoranjan

NOES

Banerjee, Dr. Anil Chandra
Banerjee, Shri Sudhir Kumar
Chatterjee, Shrimati Ava
Chatterjee, Shri Krishna Kumar
Chatterjee, Shri Lalit Mohon
Dhara, Shri Hansadhwaj
Dutta, Shri Sukumar
Esmail Ebrahim, Dr.
Ghose, Shri Nanda Kishore
Ghose, Shri Pijush Chandra
Manna, Shri Rebati Raman
Mohammad Sayeed Mia, Shri
Mohanta, Shri Ramdas Ramanujdas
Mondal, Shri Dhajadhari
Mukherjee, Shri Biswanath
Mukhopadhay, Shri Debendra Kumar
Musharruf Hossain, Shri
Pal, Dr. Ras Behari
Rezaul Karim, Shri
Sarawgi, Shri Dharam Chand
Sen, Shrimati Reba
Singh, Shri Ram Lagan

The Ayes being 14 and the Noes 22, the motion was lost.

The question that dclause 21 o stand part of the Bill was then put and agreed to.

Clause 22

The question that clause 22 do stand part of the Bill was then put and agreed to.

[4-50—5 p.m.]

Clause 23

Shri Rajkumar Chakraverty : I move that in clause 23, in the proposed sub-section (1) of section 76 of the said Act, in line 1, for the words "The State Government", the words "The Corporation", be substituted.

Here the provision is that the State Government shall appoint a person to be the Finance Officer and Chief Accountant of the Corporation. My arguments here are the same as I advanced in the case of the appointment of the Commissioner.

It has been said by the Hon'ble Minister that the powers of the Corporation have not been curtailed in any way. This is an example where we see the Councillors are mere figuresheads and have no power. If they had any power they could be entrusted with this appointment.

Shri Saila Kumar Mukherjee : I also repeat the same arguments as I advanced in the case of the appointment of the Commissioner. The State Government, wherever it appears, is like a red rag to a bull to my friend Shri Rajkumar Chakraverty. The meaning of State Government has been changed. Previously, we were under foreign rule. The State Government is now a democratic Government elected under adult franchise responsible to the people. Moreover, it is a new post which has been created to check the accounts.

I oppose the amendment.

The motion of Shri Rajkumar Chakraverty that in clause 23, in the proposed sub-section (1) of section 76 of the said Act, in line, 1 for the words "The State Government", the words "The Corporation", be substituted, was then put and lost.

The question that clause 23 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 23 to 25

The question that clauses 23 so 25 do stand part of the Bill was then put and agreed to.

Clause 26

Shri Rajkumar Chakraverty : I move that clause 26(b) be omitted.

This is another red rag to a bull to the Hon'ble Minister. The provision is that whenever there is a proposal for the creation of a post carrying a maximum salary not below Rs. 1,000 per month, or for the enhancement of the salary of a post to one thousand rupees or more per month, it must have the sanction of the State Government. The Corporation Councillors are not competent to give even increment to the extent of enahancing the salary of a post to one thousand rupees or more per month. They are not trusted. They have no power. The Hon'ble Minister is eloquent about the power of the Corporation.

Shri Saila Kumar Mukherjee : Wherever there is State Government my friend Shri Rajkumar Chakraverty opposes it. Here the provision is that the approval of the State Government will be required to the creation of a post carrying a maximum salary not below Rs. 1,000 per month or for enhancing the salary of a post to Rs. 1,000 per month or more. To the Corporation finance the State Government contributes money, and this provision should be there. In Bombay and

Madras any appointment carrying a salary above Rs. 300 per month will require the approval of the Government. I oppose the amendment.

The motion of Shri Rajkumar Chakravery that clause 26(b) be omitted, was then put and lost.

The question that clause 26 do stand part of the Bill was then put and agreed to.

Clause 27

The question that clause 27 do stand part of the Bill was then put and agreed to.

Clause 28

Shri Manoranjan Sen Gupta : Sir, I beg to move that in clause 28(2)(b), in line 2, for the word "three" the word "five" be substituted.

মাননীর সভাপাল মহাশয়, আমার এই এমেণ্ডমেণ্ট-এব মানে হচেছ যে যিনি কমিশনার হবেন, তিন আড়াইশো টাকা বেতনের পদে লোক নিযুক্ত করতে পরাবেন—এই যে ব্যবস্থা বিলেতে আপনারা করছেন, আমি চাচিছ সেটা বাড়িয় পাঁচশো টাকা পর্যন্ত করা হোক। কমিশনার যিনি প্রধান, তাঁর ক্ষমতা বাড়ানো আবশ্যক। যাঁদের উপর তিনি কর্তৃত্ব করবেন, তাঁদের উপর যদি তাঁর নিয়ন্ত্রণ অধিকার থাকে, তাহলে শৃঙ্খলা বজায় থাকবে।

Shri Saila Kumar Mukherjee : Shri Manoranjan Sen Gupta's amendment has the touch of a Rightist. He wants the other way. He wants more power to the Commissioner, but we do not want it. The effect of the amendment move by Shri Gupta, if accepted, will be that appointment to posts carrying salary above Rs. 500 would be made on the recommendation of the Municipal Service Commission. The Municipal Service Commission will thus be debarred from holding any examination recommending for posts carrying sarlary between Rs. 300 and Rs. 500. What have we done ? We have raised the limit up to Rs. 300. Why should the Commission be debarred ? So I oppose the amendment.

The motion of Shri Manoranjan Sen Gupta that in clause 28(2)(b), in line 2, for the word "three", the word "five" be substituted, was then put and lost.

The question that clause 28 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 29 and 30

The question that clauses 29 and 30 do stand part of the Bill was then put and agreed to.

Clause 31

Shri Rajkumar Chakraverty : Sir, I beg to move that clause 31(d) be omitted.

Sir, here is a proposal that a municipal officer or servant appointed on the recommendation of the State Public Service Comimssion or the Municipal Service Commission shall not be reduced in rank removed or dismissed except after consultation with such Commission. I do not know if the Hon'ble Minister will say that he has also taken this clause from Bombay or some other province. I can

understand a thing if a man is appointed after getting the opinion of the State Public Service Commission or the Municipal Service Commission. But I fail to understand, Sir, how he cannot be removed or dismissed except after consultation with such Commission.

Shri Saila Kumar Mukherjee : It is done on the analogy of the Public Service Commission. Appointment, promotion and dismissal are also subject to the approval of the Public Service Commission. I think he has not followed the provision of the clause. Sir, I oppose the amendment.

Shri Rajkumar Chakraverty : Sir, I want clarification of the point whether all the charges will be placed before the Service Commission.

Shri Saila Kumar Mukherjee : Naturally, all the facts will be placed before them to consider whether the demotion or dismissal is justified. Certain categories come under Municipal Service Commission and certain cagetories come under Public Service Commission.

The motion of Shri Rajkumar Chakraverty that clause 31(d) be omitted, was then put and lost.

The question that clause 31 do stand part of the Bill was then put and agreed to.

Clause 32

The question that clause 32 do stand part of the Bill was then put and agreed to.

[5—5-10 p.m.]

Clause 33

Mr. Chairman : Amendment No. 31 is out of order.

The question that clause 33 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 34 to 46

The question that clauses 34 to 46 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Chairman : Clause 46A is a new clause and as such it is out of order and cannot be discussed here but the member can speak at the time of third reading.

Clauses 47 to 78

The question that clauses 47 to 78 do stand part of the Bill was then put and agreed to.

Clause 79

Shri Rajkumar Chakraverty : Sir, I don't move my amendment.

The question that clauses 79 do stand part of the Bill was then put and agreed to.

Clauses 80 to 94

The question that clauses 80 to 94 do stand part of the Bill was then put and agreed to.

Mr. Chairman : New clause 94A is also out of order and the member can speak at the time of third reading.

Clauses 95 to 128

The question that clauses 95 to 128 do stand part of the Bill was then put and agreed to.

Clause 129

Shri Rajkumar Chakraverty : Sir, I beg to move that in clause 129, in the proposed schedule XXIII, in item (b), the proviso to proposed clause (XIIIa) be omitted.

Sir, this amendment is not so much for a debate but for clarification only. Sir, this is with reagrd to payment of grants to colleges or higher educational institutions imparting higher education. Now this payment of grant cannot be made without the previous approval of the State Government. This is what I fail to understand. If the Corporation wants to make a grant to a college or an institution why should the permission of the Government be necessary before the grant is released ? This is absolutely absurd on the face of it. It may be five hundred rupees or it may be thousand rupees. but still the permission of the Government will be necessary before the money is released. It is too hard a matter.

Shri Saila Kumar Mukherjee : Sir, grants to colleges or higher educational institutions were not at all provided in the Calcutta Municipal Act, 1923. The provision in this respect is applicable to Howrah because the Narsing Dutt College, Howrah, was getting the grant—this power was extended to Howrah by amendment of the Howrah Municipal Act. But as in the Calcutta Municipal Act there was no such provision for grants to colleges and higher educational institutions, therefore this is provided for. But a breach of the statute cannot be made a part—the breach of the statute does not mean that this should be cured by making a provision in the statute. Sir, the entire collegiate and other education is outside the purview of the Calcutta Municipal Act. Therefore, I am opposing this amendment.

The motion of Shri Rajkumar Chakraverty that in clause 129, in the proposed schedule XXIII, in item (b), the proviso to proposed clause (XIIIa) be omitted was then put and lost.

The question that clause 129 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and Title

The question that clause 1, Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

Shri Saila Kumar Mukherjee : Sir, I beg to move that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1964, as settled in the Council, be passed.

Shri Mohit Kumar Moitra :

মাননীয় সভাপতি মহাশয়, আজ দুদিন ধরে আলোচনার পর কোলকাতা পৌরসভা সংশোধনী বিল গৃহীত হতে যাচ্ছে। আজ এখানে আমাদের সুযোগ এসেছে বেলেন্সসিট আলোচনায় যে

বিলে কি ওঁরা দিয়েছেন, কি আমরা চেয়েছিলাম যা সামান্য টেকনিক্যালিটিজ-এর সুযোগ নিয়ে এখানে আনতে দেওয়া হয়নি। এই বিল আলোচনার সময় মাননীয় অর্থমন্ত্রী বলেছেন যে কোলকাতা পৌরসভার নির্বাচন প্রাপ্ত বয়স্ক নাগরিকদের ভোটাধিকার পেয়েছেন। সুতরাং আজকে এখানে একটা সুযোগ উপস্থিত হয়েছে, একটা নূতন দৃষ্টিভঙ্গী উপস্থিত হয়েছে।

আজকে সেই নূতন দৃষ্টিভঙ্গী নিয়ে এই বিল আনা হয়েছে। আজকে যদিও অর্থ মন্ত্রী মহাশয় স্বায়ত্ত শাসন দপ্তরের ভার প্রাপ্ত নন তবুও এই বিল তিনি পিতৃত্বের দাবী করছেন। তিনি এই বিল যে তৈরী করেছেন এই কথা আমরা জানি। তাই তাঁর কথার উত্তরে আমি এই কথাই বলবো শুধু প্রাপ্ত বয়স্কদের ভোটাধিকারের ভিত্তিতে করলে চলবে না আজকে এর বৈজ্ঞানিক উন্নতির জন্য নাগরিক জীবনে যে গতিশীলতা এসেছে সেটা তিনি বিবেচনা করেন নি এই বিল আনার সময়। কালের পরিবর্তনের সাথে সাথে এর যে পরিবর্তন এসেছে সে পরিবর্তন তিনি দেখেন নি বরং কংগ্রেস পার্টি মাঝে মাঝে যে সমস্ত প্রতিশ্রুতি দিয়েছেন দেশের লোককে এই বিলের মধ্যে তার কিছুই প্রতিফলিত হয় নি। আমার মনে হচ্ছে 80 বৎসর আগে ঐ কর্পোরেশনে প্রথম মেয়র নির্বাচনের পর দেশবন্ধু চিত্তরঞ্জন দাস বলেছিলেন যে, দরিদ্র নারায়ণের সেবাই এই কর্পোরেশনের উদ্দেশ্য। আজকে 80 বৎসর পরে দেশ অনেকখানি এগিয়েছে—কলকাতা অনেকখানি এগিয়ে গেছে। আজকে দারিদ্র্য দূর করাই কংগ্রেস পার্টির উদ্দেশ্য বলে ঘোষণা করেছেন। দারিদ্র্যকে দূর করে বেকারীকে নাশ করা এই সমস্ত উদ্দেশ্য থাকা সত্ত্বেও আজকে এই দারিদ্র্য যেখানে রয়েছে সেই বস্তির উন্নতির জন্য বা বস্তির লোকেদের এইটুকু অধিকার দেবার যে সমস্ত প্রস্তাব এসেছে তা এঁরা গ্রহণ করেন নি। বস্তির মধ্যে রাস্তা ঘাট তৈরী, যদি বস্তির লোকেরা কল চায় তা দেওয়ার যে প্রস্তাব তা দেন নি। এই সম্বন্ধে যে প্রস্তাব আনা হয়েছিল টেকনিকালিটিসের জন্য সেগুলি আনা সম্ভব হয় নি। আজকে এই হচ্ছে কলকাতার জনসাধারণের অবস্থা। কলকাতা কর্পোরেশান সম্পর্কে জনসাধারণ ঠিক এই মত পোষণ করেন। এবং তাঁদের সে মত সংবাদ পত্রে প্রতিফলিত হয়। আজকে কর্পোরেশনের দুর্নীতির জন্য কর্পোরেশনের উপর লোকে তিতিবিরক্ত হয়ে উঠেছে। আজকে শুধু কলকাতার জনসাধারণ কেন সারা বাংলাদেশের জনসাধারণ চান যে কর্পোরেশনে দুর্নীতিমুক্ত হোক। আজকে আমাদের সরকারও নিশ্চয়ই চান যে কর্পোরেশন দুর্নীতিমুক্ত হোক। কিন্তু এই বিলে দুর্নীতি মুক্তির জন্য কি ব্যবস্থা করেছেন? এ দেখে মনে হয় যে তাঁরা জনসাধারণকে বিশ্বাস করতে পারছেন না। এই বিলে তাঁরা করপোরেশানের যে সমস্ত কর্মচারী আছেন তাদের অধিক ক্ষমতা দিচ্ছেন এবং সেই সমস্ত কর্মচারীদের অধিক ক্ষমতা দিয়ে জনসাধারণের সহযোগিতাকে আপনারা দূরে সরিয়ে রাখছেন। আজকে আমাদের কাজ করতে গেলে জনসাধারণের সহযোগিতাকে দূরে সরিয়ে রাখলে আমাদের পক্ষে কোন কাজ করা সম্ভব নয়। সেই ১৮৮২ সালের আইনে স্বায়ত্ব শাসনে জনসাধারণকে যেমন আনা হয়েছে, সেই জনসাধারণকে দূরে সরিয়ে দেবার জন্য আজকে এই সব আইন মানা হচ্ছে না। তাই আজকে দুঃখের সঙ্গে এই কথা বলব যে আপনাদের যে সমস্ত কর্মচারী আছেন তাদেরই বিশ্বাস করছেন, আপনারা বুরোক্রাশীকে জনসাধারণের চেয়ে বেশী বিশ্বাস করছেন এবং তা এই বিলের মধ্যেও প্রতিফলিত হয়ে উঠেছে।

[5-10—5-20 p.m.]

তারপর পার্লামেন্টারী ডেমোক্রেসির কথা কংগ্রেস পার্টি সব সময় বলে থাকেন। এই পার্লিয়ামেন্টারী ডেমোক্রেসির মূল কথা হচ্ছে

Not only the party in power but the opposition also rules

সেই জন্য বিরোধী পক্ষ যেই হোক না কেন, আজকে কংগ্রেস ক্ষমতায় আসীন, কালকে হয়ত তাঁরাই বিরোধীপক্ষে আসন গ্রহণ করতে পারেন। সুতরাং যেই বিরোধী পক্ষ হোক সেই বিরোধী পক্ষ যাতে সংসদীয় গণতন্ত্র অনুসারে রাষ্ট্র পরিচালনায় অংশ গ্রহণ করতে পারে, সেই জন্য প্রস্তাব করা হয়েছিল এই বিলের মধ্যে স্টেণ্ডিং কমিটির যে সমস্ত ব্যবস্থা করা হয়েছে, সেই স্টেণ্ডিং কমিটিগুলিতে সিঙ্গল ট্রেন্সফারেবল ভোট নিয়ে সদস্য নির্বাচন হোক। মাননীয়

অর্থমন্ত্রী এখানে বলেছেন স্ট্যাণ্ডিং কমিটি হচ্ছে একটা অথরিটি, এই অথরিটির সদস্য নির্বাচনে আমরা সিঙ্গল ট্রান্সফারেবল ভোটে সমস্ত দলমত প্রতিফলিত হোক তা হতে দিতে পারি না, তিনি উত্তর দিতে উঠে বলেছিলেন যে আমার যতদূর জানা আছে তার মধ্যে বিরোধীদলের লোকও তার সভ্য আছেন। কিন্তু তার আগে ১৯৫৭ সালে যখন কর্পোরেশনের নির্বাচন হয়, সেই সময় একটিও বিরোধীপক্ষের লোককে ষ্ট্যাণ্ডিং কমিটিতে নেওয়া হয় নাই এবং তার জন্য পরে অনেক কাঠখড় পুড়িয়ে দু একজনকে তাতে নেওয়া হয়। তাঁর পাশে প্রাক্তন ডেপুটি মেয়র ইব্রাহিম ইসমাইল বসে আছেন তার কাছে তিনি জিজ্ঞাসা করে জানতে পারেন আজকে তিনি বলছেন যে বিরোধী দলকে যদি স্ট্যাণ্ডিং কমিটিতে আসতে হয়, তাহলে সে তার নিজের অধিকারে আসতে পারবে না, তাঁকে নির্ভর করতে হবে ঐ ক্ষমতাসীন দলের করুণার উপর। আজকে এই নীতি কোন সংসদীয় গণতন্ত্রে আছে? আশা করি মন্ত্রিমহাশয় সে কথাটা বলবেন।

তারপর কর্পোরেশনের মধ্যে যে দলাদলি আছে, এই দলাদলির কথা তিনি জানেন। তা জানা সত্বেও তিনি সেই দলাদলি যাতে থাকে তিনি তার ব্যবস্থা করেছেন। তিনি বলেছেন যিনি ফাইনেন্স অফিসার হবেন, তিনি একাউণ্ট-এর চার্জেও থাকবেন। অথচ তাঁরা করেছেন দুটো কমিটি—ফাইনান্স কমিটি ও য়্যাকাউণ্টস কমিটি। যাতে ফাইন্যান্স কমিটিতে কোন অর্থ সংক্রান্ত প্রশ্ন উঠলে তিনি বলতে পারেন যে এখন য়্যাকাউণ্টস কমিটিতে ফাইলটি আছে, এখন ওটা বিবেচনা করা হবে না ; এটা আজ স্থগিত থাক। আবার য়্যাকাউণ্টস কমিটিতে যখন কোন প্রশ্ন উঠবে, তখন তাঁরা বলতে পারবেন যে ফাইলটা ফাইন্যান্স কমিটিতে আছে। কাজেই এখন আর ওটা বিবেচনা করা হবে না। তাঁর পাশে বোধ হয় ঐ য়্যাকাউণ্টস কমিটির চেয়ারম্যান বসে আছেন, মন্ত্রিমহাশয় তাঁর কাছে জিজ্ঞাসা করতে পারেন—কি অসুবিধা তাতে হয় এই প্রশ্ন নিয়ে। কাজেই তিনি দলাদলি বজায় রাখতে চেয়েছেন। কারণ তাঁদের নিজেদের স্বার্থ যাতে বজায় থাকে তার জন্য উৎসুক্যটা এই বিলের মধ্যে প্রতিফলিত হয়ে উঠছে।

তারপর আমার বন্ধুবর মাননীয় সদস্য নির্মাল্য বাগচী মহাশয় দেখিয়েছেন যে কর্পোরেশনে নিরক্ষরতা দূর করবার জন্য আইন থাকলেও কলকাতায় এই নিরক্ষরতা দূর করবার জন্য যে সমস্ত ৬ থেকে ১১ বৎসর বয়স্ক ছেলেপেলে আছে, তার অর্দ্ধেকও ঐ কর্পোরেশন স্কুলে স্থান পায় না। কর্পোরেশনকে জিজ্ঞাস করলে তাদের যে এডুকেসান অফিসার আছেন তাঁকে বললে তিনি বলেন টাকার অভাব। আজকে তিনি দিল্লীর কথা বলেছেন, বোম্বের কথা বলেছেন এই সমস্ত অনেক কর্পোরেশনের কথা বলেছেন, কিন্তু কপোরেশন দিনের পর দিন তার খরচ চালানোর জন্য মটর ভেহিকলস ট্যাক্স, ইনটারটেইনমেণ্ট ট্যাক্স বেটিং ট্যাক্স দাবী করে আসছে। এই মোটরগুলি কলকাতা সহরে রাস্তার উপর দিয়ে চলাফেরা করে এবং তাতে রাস্তা নষ্ট হয়। কিন্তু তার সংস্কার করবার ভার কর্পোরেশনের অথচ তারা সংস্কার করে যাবে, আর সেই মোটর ট্যাক্স থেকে যে টাকা উঠবে সে টাকাটা নেবেন সরকার তাঁদের নিজেদের ব্যয়ের জন্য। এই এনোমেলি, এই অসুবিধা আজকেও তিনি দূর করতে পারলেন না।

এই যে নিয়ম এই নিয়ম গণতন্ত্রকে কখনও প্রসারিত করতে পারে? বরং আর যে সংশোধন আছে সেই সংশোধনকে সঙ্কুচিত করছেন এবং সংশোধনী নাগরিকদের যে অধিকার দেওয়া হয়েছে সেই অধিকারের উপর হস্তক্ষেপ করেছে। আজ বিল পাস হয়ে যাক তারপর আমরা প্রয়াজন হলে নিশ্চয় কোর্টএ চ্যালেঞ্জ করব এবং তখন দেখা যাবে কনসটিটিউসন-এর অধিকারের উপর হস্তক্ষেপ করে কোন আইন আনতে পারা যায় কিনা। শেষে এই কথাই বলব যে জনসাধারণের মধ্যে থেকে আজ দাবী উঠেছে করপোরেসান যেন জনসাধারণের সেবায় নিযুক্ত হয় এবং জনসাধারণ সহজে বরো কমিটিগুলির কাছে যেতে পারে। আইনে বরো কমিটির ব্যবস্থা আছে। কিন্তু বরো কমিটি কি কাজ করবে সেই ফ্যাংসানগুলিকে কর্পোরেশন আইনে সংজ্ঞা দেওয়া হয়নি বা কিছু বলা হয়নি। তাঁরা কোন চেষ্টা করলে টেকনিক্যালিটিজ এর অন্তরালে তাঁদের সেই চেষ্টা করা হল না। এ বিষয়ে সেলেক্ট কমিটির সেই প্রস্তাব তাঁরা গ্রহণ করেনি সেজন্য একথা বলব আজ বিংশ শতাব্দীর শেষ শতকে দাঁড়িয়ে মন্ত্রী মহাশয় যে কর্পোরেশন বিল আনলেন সেই কপোরেশন বিল জনসাধারণের সুযোগ সুবিধা, জনসাধারণের সেবা ও স্বার্থের

দিকে তাকায়নি। তাদের যে সমস্ত দুরবস্থা সেগুলি কর্পোরেশনএর দলাদলির মধ্যে কর্পোরেশন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করার অনেক অসুবিধা হয়। আজ এখানে সেই সমস্ত-এর কোন ব্যবস্থা করা হয়নি। সেজন্য আজ একথা বলতে হচ্ছে যে কালের গতির সঙ্গে সঙ্গে যোগ রেখে এই বিল পা ফেলতে পারবে না। এই বিলের দ্বারা দুর্নীতি দমনের যে কথা উঠেছে তা দুর করতে পারবে না। কারণ দলাদলি থাকবে এবং আজকে ইতিহাস এই কথা বলবে যে বুরোক্রেসি কোন দিন কোন দুর্নীতি দমন করতে পারবে না তার জন্য চাই জনসাধারণের সহযোগিতা, কিন্তু সেই সহযোগিতা থেকে তাঁরা জনসাধারণকে বঞ্চিত করছেন। আজ সর্বশেষে এই কথা বলা যে সংখ্যাগরিষ্ঠতার জোরে তাঁরা জনসাধারণকে উপেক্ষা করতে পারেন, তাঁরা বুরোক্রেসির সাহায্যে দুর্নীতি দমনের দুরাশা পোষণ করতে পারেন, কিন্তু মানুষ যারা দুর্নীতির জন্য ভুগছে, কর্পোরেশন আজ যাদের কাছে জীবনের অভিশাপ স্বরূপ হয়ে দাঁড়িয়েছে তারা এই আইনে থেকে কোন সুবিধা পাবে না। এই আইনের জন্য অর্থমন্ত্রী তাঁর দলের কাছে ধন্যবাদ পাবেন। কিন্তু দলের বাহিরে যে বিরাট জনসাধারণ আছে তাদের রোষবহ্নি ও ধিক্কার থেকে তিনি বাঁচতে পারবেন না।

Shri Sasanka Sekhar Sanyal :

মাননীয় চেয়ারম্যান স্যার, আমি এই বিলের বিষয়ে দুটি মন্তব্য করব। একটা হচ্ছে, বর্তমানে পশ্চিমবাংলার সবচেয়ে বড় প্রধান শহর যেটা কোলকাতা তার যেটা জলন্ত সমস্যা সেদিকে দৃষ্টি দেওয়া হয়নি। আমাদের কল্যাণ রাষ্ট্রের অন্তর্ভুক্ত সব চেয়ে বড় স্বায়ত্তশাসন প্রতিষ্ঠান হচ্ছে ক্যালকাটা কর্পোরেশন-এর যেসব আশু কল্যাণের প্রয়োজন সেই প্রয়োজনের দিকে তাকান হয়নি। আজ প্রয়োজনীয় দ্রব্য পাওয়া যায় না, প্রয়োজনীয় দ্রব্য চোখে দেখতে পেলেও সাধ্যের আওতার বাহিরে। সেজন্য আজ ক্যালকাটা কর্পোরেশন সংশোধনী বিলটি যদি শুধু হাওয়ার উপর না গড়ে বাস্তবতার উপর ভিত্তি করে করা হত তাহলে এর মধ্যে কো-অপারেটিভ-এর কিছু কিছু পদধ্বনি শুনতে পাওয়া যেত।

[5-20—5-30 p.m.]

আজকে উপর তলার যারা মজুরদার মুনাফাখোর আর নীচের তলার জনতা এর যে চক্র আছে তা ভেদ করার চেষ্টা সব দিক থেকে করার প্রয়োজন। সেই জন্য আজকে অত্যন্ত সঙ্গত এবং সম্ভব ছিল সে প্রত্যেক ওয়ার্ডে একটা কনজিউমার্স কো-অপারেটিভ খোলার এবং প্রত্যেক রেটপেয়ার সেয়ারহোল্ডার হবে। যারা রোজগার করেন তারা টাকা দিলে শেয়ারহোল্ডার হবেন এবং সার্ভিস কো-অপারেটিভ করে ফিল্ড ওয়ার্ক করে কাজে লাগাতে হবে। এর ফলে হবে কি যে গভর্নমেণ্ট নিজে চেষ্টা করে কর্পোরেশনএর হাতে নিত্য প্রয়োজনীয় দ্রব্য জোগাড় করে দিতেন এবং তারা প্রত্যেক ওয়ার্ডে একটা করে তার সংলগ্ন গোডাউন ডিসট্রিবিউশান সেণ্টার যদি করতেন ও প্রত্যেক ওয়ার্ডএ যারা কাউন্সিলার তারা যদি এটা বিতরণ করার ভার পেতেন তাহলে বাস্তব সমস্যা সমাধানের দিকে কিছুটা এগিয়ে যেতে পারা যেতো।

Dr. Srikumar Banerjee :

ডিটেলস তো বিলে থাকে না।

Shri Sasanka Sekhar Sanyal :

কেন থাকবে না, কর্পোরেশন-এর কাজ কি শুধু মল পরিষ্কার করা? কর্পোরেশন-এর কাজ কি শুধু একজিট ডিপার্টমেণ্ট-এর কাজ করা? কর্পোরেশনএের কাজ নয় কি লোকের এমিনিটিস দেবে। এমিনিটিস ফার্ষ্ট বিগিন ইন কিচেন সে সব এমিনিটিস দেবার কোন চেষ্টা নেই।

Dr. Srikumar Banerjee :

তাহলে মডেল কিচেন করতে হয়?

Shri Sasanka Sekhar Sanyal :

তা করতে হবে। তারপর আমার কথা হচ্ছে আমার বন্ধু যিনি করপোরেশন-এর ডেপুটি মেয়র ছিলেন তিনি বোধ হয় আমাকে বেয়ার আউট করবেন—অন্তত মনে মনে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট যে একটা অটোক্রেটিক অটোনমি আছে যার ফলে ক্যালকাটা কর্পোরেশন নাগরিকরা অনেক সময় লাঞ্ছিত হচ্ছে। সেই লাঞ্ছনা দূর করবার জন্য ক্যালকাটা কর্পোরেশন এগিয়ে যাবার কোন চেষ্টা দেখছি না। আমাদের গভর্নমেণ্টএর মজা হচ্ছে যারা দুর্বল তাদের আরও দুর্বল করা আর যারা সবল তাদের আরো সবল করা। কাজেই এই দুই ফ্রণ্ট-এ ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট হাত দিতে পাচেছ্ না। তাই এই ব্যর্থতার জন্য প্রতিবাদ জানাচিছ্ এ দফায়। আর প্রথমত এবং মুখ্যত মানুষের দৈনন্দিন জীবনে যে লাঞ্ছনা সে লাঞ্ছনা থেকে মানুষকে মুক্ত করবার জন্য যে কল্যাণকামী অভিযান করা দরকার, কল্যাণ রাষ্ট্রের অঙ্গ এবং প্রত্যঙ্গ কল্যাণমূলক কর্পোরেশনকে কল্যাণকর করার কোন চেষ্টা আজ হচ্ছে না।

Dr. Janaki Ballabha Bhattacharya:

আমি খুব সংক্ষেপে বলছি, প্রয়োজনীয় কথা ছাড়া বলব না। মাননীয় সভাপাল মহাশয় এই ক্যালকাটা কর্পোরেশন (সেকেণ্ড এমেণ্ডমেণ্ট) বিল ঠিক এখন কেন এল তা বুঝতে পারছি না বা সে সম্বন্ধে কোন আলোকপাত মাননীয় মন্ত্রী মহাশয় করলেন না। সে সময় বলছেন যে সি এম পি ও ৪০০ কোটি টাকা খরচ করবেন এবং সমস্ত উন্নতি করবেন। অপর পক্ষে ঠিক সেই সময় এই এমেণ্ডিং বিল আনার কি দরকার হল। এই কর্পোরেশন এর সঙ্গে সি এম পি ওর রিলেসানটা কি সে সম্বন্ধে কোন কথা এই বিলের মধ্যে পেলাম না। সুতরাং আজকে সি এম পি ও কি করতে খাড়া আছে তা জানা দরকার। আজকে এই সি এম পি ও কে বন্ধ করে দেওয়া হোক এবং ক্যালকাটা কর্পোরেশন-এর যে কাজ তা তার উপর দেওয়া হোক।

সুতরাং এই যে অর্থের যে অসঙ্গতির কথা তাঁরা বলছেন, সেটা আদৌ বিশ্বাসযোগ্য নয়। কারণ আপনি দেখুন স্যার, তাঁরা সি এম পি ও করে কত টাকা অপচয় করতে যাচেছন। তাদের মাত্র প্লান করতে কত লক্ষ না কত কোটি টাকা খরচ হবে তার এখনো কোন হিসেব আমাদের কাছে তাঁরা দিতে পারেন নি এবং কবে যে তা শেষ হবে তাও আমরা জানি না। সুতরাং আজকে আমার জিজ্ঞাস্য এই কলকাতা কর্পোরেশন এমেণ্ডমেণ্ট বিলটা এত তাড়াতাড়ি আনা হল কেন? মন্ত্রী মহাশয় আশা করি এর উত্তর দেবেন।

দ্বিতীয় কথা হচ্ছে ট্যাক্স বেড়ে চলেছে মানুষের ট্যাক্সের বোঝা যাতে লাঘব হয় তার জন্য তাঁদের কোন প্রচেষ্টা এই কলকাতা কর্পোরেশন ম্যানেজমেণ্ট বিলের মধ্যে আমরা দেখতে পাচিছ না। এমন কি যাতে কলকাতা কর্পোরেশনের অর্থাগমের কোন সুযোগ সুবিধা দেওয়া হয়, তারও কোন প্রচেষ্টা নাই। এতে এমন ব্যবস্থা রাখা হয়েছে শুধু গভর্নমেণ্টের দিক চেয়ে থাকো, গভর্নমেণ্টের উপর নির্ভরশীল হয়ে থাকো। এই যে কলেজ ষ্ট্রীটের মার্কেটটি রয়েছে তার অবস্থাটা কি একবার দেখুন। সেখানেতে ইউনাইটেড ব্যাঙ্কএর মত একটি ব্যাঙ্ক রয়েছে সেটিকে যদি আরো ইমপ্রুভমেণ্ট করতে পারতেন, তাহলে তা থেকে আরো কত আয় করতে পারতেন এবং সেখানে যে সমস্ত দোকান রয়েছে, সেগুলি যদি ভাল করে সুরুচিসম্পন্নভাবে সাজাতে পারতেন, তাহলে কর্পোরেশনের কত টাকা আয় বেড়ে যেত। সেখানে যদি কর্পোরেশন বাড়ী করে দিতেন, তাতেও বহু টাকা ইনকাম করতে পারতেন। তাঁরা যে ট্যাক্স কমিয়ে লোকের অনেক দুঃখকষ্ট লাঘব করতে পারতেন—সেরকম কোন নূতন চিন্তাধারা এই ম্যানেজমেণ্ট বিলের মধ্যে নাই। আছে সেই মামুলী প্রচেষ্টা কি করে কলকাতা কর্পোরেশনকে ষ্টেট গভর্নমেণ্টের অধীন করা যায়, কি করে তা চিরকাল গভর্নমেণ্টের মুখাপেক্ষী হয়ে থাকতে পারে—সেই চেষ্টা তাঁরা করছেন। জাপানে দেখেছি মিউনিসিপ্যালিটিতে কোন ট্যাক্স লাগে না। এঁরা নানা দেশ বিদেশের কথা বলেন, দৃষ্টান্ত দেন অথচ আজকে জাপানের দৃষ্টান্ত যদি এঁরা অনুসরণ করতেন তাহলে লালের কোন ভয় থাকতো না। সুতরাং আজকে যেভাবে কর্পোরেশনকে চালানোর প্রচেষ্টা হচ্ছে এবং এত দিন পরে ১৭ বছরের অভিজ্ঞতা লাভ করার পর যে ম্যানেজমেণ্ট বিল এনেছেন, সেটা আদৌ কালের উপযোগী হয়নি এটা সুনিশ্চিত করে বলা চলে। আজকে

এডুকেশান-এর যে অবস্থা তাও তাঁরা এর দ্বারা উন্নতি করতে পারবেন না। সেটা আমাদের বন্ধুবর নির্মাল্য বাগচী মহাশয় এর পূর্বে ভালকরে দেখিয়েছেন। কিন্তু যে জিনিষটা সেই অর্থের যে অভাব, সেই অভাব থাকতো না যদি অর্থাগমের কোন চেষ্টা তাঁরা করতেন।

Shri Satya Priya Roy :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, এই বিল সম্পর্কে আমার পরিস্কার বক্তব্য হচ্ছে যে একটি বাস্তব অবস্থার পরিপ্রেক্ষিতে এই বিলটা আনা হয় নাই। তাঁরা একটি প্রশাসনিক কাঠামো করতে গেছেন শুধু, সেখানে তাঁরা কোনরকম যুক্তি বা নীতির পরিচয় দিতে পারেন নি। জনসাধারণের হাতে কর্পোরেশনের প্রশাসনিক কর্তৃত্ব তুলে দিবেন এবং ইউনিভারসেল বা এড াল্ট ফ্রাঞ্চাইজ-এর উপর এই কর্পোরেশনের কাউন্সিলরা নির্বাচিত হবেন---একদিক দিয়ে বলতে গিয়ে আবার আর এক দিক থেকে কমিশনারের ক্ষমতাকে অনেক বাড়িয়ে দিয়েছেন। ঐ যে বরাবর থাকে চেকস এণ্ড বেলেন্সেস সেই রকম একটি নীতি এঁরা অনুসরণ করে চলছেন, জনসাধারণকে বিশ্বাস করে তাদের হাতে পুরাপুরি কর্তৃত্ব তুলে দেবার মত আত্মপ্রত্যয় ওঁদের এই বিলের মধ্যে পরিস্ফুট হয়ে ওঠে নাই। এই হচ্ছে প্রশাসনিক দিক থেকে। কিন্তু বাস্তবিক কর্পোরেশনের আজকে সমস্যা কী? এটা শুধু কিচেনের সমস্যা নয়। মানুষ যে আজকে জিনিষ পাচ্ছে না তা নয়, তাদের আজকে যে অস্বাস্থ্যকর পরিবেশে বাস করতে হচ্ছে তাতে প্রতিদিনকার যে সমস্যার কথা বক্তৃতা দিয়ে তা বোঝাবার দরকার নাই।

[5-30—5-40 p.m.]

শহরের রাস্তাগুলোর ময়লা পরিস্কার হয় না। জল নিকাশের যে ব্যবস্থা সেই ব্যবস্থা আজকে অচল হয়ে গেছে---সামান্য বৃষ্টি হলে সমস্ত রাস্তাঘাটে জল দাঁড়িয়ে যায়। তারপর ট্রাম কোঃ আরও যে কত অকথ্য অত্যাচার মানুষের উপর করবে সেকথা বলার নয়। আপনি জানেন কিনা জানি না যে এসপ্লানেড এ গেলেই দেখবেন যে ৩ মাস ধরে রাস্তা তারা খুঁড়ে ফেলে রেখে দিয়েছে। অথচ সেই রাস্তা সংস্কার আজ পর্যন্ত করা হয় না। তা ছাড়া আমি শিক্ষক হিসাবে বলতে পারি যে কর্পোরেশন সম্বন্ধে একটা বিরাট স্বপ্ন ছিল দেশবন্ধুর। অর্থাৎ শিক্ষাকে তিনি আবশ্যিক, অবৈতনিক ও সার্বজনীন করে তুলবেন। অথচ আমরা দেখতে পাচ্ছি কর্পোরেশনএ ২৫০টি স্কুল আছে, সেই ২৫০টি স্কুলে শতকরা ৩৩ জন ৬ থেকে ১১ বছরের ছেলে মেয়েরা পড়বার সুযোগ পাচ্ছে না এবং যে বাড়ীগুলিতে স্কুল করা হচ্ছে সেগুলি যদি দেখেন তাহলে দেখবেন যে কোন সময়ে সেখানে একটা বিরাট বিপর্যয় সৃষ্টি হতে পারে। অর্থাৎ ঝড়, ঝঞ্ঝার মাঝখানে সেই বাড়ীগুলি ভেঙ্গে পড়ে সেখানে শিক্ষার্থী, শিক্ষক যারা রয়েছে তারা যে কোন সময় বিপন্ন হতে পারে। অথচ এই যে শিক্ষার একটা বিরাট সমস্যা এবং অন্যান্য যে সমস্ত সমস্যার কথা আমি উল্লেখ করলাম তার সমাধান এই বিলের মধ্যে দিয়ে কোথাও পাওয়া যাবে না। কাজেই সেদিক থেকে কর্পোরেশন-এর বাস্তবিক সমস্যার কোন সমাধানের ইঙ্গিত এই বিলের মধ্যে নেই। আর যা আছে সেই সমস্যার সমাধান করতে হলে কর্পোরেশন-এর যে অর্থের প্রয়োজন ছিল সেই আর্থিক সঙ্গতি কর্পোরেশনকে কোথায়ও দেওয়া হচ্ছে না। এই আর্থিক সঙ্গতি দিতে গেলে মটর ভেহিকলস অ্যাক্ট বা অন্যান্য যে সমস্ত ট্যাক্সেশন অন্যান্য রাজ্যের কর্পোরেশন পেয়ে থাকে এই রাজ্যের কর্পোরেশনকে সেই সমস্ত আর্থিক সঙ্গতি দান করা উচিত ছিল। সে দিকে লক্ষ না রেখে শুধু নাম মাত্র একটা এডাল্ট ফ্রাঞ্চাইজ এর দোহাই দিয়ে একটা নূতন বিল নিয়ে আসবার কোন প্রয়োজন ছিল না। আমাদের অর্থমন্ত্রী মহাশয় যিনি এই স্বায়ত্তশাসন বিল সংশোধনের দায়িত্ব গ্রহণ করেছেন তিনি জানেন বাংলাদেশে প্রাথমিক শিক্ষার জন্য গ্রামাঞ্চলের জন্য একটা আইন আছে এবং কর্পোরেশন ছাড়া অন্যান্য শহরাঞ্চলের জন্য একটা আইন আছে। কিন্তু কর্পোরেশন-এর শিক্ষা ব্যবস্থার জন্য আজ পর্যন্ত কোন আইন তৈরী হয়নি। কর্পোরেশন আইনের অংশীভূত করে কর্পোরেশন অঞ্চলে যাতে বাস্তবিক প্রাথমিক শিক্ষা অবশ্যিক করা যেতো তাহলে ভাল হোত। অবশ্য তিনি হয়ত বলবেন যে এটা একটা অন্য আইনের বিষয়। কিন্তু সেই আইনের সুযোগ নিয়ে কর্পোরেশন-এর মধ্যে যারা বাস করে তাদের যে সমস্ত অসুবিধা সেগুলি দূর করা সে সম্পর্কে কোন রকম সমাধানের আভাষ এই বিলের মধ্যে আমরা পাইনি। এই বিলের আলোচনা

সংক্ষেপ করার জন্য ওঁরা চাচেছন বলে আমি বলছি এই বিলের দ্বারা কর্পোরেশন-এর কোন উপকার হবে না। এই বিলের মধ্যে কোন সমস্যা সমাধানের ইঙ্গিত নেই। এই বিল শুধু য়্যাডাল্ট ফ্রাঞ্চাইজএর নাম করে চালু করে দিয়ে যেটুকু ক্ষমতা মানুষের হাতে দেওয়া হয়েছিল সেটুকুন আগের কমিটির মাধ্যমে কেড়ে নিয়ে অনর্থক একটি বিল উত্থাপন করে এত টাকা এবং এত সময় বিধানসভা ও পরিষদের অনর্থক অপচয় করা হচেছ। এই বলে আমি আমার বক্তব্য শেষ করছি।

Shri Monoranjan Sen Gupta :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি এই বিলের বিরোধিতা করিনি কেন তা বলছি। আমি মনে করি একটা সৎ উদ্দেশ্য প্রণোদিত হয়েই এই বিল আনা হয়েছে, করপোরেশনকে দুর্নীতিমুক্ত করবার জন্য এবং যাতে শহরের কাজ ভালভাবে চলে এই উদ্দেশ্য নিয়েই এই বিল আনা হয়েছে। এই বিলের মাধ্যমে শুধু এডাল্ট ফ্রাঞ্চাইজ দিয়ে এবং কমিশনার এর ক্ষমতা বৃদ্ধি করলেই সব উদ্দেশ্য সিদ্ধ হবে বলে মনে করি না। কেন করি না সে কথা বলতে চাই। যখন আমাদের দেশে কোন গণতান্ত্রিক প্রতিষ্ঠান হয় নি, করপোরেসানে গণতন্ত্র আসে নি সরকারের অধীনে ছিল তখন আমরা জানি করপোরেশনের সমস্ত কাজ ভালভাবে নির্বাহিত হত, সুসম্পন্ন হত, সে সময় আমরা করপোরেশনএর কোন দুর্নীতির অভিযোগ পাইনি। আমরা অভিযোগ পাইনি যে রাস্তাঘাট নোংরা বা জঙ্গলে পূর্ণ আছে বা রাস্তাঘাটে আলো জ্বলে না বা ঠিক মত আলো জ্বলে না, বস্তিতে আনাচার চলে থাকে, দূষিত গন্ধ ইত্যাদি এ সব অনাচাররের কথা শুনি নি বা যে সমস্ত উৎকোচ গ্রহণ করে থাকে সে সমস্ত উৎকোচ গ্রহণের কথা শুনি নি। তখন যারা ছিলেন করপোরেশনের কর্মচারী তারা অনেকেই ইউরোপিয়ান ছিলেন—স্যার চার্লস এলেন, স্যার ষ্টুয়ার্ট হগ, এলেন সাহেব ইত্যাদি, এদের অনেকের কথাই মনে আছে। তাঁরা বিদেশী হলেও তাঁরা ছিলেন কর্ত্তব্যপরায়ণ, নিজের কর্ত্তব্য এবং কাজ যাতে সুষ্ঠু ভাবে সম্পন্ন করতে পারেন সে সম্বন্ধে সজাগ ছিলেন। আমি জানি, আমার স্মরণ আছে, এলেন সাহেবএর কথা, তাঁরা ভোরে বেরতেন রাউণ্ড দেবার জন্য যে ঠিক মত কাজ হচেছ কি না—কারণ সকাল বেলা না বেরুলে দেখা যায় না। তাঁর দেখাদেখি চীফ ইঞ্জিনিয়ার এবং সঙ্গে সঙ্গে অন্য সব ইঞ্জিনিয়াররা তাঁর পেছনে বেরুতেন। এমন কি ব্লক সরকার পর্যন্ত সব সময় মত কাজ নির্বাহ করতেন এবং সময় মত অফিস এ আসতেন ও নিজের কাজ সম্পন্ন করতেন। এরূপ কর্তব্যপরায়ণতার ফলে যদিও তাঁরা বিদেশী ছিলেন তবু সে সময়ে শহর ভাল ভাবে নির্বাহ হত। এবং সে সময় যারা কমিশনার ছিলেন তারা জনসাধারণের নির্বাচিত প্রতিনিধি ছিলেন না, তবে তাদের মধ্যে অনেকেই আমাদের দেশের লোক ছিলেন ও ইউরোপিয়েন এসোসিয়েশন এবং চেম্বার্স অব কমার্স ইত্যাদি থেকে আসতেন, তাঁরাও কমিশনার ছিলেন। তাঁরা শহরের কাজ সম্বন্ধে যথেষ্ট অবহিত ছিলেন। তাঁরা কোন প্রকার উৎকোচ গ্রহণ এবং অন্যায় কাজ করতেন না। অন্য কিছু করার তখন আবশ্যকতাও ছিল না যে ম্যাকেনজী অ্যাক্ট ছিল সে য়্যাক্ট পরিবর্তন করে সুরেন্দ্রনাথ যখন সেণ্ট্রাল গভর্নমেণ্টএর য়্যাক্ট নিয়ে এলেন তখন শ্রীসুরেন্দ্র মল্লিক মহাশয় প্রথম ইণ্ডিয়ান চেয়ারম্যান হলেন তিনিও তাঁর কাজ সুষ্ঠু ভাবে সম্পন্ন করে গেছেন এটাই আমরা জানি। তারপর ছিলেন জে সি মুখার্জি। তিনি লীগের আমলে সুষ্ঠু ভাবে কাজ করে গেছেন কোন অভিযোগ তার'ও আমলে ছিল না। তারপরে স্বাধীনতা আসবার পরে কর্পোরেশন যখন কংগ্রেসের দ্বারা পরিচালিত হল তখন থেকে এসব নানা অভিযোগ পাওয়া যাচেছ। আমি এডাল্ট ফ্রাঞ্চাইজএর পক্ষে তবে প্রকসির দ্বারা নয়। বা এডাল্ট ফ্রাঞ্চাইজ হলেই জিতে যাব তাও নয়। নির্বাচনটা আমাদের দেশে বিলাতে যেভাবে হয় সেভাবে হয় না। সুতরাং আমার বক্তব্য হচেছ এই প্রক্সি বা আনাচার যেন

না হয়, যে সৎ উদ্দেশ্যে এই বিল এনেছেন সেই উদ্দেশ্য সিদ্ধির জন্য ভাল লোক পাঠাবেন এটাই আমার নিবেদন।

[5-40—5-45 p.m.]

Shri Saila Kumar Mukherjee : Sir, it is a parliamentary convention that in the third reading of the Bill we generally speak on the difficulties in implementation of the Bill and on other new points. Sir, only Sasanka Babu has raised a new point and I will reply to it. About the other points I have replied several times during clause by clause consideration of the Bill, and I should not waste your time by repeating them.

Shri Sasanka Sekhar Sanyal has said about introducing co-operative movement. Sir, for this no amendment of the Municipal Act is necessary. There is a Co-operative Act and there is nothing to prevent the Municipal Councillors, if they are co-operative minded, to form as many consumers co-operatives as they like in their respective areas ; there is nothing to prevent the Calcutta Corporation employees to form municipal co-operatives of various types if they want under the new Co-operative Act, under the new Co-operative Policy. For that no amendment is necessary here.

So far as Improvement Trust question is concerned I may mention that, that requires a separate legislation. Improvement Trust has operated in Calcutta since 1911 to 1962. If you take an aerial view of Calcutta as to what it was in 1911 and what it is now, if you take a picture of Calcutta and make a comparison, then it will speak for itself whether Improvement Trust has done any service during these years or not. Sir, there is no amendment contemplated so far as Calcutta Improvement Trust is concerned. Sir, all that I can say at the last stage of the third reading is that we are going to make a big experiment. For the first time, in the history of Calcutta Corporation, we are giving the people of Calcutta, the citizens of Calcutta, the power to frame rules and run their own Corporation. There is no hindrance set in this project in the matter of exercising their free franchise. All that we want is that large groups of men are to learn the use of new franchise. Even able and enlightened representatives have to be persuaded to serve in the Councils of the Corporation. The techniques and methods of influencing municipal policies must be brought home to the electors who have so far had little experience in the use of such tools in civic administration. Sir, the future depends on the speed with which we all can bring about the progress which is intended in all directions, and let us hope that the new Corporation will fulfil Deshabandhu's ideals and dreams in making our dear city, which is the home of India's reniassance in cultural, political, social and in many other fields and which have shown great path to India, clean, beautiful and healthy for the services of the "Daridra Narayan".

The motion of the Hon'ble Saila Kumar Mukherjee that the Calcutta Municipal (Second Amendment) Bill, 1964, as settled in the Council, be passed was then put and agreed to.

Message

Secretary : Sir, the following Message has been received from the West Bengal Legislative Assembly :—

> "T e annexed motion was passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 1st October, 1964 and is sent to the West Bengal Legislative Council for their concurrence and for communication to the West Bengal Legislative Assembly of the names of the members appointed by the West Bengal Legislative Council to the Joint Committee.

ANNEXURE

(i) That the Calcutta University Bill, 1964, be referred to a Joint Committee of the Houses consisting of 33 Members ; 23 Members from this House, namely—

1. Shri Saila Kumar Mukherjee,
2. Shri Syamadas Bhattacharyya,
3. Shri Narendra Nath Sen,
4. Dr. Pratap Chandra Chunder,
5. Shri Asoke Krishna Dutta,
6. Shri Bejoy Krishna Bhattacharyya,
7. Shri Sankardas Banerji,
8. Shri Syed Shamsul Bari,
9. Shri Sowrindra Mohan Misra,
10. Shrimati Biva Mitra,
11. Dr. Gopika Ranjan Mitra,
12. Shri Radha Nath Das Adhikary,
13. Shrimati Olive Pemantle,
14. Shri Sakti Kumar Sarkar,
15. Shri Smarajit Bandyopadhyay,
16. Shri Mohammad Israil,
17. Shri Nikhil Das,
18. Shri Sambhu Charan Ghosh,
19. Shrimati Ila Mitra,
20. Shri Ganesh Ghosh,
21. Shri Sailendra Nath Adhikary,
22. Shri Siddhartha Shankar Ray, and
23. Shri Niranjan Sen Gupta,

and ten Members from the Council ;

(ii) that in order to constitute a sitting of the Joint Committee the quorum shall be one-third of the total number of members of the Joint Committee ;

(iii) that the Committee shall make a report to this House by the end of the second week of the next session ;

(iv) that in other respects the rules of procedure of this House relating to Committee will apply with such variations and modifications as the Speaker may make ;

(v) that this House recommends to the Council that the Council do join in the said Joint Committee and communicate to this House the names of members to be appointed by the Council to the Joint Committee.

K. C. Basu,
Speaker,
West Bengal Legislative Assembly.

Calcutta :
The 1st October, 1964.

Sir, I beg to lay on the table the Message.

Mr. Chairman : Honourable members, the ballot to determine the relative precedence of Private Members' Resolutions will be held at 12 noon on Saturday, the 3rd October, 1964, in the Committee Room.

Adjournment

The Council was adjourned at 5.45 p.m. till 1 p.m. on Tuesday, the 6th October 1964, in the Legislative Buildings, Calcutta.

Members Absent

Shri Snehangshu Kanta Acharyya.
Shri Ahmad Hossain.
Shri Dhirendra Nath Bhattacharyya.
Shri Nirmal Chandra Bhattacharyya.
Shri Sreepada Bhattacharyya.
Shri Promotho Nath Bisi.
Shri Byomkesh Chakravarty.
Shrimati Anila Debi.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Kali Charan Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Nar Bahadur Gurung.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Shaikh Mahammad Jan.
Shri Dhirendra Nath Moitra.
Shri Sudhindra Nath Mukherjee.
Shri R. S. Prasad.
Shri Lakshman Prodhan.
Dr. Biswaranjan Roy.
Shri Chittaranjan Roy.
Dr. Charu Chandra Sanyal.
Shri Subodh Sen.
Shri Jatindra Singha.
Shri Rabindralal Sinha.

COUNCIL DEBATES

Tuesday, the 6th October 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Tuesday, the 6th October 1964, at 1 p.m. being the twenty-third day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Chairman (Dr. PRATAP CHANDRA GUHA RAY) was in the Chair.

STARRED QUESTIONS
(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Application for permits of Cement

***134. Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the number of applications for permits for cement now pending before the Government;

(b) (i) the number of permits issued more than a month ago the supply not being made up till date,

(ii) the reason for the delay in such cases;

(c) what is the usual time taken by the Department before a permit is issued on an application;

(d) (i) what is the average annual requirement of the State with regard to cement,

(ii) what is the average actual supply received (average of last five years to be given); and

(e) what steps the Government have taken for a better supply of cement to this State ?

Shri Jagannath Kolay:

ফুড য়্যাণ্ড সাপ্লাই ডিপার্টমেণ্ট-এর কোয়েশ্চেনগুলোর উত্তর কাল দেব।

Mr. Deputy Chairman: This is postponed till tomorrow.

Pollution of water of the College-Square Tank

***135. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that the water of the College Square Tank is polluted by the daily unauthorised bathing and washing of dirty clothes by outsiders;

(b) whether there is any arrangement of draining out the polluted water and refilling up the tank by clean water; and

(c) if the answer to (a) be in the affirmative, whether the Government considers the desirability of posting a police there and taking other necessary measures to prevent the outsiders from polluting the water and to safeguard the health of the young boys and girls who learn swiming there ?

Shri Jagannath Kolay:

এটাও কালকে দেব।

Mr. Deputy Chairman:

কাল এটাও হবে।

Shri Jatin Chakravorty:

কাল তাহলে এক্সট্রা টাইম লাগবে।

Arrest of Rice Mill and Flour Mill Owners under D.I. Rules

***136. Shri Abdul Halim:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) how many rice mill owners, flour mill owners and other dealers in foodgrains have been arrested in each district of West Bengal, including Calcutta under D.I. Rules during the last six months;

(b) the names of the persons so arrested with the names of their firms; and

(c) how many of them have been (i) convicted, and (ii) detained ?

Mr. Deputy Chairman: This also relates to Food and Supplies Department. So this will be taken up tomorrow.

Shri Satya Priya Roy:

সবগুলোর উত্তর যদি কালকে হয় তাহলে কি কোশ্চন আওয়ার লেংথ্‌দেন হবে ?

Mr. Deputy Chairman:

উইথহেল্ড কোশ্চনগুলোর জন্য বেশী টাইম দেব।

Selling price of "Aus Paddy"

***137. Shri Abdullah Rasul:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government is aware that "Aus paddy" is selling at some markets including Memari Bazar in Burdwan district, at the rate of 44 seers for Rs. 13 the price fixed by Government for 40 seers;

(b) if so, whether there are any Government officials or co-operative agencies to detect such illegal transactions and to save the producers; and

(c) whether there is any co-operative society through which the producers can sell their stock of paddy at the rate fixed by the Government ?

Mr. Deputy Chairman: This question is also postponed.

Non-registered medical practitioners in West Bengal

***138. Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the approximate number of non-registered medical practioners in West Bengal;

(b) (i) if the Government has received any petition or resolution from their Association to give them some rights and privileges as Doctors,

(ii) if so, what steps the Government has taken in the matter; and

(c) if it is a fact that these doctors qualified themselves from non-registered medical schools or colleges before the partition of Bengal ?

Shri Jagannath Kolay: Sir, this question also may be held over.

Shri Satya Priya Roy:

হেলথ ডিপার্টমেণ্টও হল না ? তাহলে আজকে হাউস এডজোর্ন থাক কারণ কোন মিনিষ্টারই আজ প্রিপেয়ারড নয়। এই রকম ছেলেখেলা করে হাউস এর মর্য্যাদা নষ্ট করা উচিত নয়। আমরা তাহলে দেখছি যে এই সিটিং-এর জন্য ওঁরা প্রস্তুত নন। সেজন্যই বলছি আজ আমাদের হাউস এডজোর্ন হোক।

Mr. Deputy Chairman:

এগুলো তো কাল হবে।

Shri Satya Priya Roy:

আমাদের কোন প্রশ্নের উত্তরের জন্য ওঁরা প্রস্তুত নন। তাহলেই বোঝা যাচ্ছে যে এই সেসন-এর জন্য ওঁরা প্রস্তুত নন। সেজন্য আজকের সিটিং য়্যাডজোর্ন হোক।

Shri Jatin Chakravorty:

চিফ মিনিস্টার নেই বুঝলাম কিন্তু ফুড এণ্ড সাপ্লাইজ ডিপার্টমেণ্ট-এর স্টেট মিনিস্টার যিনি তিনি ফাইল ফেলে এলেন কেন ?

Shri Smarajit Bandyopadhayay:

ফাইল এখনও এসে পৌছায়নি।

Shri Jagannath Kolay:

ডিপার্টমেণ্টের কোয়েশ্চেনগুলোর ব্যবস্থা হচ্ছে যে এই কদিন ছুটি ছিল বলে এইরকম অসুবিধা হচ্ছে।

Shri Jatin Chakravorty: Sir, let it be made clear that tomorrow we shall get, extra time for these questions.

Mr. Deputy Chairman: Yes, I shall give you extra time for this.

Shri Jagannath Kolay: Sir, question No. 139 also may be held over.

Shri Jatin Chakravorty:

প্রফুল্লবাবু কোথায় গেলেন যে তাঁর সঙ্গে সঙ্গে সব প্রোসেশান করে গেছেন ?

Shri Satyapriya Roy:

স্যার, কোন মিনিষ্টার যখন হাউসে উপস্থিত নেই তখন আজ হাউস এডজোর্ন থাক।

State-trading in Foodgrains

***140. Shri Abdul Halim:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state whether it is a fact that the Government have prepared a scheme to start State-trading in foodgrains ?

(b) If the reply to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the details of the scheme; and

(ii) the approximate date when the scheme is going to be implemented ?

Mr. Deputy Chairman : This question is also postponed.

Private Fisheries

***141. Shri Abdul Halim :** Will the Hon'ble Minister-in-charge of the Fisheries Department be pleased to state—

(a) whether the Government has any scheme to take over the private fisheries in this State with a view to increase the production and supply of fish ; and

(b) if not, the reasons therefor.

Shri S. M. Fazlur Rahman : (a) The question of taking over private fisheries in this State with a view to increasing the production and supply of fish has been under the consideration of Government for some time past but has not yet been finalised.

(b) Does not arise.

Shri Abdul Halim :

মাননীয় মন্ত্রিমহাশয় কি অনুগ্রহ করে জানাবেন যে বর্তমানে ঐ সমস্ত ভেড়ীগুলো থেকে কত মাছ সাপ্লাই হয় ?

Shri S. M. Fazlur Rahman

কোন স্ট্যাটিসটিকস নেই কারণ ভেড়ীদার বা ট্যাঙ্ক কিসারি সরাসরি আমাদের হাতে নেই, কাজেই এটা বলা সম্ভব নয়।

Shri Abdul Halim :

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন একোয়ারের পর কত একর ভেড়ী আমাদের পজেসানে আসবে ?

Shri S. M. Fazlur Rahman :

প্রায় সতের স্কোয়ার মাইলস।

Shri Jatin Chakravorty :

মাননীয় মন্ত্রিমহাশয় 'এ' প্রশ্নের জবাবে বলেছেন যে তাঁরা চিন্তা করছেন ভেড়ীগুলি নেওয়া যাবে কি না এবং সেটা এজন্য চিন্তা করছেন যাতে মাছের প্রোডাকসন বাড়ান যায়। আমার প্রশ্ন হচ্ছে ভেড়ীতে তো ইলিস মাছ হয় না সুতরাং সে ইলিস মাছ বাড়ছে না কেন বা চালান বাড়ছে না কেন। আজকে দেখা যাচ্ছে ২৫ টাকা কিলো ইলিস মাছ বিক্রি হয়েছে, সুতরাং ভেড়ীতে যে মাছ হয় না সে ইলিস মাছের এত দর কেন বা তা বাড়ছে না কেন ?

Shri S. M. Fazlur Rahman :

ইলিস মাছ হ'ল নদীর মাছ সেটা কারুর এক্তিয়ার নয় অর্থাৎ তারা কারুর এক্তিয়ারের মধ্যে থাকে না বা কখন আসবে যাবে সেটাও কারুর ইচ্ছাতে বা ইঙ্গিতে আসবে না কাজে কাজেই ইলিস মাছ বাড়ানোর প্রশ্ন ওঠে না বা প্রডাকসান বাড়ান যাচ্ছেনা তবে আমরা পাকিস্তান থেকে সাপ্লাই বাড়ানোর চেষ্টা করছি।

Shri Jatin Chakravorty :

মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছে আমার প্রশ্ন ছিলো যে ভেড়ীগুলি নেবার পরিকল্পনা আপনারা করেছেন যাতে নাকি মাছের প্রডাকশান বাড়ান যায়, কিন্তু ইলিসমাছ তো ভেড়ীতে হচ্ছেনা সেটা হয় নদীতে সেটা বাড়াবার কি পরিকল্পনা করছেন ?

Shri S. M. Fazlur Rahman:

ভারতের অন্তরগত যে যে নদীতে ইলিস মাছ হয় সেখানে ইলিস উঠলেই তা বাজারে আসে তার বাইরে যেখানে মাছ ধরা পড়ে অর্থাৎ পাকিস্তান ইত্যাদি জায়গা থেকেও এখানে আসে তার সাপ্লাই কম বলে বাড়াবার চেষ্টা করছি।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন যে পাকিস্তান থেকে যে নুন ইলিস আসে আড়াই হাজার মণ করে ডেলি সেটা আপনার কোন আত্মীয়ের মারফৎ আসে কি না ?

Shri S. M. Fazlur Rahman:

সে প্রশ্নকর্তার আত্মীয়র মারফৎ আসে বলে শুনেছি, তবে আমি তা বিশ্বাস করি না।

Shri Satya Priya Roy:

আপনি প্রশ্নকর্তার আত্মীয়ের মারফৎ আসে শুনেছেন, আমার জিজ্ঞাস্য তিনি কে ?

Shri S. M. Fazlur Rahman:

শোনা কথার মূল্য নেই, আমি এটা বিশ্বাস করি না।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্নটা ছিল আপনার একজন আত্মীয়ের মারফৎ এই নোনা ইলিশ আসে একথা সত্য কি না ? এই প্রশ্নের হ্যাঁ বা না বলুন ?

Shri S. M. Fazlur Rahman:

আমার শোনা আছে যদি আসে তা ওঁর আত্মীয়ের মারফৎই আসে।

Shri Jatin Chakravorty:

যে ভদ্রলোকের মারফৎ আসে তিনি জাতীতে মুসলমান। আমার কোন আত্মীয় স্বজন মুসলমানের সঙ্গে আত্মীয়তা স্থাপন করেন নি। আমি জানাতে চাই যে ভদ্রলোকের সঙ্গে ওঁনার আত্মীয়তা আছে কি না ?

Shri S. M. Fazlur Rahman:

আমার যতদূর জানা আছে ও. জি. এল-এ যারা মাছ আনেন তাঁদের মধ্যে চক্রবর্তী বলে একজন আছেন।

[1-10—1-20 p.m.]

Shri Jatin Chakravorty:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আমি প্রশ্ন করেছি ঐ মাছ তাঁর কোন আত্মীয় মারফৎ এখানে আসে কি না ? সেটা তিনি বলুন হ্যাঁ বা না ।

Shri S. M. Fazlur Rahman:

আমি তো বলেছি না, তা আসে না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই সল্ট লেক রিক্ল্যামেশন-এর জন্য ভেড়ির এরিয়া কি কমে গেছে ?

Shri S. M. Fazlur Rahman:

হ্যাঁ, তা তো কমেছে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে এই সল্ট লেকে যতটা গিয়েছে, সে ছাড়া আরো কতকগুলি ভেড়ি রয়েছে, সেগুলি কালচারড হচ্ছে না এখন ?

Shri S. M. Fazlur Rahman:

সেটা হবার পরিকল্পনা অনতিবিলম্বে গ্রহণ করা হবে।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি জানেন যে এখন সেখানে কোন মাছের চাষ হয় না ?

Shri S. M. Fazlur Rahman:

ইরিগেশন ডিপার্টমেণ্ট ও সি. এম. পি. ও. থেকে সেটা যথারীতি ব্যবস্থা করবার জন্য ডাইরেক্ট ফারমিংএ আনবার চেষ্টা হচ্ছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন বাংলাদেশে বড় বড় ভেড়ির মালিকের সংখ্যা কত ? এ্যাপ্রক্সিমেটলি নাম্বারটা কত ?

Shri S. M. Fazlur Rahman:

অনেক আছে। তবে ভেড়ি বলতে গেলে এই কলকাতার পার্শ্ববর্তী অঞ্চল গুলিকেই আমরা ভেড়ি বলি, তাতে আমার অনুমান তার মালিক অনেক হবে। যা লাইসেন্স নিয়েছে তাতে অনুমান হয় একশোটার বেশী হবে না।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই যে বড় ভেড়ির মালিক—যাদের কথা উনি বললেন এর টোটাল আগের প্রশ্নের জবাবে বলেছেন ৭০ স্কোয়ার মাইলস ঐ এরিয়া এই বড় ভেড়ির মালিকদের, এই ৭০ স্কোয়ার মাইলস এরিয়ার মধ্যে কত স্কোয়ার মাইলস তাদের পজেসান-এ আছে ?

Shri S. M. Fazlur Rahman:

সেটা নোটিশ না দিলে এখন বলতে পারছি না।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই ভেড়ির মালিকদের মধ্যে আমাদের মন্ত্রিদের আত্মীয়স্বজন কয়জন আছেন ?

Shri S. M. Fazlur Rahman:

সেটা বিশেষ বিশেষ মন্ত্রীদের নাম করে নোটিশ দিলে বলতে পারবো।

Shri Amar Prasad Chakrabarty:

এই ভেড়িতে কত মাছ প্রোডাকসন হয় তার কোন স্ট্যাটিসটিকস আছে কী ?

Shri S. M. Fazlur Rahman:

আমার যতদূর জানা আছে পার বধা ৮ থেকে ১০ মণ মাছ হয়।

Shri Amar Prasad Chakrabarty:

সে মাছ কি ধরা পড়ছে এবং বাজারে আসছে ?

Shri S.M. Fazlur Rahman:

সেটা বাজারে ঠিক আসছে কি না সে সম্বন্ধে একটা অনুসন্ধান চলছে।

Shri Amar Prasad Chakrabarty:

ফিসারী ডিপার্টমেণ্টের কাজ যেটা মোটামুটি, আপনিও বহুবার এ্যানাউন্স করেছেন যে যাতে কলকাতা এবং আশে পাশের লোকে মাছ খেতে পারে তার বন্দোবস্ত আপনি করছেন, কিন্তু ফিসারী ডিপার্টমেণ্ট থেকে কি এ সংবাদ আপনারা রাখেন না বা খোঁজ নেন না যে কত মাছ পোডাকসন হয় এবং কতই বা বাজারে আসে ?

Shri S. M. Fazlur Rahman:

কিন্তু পর্যাপ্ত পরিমাণে আসে কি না বা যা আসা উচিত সেটা আসে কি না সে সম্বন্ধে অনুসন্ধান করা হচ্ছে। তবে মাছ আসে।

Shri Amar Prasad Chakrabarty:

আমাদের কলকাতার ডেলি রিকোয়ারমেণ্টস কত সেটা জানেন কি ?

Shri S. M. Fazlur Rahman:

হ্যাঁ জানি, তবে ঐ ভেড়ি থেকে যে পরিমাণ মাছ আসা উচিত তা আসে না।

Shri Amar Prasad Chakrabarty:

কত আসে তা তো আপনি বলছেন না। তাহলে তো বোঝা যায় আপনারা কি চিন্তা করছেন

Mr. Deputy Chairman: He is going to enquire into the matter.

Shri Amar Prasad Chakrabarty:

যেখানে বাজারে আমরা মাছ পাচ্ছিনা ২০।২৫৲ টাকা মাছের দর উঠেছে তাহলে আপনার ডিপার্টমেণ্ট বসে কি করছে ? আজকে বাজারে মাছের যে অবস্থা তা বক্তৃতা করে বোঝাবার দরকার নাই। এখন কোথাও মাছ পাওয়া যাচ্ছে না. কোথাও মাছ থাকলেও তা পুলিসের যোগসাজসে তলায় চলে যায়। স্যার দমদমের ঘটনার কথা আপনি জানেন। অথচ মন্ত্রিমহাশয় কতবার এ্যানাউন্স করেছেন তিনি তাড়াতাড়ি মাছের ব্যবস্থা করছেন। সেই জন্য আমার জিজ্ঞাস্য কোন এফেকটিভ স্কীম এ সম্বন্ধে সরকার নিয়েছেন কিনা এবং নিলে আমরা মাছ পাচ্ছি না কেন ?

Shri S. M. Fazlur Rahman:

কোন ব্যক্তিগত মালিকানায় কারো যদি ফিসারি থাকে, তাহলে সে কত মাছ উৎপাদন করবে বা কত মাছ বাজারে দেবে সেটা তার ইচ্ছার উপর নির্ভর করে। আর যদি সরকারের আওতায় থাকে, তাহলে কত উৎপাদন করা হবে এবং কত বাজারে আসবে তার একটা সুনির্দিষ্ট হিসেব দেওয়া যেতে পারে। কাজেই তারা কত মাছ উৎপাদন করে আর কত বাজারে দেবে তার হিসেব আমাদের জানা নাই। তবে যেখান থেকে যে মাছ আসে, তা পর্যাপ্ত পরিমাণে আসে না। তবে যতটুকু আসা উচিত, তা আসে না।

Shri Amar Prasad Chakrabarty:

স্যার, ইলিস মাছ সম্বন্ধে একটি প্রশ্ন করছি। এই সময় আগে আমাদের মোটামুটি পশ্চিমবঙ্গে কত ইলিস মাছ ধরা হতো ? বিশেষ করে কোষ্টাল এরিয়াতে কত ধরা হতো এবং এখন কত হয় ? এ সম্বন্ধে কোন স্ট্যাটিসটিক্স আপনার কাছে আছে কি ?

Shri S. M. Fazlur Rahman:

ইলিস মাছ সম্বন্ধে কোন হিসেব আমার কাছে নাই।

Shri Santosh Kumar Bhattacharyya:

কোলকাতা শহরে আমাদের ডেলি রিকোয়ারমেণ্ট মাছের কত, বা যেটা পূর্বে আসত সেই কোয়ানটিটি কত?

Shri S. M. Fazlur Rahman:

সাড়ে ৬ হাজার মণ, ৮ হাজার মণ হলে ঠিক হয়।

Shri Santosh Kumar Bhattacharyya:

৮ হাজার মণ যেটা রিকোয়ারমেণ্ট তার কত বাজারে আসছে তার খবর কি রাখেন?

Shri S. M. Fazlur Rahman:

নরম্যাল পিরিয়ডএ যেটা আসে তার ৪ থেকে ৫ হাজার মণ আসে। য়্যাবনরম্যাল পিরিয়ড ও লীন পিরিয়ড যেটা বলি সেটা মে থেকে অক্টোবর পর্যন্ত তার ২৫ পারসেণ্ট অর্থাৎ দেড় হাজার মণ থেকে ২ হাজার মণ, কোন সময়ে প্রায় আড়াই হাজার মণ আসে।

Shri Santosh Kumar Bhattacharyya:

এখন কত আসছে?

Shri S. M. Fazlur Rahman:

প্রায় পৌণে ২ হাজার থেকে ২ হাজার মণ।

Shri Amar Prasad Chakravorty:

রিসেণ্টলি পেপারএ দেখলাম যে পাঞ্জাব থেকে মাছ আনার ব্যবস্থা করছেন, এটা কবে নাগাদ কার্য্যকরী হবে?

Shri S. M. Fazlur Rahman :

ট্রান্সপোর্ট ফেসিলিটি সেণ্ট্রাল গভর্নমেণ্ট থেকে পেলে তখন এটা কার্য্যকরী করা যাবে।

Shri Amar Prasad Chakravorty:

বাজারে যে লোনা ইলিস বিক্রি হচেছ্ তার খবর রাখেন কি?

Shri S. M. Fazlur Rahman:

হ্যাঁ।

Shri Amar Prasad Chakravorty:

লোনা ইলিশের প্রাইস কত ফিক্স করেছেন?

Shri S. M. Fazlur Rahman:

এভারেজ ফিফটি মণ্ডস করে পাকিস্তান থেকে আসে। এর প্রাইস এর কোন ফিক্সেসান নেই

Shri Amar Prasad Chakravorty:

আমি জানি ১৫ টাকা করে ইলিশ বিক্রি হচ্ছে এবং আড়াই মণ করে যেটা যতীনবাবু বলছেন ও আমিও বাজার থেকে খবর নিয়ে এসেছি যে লোনা ইলিশ বিক্রি হচ্ছে এবং তার দাম সাড়ে ৪, ৫, সাড়ে ৬ টাকা। এটার আপনি প্রাইস ফিক্স করছেন না কেন?

Shri S. M. Fazlur Rahman:

সেটার বিবেচনা করা হচ্ছে।

Shri Narendra Nath Das:

আপনি কি জানেন যে কয়েকদিন ধরে লালগোলাতে যথেষ্ট ইলিশ মাছ পাওয়া যাচ্ছে? অথচ সেই মাছ কোলকাতায় আসছেনা। অর্থাৎ এই মাছগুলো লালগোলা টু ক্যালকাটার মধ্যে কোথায় যায়?

Shri S. M. Fazlur Rahman:

মাছ জল থেকে উঠলেই তাকে বাজার খুঁজে নিতে হবে। এটা নদীয়া জেলায় যেতে পারে মুর্শিদাবাদে যেতে পারে, কোলকাতায় আসতে পারে। অর্থাৎ মাছ যদি হয়ে থাকে তাহলে নিশ্চয় বাজার খুঁজে নেবে।

Shri Sreepada Bhattacharya:

যদিও ওর সঙ্গে আসেনা, তবুও আমি মন্ত্রিমহাশয়কে অনুরোধ করব দয়া করে এর উত্তর দেবেন কি না জানি না। বাজারে যেখানে পুলিশ থাকে কনট্রোল রেট মাছ বিক্রি করার জন্য সেখানে পুলিশ থাকা সত্বেও বেশী দরে মাছ নিতে হয়। এটা নিউ আলিপুরের ঘটনা। এটা সম্বন্ধে খোঁজ নেবেন কি?

Shri S. M. Fazlur Rahman:

মাননীয় সদস্য যে তারিখে খরিদ করেছেন সেই তারিখ দিয়ে যদি আমাকে একটা নোটিশ দেন আমি তার অনুসন্ধান করে তার যথারীতি ব্যবস্থা করব।

Shri Satya Priya Roy:

এটা কি শুধু তারিখ দিলে হবে না মাছওয়ালার কাছ থেকে মাছ কিনেছে তাও অভিযোগের মধ্যে দিতে হবে যে কার কাছ থেকে কতটা মাছ কিনেছে? এটা জানেন তো পুলিশের কমপ্লেণ্টস্ হয়, মন্ত্রীদের কাছে কমপ্লেন করা কি দরকার?

Mr. Deputy Chairman:

এসব না দিলে কমপ্লেণ্টটা কি করে হবে?

Shri Satya Priya Roy:

মন্ত্রিমহাশয় যে ভাবে উত্তর দিচ্ছেন তাতে এড়িয়ে যাচ্ছেন নিজের দায়িত্ব—এটা কেন?

Shri S. M. Fazlur Rahman:

এড়িয়ে যাচ্ছি না। প্রশ্নকর্তা এই প্রশ্ন করেছেন পুলিশের উপস্থিতিতে নির্ধারিত মূল্যের উর্দ্ধে মাছ বিক্রি হয়। বিক্রেতা যদি অপরাধ করে থাকে এবং পুলিশের উপস্থিতিতে যদি হয়ে থাকে তাহলে some sort of action should be taken against that police officer.

Shri Satya Priya Roy:

আমার কথা হচ্ছে একজন কাউনসিল মেম্বার তিনি নিজেই ব্যক্তিগতভাবে অভিযোগ করছেন, সেখানে কি তারিখ, মাছওয়ালার নাম এই সমস্ত খুঁটিনাটি দিয়ে অভিযোগ করতে হবে কেন?

Shri S. M. Fazlur Rahman:

আমি বলছি যে কোন্ তারিখে এই ঘটনা ঘটেছে পুলিসের উপস্থিতিতে তাহলে বুঝতে পারা যাবে ঐ তারিখে ঐ সময়ে কোন্ পুলিস অফিসার ছিলেন এবং তাহলে হি উইল বি টেকেন টু টাসক।

Shri Jatin Chakravorti:

আমাদের একজন ওপক্ষের মাননীয় সদস্য বললেন যে পুলিশের উপস্থিতিতে তাঁকে বেশী করে মাছ কিনতে হচ্ছে। এখানে আমার সাপ্লিমেণ্টারি হচ্ছে যে মন্ত্রিমহাশয়রা কি নির্দিষ্ট দরে মাছ পেয়ে থাকেন?

Shri S. M. Fazlur Rahman:

যদি পেয়ে থাকি তাহলে নির্দিষ্ট দরেই পেয়েছি।

Shri Jatin Chakravorti:

এই নির্দিষ্ট দরে কোন্ জায়গায় থেকে মাছ পাওয়া যায়?

Shri S. M. Fazlur Rahman:

মাছের বাজার থেকে।

Shri Jatin Chakravorti:

ও পক্ষের এস এল সির কাছ থেকে শুনলাম যে নির্দিষ্ট দরে মাছ পাননা এখানে আমার প্রশ্ন হচ্ছে যে আপনারা কি নির্দিষ্ট দরে বাজার থেকে মাছ কেনেন না নির্দিষ্ট দরে বাড়ীতে আপনাদের মাছ পৌছে দেয়?

[1-20—1-30 p.m.]

Shri S. M. Fazlur Rahman:

আমরা সব দিন মাছ কিনিনা সুতরাং সব দিনের কথা বলতে পারবো না। যেদিন সময় কুলায় সেদিন বাজারে যাই এবং কিউ দিই—লাইনে দাড়াই এবং সেদিন নির্দ্ধারিত দরে মাছ কিনি।

Shri Biswa Nath Mukherjee:

আপনি কি দৈনিক বাজারে যান? আমি একথা মন্ত্রিমহাশয়কে বলছি যে মাছের অত্যধিক মূল্যের জন্য অনেকেই অভিযোগ করছে, কিন্তু যারা মাছ খাননা তারা আবার অতিরিক্ত প্রশ্ন করছেন কেন?

(হাস্য)।

(নো রিপ্লাই)।

Shri Sreepada Bhattacharya:

আমি বলি যদি বেশী দরে মাছ না কিনি তা হলে বলবো কি করে? সুতরাং আপনি যদি আইনের কথা বলেন যে বিক্রী করবে তার দণ্ড হবে এবং যে কিনবে তারও দণ্ড হবে।

সুতরাং যদি মোটে না কিনি তা হলে অভিযোগটা করবো কি করে এটাই আমাকে বুঝিয়ে দিন ?

Shri S. M. Fazlur Rahman:

আপনি আপনার প্রশ্নে যেটা বলেছেন তা হল আপনি নিউ মার্কেটএর দোকানে কিনতে গিয়েছিলেন সেই মাছের দোকানের কাছে পুলিশ দাঁড়িয়ে ছিল কিন্তু তা সত্ত্বেও বেশী দরে মাছ বিক্রী হচ্ছে অথচ এর কোনো প্রতিকার হল না অর্থাৎ পুলিশ থাকলেও বেশী দরে মাছ বিক্রী হয় এবং এ ধরণের জিনিষ যাতে না হয় তার জন্যে আপনি আবেদন জানিয়েছেন, এই যে পুলিশ থাকা সত্ত্বেও অধিক দরে মাছ বিক্রী হচ্ছে—এই ইনডাইরেক্ট ওয়েতে পুলিশ অফিসার থাকাতে এরূপ হচ্ছে । কোন কর্মচারী এটা করেছে সেটা যদি জানেন অর্থাৎ কোন্ তারিখে এবং কোন্ সময়ে কিনেছেন সেটা উল্লেখ করলে কোন্ পুলিশ অফিসার উপস্থিত ছিলেন এবং তার উপস্থিতিতে কেন এই বেআইনী কার্য্য হয়েছে সেটা দেখা দরকার
He may be taken to task.

Shri Mohitosh Rai Chaudhury:

মাননীয় মন্ত্রিমহাশয়ের নিশ্চয়ই মনে আছে যে আমি বিভিন্ন বাজার সম্বন্ধে কমপ্লেণ্ট করেছি এবং সেইজন্য তিনি স্পেশাল একসান নিয়েছেন অর্থাৎ তিনি সেখানে পুলিশ পাঠিয়েছেন এবং যা করার তাই করেছেন। কিন্তু আমি দেখেছি সাধারণ লোক যারা বাজারে ঐ মাছ কিনতে এসেছে তারা পুলিশের ইনটারভেনসান্ ভয়ানক আপত্তি করেছে তারা বলেন যে গভর্নমেণ্ট এবং পুলিসের কি এ্যাটিচুড তা তারা জানেন. এক্ষেত্রে আমার জিজ্ঞাস্য মন্ত্রীমহাশয় কি এসব সংবাদ জানেন ?

Shri S. M. Fazlur Rahman:

এক শ্রেণীর লোক আছে যারা য়্যাকসান নেবার চেষ্টা করবেন কিন্তু কনটেমপ্লেসান সরকার কি কিছু করে রেখেছেন।

Shri Mohitosh Rai Chaudhury:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানেন যে বনডেল বাজারএ প্রতিদিন পুলিশের সামনে সর্বত্র বেশী দরে মাছ বিক্রী হয় এবং আমার চাকর প্রতিদিন এই ভাবে বেশী দরে মাছ কিনে আনে, আমি নিজেও গিয়েছিলাম মিউনিসিপাল মারকেট-এ সেখানেও তাদের এই অবস্থা দেখলাম, আমরা দেখেছি যে বনডেল মার্কেট-এ সর্বদাই মাছ পাওয়া কিন্তু তার দর হচেচ ৫।০ কি ৫।।০ আনা মন্ত্রিমহাশয় কি এ সংবাদ জানেন ?

(নো রিপ্লাই)

Shri Rabindralal Sinha:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার, মাছ আমরা পাচ্ছি না তবে আমরা তা পাবার চেষ্টা করছি কিন্তু প্রশ্ন হচেছ ন্যাসান'লাইজেশান অফ ভেড়ীস, তা থেকে কতদূর যাচ্ছি কোথায় এর ছেদ টানবো এটা আমি বুঝতে পাচ্ছি না।

Mr. Deputy Chairman:

আমাদের গ্রিভ্যান্স এত বেশী যে ছেদ টানা মুস্কিল।

Shri Jatin Chakravorti:

আমি একটা সাপ্লিমেণ্টারী করে ছেদ টেনে দিচ্ছি। আমার প্রশ্ন হচেছ মন্ত্রী মহাশয় বললেন তিনি নির্দিষ্ট দরে মাছ পান। ইদানীং কতদিন ঐ বাঁধা দামে মাছ পাননি বলে না খেয়ে আছেন ?

Shri S. M. Fazlur Rahman:
সব দিন পাই না তবে গত সপ্তাহে ২ দিন খেয়েছি।

Shri Amar Prasad Chakraborty:
স্যার, আমরা ছোটবেলা থেকে শুনে আসছি মাছে ভাতে বাঙ্গালী—স্যার, এখন এঁরা ভাত ও হরণ করেছেন, মাছও এরা হরণ করেছেন। তাহলে কবে এই মাছের সমস্যার সমাধান হবে, এই দুঃসহ অবস্থার অবসান হবে সে সম্বন্ধে মন্ত্রীমহাশয় কোন কিছু স্কীম করেছেন কি না?

Shri S. M. Fazlur Rahman:
আপ্রাণ চেষ্টা চলছে যাতে অনতিবিলম্বে এই মৎস্য সমস্যার সমাধান হতে পারে।

Shri Satya Priya Roy:
আগামী শীতকালের আগেই এই ভেড়িগুলি ন্যাশানালাইজেশন হয়ে যাবে কি?

Shri S. M. Fazlur Rahman:
এটা সেদিন মুখ্যমন্ত্রী মহাশয় বলেছেন এটা য়্যাকটিভ কনসিডারেসন অব দি গভর্নমেণ্ট আছে।

Shri Satya Priya Roy:
শীতকালের আগে এটা হবে কিনা বলতে পারেন?

Shri S. M. Fazlur Rahman:
আমি ডেফিনাইটালি ডেট বলতে পারছি না। তবে এটা সরকারের একটিভ কনসিডারেশন-এ আছে—একথা বলতে পারি।

Flats under C. I. T. Scheme

***139. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Housing Department be pleased to state—

(a) whether the construction of residential flats under the C.I.T. Scheme on the Bechulal Road, Entally, Calcutta, have been completed;

(b) if so,

(i) when it was completed; and

(ii) what is the total number of flats;

(c) what principle will be followed for allotment of these flats and by whom such allotment will be made; and

(d) the approximate date when the appropriate authority will invite applications for allotment of these flats.

hagendra Nath Das Gupta: (a) No.

(b) (i) Does not arise.

(b) (ii) 96.

(c) Allotment will be made by the Chairman of the Calcutta Imrovement Trust acting in accordance with such general directions as may be given to him by the Board of Trustees for the improvement of Calcutta. In making allotments all the pending applications from people belonging to Middle Income Group (for

which this Housing Estate is intended), will be taken into consideration on the basis of all relevant circumstances, such as the size of the family, the income of the family, the character and adequacy of present residential accommodation of the family and the availability or otherwise of the essential amenities, the rent paid and its relation to the paying capacity of the family, and the relative urgency of the requirement, and any other special circumstances.

(d) It is understood that the Calcutta Improvement Trust already has some thousands of applications pending, out of which selection will be made. Under the circumstances the Chairman of the Trust does not propose to issue an advertisment inviting applications.

Shri Jatin Chakravorti:

মাননীয় মন্ত্রিমহাশয় কি একটু ঐ দিকে গিয়ে দেখেছেন ঐ ফ্লাট গুল কমপ্লিটেড হয়েছে এবং ইলেকট্রিক কনেকসানও দেওয়া হয়েছে এবং সেগুলিতে বসবাসের উপযুক্ত অবস্থা হয়েছে, তিনি কি নিজে তা সরেজমিনে তদন্ত করে দেখেছেন?

Shri Khagendra Nath Das Gupta:

ঐ ফ্লাটগুলিতে আমি নিজে সরেজমিনে না গেলেও আমি জানি সেখানে যে ৯৬টা ফ্লাট তৈরী হচ্ছে, তার মধ্যে ৪৮টা কমপ্লিটেড হয়েছে; আর বাকী গুলি ইনকমপ্লিট আছে। এই বাকীগুলি শেষ না হওয়া পর্যন্ত ফ্লাটগুলি ডিসট্রিবিউট করা কঠিন হয়ে পড়ছে, সেখানে যাতায়াতের অসুবিধা আছে।

Shri Jatin Chakravorti:

মন্ত্রিমহাশয় স্বীকার করছেন যে ৪৮টি ফ্লাট সেখানে কমপ্লিট হয়েছে। আমি যদি বলি এটা কি অসত্য হবে যে এক বছরের উপর এই ৪৮টি ফ্লাটের ইলেকট্রিক কনেকসান ও সমস্ত এমেনিটিস-এর বন্দোবস্ত করা সত্ত্বেও এখন পর্যন্ত এই গৃহসমস্যার দিনে সেই ফ্লাটগুলি ফেলে রাখা হয়েছে?

Shri Khagendra Nath Das Gupta:

আমরা ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট এর কাছ থেকে যে ইনফরমেশন পেয়েছি, তা হচ্ছে এই যে ৪৮টি ফ্লাট ডিসট্রিবিউসান পসিবল হয়নি বাকীগুলি শেষ না হওয়ার দরুন। কেন না যাওয়া আসার অসুবিধা আছে। যাদের ফ্লাট দেব, তাদের যাতায়াতের পথ করে দিতে হলে ওখানে যে সব কনট্রাকটররা কাজ করছে তাদের কাজে অসুবিধা সৃষ্টি হবে বলে বন্ধ ছিল, ৯৬টি কমপ্লিট হবার পর এঁরা ডিসট্রিবিউসান করবেন ঠিক করেছেন।

Shri Jatin Chakravorti:

যে ৪৮টা ফ্লাট সেখানে কমপ্লিট হয়ে আছে তিনি নিজে সেগুলি সরেজমিনে তদন্ত করলে বুঝতে পারবেন। সেগুলি এখন য়্যালট করা যায়। কারণ একদিকে তৈরী হয়েছে এবং সেখানে যাতায়াতের রাস্তা আছে। সেই অবস্থায় তিনি যদি নিজে তদন্ত করে দেখেন যে সেগুলি এলটমেণ্ট করা যায় তাহলে তাড়াতাড়ি সেগুলি য়্যালটমেণ্টএর বন্দোবস্ত করবেন কি?

Shri Khagendra Nath Das Gupta:

ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট থেকে বাড়ী তৈরী হয়েছে। ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট বলছেন আমাদের ৯৬টা বাড়ী কমপ্লিট না হলে আমরা ডিসট্রিবিউট করতে পারি না। সুতরাং তাদের উপর আমাদের করার কিছু নেই।

Shri Sreepada Bhattacharyya:

আপনি কি বলবেন যে দরখাস্ত পড়েছে তার উপরেই এলট করবেন না আবার ফ্রেস দরখাস্ত করতে হবে?

Shri Khagendra Nath Das Gupta :

দরখাস্ত প্রায় ১০ হাজার পড়েছে, আর নূতন করে এডভারটাইজমেণ্ট করা হবে না।

Shri Sreepada Bhattacharyya :

এডভারটাইজমেন্ট না হয়েই কি এই দরখাস্ত পড়েছে।

Shri Khagendra Nath Das Gupta :

আমার কাছে যে ইনফরমেশন ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট থেকে এসেছে তাতে দেখছি
the usual applications are pending
এই এলটমেণ্ট সম্পর্কে বোধ হয় আগে একটা এডভারটাইজমেণ্ট বেরিয়েছিল।

Dr. Ismail Ebrahim :

আপনি কি বলবেন যে ইমপ্রুভমেণ্ট ট্রাষ্ট এর যে বস্তী ইমপ্রুভমেণ্ট-এর কাজ ছিল, নূতন নূতন রাস্তা বার করবেন, কিন্তু সেই বস্তীর জন্য
whether it is done at the cost of improvement of Calcutta or it is a supplement to it.

Shri Khagendra Nath Das Gupta :

এটা ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট এর মধ্যে পড়ে। এতগুলো বাড়ী ক্যালকাটার উপর তৈরী হয়েছে যাদের বাড়ী ক্যালকাটায় নেই তাদের ভাড়া দেবার জন্য ক্যালকাটা ইমপ্রুভমেণ্ট ট্রাষ্টকে ওয়েষ্ট বেঙ্গল গভর্নমেণ্টএর জন্য লোন দিয়েছে এবং সেই লোনের টাকা দিয়ে এসব হচ্ছে।

[1-30—1-40 p.m.]

Alleged killing of five migrants at Tiruvally Railway Platform

*118. **Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether the Government have any information that five migrants from East Pakistan were killed by police on the Tiruvally Railway Platform in Orissa in May last;

(b) if so—

(*i*) whether the State Government have ascertained the causes leading to firing;

(*ii*) whether they have had any correspondence with the Union and the Orissa Governments in this regard; and

(*iii*) if so, the result of the correspondence ?

Held over question No. *118

Shri Narendra Nath Das :

সেদিন মিনিস্টার থাকা সত্ত্বেও জবাব দেননি।

Shri Jagannath Koley :

এখন জবাব নেই, কলেক্ট করতে হবে—এইটথ দেব।

Shri Narendra Nath Das :

টেবল-এর উপর দেওয়া হয়েছে, রিপ্লাই আমি দেখেছি এবং কি রিপ্লাই আছে আমার কাছ থেকে শুনুন।

Shri Jagannath Koley :

সাপ্লিমেণ্টারির জন্য মিনিস্টার বলছেন ৮ তারিখে।

Shri Jatin Chakraborty :

সেদিন তিনি ছিলেন। আমি দেখেছি এক জায়গায় বসে তিনি দুপুর বেলা লাঞ্চ করছিলেন অথচ তিনি হাউস-এ আসেন নি। এটা কি কথা কোয়েশ্চেন-এর জবাব দিয়েছেন, অথচ প্রশ্ন করা যাবে না? এক জায়গায় দেখা গেল তিনি বেশ পরিপাটি করে মৎস সহযোগে আহার করছিলেন। কিন্তু প্রশ্ন হচ্ছে তিনি হাউসে এসে আহারাদি করেছেন, জবাব দিয়েছেন কিন্তু সাপ্লিমেণ্টারির সময় বলছেন ইনফরমেশন আসেনি—এটা কেন? তিনি এবং কংগ্রেস কমিটির সাধারণ সম্পাদক একসঙ্গে গাড়ী করে এখান থেকে বেরিয়ে গেলেন তাত দেখলাম। অথচ আমরা কোশ্চেনএর জবাব পেলাম না, আর আজ বলছেন ৮ তারিখে—কিন্তু কেন?

Shri Satya Priya Roy:

অন এ পয়েণ্ট অফ প্রিভিলেজ, স্যার, মুখ্যমন্ত্রী অনেকদিন হাউসে আসছেন না। এসেম্বলি আজ নেই বলে আমরা অন্ততঃ আশা করেছিলাম যে গ্যালাক্সি অফ মিনিস্টারস্ এই হাউস আলো করবেন। কিন্তু সেই গ্যালাক্সির আমরা কাউকে দেখতে পাচ্ছি না এবং সমস্ত প্রশ্নগুলো হেল্ড ওভার হয়ে থাকছে। এটাতে হাউস-এর ডিগনিটি ইমপেয়ার করে কিনা সেটা আপনি বিবেচনা করে দেখে

You should admonish the Ministry.

Ceramic Factories in the State

***126. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Cimmerce and Industries Department be pleased to state—

(a) the number of Ceramic Factories in the State in 1961, 1962 and 1963;

(b) the number of workers employed in the Ceramic Industries—

(*i*) male, and

(*ii*) female,

in 1961, 1962 and 1963;

(c) whether the Government had any information that the Ceramio Industry is facing competition from Kerala and Bangalore in regard to quality of products;

(d) if so—

(*i*) whether the Government has ascertained the causes thereof;

(*ii*) what steps have taken by the Government to improve the quality of Ceramio articles produced in the State; and

(*iii*) whether the Government have any Scheme to supply adequate raw materials at least to Small Scale Ceramic Industries ?

Shri Ardhendu Shekhar Naskar :

(a) In 1961—43
In 1962—45
In 1963—48

(b) 1961—(*i*) male 7,708
(*ii*) female 1,037

1962—(*i*) male 8,137
(*ii*) female 1,048

1963—(*i*) male 8,609
(*ii*) female 962

(c) No.

(d) Does not arise.

Supply of milk from Haringhata and Belgachia Dairies

***130. Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Animal Husbandry and Veterinary Department be pleased to state—

(a) the average quantities of milk of different categories supplied daily from the Haringhata and Belgachia Dairies respectively, during 1963 and 1964 ;

(b) whether it is a fact that —

(*i*) the supply of milk has been diminished this year in comparison with the previous year,

(*ii*) there has been a change in the quality of milk supplied now so far as fat contents are concerned in comparison with the year 1963, and

(*iii*) open sale of milk has been stopped from the depots to persons without cards;

(c) if so,

(*i*) the reasons therefor; and

(*ii*) when the Government will be in a position to restore the old supply, quantitatively and qualitatively ?

Shri S. M. Fazlur Rahman :

(a) The average quantity of milk of different categories supplied daily from the Government Dairies during 1963 and 1964 are as follows :

1963—Cow milk—14,991 litres.
Toned milk—53,363 litres.
Double toned milk—736 litres.
Total—69,090 litres.

1964—(Up to 31st August 1964)

Cow milk—16,700 litres.
Toned milk—42,508 litres
Double toned milk—20,761 litres.
Total—79,969 litres.

The milk is collected at Haringhata and processed at Belghachia.

(b)(i) There has been no reduction in total milk supply this year compared to that in the last year, as will appear from the figures quoted against item (a) of the question.

(*ii*) Since 11th May 1964 due to acute short-fall in the procurement from rural production centres, cow milk is being supplied after standardisation to 3 per cent. butter fat in place of normal butter fat content of 4.4 per cent. After from this, there has been no change in the quality of other kinds of milk.

(*iii*) No.

(c)(i) The question of restoring quantitatively the old supply does not raise in view of the reply to items No. (a) and (b) of the question. In regard to qualitative character of the supply it is difficult to state at this stage when it will be possible to resume normal supply of cow-milk in place of standardised cow-milk. The resumption will depend on the question of increase in the procurement of cow-milk from rural areas.

[1-40—1-50 p.m.]

Shri Narendra Nath Das :

মন্ত্রিমহাশয় কি জানাবেন সুরভী থেকে আগে যে ঘি মাখন ইত্যাদি সাপ্লাই করা হতো, সেটা এখন কেন বন্ধ করা হয়েছে?

Shri S. M. Fazlur Rahman :

আগে হতো ঠিকই, কিন্তু পুরাপুরিভাবে তা বন্ধ করা হয় নাই। তবে বিশেষ প্রয়োজনে সেটা বন্ধ করা হয়েছে।

Shri Narendra Nath Das:

এই টৌনড মিল্ক থেকে আপনারা যে কিছুটা ফ্যাট কনটেণ্ট তুলে রাখেন, সেই ফ্যাট কনটেণ্ট দিয়ে কি হয়?

Shri S. M. Fazlur Rahman :

যেটা কাউমিল্ক সেটায় হলো ৪.৪ পারসেণ্ট আর সেই কাউ মিল্ককে স্ট্যাণ্ডার্ড করে ৩ পারসেণ্ট হলো ফ্যাট যেটা আছে, সেটা রাখা হয় বাটার পার্ট। আর প্রোটিন এবং মিল্ক সুগার যা থাকে, তা ঠিকই থাকে এবং এই স্ট্যাণ্ডার্ডইজড মিল্ক যেটা সেটা অল ওভার দি ওয়ারল্ড চালু আছে। এটা ইজিলি ডাইজেস্টবল তবে আমরা গরুর দুধ খাওয়াতে অভ্যস্ত বলে ৪.৪ পারসেণ্ট এর জন্য লোকের চাহিদা বেশী। আর অন্য বাফেলো মিল্ক যেটা স্ট্যাণ্ডার্ড করে টৌনড করে যেটা করা হয় সেটাতেও ফ্যাট কনটেণ্ট ৩ পারসেণ্ট দাঁড়ায়। সেটা বেশী ছিল, কম করা হয়। এটা ডিক্যাটিং প্রসেসের জন্য মিল্কটা টৌণ্ড থেকে ডাবল টৌনড এবং পিওর কাউ মিল্ককে স্ট্যাণ্ডারডাইজড করায় কাউ-মিল্কএর পরিমাণ বাড়ে। কাজে কজেই এর ফ্যাট কনটেণ্টটা ইউটিলাইজড করা হয় ইন দি প্রোসেস অব ইনক্রিজ্ অব দি কোয়ানটিটি এবং কোয়ানটিটেটিভ ভেলুতে সেটা সাপ্লাই হয়। কাজেই সারপ্লাস থাকে না—সেজন্য বাজারে দেওয়া হয়।

Shri Narendra Nath Das:

আগে কিভাবে ঘি ও মাখন বাজারে দেওয়া হতো?

Shri S. M. Fazlur Rahman :

আমি তো বলেছি যখন কাউ মিল্ক ছিল, স্ট্যাণ্ডারডাইজড কাউমিল্ক তখন ছিল না। তখন ৪.৪ পারসেণ্ট ফ্যাট ছিল। এখন সেটা ডিক্যাটিং করে ৩ পারসেণ্ট করতে গেলে কোয়ানটিটি বাড়ে

তাতে কোয়ালিটি ঠিকই থাকে। য়্যাকরডিং টু নিউট্রিশন এক্সপার্টস তাদের অভিমতে ৩ পারসেণ্ট হলে কাউ মিল্ক চলে এবং সেটাই থাকে। কাজে কাজেই যেহেতু যে দুধটা স্ট্যাণ্ডারডাইজড হচেছ, তার কোয়ানটিটি বাড়ছে। কিন্তু ফ্যাটটা ডিফ্যাটিং করে সেটা সারপ্লাস ফ্যাটটা আদার ইউজ-এর জন্য যেমন বাটার হিসেবে ইউজ করা হয়,

That is used for the process of standardisation.

Shri Jatin Chakravorti:

আপনাদের যিনি মিল্ক কমিশনার, ইনটারন্যাশনাল মিল্ক সেণ্টার যা আছে, তার যারা বিশেষজ্ঞ তাঁরা আপনাদের মিল্ক কমিশনার সম্পর্কে সুখ্যাতি করেছেন এবং বিভিন্ন ইনটারন্যাশনাল পেপারএ তাঁর স্কীম সম্পর্কে বহু সুখ্যাতি করেছে। এখন আমার প্রশ্ন হচেছ তিনি যে সমস্ত স্কীম দিয়েছেন দুধের কোয়ালিটি বাড়াবার জন্য এবং কোয়ালিটি বাড়াবার জন্য, সেই স্কীম গুলি চালু করবার জন্য আপনাদের পক্ষ থেকে বা আপনাদের যাঁরা অফিসিয়ালস আছেন বিশেষ করে ফাইন্যান্স ডিপার্টমেণ্ট-এর পক্ষ থেকে কতকগুলি বাধা স্বষ্টি করা হচেছ কিনা— যার ফলে সেই মিল্ক কমিশনার আপনাদের ওখান থেকে চলে যেতে চাইছেন?

Shri S. M. Fazlur Rahman:

তাঁর চলে যাবার প্রশ্ন উঠে না। এক্সপার্ট হিসেবে তাঁকে বলা যায়

he is one of the best expert in Asia. Dr. S. C. Roy

এর ওপিনিয়ন খুব ভাল এবং তার মতামত নিয়ে কাজ করা হয়। কিন্তু কোন একটি স্কীম কার্য্যকরী করতে গেলে, গভর্নমেণ্টের যে প্রসেস আছে, সেই প্রোসেসএর থ্রু যেতে হবে। হয়ত সেই কারণে ফাইনান্স ডিপার্টমেণ্ট কোন সময় কোয়েরী করেন তার জন্য ডিলেড হয়। কিন্তু দ্যাট ডাস নট মিন তার স্কীমটা বানচাল করবার জন্য কিছু করা হয়েছে। মাঝে মাঝে এই রকম ডিফিকালটি হয় এই কথা স্বীকার করি। তবে যদি কোন অফিসার তাঁর কাজটা তড়িৎগতিতে করতে না পারলে তাঁর মনে ক্ষোভ হয়, দুঃখ হয় দ্যাট ডাস নট মীন যে তিনি চাকরী ছেড়ে চলে যাচেছন। এই রকম কিছু হয়নি।

Shri Jatin Chakravorti:

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যে তিনি নিজে এমন কোন পরিকল্পনা নিয়ে চলেছেন যাতে বাংলা দেশের মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত সমাজ তারা দুধ ঘি ও মাছ থেকে বঞ্চিত হয়ে ধ্বংসের পথে যায়?

Shri S. M. Fazlur Rahman:

আপনার ঐ পরিকল্পনা এখনো আপনার মস্তিস্কে আছে, প্রকাশ্যে প্রকাশিত হয়নি এবং মন্ত্রীও তা গ্রহণ করেন নাই।

Shri Jatin Chakravorti:

আপনার মিল্ক কমিশনারের যে সমস্ত পরিকল্পনা দুধ ঘি বাড়াবার জন্য এবং কলকাতা শহরের মধ্যবিত্ত ও নিম্নমধ্যবিত্ত সমাজ প্রচুর পরিমাণে দুধ যাতে পায় এবং মফঃস্বল থেকে দুধ ঘি নিয়ে আসবার যে কথা, বাইরে খাটালগুলি অপসারণ করার কথা এই সমস্ত পরিকল্পনাগুলি কার্য্যে পরিণত করবার জন্য মন্ত্রী মহাশয় কি ব্যবস্থা অবলম্বন করেছেন?

Shri S. M. Fazlur Rahman:

আমরা সর্বপ্রকার ব্যবস্থা অবলম্বন করছি এবং সেগুলি ত্বরান্বিত করা হচেছ ও হবে।

Shri Amar Prasad Chakraverty:

আপনি তো বলছেন সব ত্বরান্বিত করছেন, সর্বরকম প্রচেষ্টা করছেন, কিন্তু একটা আপনি দেখুন এ পর্যন্ত দুধের ব্যাপারে, মাছের ব্যাপারে কোনটারই সমাধান করতে পারেন নাই এর আগেও

আপনি এ্যাসিওরেন্স দিয়েছেন, অথচ দুধের কোয়ানটিটি আজকে আপনারা কমিয়ে দিয়েছেন, আমরা দুধ পাচ্ছি না, সেই দুধের কোয়ানটিটি আপনি কতদিনে রেসটোরড করবেন বলবেন কী?

Shri S. M. Fazlur Rahman :

আপনি দেখেছেন খবরের কাগজে বিজ্ঞপ্তি দেওয়া হয়েছে সেটা কারটেল করা হয়েছিল, সেটা রেসটোরড করা হচ্ছে।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন কলকাতা থেকে সমস্ত খাটাল অপসারিত হয়েছে?

Shri S. M. Fazlur Rahman :

হচ্ছে। তিনটা ওয়ার্ডে সাইমালটেনিয়াস ওয়ার্ক চলছে। যেখানে বেশীসংখ্যক গবাদিপশু আছে, সেখানে চলছে, এই খাটাল অপসারণ কাজেও পুলিসের সাহায্য দরকার হয়। এটা স্বগিত নাই কার্য্যকরী হচ্ছে অনতিবিলম্বে এটা শেষ হবে একথা নিশ্চয় করে আমি বলতে পারি।

Shri Narendra Nath Das:

মোটামুটি একটা টারগেট ডেট দেবেন কি?

Shri S. M. Fazlur Rahman :

ডেট ফিক্স করা যায় না, তবে এই মাসের মধ্যে হবে।

Shri Jatin Chakravorti:

মাছ ও দুধ সমস্যার ব্যাপারে আপনি যে শোচনীয় ব্যর্থতার পরিচয় দিয়েছেন তাতে আর অন্য কোন এফিসিয়েণ্ট এই মন্ত্রীমণ্ডলীর মধ্যে আছেন তাঁর হাতে ভার দেবার কথা চিন্তা করবেন কি?

Shri S. M. Fazlur Rahman :

একমাত্র এফিসিয়েণ্ট ব্যক্তি যতীন চক্রবর্ত্তী বলে মনে করি।

Shri Santosh Kumar Bhattacharyya:

এই যে মিল্ক ডিপোগুলি করেছেন এই মিল্ক ডিপোগুলিতে চোরাকারবারী চলছে এই খবর কি রাখেন?

Shri S. M. Fazlur Rahman :

না এইরকম খবর আমার কাছে নেই, তবে একটা খবর পেয়েছিলাম তার যথারীতি ব্যবস্থা অবলম্বন করা হয়েছে।

Shri Santosh Kumar Bhattacharyya:

আপনাকে আমি বলছি এই যে মিল্ক ডিপোগুলিতে যাঁরা মিল্ক কার্ড নিয়ে যান তাঁদের ভোরবেলা দেড় ঘণ্টা দু ঘণ্টা দাঁড়িয়ে থাকার পর বলা হয় যে নেই। প্রায় সমস্ত ডিপোতেই এই কমপ্লেন আমার বাড়ীতেও এই কমপ্লেন সেখানে দেখা যায় কিছুক্ষণ পর নূতন কিছু লোক ব্যাগ নিয়ে এসে দুধ নিয়ে যায় বোতল নিয়ে আসে না। অর্থাৎ তারা যথারীতি গোপনে দুধ নিয়ে যায় মিল্ক ডিপো থেকে আর যাদের কার্ড আছে তাঁরা ঘণ্টার পর ঘণ্টা দাঁড়িয়ে দুধ পান না। এইরকম নির্দিষ্ট অভিযোগ যদি দেওয়া হয় তাহলে আপনি ব্যবস্থা অবলম্বন করবেন কি?

Shri S. M. Fazlur Rahman :

একশোবার।

Shri Rajkumar Chakrabarty :

অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ স্যার, এখানে নিয়ম হচ্ছে অন্তত ১৫।২০ মিনিট আগের প্রশ্নের উত্তর দেওয়া। এটাতে অনেক ফিগারস ছিল, কিছুই ধরতে পাচ্ছিনা হঠাৎ উনি এই রকম যদি ৪০।৫০ হাজার ফিগার দিয়ে উত্তর দেন তাহলে আমাদের পক্ষে অসুবিধা হয়।

Mr. Deputy Chairman : Answers to these questions should be placed on the table earlier.

Application for permits of Cement

***134. Shri Rajkumar Chakraborty :** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) the number of applications for permits for cement now pending before the Government.

(b) (i) the number of permits issued more than a month ago the supply not being made up till date,

(ii) the reason for the delay in such cases;

(c) what is the usual time taken by the Department before a permit is issued on an application;

(d) (i) what is the average annual requirement of the State with regard to cement,

(ii) what is the average actual supply received (average of last five years to be given); and

(e) what steps the Government have taken for a better supply of cement to this State ?

Shri Smarajit Bandyopadhyay : (a) 19,478 at headquarters at 11A, Free School Street, Calcutta. The figures in respect of the districts are not readily available.

(b) (i) No such cases have been brought to the notice of the Directorate of Consumer Goods under the Food and Supplies Department of this Government.

(b) (ii) Does not arise.

(c) Usually about a year.

(d) (i) 14,00,000 metric tonnes.

(d) (ii) 4,69,900 metric tonnes (average of the years 1959 to 1963).

(e) The Government of India have been requested from time to time for augmenting allotment according to the demands and also to arrange for full supply of the alleged quantity.

Shri Rajkumar Chakraborty :

আপনি (বি) (২)তে বললেন ডিলে এক মাসের বেশী হয়না, একমাসের মধ্যে পারমিট পায়না এটাই কি বললেন?

Shri Smarajit Bandyopadhyay :

য়্যাবাউট এ ইয়ার বলেছি।

Shri Rajkumar Chakraborty :

এক বৎসর দেরী কেন হয়?

Shri Smarajit Bandyopadhyay :

ডিলে হয় তার প্রথম নম্বর কারণ হচ্ছে গভর্নমেণ্ট অব ইণ্ডিয়া থেকে আমাদের যা এলটমেণ্ট হয় তা it falls far too short

আর দ্বিতীয় হচ্ছে কতকগুলি প্যারাফারনেলিয়া আছে তার মধ্যে দিয়ে যেতে হয়। যেমন ইনকোয়ারি করতে হয় প্ল্যান দেখতে হয়, ইউটিলাইজেশন সার্টিফিকেট দিতে হয়। এই ভাবে এই সব কারণে দেরী হয়।

Shri Rajkumar Chakraborty :

কি প্রিন্সিপলে পারমিটগুলো মঞ্জুর হয়, প্রায়রিটি অফ টাইম নাকি?

Shri Smarajit Bandyopadhyay :

সাধারণত প্রায়রিটি অফ টাইম, তবে আরজেন্সী অনুযায়ী আবার বিশেষ প্রায়রিটি দেওয়া হয়—যেমন এডুকেশনাল ইনষ্টিটিউশান পাবলিক ইনষ্টিটিউশান ইত্যাদি।

Shri Jatin Chakravorti:

আপনি কি জানাবেন রডন ষ্ট্রীট, ক্যামাক ষ্ট্রীট-এ ভুয়ালকা কোম্পানী, আমাদের রামকুমার ভুয়ালকা যার সঙ্গে জড়িত, ৭।৮।১০তলা ফ্ল্যাট সিসটেমএ বাড়ী তৈরী করে ১২ হাজার টাকায় ভাড়া দিচ্ছেন সেই বাড়ীগুলো এত তাড়াতাড়ি সিমেণ্ট কোথা থেকে পাচ্ছে যাতে তারা তাড়াতাড়ি তুলে ফেলেছে? অথচ মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত, কিম্বা ছোট ছোট বাঙালী কম্পানী কারখানা করতে চায় তারা তো ঠিক সময় পাচ্ছে না। সুতরাং কোন্ নীতির ভিত্তিতে এদের এগুলি দেওয়া হচ্ছে?

[1-50—2 p.m.]

Shri Smarajit Bandyopadhyay :

প্রায়রিটি অনুসারে দেওয়া হয় এই কথা বলতে পারি। প্রায়রিটি অফ এ্যাপলিকেসান।

Shri Amar Prasad Chakravorty:

কদিন আপনাদের টাইম লাগে?

Shri Smarajit Bandyopadhyay :

এক বৎসর প্রায় লাগে।

Shri Amar Prasad Chakravorty:

মাননীয় মন্ত্রিমহাশয়কে যদি বলা হয় যে এরূপ দরখাস্ত আছে, তাদের এক সঙ্গে দরখাস্ত হয়েছে কিন্তু তারমধ্যে কতকগুলি কেস বেরিয়ে এসেছে এবং কতকগুলো হয়নি এবং ৩।৪ বৎসর ধরে পড়ে আছে এখনও হয়নি বা এনকোয়ারীও হয়নি, কোন খবর পাওয়া যায় না। সেগুলি কি রিভিউ করবার কোন বন্দোবস্ত আছে। আপনাদের ডিপার্টমেণ্ট যে একবৎসর হলে প্রায়রিটি অনুসারে তা মেনটেন করা সেটা করেন কিনা সে সমস্ত রিভিউ করে অফিসার যা ইচ্ছা সেটা করেন সেটাই কি মেনে যান?

Shri Smarajti Bandyopadhyay :

ডাইরেক্টার অফ কনজিউমার গুডস তিনি এটা করে থাকেন। তারপর আপনার যদি অন্য কোন স্পেসিফিক কমপ্লেণ্ট থাকে যে প্রায়রিটি না মেনে দেওয়া হয়েছে সেটা দিলে আমি দেখব।

Shri Amar Prasad Chakravorty:

যতীনবাবু যে কথা বললেন এছাড়াও আমি কতগুলির কেসের কথা জানি। যারা নিম্নমধ্যবিত্ত বাড়ী করবার জন্য সরকারের কাছে দরখাস্ত করেছে এরূপ কয়েকটা খবর আমার জানা আছে যে তারা সিমেণ্ট পায়নি।

Shri Smarajit Bandyopadhyay :

এরূপ অভিযোগ থাকলে নিশ্চয়ই দেখবো।

Shri Nirmalya Bagchi : What is the total requirement of cement in a year and what is the allotment from the Central Government ?

Shri Smarajit Bandyopadhyay : Against the demand of 3,50,000 tons of the State a quota of 1,34,400 tonnes is allotted to West Bengal. Everything lies with the Government of India with regard to cement.

Shri Narendra Nath Das:

আপনি বলেছেন যে প্রায়োরিটি অনুসারে দেওয়া হয়, কিন্তু প্রসঙ্গতঃ বলেছেন যে স্পেশাল কেস যে সমস্ত সেগুলো আগে দেওয়া হয় যেমন স্কুল বিল্ডিং ইত্যাদি। এখন একজন স্কুলের জন্য দরখাস্ত করলেন এবং অপর দিকে রামকুমার ভাওয়ালকা দশতলা বিল্ডিং-এর জন্য দরখাস্ত করলেন কাকে আপনি আগে দেবেন স্কুল বিল্ডিংকে দেবেন না তাকে দেবেন?

Shri Smarajit Bandyopadhyay :

আমি আগেই এর উত্তর দিয়েছি। পাবলিক ইনষ্টিটিউসনকে আগে দেওয়া হয়ে থাকে।

Shri Narendra Nath Das:

এই সমস্ত সিমেণ্ট যা য়্যালটমেণ্ট হয় তা কোয়াটাবলি দেবার কোন বন্দোবস্ত আছে যাতে ল্যাপস না হয়, কারণ এরূপ ল্যাপস হওয়ার কথা আমি শুনেছি?

Shri Smarajit Bandyopadhyay :

সিমেণ্ট যেটা আসে সেটা অনেক কম আসে এবং এলট হলেও ওয়াগনের ডিফিকালটিসের জন্য দেরীতে আসে এবং সেজন্যই এ অসুবিধা ভোগ করতে হয়।

Shri Narendra Nath Das:

মন্ত্রিমহাশয় কি জানেন—যতীনবাবু যে প্রশ্ন করেছিলেন ও যার ব্যাপারে আমাদের মুখ্যমন্ত্রী জবাব দিয়েছিলেন যে ৪০০ টন দেওয়া হল ঐ প্রতিষ্ঠানকে কথা হল যে এটা কি ল্যাপস করে যাচ্ছিল এবং এটা কি তারা দয়া করে নিয়েছেন এ ব্যাপারটা কি এবং এ ধরণের যে উক্তি আমাদের সামনে করলেন তা থেকেই আমি প্রথম জানলাম যে ল্যাপস হয়ে যায় এবং সিমেণ্ট কম এ্যালোটেড হওয়া সত্বেও ল্যাপস করে যায়।

Shri Smarajit Bandyopadhyay :

এরূপ একটা স্পেসিফিক কেস হয়েছিল এবং মুখ্যমন্ত্রী তাঁর ডিসক্রিশান দিয়েছেন।

Shri Rajkumar Chakraborty :

মন্ত্রিমহাশয় কি জানেন যে সিমেণ্টের সঙ্গে গঙ্গামাটি এবং অন্যান্য জিনিষ মেশানো হয় এবং ওটা কোন্ ষ্টেজে বা কোন্ প্রসেসে হয়?

Shri Santosh Kumar Bhattacharyya:

ওটা নেপাল রায় করে থাকেন।

Shri Smarajit Bandyopadhyay :

এরূপ কোন অভিযোগ আমাদের কাছে নেই।

Shri Jatin Chakravorti:

এটার জবাব আমি দিচ্ছি কারণ মন্ত্রীমহাশয়ের হয়ত ঠিক জানা নেই। যেমন অনেক জায়গায় জল মিশ্রিত দুধ বিক্রয় হয় এবং তাতে যদি সাইন বোর্ড দেওয়া থাকে তা হলে যে ভেজাল আইনে ধরা পড়ে না। আমি নেপালচন্দ্র রায়কে জিজ্ঞাসা করেছিলাম তিনি আমাকে বলেছেন যে এখানে গঙ্গামাটী মিশ্রিত সিমেন্ট বিক্রয় হয় সুতরাং ঐরূপ সাইনবোর্ড দিয়ে বিক্রী করার মতন হয় সেইজন্য নাকি ভেজাল আইনে পড়ে না।

Mr. Deputy Chairman : Questions are over.

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table.)

Tube-wells in Manickchak police-station, Malda

103. Shri Pashupati Jha :

স্বাস্থ্যবিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার অন্তর্গত মাণিকচক থানায় পানীয় জলের জন্য কতগুলি নলকূপ আছে;

(খ) উক্ত নলকূপগুলির কতগুলি বর্তমানে চালু অবস্থায় আছে;

(গ) যেগুলি চালু অবস্থায় নাই সেগুলি কত দিন হইতে খারাপ হইয়া পড়িয়া আছে এবং কোন্ অঞ্চলে তাহাদের অবস্থিতি; এবং

(ঘ) অকেজো নলকূপগুলি কতদিনে চালু করা হইবে?

Minister for Health (Sreemati Purabi Mukhopadhyay) :

(ক) ৩১৮টি।

(খ) ২৭৯টি।

(গ) এই সম্বন্ধে সঠিক তথ্যের জন্য স্থানীয় অফিসারকে লেখা হইয়াছে।

(ঘ) প্রতি বৎসর রুর‍্যাল ওয়াটার সাপ্লাই প্রোগ্রাম-এর অধীনে বরাদ্দকৃত অর্থের পরিমাণ-সাপেক্ষ প্রতি ৪০০ জনে ১টি ও প্রতি গ্রামে অন্তত ১টি জল উৎস স্থাপনের নীতি অনুযায়ী অগ্রাধিকারের ভিত্তিতে সকল অকেজো নলকূপের পুনর্খনন ক্রমান্বয়ে করা হইয়া থাকে। এমতাবস্থায় কতদিনে সমস্ত অকেজো নলকূপ চালু হইবে আপাততঃ বলা যাইতেছেনা।

Agricultural farm of Manickchak police-station, Malda

104. Shri Pashupati Jha:

কৃষি বিভাগের মাননীয় মন্ত্রিমহাশয় অনুগ্রহপূর্বক জানাইবেন কি—

(ক) মালদহ জেলার অন্তর্গত মানিকচক থানার এগ্রিকালচার ফার্মে ১৯৬১-৬২ও ১৯৬২-৬৩ সালে (১) কত খরচ হইয়াছে; (২) কত লাভ বা ক্ষতি হইয়াছে;

(খ) উক্ত বৎসরগুলিতে এ ফার্মে—

(১) কি কি ফসল আবাদ হইয়াছিল। এবং

(২) একর প্রতি কোন্ ফসলের ফলন কত হইয়াছে, এবং

(গ) মানিকচক থানার সমগ্র কৃষি জমিতে গড় ফলনের তুলনায় কি কি ফসলের ফলন ১৯৬১-৬২ এবং ১৯৬২-৬৩ সালে বেশী বা কম হইয়াছে?

Minister for Agriculture (Shri Smarajit Bandyopadhyay) :

(ক)

বৎসর	চাষের খরচ (টাকা)	উৎপন্ন শস্যের মূল্য (টাকা)	লাভ (টাকা)
১	২	৩	৪
১৯৬১–৬২	৮.০০৫	৮,৮৬৪	৮৫৯
১৯৬২–৬৩	৭.৪২৬	৭,৯২০	৪৯৪
১৯৬৩–৬৪	৭,৬১৯	৮.৬২৯	১.০১০

(খ)

উৎপন্ন শস্যের নাম	একর প্রতি গড় ফলন	
	১৯৬১–৬২ (মণ সের)	১৯৬২–৬৩ (মণ সের)
১	২	৩
(ছিটান) আউশ ধান	৫ ০	৭ ২১
পাট	১৭ ১০	১৪ ০
গবাদি পশুর খাদ্য শস্য	২০৫ ০	২৫০ ০
গম	৯ ৩০	৬ ২১
যব	১১ ২০	—
সরিষা	৪ ২৮	৩ ১০
ভুট্টা	—	১৫ ১৬

(গ) থানাভিত্তিক গড় ফলনের পরিসংখ্যান সংগ্রহ করিবার ব্যবস্থা বর্তমানে নাই। সুতরাং এই প্রশ্ন অনুসারে তুলনামূলক তথ্য প্রদান করা সম্ভব নহে।

Calling Attention to Matters of Urgent Public Importance

Mr. Deputy Chairman : The attention of the Ministers concerned was previously drawn by the respective members and the Hon'ble Ministers may make their statements if they have come prepared. Firstly, non-payment of dearness allowance of Rs. 5 to school mothers serving in the junior basic primary schools in Hooghly district—attention drawn by Shri Nirmalya Bagchi.

Shri Rabindralal Sinha : School mothers are also teachers and they are entitled to present Government dearness allowance at the rate of Rs. 5 per month.

Mr. Deputy Chairman : Then the Calling Attention with regard to sudden disappearance of baby food from the market —by Shri Sasanka Sekhar Sanyal.

Shri Smarajit Bandyopadhyay : With reference to the Calling Attention Notice of the Hon'ble Member, Shri Sasanka Sekhar Sanyal, I beg to make the following statement :

The price and distribution of Amul Milk Food for babies was never controlled by this Department of Food and Supplies. The prices of other varieties of baby food like Horlicks, Glaxo, Ostermilk, Lactogen, Nestomalt and Cow and Gate were controlled but the same was withdrawn with effect from 24th May, 1962. The distribution of these varieties of baby food was never controlled by this Government and the main selling Agents or importers of these varieties of baby food are selling through traders in free market. The same are available in the market and there may be fluctuation of their prices. As the manufacturers of some of these varieties, viz., Ostermilk, Glaxo, Horlicks and Amul are situated outside the State of West Bengal, it is not known to this Directorate whether they are experiencing any difficulty regarding container and whether these are being exported outside.

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমি একটু জেনে নিতে চাই—উনি তো আউটসাইড ওয়েষ্ট বেঙ্গল বলে এড়িয়ে গেলেন; কিন্তু সে ব্যাপারটা খুব গুরুত্বপূর্ণ আমরা দোকানে হরলিক্স পাচ্ছি না, আর রোগীও দুধ পাচ্ছে না।

Shri Jagannath Kolay :

এ সম্বন্ধে আর একটা কলিং য়্যাটেনসন দেবেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমরা বালিগঞ্জে গড়িয়াহাটের দোকানে হরলিক্স পাচ্ছিনা। আই ট্রাইড ফর এ হরলিক্স—কোন দোকানে এমন কি বড় বড় ষ্টেশনারী দোকানেও হরলিক্স পাইনি। আপনি স্যার তাঁকে জিজ্ঞাসা করুন কোথায় হরলিক্স পাওয়া যাচ্ছে। এটা [illegible] বাংলা দেশের বাইরের ব্যাপার বলে এড়িয়ে গেলেন। যেমন প্রফুল্লবাবু বলেছিলেন সরিষা রাজস্থান থেকে আসে। ব্যাপার হচ্ছে বেবীফুড সমস্ত বাজার থেকে উধাও হয়ে গেছে। নেষ্টোমল্ট নাই, অষ্টারমিল্ক নাই, হরলিক্সও নাই। তবে স্যার, ৮।১০ টাকা দিলে একটা জোগাড় করা যায়। এটা স্যার একটা সাংঘাতিক অবস্থা। ওদিকে পাউরুটী ৩৬ নয়া পয়সার জায়গায় ৯০ নয়া পয়সা হয়ে গেছে। কালকে গাঙ্গুভ্যালী রেষ্টুরেণ্টে টোষ্ট খেতে গেলাম, সে বললে চার আনা লাগবে। তাহলে স্যার আমরা আছি কোথায়? আপনি বলুন বেবীফুড পাওয়ার ব্যবস্থা আপনি করবেন। ওদিকে বাংলাদেশের বাইরে সরষে আছে দেখিয়ে প্রফুল্লবাবুতো সরে পড়লেন, কয়েকদিন তো আর আসছেন না। এদিকে এই যে বেবীফুড কলকাতার দোকানে পাওয়া যাচ্ছে না—এর জন্য কি ব্যবস্থা আপনি করবেন? সব কি বাংলাদেশের বাইরে চলে গেছে? বলুন। এদিকে চাল নেই, ডাল নেই, মাছ নেই, পাউরুটীও নাই।

Mr. Deputy Chairman :

এ সম্বন্ধে আবার কলিং য়্যাটেনসন দেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

উনি বলুন যে এর ব্যবস্থা আমরা করবো। বেবীফুড ইত্যাদি পাওয়া যাচ্ছে না; উনি এড়িয়ে যাচ্ছেন কেন?

Mr. Deputy Chairman :

প্রশ্ন না করে আবার কলিং য়্যাটেনসান দেন। প্লিস ডু নট আসক কোয়েশ্চেন।

Shri Satya Priya Roy:

স্যার, মন্ত্রিমহাশয় যদি তাঁর স্টেটমেণ্টের মধ্যে একটি ইঙ্গিত দিতেন যে হ্যাঁ, আমরা এ সম্বন্ধে সুব্যবস্থা করতে যাচ্ছি, তাহলে আমার মনে হয় তাঁর স্টেটমেণ্টটা কমপ্লিট হতো কিন্তু তিনি যেভাবে বললেন, এতো হচ্ছে কোনরকমভাবে দায় এড়িয়ে যাবার মত। আমি কলিং য়্যাটেনসন যখন দেই তখন নিশ্চয়ই মিনিষ্টার মহাশয় দায় এড়িয়ে যেতে পারেন তার জন্য নয়। এ জিনিষ একটি প্রবলেম সেটা তাঁরা কিভাবে ট্যাকেল করতে চান এইটা জানাবার জন্য কলিং য়্যাটেনসন মোসন দেওয়া হয়েছে। কিন্তু স্যার, মন্ত্রিমহাশয় যেভাবে উত্তর দিলেন, তাতে মনে হয় তিনি আদৌ সিরিয়াস নন। কি করে এই সমস্যার সমাধান হতে পারে তার কিছু ইঙ্গিত আমরা এই উত্তর থেকে পেলাম না। এটা আপনার মারফৎ মন্ত্রী মহাশয়কে জানিয়ে দিতে চাই।

Mr. Deputy Chairman : I have requested you to remain within the limit of Calling Attention.

Now the Calling Attention Notice regarding running of some free primary schools without teachers—by Shri Nirmalya Bagchi.

Shri Rabindralal Sinha : So far as this question is concerned, I am sorry, it refers to two primary schools in the muffasil areas in the districts of Malda and West Dinajpure, and presumably these schools are being run by the District School Boards which are Statutory Bodies, and we shall have to enquire from the District School Boards. Sir, as soon as the motion was admitted I asked for the informations from the District School Boards concerned and they have informed us that after enquiry they will let us know. Sir, there were holidays for 3/4 days and we have not yet received any report from them. Therefore, I am unable to answer it to day. If I get the report in course of these days then I shall make my statement.

Shri Nirmalya Bagchi : Sir, the House will be adjourned on the 8th. So, will the Minister be in a position to get give the statement by 8th ?

Shri Rabindralal Sinha : As regards two specific primary schools in two districts are concerned I cannot give you assurance that I will be able to make the necessary statement in course of a day or two. I believe, it was admitted on the 30th last and there were holidays for 4/5 days.

Therefore, it is extremely difficult for me to get the answer because it does not primarily concern the State Government.

[2—2-5 p.m.]

Shri Nirmalya Bagchi : The Distict Inspector of Schools is the *ex-officio* Secretary......

Shri Rabindralal Sinha : May be. I have made my statement and I am not going to enter into any discussion on this matter.

Mr. Deputy Chairman : The reply to the Calling Attention motion is postponed.

The next Calling Attention motion refers to alleged discrimination in the matter of recruitment by the I.A.C., Calcutta—attention drawn by Shri Jatin Chakravorty.

Shri Jagannath Kolay :

স্যার, আফটার রিসেস আমি দেখছি।

Shri Jatin Chakravorty : Sir, the Hon'ble Labour Minister is present in the House.

Shri Bijoy Singh Nahar :

আই এ. সি আমাদের স্টেট-এর কনসারণ নয়, সেণ্ট্রাল সাবজেক্ট, সেজন্য আমি উত্তর দিতে পারবো না।

Shri Jatin Chakraverty :

স্যার, আমাদের লেবার মিনিস্টার অনেকদিন কোলকাতায় ছিলেন না, ২ দিন হল এসেছেন।

Shri Bijoy Singh Nahar :

তাতে হল কি?

Shri Jatin Chakraverty :

ওঁর অবগতির জন্য আমি জানাচ্ছি যে এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জ ওঁর ডিপার্টমেণ্ট-এর আণ্ডার-এ এখান থেকে একজন বড় অফিসার গিয়ে ইতিমধ্যে আই এ সি-র রেজিওনাল এরিয়া অফিসার যিনি আছেন তাঁর কাছ থেকে জবাব নিয়ে এসেছেন। মন্ত্রিমহাশয় বোধ হয় বোনাস ইস্যু নিয়ে ব্যস্ত আছেন বলে সে খবর তিনি পাননি।

Shri Bijoy Singh Nahar :

মন্ত্রিমহাশয় পাঠিয়েছিলেন, খবরও জানেন। কিন্তু যেহেতু আমাদের এখানকার এটি সাবজেক্ট নয় বলে বলতে রাজী নই।

Shri Jatin Chakravorty :

আমাদের স্টেট সাবজেক্ট ইন দি সেনস যে যেহেতু আমাদের এখানে যে কমপালসারী নোটিফিকেশান অফ ভ্যাকানসিস অ্যাক্ট আছে সেই অনুসারে আমাদের এখানে যদি সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর কোন কনসার্ন হয় তাহলে সে আর বাউণ্ড আণ্ডার দ্যাট অ্যাক্ট টু নোটিফাই দেয়ার ভ্যাকানসিস. আমার যে কলিং এটেনশান ছিল মন্ত্রিমহাশয় বোধ হয় লক্ষ্য করেন নি তার মধ্যে আই এ সি কোলকাতায় যে রিজিওনাল অফিসার আছে সেটার সঙ্গে কমপ্লাই করে কিনা? সুতরাং সেই আপনার জুরিসডিকসান-এর মধ্যে পড়ে এবং কমপালসারি নোটিফিকেসান অফ ভ্যাকানসিস অ্যাক্ট অনুযায়ী লেবার মিনিস্টারকে অ্যাডমিনিস্টার করতে হয়। সুতরাং সেদিক থেকে আপনি জবাব দিন।

Shri Bijoy Singh Nahar :

আমার কলিং এটেনশান ছিল আই এ সি যে স্ট্রাইক হচ্ছে, গোলমাল হচ্ছে সেই ব্যাপার নিয়ে।

Shri Jatin Chakravorty :

আপনার মাথায় এখন বোনাস আর স্ট্রাইক ছাড়া কিছু নেই। আমার ২টা পয়েণ্ট ছিল। একটা হচ্ছে যে আই এ সি কোলকাতায় যেটা আছে সেখানে কমপালসারি নোটিফিকেসান অফ ভ্যাকানসিস অ্যাক্ট কমপ্লাই করে কিনা? আর দুনম্বর ছিল যে সেখানে কিছু ড্রাইভার রিক্রুট করার জন্য নোটিশ দিয়ে টেষ্ট নেওয়া হয়। সেখানে ১০ জনের ভ্যাকানসিস ছিল। সেখানে দেখা গেল যে ১০টা পোষ্ট-এর মধ্যে ৮টা পোষ্টএ বাঙালী ড্রাইভার ক্যানডিডেট কোয়ালিফাই করেছে, কিন্তু সাডেনলি সেটা বন্ধ করে দেওয়া হয়। এই সমস্ত জিনিষটা ছিল আমার কলিং অ্যাটেনসানএ। আপনি এটার তদন্ত করে দেখুন, জবাব আমি আজকেই দিতে বলছি না।

Mr. Deputy Chairman : That is all right.

I have before me two notices of Calling Attention on the subjects of Aman Crop by Shri Nirmalya Bagchi and prevention, detection and remedy of accidents by Shri Narendra Nath Das.

Shri Nirmalya Bagchi : Sir, my Calling Attention motion runs thus :

It is a matter of serious concern that the Aman Crop in the district of Burdwan, particularly so, in the subdivision of Katwa has been afflicted by an unkown pest disease. The disease withers the leaves and prevents development of grains. It is reported that the disease has spread to the adjoining districts of Nadia, Murshidabad and Bankura. The farmers are full of panic that the entire crop in these areas might be damaged. The Hon'ble Minister-in-charge of Agriculture is requested to make a statement on the steps that have been adopted to fight the pest menace.

Shri Smarajit Bandyopadhyay : I shall make the statement day after tomorrow.

Shri Narendra Nath Das : My Calling Attention notice runs thus: I request the Minister to make a statement on the following matter of urgent public importance overall drawback and failing in the general administration in the matter of prevention, detection and remedy of fatal accidents followed by neglect of treatment and in the matter of discovery and identification of the persons involved and killed in accidents as indicated in the following incident which is illustrative: On September 9 last Rabindra Nath Das Gupta of Das Gupta & Co., of 15 Mahendra Sarkar Street, Calcutta-12, was travelling by a tram car of route No. 12. He was standing on the footbaord with his hand on the handle which suddenly gave way throwing Das Gupta on the street near Chaya Cinema on Upper Circular Road He was eventually admitted in Sir Nilratan Sarkar Hopital where he expired. From enquiry in Lalbazar at night, when Das Gupta was found not to return home, the relatives of Das Gupta hestened to N. R. Sarkar Hospital and subsequently to the morgue where the body was kept. But the Ward Master refused to show the body that night, thereby denying the opportunity to his relatives of identification that very night. The body was handed the next day as late as 6 p.m. The handle of the tram car was deposited in the Ahmerst Street thana. The giving way of the handle betrays lack of supervision and care about a public utility service like the Calcutta Tramways Company.

Shri Jagannth Kolay : Statement will be made on Thursday.

Message

Secretary (Shri P. Roy) : Sir, the following message has been received from the West Bengal Legislative Assembly, namely :—

"Message

The West Bengal Gramdan Bill, 1964, as passed by the West Bengal Legislative Assembly at its meeting held on the 30th September, 1964, has been duly signed by me and is annexed herewith. The concurrence of the West Bengal Legislative Council to the Bill is requested.

K. C. BASU,

Speaker,

CALCUTTA : *West Bengal Legislative Assembly*"

The 3rd October, 1964.

I lay on the table theMessage and the Bill.

Test Cricket Match

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয় আমি একটা গুরুত্বপূর্ণ বিষয়ের প্রতি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। আমাদের মাননীয় মন্ত্রি জগন্নাথ কোলে এখানে উপস্থিত আছেন এ সম্বন্ধে তার কাছ থেকে কিছু আলোকপাত চাই। স্যার, আপনি জানেন কিনা জানি না কারণ আপনি হয়ত ইনটারেস্টেড নন আগামী ১৭ই তারিখ থেকে আমাদের এখানে ইণ্ডিয়া ভারসাস অস্ট্রেলিয়া ক্রিকেট খেলা সুরু হচ্ছে এবং এখন যে খেলা মাদ্রাজে হচ্ছে তার ফলাফল এমন জায়গায় যায় ফলে খেলার গুরুত্ব অনেক বেড়ে গেছে। ক্রিকেট এসোসিয়েসান অফ বেঙ্গল এখানে যে টিকিট দেন সেই টিকিট যাতে আরও বেশী দেওয়া যায় তার জন্য কিছু টেমপোরারি স্ট্রাকচার করেছেন এবং আমি শুনলাম যদিও এটা সত্য কিনা মাননীয় মন্ত্রিমহাশয়ের কাছ থেকে জানতে চাই যে পুলিসের পক্ষ থেকে আপত্তি করা হয়েছে যে টেমপোরারি স্ট্রাকচার কেন করা হচ্ছে? অথচ স্যার ঠিক সিমিলার টেম্পোরারী স্ট্রাকচার ফুটবল খেলার মাঠে আছে যে ক্লাব এর সহিত মাননীয় মন্ত্রিমহাশয় জড়িত আছেন সেই এরিয়ান ক্লাব আমিও যার সভ্য সেইখানে এবং ইষ্ট বেঙ্গল ক্লাবএর মাঠেও স্যার এই রকম টেমপোরারী স্ট্রাকচার করবার পারমিশান পুলিশ দিয়েছে। আমি গতকাল স্যার, এটা সরেজমিন তদন্ত করে এসেছি। ক্রিকেট এসোসিয়েসন অফ বেঙ্গল এর সেক্রেটারী আমাকে বললেন যে দুদিনের ভেতর টেমপোরারী স্ট্রাকচার আমরা তুলে দিতে পারি। আমি প্রথমেই জানতে চাই যে পুলিশের পক্ষ থেকে এরূপ আপত্তি করা হয়েছে কিনা এবং হলে তার ব্যবস্থা কি গ্রহণ করছেন কারণ কিছু টিকিট কমে গেলে যারা ক্রীড়া-মোদী তারা খেলা দেখতে পাবে না। আমার দ্বিতীয় কথা হচ্ছে আমি জানতে চাই যে খেলার সময়ে যে কমেণ্ট্রি হয় অল ইণ্ডিয়া রেডিও থেকে সেই কমেণ্ট্রি শোনার জন্য লাউড স্পীকার-এর যদি ক্রিকেট এসোসিয়েসন অফ বেঙ্গল ব্যবস্থা করেন এবং গভর্নমেণ্ট-এর পক্ষ থেকে যদি বন্দোবস্ত করা হয় যে দুটা লাউড স্পীকার যাতে ঐ কমেণ্ট্রি শুনতে পাওয়া যাবে, একটা ঐ পুলিশ ক্লাব টেণ্ট-এর ওখানে দিলে হয় তাহলে আর রাস্তায় ভিড় হয়না এবং আর একটা ইডেন এর ঐ পাশে এইভাবে যদি দুটো লাউড স্পীকার লাগান যায় তাহলে যারা খেলা দেখতে পাচ্ছে না সেই হতভাগ্য ক্রীড়ামোদী তাদের পক্ষে সুবিধা হয়। সেই সম্পর্কে গভর্নমেণ্ট-এর পক্ষ থেকে ক্রিকেট এসোসিয়েসন অফ বেঙ্গলকে জানান যায় কিনা এবং আমাদের এখানে মাননীয় মন্ত্রি জগন্নাথ কোলে আছেন তিনি বলুন এ সম্পর্কে তিনি বিবেচনা করছেন কিনা?

[2-10—2-20 p.m.]

Shri Jagannath Kolay:

পশ্চিম বাংলার ক্রিকেট এ্যাসোসিয়েসনের তরফ থেকে আমি বলছি, যদিও আমি হাউসের একজন সদস্য ও মিনিস্টার, তবুও খেলার সঙ্গে জড়িত এবং ক্রিকেট এ্যাসোসিয়েসনের সঙ্গে জড়িত থাকার জন্য বলতে পারি যে আমরা পুলিশের কাছ থেকে লিখিতভাবে কোন কিছু পাই নি। এবং যে স্ট্রাকচার হচ্ছে তা একেবারেই টেম্পোরারী স্ট্রাকচার এবং এই সহানুভূতি আমাদের শিক্ষামন্ত্রী মহোদয়েরও খুব আছে। এবং প্রত্যেক ক্ষেত্রেই আমরা তাঁর অনুমতি নিয়ে কাজ করছি। যাতে ভালভাবে বেশী লোকে দেখতে পায় খেলাধূলা তার জন্য তিনি এবং মুখ্যমন্ত্রী মহাশয় উভয়েই বিশেষভাবে চিন্তা করে করে আমাদের বলেছেন যে হ্যাঁ, তোমরা এই স্ট্রাকচার করতে পার।

দ্বিতীয় যেটা যতীনবাবু বলেছেন সেটা হচ্ছে লাউড স্পীকার সম্বন্ধে। আমরা সি. এ. বি-তে বসেছি এবং ঠিক করেছি যে পুলিশ ক্লাব গ্রাউণ্ডের দিকে একটা লাউডস্পীকার এবং ইডেন গার্ডেনের দিকে একটা লাউড স্পীকার গতবারের মত এবারেও তেমনি দিতে পারি কিনা। আমার মনে হয় এবারও সি. এ. বি সেই ব্যবস্থা করবেন। এই ব্যাপারে গভর্নমেণ্টের কোন কিছু করার প্রয়োজন হবে না।

Mr. Deputy Chairman :

আপনাদের একটা কথা মনে করিয়ে দিতে পারি—আপনারা এখানে যে রেফারেন্স সিসটে ইণ্ট্রোডিউস করেছেন

Without any motion or without any procedure.

যখন তখন পারমিসন নিয়ে বলা যায়—এটা বোধ হয় ঠিক হয় না। আপনারা এ সম্বন্ধে একটু প্রসিডিউর অফিসিয়ালি এ্যাডপট করুন।

Opinion of the Supreme Court regarding powers of Legislature vis-a-vis The High Court.

Shri Nirmal Bose :

মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে আমি যে বিষয়টি এখন রাখতে চাচ্ছি সেটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কয়েক দিন আগে সুপ্রীম কোর্ট তাঁদের অভিমত জানিয়েছেন যে রাষ্ট্রপতি সংবিধানের ১৪৩।১ ধারা অনুযায়ী উত্তর প্রদেশ আইন সভায় যে ঘটনা ঘটেছিল তা সেখানে পেশ করেছিলেন এবং সেখানে বিষয়টি কেবল উত্তর প্রদেশ আইন সভা এবং সেখানকার আদালতের মধ্যেও তা আবদ্ধ থাকে নি, সেটা সমগ্র ভারতবর্ষের আদালতের ও আইনসভার মর্যাদা সম্বন্ধে সেখানে আলোচনা হয়েছে। তাতে সুপ্রীম কোর্ট যে অভিমত তার উপর প্রকাশ করেছেন যদিও কেন্দ্রীয় আইন মন্ত্রী বলেছেন যে এটা তাঁদের রায় নয় এটা তাদের অভিমত মাত্র—তাহলেও তার গুরুত্ব অনেকখানি। তাতে আমাদের বিধানসভায় মর্যাদা এবং অধিকারের উপর আঘাত এসে পড়েছে। আমরা ঐখানে বিভিন্ন বিষয় আলোচনা করছি। ধরুন কাল যদি একটা মামলা হয় এবং যদি এখানে বলা হয় যে সেই আলোচনা আমরা করতে পারবো না এবং এসম্বন্ধে আলোচনা করেছি বলে যদি আমাদের কৈফিয়ৎ দিতে হয় তাহলে এই আইনসভার কাজ চলতে পারে না। এ বিষয় নিয়ে আমরা সবাই উদবিগ্ন। কেন্দ্রীয় সংসদেও এ নিয়ে আলোচনা হয়েছে এবং প্রধানমন্ত্রী মহাশয়ও বলেছেন যে বিষয়টি আমাদের বিবেচনা করা দরকার। কেবল মাত্র যাঁরা বিভিন্ন আইনসভায় রয়েছেন ব্যাপারটা নিয়ে কেবল তারাই উদ্‌বিগ্ন বোধ করছেন তা নয়, যাঁরা শাসনকার্য সম্পর্কে এবং পরিষদীয় রীতিনীতি সম্পর্কে চিন্তিত এবং যারা গণতন্ত্রকে রক্ষা করতে চান তাঁরা সবাই এ বিষয় নিয়ে চিন্তিত এবং উদ্‌বিগ্ন। কেন না, গণতান্ত্রিক রাষ্ট্রে আদালতই শেষ কথা বলেন না, শেষ কথা বলেন জনসাধারণের নির্বাচিত আইন সভার প্রতিনিধি যাঁরা তাঁরা বলেন আইন সভার মধ্য দিয়ে। তাই আপনার কাছে আমার এই প্রস্তাব যে এ বিষয়ে আমাদের বিধান পরিষদের পক্ষ থেকে সুপ্রীম কোর্টে একটা বক্তব্য রাখা হয়েছিল—এ বিষয়টি নিয়ে বিভিন্ন জনে ভেবেছেন এবং আমাদেরও বিষয়টি নিয়ে ভাবা দরকার যাতে আমাদের পরিষদের মর্যাদা এবং অধিকার রক্ষিত হয় সেই সম্পর্কে ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। এ সম্পর্কে আমাদের সুনির্দিষ্ট প্রস্তাব আপনার কাছে এই যে আমরা এই এই ব্যাপারে উদ্‌বেগ প্রকাশ করতে চাই যে আইন সভার অধিকার ও মর্যাদার উপরে হস্তক্ষেপ করা হয়েছে এবং অধিকার ক্ষুণ্ণ হবার মত যে আশঙ্কা দেখা দিয়েছে সুপ্রীম কোর্টের অভিমত প্রকাশ করার ফলে সে বিষয়ে আমরা উদ্‌বিগ্ন বোধ করছি।

দ্বিতীয় প্রস্তাব মাননীয় অধ্যক্ষ মহাশয়, আপনার কাছে এই যে সুপ্রীম কোর্ট যে অভিমত প্রকাশ করেছেন তার পুরা বিবরণ আমরা এখনও পাই নি, সেই বিবরণ আমাদের সত্বর পাওয়া দরকার। সেখানে আমাদের পরিষদের পক্ষ থেকে আমাদের প্রস্তাব রাখা হয়েছে। কাজেই পুরা বিবরণটা পেলে আমাদের বোঝার সুবিধা হয়। তাই আপনার কাছে অনুরোধ যাতে সুপ্রীম কোর্ট থেকে তাদের পুরা অভিমতটা এনে এখানে আমাদের মধ্যে বণ্টন করা যায়। সে বিষয়ে আপনি একটু চেষ্টা করুন।

তৃতীয় আমার বক্তব্য এই যে অভিমত সুপ্রীম কোর্ট দিয়েছেন সেটা ভালভাবে বিবেচনা করা দরকার এবং বিবেচনা করে এ বিষয়ে আমাদের করণীয় কিছু আছে কিনা তাও আমাদের ভেবে দেখতে হবে। তার কারণ পাঁচটি বিষয় সুপ্রীম কোর্টের কাছে রাষ্ট্রপতি দিয়েছিলেন—প্রথম চারটি বিষয় উত্তর প্রদেশ বিধান সভা ও আদালত সম্পর্কে হলেও পঞ্চম বিষয়টি

সাধারণভাবে আইনসভা সম্পর্কে ছিল যে আইন সভা এবং আদালতের মধ্যে সম্পর্ক কি সুতরাং এ বিষয়ে উত্তর প্রদেশ আইনসভা ১০ জন সদস্য নিয়ে একটি কমিটি করেছেন। কেন্দ্রীয় পার্লামেণ্ট থেকেও একটি কমিটি করা হয়েছে। বিভিন্ন আইন সভার সদস্যরা নিজেরা কি করবেন তা ভাবছেন। আমাদের এই অধিবেশন দু দিন পরেই বন্ধ হয়ে যাবে এবং তার পর হাউস অনেকদিন পরেই বসবে। বিধান সভার অধিবেশন তো ইতিমধ্যেই বন্ধ হয়ে গেছে—সুপ্রীম কোর্টের রায় বেরুবার আগে। কাজেই আমি আপনাকে অনুরোধ করছি, আপনি আমাদের এখানকার কয়েকজন সদস্য নিয়ে একটি কমিটি করে দিন যারা এ বিষয়টি নিয়ে ইতিমধ্যে ভাববেন এবং আমরা যখন আবার বসবো তখন আমাদের সামনে সেই বিষয় নিয়ে একটা সুনির্দিষ্ট প্রস্তাবে আসতে পারবো এবং আমরা জিনিসটা বিবেচনা করে আমাদের বক্তব্য সেইভাবে রাখতে পারবো এই হচ্ছে আমার অনুরোধ।

Mr. Deputy Chairman :

এই হাউস-এর লীডার আপনাদের কিছু বলতে পারেন। সুপ্রীম কোর্ট এ যখন এই জিনিষটা যায় তখন লোকসভাকে রিপ্রেজেণ্ট করার জন্য যেমন লোক গিয়েছিল তেমনি আমাদের এই হাউস থেকে রিপ্রেজেনটেটিভ আমরা পাঠিয়েছিলাম। এখানে যদি কোন কমিটি গঠন করা সম্ভব হয় বা লোকসভায় ও অন্যান্য স্টেট-এ করেছে তাহলে তা লীডার অব দি হাউস বলতে পারবেন।

Shri Rabindralal Sinha :

সুপ্রীম কোর্ট-এর কাছে রাষ্ট্রপতি পাঠিয়েছিলেন কনসটিটিউসন অনুযায়ী কি ক্ষমতা সে বিষয়ে মতামত নেবার জন্য। সুপ্রীম কোর্ট ইন ইটস উইসডম তাঁরা কনসটিটিউসন ইনটারপ্রিট করে বলেছেন যে এই এই ক্ষমতা। রায় আমরা সংবাদপত্রে ছাড়া এখনও দেখিনি। রায় বলুন, বা ঐ ওপিনিয়ন বলুন ওপিনিয়ন নিশ্চয় কারণ এটা নিয়ে যখন কোন কেস হয়নি ইট ইজ নট জাজমেণ্ট সুতরাং তাঁরা যে ওপিনিয়ন দিয়েছেন সেই ওপিনিয়নএর লিগ্যাল এফেক্ট কি হবে তা দেখা দরকার। একটা কথা হচ্ছে যে কনসটিটিউসন ইনটারপ্রিট করার ব্যাপারে সুপ্রিম কোর্ট-এর অধিকার মেনে নিতে হবে। কনসটিটিউশন ইনটারপ্রিট করে সুপ্রিম কোর্ট যদি এটা বলেন এবং যদি পার্লিয়ামেণ্ট ইন ইটস উইজডম মনে করেন যে কনসটিটিউসন সংশোধন করে এটা করা উচিত তাহলে নিশ্চয় তাঁরা সেটা করবেন। রায় আমরা এখনও দেখিনি। কেউ বোধ হয় দেখেন নি। সুতরাং এটা নিয়ে আলোচনা করাটা প্রিমেচ্যুর ছাড়া কিছু হবে না।

Mr. Deputy Chairman :

এনাদার পোরসান উত্তর দিতে বাকী আছে সেটা হচ্ছে যে ওপিনিয়ন-এর কপি দিতে রাজী আছেন কিনা ?

Shri Rabindralal Sinha :

ওপিনিয়ন-এর কপি আমি কেন দিতে যাব? আপনার লেজিসলেচার ওয়াজ এ পার্টি, আপনি ইচ্ছা করলে আপনার সেক্রেটারীকে দিয়ে এটা দেওয়াতে পারেন।

Shri Amar Prasad Chakravorty:

লেজিসলেচার-এর কাছে এনে আপনি আমাদের পাঠিয়ে দেবেন।

Mr. Deputy Chairman :

যখন লেজিসলেচার হিসাবে উই ওয়ার এ পার্টি তখন দেখব কি করা যায়।

Point of Privilege

Shri Satya Priya Roy :

স্যার, অন এ পয়েণ্ট অব প্রিভিলেজ, আমরা কয়েকদিন আগে মুখ্যমন্ত্রীকে প্রশ্ন করেছিলাম যে কেন্দ্রীয় সরকার থেকে শিক্ষকদের বেতন বৃদ্ধি করার ব্যাপারে শতকরা ৫০ টাকা যে অতিরিক্ত যে খরচা হয় সেটা দেওয়া হয় এ্যাবাভ প্লান সিলিং সেদিন মুখ্যমন্ত্রী এটা হাউসএ দাঁড়িয়ে স্বীকার করে-ছিলেন এবং মুখ্যমন্ত্রী শুধু নয় শিক্ষামন্ত্রীও এটা ঘোষণা করেছেন যে কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে ঐ প্লান সিলিং-এর বাহিরে কোন অতিরিক্ত টাকা দেওয়া হয় না। কিন্তু আপনি বোধ হয় দেখেছেন যে ইতিমধ্যে আমাদের এখানকার অনশনের প্রশ্নে দিল্লী পার্লামেণ্টে উঠেছিল লোকসভায়। আমি অমৃতবাজার থেকে কাটিং পড়ে শোনাচ্ছি যে সেখানে ইউনিয়ন এডুকেসন মিনিষ্টার বলেছেন যে অতিরিক্ত শতকরা ৫০ টাকা তাঁরা দিতে রাজী আছেন

"The Union Education Minister Shri M. C. Chagla is understood to have agreed to write to the West Bengal Government that the Centre would be ready to bear 50 per cent. of all the expenses that might be incurred in increasing the pay and D.A. of the secondary school teachers in the State. Yesterday Sm. Renu Chakrabarty, M.P., had met the Education Minister and represented to him the case of the secondary school teachers" and so on.

এখানে উনি কনট্রাডিকসন করছেন এবং তারপর পত্রিকাতে এগুলি বেরিয়েছে। পত্রিকাতে শুধু নয়, আমাদের একটা এ. আই. সেকেণ্ডারী টিচার্স ফেডারেসন আছে এবং দিল্লী অফিসের যিনি আমাদের জেনারেল সেক্রেটারী আছেন। আমরা এখান থেকে যে টেলিগ্রাম করেছিলাম, তার উত্তর দিচ্ছেন

General Secretary.—"Minister, Planning Commission, agreeable 50 per cent. grant over the plan ceiling provided case sponsored by Bengal Government. Expedite favourable attitude."

কাজেই আজকে এখান দাঁড়িয়ে যেকথা বললেন সেটা সত্যি নয়। ইউ পি তে এইরকম একটা সমস্যা ডি. এ. নিয়ে বছর দুই আগে হয়েছিল এবং তখন আমরা এ. আই. সেকেণ্ডারী টিচার্স ফেডারেসন-এর পক্ষ থেকে ইনটারভিন করেছিলাম। সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর সাবভেনসন নিয়ে সেখানকার স্টেট গভর্নমেণ্ট টিচারর্সদের ৫০ পারসেণ্ট ডি. এ. বাড়িয়ে দিলেন। কাজেই একথা পরিস্কার বলতে পারি এবং আপনার মাধ্যমে শিক্ষামন্ত্রী মহাশয়কে পরিস্কার বলতে পারি যে তিনি নূতন শিক্ষা দপ্তরের দায়িত্ব নিয়েছেন এবং তাঁকে যিনি উপদেশ দিচ্ছেন

He is very badly advised by the Secretary.

[2-20—2-30 p.m.]

তারা এই সম্পর্কে এইখানের শিক্ষকদের বেতন এবং ডি. এ. বাড়াবেন না এই উদ্দেশ্য সফল করবার জন্য এমন কি মাননীয় মন্ত্রীমহাশয়কে জানতে দেন নি যে এই সমস্ত সমস্যা আছে, এবং সব সময় গভর্নমেণ্ট এর পক্ষ থেকে যে অতিরিক্ত ব্যয় করা হয় তার ফিফটি পারসেণ্ট সেণ্ট্রাল গভর্নমেণ্ট থেকে দেওয়া হয়। আমার প্রিভিলেজ প্রশ্ন হচ্ছে, এরা এখানে যে স্টেটমেণ্ট দিচ্ছেন সেটা করেক্ট নয়, প্রিভিলেজ কোয়েশ্চেন-এর সঙ্গে আর একটা বাস্তব ঘটনা যুক্ত হয়ে রয়েছে। স্যার, আপনি জানেন যে, ১৬৮ ঘণ্টার অনশন আজ ৫ টায় তা শেষ হবে। এই যে আত্মনিগ্রহ বা ধিক্কার তারা দিচ্ছেন, এবং তারা যে জিনষটা চেয়েছিলেন সেটা কি তার চেয়েও বেশী? তাদের যে দরিদ্রতম সহকর্মী এই যে ছিটেফোঁটা করুনা সরকার দিতে চাইছেন তা থেকে তারা যেন বঞ্চিত না হয়। যারা আজকে ঐ মাত্র ৪৫ টাকা এবং ৮০ টাকা বেতন পায়। এ দুদিনে যাতে আরও ১০ টাকা মহার্ঘ্য ভাতা পেতে পারে সেই দাবীতেই এই অনশন আরম্ভ করা হয়েছে এবং আজ সেই অনশনের ৭ দিন সম্পন্ন হতে চলেছে, এই যে সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর নূতন তথ্য যেটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় জানালেন এবং বিভিন্ন পত্র পত্রিকায় বেরিয়েছে, এরই পরিপ্রেক্ষিতে মাননীয় শিক্ষা মন্ত্রিমহাশয় এই আশ্বাস দিতে পারেন

কিনা যে সেণ্ট্রাল গভর্নমেণ্ট থেকে ফিফটি পারসেণ্ট যদি পাওয়া যায় ঐ যে সাবরডিনেট স্ট্যাফ আছে, সাবরডিনেট স্ট্যাফ এবং লাইব্রেরিয়ান যাঁরা বাদ পড়েছেন তাঁদের জন্য সমহারে মহার্ঘ্য ভাতা দিতে তিনি রাজী আছেন, এই সংবাদ আমাদের পক্ষে জানা অত্যন্ত প্রয়োজন হয়ে পড়েছে এবং আশা করবো মন্ত্রিমহাশয় এর উত্তর দেবেন। সেদিন হাউসএ মাননীয় অর্থমন্ত্রী মহাশয় ও শিক্ষা মন্ত্রী মহাশয়ের সঙ্গে সাক্ষাতের কথা হল। অবশ্য হাউসএ যখন কথা দিচ্ছেন না তখন ঘরে সাক্ষাৎ করার কি মূল্য আছে বুঝি না, তবুও আমাদের বন্ধুবর ও শুভানুধ্যায়ী যতীনবাবু যে প্রস্তাব দিয়েছিলেন আমরা তা একসেপ্ট করেছিলাম। মাননীয় অর্থমন্ত্রী মহাশয় মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে ডেকে এনেছিলেন এবং আমাদের সাথে দেখা করেছিলেন। দেখা করে কি হবে স্যার? উনি ঢুকেই বললেন যে আমাদের এনগেজমেণ্ট আছে আমরা কেউ চার পাচ মিনিটের বেশী সময় দিতে পাচ্ছি না এবং তারপর তারা বেরিয়ে গেলেন। আমরা এখানে যে নীতি ঘোষণা করেছিলাম সেখানে সেকথাই বলেছি। আমরা বলেছি যে পয়সা যদি না থাকে তাহলে আমাদের টাকা কমিয়ে দিয়ে আমাদের সমানভাগে ঐ মহার্ঘ্য ভাতা বিদ্যালয়ের ঐ সব কর্মীদের মধ্যে ভাগ করে দিন। আমরা চাই যে এটা আমাদের মধ্যে সমহারে বণ্টন হোক। মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বললেন যে এখন এসব কিছু করা সম্ভব নয়। অ্যাপ্রোপ্রিয়েশান বিল যখন আসবে সে সময় কিছু করতে পারেন। আমি এই কথা দুঃখের সঙ্গে বলবো যে আমরা এতদিন ভাবছিলাম যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় বুঝি দিতে রাজী নন সেজন্য মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় বিপন্ন হয়ে আছেন। কিন্তু সেদিন স্পষ্ট এই ধারণা নিয়ে বেরিয়েছি যে মাননীয় শিক্ষা মন্ত্রী মহাশয় তার শিক্ষা খাতে দাবীর জন্য মাননীয় অর্থ মন্ত্রী মহাশয়কে কোন রকম চাপ দেন নি। আমার মনে হয়েছে যে মাননীয় অর্থমন্ত্রী মহাশয় অনেকখানি সহানুভূতি সম্পন্ন ছিলেন। কিন্তু মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় তার শিক্ষা খাতে দাবীর জন্য একটা কথাও বললেন না বরং তিনি কিসে হবে না, কেন দেওয়া উচিত নয় সেটাও মাননীয় অর্থমন্ত্রীর কাছে পরিষ্কারভাবে তুলে ধরলেন। আমরা তাকে চার পাঁচ মিনিট জোর করে বসিয়ে রেখেছিলাম, তিনি বললেন এদের দিতে গেলে এদের কর্পোরেশন এবং মিউনিসিপ্যাল এমপ্লয়িজদের প্রস্তাব আসবে। কিন্তু সে প্রশ্ন নিতান্তই অবান্তর। তাঁদের সেই উত্তর দেবার সম্ভব হয় নি, প্রথম কথা হচ্ছে আমাদের যারা কর্মী তাদের যদি বেতন হারের সঙ্গে তুলনা করা যায় তা হলে দেখা যাবে ঐ মিউনিসিপ্যাল এবং কর্পোরেশন-এর কর্মীদের বেতন হার এদের চেয়েও অনেকটা ভাল। ভাল আমি বলছি না। তারা কতকগুলি স্টেটিউটরি ল-এর আওতাএ আছে। আমাদের সম্পূর্ণটা নির্ভর করে শিক্ষামন্ত্রীর অনুগ্রহের উপর বা আমাদের রক্ষা করবার মত কোন আইন কিছু নাই। তবে আন্দোলনের মধ্য দিয়ে কিছু তারা রক্ষা করেছে। তাছাড়া কর্পোরেশনে তাদের যে পাঁচ টাকা দশ টাকা মহার্ঘ্যভাতা দেওয়া হয়েছে, তারও তো তাঁরা সাবভেনশান দিচ্ছেন, তাদের দিতে হবে এই ভয় দেখিয়ে। যার সম্পূর্ণ দায়িত্ব এবং যার সম্পূর্ণ অধিকার হচ্ছে আমাদের শিক্ষামন্ত্রী মহাশয়ের তাদের দেওয়া যাবে না—তিনি দেখিয়ে দিলেন। আর পুরাণ যে হাওড়া মিউনিসিপ্যালিটির চেয়ারম্যান সেটা তাঁর পক্ষে বড় হয়ে উঠলো। তিনি এখন শিক্ষামন্ত্রী হয়ে বসেছেন, এতগুলো [illegible] লোকের দায়িত্ব নিয়েছেন, সেকথা সত্যিকার তাঁর কথা থেকে বিন্দুমাত্র আমরা বুঝতে পারি না। কাজেই আমরা জানতে চাই সেণ্ট্রাল গভর্নমেণ্ট ফিফটি পারসেণ্ট দিবে একথা স্পষ্টভাবে সমস্ত পত্রিকাতে ঘোষণা করা হয়েছে এবং এটা আমি স্পষ্ট ভাবে জানিয়ে দিতে চাই যে এতদিন যে ভিত্তিতে তাঁরা দিয়েছেন তা সত্য নয়। এটা প্ল্যান সিলিং হিসেবে অ্যাডিশনাল শতকরা ৫০ টাকা ঐ কেন্দ্রীয় সরকার থেকে দেওয়া হবে। এমন কি স্যার ঐ ওদের কাছ থেকে যদি অথরিটি পাই, তাহলে আমি এই কথা বলতে পারি ওঁরা লিখুন, আমরা অল ইণ্ডিয়া সেকেণ্ডারী টিচার্স ফেডারেশান-এর পক্ষ থেকে ওখানকার কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে তার সম্মতিপত্র নিয়ে আসতে পারবো—ফিফটি পারসেণ্ট টাকা দেওয়া যায়। বিন্দুমাত্র অঙ্গুলী হেলন ওঁর ডিপার্টমেণ্ট করে না এবং করে না বলে ওঁকে জানিয়ে দিয়েছেন যে ঐ সব টাকা পাওয়া যাবে না। ঐ প্ল্যান সিলিং-এর মধ্যে যে টাকা আছে, সেই টাকার মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। উনি অর্থমন্ত্রীকে কখনো কোন চাপ দেন নাই যে শিক্ষাখাতে কিছু বরাদ্দ করতে হবে। কাজেই সেদিক থেকে আমরা দিন দিন পিষ্ট হয়ে একেবারে একটা নৈরাশ্যের মধ্যে পড়ে যাচ্ছি এবং এই নৈরাশ্যজনক অবস্থাটা খুব ভাল নয় এবং বিদ্যালয়গুলির পরিবেশও তাহলে খুব শান্ত হয়ে থাকতে পারে না! আপনি হয়ত জানেন না যে এখন পর্যন্ত ঐ পূজার আগে যে একটা গ্রাণ্ট দেওয়া

হয়, সেই পূজার আগের গ্রাণ্টও ওঁরা এখন পর্যন্ত পাঠাতে পারেননি। ফলে হচ্ছে, ওঁকে আমি খবর জানিয়ে দিচ্ছি, শতকরা ৬০ থেকে ৭০টি বিদ্যালয়ের শিক্ষকরা সেপ্টেম্বর মাসের বেতন পর্য্যন্ত পাবেন না। তাদের খালি হাতে আমাদের জাতীয় উৎসব আনন্দময়ীর আগমনে যে উৎসব, তাঁদের সেই উৎসব খালি হাতে পালন করতে হবে এবং ঐ কাঙ্গালিনী মেয়ের মত সেখানেতে তাঁরা তাকিয়ে থাকবেন যেখানে অন্যান্যরা যা হোক সঙ্গতিমত কিছু জামাকাপড় কিনে আনন্দময়ীর আগমনে আনন্দ করতে যাবে। কাজেই শিক্ষামন্ত্রী মহাশয় এখানে আছেন, অর্থমন্ত্রী মহাশয় এখানে নাই—তাহলেও আমরা আমাদের বক্তব্য সেদিন স্পষ্ট করে রেখেছি। আমার ধারণা এটা তথ্য, এটা সংবাদ নয়

It is a question of point of view.

আমরা সেদিন শিক্ষামন্ত্রী মহাশয়ের কাছে আশা করেছিলাম তিনি অন্ততঃ বলবেন যে যদি সম্ভবপর হয় তাহলে বিদ্যালয়গুলির দরিদ্র কর্মীদের সম্বন্ধে একটা তিনি ব্যবস্থা করবেন। ওঁর মুখে যখন শুনেছিলাম এ্যাপ্রোপ্রিয়েসন বিল-এর আগে কিছু করা যাবে না, তখন আমরা নিতান্তই হতাশ হয়েছিলাম। কাজেই আজকে সেণ্ট্রাল গভর্নমেণ্ট-এর উক্তির পর তিনি অন্ততঃ ওঁর মত বদলাবেন কিনা এবং দরিদ্র সহকর্মীদের শিক্ষকদের সঙ্গে সমহারে মহার্ঘ্যভাতা দিয়ে আজকের দিনে বাঁচবার মত একটি সঙ্গতি তাঁদের কিছুটা করে দেবেন কিনা সেই সম্পর্কে স্যার শিক্ষামন্ত্রীর কাছ থেকে একটি বিবৃতি প্রত্যাশা করি আমরা।

Shri Rabindralal Sinha :

মাননীয় উপ-পরিষদপাল মহাশয়, কয়েকজন শিক্ষক এবং বিদ্যালয়ের কর্মীরা গত কয়েকদিন থেকে অনশন করছেন, তার জন্য আমি অত্যন্ত দুঃখিত এবং উদ্বিগ্ন। কিন্তু তবু আমি অসহায়। আজকে আমি একথা বলতে পারি তাঁরা এখানে শিক্ষামন্ত্রী ও অর্থমন্ত্রীর মধ্যে একটা বিভেদ টানবার চেষ্টা করলেন। এটা কিন্তু ঠিক সংসদীয় রীতি অনুযায়ী নয়। কারণ যা কিছু সিদ্ধান্ত হয়েছে তা মন্ত্রীমণ্ডলীর সিদ্ধান্ত এবং যখন সিদ্ধান্ত গৃহীত হয়েছে, তখন এই হতভাগ্য শিক্ষামন্ত্রী মন্ত্রীমণ্ডলীতে ছিলেন না। যাহোক এই বিভেদ টানবার প্রচেষ্টাটা আমার ভাল লাগলো না।

(এ ভয়েস : তা নয়।)

আমি যেকথা বলতে চাচ্ছি ওঁরা যেগুলি পড়লেন, আমার ধারণা ওটা পার্লামেণ্টের কোন প্রসিডিংস নয়; সংবাদপত্রে বেরিয়েছে যে পার্লামেণ্টের কোন সদস্য শ্রীচাগলার সঙ্গে সাক্ষাৎ করতে তিনি বলেছেন ফিফটি পারসেণ্ট দেবেন।

[2-30—2-40 p.m.]

কিন্তু প্ল্যানড টারগেট-এর উর্দ্ধে দেব একথা নেই ঐ রিপোর্ট-এ। আমার কথা হচ্ছে আমি যতদূর জানি যে আমরা প্ল্যান-এর প্যাটার্ন অনুযায়ী যত টাকা খরচ করছি তত টাকা কেন্দ্রের কাছ থেকে পাইনি, যদিও শিক্ষকদের বেতন বৃদ্ধি যাতে এই তৃতীয় পরিকল্পনায় তাঁদের শতকরা ফিফটি পারসেণ্ট দেবার কথা ছিল। রিভিশান অফ স্কেল যখন হল তৃতীয় পরিকল্পনায় তখন তার ফলে ১ কোটি ৭০ লক্ষ টাকা বছরে খরচ সরকারের বেড়ে গেল। তার ফিফটি পারসেণ্ট পাবার জন্য আমরা চেষ্টা করি প্রথমটা হয়নি, কিন্তু তারপর ওঁরা সিলিং-এর ফিফটি পারসেণ্ট দিতে রাজী হলেন। প্লানড টারগেট-এর মধ্যও ১৬০ কোটি কমে ১৫৬ কোটি টাকা হয়েছে। এই প্লান টারগেট-এর মধ্যে তাঁদের সাহায্যে এবং ১ কোটি ৭০ লক্ষ যেটা হচ্ছে তার মধ্যে সাম্প্রতিক যে ৫ কোটি টাকা এতে প্রায় ২৭ লক্ষ টাকা খরচ হবে। ৫।১০ টাকা যা দেবার কথা হচ্ছে তার মানে প্রায় ২ কোটি টাকা মাধ্যমিক শিক্ষকদের বেতন বা এমুলিউমেণ্ট বৃদ্ধি পাবে। তৃতীয় পরিকল্পনায় যে অতিরিক্ত ব্যয় ভার সরকার গ্রহণ করেছেন তার অতিরিক্ত করা সরকারের পক্ষে সম্ভব নয় কিছু আর্থিক সঙ্গতি না হলে। কেন্দ্রীয় সরকারের যেকথা বলছেন, সংবাদপত্রের

report it is understood, it is heard

এর উপর বেস করে কোন প্রতিশ্রুতি দেওয়া যায় না। এ বিষয়ে আর আমরা জানি তা হচ্ছে

প্লান টারগেট এর মধ্যে প্যাটার্ন-এর বাহিরে এমন কি ওঁদের অবগতির জন্য বলতে পারি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীকে একটা চিঠি লিখেছি আমরা প্ল্যানএ যা খরচ করছি তার বাহিরে যাচ্ছি না. তাতে তোমাদের অংশটা দাও। সেজন্য এটা যতক্ষণ না হচ্ছে ততক্ষণ আমাদের পক্ষে কোন প্রতিশ্রুতি দেওয়া সম্ভব নয়। আর যদি ৩০ টাকা করে দিতে হয় তাহলে অতিরিক্ত হবে প্রায় ২ কোটি ১৬।১৭ লক্ষ টাকা বছরে। তার ৫০ পারসেণ্ট দেওয়া অসম্ভব। প্ল্যান টারগেটএর বাহিরে যদি ওঁরা দিতে রাজী হন তবে ১০ টাকা করে হলে শিক্ষক সকলকে এবং সমস্ত দায়িত্ব রাজ্য সরকার গ্রহণ করেন তাহলে প্রায় ৫৪ লক্ষ টাকা শিক্ষকদের এই ১৯ লক্ষ টাকা ওদের—মানে বছরে ৭২।৭৩ লক্ষ টাকা খরচ হবে। আমরা শিক্ষকদের যে ৫।১০ টাকা দিচ্ছি তার মধ্যে ৫ টাকা মাত্র রাজ্য সরকার দিচ্ছেন ' ৫।১০ টাকা ক্ষেত্রে ৫ টাকা দিচ্ছি, স্কুল কমিটি কোন ক্ষেত্রে ৫ টাকার বেশী দিচ্ছেন না এবং তাতে হচ্ছে ২৭ লক্ষ টাকা। এটা ১০ টাকা করলে ডাবল হবে। আর নন-টিচিং স্টাফকে যদি ১০ টাকা দেওয়া হয় তাহলে ঐ হিসাবে ১৯ লক্ষ টাকা লাগবে—১৮ লক্ষ ৯৮ হাজার। এখন কথা হচ্ছে, এটা আমাদের পক্ষে দেওয়া সম্ভব নয়। আর দ্বিতীয় হচ্ছে, ঐ ১৮ লক্ষ ৯৮ হাজারের অর্ধেক টাকা দেওয়া আমাদের পক্ষে কিছুতেই সম্ভব নয়। আর্থিক সঙ্গতি হলে বা কোন রকমে আর্থিক অবস্থার উন্নতি হলে আমরা সহানুভূতির সঙ্গে নিশ্চয় তখন বিবেচনা করব। আপনারা আমাদের হৃদয়হীন যতই বলুন আমরা আমাদের হৃদয়হীন বলে নিজেরা স্বীকার করি না। তবে কেন্দ্রীয় সরকার যদি এজন্য প্ল্যান টারগেট-এর বাহির কিছু দিতে রাজী হন তখন আমরা তার কতটা দিতে পারব সেটা নিশ্চয় সহানুভূতির সঙ্গে বিবেচনা করব।

Shri Satya Priya Roy :

আমরা স্যার, খবরের কাগজে দেখলাম আমাদের পক্ষে টেলিগ্রাম করে যেটুকু সংবাদ আনান সম্ভব আমরা আনিয়েছি কিন্তু মন্ত্রী মহাশয়ের উত্তরে জানলাম প্ল্যান প্যাটার্নে এর টাকার জন্য একটা চিঠি দিয়েছেন সেইটুকুন মাত্র বললেন। কিন্তু এই সমস্যার মুখে দাঁড়িয়ে তিনি কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রী মহাশয়ের কাছে আজ পর্য্যন্ত চিঠি লেখেন নি যে বাস্তবিক এই যে সংবাদ পত্রিকাতে আমরা দেখছি এটা আপনারা দেবেন কিনা? এই সম্পর্কে জানবার জন্য আজ পর্যন্ত তিনি কোন আগ্রহ প্রকাশ করলেন না। আমরা এটা কি আশা করতে পারি না যে শিক্ষা মন্ত্রী মহাশয় কেন্দ্র থেকে কি তার পাওনা আছে এবং কতটুকু টাকা সেখানে পাওয়া যেতে পারে সেই সমস্ত পাওয়া যায় কিনা বা সেই সম্পর্কে পত্রিকায় সংবাদ প্রকাশিত হবার পর তিনি সে সম্পর্কে অনুসন্ধান করবেন কিনা?

Mr. Deputy Chairman :

উনি তো বললেন এর পর প্ল্যান সিলিং কি বলবেন?

Shri Rabindralal Sinha :

এটা পত্রিকায় সংবাদ প্রকাশিত হবার আগেই প্ল্যান প্যাটার্নএ যে খরচ করবো সে সম্বন্ধে চিঠি লিখেছি।

Shri Satya Priya Roy :

এটা তো শুধু প্ল্যান প্যাটার্ন-এর কথা বললেন।

Shri Rabindralal Sinha :

এটা তো প্ল্যান প্যাটার্ন-এর মধ্যেই হচ্ছে অর্থাৎ টোটাল এমোলুমেণ্ট অফ প্ল্যান প্যাটার্ন-এর মধ্যে হচ্ছে।

Shri Satya Priya Roy :

কিন্তু প্ল্যানপ্যাটার্নএ প্ল্যান সিলিং-এর উপরে দেবেন কিনা সে এনকোয়ারীর আপনি করেছেন?

Shri Rabindralal Sinha :

প্ল্যান প্যাটার্নএ যে টাকা আমি খরচ করবো সে টাকা তাঁরা দেবেন কিনা এটা অনুসন্ধান করছি। এছাড়া আর আমার অতিরিক্ত কিছু বলার নেই।

Shri Santosh Kumar Bhattacharyya:

আমার জিজ্ঞাস্য হচেছ শিক্ষামন্ত্রী মহাশয় যেটা বললেন খুব ভাল কথা যে আমরা তাঁদের যতই হৃদয়হীন বলে মনে করি না কেন তাঁরা নিজেদের হৃদয়হীন ভাবেন না, অতি উত্তম কথা, তাঁর যে হৃদয় আছে সে তো পরিস্কার দেখতে পাচিছ যে. ৪৫ টাকা এবং ৮০ টাকা যারা মাইনা পান যারা কর্মচারী ঐ নিম্নতম কর্মচারী। স্যার ওর কথায় এই কথাই বোঝা গেল যে উনি কিছু করলেন না, যদি ভবিষ্যতে কিছু বিবেচনা করেন আপাততঃ কিছু করছেন না অর্থাৎ এটা পরিস্কার বুঝতে পারলাম যে ৪৫ টাকা এবং ৮০ টাকায় আমাদের বিদ্যালয়ের যে সমস্ত কর্মচারী আছেন তারা আপাততঃ উপবাস করতে থাকুক, কারণ ৪৫৲ টাকা আর ৮০ টাকায় আজ কারুর চলে না সমগ্র পরিবারের তো দূরের কথা। স্যার ব্যাপারটা যে দাঁড়ায় সেটা মোটেই ভাল নয়। মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় আপনি কি অনুগ্রহ করে ঐ সাড়ে ৯ লক্ষ টাকা যেটা যতীনবাবু বললেন সেটা দেখবেন ? আপনার কথার সূত্রেই বলতে চাই এইসূত্রে সে কথাটা হচেছ, যাতে উনি বললেন ১৮ না ১৯ লক্ষ টাকা লাগবে।

Mr. Deputy Chairmn :

এটা ডিসকাশসান করবেন না।

He has answered it.

Shri Santosh Kumar Bhattacharyya:

আর আমাদের ৩০ জন সহকর্মী ওখানে ৭ দিন ধরে না খেয়ে পড়ে আছে। আমাদের এখানের দুজন সহকর্মী তার মধ্যে অনিলা দেবী তিনি আজকে অত্যন্ত অসুস্থ ? কারণ ৭ দিন উপবাস করার এবং এত দুর্বল হয়ে পড়েছেন যে বলবার নয়। আমাদের এখানের সভ্য দু জনই ৭ দিন ধরে অনশন করে আছেন এবং বাংলা দেশে এ অবস্থা চলছে। খবরের কাগজে আমাদের মত যারা কাগজে এ সংবাদ লিখেছে, বিভিন্ন সংবাদপত্রে সংবাদও বেরচেছ। আর উনি বললেন যে ওদের নীতি হচেছ যা তাতে ১৫০ টাকা পর্যন্তই স্থির করে নিয়েছেন ? এই ওরা ডেমোক্রাটিক সোস্যালিজম এ বিশ্বাস করেন। যে যত কম মাইনা পায় তাদের তত কম দাও। এটাই হচেছ নাকি ডিমোক্রেটিক সোসালিজেম-এর নীতি। কিন্তু ডিমোক্র্যাটিক সোসিয়ালিজম ওরা যা বুঝেছেন বুঝুন তার জন্য আমাদের মাথা ব্যথা নেই কারণ আমরা জানি যে ওরা সোসালিজেম-এর নাম ঘামান না ওরা হচেছন বুরজোয়াইজ এর দালাল। কাজেই ওসব যা বলেন সব বোগাস কথা। ব্যাপারটা হচেছ এই যে ঐ ৫ টাকা ১৫০ টাকা পর্যন্ত মাহিনা যাদের তাদের দিয়েছেন। ঐ ১৫০ টাকার নীচে যারা অর্থাৎ আমাদের কেরাণী ইত্যাদিরা ১৫০ টাকার নীচেই পায়। এই হৃদয়বান সরকার যখন ঠিকই করে নিয়েছেন যে ১৫০ টাকা পর্যন্ত যারা পান তাদের এটাকা যেটা ১ কে জি সরিষার তেল তাও ভেজাল বা ১ কে জি মাছেরও দাম নয়। এটা শুনবেন না তাই যখন ঠিক করেছেন। তবু একটু বলি কারণ আমি এটুকুও বুঝতাম যদি ঐ ১৫০ টাকার নীচে স্কুলের কর্মচারী যারা পাচেছ তাদের ক্ষেত্রে ৫ টাকা করে দিলে ৯॥ লক্ষ টাকা লাগে। পশ্চিমবঙ্গ সরকারকে আপনার মাধ্যমে জিজ্ঞাসা করি যে তাঁরা কি এতই দেউলিয়া হয়ে গিয়েছেন যে সাড়ে ৯ লক্ষ টাকা দেবার সাধ্য নেই ? অথচ লক্ষ লক্ষ টাকা ওয়েসটেজ হচেছ যেখানে চুরি, জোচচুরি, জালিয়াতি হচেছ সরকারের প্রতিটা ডিপার্টমেণ্টে এসব হচেছ। যে নীতি সরকারী কর্মচারীদের • ক্ষেত্রে গ্রহণ করেছেন যে ১৫০ টাকা পর্যন্ত কর্মচারীদের ৫ টাকা করে দেবেন সেই ৫ টাকা করে যদি ঐ দরিদ্রতম বেয়ারা এবং এখানে কেরাণীদের দিতে সাড়ে ৯ লক্ষ টাকা লাগে সেই সাড়ে ৯ লক্ষ টাকা দিতে পশ্চিমবঙ্গ সরকার দেউলিয়া হয়ে যাবে বিশ্বাস করি না।

[2-40—3-15 p.m. including adjournment.]

যেখানে লক্ষ লক্ষ টাকা ওয়েস্টেজ হচেছ, যেখানে ফাঁকি, চুরি জোচচুরি হচেছ, জালিয়াতি হচেছ দুর্নীতিতে দেশ ভরে গেছে, সরকারের প্রতি ডিপার্টমেণ্ট থেকে আরম্ভ করে, স্যার, কে বিশ্বাস করবে যে সাড়ে ন' লক্ষ টাকা, পাঁচ টাকা করে দিলে যে নীতি তাঁরা সরকারী কর্মচারীদের সম্বন্ধে গ্রহণ করেছেন যে দেড়শো টাকা পযন্ত বেতনের কর্মচারীদের তাঁরা ৫৲ টাকা করে দেবেন, দরিদ্র বেয়ারা কেরাণীদের জন্য সাড়ে ন' লাখ টাকা লাগে। আমি বিশ্বাস করি না স্যার যে ঐ সাড়ে ন'লাখ টাকা দিতে পশ্চিমবাংলা সরকার আজ দেউলিয়া হয়ে যাচেছন। কাজেই ওসব বোগাস বাজে কথা স্যার; হৃদয় বলে ওঁদের কোন পদার্থ নাই, বিবেক বলে কিছু নাই। মানুষত্বকে শিক্ষামন্ত্রী বর্জন করেছেন। তা না হলে স্যার, কে বিশ্বাস করবে যে আজকে সাড়ে ন' লক্ষ টাকা এই পশ্চিমবঙ্গ সরকার দিতে পারে না? স্যার, আর উই সো মেনি ফুলস যে সাড়ে ন' লক্ষ টাকা এই দশ পনের হাজার দরিদ্র কর্মীদের পশ্চিমবঙ্গ সরকার দিতে পারে না? একথা বিশ্বাস করতে পারি না এ প্রশ্ন নয়। কাজেই বলবো স্যার, ওঁরা মানুষ নয়। শিক্ষামন্ত্রীর আসনে আজকে যিনি বসে আছেন, তিনি অমানুষ। একথা আজকে আমি বলবো উনি আজকে একটা পশু যে সাড়ে ন' লক্ষ টাকা দিতে পারবেন না। হি ইজ এ ব্রুট।

(Noise and interruptions).

Shri Satya Priya Roy :

আমি পাবলিক প্লাটফর্মে অভিযোগ করি শিক্ষামন্ত্রী একজন অমানুষ, একটা পশু ওখানে বসে আছেন।

Shri Santosh Kumar Bhattacharyya:

একজন পশু ওখানে শিক্ষামন্ত্রীর আসনে বসে আছেন। সাড়ে ন'লাখ টাকা এদের দিতে পারে না He is a brute.

(গোলমাল)

Shri Satya Priya Roy :

আমরা স্যার বিশ্বাস করি না যে তারা সাড়ে ন'লক্ষ টাকা খরচ করতে পারেন না। ওঁরা অমানুষ।

(হৈ চৈ)

Shri Santosh Kumar Bhattacharyya:

স্যার, আমরা একটা ক্যাটিগরিক্যাল ডিক্লারেশন চাই ফ্রম দি মিনিস্ট্রি ঐ সাড়ে 'ন লক্ষ টাকা দিতে হবে

Until and unless that categorial declaration comes

হাতুড়ি মেরে স্যার, আমাকে বসাতে পারবেন না। ওদের টেলিফোনের জন্য কয়েক লক্ষ টাকা খরচ হয়, আর এই সাড়ে ন'লাখ টাকা তারা দিতে পারে না? আমরা মাথা উচু করে শিক্ষকদের পক্ষ থেকে অভিযোগ করে যাব স্যার।

Mr. Deputy Chairman : Don't be impatient

এটা কোন প্রসিডিওর নয়।

Shri Santosh Kumar Bhattacharyya:

কোন প্রসিডিওর নাই। ওখানে তারা হাঙ্গার স্ট্রাইক করে পড়ে আছে, আর আপনি স্যার প্রোসিডিওর-এর কথা বলছেন।

Sir I have got the highest respect for you.

কিন্তু ওঁরা যতক্ষণ ঐ সাড়ে ন'লক্ষ টাকা না দিচেছন, দেবেন বলে ঘোষণা না করছেন ততক্ষণ স্যার আমরা থামবো না।

Shri Nirmal Bose :

স্যার, এখানে উত্তেজনা সৃষ্টি হয়েছে। তার কারণ আপনি বুঝতে পারছেন যে হয়ত পরিষদীয় রীতিনীতি ঠিকমত এখানে পালিত হচ্ছে না। কিন্তু তাই বলে এই প্রশ্নটা যেন আমরা কেবল আইনকানুনের মধ্যে আবদ্ধ না রাখি। এর মধ্যে মানবিক বিষয় রয়েছে। আপনি জানেন ৩০ জন শিক্ষক শিক্ষিকা কি অবস্থায় সেখানে পড়ে আছে। আমি কাল রাত্রিতে সেখানে গিয়েছিলাম। আমি বলছি

[Noise and interruptions]

(At this stage the House was adjourned for half-an-hour.)

(After adjournment)

Mr. Deputy Chairman : All the unparliamentary words used by Shri Santosh Kumar Bhattacharyya must be expunged.

[3-15—3-25 p.m.]

Shri Santosh Kumar Bhattacharyya :

স্যার, আজকে বিরতির পূর্বে আমরা এখানে উত্তেজিত হয়ে গিয়েছিলাম। আমি উত্তেজিত সহসা হই না। কিন্তু আমার কানে ওদিক থেকে একটা কথা এসেছিল যে আমাদের যারা অনশন করে আছেন তাঁদের কেউ কেউ খাচেছন। আমি কানট স্পীক এই উক্তি শোনবার পর আমি চেক করতে পারিনি। কারণ আপনি জানেন অনিমাদির ১০ পাউণ্ড ওজন কমে গেছে। আমাদের সহকর্মীর অনেকেরই ১০ পাঃ করে ওজন কমে গেছে। এই অবস্থায় ওদিক থেকে যখন এই রকম উক্তি আমার কানে এল তখন আমি সংযমের বাঁধ হারিয়ে ফেললাম। সেজন্য আপনার প্রতি ও পরিষদের প্রতি যদি কোনরকম অবমাননা হয়ে থাকে তাহলে তারজন্য আমি আন্তরিকভাবে দুঃখিত এবং যে উক্তির কথা আপনি বললেন তার জন্য যদি আপনার ও পরিষদের দুঃখের কারণ হয়ে থাকে তাহলে আমি তা প্রত্যাহার করছি।

Shri Nirmal Bose :

বন্ধুবর সন্তোষবাবু যে ভাবে তাঁর উক্তি প্রত্যাহার করলেন তারজন্য তাঁকে ধন্যবাদ দিচ্ছি। যেভাবে ঘটনা হয়েছে তারজন্য আমরা সবাই দুঃখিত। আমাদের বক্তব্য আমরা দৃঢ়তার সঙ্গে রেখে সরকারের সমালোচনা করতে চাই, কিন্তু সে সময় রুচী বহির্ভূত কোন কথা সহসা আমরা ব্যবহার করতে চাই না। কিন্তু আপনার কাছে অনুরোধ ও পক্ষের যে উক্তি হয়েছে অনশন করার সময় খেয়েছিল। এই রকম উক্তি ললিতবাবু করেছেন। আমি আশা করি এই রকম উক্তি তিনি প্রত্যাহার করবেন।

Shri Rabindralal Sinha :

আমাদের দিক থেকে এই রকম একটা শব্দ গেছে ওঁরা শুনেছেন, কিন্তু কে সঠিক বলেছে বলা মুস্কিল। কিন্তু যে কেউ বলে থাকুন, আমি বর্তমানে নেতা হিসাবে ওজন্যও দুঃখ প্রকাশ করছি।

Shri Nirmal Bose :

যেভাবে আমাদের দুঃখজনক ঘটনার পরিসমাপ্তি হল তার জন্য সকলককেই আমরা নিশ্চয় ধন্যবাদ দেব। আপনার কাছে আমি আবার এ বিষয়ে তুলছি যে ঘটনাকে উপলক্ষ করে আমরা সবাই উত্তেজিত হলাম সেটা আমরা আলোচনা করতে পারি কারণ বিষয়টা আপনি জানেন অত্যন্ত গুরুত্বপূর্ণ।

Mr. Deputy Chairman :

আমি মনে করি এই জিনিষটার আজকে এখানেই পরিসমাপ্তি করুন। এখানে সত্যপ্রিয়বাবু প্রিভিলেজ মোশন-এর উপর মিনিস্টার স্টেটমেণ্ট দিয়েছেন। এখন সেটা নিয়ে নূতন করে হাউসকে গরম করা ও উত্তেজিত করা ছাড়া আর কিছুই হবে না। আপনার যদি প্রয়োজন হয় কালকে আপনি অন্য মোশন নিয়ে এসে আলোচনা করুন। আজ

atmosphere is not very congenial.

আজকে এটার উপর একটা ড্রপ সিন পড়ে গেছে। এটার পরিসমাপ্তি করুন এবং কালকে প্রসিডিউরাল ওয়েতে আনুন

I will allow it.

Shri Nirmal Bose :

আমরা একটা বিষয়ে সকলেই খুব উত্তেজিত হচ্ছি এবং তার জন্য আমরা শালীনতার সীমা অতিক্রম করেছিলাম। এবিষয়টা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এবিষয়ে কালকে একটা মোশন দিয়ে আলোচনায় জন্য অনুমতি আপনি দিচেছন, তার জন্য আপনার কাছে আমরা কৃতজ্ঞ। কিন্তু আপনি জানেন আজ ৫ টার সময় তাঁরা অনশন ভাঙ্গবেন এবং সেখানে কয়েক হাজার শিক্ষক সমবেত হবেন। শিক্ষকরা একটা প্রস্তাব নিয়ে আন্দোলন সুরু করেছেন। এই আন্দোলনে এখানকার আমাদের পরিষদের ২ জন সদস্য সেখানে অংশ গ্রহণ করেছেন। স্বাভাবিকভাবে হাজার হাজার শিক্ষক সেখানে তাঁরা উদ্বিগ্নভাবে অপেক্ষা করবেন, তাঁরা কিছু পেলেন কিনা সেটা তাঁরা জানতে চাইবেন এবং কিছুক্ষণ বাদে শিক্ষক সমিতির নেতারা সেখানে যাবেন। এ কারণে আমরা জানতে চাই শিক্ষামন্ত্রীর কাছ থেকে কতকগুলো কথা। তাঁর ঐ বক্তৃতা আমি খুব মনোযোগের সঙ্গে শুনেছি। তিনি যে অর্থের কথা বলেছেন তার মধ্যে যাচ্ছি না। কিন্তু একটা বিষয়ে তিনি বলেননি সেটা হল এবং আগেরদিন সত্যপ্রিয়বাবু যে অফার দিয়েছিলেন সেটা কি হল? অর্থাৎ অর্থের দিক দিয়ে যদি অসুবিধা হয় তাহলে তার ফলে শিক্ষকদের টাকা নিয়ে যারা করণিক গ্রন্থাগারিক বেয়ারা ইত্যাদি রয়েছেন তাদের টাকা দেবেন। এঁরা বলছেন এটা নীতির কথা। ব্যক্তিগতভাবে একজনের পকেট থেকে টাকা এসে গেল, কলেজের বেয়ারাদের দিয়ে দাও পূজো বকশিসের মত এটা কিন্তু তা নয়। এটা নীতির কথা। সরকার দরিদ্রদের সুবিধা দেবেন সেটা দেবার ক্ষেত্রে তাঁরা বলছেন টাকা নেই। এটা ভাল কথা, কিন্তু শিক্ষকরা একটা প্রস্তাব করেছেন আমাদের টাকা নিয়ে তাঁদের দিন সেটার কি হল? এটা নীতির ব্যাপার। এটা শিক্ষামন্ত্রী মহাশয় নীতি হিসাবে গ্রহণ করলে তবে তাদের দেওয়া যায়।

সত্যপ্রিয়বাবু এ ধরণের একটা প্রস্তাবই করেছেন। আমি বন্ধুদের অভিনন্দন জানাব এরূপ একটা প্রস্তাব করেছেন বলে। আমার অনুরোধ শিক্ষামন্ত্রী মহাশয় সেইভাবে জিনিষটা গ্রহণ করুন। তিনি বলুন যে বৈষম্য করা হবে না। এ কথা যদি তিনি বলতে পারেন তাহলে আমার মনে হয় সমস্যার সমাধান হয়ে যাবে, এবং অর্থের দিক থেকেও অনেক সমস্যার সমাধান হয়ে যাবে যদি নাকি তিনি এ কথাটা বলতে পারেন।

Shri Rabindralal Sinha :

আমি একটা কথা বলবো নির্মলবাবুকে সে ডিয়ারনেস এ্যালাউন্সএর যে কথা বললেন তার উত্তরে। ডিয়ারনেস এ্যালাউন্স আমরা দিয়েছিলাম প্রত্যক্ষভাবে সরকারী কর্মচারীদের। সেই সরকারী কর্মচারীদের দেওয়া ডিয়ারনেস এলাউন্স টিচারদের দেওয়া হচেছ তার কারণ তাঁরা সম্মানজনক কাজে লিপ্ত আছেন সে কথা বিবেচনা করে। এজন্য আমরা এটা টিচারদের ক্ষেত্রে এক্সটেণ্ড করেছি এবং এটাই হল মূল নীতি। এখন ওঁরা সে কথা বলছেন বিদ্যালয়ের শিক্ষকদের দেয় যেটা আমরা স্বীকার করেছি দেবো বলে, সেটা থেকে নিয়ে অন্য কর্মচারীদের দেবার কথা সরকার যা স্বীকৃতি দিয়েছেন, যে ডিক্লারেশন করেছেন সেটা থেকে ইউনিল্যাটারালি পিছিয়ে সেটা থেকে কমিয়ে ইউনিল্যাটারালি সম্ভব নয়। ঐ টাকা ইতিমধ্যে চলে গেছে এবং অনেক

জায়গায় শিক্ষকরা তা গ্রহণও করেছেন সুতরাং আজকে এ ক্ষেত্রে পিছিয়ে যাওয়া এর পক্ষে এককভাবে শক্ত এবং অসম্ভব। তবে ওরা যে প্রস্তাব করলেন এবং আমার যতদূর মনে আছে কারণ ওখানে নিজেদের মধ্যে যে আলোচনা হয়েছে তা আমি এখানে সব করতে চাই না এবং বিকৃতভাবে বলার পক্ষপাতিত্ব আমি নই। সেখানে এরূপ একটা কথা বলেছিলাম বলে মনে আছে তাতে অর্থমন্ত্রী মহাশয় বলেছিলেন যে আপনারা লিখিতভাবে দিন। কারণ এখন পেছুতে হলে এককভাবে লিখিত কোন সঙ্গত কারণ না পেলে এটা করান যাবে না। সেইজন্য লিখিতভাবে প্রস্তাব রাখলে সরকার তা বিবেচনা করবেন। তা আজ পর্যন্ত খবর নিয়ে জানলাম যে লিখিত কিছু হয় নি। অতএব লিখিতভাবে পেলে সেটা বিবেচনা করে দেখবো।

Shri Nirmal Chandra Bhattacharyya : On a point of order, Sir. You decided that the matter would not be pursued any further today but the matter might be brought up tomorrow again. I think that is the decision that we have received from you. Sir, have you changed your decision ?

Mr. Deputy Chairman : Not at all.

Shri Nirmal Chandra Bhattacharyya : Sir, I would request Professor Bose and others to stick to the decision that you have given on this particular point.

Shri Nirmal Bose :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় শ্রদ্ধেয় অধ্যাপক ভট্টাচার্য্য যে কথা বললেন, তার কথার বলছি আপনার সিদ্ধান্তের অমান্য করছি না। সে শ্রদ্ধা আমাদের আছে। আমি যে কথা বলছি সেটা হচ্ছে আপনি কালকে অনুমতি দিয়েছেন। আলোচনা করাটা খুব ভাল। কিন্তু আজকে যে সময় সব অনশন ভাঙবেন সেই সময় মাননীয় শিক্ষামন্ত্রীর আশ্বাসের কথা যদি পৌঁছে দেওয়া যায় তাহলে জিনিষটা ভাল হয়। এটা আলোচনা করে যদি বলতে পারেন তাহলে সুবিধা হয়, এই কারণেই আমি বলছি।

Shri Satya Priya Roy :

মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় একটা স্টেটমেণ্ট যা এইমাত্র দিলেন সে সম্বন্ধে আমার বক্তব্য খুবই এবং পারসোন্যাল ক্ল্যারিফিকেশন-এ এই কথাই বলতে চাই যে উনি যা বললেন আমি নাকি ওদের মধ্যে বিভেদ স্বষ্টি করবার চেষ্টা করছি। তা আমি করিনি কারণ আমাদের কাছে অর্থমন্ত্রী বা শিক্ষামন্ত্রী উভয়েই সমান। আমাদের এর বিরুদ্ধে ওকে লাগান কিছু নয়। কিন্তু আলোচনায় যা অনুভব করেছিলাম সেটাই বলছি এর বিন্দমাত্র বিকৃত করছি না। এটা মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়ের সঙ্গে ওখানে যে আলোচনা হয়েছে তারই বিবরণ দিচ্ছি এবং যে আলাপ আলোচনা হয়েছে সেটা কাউনসিল এক রকম সিদ্ধান্ত অনুসারেই হয়েছে। আমাদের বন্ধুবর যতীন চক্রবর্ত্তী মহাশয় একটা প্রস্তাব দিয়েছিলেন যে ঐ দিনের অধিবেশন শেষ হলে আমরা গিয়ে মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থ মন্ত্রী মহাশয়ের সঙ্গে সাক্ষাৎ করবো।

[3-25—3-35 p.m.]

কাজেই সেই হিসেবে এই হাউসে তাঁর একটি বিবৃতি দেওয়ার প্রয়োজনীয়তা ছিল। আমরা তাঁদের মধ্যে কোন রকম বিভেদ স্বষ্টির জন্য কোন রকম প্রচেষ্টা করিনি সেকথা আমি এখানে স্পষ্ট করে বলতে চাই।

দ্বিতীয়তঃ কথা হচ্ছে আমাদের প্রস্তাব যেটা নীতিগত প্রস্তাব হতে পারে। কিন্তু আমরা তো আইন করার মালিক নই এবং এটা একক বা ইউনিল্যাটারাল থাকছে না। এটা এখানে কার ফ্লোর অফ দি কাউনসিলে বলা হয়েছে, এটা ওদের ওখানেও বলা হয়েছে এবং আমরা নিজেরা পেপারে স্টেটমেণ্ট দিয়েছি। কাজেই—

Shri Rabindralal Sinha :

স্টেটমেণ্টটা আপনারা লিখে দেবেন বলেছিলেন, তার কি হল?

Shri Satya Priya Roy :

আসছি কাজেই এটা ইউনিলাটারাল নয়। যে পাবলিক অফার এই ফোরামে দেওয়া হয়েছে সেটা লিখে দেওয়া খুব বড় জিনিষ তা নয়। সেটাতে পরে আসছি। কাজেই আমি বলতে চাই শিক্ষামন্ত্রী যে কথা বলছেন যে আমরা ইউনিলাটারাল য়্যাকসান নিতে পারি না, সে কথাটা আজকে আর দাড়ালো না। কেন না এটা ইউনিলাটারাল নয় এটা এরকম একটা ডিষ্টিঙ্ক এবং ওপন অফার মন্ত্রী মহাশয়কে দেওয়া হয়েছে, যা নিয়ে আর কোন প্রশ্ন তোলা যায় না।

Shri Rabindralal Sinha :

এটা by an individual member of the Council and not by the Association.

Shri Satya Priya Roy : No. By the Association

এটা পরিস্কার বলা হয়েছে এবং কাউন্সিলে

We represent the Association.

কাজেই We spoke on behalf of the Association. সুতরাং এটা ইউনিলাটারাল কিছু নয়।

(এ ভয়েস: বেশ তো, লিখে দিন।)

লিখে দেওয়া তো এই কথাই। দ্বিতীয় প্রশ্ন হচ্ছে আমরা জানি না তাদের টাকার অঙ্ক কি এবং তারা কত টাকা দেবেন। কি তাদের কাছে য়্যাভেলেবেল ফাণ্ড সেটা তাঁরা ঠিক করতে পারবেন এবং তাতে বাস্তবিক তাদের দারিদ্র্য এসেছে কিনা সেটা তাঁরা বলে দিতে পারবেন। নাম্বার অফ এমপ্লয়িজ ওটা ওঁরা ঠিকঠাক করবেন। এটা আমরা নীতিগতভাবে সেকথা এখানে বলেছি এবং তা আমরা লিখে দেব এবং তা লিখে দিলেও তারা পরিস্কার সেটা বিবেচনা করবেন সে সম্বন্ধে কোন আগ্রহ তাঁদের নেই।

Shri Sreepada Bhattacharyya :

আমি একটা কথা জিজ্ঞাসা করছি, আপনি আমাকে একটু এনলাইটেন করবেন আপনারা যদি সমিতি থেকে লিখে দেন, এটা তো ইনডিভিজুয়াল এবং পার্টিকুলার একজন মাষ্টারের বৃত্তি। ৫৲ টাকা হারে সকলে মেনে নেবেন একথা আপনি বলতে পারেন?

Shri Satya Priya Roy :

প্রত্যেকে মানবে সেকথা আমি বলতে পারি না।

(এ ভয়েস: তাহলে?)

তাঁরা অনেক কিছু তথ্যাদি নিয়েছেন আপনার কাছে হাউসে এনলাইটেন করবার জন্য একটু বলতে হচ্ছে যে সাড়ে সতের টাকা করে ঐ আনএডেড স্কুলে ডি এ ১৯৫৪ সাল থেকে দেওয়া হচ্ছে। প্রতিবার আনএডেড স্কুলের এই হচ্ছে একমাত্র পাওনা গভর্নমেণ্টের কাছ থেকে তারা পূজার আগে ছয় মাসের ঐ ডি. এ. পেয়ে থাকেন। এবার সেই যে ছয় মাসের ডি এ পাওনা ১০৫৲ টাকার উপর যার উপর সাহায্যহীন বিদ্যালয়গুলি নির্ভর করে তা আজ পর্যন্ত পূজার আগে দেওয়া হয় নাই, এলট পর্যন্ত করা হয় নাই। প্রতিবার আমরা দেখেছি ডাঃ রায় এর জন্য খুবই উদ্বিগ্ন থাকতেন যাতে পূজার আগে এই টাকাটা পাওয়া যায়; শিক্ষকরা গভর্নমেণ্টের কাছ থেকে টাকাটা যাতে এবার পূজার আগে পেতে পারেন, তার কোন ব্যবস্থা এঁরা করেন নাই। কিন্তু এই

যে পাঁচ টাকা এবং দশ টাকা আজ কর্মীদের মধ্যে বিভেদ ও বঞ্চনা সৃষ্টি করবার এটা তড়িঘড়ি তাঁরা পাঠিয়েছেন ঠিকই এবং তড়িঘড়ি শুধু তারা পাঠান নাই বলেছেন যে বিলটিল আর করতে হবে না তোমাদের অমুক স্কুলে এত এলটমেণ্ট হয়েছে; টাকাটা তোমরা নিয়ে যাও এবং নিয়ে গিয়ে যেমনি খুসী দিয়ে দেও। এই রকম করে ওঁরা টাকাটা বিলি বণ্টনের ব্যবস্থা করবেন। এই যে য়্যাডিসনাল ডি এ-টার তাঁরা ব্যবস্থা করেছেন এ যেন সেই বিভেদ ও বঞ্চনার নীতিকে শক্ত করে আঁকড়ে থাকা এটা খুব স্পষ্ট হয়ে ওঠে নাই কি? বছরে যে ১৭৷৷০ টাকা পাওনা তার কিছু ব্যবস্থা হল না আজও এবং শিক্ষকদের এই পূজার বাজারে যার উপর নির্ভর করতে হয় সেই ডি. এ. এর টাকা তারা কিছুই পাবে না। এই রকম অবস্থা অথচ তাঁরা তড়িঘড়ি ঐ ব্যবস্থা করবার জন্য ব্যস্ত হয়ে উঠেছেন। তাতে ব্যবস্থা কিছু হল না। এই রকম উদগ্রীব হবার ফল কি শিক্ষামন্ত্রী মহাশয় জানেন? উনি নিশ্চয় জানেন আমাদের হিসেবটা ইতিমধ্যে এসে পৌচেছে। তাতে আমরা খুব পরিস্কার দেখতে পাচ্ছি শতকরা ৮০টি বিদ্যালয় এই সম্পর্কে অস্বীকার করেছেন, এটা নিতে তাঁরা অস্বীকার করেছেন।

(Shri Rabindralal Sinha : Question.)

আপনার ডিপার্টমেণ্টে গিয়ে খোঁজ নিন। আপনি কোশ্চেন করেছেন এজন্য আমি খুসী। আপনি কোশ্চেন করুন। তবে আমার তথ্যকে একেবারে আনফুল্লিবল বলে মনে করতে হবে বা আমি একেবারে অভ্রান্ত সত্য কথা বলে যদি সে রকম দাবী আমি করছি না। তবে আমি শুধু শিক্ষামন্ত্রীকে বলবো আপনি ডি. আই.-এর কাছে জানতে পারেন এইট্টি পারসেণ্ট অফ দি টিচার্স এটা প্রত্যাখ্যান করেছেন কিনা। এটা তিনি একটু খোঁজ নিলেই জানতে পারবেন।

কাজেই এ সম্পর্কে যদি তাঁরা বলতেন যে আমরা চিঠি দিলে এখুনি করব তাহলে নিশ্চয় আমরা সেদিন লিখে দিতাম। কিন্তু একথা তাঁরা পরিস্কার বললেন যে এ্যাপ্রোপ্রিয়েশন বিল এর আগে কিছু হবে না, কাজেই এ সম্পর্কে আমাদের কিছু তাড়াহুড়া করার কিছু নেই। দ্বিতীয় হচ্ছে তাঁরা নীতিগতভাবে বলুন যে আমরা এই প্রস্তাব দিলে করণিক, গ্রন্থাগারিক, অধঃস্তন কর্মীদের সমহারে বণ্টন করে দিতে রাজী আছেন তাহলে আমরা নিশ্চয় আজকে যাবার আগে শিক্ষামন্ত্রীর কাছে দিয়ে যাব। আমরা নীতিগতভাবে শিক্ষামন্ত্রীর কাছে দাবি করছি আমরা এইরকম প্রস্তাব দিলে অন্ততঃ তাঁরা নীতিগতভাবে এই অর্থ সমহারে শিক্ষক, করণিক গ্রন্থাগারিক, অধঃস্তন কর্মীদের মধ্যে বণ্টন করে দেবার আপত্তি নেই এর ব্যবস্থা তাঁরা করবেন। এইরকম ঘোষণা নীতিগতভাবে আমরা ওঁদের কাছ থেকে আশা করব। আমার বন্ধুরা ওদিক থেকে বললেন এ্যাসোসিয়েশন-এর কথা। একথা সত্যি কেউ বলতে পারে না যে শতকরা ১০০ জন নেবে না, এই নীতিতে আঁকড়ে থাকবে। এটা নিশ্চয় আমাদের মধ্যে ২।৪ জন আছে হয়ত তাঁরা এই নীতি মানতে রাজী হবেন না। সেজন্য যখন এটার জন্য য়্যাকসন নেবেন তখন ইউনিলাটারালি গভর্নমেণ্ট সাইড থেকে এটা নিতে হবে। কেউ কেউ যেন বললেন ওঁরা বিলি করে দিন। এটা একটা বিরাট নীতিগত আপত্তি করা। ভিক্ষার দ্বারা চিরকাল পেট ভরানো যাবে না। এর বাস্তব অসুবিধা আছে। কোথাও যদি একজন শিক্ষক বলেন যে আমরা নেব সেখানে সেই অবস্থায় এটা চালু হতে পারে না। যাঁরা আইনের কর্তা তারা যদি আইন হিসেবে, নীতি হিসেবে এটা আইনের সাহায্যে চালু না করেন তাহলে চালু করা সম্ভব হয় না। এ দিক থেকে আমার কথা হচ্ছে ওঁর হিসাব মত আমরা দেখতে পাচ্ছি সাড়ে নয় লক্ষ টাকার ব্যাপার। ৫ টাকা যেটা ১৫০ টাকা পর্যন্ত বেতনের কর্মচারীদের ব্যবস্থা করেছেন তাতে সাড়ে নয় লক্ষ টাকার ব্যাপার সরকারী কর্মচারীদের মধ্যে অধঃস্তন কর্মীরাও পেয়েছেন। এখানেও যদি তাঁরা অধঃস্তন কর্মীদের ৫ টাকা হারে দিয়ে যান তাহলে সাড়ে নয় লক্ষ টাকার ব্যাপার। এটা নিয়ে য়্যাডজোর্নমেণ্ট-এর আগে আমরা অত্যন্ত জোর করেছিলাম এবং তাতে একটা উত্তেজনার সৃষ্টি হয়েছিল। জীবন মরণের সন্ধিক্ষণে যাঁরা দাড়িয়ে আছেন তাঁদের বিরুদ্ধে একটা অপবাদের প্রশ্ন উঠেছিল—এটা প্রত্যাহার করা হয়েছে বলে একটা উত্তেজনার সৃষ্টি হয়েছিল। কিন্তু উত্তেজনা ছাড়া একথা শক্তভাবে দাঁড়িয়ে আছে সাড়ে নয় লক্ষ টাকার জন্য এইরকম একটা বঞ্চনার ইতিহাস। একথা আমরা শিক্ষামন্ত্রীর কাছে পরিস্কারভাবে বলতে চাই যে আশা করি তিনি কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর উপর চাপ দেবেন। এখান থেকে প্ল্যান পাঠিয়ে দেবেন যে তোমরা এই টাকা দেবে কিনা? আমরা যদি এইরকম চাপ রাজ্য সরকারের কাছ থেকে

পেছে জানতে পারি তাহলে এইটুকু ভরসা আমরা রাখি যে আমাদের নিখিল ভারত মাধ্যমিক শিক্ষক সংস্থার দ্বারা চাপের মাধ্যমে আমরা এই টাকা আদায়ের সাহায্য করতে পারি। কাজেই এই সমস্ত বিবেচনা করে আমার মনে হয় সাড়ে নয় লক্ষ টাকার একটা সমস্যা দাঁড় করিয়ে রাখাটা অন্ততঃ শিক্ষামন্ত্রীর পক্ষে সুবিবেচনার প্রশ্ন হবে না। এটা মস্তবড় আর্থিক প্রশ্ন নয়, এটা মনুষ্যত্বের প্রশ্ন। আপনি ভেবে দেখুন একই বিদ্যালয়ে আমরা যারা কাজ করছি তাদের মধ্যে আমরা কিছু লোক ঐ টাকা নিয়ে যাব। কিন্তু যাঁরা ঐ টাকার জন্য বিল করবেন, যাঁরা ঐ টাকা সরকারের দপ্তরখানা থেকে নিয়ে আসবেন তাঁরা তার এক পয়সাও অংশ পাবেন না। এই যে প্রশ্ন এটা আমাদের মনুষ্যত্বের কাছে চ্যালেঞ্জ হিসাবে এসেছে। মনুষ্যত্বের কাছে চ্যালেঞ্জ হিসাবে ৫।১০ টাকা কারুর অভাব ঘুচবে না। আমরা না পেলেও আমরা যা পাচ্ছি তাই থাকবো, তার চেয়ে কোনরকম উন্নতি হবে না। এখানে বড় প্রশ্ন হচ্ছে মনুষ্যত্বের প্রশ্ন, বিবেকের প্রশ্ন। কাজেই এই প্রশ্নের উত্তর দিতে গিয়ে আমরা দেখতে পাচ্ছি আমরা কিছুতেই আমরা দরিদ্র সহকর্মীদের জন্য সরকারের করুণা ভিক্ষা গ্রহণ করতে পারছি না।

3-35—3-45 p.m.]

এ প্রশ্নটা হচ্ছে মাত্র সাড়ে ন লক্ষ টাকার। মাননীয় শিক্ষামন্ত্রী উপস্থিত আছেন, আমরা আশা করবো তিনি স্পষ্ট ভাবে বলুন যে এই সাড়ে ন লক্ষ টাকা তিনি মানবতার দিক দিয়ে অর্থমন্ত্রী মহাশয়ের কাছে দাবী করবেন কিনা? কেন্দ্রীয় সরকারের কাছে এই সম্পর্কে দাবী করবেন কিনা? আজকে তাঁদের অন্তর্বর্তীকালীন একটা কিছু দিতে পারেন কিনা এবং এ সমস্যার সমাধান সম্ভব কিনা? আজকে আমাদের কাছে মনুষ্যত্বের প্রশ্ন এসে দাঁড়িয়েছে। তাই মাননীয় শিক্ষামন্ত্রীর কাছ থেকে জানতে চাই তিনি এ সমস্যার সমাধান করবেন কিনা? আমাদের উত্তেজনার কারণ যে এটাই তা স্পষ্টভাবে বলছি। স্যার আপনি হয়ত এটা লক্ষ করেছেন যে শ্রীমান সন্তোষ কুমার ভট্টাচার্য্য দাঁড়িয়ে কথা বলতে পারছিলেন না। এখানে যা কিছু হয়েছে তার জন্য শিক্ষক সমিতির পক্ষ থেকে আমিও দুঃখ প্রকাশ করছি। কিন্তু উত্তেজনার কারণ খুবই স্বাভাবিক। আমরা আজ জীবনমৃত্যুর সামনে এসে দাঁড়িয়েছি। আজকে আমাদের তিনজন সহকর্মী তাঁদের মধ্যে ২৪ ঘণ্টা কাটাচ্ছেন। এ সব দেখে মনে হচ্ছে বাস্তবিক মনে হচ্ছে সরকারের বোধ হয় হৃদয় নেই। আজকে এ প্রশ্ন খুব বাস্তব হয়ে উঠেছে। এই সামান্য প্রশ্নের জন্য একটা হিসাবের দিক ছাড়া মানবিকতার দিক দিয়ে এর সমাধান করতে পারেননি। সেই জন্য আজকে এই প্রশ্ন স্বাভাবিকভাবে জেগেছে এবং উত্তেজনার সৃষ্টি হয়েছে। এই যে উত্তেজনার সৃষ্টি হয়েছিল এর জন্য আমার বন্ধু শ্রীমান সন্তোষ কুমার ভট্টাচার্য্য দুঃখ প্রকাশ করেছেন, আমিও শিক্ষক সমিতির পক্ষ থেকে দুঃখ প্রকাশ করছি।

Shri Rabindralal Sinha :

আমার আর কোন নূতন কথা নেই। আমি যে বিবৃতি দিয়েছি তার অতিরিক্ত আর একটা কথাও বলার নেই।

Shri Nirmal Bose:

একটা বিষয় আছে। মাননীয় মন্ত্রীমহাশয় বললেন যে নূতন কিছু বলার নেই। এইটা পরিস্কার করে আপনারা বলুন, আমরা এর একটা সমাধান চাই। এটা আইনের ব্যাপার বলে সরিয়ে দেবেন না। আজকে যে নীতিগত কথা তুলেছেন আমাদের সত্যপ্রিয় বাবু তাতে ওঁকে লিখে দিতে বলা হয়েছে। উনি লিখে দেবেন। কিন্তু মন্ত্রী মহাশয় বলুন যদি নিখিল বঙ্গ শিক্ষক সমিতির কাছ থেকে এই প্রস্তাব আসে যে টাকার অভাব হলে শিক্ষকদের টাকা বণ্টন করে করণীক এবং অন্য সকলকে দিয়ে দেওয়া হোক, তাহলে আপনারা নীতিগতভাবে তা আপত্তি করবেন না।

Shri Rabindralal Sinha :

এটা স্টেটমেণ্ট হচ্ছে? একই কথা বারবার বলা হচ্ছে।

Shri Nirmal Bose :

আমি এ ব্যাপারে সাহায্য করছি।

Mr. Deputy Chairman : Mr. Bose, please take your seat.

একই জিনিষ রিপিটিশন হচ্ছে। এটা করে লাভ কি। কেন রিপিট করবেন ?

Shri Niarmal Bose :

আমি একথা বলেছি। রিপিট করছি তার কারণ উনি কিছু বলছেন না বলে। উনি বলুন যে লিখিতভাবে দিলে উনি মানবেন।

Shri Rabindralal Sinha :

বিবেচনা করবো, এর বেশী একটা কথাও বলার নেই।

Shri Nirmal Bose :

আমরা নীতির কথা জানতে চাই। সেদিন উনি বললেন এবং আমরা পরিষদে আলোচনা করলাম। মাননীয় যতীনবাবু আমাদের প্রস্তাব করলেন এবং তার ফলে মাননীয় শিক্ষামন্ত্রী এবং অর্থমন্ত্রী আমাদের সাথে মিলিত হলেন, আমরাও সে প্রস্তাব মেনে নিলাম। আমরা দেখলাম তাদের মনোভাব এমন যে তাতে কোন মীমাংসা হল না। আজ উনি বলছেন একটা কথাও বলবো না। তাহলে, তা কালকে আলোচনা করে কি হবে। এ আলোচনার কোন মূল্য নেই। এই মনোভাব যদি গ্রহণ করেন তাহলে আজকের আলোচনায় কি লাভ আছে। উনি বলছেন যে কোন কথা বলবো না।

Mr. Deputy Chairman :

আলোচনা করছেন কেন ?

Shri Nirmal Bose :

এ জন্য আলোচনা করছি যে একথাটা মেনে নিতে পারবেন কিনা তাহলেই সমস্যার সমাধান হয়ে যায়। আপনি দেখছেন যে এই বিষয় আলোচনা হচ্ছে, এবং এর জন্য বারবার কথা এটা তুলতে বাধ্য হচ্ছি তার কারণ এটা অত্যন্ত গুরুত্বপূর্ণ। একটা কথা বলবার চেষ্টা করছেন। প্রথম দিকে যে প্ল্যান টারগেট এর টাকা এবং বাইরের টাকা, এ বলে গুলিয়ে দেবার চেষ্টা করেছেন। সোজা বিষয় গোলাবাধ কোন দরকার নেই। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মহাশয় যদি ৫০ ভাগ টাকা দেবেন বলে থাকেন তাহলে কি হবে; এটা বলবার জন্য ঐ সবের কি দরকার; আলাচনার কি দরকার। ২টা বিষয় ক্যাটিগোরিক্যাল রিপ্লাই চাই। কেন্দ্রীয় সরকার ৫০ ভাগ দিলে দেবেন, প্ল্যান আউটলের বাইরে প্ল্যানের অতিরিক্ত দেবেন, টাকা যদি দেন দেবেন এটা বলায় আপত্তি নেই।

আর আলোচনার কি প্রয়োজন। বিতর্কের কি প্রয়োজন। দুটি স্পষ্ট বিষয়ে ক্যাটিগোরিক্যাল রিপ্লাই চাই। কেন্দ্রীয় সরকার ৫০ ভাগ দিলে, তিনি কি দেবেন প্ল্যান আউটলের বাইরে অতিরিক্ত টাকা যদি দেন তাতে আমাদের কোন আপত্তি নাই। তিনি বলুন তিনি দিলে তো মিটেই যায়। তার জন্য মোশানের কি প্রয়োজন। আমি স্যার আপনার কথা মেনে নিচ্ছি উনি কেবল দুটো বিষয়ে জবাব দিন।

Mr. Deputy Chairman : Mr. Bose, you are repeating the same thing hundred times. The Hon'ble Minister has already said that he is not in a position to say anything further in this matter.

Shri Nirmalya Bagchi :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করতে চাই......

[Noise and interruptions]

Mr. Deputy Chairman :

ওয়েট, ওয়েট, আমি বলছি। আমি বলছিলাম এই আলোচনা আজকে আপনারা বন্ধ করুন কারণ আজকে যে আটমসফিয়ার এখানে তাতে এটা আর চলতে পারে না। কালকে বরং একটা মোশান এনে আপনারা আলোচনা করবেন। আজকে যদি আপনারা প্রত্যেকে দাঁড়িয়ে দাঁড়িয়ে বলতে থাকেন, তাহলে আমি আর তা বার বার সহ্য করতে পারবো না।

I have given my ruling.

Shri Raj Kumar Chakraverty :

স্যার আপনি যে বলছেন কালকে একটা মোশান আনবার জন্য, কিভাবে কালকে সেটা আলোচনা হবে? মন্ত্রীমহাশয় কালকেও ঐ একই উত্তর দেবেন বিষয়টি বিবেচিত হবে। কিন্তু আসলে এর উত্তর তিনি দেবেন না। কাজেই কালকে কোন মোশান এনে লাভ নাই। এটা একটি নীতির প্রশ্ন উনি মন্ত্রী এবং ওঁর দায়িত্ব হচেছ সমস্ত বিভাগের জন্য। উনি ইচ্ছা করলে বলতে পারেন যে হ্যাঁ, শিক্ষকরা যদি ছেড়ে দেন কিছু তাহলে এটা আমরা দেখবো। সমানভাবে টাকাটা বণ্টন করা যায় কিনা সেই নীতিটি যদি উনি আজকে প্রকাশ করেন, তাহলে তো ব্যাপারটা এখানেই মিটে যায়; ঐ মোশান দেওয়ার মানে হচেছ এটাকে সেলভ করা এবং এটাকে পোষ্টপোন করে দেওয়া। এটা তো স্যার ঠিক হচেছ না।

Mr. Deputy Chairman :

উনি তো ক্যাটিগরিক্যালি মত দিয়েছেন আমি যা বলেছি তার চেয়ে আর কিছু বলবো না। এর পরে আর আপনারা কী করতে চান?

Shri Raj Kumar Chakraverty :

আপনি তো জানেন, আপনি পলিটিকসের একজন ভেটারণ লোক, রাজনীতিতে লাষ্ট ওয়ার্ড বলে কিছু নাই—নো লাষ্ট 'ওয়ার্ড স্যার, আপনি জানেন পার্টিশান হবে না সকলে বলেছিলেন। কিন্তু শেষ পর্যন্ত পার্টিশানও হয়ে গেল আনসেটেলড ফ্যাক্ট ও সেটেলড হয়ে গেল। সুতরাং আজকে যেটা ওঁর লাষ্ট 'ওয়ারড কালকে হয়ত তার পুনর্বিবেচনা হয়ে যেতে পারে।

Mr. Chairman :

আজকে যে আটমসফিয়ার তাতে আর আলাচনা হতে পারে না, হওয়া উচিত নয়।

Shri Raj Kumar Chakraverty :

এখন স্যার, আটমসফিয়ার শান্ত। উনি ইচছা করলে বলতে পারেন নীতিটা।

Shri Nirmalya Bagchi :

স্যার, এটা উত্তেজিত হবার প্রশ্ন নয়। আমরা শান্তভাবে ধীরভাবে আলোচনা করছি। আমাদের শিক্ষামন্ত্রীর কাছে আবেদন হচেছ যে তিনি প্রেস্টিজটাকে বড় করে দেখবেন না। আপনি জানেন স্যার এই পরিষদে গত ১৬ই সেপ্টেম্বর তারিখে আমরা যখন আলোচনা করেছিলাম, তখন মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় আমাদের বিভ্রান্ত করেছিলেন। সেদিন যখন পে স্কেল অফ প্রাইমারী টিচারস নিয়ে আলোচনা হয়েছিল, তখন তিনি বলেছিলেন যে কেন্দ্রীয়

সরকার স্টেট প্ল্যানের বাইরে কোন খরচ করলে পরে সেই টাকা দেবেন এমন কোন গ্যারাণ্টি নাই। তা আজকে স্যার খবরের কাজে বেরিয়েছে এবং এটা বাজে কথা নয়। সুতরাং ওঁর পক্ষে আজকে সেটা আলোচনা করা অসম্ভব বলে আমি মনে করি না।

আমার দ্বিতীয় বক্তব্য হচ্ছে যেখানে মাত্র সাড়ে নয় লক্ষ টাকা ব্যয়ের ব্যাপারে এঁরা কুণ্ঠিত হচ্ছেন, সেখানে আমরা জানি তিন কোটী টাকার রয়ালটি খনির মালিকেরা ফাঁকি দিচ্ছেন,

[Noise and interruptions]

স্যার, আপনি জানেন এই হাউসে আলোচনা প্রসঙ্গে প্রকাশিত হয়েছিল যে আসানসোল রাণীগঞ্জ অঞ্চলে কয়লাখনির মালিকরা পশ্চিমবঙ্গ সরকারকে তিন কোটি টাকা ফাঁকি দিয়েছে। হজম করেছে। আজকে বিদ্যালয়ের যে সমস্ত অধস্তন কর্মচারী আছে, তাদের জন্য আজকে তাঁরা এই সাড়ে নয় লক্ষ টাকা ব্যয় করতে পারেন না একথা কি আপনি বিশ্বাস করতে পারেন স্যার? এই যে বিরাট বাজেটের অঙ্ক, বিরাট ব্যয় বরাদ্দ, সেখানে এই সাড়ে নয় লক্ষ টাকা সরকার খরচ করতে পারেন না—এ কথা আমরা অন্তত বিশ্বাস করি না। সত্যপ্রিয়বাবু যে অফার দিয়েছেন, সে সম্পর্কে মন্ত্রীমহাশয় বলেছেন দরখাস্ত করতে। সেই দরখাস্ত লিখে আমরা এক্ষুণি তাঁর হাতে দিয়ে দিচ্ছি। তখন কিন্তু উনি পরিস্কারভাবে সেই বক্তব্য রাখবেন না যে হ্যাঁ, এই যুক্তিকে আমরা স্বীকার করে নিচ্ছি। সুতরাং আমি মনে করি আজকে শিক্ষামন্ত্রী একটা অনমনীয় মনোভাব গ্রহণ করেছেন, কিছুতেই তিনি এই সমস্যার সমাধানের পথে অগ্রসর হবেন না। তাঁর কাছে তাঁর প্রেস্টিজ বড় হয়ে দাঁড়িয়েছে এবং মাধ্যমিক বিদ্যালয়গুলির শিক্ষক এবং অধস্তন কর্মচারীদের মধ্যে একটি ডিভাইড এণ্ড রুল এই নীতি সৃষ্টি করতে চাচ্ছেন। সুতরাং এই অবস্থায় আমাদের পক্ষে সুস্থভাবে এই হাউসের অন্যান্য সমস্ত আলোচনায় অংশগ্রহণ করা সম্ভবপর নয়। মন আজকে অত্যন্ত উদ্বেগপূর্ণ।

[3-45—3-53 p.m.]

আজ আমাদের মনের মধ্যে একটা দারুণ উত্তেজনা ও আশঙ্কা দেখা দিয়েছিল। এর আগে আমরা বলেছি আমরা নিজেদের সংযত করে রাখছি। কিন্তু সেখানেও সব কিছু নির্ভর করছে শিক্ষামন্ত্রীর উপর। শিক্ষামন্ত্রী নবীন, তিনি দায়িত্ব গ্রহণ করেছেন আজ যদি তিনি সাড়ে নয় লক্ষ টাকার ব্যবস্থা না করতে পারেন তাহলে আমি বলব যে তিনি পদত্যাগ করুন।

Shri Satya Priya Roy :

এ সম্পর্কে আমরা কি শিক্ষামন্ত্রীর কাছ থেকে কোন আশ্বাস পাব না? তাহলে আমাদের বিরোধীপক্ষ থেকে এ সম্পর্কে পরিষদের কাজের সঙ্গে যোগদান করা অসম্ভব হয়ে উঠবে। সেজন্য আমরা এখানে বলছি আমাদের অনেক আরও সমস্যা আছে, কিন্তু আমাদের অন্তবর্তীকালীন সমস্যা হচ্ছে সাড়ে নয় লক্ষ টাকা। এ সম্পর্কে তিনি কোনরকম বিবৃতি দিতে রাজী আছেন কিনা?

Mr. Deputy Chairman :

তিনি বলেছেন দেব না।

Shri Satya Priya Roy :

সেটা একবার বলেছেন, কিন্তু তারপর আমরা অনেক তথ্য দিয়েছি এবং তারপর তিনি কি বলতে চান সেটা আমরা শুনতে চাই। কিন্তু তিনি যদি না বলতে পারেন তাহলে পরিষদের কাজে যোগদান করা বর্তমানে সম্ভব নয়, এটা আপনি উত্তেজনার মধ্যে দেখেছেন। আবার উত্তেজনা হোক এটা আমরা চাই না। এই ঘটনার সঙ্গে উত্তেজনা ওতপ্রোতভাবে জড়িত আছে সে বিষয়ে সন্দেহ নেই। তার চেয়ে বরং একথা ঘোষণা করা যাবে যে সরকারের হৃদয় বিন্দুমাত্র

আমরা টলাতে পারলাম না এবং তারজন্য আমরা আজকে পরিষদের অন্যান্য কাজের সঙ্গে যুক্ত থাকতে পারছি না। কাজেই সেদিক থেকে আমি শিক্ষামন্ত্রীর কাছে অনুরোধ জানাচ্ছি যে তিনি এই সাড়ে নয় লক্ষ টাকার ব্যাপার মনে রেখে কোনরকম বিবৃতি দিতে পারেন কিনা?

Mr. Deputy Chairman :

আমি কি বলব?

Shri Satya Priya Roy :

আপনি পারেন না আমি জানি।

Mr. Deputy Chairman :

তবে।

Shri Satya Priya Roy :

আপনি যথেষ্ট সময় দিয়েছেন এটা আমরা জানি।

Shri Rabindralal Sinha:

আমি আমার যা স্টেটমেণ্ট যা করার ছিল তা করেছি, এর উপর আমার একটা অক্ষর বলবার নেই।

Shri Amar Prasad Chakravorty :

কত টাকা লাগবে?

Shri Rabindralal Sinha :

আমি আর কিছু বলতে পারব না।

Shri Aamar Prasad Chakrovorty :

আপনি একটা কথা বলেছেন গভর্নমেণ্ট সারভেণ্ট পারেন গভর্নমেণ্ট স্কুল যেসব আছে তাদের করনিক, গ্রন্থাগারিক ইত্যাদিরা সব গভর্নমেণ্ট সার্ভেণ্ট তাঁরা আছেন—এটা ফ্যালাসিয়াস আরগোমেণ্ট

Mr. Deputy Chairman :

এটা অনেকবার বলা হয়েছে।

Shri Amar Prosad Chakrovorty :

কতটাকা লাগবে সেটা বলুন?

Mr. Deputy Chairman :

অনেকবার বলেছেন, আপনি ছিলেন না
I will proceed to the next item now.

Shri Satya Priya Roy :

আমাদের তাহলে একথা বলতে হয় আমরা সব রকম যুক্তিতর্ক দিয়ে সমস্ত দিক থেকে চেষ্টা করেছিলাম একটা শান্তিপূর্ণ সমাধানের জন্য এবং শান্তিপূর্ণ সমাধানের জন্য যা প্রয়োজন তা শিক্ষামন্ত্রীর নিজের বক্তব্য থেকে বেরিয়ে এসেছিল কিন্তু সামান্য ব্যাপারে তিনি যদি সহানুভূতির

পরিচয় নূতন দায়িত্ব গ্রহণ করে না দেখান তাহলে বাস্তবিক আমরা বিরোধীপক্ষের যারা উত্তেজিত অবস্থায় আছি তাদের পক্ষে মনে হয় এই পরিষদীয় কাজে যোগদান করা সম্ভবপর নয়। কাজেই আমাদের হয়ে এখান থেকে চলে যেতে হচ্ছে।

Shri Nirmal Bose :

এতক্ষণ মনে হচ্ছিল যেন আরও আলোচনায় সুযোগ আছে, আরও বোধ হয় যুক্তিতর্ক দিয়ে বোঝালে কিছু পাওয়া যাবে। কিন্তু এইমাত্র শিক্ষামন্ত্রী যা বললেন তাতে জানা গেল তিনি শেষ কথা বললেন। অধ্যাপক রাজকুমারবাবু যাই বলুন না কেন তিনি তাঁর শেষ কথাই বললেন। এর মধ্যে থেকে সরকারের হৃদয়হীন মনোভাবের পরিচয় পাওয়া গেছে যে এঁরা কিছু করবেন না? এই মনোভাবের বিরুদ্ধে প্রতিবাদ জানিয়ে আমাদের বেরিয়ে যাওয়া ছাড়া আর কিছু নেই।

(At this stage all the Hon'ble members of the Opposition walked out of the Chamber.)

Resolution for appointment of members of the Joint Committee from the Council on the Calcutta University Bill, 1964

Shri Rabindralal Sinha : Sir, I beg to move that this Council concurs in the recommendation of the Legislative Assembly that the Council do join in the joint Committee of the Houses on the Calcutta University Bill, 1964, and resolves that the following members of the Council be nominated to serve on the said Joint Committee, namely :

1. Dr. Srikumar Banerjee,
2. Shri Mohitosh Rai Chaoudhuri,
3. Shri Nanda Kishore Ghose,
4. Dr. Anil Chandra Banerjee,
5. Shri Nirmal Chandra Bhattacharyya.
6. Shri Promotho Nath Bisi,
7. Shri Rajkumar Chakraverty,
8. Shri Nirmal Bose,
9. Shri Gopal Haldar and
10. Shri Rabindralal Sinha.

The motion was then put and agreed to.

The West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1964

Shri Jagannath Kolay : Sir, I beg to move that the west Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration.

এটা একটা ছোট বিল, এতে কোন য়্যামেণ্ডমেণ্ট নেই সুতরাং এটা গ্রহণ ক'রে নেওয়া হোক. এটা সিলেক্ট কমিটিতে এসেছিল।

The motion was then put and agreed to.

Clauses 2 to 44

The question that Clauses 2 to 44 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1 and Title of the Bill

The question that Clause 1 and the Title do stand part of the Bill was then put and agreed to.

Shri Jagannath Kolay : Sir, I beg to move that the West Bengal Mining Settlements (Health and Welfare) Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The Council was then adjourned at 3-53 p.m. till 1 p.m. on Wednesday, the 7th October, 1964, in the Legislative Buildings. Calcutta.

Members Absent

Shri Abdullah Rasul.
Shri Snehangshu Kanta Acharyya.
Shri Ahmad Hossain.
Shri Dhirendra Nath Bhattacharya.
Shri Promotho Nath Bisi.
Shri Byomkesh Chakravarty.
Dr. Suniti Kumar Chatterji.
Shrimati Anila Debi.
Shri Kishori Lal Dhandhania.
Shri Bibhuti Bhusan Ghatak.
Shri Kali Chandra Ghose.
Shri Ashutosh Ghosh.
Dr. Rudranath Ghosh.
Shri Nar Bahadur Gurung.
Shri G. N. Khaitan.
Shri Rajendranath Majumdar.
Shri Pashupatinath Maliah.
Shri Shaikh Mohammad Jan.
Shri Dhajadhari Mondal.
Shri Sudhindra Nath Mukherjee.
Shri R. S. Prasad.
Shri Lakshman Prodhan.
Shri Rezaul Karim.
Shri Sasanka Sekhar Sanyal.
Shri Subodh Sen.
Shri Manoranjan Sen Gupta.
Shri Ram Lagan Singha and
Shri Jatindra Singha.

COUNCIL DEBATES

Wednesday the 7th October, 1964

The Council met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Wednesday, the 7th October, 1964, at 1 p.m. being the twenty-fourth day of the Thirty-fourth Session, under the Constitution of India.

Mr. Deputy Chairman (Dr. Pratap Chandra Guha Ray) was in the Chair.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[1—1-10 p.m.]

Pollution of water of the College Square Tank

***135. Shri Jatin Chakravorty:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) whether the Government is aware that the water of the College Square Tank is polluted by the daily unauthorised bathing and washing of dirty clothes by outsiders;

(b) whether there is any arrangement of draining out the polluted water and refilling up the tank by clean water; and

(c) if the answer to (a) be in the affirmative, whether the Government considers the desirability of posting police there and taking other necessary measures to prevent the outsiders from polluting the water and to safeguard the health of the young boys and girls who learn swimming there?

Shri Jagannath Kolay: (a) Yes.

(b) Yes.

(c) The responsibility of preventing pollution of water in the tank lies with the Calcutta Corporation.

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় (এ)-র জবাবে বললেন ইয়েস; অর্থাৎ সেখানে বাইরে থেকে লোক এসে ঐ জলটাকে নষ্ট করে এমন কি স্যার, কাপড় কাচে. আমি সেইজন্য একটি প্রশ্ন করেছি যে কর্পোরেশনের ম্যালি আছে, দারোয়ান আছে, এত বড় একটা ট্যাংক তারা তাদের বারণ করতে পারে in the greater interest of public health, হাজার হাজার ছেলেমেয়ে ওখানে সাঁতার শেখে। কাজেই সেখানে কোন পুলিসের বন্দোবস্ত দু-একটা যদি করা হয় তাহলে এইরকম ভাবে আর জলটাকে তারা নোংরা জামাকাপড় কেচে বা স্নান করে নষ্ট করতে পারবে না, এজন্য সরকার কোন ব্যবস্থা করেছেন কী?

Shri Jagannath Kolay:

যতীনবাবু যা বলছেন যে ট্যাংকটা কিরকমভাবে রাখবেন, সেটা হচ্ছে কর্পোরেশনের অধীনে, তারা সেটা বিবেচনা করবেন। এখানে চান করাও হয়, কাপড় কাচাও হয়। সেইজন্য তারা ওখানে ডিস্‌ইনফেক্ট করে মাঝে মাঝে, এবং দরকার মত ওরা মাঝে মাঝে জল ছেড়ে দেয়। কিন্তু তার সম্পর্কে গভর্নমেন্ট কোন হস্তক্ষেপ করতে পারে না। কেননা কলিকাতা কর্পোরেশনের আন্ডারে ট্যাঙ্কটা রয়েছে।

Shri Jatin Chakravorty:

মন্ত্রীমহাশয় নিশ্চয় জানেন ঐ ট্যাংকটা কর্পোরেশনের সম্পত্তি এবং সকাল সন্ধ্যাবেলা সেখানে চারিপাশের মানুষ বেড়াতে আসে। তা সত্ত্বেও আমি নিজে জানি সেখানে কিছুদিন আগে য়্যান্টী সোস্যাল এলিমেন্টস-এর কিছু লোক ঘুরে ঘুরে বেড়াত ও ছিনতাই করতো, যার ফলে পুলিশ থেকে তাদের ধরা হয় এবং সেই অপরাধমূলক কাজ যাতে আর অনুষ্ঠিত না হয়, তার বন্দোবস্ত হয়। যদিও ট্যাংক ও বাগান কর্পোরেশনের সম্পত্তি, জনস্বার্থে পুলিসের পক্ষ থেকে এ ব্যবস্থা হয়েছিল। সেখানে জনস্বার্থে এবং যে হাজার ছেলেমেয়ের যে পাঁচ ছয়টা ক্লাব ওখানে আছে, তারা ওখানে সাঁতার শেখে, স্নান করে। এই পরিপ্রেক্ষিতে জনস্বার্থের খাতিরে বাইরে লোক এসে যাতে নোংরা কাপড় জামা না কাচে বা স্নান না করে, তার জন্য দু-চারটি পুলিসে বন্দোবস্ত সরকার থেকে করলে পর সাধারণের উপকার হ'তে পারে, অপরাধ ও অন্যায় কাজ বন্ধ হতে পারে। কাজেই এই সমস্ত বিষয় বিবেচনা করে সরকারের তরফ থেকে আপনারা কোন ব্যবস্থা অবলম্বন করতে চেষ্টা করবেন কি কর্পোরেশন থেকে কিছু করুক আর না করুক?

Shri Jagannath Kolay:

যতীনবাবু একটু ভুল করছেন। ছিনতাই বা পকেটমার যা হয় এরকম যদি য়্যান্টী-সোস্যাল এলিমেণ্টস-এর প্রাদুর্ভাব বেশী হয়, সেখানে ল এণ্ড অর্ডার রক্ষা করবার জন্য পুলিশ হস্তক্ষেপ করতে পারে। কিন্তু এই ট্যাংক কর্পোরেশনের অধীনে বলেই সেখানে অনেকে স্নান করে, অনেকে সাঁতার কাটে, সেখানে যেসব ক্লাব আছে, তার কথা আমি জানি। কিন্তু সেখানে তাঁরা ... সেখানে তাঁরা মালি রেখেছেন, নোংরা কাপড়-জামা যারা কাচে, তারা বারণ করে বা তাড়িয়ে দেওয়া হয় তাদের, কিন্তু অনেক সময় তারা পেরে ওঠে না। কাজেই সেখানে যারা নোংরা কাপড় জামা কাচতে আসে, বা স্নান করে তাদের এমনি ... করা উচিত যে এই জলটা ওভাবে নোংরা করা উচিত নয়। এইভাবে যদি তাদের শিক্ষা দেওয়া না যায়, তাহলে কেবল অনবরত পুলিস দিয়ে গার্ড দিয়ে কোন কিছু কাজ হবে বলে আমার মনে হয় না। কেন না কর্পোরেশন যদি এ সম্বন্ধে কোন স্টেপ না নেয়, যেটা কর্পোরেশনের রাইট আছে এমনি করলে প্রসিকিউট করতে পারে কর্পোরেশনের হেল্‌থ ডিপার্টমেন্ট-এর এ্যাক্ট অনুযায়ী, যদি কর্পোরেশন এই বিষয়ে একটু অগ্রসর হন, তাহলে আমার মনে হয়, তারা এটা বন্ধ করতে পারেন এবং সেই সাথে জনসাধারণও যদি তাঁদের সাহায্য করেন, তাহলে আমার মনে হয় অনেক উপকার হতে পারে।

Shri Jatin Chakravorty:

এখানে যে ক্লাব আছে সেই ক্লাব-এর সদস্য ছেলেমেয়েরা যারা সাঁতার কাটে এবং সেইসব ক্লাবের যাঁরা কর্তৃপক্ষরা তাঁরা যদি সরকারের কাছে কর্পোরেশনের ব্যর্থতার বিরুদ্ধে চিঠি লিখে পুলিশের সাহায্য চান তাহলে আপনারা কি এ সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করবেন?

Shri Jagannath Kolay:

এইরকম ঘটনা হচ্ছে করপোরেশন-কে জানানোর পর করপোরেশন কিছু না করতে পারে তাহলে তারপর যদি গভর্নমেন্টকে জানায় তাহলে গভর্নমেন্ট নিশ্চয় হস্তক্ষেপ করবেন।

Shri Jatin Chakravorty:

ক্লাবের কর্তৃপক্ষ এর প্রতি গভর্নমেন্টের দৃষ্টি আকর্ষণ করে যদি তাঁরা পুলিশের সাহায্য চান- কারণ আমি এর আগেই বলেছি ল এণ্ড অর্ডারের দিক থেকে যখন আপনাদের অধিকার আছে তেমনি পাবলিক হেল্‌থ-এর দিক থেকে যদি তাঁরা আপনাদের কাছে প্রার্থনা করেন তাহলে আপনারা ব্যবস্থা অবলম্বন করবেন কিনা?

Shri Jagannath Kolay:

করপোরেশন যতক্ষণ না আমাদের অনুরোধ জানাচ্ছে ততক্ষণ আমরা ব্যবস্থা অবলম্বন করতে পারবো না, তবে যতীনবাবু যেটা বলছেন জনস্বার্থের জন্য আমরা করপোরেশন-এর কাছে এই বিষয়ের কোশ্চেনগুলো পাঠিয়ে দিতে পারি যাতে মেয়র ও কমিশনার প্রপার স্টেপস্ নেন।

Shri Jatin Chakravorty:

ক্লাবের কর্তৃপক্ষ যদি লেখে তাহলে আপনারা দুটো পুলিশ কয়েকদিনের জন্য দিতে পারেন না?

Shri Jagannath Kolay:

পুলিশ ল এন্ড অর্ডার-এর জন্য আছে, এ্যান্টি-সোস্যাল এলিমেন্টস-এর জন্য আছে, ছিনতাই-এর জন্য আছে। একজন কাপড় কাচছে, চান করছে তাহলে পুলিশ সেখানে যাবে না। করপোরেশন যদি মনে করেন ল এন্ড অর্ডার তাদের করাতে গিয়ে ল এন্ড অর্ডার ব্রেক করতে হবে তাহলে তখন করপোরেশন পুলিশের সাহায্য নিতে পারে।

Shri Biswanath Mukherjee:

আমরা বাল্যকালে দেখেছি ময়দানে, কলেজ স্কোয়ারে চান করলে আগে পুলিশ য়্যারেষ্ট করত; বা লাউডন স্কোয়ার, মিন্টো স্কোয়ার-এ আমরা দেখেছি চান করলে পুলিশ এ্যারেষ্ট করত কিন্তু এখন করে না কেন?

Shri Jagannath Kolay:

বিশ্বনাথবাবু বোধ হয় ভুলে যাচ্ছেন যে সকলকেই পুলিশ য়্যারেষ্ট করত। আমরা তখন কাউন্সিলর ছিলাম এবং আমরা বলতাম বলে পুলিশ এ্যারেষ্ট করত। বিশ্বনাথবাবু যখন অলডারম্যান ছিলেন তাঁরা যদি তেমনি স্টেপ নিতেন তাহলে পুলিশ এ্যারেষ্ট করত। এখন যদি কাউন্সিলাররা সে রকম প্রপার স্টেপস্ নেন তাহলে পুলিশ নিশ্চয় এ্যারেষ্ট করবে।

Shri Jatin Chakravorty:

আমরা এই যে প্রশ্নের মাধ্যমে সরকারের দৃষ্টি আকর্ষণ করলাম এবং মন্ত্রীমহাশয় স্বীকার করেছেন যে এ সম্পর্কে ব্যবস্থা অবলম্বন করপোরেশন-এর করা উচিত তখন তাঁরা সরকারের পক্ষ থেকে করপোরেশন-এর এই ব্যাপারে দৃষ্টি আকর্ষণ করে কোন অনুরোধ জানাবেন কি?

Shri Jagannath Kolay:

নিশ্চয়, আজ যে প্রশ্নোত্তর হল এটার মধ্য দিয়ে তাঁদের অনুরোধ জানান হবে।

Arrest of Rice Mill and Flour Mill Owners under D.I. Rules

***136. Shri Abdul Halim:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) how many rice mill owners, flour mill owners and other dealers in foodgrains have been arrested in each district of West Bengal, including Calcutta, under D. I. Rules during the last six months;

(b) the names of the persons so arrested with the names of their firms; and

(c) how many of them have been (i) convicted, and (ii) detained?

Shri Ardhendu Shekhar Naskar:

এটা আজকে স্থগিত রাখবার জন্য অনুরোধ করছি। আমি আজকে ফিগার পাইনি।

Shri Jagannath Kolay :

হালিম সাহেব আপনি এই প্রশ্নটা দিয়েছেন ফুড এণ্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এ কিন্তু এটা ফুড এণ্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এর নয়। যে নোটিশ পাঠিয়েছিলেন য়্যাসেম্বলি সেক্রেটারিয়েট থেকে ফুড এণ্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এ, ফুড এ্যাণ্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট সেটা ট্রান্সফার করেছে হোম (পুলিশ) ডিপার্টমেন্ট-এ। আপনি উত্তর চেয়েছেন ডিস্ট্রিক্ট-এ কত rice mill owners, flour mill owners and other dealers in foodgrains অর্থাৎ ওয়েষ্ট বেঙ্গল-এর প্রত্যেকটি ডিস্ট্রিক্ট-এ কত য়্যারেস্ট হয়েছে। সমস্ত ওয়েষ্ট বেঙ্গল-এর সংখ্যা নিতে গিয়ে আমাদের সময় লাগবে। তবে আমরা ডিপার্টমেন্টকে বলেছি সেখানে তাঁরা সব জায়গায় রেডিওগ্রাম করেছেন এবং যদি খবর পাওয়া যায় তাহলে কালকে আমরা উত্তর দেব। আর যদি না পাই তাহলে আপনারা নেক্সট সেসন-এ প্রশ্ন করবেন উত্তর দেব।

[1-10—1-20 p.m.]

Shri Nirmal Bose:

স্যার, তিনি বললেন ডি, আই, আর-এ যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের সেই বিষয়টা ফুড সাপ্লাই-এর নয়, বিষয়টা পুলিশের বলে পুলিশ উত্তর দেবে। যারা খাদ্যে ভেজাল দিচ্ছে, চালের মধ্যে ধুলোবালি, কাঁকর মেশাচ্ছে তাদের সেগুলি দেখাশুনা করার ভার ফুড সাপ্লাই ডিপার্টমেন্ট-এর নয় পুলিশের?

Shri Jagannath Kolay :

কাঁকর দিচ্ছে কি না দিচ্ছে সেটার জন্য ফুড সাপ্লাই ডিপার্টমেন্ট, কিন্তু য়্যারেষ্ট-এর ব্যাপারে যতগুলি মিল ওনার্স য়্যারেস্ট হয়েছে, ডিলার্স য়্যারেস্ট হয়েছে, বেবি ফুড ডিলার্স য়্যারেস্ট হয়েছে সেটার জন্য পুলিশ ও ডি, আই, আর আছে।

Shri Abdul Halim :

ফুড ডিপার্টমেণ্ট-এর জন্য বলছি যে তারা ভেজাল দিচ্ছে এবং ফুড ডিপার্টমেণ্ট এগুলো দেখে। কাজেই এটা ফুড ডিপার্টমেন্ট-এর কোয়েশ্চেন।

Shri Jagannath Kolay :

ফুড ডিপার্টমেণ্ট খালি এখানে নেই, প্রত্যেকটা ডিষ্ট্রিক্ট-এ ফুড ডিপার্টমেণ্ট আছে। আপনি সমস্ত ওয়েষ্ট বেঙ্গল-এর ডিষ্ট্রিক্ট-এর হিসাব চেয়েছেন। আপনি যদি খালি কোলকাতার চাইতেন তাহলে উত্তর দেওয়া সম্ভব হোত। কিন্তু আপনি যা চেয়েছেন তাতে ১৪টা ডিষ্ট্রিক্ট থেকে খবর আনতে হবে।

Shri Nirmalya Bagchi :

এই য়্যারেষ্টটা কবে পুলিশ ডিপার্টমেণ্ট-এ ডাইভার্টেড হয়েছে?

Shri Jagannath Kolay :

১২ দিনের নোটিশ পাইনি।

Shri Nirmalya Bagchi :

আপনি ১২ দিনের নোটিশ-এর প্রশ্ন তুলেছেন। আপনাদের ৫ দিনের নোটিশ, আর ১২ দিনের নোটিশ হচ্ছে আমাদের।

Shri Jagannath Kolay:

রুলস-এ ক্লিয়ার আছে ১২ দিনের নোটিশ। য়্যাসেম্বলি সেক্রেটারিয়েট থেকে এটা আমাদের ডিপার্টমেণ্ট-এ পাঠান তাঁরা এডিট করে কোশ্চেন য়্যাডমিটেড হয়েছে কিনা এসব দেখে তারপর আমাদের কাছে পাঠান। এজন্য য়্যাসেম্বলি সেক্রেটারিয়েট থেকে নেন ৫ দিন, বাকী আমরা পাই ৭ দিন—৭ দিন এখনও হয়নি। এটা বোধহয় ২।১ দিন গেছে। কাল আমরা এটা পুলিশ ডিপার্টমেণ্ট-কে পাঠিয়েছি, তারা সঙ্গে সঙ্গে রেডিওগ্রাম করেছে কোথায় কত য়্যারেষ্ট হয়েছে।

Mr. Deputy Chairman:

এটা নিয়ে আর প্রোলঙ্গ করা চলবে না।

Shri Jagannath Kolay:

আমি ইন্সট্রাকসন দিয়েছি, আজ যদি সঙ্গে সঙ্গে এসে যায় তাহলে আমি কাল দেব এবং যদি কালকের মধ্যে না আসে তাহলে পরে দেব।

Selling price of "Aus paddy"

*137. **Shri Abdullah Rasul:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government is aware that "Aus paddy" is selling at some markets including Memari Bazar in Burdwan district at the rate of 44 seers for Rs. 13, the price fixed by Government for 40 seers;

(b) if so, whether there are any Government officials or co-operative agencies to detect such illegal transactions and to save the producers; and

(c) whether there is any co-operative society through which the producers can sell their stock of paddy at the rate fixed by the Government?

Shri Smarajit Bandyopadhyay: (a) No; (b) does not arise; (c) the information is not readily available.

Non-registered medical practitioners in West Bengal

*138. **Shri Rajkumar Chakraverty:** Will the Hon'ble Minister-in-charge of the Health Department be pleased to state—

(a) the approximate number of non-registered medical practitioners in West Bengal;

(b) (i) if the Government has received any petition or resolution from their Association to give them some rights and privileges as Doctors, and (ii) if so, what steps the Government has taken in the matter; and

(c) if it is a fact that these doctors qualified themselves from non-registered medical schools or colleges before the partition of Bengal?

Shri Jagannath Kolay: (a) Government have no information of the number of non-registered medical practitioners in this State.

(b) (i) Yes.

(ii) As these practitioners have none of the qualifications enumerated in schedules attached to the Indian Medical Council Act, 1956, and the Bengal Medical Act, 1914, they are not entitled to registration with the State Medical Council and consequently they cannot be given rights and privileges enjoyed by duly qualified and registered medical practitioners.

(c) No record as regards the qualifications of non-registered medical practitioners are available with Government.

Shri Rajkumar Chakraverty:

আপনি নিশ্চয় জানেন যে নন-কোঅপারেশান মুভমেণ্ট-এর সঙ্গে সঙ্গে যেমন আর্টস কলেজ অনেকগুলি স্থাপিত হয়েছিল, সেই রকম কতকগুলো মেডিক্যাল ইন্সিটিটিউশন বাংলাদেশে নন-কোঅপারেশান মুভমেণ্ট-এর সঙ্গে সঙ্গে স্থাপিত হয়েছিল—যেমন ঢাকা ন্যাশানাল মেডিক্যাল কলেজ, বগুড়া মেডিক্যাল স্কুল ইত্যাদি। এখন ডাক্তাররা যদি সেসব স্কুলের কাগজপত্র ব দলিল দাখিল করতে পারে তবে তাদের ঠিক registered practitioners under the Indian Medical Council registration না হোক কোনরকম একটা ষ্ট্যাটাছ কি দেওয়া যায় না?

Shri Jagannath Kolay:

আপনি যেটা বলছেন যে যারা নন-কোঅপারেশান মুভমেণ্ট-এর সময় যে ন্যাশানাল মেডিক্যাল ইনষ্টিটিউটগুলি হয়েছিল ঢাকা এবং অন্যান্য জায়গায়, সেই ন্যাশানাল ইনষ্টিটিউট থেকে যাঁরা পাস করেছিলেন সেই সময় যাঁরা ছিলেন—তাঁদেরও মেডিকেল প্র্যাক্টিশনার হিসেবে রেজিষ্টার্ড করে নেওয়া হয়েছে এবং যারা কেবলমাত্র certificate of qualifications by the State Medical Faculty to persons who hav undergone four years' course in medicine in 16 listed institutions.

অর্থাৎ যাঁরা চার বছর ধরে ১৬টা লিষ্টেড ইনষ্টিটিউসন-এ পড়েছে এবং সেখানকার যাদে সার্টিফিকেট আছে, তাঁদেরও রেজিষ্টার্ড করে নেওয়া হয়েছে। তাছাড়া যারা হচ্ছে certificate of qualification by the State Medical Faculty to persons simil to as in (2) above in four other institutions and to persons who failed in L.M.F and M.M.F. Examination এবং যাঁরা এল এম এফ এবং এম এম এফ একজামিনেশনস ফেল করেছেন, তাদেরও রেজিষ্টার্ড করে নেওয়া হয়েছে। আর এমনি করে প্রায় ২,২৮৫ জনকে অলরেডি রেজিষ্টার্ড করে নেও হয়েছে। কিন্তু বাকি যে কয়েকটি আছে—১৯৬৪ সালে যে মেডিক্যাল কাউন্সিল য়্যাক্ট পা হয়, তাতে তাঁরা বলেছেন যারা হচ্ছে রেজিষ্টার্ড প্র্যাক্টিশনার্স নয়, এবং কারা রেজিষ্টার্ড হ না? যারা হচ্ছে—এম বি বি এস পাস না করেছে এমন কোন ব্যক্তিকে রেজিষ্টার্ড করা হবে ন এই হচ্ছে এ সম্বন্ধে আমার বলবার—বাকী যারা আছে—তাদের আমরা রেজিষ্টার্ড কর পারছি না।

Shri Rajkumar Chakraverty:

ওঁদের সমিতির তরফ থেকে তাঁরা যে দরখাস্ত করেছেন, তাতে নিশ্চয়ই তাঁরা সাজেসন দিয়েছে তাঁদের এখন কিভাবে জাতে তোলা যায়, ফার্স্ট ক্লাস না হয় অন্তত সেকেণ্ড ক্লাস ডাক্ত হিসেবে রেকগনাইজ করেন, তার জন্য কি তাঁরা কোন সাজেসন দিয়েছেন?

Shri Jagannath Kolay:

আমরা তো অপারচুনিটি অনেক দিয়েছি। যাঁরা বলছেন ন্যাশানাল ইনষ্টিটিউট থেকে পা করেছেন তাঁদেরও সুযোগ দিয়েছি এবং যাঁরা চার বছর ধরে ১৬টা ইনষ্টিটিউসান্স-এ পড়েছে তাঁদেরও আমরা রেজিষ্ট্রেসান দিয়েছি। তারপর যাঁরা বাকি আছেন তাঁরা যখন এত বছ

করেন নাই, তারপর যখন ইণ্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল য়্যাক্ট পাস হয়ে গেল, এখন আর আমরা পারি না।

Shri Nirmalya Bagchi:

যারা বাকি আছে তাদের সংখ্যা কত হবে?

Shri Jagannath Kolay:

তা বলতে পারছি না।

Shri Nirmalya Bagchi:

যে প্রস্তাব পেয়েছেন, তার মধ্যে তাদের সংখ্যার কোন উল্লেখ আছে কি?

Shri Jagannath Kolay:

নেই।

Shri Rajkumar Chakraverty:

মন্ত্রীমহাশয় নিশ্চয়ই স্বীকার করবেন—বাংলাদেশে বিশেষকরে পাড়াগাঁয় ডাক্তারদের খুব অভাব। সুতরাং এদের দ্বারা পাড়াগাঁয়ের উপকার হচ্ছে—যদিও তারা নন-রেজিস্টার্ড, এটা কি তিনি স্বীকার করেন?

Shri Jagannath Kolay:

পাড়াগাঁয়ে ডাক্তারদের অভাব আছে এটা ঠিক এবং সেখানে ডাক্তারের অভাব থাকবে যতক্ষণ না তারা মেডিক্যাল একজামিনেশান পাশ করে প্র্যাক্টিশনার হয়ে পাড়াগাঁয় না যেতে চাইবেন। আপনি দেখেছেন যে সবাই আজকাল কলকাতা এবং তার আশেপাশে থাকতে চান, এই ডাক্তারদের যতক্ষণ না এই মনোভাবের পরিবর্তন হচ্ছে, ততক্ষণ পাড়াগাঁয়ের হেলথ্ সেণ্টারে ডাক্তারদের অভাব হবে সন্দেহ নাই। যদি ভাল ডাক্তার পাঠাতে হয় তাহলে পাস করা ডাক্তারই পাড়াগাঁয়ে পাঠান উচিত। কেননা তাঁরাও তো সেখানে চিকিৎসা করবেন! সেইজন্য আমরা করেছি রেজিস্টার্ড প্র্যাক্টিশনার হতে গেলে এম. বি. বি. এস পাশ করা রেজিস্টার্ড প্র্যাক্টিশনার হতে হবে।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় মন্ত্রিমহাশয় জানাবেন কি নন-রেজিস্টার্ড ডাক্তারদের কি কি ডিসয়্যাড্ভাণ্টেজেস আছে?

Shri Jagannath Kolay:

তাদের ডিসয়্যাড্ভাণ্টেজেস হচ্ছে মেডিক্যাল এ্যাক্ট যেটা পাস হয়েছে ১৯৬৪ সালে, তাতে তাঁরা কোন মেডিসিনের প্রেসক্রিপসান করতে পারবেন না। এটাই হচ্ছে তাঁদের ডিসয়্যাডভান্টেজ। আগে নন-রেজিষ্টার্ড ডাক্তারদের আমরা কোয়াক বলতাম, তারা প্রেসক্রিপসান করতো এবং ডিসপেন-সারীতে সেই ঔষধ সার্ভড হতো। এখন যা হচ্ছে আণ্ডার দিস এ্যাক্ট তাঁরা আর কোন প্রেসক্রিপ-সন করতে পারবেন না।

[1-20—1-30 p.m.]

Shri Rajkumar Chakraverty:

আপনি জানেন অনেক বিভাগে কোয়ালিফায়েড লোক নেই। এক্ষেত্রে তাঁরা যদি অভিজ্ঞ হন এবং প্রমাণ দিতে পারেন তাহলে তাঁদের কোন রকম ট্রেনিং দিয়ে অথবা শর্ট ট্রেনিং কোর্স দিয়ে,

একটা টেষ্ট নিয়ে তাঁদের প্রফেশান ফেসিলিটিজ দেওয়ার জন্য কোনরকম সাজেসান কি ওঁরা করেননি? অর্থাৎ একটা শর্ট ট্রেনিং কোর্স বা টেষ্ট এক্জামিনেশন করে নেন।

Shri Jagannath Kolay:

আমরা অপর্চুনিটিজ দিয়েছিলাম তখন তাঁরা কিছু করেননি। কিন্তু এখন যদি বলেন তাহলে এই এ্যাক্ট পাশ হবার পর আমরা কিছু করতে পারব না। সেইজন্য আমরা এখন কিছু দিতে পারছি না। অনেক ডাক্তার আছে যাঁরা কলেজে পড়েননি, ৪ বছর পড়েননি। অনেক পাড়াগাঁয়ে আপনি দেখবেন এক্সপিরিয়েন্সড বহু লোক আছেন, প্র্যাকটিস করেন যেটা করা উচিৎ নয়। ডাক্তারী শাস্ত্র তাকে জানতে হবে। একজন হাতুড়ের হাতে না মরে সেটা দেখতে হবে।

Shri Shreepada Bhattacharyya:

আপনি কি দয়াকরে বলবেন যে ডাক্তারীতে according to merit admission হয় তাতে এদের কি কোন স্কোপ নেই ভর্তি হবার? অর্থাৎ এরা যদি ডাক্তারী পড়তে সুরু করে তাহ'লে তাদের সুবিধা করে দেওয়া হবে কি না?

Shri Jagannath Kolay:

ডাক্তারী পড়বার সুযোগ পেয়ে ৪ বছর অবধি পড়েও তারা পাশ করতে পারলো না, ৬ বছর পড়ে পাশ করতে পারলো না, তারপর এম এম এফ পাশ করতে পারলো না, এখন তাঁদের সুবিধা দিলে ডাক্তারী পাশ করবে বলে মনে হয় না।

Shri Mohitosh Rai Choudhuri:

মন্ত্রিমহাশয় একটু আগে বললেন নন-রেজিষ্টার্ড প্র্যাক্টিশনার্স-রা কখনও প্র্যাক্টিস করতে পারবে না, তাঁরা কখনও ওষুধ প্রেস্ক্রাইব করতে পারবে না। ডাঃ সান্যাল, one of the most eminent doctors, তাঁর কাছ থেকে শুনলাম তাঁরা প্র্যাক্টিস করতে পারেন no body can prevent them from practising তাঁরা ওষুধ প্রেস্ক্রাইব করতে পারেন no body can prevent them from serving their prescriptions except in certain matters, e.g. poisonous drugs.

কাজেই আমার বন্ধু অপোজিসান সাইড থেকে রাজকুমার চক্রবর্তী মহাশয় বললেন এঁরা প্র্যাক্টিস করতে পারেন না এমন নয়। আমি জানি বহু ডাক্তার আছেন যাঁরা বাংলাদেশের সর্বত্র প্র্যাক্টিস করেন উইথ ইম্‌পিউনিটি কেউ প্রিভেন্ট করতে পারেন না। তাঁরা কেবল সার্টিফিকেট দিতে পারেন না। আমি তাই জিজ্ঞাসা করছি মন্ত্রিমহাশয় যে বললেন যে এটা কি তিনি জানেন যে তাঁরা প্র্যাক্টিস করতে পারেন, ওষুধ প্রেসক্রাইভ করতে পারেন, কেবল ডেথ সার্টিফিকেট দিতে পারেন না—এই ডিজএবিলিটি ছাড়া আর কোন ডিজএবিলিটি তাদের নেই?

Shri Jagannath Kolay:

মহীতোষবাবুর প্রশ্নটা আমি অনুধাবন করতে পারলাম না। আমি ডাক্তার, প্রেসক্রাইভ করতে পারব, কিন্তু গোটা কয়েক ওষুধ প্রেসক্রাইব করতে পারব না, এমন অনেক ড্রাগ আছে, সালফার গ্রুপ ড্রাগ আছে, সেগুলি তাঁরা প্রেসক্রাইব করতে পারবে না—আমার রেজিষ্টার্ড নাম্বার দরকার হবে। সে শুধু গোটা কয়েক অ্যালকলী মিকশ্চার দিতে পারবে—যেটা আমি ও আপনি পারবেন

এবং সবাই করতে পারেন। কিন্তু ডাক্তারী করতে গেলে যাতে সব ওষুধ প্রেসক্রাইন করতে পারে, ডেথ সার্টিফিকেট দিতে পারে সেটা দেখতে হবে। ডেথ সার্টিফিকেট যদি না পাই তাহলে আমি পোড়াব কি করে। সেজন্য এটা ঠিক নয়। মহীতোষবাবু যা বললেন তাতে ডাক্তার অর্ধেক প্রেস-ক্রাইব করতে পারবে, আর অর্ধেক পারবে না তাহলে আমি মনে করি সেটা ডাক্তারী নয়।

Shri Biswanath Mukherjee :

মাননীয় অধ্যক্ষ মহাশয়ের মাধ্যমে মাননীয় মন্ত্রীমহাশয়কে আমি জিজ্ঞাসা করছি যে আগে যখন বাংলাদেশে নয়টা মেডিক্যাল স্কুল ছিল তখন কি হতো। রাজকুমার চক্রবর্তী মহাশয় বলেছেন যে মেডিক্যাল স্কুলগুলি ইনক্রিজ করবেন কিনা। আর ভিলেজ কোয়াক যাদের বলেছেন সেটা বাঁচতে পারে কিনা। শত মারী ভবতু যে কথা বলেছেন, আজ তাঁরাও চিকিৎসা করে বা প্র্যাকটিস করে এ ভাবে চালাচ্ছেন। তারা হয়ত আমাদের বন্ধু হতে পারেন। কথা হচ্ছে আপনারা সেই স্কুলগুলি চালাবেন কিনা?

Shri Jagannath Kolay :

আমি বুঝতে পারলুম না এল. এম, এফ-এর কথা কেন এখানে উঠছে আমরা তো এম, বি, বি, এস, করেছি এবং হায়ার মেডিক্যাল এডুকেশন-এ গেছি। সুতরাং এ সব প্রশ্ন এখানে আসতে পারে না।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রী মহাশয় যা বলেছেন তা এক পক্ষে ভাল কারণ আমরা দেখেছি মাননীয় সদস্য বিশ্বনাথ মুখার্জীর মতন লোকেরা এর আগে ডাক্তার না হয়েই প্রেসক্রিপসন করতেন—এই আই-নের ফলে সেটা বন্ধ হয়ে গেছে।

Dr. Janaki Ballava Bhattacharyya :

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন যে গ্রামের ডাক্তারের সংখ্যা অল্প যা স্বীকারও করেছেন সুতরাং প্রয়োজন যখন আছে তখন শর্ট কোর্স প্রবর্তন করবার কথা ভাবছেন কিনা? আর যদি এইভাবে মেডিক্যাল কোর্স করা সম্ভব না হয় তা হলে গ্রামে বহুলোক বিনা চিকিৎসায় মারা যাক এটাই কি তিনি চান?

Shri Jagannath Kolay :

গ্রামের জন্য এইভাবে শর্ট কোর্স করে কোন লাভ হবে না যদি নাকি আমরা আমাদের মনোভাব না পাল্টাতে পারে। যদি নাকি ডাক্তার হিসাবে পাশ করে গ্রামের হেল্‌থ সেন্টার-এ না গিয়ে বা সেখানে চাকুরী না নিই ততক্ষণ পর্যন্ত কিছু হবে না এইভাবে শর্ট কোর্স করে কিছু লাভ-বান হওয়া যাবে না। তবে আজকে একথা বোধহয় সকলেই জানেন যে মেডিক্যাল কলেজ-সমূহে ভর্তি হওয়ার জন্য কোটা সিস্‌টেম আছে। এভাবে দেখা যায় কোন ডিস্ট্রিক্ট-এ ৪টি আবার কোন ডিস্ট্রিক্ট-এ ৮টি এইভাবে ডিস্ট্রিক্টওয়াইজ কোটা আছে। আমরা এল. এম, এফ উঠিয়ে দিয়েছি এবং বর্তমানে মেরিট অনুসারে নেওয়া হচ্ছে, তবে ডিস্ট্রিক্ট-এর বিভিন্ন ছেলেরা বা গ্রামের বিভিন্ন ছেলেরা যাতে ডাক্তারী পাশ করে যাতে গ্রামে গিয়ে প্র্যাক্টিস করতে পারে তার দিকে মনোযোগ দেওয়া হয়েছে। এতে দেখা গেছে যে মেডিক্যাল কলেজ সমূহে গ্রামের যে সমস্ত ছেলেরা পড়ছে তাদের মধ্যে অনেকেই পাশ করে গ্রামে গিয়ে প্র্যাক্‌টিস করছে অতএব এর সংখ্যা বাড়লে খুব ভালই হবে। আজকে বিভিন্ন মেডিক্যাল কলেজ-এ আটশো কি নয়শো ছেলে পড়বার সুযোগ পাচ্ছে এবং পাশ করে তারা গ্রামে গিয়ে বসছে। আমি মনে করি এতেই বেশী লাভবান হওয়া যাবে এবং এতেই ভবিষ্যতে গ্রামের চিকিৎসা সমস্যার সমাধান হতে পারে।

Shri Shreepada Bhattacharyya :

মাননীয় মন্ত্রী মহাশয় বলবেন কি যখন মেডিক্যাল সার্টিফিকেট দেওয়া হয় তখন এরূপ করা যায় কি না যে রুর‍্যাল এরিয়ায় প্র্যাক্টিস এবং আরবান এরিয়ায় প্র্যাক্টিস এইভাবে আলাদা করে সার্টিফিকেট দেওয়া যায় কিনা?

Shri Jagannath Kolay :

এটা হয় না।

Shri Charu Chandra Sanyal :

মাননীয় মন্ত্রী মহাশয় যেটা বলেছেন তারই উপরে একটা প্রশ্ন আমি করবো। এটা জানা আছে যে ঘোর কমিসান বলে একটা কমিশন বসেছিলো অনেক দিন আগে। সেই কমিশন ঠিক করেন যে একই ধরণের মেডিক্যাল এডুকেশন দেওয়া হবে এবং তার ফলে অন্য স্কুলগুলি তুলে দেওয়া হয় এবং এম, বি, বি, এস কোর্স করা হয় এবং আশাকরা গিয়েছিল যে এম, বি, বি, এস পাশ করে সকলেই গ্রামে যাবে। কিন্তু দেখা গেল গ্রামে যে সমস্ত হেল্‌থ সেন্টার্স আছে সেখানে ঐ সমস্ত এম, বি, বি, এস পাশ করা লোক বসছে না, তার কারণ মনে হয়েছে গ্রামের লোকের হাতে এমন পয়সা নেই যাতে একজন এম, বি, বি, এস ডাক্তারকে তারা পুষতে পারে। ১৫০ টাকা বেতনে একজন ডাক্তারের সংসার চলে না সেইজন্য এই প্রশ্ন উঠেছিল যে আন-কোয়ালিফায়েড যে সমস্ত ডাক্তার আছে তাদের একটা সার্টিফিকেট দেওয়া হোক।

[1-30—1-40 p.m.]

বোধহয় ১৯৪৮ সালে ন্যাশনাল কাউন্সিল থেকে যেসব ছেলেরা চার বছর পড়ে পাশ করেছিল, তাদের প্রথমে একটা রেজিস্ট্রেশন দেওয়া হয়। তারপর সেকশন সি এফ দি মেডিক্যাল এ্যাক্ট— অনুসারে পরীক্ষা নিয়ে আর একদলকে সার্টিফিকেট দেওয়া হয়। আর একটা প্রশ্ন ওঠে যে যদি আইন হয় যে নন-রেজিষ্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনারদের প্র্যাকটিস করতে দেওয়া হবে না, তখন বিবেচনা করা হবে যে যাঁরা নন-রেজিষ্টার্ড প্র্যাকটিশনারস আছেন যাঁরা ১০ বছরের উপর প্র্যাকটিস করছেন, তাঁদের অটোমেটিক রেজিস্ট্রেশন দেওয়া হবে কিনা তারই য়্যানালোজিতে ডাঃ রায়ের সঙ্গে আলোচনা করা হয়েছিল যে ইংল্যান্ডে যখন এই আইনটা পাস করা হয়, তখন সেই ব্যবস্থা করবার আগে সেখানে নন-রেজিষ্টার্ড ডাক্তার যারা ছিল তাদের সবাইকে রেজিস্ট্রেশন দিয়ে দেওয়া হয়। আমি সেইজন্য এই প্রশ্নটা জিজ্ঞাসা করছি যে মন্ত্রী মহাশয়ের কাছে এমন একটা প্রস্তাব আছে কিনা যে নন-রেজিষ্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার্স এখন যাঁরা আছেন, অন্ততঃ ১০ বছরের উপর প্র্যাক্‌টিস্‌ করেছেন, তাঁদের রেজিষ্ট্রেশন দিয়ে নন-রেজিষ্টার্ড মেডিক্যাল প্র্যাকটিশনার্সদের প্র্যাকটিস বন্ধ করে দেওয়া হবে কিনা ?

Shri Jagannath Kolay :

আমি তো আগেই বলেছি যে ১৯৬৪-তে ইন্ডিয়ান মেডিক্যাল কাউন্সিল এ্যাক্ট পাশ হবার পরে আর কোন স্কোপ নাই।

Shri Rajkumar Chakraverty :

গ্রামে যে সব নন-রেজিষ্টার্ড ডাক্তারি করছেন, তাঁরা কেউ কেউ এম, বি, পাস করা ডাক্তারদের চেয়ে মোর এফিসিয়েন্ট এবং মোর পপুলার, অধিক কর্মক্ষম ও জনপ্রিয় একথা যদি তিনি স্বীকার করেন, তাহলে অন্ততঃ মুখে তাদের প্রতি কৃতজ্ঞতা স্বীকার করবেন কি?

Shri Jagannath Kolay :

এই রকম যদি কেউ প্র্যাক্টিস করেন বা পপুলার হয় দেখান, তাহলে কিছু বলবার নাই। তবে আজকাল যে সব চিকিৎসা বেরিয়েছে এবং তাতে আমি বলবো আমরা নিজেরা অনেক সময় ডাক্তার দেখাই না। মাথা ধরলে কোডোপাইরিন, একটু সর্দি হলে সালফা ড্রাগ কিংবা য়্যানাসিন। এতেই তো চলে যায়। সেখানে আর ডাক্তার দেখাতে হয় না।

Shri Jatin Chakravorty:

স্যার, যেভাবে মন্ত্রী মশাই স্বাস্থ্যদপ্তর সংক্রান্ত ব্যাপারে বেশ রপ্ত হয়েছেন যেভাবে উত্তর দিলেন, তাতে আমার প্রশ্ন হচ্ছে আমাদের পূরবী দেবী যিনি ঐ দপ্তরের মন্ত্রী আছেন, তাঁকে সরিয়ে দিয়ে উনি কি স্বাস্থ্যদপ্তরের ভার নিতে চাইছেন?

Shri Jagannath Kolay:

আপনি কেন সে ভয় করছেন?

(লাফটার)

State Trading in foodgrains

***140. Shri Abdul Halim:** (a) Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state whether it is a fact that the Government have prepared to start State Trading in foodgrains?

(b) If the reply to (a) be in the affirmative, will the Hon'ble Minister be pleased to state—

(i) the details of the scheme; and

(ii) the approximate date when the scheme is going to be implemented?

Shri Smarajit Bandyopadhyay: (a) Yes, in rice and paddy. Wheat and wheat products are already under State Trading for all practical purposes.

(b) (i) The State Government propose to procure internally 7 lakh tonnes rice. This will be done by producing 50 per cent. of the total output of all the big rice mills in the State milling paddy on their own account as also on the account of licenced dealers. Paddy will also be purchased direct by Government through purchasing agent or through co-operative societies in the areas where rice mills do not operate. In addition to internal procurement as stated above, the State Government proposes to abtain 1 lakh tonnes of rice from the Central Government and between 2 and 3 lakh tonnes rice from Orissa to be routed either through co-operative or through Government channels.

(ii) From the beginning of the next year, i.e., 1965 subject to the approval by the Government of India.

Shri Rajkumar Chakraverty:

উড়িষ্যা এবং বাংলাদেশে যদি ধানের দাম একই রকম না করা হয় তাহলে স্টেট ট্রেডিং হবে না এটা কি আপনি জানেন?

Shri Smarajit Bandyopadhyay:

কেন্দ্রীয় খাদ্যমন্ত্রী ও আমাদের মুখ্যমন্ত্রীর সঙ্গে এবিষয়ে আলোচনা হয়ে গেছে: তবে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

Dr. Janaki Ballabha Bhattacharyya:

আপনি যে পারসেন্টেজ চাল দিচ্ছেন তাতে কত লোককে রেশন দেওয়া যাবে, আরবান এরিয়াজ সমস্ত কভার করবে কিনা এবং যদি করে তাহলে ভিলেজ এরিয়াজ দেওয়া হবে কিনা সে সম্বন্ধে জানতে চাই?

Shri Smarajit Bandyopadhyay :

আপাততঃ ঠিক হয়েছে ক্যালকাটা এণ্ড ইণ্ডাস্ট্রিয়াল এরিয়া-তে প্রায় ৬০ লক্ষ লোককে দেওয়া হবে।

Shri Narendra Nath Das:

আপনি কি জানাবেন যে কোলকাতায় স্ট্যাটুটরী রেশনিং এবং কোলকাতার বাহিরে মডিফায়েড রেশনিং-এর জন্য পশ্চিমবঙ্গ সরকারের কি পরিমাণ চালের প্রয়োজন হতে পারে?

Shri Smarajit Bandyopadhyay :

আমি আগেই বলেছি ক্যালকাটা এবং মিউনিসিপ্যাল এরিয়া-র জন্য যে পরিমাণ চাল হতে পারে তাতে ৭ লক্ষ টন ইণ্টারন্যালি প্রকিওর করা হবে ; ২ লক্ষ দুশো টন চাল উড়িষ্যা থেকে নেওয়া হবে এবং ১ লক্ষ গভর্ণমেণ্ট অফ ইণ্ডিয়া থেকে নেওয়া হবে।

Shri Narendra Nath Das:

আপনি কি জানাবেন যে ৭ লক্ষ টন যে ইণ্টারন্যালি প্রকিওর করা হবে সেই চাল কিভাবে প্রকিওর করবেন—রাইস মিল থেকে না বাজার থেকে চাল কিনবেন?

Shri Smarajit Bandyopadhyay :

রাইস মিল থেকে প্রকিওর করা হবে।

Shri Narendra Nath Das:

রাইস মিল-এর মাধ্যম ছাড়া খোলা বাজার থেকে তাঁরা চাল কিনবেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay :

সে সম্বন্ধে চূড়ান্ত সিদ্ধান্ত কিছু হয়নি।

Shri Narendra Nath Das:

রাইস মিল যদি সরকারের সঙ্গে অসহযোগিতা করে তাহলে ৭ লক্ষ টন আপনারা প্রকিওর করবেন কিভাবে?

Shri Smarajit Bandyopadhyay :

যদির উপর নির্ভর করে কোন উত্তর দেওয়া যায় না।

Shri Narendra Nath Das:

যে চাল প্রকিওরমেণ্ট হবে তার একটা ফিক্সড রেট হবে, কিন্তু সেটা কি এক ক্যাটিগরী-র চাল হবে, না বিভিন্ন ক্যাটিগরী-র চাল হবে?

Shri Smarajit Bandyopadhyay :

আমি আগেই বলেছি কোন স্কীম এখনও ঠিক হয়নি সবই আলোচনার স্তরে সাবজেক্ট টু দি অ্যাপ্রুভ্যাল অফ দি গভর্ণমেন্ট অফ ইণ্ডিয়া। সুতরাং এত ডিটেলস আমি বলতে পারব না।

Shri Abdul Halim :

কতদিনে এই স্কীম চালু হবে?

Shri Smarajit Bandyopadhyay :

১৯৬৫ থেকে।

Shri Abdul Halim :

আমরা ডিটেলড প্ল্যান পাব?

Shri Smarajit Bandyopadhyay :

সেটা আমি বলতে পারব না, সেণ্ট্রাল গভর্ণমেণ্ট বিবেচনা করবেন—এটা হয়ত কাগজে দেখেছেন।

Shri Abdul Halim :-

কাগজে দেখেছি স্টেট ট্রেডিং বানচাল হবে—এটা কি ঠিক?

Shri Smarajit Bandyopadhyay :

আমি জানি না।

Shri Narendra Nath Das:

আপনি দেখেছেন আমাদের মুখ্যমন্ত্রী একটা সর্ত্তের প্রশ্ন তুলেছেন এবং সেই সর্ত্ত যদি না পূর্ণ করা হয় তাহলে আমরা এখানে স্টেট ট্রেডিং করব না—এইরকম একটা সন্দেহ প্রকাশ তিনি করেছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay :

আমি কিছু বলতে পারব না।

Shri Jatin Chakravorty:

অন্যান্য রাজ্যে স্টেট ট্রেডিং হবে এই নীতি যদি কেন্দ্রীয় সরকার গ্রহণ না করেন তাহলে কেবলমাত্র পশ্চিমবাংলায় যেরকম খাদ্য সঙ্কট বছরের পর বছর চলছে এটা মনে রেখে কেবলমাত্র পশ্চিম বাংলায় স্টেট ট্রেডিং চালু হবে কিনা?

Shri Smarajit Bandyopadhyay :

এটা আগে বলেছি যে এটা কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষ। পশ্চিমবাংলায় ২ বার আমরা প্রস্তাব করছি, তবে সে সম্বন্ধে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত গৃহীত হয়নি।

Shri Jatin Chakravorty:

আমার প্রশ্ন হচ্ছে কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যে স্টেট ট্রেডিং করাটা অনুমোদন করেননি। তাহলে আমাদের এখানে স্টেট ট্রেডিং করবার যে পরিকল্পনা আছে সেটা কি বন্ধ থাকবে ; না তাঁরা চালু করবেন এবং স্টেট ট্রেডিং করার জন্য কেন্দ্রীয় সরকারের অনুমোদন নেবেন?

Mr. Deputy Chairman : This question does not arise because there are so many 'ifs'—if the Government of India does not approve of State Trading and so on.

Shri Jatin Chakravorty:

কেন্দ্রীয় সরকার অন্যান্য রাজ্যে স্টেট ট্রেডিং অনুমোদন না করলেও আমাদের এখানে পশ্চিমবঙ্গ সরকার যে নীতি ঘোষণা করেছেন ১৯৬৫ সালের গোড়া থেকে স্টেট ট্রেডিং করবেন সেটা চালু করবেন কিনা?

[1-40—1-50 p. m.]

Shri Smarajit Bandyopadhyay:

আমাদের রাজ্য সরকারের তরফ থেকে মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন যে কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষে আমরা স্টেট ট্রেডিং করবো কারণ কেন্দ্রীয় সরকারের কাছে আমাদের চালের দরকার হবে, কেন্দ্রীয় সরকারের অনুমোদন পেলে নিশ্চই করবো, না পেলে কি করা যাবে সেটা ঠিক করিনি।

Shri Nirmalya Bagchi:

তাহলে কি এই কথাই বলেছেন যে কেন্দ্রীয় সরকার অনুমোদন না করলে এটা হবে না এটই কি আপনার উত্তর থেকে জানা যাচ্ছে?

Shri Smarajit Bandyopadhyay:

কেন্দ্রীয় সরকার অনুমোদন না করলে তখন কি করা হবে না হবে সেটা কেন্দ্রীয় সরকারই ঠিক করবেন।

Shri Mohitosh Rai Choudhuri:

মাননীয় মন্ত্রিমহাশয় কি ভাল করে অনুসন্ধান করেছেন যে স্টেট ট্রেডিং যদি ইনট্রোডিউস হয় তাহলে কি খাদ্য সমস্যার সমাধান হবে অর্থাৎ সুবিধামত জিনিসপত্র পাব এবিষয়ে কি গভর্নমেন্ট স্যাটিসফায়েড হয়েছেন এই স্টেট ট্রেডিং ইনট্রোডিউস করা এ সংকল্প করার পূর্বে?

Shri Smarajit Bandyopadhyay:

স্টেট ট্রেডিং ইনট্রোডিউস হলে স্যাটিউটরী রেশনিং হবে। স্যাটিউটরী রেশনিং হলে খাদ্য সমস্যার সমাধান হবে এ কথা কি করে বলতে পারি? সাময়িক ভাবে লোকেদের খাদ্য দেওয়া যাবে এই কথাই বলতে পারি।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে ভারত সরকারের অনুমোদন সাপেক্ষ না হয়েও ২৫ থেকে ৩০ পারসেন্ট যে মার্কেটেবল সারপ্লাস বাজারে আসে তা ক্রয় করে এখানে স্টেট ট্রেডিং স্ট্যাটিউটরী রেশনিং বা মডিফায়েড রেশনিং চালাতে রাজী আছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

কেন্দ্রীয় সরকার যদি না বলেন তখন আমরা বিবেচনা করবো এখন কিছু বলতে পারবো না।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রিমহাশয় বোধ হয় জানেন যে এই বৎসর প্রথম ৮ই জানুয়ারী যাম নির্দ্ধারিত হয় এবং এই ৮ই জানুয়ারী দাম নির্দ্ধারণ হবার জন্য অর্থাৎ ঐ ১৭ই ও ১৮ই পৌষ বা তার আগে একটা বড় অংশের খাদ্যশস্য বাজারে উঠেছিলো এবং বিক্রি হয়েছিলো বা ঐ ধান চাল চাষীদের কাছ থেকে চলে গিয়েছিলো। এবারে সেটা বন্ধ করবার জন্য অক্টোবর বা নভেম্বর মাসের গোড়ার দিকে যদি কিছু করা না হয় তাহলে সেবারেও যে ভাঁওতা দেওয়া হয়েছিলো সে ভাবে না করে এফেকটিভলি, নভেম্বর মাসের গোড়ার দিকে আপনারা দাম নির্দ্ধারণ করবেন কিনা?

Shri Smarjit Bandyopadhyay:

ভাঁওতা দেওয়া হয়নি। মাননীয় সদস্য নিজেও জানেন যে তাঁদের সঙ্গে আলোচনা করে দর বাঁধা হয়েছিলো। তারপর যে প্রাইস কন্ট্রোল অর্ডার অনুসারে বাঁধা হয়েছিল তাতে কেন্দ্রীয় সরকারের অনুমোদন দেরীতে আসার জন্য এ অবস্থা হয়েছিলো। আমাদের পক্ষ থেকে কেন্দ্রীয় সরকারকে বহুবার বলা হয়েছিলো। সুতরাং ভাঁওতার কোন প্রশ্ন ওঠে না। এবারে যাতে কাজটা শীঘ্র করা যায় তার চেষ্টা করছি। সমস্ত জিনিষটাই কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করে কারণ আপনারা সকলেই জানেন যে আমরা সেলফ সাফিসিয়েন্ট নই।

Shri Nirmalya Bagchi :

আমাদের পক্ষ থেকে যেটা বলা হয়েছিলো মুখ্যমন্ত্রী মহাশয় সেটা শোনেন নি। এ ছাড়া প্রাইস এনকোয়ারী কমিটি বলে যে কমিটি বসেছিলো তার রিপোর্ট-এ অন্যতম রিকমেণ্ডেসন ছিলো স্টেট ট্রেডিং-এর—এ কথা মাননীয় মন্ত্রিমহাশয় জানেন?

Shri Smarajit Bandyopadhyay :

তা আছে কিন্তু সেটা কেন্দ্রীয় সরকারের উপর নির্ভর করে।

Shri Nirmalya Bagchi :

মাননীয় মন্ত্রীমহাশয় কি বলবেন যে গত সপ্তাহে সংবাদপত্রে যে সমস্ত সংবাদ বেরিয়েছিলো আমাদের মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় খাদ্য মন্ত্রীর উক্তি বলে যে তারা স্টেট ট্রেডিং প্রবর্তন করার বিরুদ্ধে। আমি জিজ্ঞাসা করছি এর পেছনে কোনো ভিত্তি আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay :

আমি আগেই বলেছি যে আমরা বিরুদ্ধে নই বরং পক্ষে, বর্তমানে সেটা কেন্দ্রীয় সরকারের অনুমোদন সাপেক্ষ কারণ কেন্দ্রীয় সরকারের কাছ থেকে আমাদের খাদ্যশস্য নিতে হবে।

Shri Nirmalya Bagchi :

আপনারা যদি পক্ষেই হয়ে থাকেন তাহলে সংবাদপত্রে যে রিপোর্ট প্রকাশ হয়েছে তার বিরুদ্ধে প্রতিবাদ করে আপনারা প্রেসনোট বার করেননি কেন?

Shri Smarajit Bandyopadhyay :

সংবাদপত্রে অনেক দিনই অনেক খবর বেরোয় তার প্রত্যেকটির প্রতিবাদ করা সম্ভব হয় না।

Shri Nirmalya Bagchi :

সংবাদপত্রে যে সংবাদ প্রকাশিত হয় তাকে কি আপনারা গুরুত্ব দেননা—যেটা মাননীয় মুখ্যমন্ত্রী এবং কেন্দ্রীয় মাননীয় খাদ্য মন্ত্রীর নাম করে বেরিয়েছিল সেটা কি আপনারা দেখেননি এবং এই সংবাদপত্র কি বাংলাদেশের জনমত সৃষ্টি করতে সাহস করছে না?

Shri Smarajit Bandyopadhyay :

মুখ্যমন্ত্রী মহাশয় এর বিরুদ্ধে এই বলে যে কোনো সংবাদ সংবাদপত্রে প্রকাশিত হয়েছে এরূপ কিছুর প্রতি দৃষ্টি আকৃষ্ট হয়নি।

Shri Narendra Nath Das :

মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় কি জানেন যে মডিফায়েড রেশনিং-এর চেয়েও স্টেট ট্রেডিং অনেক দুরূহ ও কষ্টসাধ্য ব্যাপার? আমার কথা হচ্ছে যে স্ট্যাটিউটরী রেশনিং করবার জন্য সেরকম কোনো অরগ্যানাইজেশন বা মেসিনারী আপনারা চালু করবার কোনো ব্যবস্থা করছেন কি?

Shri Smarajit Bandyopadhyay :

আমাদের স্কীমে কি কি আছে তা পূর্বেই বলা হয়েছে। কিন্তু অরগ্যানাইজেশন সেট আপ করা সম্বন্ধে এখনো কোন ফাইন্যাল সিদ্ধান্ত হয় নাই।

Shri Narendra Nath Das :

যখন পয়লা জানুয়ারী থেকে স্ট্যাটিউটরী রেশনিং হবে, তখন পয়লা নভেম্বর তার মেশিনারী সেট আপ হওয়া উচিত—এই আমার ধারনা।

Shri Nirmal Bose :

মন্ত্রীমহাশয় বললেন যে স্টেট ট্রেডিং চাল্ করবার ব্যাপারে একটা পরিকল্পনা কেন্দ্রের কাছে দেওয়া হয়েছে, এটা কেন্দ্রের অনুমোদন সাপেক্ষ, আমার জিজ্ঞাস্য হচ্ছে এই যে প্রস্তাব বা পরিকল্পনা তাঁরা দিয়েছেন, তাতে কি পূর্ণ স্টেট ট্রেডিং বা টোট্যাল স্টেট ট্রেডিং-এর কথা বলেছেন বা সরকারই পাইকারী ব্যবসা বাণিজ্য করবেন—না আর কেউ করবেন? না, কিছু কিছু পাইকারী ব্যবসায় সরকার করবেন এবং কিছু কিছু বে-সরকারী লোকেও করবেন?

Shri Smarjit Bandyopadhyay :

না, আমি একটা আউট লাইন দিয়েছি মাত্র, পুরোপুরি হবে, না অন্য কিছু হবে—তা আমি এখন কিছু বলতে পারবো না, তবে আপনি এর দ্বারা যা বোঝেন।

Shri Nirmal Bose :

আমি নির্দিষ্ট করে এই কথাটা জানতে চাচ্ছি—আপনি সেটা বলুন।

Mr. Deputy Chairman :

উনি তো বলেছেন তা এখন বলতে পারছেন না।

Shri Nirmal Bose :

তাহলে কি আমি ধরে নেব কিছু কিছু ব্যবসায় সরকারও করবেন এবং বড় বড় কিছু কিছু রাঘব বোয়ালরা মিল থেকে চাল নিয়ে বিক্রী করবে?

Shri Nirmalya Bagchi :

ঐ প্রাইস এনকোয়ারী কমিটি রিপোর্ট-এর মধ্যে দুটি নোট অফ ডিসেন্ট রয়েছে : তার মধ্যে একজন প্রতিনিধি হচ্ছেন বেঙ্গল ন্যাশানাল চেম্বার অফ কমার্স-এর ও অন্য আর একজন হচ্ছেন চেম্বার অফ কমার্স এর, তাছাড়া বাংলাদেশের রাইস মিল ওনার্স এ্যাসোসিয়েশন যেটা রয়েছে এদের কাছ থেকে এই স্টেট ট্রিডিং সম্পর্কে কোনরকম রিপ্রেজেন্টেসন কি আপনারা পেয়েছেন?

Shri Smarajit Bandyopadhyay :

না, কোন রিপ্রেজেন্টেসন কিছু আমরা পাইনি।

Shri Nirmalya Bagchi :

সেই নোট অফ ডিসেন্ট কি আপনি পাঠ করেছেন?

Shri Smarajit Bandyopadhyay :

হ্যাঁ, করেছি।

Shri Nirmal Bose :

সেটা কি আপনার সরকারের নীতির উপর কোন প্রভাব বিস্তার করছে?

Shri Smarajit Bandyopadhyay :

না, করেনি।

Shri Narendra Nath Das :

মন্ত্রীমহাশয় কি জানাবেন স্টেট ট্রেডিং-এর মেকানিজমের মধ্যে প্রাইভেট ট্রেডের কোন সম্ভাবনা আছে কিনা?

Shri Smarajit Bandyopadhyay :

ফুল রেশনিং হলে তবে সে সম্ভাবনা দূর হয়ে যাবে। তবে ফুল রেশনিং হবে কি না হবে--এ সম্বন্ধে এখনো চূড়ান্ত সিদ্ধান্ত হয়নি।

State Trading in pulses, mustard oil, etc.

***142. Shri Abdul Halim:** Will the Hon'ble Minister-in-charge of the Food and Supplies Department be pleased to state—

(a) whether the Government has any scheme to start State Trading in other essential commodities of life besides foodgrains, such as pulses and mustard oil;

(b) if so, when the scheme is going to be implemented; and

(c) if not, the reasons therefor?

Shri Smarajit Bandyopadhyay: (a) No; (b) does not arise;

(c) West Bengal is highly deficit in respect of both these commodities; viz., pulses and mustard oil, and has to depend heavily on other States for supplies over which West Bengal has no control. The scope of any effective action by West Bengal without the active help of the Central Government is therefore limited.

Shri Abdul Halim:

মাননীয় মন্ত্রীমহাশয় জানেন কি ডালের দর খুব বেড়ে যাচ্ছে? তেল পাওয়া যায় না, ৬ টাকা পর্যন্ত তেলের দাম উঠেছে। অথচ আপনি বলছেন যে কিছু করা সম্ভব নয়। তা যদি না হয় তাহলে কি করতে চান? ডাল বাজারে ১·৫০ নয়া পয়সা। দু' সপ্তাহ আগে ছিল ১·২০ নয়া পয়সা। যদি এ সম্বন্ধে আপনারা কোন ব্যবস্থা না করতে পারেন তাহলে কি করে লোকে বাঁচবে?

Shri Smarajit Bandyopadhyay:

এ সম্বন্ধে আমি কোন উত্তর দিতে পারবো না।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় বলবেন কি—বর্তমানে ডাল ও তেলের দুষ্প্রাপ্যতা ও মূল্য বৃদ্ধির পরিপ্রেক্ষিতেএগুলি রেশন শপ মারফৎ বিলি করবার কথা বিবেচনা করছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

সাপ্লাই অত্যন্ত কম বলে এগুলি রেশন শপের মাধ্যমে দেওয়া সম্ভব নয়।

Shri Jatin Chakravorty:

গত কাল রাত্রে ফুড ডিপার্টমেণ্ট-এর একজন উচ্চপদস্থ কর্মচারী যিনি আবার আমাদের মুখ্যমন্ত্রীর বিশেষ স্নেহভাজন, তাঁর সঙ্গে এক গাড়িতে যেতে শুনলাম—যে সরকার ইতিমধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা অবলম্বন করছেন যাতে করে খুব শীঘ্র অন্ততঃ ডালটা রেশন শপ মারফৎ ডিষ্ট্রিবিউশন করা যায়—এ সম্বন্ধে মন্ত্রীমহাশয় অনুগ্রহ করে খবর নেবেন কি?

Shri Smarajit Bandyopadhyay:

ডালের সরবরাহ প্রচুর পাওয়া গেলে নিশ্চয়ই করা হবে।

Shri Narendra Nath Das:

মন্ত্রীমহাশয় কি জানেন গত পনের দিনে ডালের দর খুব ঊর্ধ্বগতি হয়েছে?

Shri Smarajit Bandyopadhyay:

হ্যাঁ, জানি।

Shri Narendra Nath Das :

তাহলে এই উর্ধ্বগতি রোধ করবার দায়িত্ব এই সরকারের উপর বর্তিয়েছে? অর্থাৎ এই দামের উর্ধ্বগতি রোধ করবার দায়িত্ব সরকারের আছে কি না?

Shri Smarajit Bandyopadhyay :

সরকার যতদূর সম্ভব এই দর রোধ করবার চেষ্টা করছেন।

Shri Narendra Nath Das :

সরকার কি ভাবে চেষ্টা করছেন?

Shri Smarajit Bandyopadhyay :

ডাল যাতে বাইরে থেকে বেশী করে আমদানী করা যায় তার চেষ্টা সরকার করছেন।

Shri Nirmalya Bagchi :

এই ডালটা আপনারা বাইরে থেকে আনবার জন্য কি ব্যবস্থা করছেন?

Shri Smarajit Bandyopadhyay :

তা বলতে পারবো না—নোটিশ না দিলে।

Shri Mohitosh Rai Choudhuri :

ডালের স্কেয়ার্সিটি হঠাৎ কেন এত হলো, তার কারণ সম্বন্ধে সরকার কি বিশেষ অনুসন্ধান করেছেন?

Shri Smarajit Bandyopadhyay :

বাইরের যে সব ষ্টেটের থেকে এখানে ডাল আসছে, সেই সব জায়গায় ক্রপ ফেলিওর হয়েছে বলে. তাঁরা কম পাঠাচ্ছেন।

[1-50—2 p.m.]

Shri Mohitosh Rai Choudhuri :

যেসব জায়গায় ক্রপ ফেলিওর হয়েছে তার কারণ সম্বন্ধে কি অনুসন্ধান করেছেন? আমাদের খবর হচ্ছে যেসব দেশে প্রচুর ডাল আছে, তারা জোনাল সিসটেম-এর জন্য ডাল আসতে দিচ্ছে না?

Shri Smarajit Bandyopadhyay :

সে সম্বন্ধে আমি অনুসন্ধান করব।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

বাংলাদেশে ডাল যে হঠাৎ অদৃশ্য হয়ে গেল তার ভেতর চোরাকারবারীদের হাত আছে, তাদের ধরবার জন্য কোন ব্যবস্থা অবলম্বন করছেন কি?

Shri Smarajit Bandyopadhyay :

চোরাকারবারী রোজ ধরা পড়ছে।

Shri Abdul Halim:

বাজারে এক সপ্তাহের মধ্যে ডাল অদৃশ্য হয়ে যায়, সাপ্লাই ছিল হঠাৎ দাম বাড়ল কেন এ সম্বন্ধে এদের ধরবার কোন ব্যবস্থা করেছেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

চোরাকারবারী যারা করছে তাদের নাম দিলে নিশ্চয় ধরা হবে।

Shri Abdul Halim:

১·২০ নঃ পঃ/১·৪০ নঃ পঃ নিশ্চয় প্রকাশ্যে চোরাকারবারী হচ্ছে—তাদের ধরছেন না কেন?

Shri Smarajit Bandyopadhyay:

অভিযোগ ও প্রমাণ না পেলে কাউকে ধরা যায় না।

Shri Nirmal Bose:

অন এ পয়েন্ট অফ অর্ডার ইতিপূর্বে হালিম সাহেবের প্রশ্নের জবাবে মন্ত্রীমহাশয় বললেন ডাল রেশনের দোকান থেকে দেওয়া হবে। যতীনবাবু যখন বললেন অফিসাররা বলেছেন যে দেওয়া হবে তখন তিনি বললেন যে হতে পারে। আমার প্রশ্ন হচ্ছে যে মন্ত্রীমহাশয়রা নীতি স্থির করেন, না অফিসাররা করেন?

Shri Smarajit Bandyopadhyay:

আমি একথা বলেছি যে জিনিষের প্রাচুর্য্য হলে নিশ্চয় মডিফায়েড রেশনিং-এ দেওয়া হবে।

Shri Jatin Chakravorty:

আমি একথা বলেছিলাম কোন এক কর্মচারীর কাছ থেকে জেনে, কারণ সেই কর্মচারীর সঙ্গে আমাদের ফুড এ্যান্ড সাপ্লাই-এর পুরোমন্ত্রীর সঙ্গে যোগাযোগ আছে। অতএব যেখান থেকে নীতি নির্ধারিত হচ্ছে সেখানে তাঁরা কিছু জানেন না?

Shri Nirmal Bose:

তাহলে সরকারী নীতি কি ভাবে নির্ধারিত হয় সেটা জানতে চাই?

Shri Narendra Nath Das:

আপনি কি জানাবেন যে গত ১২ মাসের ভেতর কখনও নুন, কখনও চাল, কখনও ডাল ইত্যাদি জিনিষগুলো মার্কেট ম্যানিপুলেসান হয়ে মানুষ ভিকটিম হচ্ছে, একথা কি ঠিক? অর্থাৎ যেমন বাজারে যথেষ্ট নুন থাকা সত্বেও দেখা গেল এক টাকা দরে বিক্রি হচ্ছে, ডাল থাকা সত্বেও তার দাম বাড়ছে, হঠাৎ এক একটা জিনিষের দাম যে এইভাবে বাড়ছে এর পেছনে কোনরকম ষড়যন্ত্র আছে বলে মনে করেন কিনা?

Shri Smarajit Bandyopadhyay:

জিনিষ যদি কম থাকে চাহিদার তুলনায় তাহলে নিশ্চয় ম্যানিপুলেশান থাকতে পারে এবং তার অ্যাকসন নেওয়া হচ্ছে।

Shri Narendra Nath Das:

নুনের ব্যাপারে মুখ্যমন্ত্রী এখানে বলেছেন নুন যথেষ্ট ছিল, অথচ ২।৩ দিনের মধ্যে কি করে দাম বাড়ল?

Shri Smarajit Bandyopadhyay:

ওটা গুজবের জন্য হয়েছিল।

Mr. Deputy Chairman: Now, we shall take up held over Question No. 22.

Alleged theft of important sketches of plans from Calcutta Corporation

***22. Shri Nirmal Bose:**

মাননীয় স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রিমহোদয় কি অবগত আছেন যে—

(ক) কলিকাতা কর্পোরেশনের ড্রেনেজ বিভাগের জনৈক কর্মচারী কলিকাতার ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী, গুরুত্বপূর্ণ গৃহ বিভাগ এলাকা প্রভৃতির নকশা লইয়া পাকিস্তানে পলায়ন করিয়াছেন ;

(খ) "ক"এর উত্তর "হ্যাঁ" হইলে, সে-সম্পর্কে মাননীয় মন্ত্রিমহোদয় কি কোন অনুসন্ধান করিয়াছেন ; এবং

(গ) অনুসন্ধানের ফলাফল কি?

Shri Jatin Chakravorty:
অন এ পয়েন্ট অফ অর্ডার, স্যার। প্রশ্নটা করা হয়েছে স্বরাষ্ট্র বিভাগের মাননীয় মন্ত্রীমহাশয়ের কাছে। আমরা এটা দেখছি যে বিভাগীয় মন্ত্রীর প্রশ্ন সেই বিভাগীয় কোন মন্ত্রী উপস্থিত না থাকলে অন্য মন্ত্রীরা তার উত্তর দেন। যেমন নাকি আজকে দেখলাম শ্রীমতী পূরবী মুখোপাধ্যায় না থাকার জন্য জগন্নাথবাবু তাঁর হয়ে উত্তর দিলেন কিন্তু এখানে দেখলাম যে ঐ বিভাগের রাষ্ট্রমন্ত্রী এখানে আছেন তিনি তার উত্তর দিতে পারেন। মন্ত্রীমহাশয় কর্মচারীর সাফাই গাইবেন কারণ তার সঙ্গে মন্ত্রীমহাশয়ের যোগাযোগ আছে। আমার পয়েন্ট অফ অর্ডার হচ্ছে যে মন্ত্রী মহাশয় যদি না থাকেন তখন সে বিভাগের যদি রাষ্ট্রমন্ত্রী থাকেন তিনি জবাব দেবেন। আমরা জানি ঐ কর্মচারীর সাথে মন্ত্রী মহাশয়ের যোগাযোগ আছে এবং আমরা মন্ত্রী মহাশয়ের এ্যান্টিসিডেন্টও জানি। সুতরাং যে সমস্ত বিবেচনা করে যিনি ঐ বিভাগের রাষ্ট্র মন্ত্রী হিসাবে এখানে উপস্থিত আছেন তিনি জবাব দিন, আর না হয় কোয়েশ্চেন হেল্ড ওভার থাক, কালকে ঐ বিভাগের মন্ত্রী মহাশয় এলে জবাব দেবেন এটাই আমার পয়েন্ট অফ অর্ডার

Mr. Deputy Chairman:
এটা হল জয়েন্ট রেসপন্সিবিলিটি অফ দি ক্যাবিনেট।

Shri Jatin Chakravorty:
জয়েন্ট রেসপন্সিবিলিটি-র কথা জানি পূরবী দেবী ছিলেন না জগন্নাথবাবু তার জবাব দিয়েছেন, সেদিন বিজয়বাবু অন্য একটি বিভাগের মন্ত্রীমহাশয় উপস্থিত না থাকায় উত্তর দিয়েছেন। কিন্তু যেখানে ঐ বিভাগের রাষ্ট্রমন্ত্রী উপস্থিত রয়েছেন সেখানে কি ভাবে এটা হতে পারে। আমরা দেখেছি প্রফুল্লবাবু না থাকায় স্মরজিৎবাবু তার উত্তর দিয়েছেন। আমাদের হোম ডিপার্টমেন্ট-এর চার্জে হচ্ছেন মুখ্যমন্ত্রী, এখানে ঐ বিভাগের রাষ্ট্রমন্ত্রী উপস্থিত আছেন তাঁকে দিয়ে উত্তর না দেবার কারণ জানতে চাই? যে কর্মচারী সম্পর্কে প্রশ্ন করা হয়েছে তার সমস্ত তথ্য আমার জানা আছে। আমি জানি মন্ত্রীমহাশয় উত্তরে তার সাফাই গাইবেন। মাননীয় উপাধ্যক্ষ মহাশয় আপনি এটা দেখুন আমি জানতে চাই কেন রাষ্ট্রমন্ত্রী মহাশয়কে দিয়ে জবাব দেওয়ান হবে না?

Mr. Deputy Chairman: I cannot force anybody to answer any Mini[ster.]
তিনি ক্যাবিনেট মিনিষ্টার হলেই য়্যানসার দিতে পারেন। সুতরাং
I cannot force anybody to answer it.

Shri Narendra Nath Das:
আমাদের বক্তব্য হচ্ছে যে ঐ ডিপার্টমেন্ট-এর মন্ত্রীমহাশয় উপস্থিত রয়েছেন সুতরাং তাঁর উ[ত্তর] দেওয়াই উচিত।

Mr. Deputy Chairman :
াামি জানি উচিত।

Shri S. M. Fazlur Rahman :
র্পোরেশন সম্পর্কে যে এমপ্লয়ী-এর কথা বলেছেন সেটা র্পোরেশন সম্পর্কিত এবং he Chief Minister has ordered me to reply

Mr. Deputy Chairman : It is the natural demand of the opposition.

Shri Nirmalya Bagchi :
াামি একটা কথা বলতে চাই মেজ পার্লামেণ্টারী প্র্যাকটিস-এ এ ধরণের আছে যে কোনো বিল ডসকাসন-এর ব্যাপারে—কোনো মোশন এর ব্যাপারে মন্ত্রীমহাশয় কোনো উত্তর দিতে পারেন না।

'A member of the Government may act in behalf of a colleague in all cases including the proposal of new clauses on the report stage of a bill; but with this exception or in the case of an unopposed return or of a motion for leave of absence, no motion can be moved save by the member in whose name the notice stands.'

Shri Jagannath Kolay : It is not a motion.

Shri Jatin Chakravorty :

মাননীয় অধ্যক্ষ মহাশয় এটা কি অদ্ভুত ব্যাপার বুঝতে পারলুম না স্বরাষ্ট্র বিভাগের মন্ত্রীমহাশয় নেই, খাদ্য বিভাগের মন্ত্রীমহাশয় এখানে উপস্থিত নেই, অবশ্য খাদ্য বিভাগের রাষ্ট্রমন্ত্রী জবাব দিয়েছেন। আমাদের স্বরাষ্ট্র বিভাগের কাছে যখন প্রশ্ন এসেছে এবং যখন তিনি উপস্থিত হতে পারছেন না তখন সেই বিভাগের রাষ্ট্রমন্ত্রী আছেন তিনি জবাব দেবেন হঠাৎ উনি কি গায়ে পড়ে কর্পোরেশন-এর নাম করে কেন জবাব দিতে চাইছেন তা বুঝতে পারছি না?

Shri S. M. Fazlur Rahman :
চীফ মিনিষ্টার আমাকে বলবার জন্য অর্ডার দিয়ে গেছেন।

[2—2-10 p.m.]

Shri Jatin Chakravorty :
মাননীয় অধ্যক্ষ মহাশয় আপনি দেখুন চীফ মিনিষ্টার অর্ডার দিয়ে গেছেন কি না? আমার অনুরোধ আপনি ফাইল দেখুন এবং দেখে সন্তুষ্ট হন। আমার মনে হয় এটা একটা অসত্য কথা বলা হচ্ছে এতে চীফ মিনিষ্টার-এর বোধহয় কোনো অর্ডার নেই। সেই কারণে আমি আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি যে আপনি ফাইলটা দেখুন এবং দেখে সন্তুষ্ট হন।

Shri Jagannath Kolay :
এটা কোন্ কোশ্চেন এর কথা বলছেন।

যতীনবাবু আপনি যে কোশ্চেন দিয়েছেন—

(এ ভয়েসঃ যতীনবাবু নয়, নির্মলবাবু।)

নির্মলবাবুর কোন আপত্তি নাই, যতীনবাবু আপত্তি করছেন। কোশ্চেনটা কি দিয়েছেন—আপনি যদি বলেন। আজকে যেমন একটা কোশ্চেন হালিম সাহেব দিয়েছিলেন ফুড এ্যান্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এর বলে। কিন্তু সেটা ফুড এ্যান্ড সাপ্লাইজ ডিপার্টমেন্ট-এর নয়, সেটা আসলে পুলিশের। অতএব সেটা পুলিশকে করা উচিত ছিল।

Shri Jatin Chakravorty:
ফাইলটা দেখাই তাহলে?

যতীনবাবু, আপনি শুনুন আগে। কোশ্চেনটা হচ্ছে কলকাতা কর্পোরেশনের ড্রেনেজ বিভাগের জনৈক কর্মচারী কলকাতার ভূগর্ভস্থ পয়ঃপ্রণালী ও অন্যান্য গুরুত্বপূর্ণ এলাকার নক্সা লইয়া পাকিস্তানে পলাইয়া গিয়াছেন। এটা য়্যাকচুয়ালি কর্পোরেশনের ব্যাপার এবং এল এস জি বিভাগের, অতএব এটা স্বরাষ্ট্রের ব্যাপার নয়। আমাদের হচ্ছে গিয়ে জয়েন্ট রেসপনসিবিলিটি, উনি এল এস জি-র মন্ত্রী; কাজেই উনি এর উত্তর দিতে পারেন। এতে তো আপত্তির কিছুই থাকতে পারে না!

Shri Jatin Chakravorty:

আপনি ফাইলটা দেখুন স্যার, এই হাউসের ডেপুটি চীফ হুইপ দাঁড়িয়ে বলছেন চীফ মিনিষ্টার ওঁকে অর্ডার দিয়ে গেছেন। আমি আরো জানাতে চাই আর একটা প্রশ্নের সময় জগন্নাথবাবু দাঁড়িয়ে বলেছিলেন যে এখান থেকে কোশ্চেনটা পাঠান হয় সরকারের কাছে সেই বিভাগ থেকে তাঁরা সেটা পাঠিয়ে দিয়েছেন অন্য বিভাগের কাছে। প্রথম নম্বর আমি দেখতে চাই আপনি নিজে ফাইলটা দেখুন যে—স্বরাষ্ট্র বিভাগ থেকে ও'দের কাছে পাঠান হয়েছে কিনা?

দু নম্বর হচ্ছে—ডেপুটী চীফ হুইপ এখানে দাঁড়িয়ে বললেন হাউসের মধ্যে সকলের সামনে যে চীফ মিনিষ্টার নাকি তাঁকে অর্ডার দিয়েছেন। আপনি স্যার, ফাইলটা দেখুন সে অর্ডার আছে কিনা?

Shri Narendra Nath Das:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আপনি যদি সন্তুষ্ট হন যে ডাইভারসন অর্ডার চীফ মিনিষ্টার দিয়েছেন, আপনি যদি সে সম্বন্ধে সাক্ষী বা লিখিত কিছু পান, তাহলে আমরা ঐ মন্ত্রীর কাছ থেকে জবাব শুনবো।

Shri Jagannath Kolay:

ধরুন এখানে যদি কোন মন্ত্রী উপস্থিত না থাকেন, অসুখ হয়, তাহলে আমরা কি তাঁর উত্তর দিতে পারবো না?

(এ ভয়েসঃ নিশ্চয়ই পারবেন।)

ও'রা প্রশ্ন করবেন, ট্রেজারী বেঞ্চ থেকে তার উত্তর দেওয়া হয়। এই ট্রেজারী বেঞ্চের Minister can answer that questions.
নির্মাল্যবাবু যেটা বলেছেন সেটা কোশ্চেনের ব্যাপার নয়, মোশনের ব্যাপার, সম্পূর্ণ একটা অন্য জিনিষ। তবুও আমরা মোশানের ব্যাপার হলেও আমরা চেয়ারম্যানের নির্দেশ নিয়েছি এবং তিনি তা মুভ করতে পারেন যদি চেয়ারম্যান নির্দেশ দেন।

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয় কোশ্চেনটা আমার নামে।

Shri Bijoy Singh Nahar:

কোন প্রশ্ন এসে অনেক সময় দেখা যায় তা একাধিক বিভাগের সঙ্গে সংশ্লিষ্ট হয়ে রয়েছে। আপনিও জানেন স্যার—, যে মন্ত্রীসভার যে কোন মন্ত্রী যে কোন বিষয়ের উত্তর দিতে পারেন। এতে কোন বাধা নাই যে আমি অমুকের কাছ থেকে শুনব, অমুকের কাছ থেকে শুনবো না—এটা 'ডিকটেট'-এর কথা নয়। প্রশ্নকর্তা যদি শুনতে চান, যে কোন মন্ত্রী, অন্য যে কোন মন্ত্রী উপস্থিত থাকা সত্বেও তাঁর অধিকার আছে বলতে পারেন এতে কোন দ্বিধা নাই বা বাধা নাই।

Shri Jatin Chakravorty:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কোন ডিকটেট করছি না। আপনি দেখেছেন যে আমি আপনার কাছে প্রশ্ন তোলবার পর এটাকে চেপে দেবার জন্য ডেপুটি চীফ হুইপ দাঁড়িয়ে বলবেন যে চীফ মিনিষ্টার অর্ডার দিয়ে গেছেন। এখানে সেই ডিপার্টমেণ্টের রাষ্ট্রমন্ত্রীও নাই। কেমন যেন একটা রহস্যজনক এবং আমি আপনাকে বলছি একটা সাফাই করা জবাব উনি নিয়ে এসেছেন। এখানটার সাথে যে মন্ত্রী জড়িত, তিনি দাঁড়িয়ে আজকে সাফাই করছেন। অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যাপার—এখান থেকে পাকিস্তানে ম্যাপ পাচার হয়ে যাচ্ছে, আর উনি সাফাই গাইবার জন্য গায়ে পড়ে এসে তার জবাব দিতে চাইছেন।

Mr. Deputy Chairman: Mr. Chakravorty, you can put supplementary questions.

Shri Nirmal Bose:

মাননীয় অধ্যক্ষ মহাশয়, প্রশ্নটা আমার নামে। সরকারের কাছে জবাব চেয়েছি আমি জবাব চাই। সেকথা ঠিক এটা জয়েণ্ট রেসপনসিবিলিটি-র ব্যাপার, যে কোন মন্ত্রী এর জবাব দিতে পারেন সে বিষয় আমাদের কোনরকম আপত্তি নাই; কোনরকম ইনসিনুয়েসনও আমি এখানে আরোপ করছি না। আমার বক্তব্য—যে কথা যতীনবাবু বলেছেন এটা নীতির প্রশ্ন। সেটা কী? যার জবাব মন্ত্রীমহাশয় দেবার চেষ্টা করলেন সেটা হলো এই যদি কোন মন্ত্রী উপস্থিত না থাকেন, তাঁর পক্ষ থেকে তাঁর অন্য কোন সহকর্মী নিশ্চয়ই জবাব দিতে পারেন এর আগেও আমরা এ রকম জবাব পেয়েছি, আমরা কোন আপত্তি করি নাই। কিন্তু এখানে যখন আমরা দেখছি সেই দপ্তরের মন্ত্রী এখানে উপস্থিত আছেন—গতকাল যখন আমি মাননীয় রাষ্ট্রমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করেছিলাম, তিনি বলেছিলেন হ্যাঁ, ফাইল দেখবো, নিশ্চয়ই এর জবাব দেওয়া হবে। অথচ উনি আজকেও বলছেন হ্যাঁ, জবাব তৈরী আছে, আমি জবাব দেব।

আজ তিনি আমাকে বললেন যে আপনার প্রশ্ন তৈরী আছে জবাব হবে। আমি এতক্ষণ ধরে এটা বুঝে আসছি যে মাননীয় রাষ্ট্রমন্ত্রী যখন উপস্থিত আছেন তিনিই জবাব দেবেন। তিনি যখন উপস্থিত আছেন তিনি জবাব না দিয়ে অন্য দপ্তরের মন্ত্রী কেন উত্তর দিচ্ছেন সেটাই আমার প্রশ্ন? আর তাহলে আপনারা কি এটাই স্বীকার করে নিচ্ছেন যেকোন দপ্তরের মন্ত্রী উপস্থিত থাকলে তাঁর পক্ষে অন্য যেকোন মন্ত্রী দিতে পারবেন? দ্বিতীয় হচ্ছে প্রশ্নের জবাব স্বরাষ্ট্রমন্ত্রী না দিয়ে স্বায়ত্তশাসনমন্ত্রী দিতে চাইছেন। এ বিষয়ে ডেপুটী চীফ হুইপ বলছেন আমরা সকলে শুনেছি পরিষদে চীফ মিনিষ্টার নির্দেশ দিয়ে গেছেন। যদি নির্দেশ দিয়ে থাকেন তাহলে স্বায়ত্তশাসনমন্ত্রী বলুন উত্তর আমরা শুনব, না হলে আমি এই প্রশ্ন করব কিনা ভাবতে হবে।

Mr. Deputy Chairman:

প্রশ্ন করা, না করা আপনার ইচ্ছা—এটা নেচারাল ডিজায়ার অফ দি অপোজিসন যাঁরা প্রশ্নকর্তা তাঁরা রেসপেকটিভ ডিপার্টমেন্ট-এ কোশ্চেন করবেন এবং তার য়্যানসারও পাবেন—তাঁদের এই রাইট কেউ কেড়ে নিতে পারে না। আবার এটাও রাইট অফ দি ক্যাবিনেট আছে যে য়্যানি মিনিষ্টার ইজ ক্যাপেবল অফ য়্যানসারিং কাজেই আজকে যে প্রশ্ন নিয়ে এসেছেন মিনিষ্টার তাঁর সাপ্লিমেণ্টারী উত্তর দেবেন
You go through the supplementaries.

Shri S. M. Fazlur Rahman:

ক) মুকসেদ আলী দেওয়ান নামে কলিকাতা কর্পোরেশনের ড্রেনেজ ডিপার্টমেণ্টের একজন [illegible]তরী গত জানুয়ারী মাসে সাম্প্রদায়িক গোলযোগের পর ছুটী না লইয়া ফেব্রুয়ারী মাসে পাকিস্তানে চলিয়া গিয়াছেন বলিয়া কর্পোরেশনের কমিশনার মহাশয়ের কাছ হইতে খবর পাওয়া গিয়াছে। কিন্তু কমিশনার মহাশয়ের মতে তিনি যে কোন নক্সা বিশেষ করিয়া ড্রেনেজ

ডিপার্টমেন্টের কোন নক্সা লইয়া পাকিস্তানে চলিয়া গিয়াছেন তা সম্যক অনুসন্ধান করিয়াও জানা যায় নাই।

(খ) ও (গ) প্রশ্ন ওঠে না।

Shri Nirmal Bose :

ঘটনাকে তিনি অস্বীকার করেছেন। ছুটিতে না গিয়ে তিনি চলে গেছেন। কিন্তু যেকথা সংবাদপত্রে বেরিয়েছে সেই সংবাদ বেরুবার পর সরকার কোন প্রতিবাদ কেন করেননি। আজ যখন প্রশ্ন করা হচ্ছে তখন মন্ত্রীমহাশয় বলছেন যে কোন কিছু নেওয়া হয়নি—এর কি সাপ্লি-মেন্টারী হবে।

Shri Narendra Nath Das :

আপনি কি জানাবেন যে এ সম্বন্ধে অনুসন্ধান শুধু কমিশনার ছাড়া পুলিশ বিভাগের দ্বারা কি করান হয়েছে?

Shri S. M. Fazlur Rahman :

অনুসন্ধান সবই বিভাগের দ্বারা করান হয়েছে।

Shri Narendra Nath Das :

আমিও স্পেসিফিক্যালী প্রশ্ন করতে চাই। আপনি বললেন যে ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনারের রিপোর্ট অনুযায়ী বলছেন। কিন্তু একজন লোক যখন পালিয়ে যায়, চুরি, ডাকাতি করে তখন
it comes under the Home Department.
আমার প্রশ্ন হচ্ছে পুলিশ বা আই বি থেকে এ সম্বন্ধে অনুসন্ধান করা হয়েছে কি না?

Shri S. M. Fazlur Rahman :

ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনার যে রিপোর্ট দিয়েছেন তাঁর রিপোর্ট হল তিনি তদন্ত করেছেন এবং তাঁর অন্যান্য তদন্তের মূলে অন্যান্য বিভাগে যা ট্রান্সফার করেছেন সেটাও বলেছেন।

Shri Narendra Nath Das :

আমি জানিনা ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনারের আই বি সম্বন্ধে বা আই বি-র যোগ্যতা তাঁর কোনরকম আছে কিনা? গোয়েন্দা পুলিশের কাজ এটা একটা স্পেশাল জব ও এক্সপার্ট জব। উনি এখানে বলেছেন ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনার পুলিশের আই বি-র কাজ করেছেন। কিন্তু আমরা জানতে চাই যে লোক ভারতবর্ষ থেকে পালিয়ে গেছে ও পালিয়ে যাবার ব্যাপারে একটা সন্দেহ হচ্ছে তখন সেখানে পুলিশ বিভাগ কেন অনুসন্ধান করেনি? কারণ ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনার বা এডুকেসন ডিপার্টমেণ্ট-এর দ্বারা করানোতে আমরা সন্তুষ্ট হতে পারি না।

Shri S. M. Fazlur Rahman :

সেখানে স্পেশাল ব্র্যাঞ্চ, ভিজিল্যান্স ব্র্যাঞ্চ-এর কমিশনার সকলেই তদন্ত করেছেন।

Shri Narendra Nath Das :

যে ব্যক্তি পালিয়ে গেছে তার আদিম নিবাস কোথায়?

Shri S. M. Fazlur Rahman :

হাতিগ্রাম, মানিকগঞ্জ, ঢাকা, ইষ্ট পাকিস্তান।

Dr. Janaki Ballabha Bhattacharyya :

পুলিশ রিপোর্ট করেছে হোম ডিপার্টমেণ্ট-এর কাছে সেই পুলিশের রিপোর্টগুলি কি সমস্ত হোম ডিপার্টমেণ্ট-এ আছে কিনা?

Shri S. M. Fazlur Rahman :

নিশ্চয়।

Shri Jatin Chakravorty:

পুলিশ কমিশনার-এর স্পেশাল ব্র্যাঞ্চ এই তদন্ত করেছে বলে বলা হচ্ছে। সেই রিপোর্ট যদি সরকারীভাবে আমাদের হাউস-এ পেশ না করা হয় তাহলে আপনার কাছে সেই রিপোর্ট পেশ করতে মন্ত্রীমহাশয় রাজী আছেন কি না?

Shri S. M. Fazlur Rahman :

এটা সম্ভব নয়।

[2-10—2-20 p.m.]

এটা আলাদা কথা করা হবে না।

Shri Jatin Chakravorty:

মাননীয় মন্ত্রীমহাশয় কোন এনকোয়ারী হয়নি স্পেশ্যাল ব্র্যাঞ্চ-এ দিয়ে বা ইনটেলিজেন্স ব্র্যাঞ্চ কে দিয়ে আমি আপনাকে বলছি এই গুরুত্বপূর্ণ ঘটনা সম্পর্কে সাফাই গাওয়া হবে অথচ কোন এনকোয়ারি হয় নি। আমরা প্রশ্ন করেছি এবং আমরা দেখবো গোপনীয় রিপোর্ট কিন্তু যারা এর মধ্যে আছে যে রহস্যজনক আবহাওয়ার সৃষ্টি করা হচ্ছে সে সম্পর্কে আমার বক্তব্য যে রিপোর্ট পেশ করা হোক?

Mr. Deputy Chairman : He is saying no.

Shri Jatin Chakravorty:

কেন স্যার এটা হবে? আমরা কি এটা বলতে পারি না বা আমরা কি এটা চাইতে পারি না। আপনি স্যার এ বিষয়ে এ ব্যাপারটা একটু দেখুন।

Shri Nirmal Chandra Bhattacharyya :

এরূপ কোন নিয়ম আছে কিনা সে কথাই বিনীতভাবে জিজ্ঞাসা করছি যার দ্বারা আপনি চেয়ারম্যান একটা গোপনীয় রিপোর্ট দেখতে চাইতে পারেন, যদিও চেয়ারম্যান-এর যথেষ্ট ক্ষমতা আছে হাউস-এর ভেতরে এবং তাকে আমরা সম্মানও করি। কিন্তু এমন কোন নিয়ম আমাদের যার দ্বারা উনি হুকুম দিতে পারেন যে অমুক কনফিডেনসিয়াল রিপোর্ট আমাদের সামনে রাখো?

Mr. Deputy Chairman : I have no authority to ask for any report.

Shri Nirmal Bose :

মাননীয় নির্মল ভট্টাচার্য মহাশয় যা বললেন যে এসব কোন আইন আছে কিনা যার দ্বারা আপনি গোপনীয় দলিল জোর করে দেখতে পারেন। প্রশ্নটা কিন্তু সে জায়গায় নয়। আমরা একটা সন্দেহ প্রকাশ করছি যে পুলিশ কোন তদন্ত করেনি এবং এই ভাবে কথা আনছিলো। এতেই মনে হচ্ছিল যে কর্পোরেশনের কমিশনার একটা তদন্ত করে বক্তব্য রেখেছেন। আমরা বলছি যে পুলিশ করেনি। মন্ত্রিমহাশয় বললেন পুলিশ করেছে আমরা তখন তাকে চেপে ধরে বলছি করেননি আপনি তাহলে রিপোর্ট দিন। উনি বললেন রিপোর্ট দেখান হবে না। সেই প্রসঙ্গে আমরা আপনাকে বলছি যে আমাদের না দেখান নিরাপত্তার অনেক ব্যাপার রয়েছে। মাননীয় উপাধ্যায় মহাশয়কে দেখান হোক। এতে যখন আপত্তি করেন তখন এতে গুরুতর

সন্দেহ হয় এটা আইনের প্রশ্ন নয়। হাউসকে কনফিডেন্স আনার প্রশ্ন। এটা আমাদের জাতীয় নিরাপত্তার ব্যাপারে দায়িত্ব আছে যখন সন্দেহ হয়। সন্দেহ ভঞ্জনের ব্যাপারে

he must be above all suspicion.

কিন্তু তারা
suspicion worst confounded.
করছেন।

Shri Jatin Chakravorty:

আপনি আর একটা কথা শোনেন নি। আমরা বললাম যে আপনি দেখুন আমরা দেখতে চাইনা তখন মন্ত্রীমহাশয় যে উক্তি করলেন তা শোনেন নি। এতক্ষণ বলছিলেন পুলিশ কমিশনার এখন বলছেন ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনার সুতরাং এর কোনটা ঠিক জানতে চাই?

Shri S. M. Fazlur Rahman :

উনি অন্য কথা বলছেন। ক্যালকাটা পুলিশ কমিশনার ও অন্য কমিশনার এই দুই রিপোর্ট পেয়েছি। এই কথাই বলেছি।

Shri Jatin Chakravorty:

আমার সাপ্লিমেন্টারি হচ্ছে এই যদি পুলিশকে দিয়ে তদন্ত না হয়ে থাকে তাহলে আপনি জানেন যে এখানে আমাদের রাষ্ট্রের নিরাপত্তা সংক্রান্ত ব্যাপার আছে। পাকিস্তানের ব্যাপার আছে। বহু পাকিস্তানী কর্তা এখানে আছে এবং সেই পাকিস্তানী চক্রের সহায়তা রেখে রাইটার্স বিল্ডিং-এ থাকেন এ অভিযোগ আমরা বহুবার করেছি। আমাদের সন্দেহ আছে আজও সন্দেহ আছে। আমার জিজ্ঞাস্য যে জন্য এরূপ গুরুত্বপূর্ণ ব্যাপারে যখন কর্পোরেশন তদন্তে কিছু পাওয়া গেল না। আমাদের এখান থেকে পুলিশ কমিশনার-এর মারফত স্পেশ্যাল ব্র্যাঞ্চ-এর মারফত তদন্ত করবার ব্যবস্থা করবেন কি না?

Shri S. M. Fazlur Rahman :

স্পেশ্যাল ব্র্যাঞ্চ, ভিজিল্যান্স ব্র্যাঞ্চ এবং ক্যালকাটা পুলিশ কমিশনার-এর দ্বারা যথারীতি তদন্ত হওয়ার রিপোর্ট-এর বেসিসে ক্যালকাটা কর্পোরেশন-এর কমিশনার যে রিপোর্ট দিয়েছে সেই রিপোর্ট অনুসারেই বলছি।

Shri Narendra Nath Das :

মন্ত্রীমহাশয় কি তা হলে এটাই বোঝাতে চান?

Dr. Esmail Ebrahim : There is Anti-Corruption Department of the Corporation and anything happening there will be reported to that department and it will be for that department to refer it to police. Has the matter been brought to the notice of the Corporation Anti-Corruption Department?

Shri S. M. Fazlur Rahaman : It is not a matter of corruption.

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রীমহাশয় কি জানাবেন যে ভিজিল্যান্স ডিপার্টমেণ্ট ও স্পেশ্যাল ব্র্যাঞ্চ এর সমস্ত রিপোর্ট ক্যালকাটা করর্পোরেশান পুলিশ কমিশনারের কাছে সাবমিট করেছেন এবং তারপরে তিনি সিদ্ধান্ত নিয়েছেন? এটা সাব্যস্ত করবেন কলকাতার ইনটেলিজেন্স ব্র্যাঞ্চ না, ক্যালকাটা করপোরেশান এর কমিশনার?

Shri S. M. Fazlur Rahman :

আপনি বলছেন কলকাতা করপোরেশানের কমিশনার যে রিপোর্ট দিয়েছেন, সেটা কি তিনি তদন্ত করে দিয়েছেন, না, স্পেশাল ব্র্যাঞ্চ ভিজিল্যান্স ব্র্যাঞ্চ এবং কলিকাতার পুলিশ কমিশনার এদের রিপের্টের উপর দিয়েছেন? আমি বলছি কলকাতা করপোরেশানের কমিশনার—এটা তদন্ত

মূলে অর্থাৎ স্পেশাল ব্র্যাঞ্চ, ভিজিল্যান্স ব্র্যাঞ্চ এবং পুলিশ কমিশনার—এ'রা যা রিপোর্ট দিয়েছেন তদন্ত করে. সেই তদন্তের বেসিসে কলকাতা করপোরেশানের কমিশনার যে রিপোর্ট দিয়েছেন সেটা এই।

Shri Narendra Nath Das : The boot is on the other leg.

প্রশ্ন হচ্ছে যে দোষী বা নির্দোষ—এটা সাব্যস্ত কি কলকাতা করপোরেশানের কমিশনার করবেন. না, কলকাতার পুলিশ কমিশনার করবেন থ্রু দি স্পেশাল ব্র্যাঞ্চ ?

Shri S. M. Fazlur Rahman :

পুলিশ কমিশনারের রিপোর্টের বেসিসে তো তিনি রিপোর্ট দিচ্ছেন।

Shri Debendra Nath Mukhopadhyay :

ঐ নক্সাটা হারিয়ে গেছে. না. আছে—এটা কি মন্ত্রীমহাশয় বলছেন?

Shri S. M. Fazlur Rahman :

না।

Shri Nirmal Bose:

প্রশ্নটা ছিল কলকাতার ভূ-গর্ভস্থ পয়ঃপ্রণালী. গুরুত্বপূর্ণ গৃহ. বিভিন্ন এলাকা প্রভৃতির নক্সা—তাহলে মন্ত্রীমহাশয় কি বলছেন কোন কিছু নক্সা হারায় নি? এই তো তাঁর রিপোর্ট?

Shri S. M. Fazlur Rahman :

হ্যাঁ।

Shri Mohitosh Rai Choudhuri : -

আমরা ঠিক বুঝতে পারছি না। তাহলে এনকোয়ারি কি হলো? একটা লোক পালিয়ে গেল: কোন নক্সা হারিয়ে গিয়েছে. সেটা এনকোয়ারি হল না যে লোকটা নিয়ে গিয়েছে কিনা. দুটো ইসু। একটা নক্সা কলকাতা করপোরেশান থেকে চুরি গেছে কিনা এবং সেটা চুরি করেছে কে? এখন জিজ্ঞাস্য হচ্ছে একটা লোক নক্সা নিয়ে যে চলে গেল. সে সম্বন্ধে এনকোয়ারি হয়েছে কিনা? তাতে মন্ত্রীমহাশয় বললেন যে এনকোয়ারি হয়েছে. এনকোয়ারি হয়েছে ভাল করে বলেননি. আদৌ নক্সা হারিয়ে যায়নি আবার বললেন। তাহলে এনকোয়ারি-টা হলো কি? এতক্ষণ ধরে সময় নষ্ট হলো কেন? নক্সা হারায় নাই—তাহলে এনকোয়ারি-টা হলো কি?

Shri S. M. Fazlur Rahman :

এনকোয়ারি হয়েছে কিনা, চুরি হয়েছে কিনা—চুরি মানে হারানোর একটা অংশ যার কাছ থেকে in the possession of some body,
যে রাইটফুল ওনার. তার কাছ থেকে কিছু কেউ নিয়ে গেল। কাজে কাজেই চুরি হয়ে গেছে বলে নিয়ে গেছে—এই বেসিসে কারো জিনিষ নিয়ে গিয়েছে এবং সেই জিনিষটা তদন্ত মূলে দেখা গেল চুরিও হয় নাই. কারো কাছ থেকে নিয়েও যায়নি?

Shri Sreepada Bhattacharyya :

মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রীমহাশয়. দয়া করে বলবেন কি কলকাতা করপোরেশানের চেয়ারম্যান বা কমিশনার যাঁদের এই রকম মূল্যবান ম্যাপ হারিয়েছে, এই তদন্ত করবার কোন কথা তাঁরা আপনাদের জানিয়েছেন কি?

Shri S. M. Fazlur Rahman :

না।

Shri Jatin Chakravorty:

পুলিশ কমিশনার কর্তৃক যে তদন্ত হয়েছে, সেই তদন্ত রিপোর্টে সেই অফিসারের পাকিস্তানে

পলায়নের কোন কারণ নির্দেশ হয়েছে কি? ম্যাপ যদি নাও নিয়ে থাকে, হঠাৎ কি কারণে তিনি পাকিস্তানে পালিয়ে গেলেন, সে সম্পর্কে কোন কথা ঐ রিপোর্টে আছে কি?

Shri S. M. Fazlur Rahman :
একথা আছে যে ১০বি, পাটওয়ার বাগান লেন-এ যখন রায়ট হয়, সেই সময় সে পালিয়ে গেছে?

Shri Hansadhwaj Dhara :
ঐ করপোরেশানের ম্যাপটা কি সিক্রেট ডকুমেণ্ট?

Shri S. M. Fazlur Rahman :
আমি তা বলতে পারবো না।

Shri Narendra Nath Das :
মাননীয় মন্ত্রীমহাশয় জানাবেন কি এই মানিকগঞ্জের অধিবাসীটা কতদিন যাবৎ করপোরেশানে চাকরী করছে?

Shri S. M. Fazlur Rahman :
প্রিপার্টিশন আমল থেকে চাকরী করছে।

Shri Narendra Nath Das :
প্রিপার্টিশন আমল থেকে যে লোক চাকরী করছে, ১৯৪৭ সালের পরে এখানে অনেকবার রায়ট হওয়া সত্বেও যে লোক কখনো পালায়নি, সেই লোকটা এবারই কেবল প্রাণের ভয়ে পালালো, কিছু নিয়ে গেলনা—এ সম্বন্ধে কি অনুসন্ধান হয়েছে?

Shri S. M. Fazlur Rahman :
তার মনের কথা আমি বলতে পারবো না।

Shri Narendra Nath Das:
পুলিশের কাছে এই ব্যাপারটি সম্পর্কে কি ভাবে চার্জ দেওয়া হয়েছিল অর্থাৎ এ্যাকচুয়ালি ম্যাপ সম্পর্কে কোন অভিযোগ করা হয়েছিল কিনা?

Shri S. M. Fazlur Rahman :
এই খবরটা যখন খবরের কাগজে বেরুল তখন এটা নিয়ে তদন্ত করেছিল।

UNSTARRED QUESTIONS

(to which written answers were laid on the table)

Number of students passed the Primary Final Examination in 1962 and 1963

105. Shri Nirmalya Bagchi: Will the Hon'ble Minister-in-charge of Education Department be pleased to state the number of students who appeared at and the number of students who passed the Primary Final Examination held in 1962 and 1963 respectively in each district of West Bengal including Calcutta, according to the following order—

(i) Boys and girls; and

(ii) divisions (1st, 2nd and Pass) in which they were placed.

Minister for Education (Shri Rabindralal Sinha): Reply furnished in the two statements below (one for 1962 and the other for 1963).

Statement referred to in the reply to question No. 105

(i)

Number of students who appeared and passed the Primary Final Examination, 1962.

District	Appeared		Total	1st Division		2nd Division		Pass		Total Passed		Grand Total
	Boys	Girls		Boys	Girls	Boys	Girls	Boys	Girls	Boys	Girls	
1. Bankura ..	10,718	3,340	14,058	2,090	683	2,430	781	3,588	1,156	8,108	2,620	10,728
2. Birbhum ..	8,284	3,433	11,717	1,813	945	2,260	988	2,916	1,147	6,989	3,080	10,069
3. Nadia ..	9,978	6,285	16,263	1,984	977	2,428	1,364	3,981	2,445	8,357	4,786	13,143
4. Murshidabad	11,682	4,404	16,086	3,246	1,485	3,203	1,245	4,056	1,414	10,505	4,144	14,649
5. Malda ..	4,922	1,401	6,323	676	258	863	309	2,384	654	3,923	1,221	5,144
6. Jalpaigri	6,263	2,471	8,734	957	511	1,063	574	2,070	825	4,090	1,910	6,000
7. Howrah ..	12,345	6,958	19,303	2,366	1,274	4,017	2,174	4,069	2,191	10,452	5,639	16,091
8. Midnapur	32,119	11,724	43,843	8,552	3,202	8,903	3,409	10,290	3,735	27,745	10,346	38,091
9. 24-Parganas	41,403	19,812	61,215	13,170	6,767	18,781	9,691	4,420	2,464	36,371	18,922	55,293
10. Hooghly ..	15,473	8,382	23,855	2,092	1,149	3,691	2,238	7,723	3,320	13,506	6,707	20,213
11. Cooch Behar	4,949	1,315	6,264	1,024	269	1,107	359	1,779	434	3,910	1,062	4,972
12. Darjeeling	2,789	1,097	3,886	338	121	598	227	1,554	513	2,490	861	3,351
13. Calcutta ..	8,145	6,367	14,512	617	701	1,233	1,262	3,840	2,855	5,690	4,818	10,508
14. Burdwan ..	17,075	7,960	25,035	2,612	1,149	3,746	1,899	6,968	3,462	13,326	6,510	19,836
15. Purulia ..	5,649	1,048	6,697	740	107	924	193	2,409	576	4,073	876	4,949
16. West Dinajpur	6,667	2,063	8,730	1,491	641	1,417	511	2,541	696	5,449	1,848	7,297
Total ..	198,461	88,060	286,521	43,732	20,239	56,664	27,224	64,588	27,887	164,984	75,350	240,334

(ii)

Number of students who appeared and passed the Primary Final Examination, 1963

District	Appeared		Total	1st Division		2nd Division		Pass		Total Passed		Total
	Boys	Girls		Boys	Girls	Boys	Girls	Boys	Girls	Boys	Girls	
1. Bankura ..	11,010	3,460	14,470	1,730	553	2,570	806	4,409	1,401	8,709	2,760	11,469
2. Birbhum	6,838	5,927	12,765	1,824	933	2,210	1,100	3,632	1,416	7,666	3,449	11,115
3. Nadia ..	10,379	6,588	16,967	993	434	1,708	909	6,234	3,769	8,935	5,112	14,047
4. Murshidabad	11,632	4,907	16,539	2,953	1,224	3,044	1,311	3,891	1,605	9,888	4,185	14,073
5. Malda ..	5,349	1,815	7,164	704	332	1,017	345	2,517	801	4,238	1,478	5,716
6. Jalpaiguri ..	6,499	2,728	9,227	549	282	1,039	562	2907	1,253	4,495	2,097	6,592
7. Howrah ..	15,122	8,480	23,602	2,077	1,167	4,016	,2268	6,272	3,544	12,365	6,979	19,344
8. Midnapur ..	32,832	12,481	45,313	43,877	1,497	7,012	3,017	14,;790	5,419	25,679	9,933,	35,612
9. 24-Parganas	42,677	23,146	65,823	5,607	2,988	12,837	6,724	17,129	9,051	35,573	18,763	54,336
10. Hooghly ..	16,106	9,020	25,126	1,914	1,080	3,177	1,803	7,359	4,216	12,450	7,099	19,549
11. Cooch Behar	4,966	1,520	6,486	1081	335	1,296	433	2,048	604	4,425	1,372	5,797
12. Darjeeling ..	2,913	1,317	4,230	183	111	369	228	1,.582	729	2,134	1,068	3,202
13. Calcutta ..	8,133	6,111	14,244	794	790	1,646	1,508	4,069	3,050	6,509	5,348	11,857
14. Burdwan ..	17,778	8,652	26,430	2,927	1,344	4,489	2,106	7,082	4,483	14,498	7,933	22,431
15. Purulia ..	6,282	1,203	7,485	616	130	983	204	3,052	635	4,651	1,005	5,656
16. West Dinajpur	6,857	2,371	9,228	941	488	1,044	462	3,170	1,150	5,155	2,100	7,255
	2,05,373	99,726	3,05,099	28,770	13,688	48,457	23,822	90,143	43,171	1,67,370	80,681	2,48,051

[2-20—2-30 p.m.]

Shri Nirmalya Bagchi :

মননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমি কতকগুলি আনস্টার্ড কোশ্চেন আপনার কাছে পেশ করেছিলাম এবং আপনি সেগুলি অনুমোদন করে বিভিন্ন দপ্তরে পাঠিয়েছিলেন। ইতিপূর্বে আপনি শুনেছেন আমাদের পার্লামেন্টারী এ্যাফেয়ার্স-এর মন্ত্রী খুব বড় গলায় বলেছিলেন ১২ দিনের নোটিশ পেলে পর তাঁরা সমস্ত প্রশ্নের উত্তর দিয়ে থাকেন। কিন্তু আমি যতদূর জানি আগামীকাল আমাদের অধিবেশন শেষ হয়ে যাচ্ছে। আমি আজ পর্যন্ত দেখতে পাচ্ছি ১১টা গুরুত্বপূর্ণ প্রশ্নের উত্তর এখনও পেশ করা হয়নি। এই প্রশ্নগুলোর উত্তর দেবার তারিখ ডিউ ছিল ১৭ই আগষ্ট,
30th September, 30th September, 12th August, 6th August, 6th August, 6th August, 6th August and 7th August.

এর মধ্যে ৯টা প্রশ্ন হচ্ছে এডুকেশান ডিপার্টমেন্ট-এর মন্ত্রীর নিকট, একটা ল্যান্ড এ্যান্ড ল্যান্ড রেভিনিউ ডিপার্টমেন্ট এবং আর একটা হচ্ছে কমার্স এন্ড ইন্ডাষ্ট্রিজ ডিপার্টমেন্ট-এর নিকট। এই অভিযোগ শুধুমাত্র আমার অভিযোগ নয়, এই অভিযোগ আমার অনেক বন্ধুর আছে। সুতরাং একটা প্রিভিলেজ-এর প্রশ্ন এর মধ্যে জড়িত রয়েছে।

Shri Gopal Haldar :

স্যার, যথাযথ সময় সরকারের কাছে প্রশ্ন দেওয়া হয়, কিন্তু কোন উত্তর পাওয়া যায় না। ১২।২ মাস হতে চলল ২টি প্রশ্ন দিয়েছিলাম—আমি খুব বেশী প্রশ্ন দিয়ে বিরক্ত করিনা কিন্তু আজ পর্যন্ত সেই প্রশ্ন সম্বন্ধে আমি তাঁদের কাছ থেকে কোনরকম উচ্চবাচ্য শুনিনি। এবিষয়ে আমাদের কি কোন অধিকার নেই সেটাই আপনার কাছ থেকে জানতে চাই? এটা কি কোশ্চেন অফ প্রিভিলেজ নয়?

Mr. Deputy Chairman: Question should be answered in time.

Shri Nirmalya Bagchi :

এটা আমাদের প্রিভিলেজ মোশান-এর প্রশ্ন এবং পার্লামেন্টারী এ্যাফেয়ার্স-এর মন্ত্রী কালকের মধ্যে উত্তর দেবার ব্যবস্থা করতে পারেন কিনা?

Mr. Deputy Chairman: The Ministers have been informed.

Shri Nirmalya Bagchi :

কাল সমস্ত উত্তর কি পাব?

Shri Jagannath Kolay:

স্টার্ড কোশ্চেন যেগুলো হয় সেগুলো অর্ডার পেপার-এ উঠে গেলে ১২ দিনের মধ্যে আমর সেগুলোর আনসার দিই এবং যদি আনসার না দিতে পারি তাহলে আমরা চেয়ারম্যান-এর কাছে পারমিশন চাই যে এটা আজকে দিতে পারছিনা, অমুক দিন দেব। আনস্টার্ড কোশ্চেন-এর ব্যাপারে আমরা অনেক সময় ঠিক ১২ দিনের মধ্যে উত্তর দিতে পারিনা। তার কারণ এখান থেকে যেসব কোশ্চেন এ্যাডমিট হয় বিশেষতঃ সেসব কোশ্চেনগুলো এত বিরাট হয়ে যায় এবং ফিগার্স হয়ে যায় যে সেগুলো আমরা অনেক সময় যোগাড় করতে পারিনা। এই দেখুন এখানে কতগুলি ফিগার্স চাওয়া হয়েছে যেগুলি আমাদের যোগাড় করে দিতে হবে। সেজন্য আমাদের পক্ষে ঠিক সময়মত অনেক সময় উত্তর দেওয়া সম্ভব হয়না। তবে এটা ঠিক যে এবার থেকে আমি ডিপার্টমেন্ট-কে বলব যেগুলির সময় লাগবে সেগুলি যেন এ্যাসেম্বলি সেক্রেটারী-কে তারা জানিয়ে দেন যে এগুলির সময় নেবে। আর একটা কথা আমি নিবেদন করব সেটারও বিশেষ প্রয়োজন হয়েছে।

আমি এবার থেকে ডিপার্টমেন্টকে বলবো যেগুলি সময় লাগবে সেগুলি যেন য়্যাসেমব্লি সেক্রেটারিয়েটকে জানিয়ে দেওয়া হয় যে এগুলির সময় চাই। কিন্তু আর একটা কথা নিবেদন করবো যেটা করার বিশেষ প্রয়োজন হয়েছে যে এ্যাসেমব্লিতে এমন অনেক সময় দেখা যায় যে হাউস-এ একবার দেওয়া হয়েছে ঠিক সেম কোশ্চেন আবার হাউস-এ আসে। সেইজন্য আপনার এ্যাসেমব্লি সেক্রেটারী মহোদয়কে যদি নির্দেশ দেন যে যখন এডিট করবেন তখন যে কোশ্চেন য়্যানসার হয়ে গেছে সে সব কোশ্চেন না দিয়ে বাকিগুলির উত্তর যদি দিতে পারেন তাহলে আমাদের অনেক সুবিধা হয়ে যায়। আমাদের আবার এ্যানসার খোঁজ করতে হয় না।

Mr. Deputy Chairman:

এটা সাধারণতঃ এ্যাসেমব্লি সেক্রেটারী দেখে দেয় যাতে রিপিটেশন না হয়, যদি কোন সময় স্লিপ করে তবে তা গভর্নমেন্টকে জানান দরকার।

Shri Jagannath Kolay:

আপনাকে এটা বলবার উদ্দেশ্য এই যে আমি এটা দেখেছি এবং অনেক ডিপার্টমেন্ট আমাকে বলেছে এই কোশ্চেন এবং এ্যানসার আমরা তো দিয়ে দিয়েছি কিন্তু তা সত্বেও আবার আসছে। আপনি বোধহয় দেখে থাকবেন যে সরিষার তেলের ব্যাপার নিয়ে দেখা যায় রোজই একটা করে কোশ্চেন হচ্ছে স্বাস্থ্যমন্ত্রীর। অথচ সে এ্যানসারগুলি হয়ে গেছে পার্লামেন্টারী কনভেনশন হয়ে আসছে। পার্লামেন্টারী রুল যাতে একটা কোশ্চেন রিপোর্ট না হয় সেজন্য আমি এটা বলছি। এটা হতে পারে যে আমাদের এডিট যেখানে হয় সেখানে খুব কম লোক আছে তা হতে পারে। এবং এত বেশী কোশ্চেন আসে যাতে ওভারলুক হতে পারে সেটা অন্যায় বলছি না। কিন্তু এটা নিবেদন করবো সেখানে লোক দিয়ে যাতে রিপিটিসন না হয়। এবং রিপিট হওয়া মানেই তো আমাদের খরচা বেশী। আমি এটুকু বলতে চাই আমি এটা দেখছি।

Shri Narendra Nath Das:

পয়েন্ট অফ অর্ডার হচ্ছে যে আমাদের সেক্রেটারী আছে, আমাদের যতদূর জানা আছে যে আমাদের লেজিসলেচার সেক্রেটারী এ সম্বন্ধে যথেষ্ট অবহিত এবং যথাসাধ্য চেষ্টা করেন। আমাদের বহু প্রশ্ন বহুবার রিজেক্টেড হয়েছে মঞ্জুর হয়নি তাঁরা তা সাজিয়ে দিয়েছেন। কিন্তু আজকে মন্ত্রী মহাশয় যা বললেন তাঁর কথার তাৎপর্য হচ্ছে এই যে সেক্রেটারিয়েট কত পারফাংটোরিলী দেখেন সুপার ফিসিয়্যাল দেখেন যে তারা ঠিক ঠিক করে করেন না এই ধরনের মন্তব্য আমরা পার্লামেন্টারী মিনিষ্টার-এর কাছ থেকে আশা করিনি।

Shri Jagannath Kolay:

এই ধরণের পয়েন্ট অফ অর্ডার-এর কিছু মানে হয় না। যা হোক নরেনবাবু যেটা বলছেন সেক্রেটারিয়েট সম্বন্ধে এ নিয়ে এখানের খগেনবাবু যিনি কোশ্চেন এডিট করেন তাকে আমি বলছি।

(**শ্রীযতীন চক্রবর্তী:** খগেনবাবু আমাদের নন, খগেনবাবু এ্যাসেম্বলীর, আমাদের শ্যামবাবু।)

যা হোক যেখানে লোকের প্রয়োজন সব একজনের পক্ষে সম্ভবপর নয় সেজন্য আমাদের নিবেদন এই যে সেক্রেটারীকে বলে যথাযথ ব্যবস্থা করা, দরকার হলে লোক বেশী দিন তাতে আমাদেরও সুবিধা হয় এবং কাজের দিক দিয়েও সুবিধা হবে। এতে কোশ্চেন য়্যানসার-এর রিপিটেশন হয় না এবং এতে আরও কোশ্চেন এ্যানসার হতে পারে। সে দিক থেকে দেখার কথাই আমার বক্তব্য।

Shri Jatin Chakravorty:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয় গোলমালের কারণটা আমি বলে দিই সেসন-এ আপনি দেখবেন, আমাদের এই যে আনরিটেন কোশ্চেন-এর উত্তর পাওয়া যাচ্ছেনা এবং আমাদের পার্লামেন্টারী য়্যাফেয়ার্সে যিনি মন্ত্রী তিনি এ দিকে ঠিক লক্ষ্য রাখতে পারেননি তার কারণ হচ্ছে এই সেসন-এ সেটা হচ্ছে। যতদিন সেসন হয়েছে, সেই কদিন ফুটবল খেলা চলছে এবং তার জন্য আমরাও

এদিকে সময়মত সে রকম নজর দিতে পারিনি এবং মন্ত্রী মহাশয় নজর দিতে পারেননি আমাদের লেবার মিনিষ্টার নজর দিতে পারেননি এ সবের জন্য গোলমাল হয়েছে। আশাকরি আসছে বারে আর এ গোলমাল হবে না।

Shri Jagannath Kolay:

স্যার যতীনবাবু যখন ফুটবল খেলার কথা ওঠালেন, আমি বলছি এই সেসন-এ আমি একটা ছাড়া খেলা দেখিনি। একটা খেলা হচ্ছে ফাইনাল মোহনবাগানের সাথে এবং সেখানে যতীনবাবুকেও দেখেছি। এবং যতীনবাবু এবারে বেশী খেলা দেখেছেন।

[2-30—2-40 p.m.]

Shri Jatin Chakravorty:

স্যার, আমি গোপন কারণটা বলে দেই। কারণ আপনি দেখবেন এই সেসানে আমাদের এই যে আনরিটেন কোশ্চেন-এর জবাব পাওয়া যাচ্ছে না এবং আমাদের পার্লামেন্টারী য়্যাফেয়ার্স-এর মন্ত্রী যিনি তিনি যে এদিকে আদৌ লক্ষ্য রাখতে পারেননি, তার গোপন কারণ হচ্ছে বিশেষ করে এই সেসনে—যেটা এখন চলছে যতদিন আমাদের হাউস বসেছে, সেই কয়দিন ফুটবল খেলা চলেছে এবং স্যার, আমরা সকলেই আর ওদিকে নজর দিতে পারি নাই বিশেষ আমাদের মন্ত্রী মহাশয় তো নজর দিতে পারেনই নেই, লেবার মিনিষ্টারও পারেন নি এই সবের জন্য। তার ফলেই এই বিভ্রাট হয়েছে। আমি আশাকরি আসছে বার আর এই গোলমাল হবে না।

Shri Jagannath Kolay:

স্যার, যতীনবাবু যখন ফুটবল খেলার কথা ওঠালেন, তখন আমার একটু বলতে হয়। অন্ততঃ এই সেসনে আমি একটিও খেলা দেখিনি। তবে একটিমাত্র খেলা দেখেছি মোহনবাগান ও ইস্ট-বেঙ্গলের ফাইন্যাল খেলা। সেখানে আমি আবার যতীনবাবুকেও দেখেছি। তিনি এবার বেশী খেলা দেখেছেন।

Shri Jatin Chakravorty :

মন্ত্রীমহাশয় একটু অসত্য কথা বললেন। এই মন্ত্রী মহাশয়ের সঙ্গে এই হাউস শেষ হবার আগে আমি অন্ততঃ একডজনবার ও'র গাড়িতে করে খেলা দেখতে গিয়েছি স্যার।

Shri Jagannath Kolay:

হ্যাঁ, স্যার, একডজনবার যতীনবাবুকে আমার গাড়ীতে নিয়ে খেলার মাঠে পৌঁছে দেওয়া হয়েছে তাতে সন্দেহ নাই।

Shri Gopal Halder :

স্যার, কোন্ মন্ত্রী কখন খেলা দেখেন কি না দেখেন সে সম্বন্ধে যতীনবাবু প্রশ্ন করুক এবং তার সাপ্লিমেন্টারী হোক। কিন্তু আমার বক্তব্য হচ্ছে আমরা লীলাখেলার কোন ব্যাপারে নেই; সাধারণ ব্যাপারে আমি দু-মাস আগে প্রশ্ন করেছিলাম, এখনো তার উত্তর দেওয়া হয় নাই। আমি বলছি এর মধ্যে কোন রকম রিপিটেশন-এর প্রশ্ন জড়িত নাই, এটা নিতান্তই তাঁদের গাফিলতি, কোন উদ্দেশ্য প্রণোদিতও নয়। এ সম্বন্ধে আমি আপনাকে একটু অবহিত হতে অনুরোধ করছি।

Shri Jagannath Kolay:

আমি দেখছি যাতে সত্বর এগুলির জবাব দেওয়া যায়। যদি এখনো না দেওয়া হয়ে থাকে, আমি ডিপার্টমেন্টকে বলে দিচ্ছি রিটন য়্যানসার যাতে কালকের মধ্যে দেওয়া যায় এবং না দেওয়া হলে ভবিষ্যতে পরে যাতে এখানে দেওয়া যায় সেজন্য আমি সেইভাবে সারকুলেট করে দেব।

Shri Gopal Halder :

স্যার, এটা খুবই অপমানকর যে আমরা প্রশ্ন করলে তারপর আদালতে ফৌজদারিতে যেমন করে কেবল তম্বীর করে করে ঘুরতে হয়, এখানেও আমরা তাই দেখছি।

Mr. Deputy Chairman :

যা হবার হয়ে গেছে—ফিউচার-এ যাতে আর এইরকমটি না হয়, তার ব্যবস্থা করা দরকার। আপনারা সেটা দেখুন।

Shri Nirmalya Bagchi :

এটা বোধহয় স্যার, সবচেয়ে দীর্ঘ সেসন আমাদের ইতিহাসে হয়েছে আমি যতদূর ক বছর ধরে দেখছি। স্যার আপনি ভাবুন যে তেল সম্পর্কে উনি প্রশ্ন তুলেছেন এবং সেই একই প্রশ্ন বার বার উঠছে এবং তা আসতে বাধ্য। ৬ই জুলাই এ প্রশ্ন উঠেছিল, ৬ই আগস্ট-এও সেই অবস্থার কোন পরিবর্তন ঘটছেনা; আবার ৬ই সেপ্টেম্বর সেই একই সমস্যা দেখা দিয়েছে। আমাদের বার বার করে অবস্থা অনুযায়ী প্রশ্ন করবার অধিকার আছে। আপনার অবগতির জন্য জানাচ্ছি স্যার, আপনি জানেন যে হাউস অব কমন্সের যা ট্রাডিশন যা আমরা অনুসরণ করে আসছি, সেখানে মাত্র দুদিনের নোটীশে মিনিষ্টাররা প্রশ্নের উত্তর দিয়ে থাকেন। আর আমাদের এখানে বারদিনের নোটীশের পরেও দেখছি এক মাসের অধিক হয়ে গেছে, এখনো তার উত্তর আসেনি।

Shri Manoranjan Sen Gupta :

মাননীয় স্বাস্থ্যমন্ত্রী এখানে উপস্থিত আছেন, তিনি আমার একটি প্রশ্নের উত্তর দিতে পারেন। আপনার মাধ্যমে তাঁর মনোযোগ আমি আকর্ষণ করছি। কোশ্চেনটা আমি তাঁর কাছে পাঠিয়ে দিতে পারি।

Cricket Resnlt

Shri Jatin Chakravorty :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, ওয়ান সিক্সটি সেভেন ফর সেভেন হয়ে ওরা নেটে হেরে গেছে। আপনি স্যার, হাউস এখানে এ্যাডজোর্ণ করে দিন।

Non-supply of sugar in ration shops.

Shri Narendra Nath Das :

আমাদের খাদ্যমন্ত্রী এখানে উপস্থিত রয়েছেন। আমি আপনার মাধ্যমে তাঁর দৃষ্টি আকর্ষণ করছি কলকাতার বহু রেশনের দোকানে স্যার, বহু ঘোষণা সত্ত্বেও গম পাওয়া যাচ্ছে না বা পুরাপুরি চিনি যা পাওয়া উচিত তা পাওয়া যাচ্ছে না। চাল পাওয়া যাচ্ছে। কিন্তু গম এবং চিনি পাওয়া যাচ্ছে না। পূজার অব্যবহিত পূর্বে এ সম্বন্ধে সরেজমিনে তদন্ত করুন যাতে করে পুরা রেশন সাধারণ লোক পেতে পারেন তাহলে আমরা খুবই বাধিত হব।

Quality of rice supplied from Ration Shops.

Shri Nirmal Bose :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, নরেনবাবু খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করে বললেন। আমিও আপনার অনুমতি নিয়ে খাদ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি আর একটা জরুরী বিষয়ের প্রতি। খাদ্য-দপ্তরের রাষ্ট্র-মন্ত্রীর কাছে আগে বহুবার বলেছি যে বিভিন্ন রেশন দোকান থেকে যে চাল দেওয়া হচ্ছে তা অত্যন্ত নিকৃষ্ট। যে চালের নাম করে চাল দেওয়া হচ্ছে, সেটা তা নয়, সেই চালের মধ্যে কাঁকরবালি এমন কি নানারকম জিনিষ মেশানো রয়েছে।

গতকাল বাড়ী গিয়ে আমি যে চাল দেখলাম সেটা আমি সঙ্গে করে এনেছি এবং আপনাকে খাচ্ছি যে সেটা কতখানি নিকৃষ্ট হতে পারে। এটা দেখুন সম্পূর্ণ বালি। কোন দোকান থেকে ভাবে আনা হয়েছে তাও আমি দিচ্ছি। আমার কাছে সব তথ্য আছে। তথ্য হচ্ছে যে ১০ চাল বিশ্বনাথ কোম্পানী, ১৪৩ নং মহর্ষি দেবেন্দ্র রোড, কলিকাতা-৭, আর ১০ নং নিমতলা-ট্রীট-এ এদের অফিস, ক্যাশ মেমো নং ২৪৪ তাং ৩০-..-৬৪। ৬ ব্যাগে ৫০ কে, জি-র পর শুধু ধুলো বেরিয়েছে। এই অবস্থায় ৭৬ নঃ পঃ করে এই চাল বিক্রি হচ্ছে। পাইকারী দোকান থেকে নেওয়া হয়েছিল কাল রথতলা

Wholesale Rice Merchants Association

যাওয়া হয়। তারা পরিষ্কার বলে যে আমাদের কিছু করার নেই। রাষ্ট্রমন্ত্রী একটু নোট ...: রথতলা

Wholesale Rice Merchants Association

যখন অভিযোগ করা হয় যে এই চাল দেওয়া হয়েছে ৩০-৯-৬৪ তারিখে তখন এবিষয়ে সেখানে একজন সরকারী ইনস্পেক্টর উপস্থিত ছিলেন। তিনি বলেন যে কিছু বলার নেই। তাঁর নাম জিজ্ঞাসা করায় তিনি বলেননি। লালবাজারে বলায় তাঁরাও বলেন যে আমাদের কিছু করার নেই। এর মধ্যে ৪ ভাগের ৩ ভাগ বালি। দোকানের কোন রেমিডি নেই, পুলিসের কাছে কোন রেমিডি নেই, অফিসার-এর কাছে কোন রেমিডি নেই এবং আমাদেরও কিনতে হচ্ছে। আমি ... কাছে রাখলাম, মন্ত্রিমহাশয় দেখুন কি জিনিষ চলছে। এ বিষয়ে কি কোন প্রতিকারের ... নেই তিনি বলেছেন ভাল চাল দিচ্ছি। কিন্তু এই চালটা এই দামে কেনা হচ্ছে উড়িষ্যা ... বয়েলড রাইস।

Half-an-hour discussion

Shri Manoranjan Sen Gupta :

... একটা হাফ-এ্যান আওয়ার ডিস্‌কাসন এর নোটিশ দিয়েছিলাম। তার ডিউ ছিল

October—Board of Secondary Education

মিসম্যানেজমেন্ট সম্বন্ধে। এটা পূর্বে আমি একবার তুলেছিলাম, কিন্তু অনেক অজুহাতে ... হয়নি। আবার দিয়েছি কিন্ডসানটা ফুলফিলড হয়েছে এবং ২ জন এম-এল-সি ...। অথচ কিছু হলনা বলে আপনার মনোযোগ আকর্ষণ করছি।

Shri Jagannath Kolay :

...র হাফ-এ্যান আওয়ার ডিস্‌কাসনটা কালকে নেবেন।

Hunger-strike by employees of the West Bengal Secondary Board of Education

Shri Rajkumar Chakraverty :

... আপনার মাধ্যমে মন্ত্রিমহাশয়ের একটা বিষয়ে বিশেষ দৃষ্টি আকর্ষণ করছি। আমি এইমাত্র ... পেলাম

West Bengal Secondary Board of Education

... কর্মচারী আজ থেকে অনশন আরম্ভ করেছেন। এটা মানবতার প্রশ্ন ও জীবিকার ... সঙ্গে সংশ্লিষ্ট আশা করি এবিষয়ে সরকারের দৃষ্টি আকৃষ্ট হবে।

Hunger-strike by teachers

Shri Jatindra Singha :

... ৭ দিনের অনশনের পর এখানে এসেছি। আমি আশা করেছিলাম শিক্ষামন্ত্রীকে আমাদের ... আমরা পাব। আমি খবরের কাগজে দেখলাম কোন এক মাননীয় সদস্য ওদিক থেকে ...ছিলেন.........

Mr. Deputy Chairman :

That matter cannot come up now
এটা সকলেই প্রত্যাহার করেছেন।

Shri Jatindra Singha :

আমি ধন্যবাদ দিচ্ছি মাননীয় শিক্ষামন্ত্রিমহাশয়কে যে তিনি এজন্য দুঃখ প্রকাশ করেছেন। তাঁর কাছে একটা আবেদন করে বলছি যে আমরা আশা করেছিলাম যে দীর্ঘ ৭ দিন আমাদের এই অনশনে তাঁদের হৃদয় পরিবর্তন করতে সক্ষম হব। এই অনশনে আমাদের কোন রাগ বা দ্বেষ ছিল না। তিনি দুঃখ প্রকাশ করেছেন তার জন্য আমরা দুঃখিত, কিন্তু আমরা ততোধিক দুঃখিত যে এই ৭ দিন ৩০ জন লোক অনশন করে তাঁদের হৃদয়ের কোন রকম পরিবর্তন করতে পারেনি বা এরজন্য তাঁদের মধ্যে কোন উদ্বেগ দেখা যায় নি।

[2-40—2-50 p.m.]

আমার বক্তব্য খুবই সুস্পষ্ট আপনারা বলেছিলেন যে আমরা অনশনের মধ্যে নাকি খেয়েছি। এ কথা বলতে পারি যে আমাদের মধ্যে এমন শিক্ষকও রয়েছেন যারা প্রয়োজন হলে ন্যায় সত্যের খাতিরে শেষ পর্যন্ত আত্মদান করতে পারে এবং তিল তিল করেও সেই ন্যায় এবং স প্রতিষ্ঠা করতে ন্যায় এবং পরাঙ্মুখ হবেন না। আমি বিশেষ করে জানি যে আমাদের মধ্যে এরূ শিক্ষক এখনও আছে। এখানে এ সম্পর্কে বহু আলোচনা হয়েছে এবং আমাদের ন্যায্য দা সম্পর্কে বিভিন্ন বক্তাও অনেক কিছু বলেছেন সে কারণে আমি এ সম্পর্কে বিশেষ কিছু বল চাই না। আমাদের শিক্ষামন্ত্রিমহাশয় এখানে উপস্থিত নেই আমি তাকে অনুরোধ করবো তি যেন আমাদের বিষয়টী বিবেচনা করেন। মাত্র কয়েক লক্ষ টাকার ব্যাপার। আমরা জানি ক টাকা বহু ধারে অপচয় হচ্ছে। আমরা এটা সংবাদে জেনেছি যে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী মিঃ চাগ ফিফটী পারসেন্ট দিতে রাজী হয়েছেন সুতরাং আমরা আশা করবো যে আপনারা এ ধরনের বৈষ মূলক নীতি গ্রহণ না করে ঐ করণিক এবং অধস্তন কর্মচারীরা যাতে ঐ টাকা পেতে পারে জন্যই আবেদন করছি। যদি প্রয়োজন হয় তাহলে আমরা তার চেয়ে কম নিতে রাজী আছি। সু আমি আবেদন জানাবো মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে যে যেন কোনো অবাঞ্ছিত পরিস্থিতি না হয় বা আমরা কোনো অবাঞ্ছিত পরিস্থিতির দিকে অগ্রসর হতে না পারি তিনি সে দিকে এ দৃষ্টি দিন। আজ সাতদিন পরে এখানে এসেছি অনশন করার ফলে অত্যন্ত ক্লান্ত সুতরাং বি কিছু বলতে পারছি না এবং আমি আশা করি মন্ত্রিমহাশয়ের দৃষ্টি এ বিষয়ে যথেষ্ট আকৃষ্ট হবে সুতরাং যতশীঘ্র সম্ভব এই অসামঞ্জস্য এবং অসাম্য দূর হবে আমি এই কথা বলে আমার ব শেষ করছি।

Shri Jagannath Kolay:

স্যার, আমি ও'র বক্তব্য মাননীয় শিক্ষামন্ত্রীকে জানাবো।

The West Bengal Gramdan Bill, 1964.

Shri Syamadas Bhattacharyya : I beg to move that the West Be Gramdan Bill, 1964, as passed by the Assembly, be taken into considerat

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় সদস্যগণকে জানাচ্ছি যে বিনোভাজী এখানে কয়েক মাস পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় পরিভ্রমন করেছিলেন এবং সেই সময় তার বাণী প্রচার করেছি তার ফলে অনেকে বিনোভাজীকে গ্রাম দান করেছিলেন ও তিনি গ্রামদানী গ্রাম হিসাবে করেছিলেন। তারপরে সরকার-পক্ষ থেকে স্থির করা হয় যে এই গ্রামদান আন্দো আইনগতভাবে স্বীকৃতি দেওয়া দরকার বিশেষ করে যখন জানা গেল যে বিনোভাজী বহু জ থেকে কয়েক শত গ্রাম দানের হিসাবে পেয়েছেন তখন এই বিল উপস্থিত করা হয়। এই বি

য়েন্ট সিলেক্ট কমিটি-তে প্রেরিত হয় এবং জয়েন্ট সিলেক্ট কমিটিতে আলোচনার পর জয়েন্ট মিটির কতকগুলি অভিমত গ্রহণ করে এ্যাসেম্বলীতে এই বিলটী গ্রহণ করা হয়েছে, মাননীয় স্যগণ এই বিল-এর বিভিন্ন ধারা সম্বন্ধে বিশেষ পরিচিত আছেন আমি আশা করবো এখানে ই বিল গৃহীত হবে।

Shri Narendra Nath Das :

ননীয় উপাধ্যক্ষ মহাশয়, এই যে বিল আমাদের সামনে মাননীয় মন্ত্রী মহাশয় উপস্থাপিত রেছেন, এই বিলের বিরোধিতা করতে গিয়ে আমি প্রারম্ভিক বক্তৃতায় বলতে চাই যে গ্রামদানের নীতি—এই নীতির আমি বিরোধী নই; গ্রামদান একটা ভাল কাজ, কলেকটিভ গ্রাম আমাদের শে হবে, এইভাবে আমাদের গ্রামীন সমাজ ব্যবস্থা রচিত হোক এর আমি বিরোধিতা করছি। আপনাকে এ কথা বলা বোধহয় অপ্রাসঙ্গিক হবে না যে আচার্য্য বিনোবাভাবের সঙ্গে রলের কালোরী সম্মেলন পর্যন্ত সেখানে যে সর্বোদয় সম্মেলন হলো—তা আমি এ্যাটেন্ড রেছি। তাঁর সমস্ত কাজের সঙ্গে আমিও কতকটা যুক্ত ছিলাম। কিন্তু তারপর থেকে আমি ন করেছি যে তিনি যখন ঐ ভূমিক্রান্তি করবেন বলে ঘোষণা করেছিলেন, অবশ্য পরে তিনি ক্রান্তি করলেন না, তারপরে আমি পিছু হটেছি। কিন্তু আমার প্রশ্ন হচ্ছে এই যে বিলটা সেছে, এই বিলটা গ্রামদান বা সর্বোদয় বা বিনোবাজীর যে আদর্শ, সেই আদর্শ হচ্ছে যে মাদের দেশে এমন একটা সমাজ হবে, যে সমাজ স্বতন্ত্র সচেতন সেলফ এ্যাকটিং একটা র্গানাইজেশন হবে, সমাজ হবে এবং নিজেদের সচেতনতার দ্বারা কোন সরকারী ব্যবস্থা বা রকারী কোন সাহায্য না নিয়ে কাজ করতে পারবে এবং বিনোবাজীর যে মতবাদ তা হচ্ছে ন লেজিসলেশন ইজ ভায়োলেন্স—সরকারী লেজিসলেশন-এর পেছনে একটা ফোর্স রয়েছে, র জন্য লোকের উপর কিছু জোর করতে হয়। সর্বোদয়ের যাঁরা শ্রেষ্ঠ নেতা তাঁদের মতানু- য়ী ও লেজিসলেশন ইজ এ ভায়োলেন্স। অতএব বিনোবাজী যে আদর্শ নিয়ে চলছেন তার রোধী হচ্ছে এই লেজিসলেশন। কারণ জোর করে একটা কাজ সরকার করতে চাচ্ছেন। জোর রে কিরকমভাবে করছেন? না, এই বিলের মাধ্যমে আপনি দেখবেন--একটা গ্রামের একটা ংশ.....................................

Mr. Deputy Chairman : You have given an amendment for circulation. 'hat is out of order.

Shri Narendra Nath Das :

চ্ছা, একটা গ্রামের একশোজন লোকের মধ্যে ৫১ জন ফিফটি-ওয়ান পারসেন্ট বলেন যে গ্রামদান লো, তাহলে ঐ ৪টি গ্রামের বাকী ৪৯ জনকেও বাধ্য হয়ে তাতে রাজী হতে হয় এবং সেই গ্রামটি নী-গ্রাম হয়ে গেল। অতএব যদি ভয়োলেন্স না হয়, এটা যদি ডেমোক্র্যাসি হয়, তাহলে তো র একটি সাংঘাতিক ব্যাপার। আজকে যদি পশ্চিমবাংলার ফিফটি-ওয়ান পারসেন্ট লোক বলে আমরা পাকিস্তানে চলে যাব, তাহলে সমস্ত বাংলাদেশকে পাকিস্তানে চলে যেতে হবে। এ কটা সাংঘাতিক ব্যাপার। এই ধরনের জিনিস আপনি দেখবেন যে ফিফটি-ওয়ান পারসেন্ট ক কেমন করে নাকে দড়ি দিয়ে ফরটি-নাইন পারসেন্ট লোককে ঘুরাতে পারবে।

দ্বিতীয়তঃ প্রশ্ন হচ্ছে আমি জানিনা পৃথিবীর ইতিহাসে কোথাও ব্যক্তিপূজা দিয়ে আরম্ভ য় কিনা! আইডলেটরি বুদ্ধ হোক জেসাস ক্রাইষ্ট হোক, আমার মনে হয় আমাদের চৈতন্যদেব াক তাঁদের চেয়ে তো আচার্য্য বিনোভাজী বড় নয়! কিন্তু সেখানে আপনি দেখবেন

Whereas it is expendient to provide for the establishment of gramdan illages in pursuance of the Bhudan Yagna movement as initiated by Acharya 'inoba Bhave.

আমি মন্ত্রীমহাশয়কে জিজ্ঞাসা করি যে পৃথিবীর কোন লেজিসলেশন-এর মধ্যে কোথাও জেসাস ক্রাইষ্ট-এর নাম বা বুদ্ধের নাম, বিনোবাজীর মত একজন সাধু ব্যক্তির সম্বন্ধে কোন শন নয়—রয়েছে কি না—এরকম নজির আছে কিনা, মন্ত্রীমহাশয় যদি জানান, তাহলে আমি াধিত হব। আচার্য বিনোবাজীর নাম এই গ্রামদান বিলের মধ্যে না লিখলে কি বিলটা ত্রুটিপূর্ণ তো? এখানে আপনি বিনোবাজীর নাম লিখলেন কেন? গান্ধীজী তো এঁর চেয়ে বড় ছিলেন।

কিন্তু গান্ধীজীর নামে আজ পর্যন্ত ভারতবর্ষে তো কোন লেজিসলেশন হয়নি। অবশ্য এমন হবে আইডোলেটারি হবে, জওহরলাল নেহরুর ছাপ আসবে এইসব হবে। যাঁকে ফাদার অব দি নেশন বলা হচ্ছে, যিনি মৃত্যুবরণ করে ভারতবর্ষের নাম পৃথিবীতে বড় করে দিয়েছেন, তাঁর নামে এখন পর্যন্ত কিছু হচ্ছে না। কিন্তু বিনোবাজীর নামে হচ্ছে, জওহরলাল নেহরুর নামে হচ্ছে। আমার প্রশ্ন হচ্ছে এই আইনের ভেতর আচার্য্য ভাবের নাম না আনলে কোন ক্ষতি হয় কি না?

[2-50—3-20 p.m.]

তারপর এখানে একটা ডোনার বলে কথা আছে ডোনার মিনস এ পারসন হু হ্যাজ ডোনেটেড ল্যান্ড। আমার জিজ্ঞাস্য হচ্ছে ডোনার রয়েছে, কিন্তু ডোনি কে? এটা কে গ্রহণ করবে? প্রেসক্রাইবড্ অথোরিটি তো ডোনি নয়। যখন একটা গ্রামদান বা জমিদান হল তখন সেটা কে গ্রহণ করবে? গ্রাম পরিষদ গ্রহণ করছে। গ্রাম পরিষদ তো একটা ইন্সটিটিউশন কিন্তু গ্রাম পরিষদের কে গ্রহণ করবে তার চেয়ারম্যান করবে, না সেক্রেটারি করবে? এসব সম্বন্ধে কিছুই দেখতে পাচ্ছি না। সরকারের তরফ থেকে এটা হয়ত বলা হবে যে রুলস-এর মধ্যে আমরা সব করব। মন্ত্রীমহাশয় বলবেন আমাদের এখানে অরণ্যে রোদন, এখানে বলার কোন মানে নেই, কারণ রুলস-এর মধ্যে সব থাকবে। রুলস্-এর মধ্যে এমন কোন জিনিস আনা যায় কি না যেটা মন বিল-এর বাহিরে। সুতরাং এটা অত্যন্ত ত্রুটিপূর্ণ এবং এটা এক্সটেন্ড করতে পারে না। অর্থাৎ ডোনি-র প্রশ্ন যদি আসে তাহলে সেটা রুলস-এর মধ্যে আসতে পারে না। আবার [illegible] ৫১ পারসেন্ট, ৪৯ পারসেন্ট-এর জায়গায় আসছি। এই গ্রামদানের ব্যাপারে ৫১ পারসেন্ট, ৪৯ পারসেন্ট হোক, কিন্তু পশ্চিমবংলায় অনেক ভ্রণ্টাচার হয়েছে। আপনি জানেন পশ্চিমবাংলার ডায়মণ্ডহারবার সাব-ডিভিশন-এ ২০টি গ্রাম দান করা হল। এখানে একজন প্রাক্তন [মন্ত্রী] এইরকম ধরণের ঘোষণা করলেন। কিন্তু ঐ কমিটির সম্পাদক চারুচন্দ্র ভাণ্ডারী মহাশয় বললেন ডায়মণ্ডহারবারে ২।১টি গ্রামদান হয়েছে। আর হয়নি। গ্রামদানে কতকগুলি ফরমুলা রয়েছে যে এই এই সর্ত পালন করলে পর গ্রামদান হয়। সেই শর্তগুলি ২০টি গ্রাম পালন করেনি। কিন্তু কাগজে বেরিয়ে গেল এবং তারজন্য যা প্রশস্তি হওয়া দরকার, প্রশংসা যা হওয়া দরকার, মন্ত্রীমহাশয়ের যা সুনাম ও দুর্নাম হওয়া দরকার তা সবই হয়ে গেল। কিন্তু এই গ্রামদানের ব্যাপারে ভ্রষ্টাচার রয়েছে। আমি গয়াতে বুদ্ধগয়া সর্বোদয় সম্মেলনে উপস্থিত ছিলাম। সেখানে বিনোবাজী সবচেয়ে বেশী জমি পেয়েছেন। আপনি জানেন রামগড়ের রাজা অনেক জমি দিয়েছেন। সেইসব জমি কালটিভেবল নয়—পাহাড় দিয়ে দিয়েছে। অতএব সেই ভূদান নিয়ে যেমন ভ্রষ্টাচার হয়েছে, গ্রামদানও সেইরকম হবে। আপনি জানেন উড়িষ্যার কোরাপুট ডিস্ট্রিক্ট-এ সবচেয়ে বেশী গ্রামদান হয়েছে। মন্ত্রীমহাশয় যদি কোরাপুটে গিয়ে খবর নেন তাহলে দেখবেন উড়িষ্যায় যেমন মন্ত্রীদের নিয়ে অনেক দুর্নীতির খবর বেরুচ্ছে সেইরকম সেখানেও অনেক দুর্নীতির খবর শুনতে পাবেন। গ্রামদান, ভূদান এসব সাংঘাতিক ব্যাপার। তারপর আর একটা জিনিস হচ্ছে গ্রাম পরিষদ হচ্ছে সবচেয়ে সাংঘাতিক ব্যাপার। গ্রামের লোকেরা মিলে গ্রাম পরিষদ করল, সেই গ্রাম পরিষদ একটা অটোনমাস। আমাদের যে পঞ্চায়েত এ্যাক্ট রয়েছে সেই পঞ্চায়েতের মাধ্যমে আমরা সমস্ত ভারতবর্ষকে কভার করছি। কিন্তু সেটা হচ্ছে একটা ওয়েসিস—ডেজার্ট এর মধ্যে যেখানে গ্রামদান হল সেই গ্রামদান দেওয়া হল গ্রাম পরিষদকে। এই গ্রামপরিষদ অর্গানাইজেসন পঞ্চায়েতের বাহিরে। গ্রামপরিষদ এত পবিত্র যে যেখানে এত কষ্ট করে পঞ্চায়েৎ এ্যাক্ট পাশ হয়েছে সেই পঞ্চায়েৎ সংগঠনের মধ্যে স্থান পাচ্ছে না। তাকে আলাদা স্থান দিতে হবে সেই আলাদা স্থান কিভাবে আসছে? পঞ্চায়েতের ভেতর থেকে যখন ৩৭ পারসেন্ট রাখা হল যে গ্রাম কেটে নেওয়া হল অথবা পার্ট অব এ ভিলেজ কেটে নিয়ে এল এবং সেই কেটে নিয়ে আলাদা কিভাবে এসে একটা সংগঠন হল যেখানে কোন ইলেকশন-এর প্রশ্ন নেই সেটা আমি বুঝতে পারছি না। সেই গ্রামসভা, গ্রাম পঞ্চায়েৎ, অঞ্চল পঞ্চায়েৎ, অঞ্চল পরিষদ এইভাবে বহু পরিসংখ্যান করে বহু কষ্ট করে, বহু সার্ভিস দিয়ে লোক সেখানে নির্বাচিত হচ্ছে। এটা

একটা সেলফ-এ্যাকটিং অর্গানাইজেসন এখানে নির্বাচনের বেশী বালাই নেই এবং তারা নিজে-দের জোরে অটোনমাস অর্গানাইজেশন বা প্যারালাল অর্গানাইজেশন-এর মত পাশাপাশি দাঁড়াবে। আমার কাছে প্রশ্ন হচ্ছে এখানে দাঁড়িয়ে যে একটা কনষ্টিটিউটেড অর্গানাইজেশন অর্থাৎ আজ এমন একটা বিকল্প জিনিস খাড়া করছি যে তার রাইভ্যাল হচ্ছে তাকে উপহাস করছি যে দেখ আমি কত সহজে এখানে এসেছি আর তুমি সেখানে যেতে পারছো না। এই বিষয়টার প্রতি আমি মন্ত্রী মহাশয়ের দৃষ্টি আকর্ষণ করছি। তারপর আর একটা জিনিষ হচ্ছে যে, এখানেও ভ্রষ্টাচার হতে পারে। ধরুন একটা গ্রাম পঞ্চায়েত বা একটা অঞ্চল পঞ্চায়েত বাম-পন্থীদের হাতে রয়েছে তখন যদি কেউ চেষ্টা করে অর্থাৎ ঐ রুলিং পার্টি চেষ্টা করলে কি হবে কারণ সেখানে সন্দেহের অবকাশ রয়েছে. এবং সেজন্য আমি বলছি চেষ্টা করে ৫১ পার-সেন্ট লোকের সই করাতে পারলে এটা হবে যেমন নাকি মায়া ব্যানার্জী করেছিলেন। এভাবে আলাদা করে যদি নিয়ে যাওয়া যায় তা হলে যে অঞ্চল পঞ্চায়েত সেই অঞ্চল পঞ্চায়েত থেকে সেই বামপন্থীদের কনট্রোল যদি নষ্ট করা যায় তা হলেই এটা হবে এবং এইভাবে মিসইউজ হবার সম্ভাবনা রয়েছে, এটা এমনভাবে এসেছে তারজন্য এটা আজ বলতে হচ্ছে। এটা খিড়কির দরজা দিয়ে এসেছে যাতে করে একজিসটিং পঞ্চায়েত অর্গানাইজেশন সেই পঞ্চায়েৎ অর্গানাই-জেশনকে যখন তখন টুকরো টুকরো করতে পারেন। এই ধরনের এই যে বিল এসেছে এটা সুদূর প্রয়াসী এবং এটা আমাদের এনটায়ার পঞ্চায়েত সিসটেমকে ভেঙ্গে তছনছ করে দেবে। আমি জানি মন্ত্রী মহাশয় কি এর জবাব দেবেন, কিন্তু প্রশ্ন হচ্ছে এই যে, এ সম্ভাবনা সর্বদাই রয়েছে কারণ আমাদের দেশে দলাদলি রয়েছে এবং আপনারা জানেন যে পঞ্চায়েত নিয়ে হাই-কোর্টে এ ধরণের মামলা রয়েছে। এও জানেন কালকাটা করপোরেশন-এ ডিলিমিটেশন নিয়ে কত গোলমাল হয়েছে সেখানে ডিলিমিটেশন ঠিক ঠিক মত হয়নি। এ্যাকচুয়ালি রুলিং পার্টি ইচ্ছা করেই এসব করছে এবং তার ফলেই হচ্ছে না। আমি তাই বলছিলাম এখানে যেভাবে গ্রামপরিষদ ডাভটেল আমাদের পঞ্চায়েত অর্গানাইজেশন তাতে আমাদের ভয়ের কারণ রয়েছে। ডেমোক্র্যাটিক অর্গানাইজেশন প্রতিষ্ঠা হবার যে কথা—পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠা হবার যে কথা তাকে যে নষ্ট করার জন্য তাকে খিড়কির দরজা দিয়ে এইভাবে ব্যবস্থা হচ্ছে। তাই আমি মাননীয় মন্ত্রী মহাশয়ের কাছে নিবেদন করবো কারণ আমাদের আলোচনায় সুযোগ কম, এবং আমি আইনজ্ঞও নই তবু আমি এ বিষয়ে দু-একজন আইনজ্ঞের সাথে কথা বলেছি আমি জানি এর ফলে বহু মোকদ্দমা হবে যার ফলে এই আইনকে চালাতে পারবে না। আমাদের বিভিন্ন এ্যাক্ট এর ফলে যে অকেজো হয়ে রয়েছে ও আইনের ত্রুটী বিচ্যুতির জন্য হচ্ছেও না এখানেও সেই ত্রুটী বিচ্যুতি যথেষ্ট পরিমাণে বর্তমান।

(At this stage the House was adjourned for 20 minutes)

[3-20—3-30 p.m.]

(After adjournment)

Personal clarification

Shri Narendra Nath Das: Sir, on a point of personal clarification

আমার বক্তৃতার সময় ৫১ পার্সেন্ট অব দি পিপ্‌ল বলেছি, ওটা পিপ্‌ল নয়, ওটা হবে ৫১ পার্সেন্ট অব দি ল্যান্ড।

Shri Nirmalya Bagchi:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে আমাদের ভূমি এবং ভূমিরাজস্ব মন্ত্রী বিলটি বিধানসভায় পাশ করার পরে এই বিধান পরিষদে এই সেসনের শেষভাগে এনে তিনি উপস্থিত করেছেন। এই বিলটি পড়লে পরে মনে হবে ও'র একটা খুব সাধু উদ্দেশ্য রয়েছে। এই গ্রামদানের মধ্যে দিয়ে বাঙ্গলাদেশে একটা নীরব সমাজ বিপ্লব ঘটাবেন। একথা তিনি আজকে না বললেও এখানে আগে বলেছেন এবং অন্যত্র বলেছেন। কিন্তু এই বিলটি আমি পুঙ্খানুপুঙ্খরূপে পড়ে

দেখেছি এটা অত্যন্ত চাতুর্য্যপূর্ণ বিল। এ বিলটি আপনি পড়লেও দেখতে পাবেন এটা ফুল অব সাউন্ড এন্ড ফিউরি বাট সিগনিফাইং নাথিং। আচার্য্য বিনোবাজীর নামকরে উনি শপথ করেছেন তাঁর আদর্শের দ্বারা অনুপ্রাণিত হয়ে এই বিলটি এনেছেন এবং আচার্য্য বিনোবাজীর প্রতি উনি কত অনুগত তা প্রমাণ করবার চেষ্টা করেছেন। কিন্তু এই বিলটি যদি পড়েন তাহলে দেখবেন আচার্য্য ভাবেজীর ভূমিদান ও গ্রামদান সম্পর্কে আমাদের যথেষ্ট মতভেদ আছে। তা সত্বেও তাঁর যা বক্তব্য আমি যা বুঝেছি বা শুনেছি তার সাথে এই বিলের কোন সম্পর্ক নাই। এই বিলের মুখবন্ধে তিনি আচার্য ভাবের নাম যুক্ত করেছেন। আমি মনে করি তার পূর্বে তিনি আচার্য্য ভাবেজীর নাম যে যুক্ত করছেন, তাঁর অনুমতি নেওয়া উচিত ছিল এবং আচার্য্য ভাবের অনেক সহকর্মী এদেশেও রয়েছে, তাঁদের কাছেও এই বিলটা সম্পর্কে মতামত গ্রহণ করা উচিত ছিল। প্রথম মূল বিল যেটা প্রকাশিত হয়েছিল, সিলেক্ট কমিটিতে গিয়ে যেভাবে তা সংশোধিত করা হলো এবং তারপরে সংশোধিত হয়ে যেভাবে বিলটি আমাদের কাছে এসে উপস্থিত হলো, তার মধ্যে যে কত পরিবর্তন হয়েছে এবং ক্রমশঃ বিলটা একটু করে করে কত প্রতিক্রিয়াশীল করবার চেষ্টা হয়েছে সেটা আপনি দেখলেই বুঝতে পারবেন। এই বিলে আপনি দেখবেন যে আচার্য্য ভাবেজীর উদ্দেশ্য ছিল গ্রামদান যা হবে, সেই গ্রামদানের জমি ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করা হবে। তাঁর কখনো এমন চিন্তা ছিল না যে আবার বর্গাদারদের দিয়ে চাষ করে জমির উপস্বত্ব আগের মত তাঁরা ভোগ করবেন। কিন্তু এমন অদ্ভূত বিল আপনি দেখবেন যিনি দাতা তিনিই গ্রহীতা সেকসন ১৭ খুলে দেখবেন, দেখতে পাবেন সেকসন ১৭ তার মধ্যে রয়েছে

A Gram Parishad shall allot for cultivation to each donor all the lands donated by him.

অর্থাৎ ডান হাত দিয়ে যে জমি তিনি দিলেন, বাম হাত দিয়ে সেই জমি আবার তিনি ভোগ করতে থাকলেন, অর্থাৎ "ক"-ই সে কাপড় পরবে, "খ" আর তা পরতে পারবে না। এই হচ্ছে বিলের মর্মার্থ। কিন্তু মূল যে আইন ছিল গেজেটে, তার মধ্যে এই ব্যবস্থা ছিল না। সিলেক্ট কমিটির মধ্যদিয়ে যখন গেল, তার মধ্যেও এই ব্যবস্থা ছিল না। তারপরে এই বিলটা মন্ত্রী মহাশয় যখন বিধানসভায় ও বিধান পরিষদে এনে আজকে উপস্থিত করছেন, তখন তিনি একটি নূতন ধারা যুক্ত করছেন। সেকশন ১৮-তে দেখবেন যে বর্গাদার, যাকে দিয়ে চাষ চলবে, সেই বর্গাদারের উচ্ছেদের ব্যবস্থাটা এর আগে তিনি ভুলে গিয়েছিলেন, এবার তিনি সেটা এর মধ্যে সংযোজন করেছেন। অর্থাৎ ওয়েস্ট বেঙ্গল ল্যান্ড রিফরমস এ্যাক্ট, ১৯৫৫, তার ১৭ নম্বর ধারা অনুযায়ী বর্গাদারদের উচ্ছেদ করবার যে ব্যবস্থা আছে, সেই ব্যবস্থা এই গ্রামদান বিলেও থাকবে। আপনি যদি লক্ষ্য করেন ক্লজ ১৮(বি), তাহলে দেখতে পাবেন

The interest of the allottee in the land alloted shall be heritable.

অর্থাৎ এই জমি বংশানুক্রমে পুত্র পৌত্রাদিক্রমে তাঁরা ভোগ করবেন. এর মধ্যে আরো কতকগুলি ব্যাপার আছে। এই পশ্চিমবাংলায় যে গ্রামগুলি রয়েছে, সেগুলির দীর্ঘদিন ধরে একটা ভৌগলিক সীমানা নির্দিষ্ট হয়ে রয়েছে। আজকে আমাদের মন্ত্রী মহাশয় যে ব্যবস্থা করছেন, তাতে এই গ্রামগুলিকে ফ্র্যাগমেন্টাশন করে, দ্বিখণ্ডিত করে, টুকরো টুকরো গ্রামে পরিণত করবার ব্যবস্থা করেছেন। গ্রামের যে অঞ্চলটুকু গ্রামদান আওতার মধ্যে আসবে, শুধু সেইটুকু নিয়ে আবার একটা গ্রামদানী গ্রাম গড়ে উঠবে; আর বাকী গ্রামটুকু বিচ্ছিন্ন হয়ে পড়ে থাকবে।

আমার বন্ধু মাননীয় নরেন দাস মহাশয় এর আগে দেখিয়েছেন যে একটা দ্বৈত কর্তৃত্ব, একটা বিশৃঙ্খলা, এবং একটা জটিলতা কি ভাবে সৃষ্টি হচ্ছে—ষ্টেট উইদিন এ ষ্টেট। এই গ্রামদানী গ্রামগুলি গ্রাম পরিষদের বাহিরে থাকবে এবং গ্রাম আদালত ও ন্যায় পঞ্চায়েতের মধ্যে কি সম্পর্ক হবে জানিনা এবং তার কোন উল্লেখ এই বিলে কোথাও নেই। গ্রামদানী গ্রামে যে সমস্ত লোকেরা বাস করে তাদের অবস্থা হবে একে পঞ্চায়েতের জ্বালায় তাদের প্রাণ যাচ্ছে তার উপর গ্রাম পরিষদ ও গ্রাম আদালতের অত্যাচার সুরু হবে—একা রামে রক্ষা নেই সুগ্রীব দোসর। আমদের আচার্য্য বিনোবাজীর উপর ব্যক্তিগত শ্রদ্ধা যতই থাক না কেন, তাঁর আদর্শ

কখনই সমর্থন করতে পারি নাই। কিন্তু তবু তিনি একটা কিছু সমাধানের জন্য প্রচেষ্টা করছেন। আমরা দেখিয়েছি তাঁর যে প্রচেষ্টা, তাঁর যে আদর্শ তার সঙ্গে বিলের কোন সম্পর্ক কোথায় নেই। আমাদের মন্ত্রী মহাশয় যদি সত্যিই পশ্চিমবাংলায় ভূমি সমস্যার সমাধান করতে চান তাহলে আমরা বলব আজকে বাস্তব অবস্থা বিচার করতে হবে। বাস্তব সত্য হচ্ছে, পশ্চিমবাংলায় এই গ্রামদান বা ভূদান সম্পূর্ণ ব্যর্থ হয়ে গেছে। গত বছর শ্রীমতী মায়া ব্যানার্জি তখন তিনি উপমন্ত্রী ছিলেন—বিনোবাজীর সঙ্গে একটা বিরাট পরিক্রমা করেছিলেন ২৪-পরগণা ও মেদিনীপুর জেলা এবং ২৪-পরগণায় জেলা থেকে ২১টি গ্রামদান তিনি করতে পেরেছিলেন এই নিয়ে বিরাট বিতর্ক হয় এবং সেই বিতর্কের উত্তরে সর্বোদয় মণ্ডলের অফিস সম্পাদক বলেন

of the 21 Gramdans for which papers were placed at Thakurpur, as many as 20 were found not at all gramdans."

অর্থাৎ মন্ত্রীমহাশয়, কংগ্রেসের নেতারা যাচ্ছেন এবং বিনোবাজীকে সন্তুষ্ট করার জন্য কিছু কিছু গ্রামদান করা হচ্ছে, আসলে কিন্তু তা সম্পূর্ণ ভুল এবং পশ্চিমবাংলায় বিনোবাজী আশা করেছিলেন যে কিছু জমি তিনি পাবেন আজ পর্যন্ত কিছুই লাভ হয়নি এবং তাঁর কোন আশা পূর্ণ হয়নি। তিনি যেটুকুন জমি পেয়েছেন সেই জমি হচ্ছে অনুর্বর জমি এবং সেই জমিতে সৃষ্টির প্রথম থেকে ঘাসের ডগাটুকু পর্যন্ত দেখতে পাওয়া যায় না। আপনারা যদি বাংলাদেশে সত্যিকারের একটা ভূমি ব্যবস্থার সমাধান করতে চান, একটা পরিবর্তন করতে চান তাহলে গ্রামদানের পথ নিলে চলবে না, অন্যপথ গ্রহণ করতে হবে। এর আগে সেদিন তাঁর প্রশ্নোত্তরে তিনি আমাকে জানিয়েছেন যে ১৯৬১ সালের সেনসাস অনুসারে পশ্চিমবাংলায় ১৭ লক্ষ ৭১ হাজার ৭০৮ জন এগ্রিকালচারাল লেবার রয়েছে; ১৭ লক্ষ ভূমিহীন কৃষক রয়েছে। ১৯৫৬-৫৭ সালে সেকেণ্ড এনকোয়ারি ইনটু এগ্রিকালচারাল লেবার ইন ইণ্ডিয়া হয়েছিল তাতে দেখা যাচ্ছে পশ্চিমবাংলায় ভূমিহীন কৃষক পরিবারের সংখ্যা ১৯৫০-৫১ সালে ছিল ৫৩·৭১ সেটা ১৯৫৬-৫৭ সালে হয়েছিল ৬৩·৪৯। অর্থাৎ ভূমিহীন কৃষকের সংখ্যা কত দ্রুত বেড়ে যাচ্ছে। আমি ওঁর কাছে পশ্চিমবাংলায় বর্গাদার ভূমিহীন চাষীর সংখ্যা কত জানতে চাওয়ায় জানলাম যে ও'র কাছে কোন তথ্য নেই। তিনি যদি এই সংখ্যাতত্ত্ব দিতে পারতেন তাহলে আমি দেখাতে পারতাম যে পশ্চিমবাংলার ভূমি সমস্যা কত তীব্র। তিনি একটা এ বিষয়ে প্রশ্নোত্তরে যা জানিয়েছেন তাতে ও'র ডিপার্টমেন্ট কতদূর সার্থকতা অর্জন করতে পেরেছে তার একটা নমুনা আমি দেব। এই পরিষদে ২১এ সেপ্টেম্বর তারিখে একটা প্রশ্নের উত্তরে তিনি যা জানিয়েছেন সেটা বলতে চাই।

[3-30—3-40 p.m.]

এতদিনের চেষ্টায় অর্থাৎ ১৯৫৩ সাল থেকে ১৯৬৪ এই দশ বৎসরের চেষ্টায় ওদের হাতে যে ভেষ্টেড ল্যান্ড ১,২৩৪,৮৯৫ একর যা খাতায় কলমে এসেছে। ওরা অধিকার নিতে পেরেছেন ৭ লক্ষ একরের মত এবং ৫ লক্ষ একরের অধিকার নিতে পারেন নি। তার ৭ লক্ষ জমির মধ্যে এই এগার বৎসরে তারা সেটল করতে পারেন নি বা লাইসেন্স দেখে বিলি ব্যবস্থা করতে পেরেছেন মাত্র ১ লক্ষ ৩৩ হাজার একর জমি সুতরাং ১২ লক্ষ কাগজে কলমে ভেষ্টেড ল্যাণ্ড হিসাবে দেখালেও আসলে ৭ লক্ষ একরের মত আইনের সাহায্যে অধিকার করেছেন এবং তার মধ্যে ৬ লক্ষ একরের মত জমি এখনও বিলি বন্টন করতে পারেন নি। এবং আমরা দেখছি এই বই থেকে "ল্যাণ্ড রিফরমস ইন ওয়েষ্ট বেঙ্গল" এটা প্ল্যানিং কমিশন-এর উদ্যোগে প্রকাশিত হয়েছে এটা আমাদের কথা না সুতরাং মন্ত্রী মহাশয় এটা উড়িয়ে দিতে পারবেন না পশ্চিমবঙ্গে কত জমি বে-আইনীভাবে আপনাদের বেহাত হয়েছে তার খবর মন্ত্রী মহাশয় রাখেন কি? আমি একটু পড়ে শোনাচ্ছি এখানে বলা হয়েছে

in West Bengal as a whole excluding Purulia and Darjeeling about 105,600 acres may be estimated to have been transferred during 1952-54 for evading ceiling restriction.

এই যে ১ লক্ষ একর জমি পশ্চিমবঙ্গ সরকারের আছে যেগুলি উদ্ধার করবার কোন ব্যবস্থা

সরকার করেন নি। যদি সত্যকারের কোন আইন আপনারা করতেন তা হলে আমি অভিনন্দন জানাতুম কিন্তু আজকে এই বর্গাদার প্রথাকে পশ্চিমবাংলায় আপনারা টিকিয়ে রাখছেন এবং এর মধ্যে দিয়ে সেই পুরণো এ্যাবসেনটি ল্যান্ডলর্ডিজম্-এর উদ্ভব হচ্ছে। বর্গাদার চাষ করে জমিতে এবং মালিক যে শহরে বাস করে এবং এর মধ্যে যে সেই এ্যাবসেনটি ল্যান্ডলর্ডিজম প্রথাকে তিনি আবার নূতন প্রাণ দান করছেন। আমার বক্তব্য হচ্ছে যদি আজ সাহস থাকে অনেক সময় ইতিহাসে মোড় ঘোরাতে হলে সাহসের প্রয়োজন হয়। তাহলে আজকে সে সাহস আছে কিনা যে বর্গাদারকে জমির মালিক হিসাবে ঘোষণা করা? এই বক্তব্যে মনে হতে পারে যে এটা কৃষক সভার বক্তব্য আর কমিউনিষ্ট পার্টি-র বক্তব্য। এই বক্তব্যটি আমি প্ল্যানিং কমিশন-এর বই থেকে পড়ে শোনাচ্ছি। প্ল্যানিং কমিশন থেকে এটা অনুমোদন করা হচ্ছে যে

the system of large cultivation leaves little about that the bargadar is a tenant to all intents and purposes and that the economic role of his employer is mostly that of an intermediary.

আমার মন্ত্রী মহাশয়ের কাছে শেষ একটি বক্তব্য আছে যে আপনারা ১৯৫৪ সালে স্টেট এ্যাকুই-জিসন আইন প্রবর্তন করে জমির সিলিং ধরেছিলেন ৭৫ বিঘা, আজকে যদি সত্যই এই ১৭ লক্ষ ভূমিহীন কৃষককে যদি ভূমি দিতে চান তাহলে সিলিং এর পরিমাণ ৭৫ বিঘা আছে সেটাকে নামিয়ে ৫০ বিঘায় নিয়ে আসুন এটা করা হলে আপনার হাতে পরিবার প্রতি ২৫ বিঘা জমি আসবে যেটা আপনারা বিতরণ করতে পারবেন। এতে আপনাদের আশ্চর্য্য হবার কিছু নেই কারণ মহারাষ্ট্র, গুজরাট সেখানে এত উঁচু হারে সিলিং স্থির করা হয়নি সেখানেও ১৮ একর হচ্ছে সিলিং-এর পরিমাণ (এ ভয়েস ঃ কতজন পেয়েছে?) সেটা আপনারাই বলুন কারণ কংগ্রেস সরকারই সেখানে রয়েছে। সুতরাং সিলিং-এর পরিমাণ নামিয়ে দিলে পরে যদি এ বিষয়ে সৎ সাহস থাকে তাহলে আপনারা এইভাবে আজকে প্রচুর পরিমাণ জমি হাতে আনতে পারেন এবং তা ভূমিহীন কৃষকদের মধ্যে বিতরণ করতে পারেন। সুতরাং এ বিল নয়—, নূতন কোন বিল আনুন যে বিলের মধ্য দিয়ে বাংলাদেশের ভূমি ব্যবস্থার একটা আমূল বৈপ্লবিক পরিবর্তন হতে পারে। একথা ঠিক যে আজকে কৃষক যে শান্তিপূর্ণ উপায়ে তার যে ভূমির ক্ষুধা, জমির ক্ষুধা, সেই ক্ষুধার সমাধান করবে, না, একটা অশান্তিপূর্ণ পথ গ্রহণ করবে—সেটা নির্ভর করছে আজকে কৃষকদের উপরে নয়, ভূমিহীন চাষীর উপরে নয়, আজকে সেটা নির্ভর করছে যাঁদের হাতে ক্ষমতা আছে, তাঁরা কি মনোভাব এ সম্বন্ধে গ্রহণ করবেন—তার উপরে। সুতরাং আজকে এই বিলের আলোচনা প্রসঙ্গে পশ্চিমবঙ্গ সরকারের যে ভূমিরাজস্ব নীতি, সেই নীতির একটা আমূল পরিবর্তন আমি দাবী করছি।

Dr. Janaki Ballabha Bhattacharyya:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আজকে যখন এই গ্রামদান বিলে বিনোবাভাবেজীর অনুমতি গ্রহণ করা হয়েছে, তখন আমি বিনোবাভাবের মতবাদ সম্বন্ধে সংক্ষেপে কিছু পরিচয় দিতে চাচ্চি। তিনি "কমিউনিজম য়্যাণ্ড সর্বোদয়" বলে প্রবন্ধ বলেছেন

'In a speech to Gandhian workers in Kerala in 1957, Vinobaji compared the means and methods of Sarvodaya with those of Communism and found them in substantial agreement. These remarks, which show Vinobaji's indifference to Parliamentary Government as well as his waiving aside of all differences with the Communists except their espousal of violent means, have since caused no little consternation among the advocates of Parliamentary Democracy in India.'

এখানে তিনি দেখাচেছন যে সমাজতন্ত্র তিনি প্রতিষ্ঠা করতে চাইছেন এবং সেই সমাজতন্ত্র প্রতিষ্ঠার বদলে আজকে গ্রামদান বিল যেটা এসেছে সেটা নূতন করে জমিদারী প্রথা বা ফিউডাল সিসটেম পুনরায় প্রবর্তন করতে যাচেছন—এই হচ্ছে গ্রামদান বিল। সুতরাং নীতিভ্রষ্ট যদি কোন বিল থাকে—তা হচেছ এই বিলটি এবং মিনস সম্বন্ধে যে কথা বলা হয়েছে তা এখানে

সেকেণ্ডারি সেই মিনস গভর্ণমেণ্টকে প্রেসার দিয়ে হবে কি হবে না—সে কোশ্চেনের মধ্যে তিনি যান নাই। সুতরাং যখন জমিদারী প্রথা উচ্ছেদের কথা উঠেছে তখন গভর্ণমেণ্টকেও এক রকম ভায়োলেণ্ট মেথড নিতে হয়েছে, মানুষের বাড়ী জমি ছিনিয়ে নিতে হয়েছে। মানুষের যে জমি দেহের সঙ্গে সমান বলে আমাদের কাশ্মীর কবি বর্ণনা করেছেন। সুতরাং আজকে সেই অঙ্গচ্ছেদ করে লোকের জমি নিতে হয়েছে। সুতরাং এটা ভায়োলেণ্ট মেথড এক রকম সেটা আমি বলবো। কারণ সময় কাল অনুসারে উপায় সব সময় অস্থায়ী হয়ে থাকে, এখনো তা হবে। এই ভায়লেণ্ট মেথড যেটা—তাঁরা রুখতে পারেন, পুনঃ আবার আনতে পারে। মহাত্মাজী বলেছিলেন একজন সাততলা বাড়ীতে সেই দিল্লীতে বসে থাকবে, আর একজন জীর্ণ কুটিরের মধ্যে শুয়ে থাকবে এ হতে পারে না। কাজেই রক্তশ্রাবী বিপ্লব অবশ্যম্ভাবী একথাটা মন্ত্রীমহাশয়কে আমি স্মরণ করতে বলি।

তারপর গ্রাম পরিষদ যেভাবে গঠিত হচ্ছে তাতে যতগুলি সমাজবিরোধী লোক সেখানেতে প্রাধান্য লাভ করবে। এ থেকে এ দেশ বোঝা যাচ্ছে। কারণ সমাজ টাউনপিচুড—যাদের কোন বালাই এখানে নাইকো এবং সেই সমস্ত লোকগুলোকে এনে আজকে গ্রাম শাসনের ভার দেওয়া হচ্ছে। সুতরাং গুণ্ডারাজ প্রতিষ্ঠা করা হচ্ছে। শুধু জমিদারী প্রথা নয় আদর্শ গ্রাম হতে গেলে তার ছবিটা কেমন হবে, তার উদ্দেশ্য কী সেটা বিলের কোথাও বলা হয় নাই। উদ্দেশ্য বিহীন হিসেবে তার যে অবজেকটিভ কী, তা মোটেই এই বিলের কোথাও নির্দিষ্ট নাই। সুতরাং আদর্শ গ্রাম হতে গেলে সেখানে মানুষের অন্নের ব্যবস্থা থাকবে, খাদ্যের ব্যবস্থা থাকবে, বস্ত্রের ব্যবস্থা থাকবে, শিক্ষার ব্যবস্থা থাকবে, চিকিৎসার ব্যবস্থা থাকবে, আশ্রয় ও জীবিকার উপায়ের ব্যবস্থা থাকবে, সুখশান্তির এবং একতা উত্থান হবে এক একটা গ্রাম।

[3-40—3-50 p.m.]

সুখ শান্তি ও স্বাস্থ্য মানবের নির্দিষ্ট উপাদান স্বরূপ। এই একটা গ্রাম পঞ্চায়েত মানুষের মত গড়ির কাটার যন্ত্রে পরিণত হবে। সুতরাং এই যে জিনিব এই জিনিষটা কোথায় এই গ্রামদানের মধ্যে? গ্রামদান করা হচ্ছে না গ্রামের অংশ কেটে কেটে গ্রামকে টুকরো টুকরো করে কেটে গ্রামদানী গ্রাম তৈরী করা হচ্ছে, নূতন গ্রামের সৃষ্টি করা হচ্ছে। সুতরাং একে সমাজবাদ যে বলা চলে না এ বিলটা পড়লে যে কোন লোক, তা বুঝতে পারবে। যিনি সমাজবাদের ক, খ, গ, ঘ জানেন তিনি সব জানেন। সমাজের ন্যায় নীতি প্রতিষ্ঠার নাম করে, সোসিয়াল জাস্টিস যাকে বলে সেই সোসিয়াল জাস্টিস-এর নাম করে যেখানে লক্ষ লক্ষ ভূমিহীন কৃষক রয়েছে সেখানে তাদের একটুকরো জমি দেবার একটা পার্থিব রেণু দেবার পর্য্যাপ্ত ব্যবস্থা এই বিলের মধ্যে নেই আছে শুধু তেলা মাথায় তেল দেবার ব্যবস্থা। যারা জমির অধিকার তাদেরই জমি দেবার ব্যবস্থা আছে। তারা যে খাজনা দেবে সেই খাজনার পরিমাণ অন্য অঞ্চলের জমি অতি নগণ্য মাত্র নেওয়া হচ্ছে সেটা মাসে নেওয়া হতে পারে, ৩ মাস অন্তর হতে পারে, বছর অন্তর নেওয়া হতে পারে। মাসে যে নেওয়া হবে সেটা এক মুঠো ভিক্ষের চালের মত হয়ে যায় এবং বলা হচ্ছে যে কোটা ঠিক দেওয়া হয়েছে। কাজেই এটা যে পরিমাণ এই পরিমাণ-কে নির্ধারণ করবে? গভর্ণমেন্ট-এর অফিসার-এর সেখানে কোন উল্লেখ নেই এবং তাঁর স্টেটমেণ্ট-এর উপর নির্ভর করে সমস্ত জিনিষটা বলতে হবে। তারপর গ্রাম পরিষদের কর্মকর্তাকে সেটা আমি সরাসরি মন্ত্রিমহাশয়কে জিজ্ঞাসা করি সেক্রেটারি যিনি থাকবেন তিনি হবেন না সভাপতি হবেন? এই যে দ্বৈত শাসনের ব্যবস্থা এখানে রেখেছেন এবং এই যে কর্মকর্তা যিনি আছেন তিনি হচ্ছেন সরকারের আড়কাটি—তাঁকে ওঠাণ বসান হবে, তাঁর সঙ্গে মন্ত্রিসভায় যোগাযোগ থাকবে এবং তাঁদের নির্দেশে তিনি চলবেন। সুতরাং আজকে নূতন করে সমস্ত দেশের দুঃস্থ লোকগুলিকে নিজেদের দলে টানবার জন্য এই বিলটা আনা হয়েছে এবং ইলেকশন-এর সুবিধা সামনে রেখে এটা করা হয়েছে। তারপর বিচারের ব্যাপারে যেটা আছে সেটা বিচার কে করবে? এই সমস্ত লোক যাদের মর‍্যাল টারপিচুড-এর কোন বালাই নেই তারাই এসে ন্যায়বিচার করবে গ্রামের আদালতে। সুতরাং এই যে একটা জাঙ্গল ল' সেটা পুনরায় গ্রামদানী গ্রাম অঞ্চলে প্রবর্তন করার চেষ্টা মন্ত্রী মহাশয় খিড়কীর দোর দিয়ে করছেন।

এঁরা দেখিয়েছেন, গ্রাম পরিষদ বিলোপ করা এখুনি দরকার এবং যখন অঞ্চল পরিষদ গ্রহণ হয়েছে, গ্রাম পঞ্চায়েৎ তৈরী হয়েছে তখন গ্রাম পঞ্চায়েতের সংগে গ্রাম পরিষদকে এককরে নেওয়া দরকার এবং সমস্ত গ্রামকে নিয়ে আসা উচিত এই বিলের আওতার মধ্যে এবং সেখানে যত জমি আছে, যতগুলি বিস্তারিত জমি আছে সেগুলিকে ভাল ভাবে বণ্টন করার ব্যবস্থা করা হোক। গ্রামের পুনর্গঠন দরকার এবং সেখানে শিল্প প্রতিষ্ঠার জন্য তাঁদের প্রয়াস করতে হবে। সেখানে যেমন কাপড়ের দরকার তেমনি সেখানে বয়নের ব্যবস্থা করতে হবে। সেখানে তাঁত চালাতে গেলে ইলেকট্রিসিটি নিয়ে গিয়ে তাঁত চালাতে হবে। অন্যান্য জিনিষ যেগুলি দরকার যেমন কুম্ভকার, কামারের তৈরী থালা, হাঁড়ী ইত্যাদি নিত্য ব্যবহার্য জিনিষগুলি যাতে গ্রামে তৈরী হয় এবং রবিশস্য ডাল প্রভৃতি যেগুলোর জন্য আমরা বিদেশের দিকে চেয়ে আছি—সেগুলো যাতে গ্রামে তৈরী হয় তার ব্যবস্থা করা দরকার। চাষের ব্যাপারে নূতন ধারায় চাষ হবে, না পুরানো ধারায় চাষ হবে—সেটা এখন আমাদের একটা সমস্যা হয়ে দাঁড়িয়েছে তার জন্য কোন আয়োজন এ গ্রামদানী প্ল্যানের মধ্যে যে আছে তা দেখলাম না। সুতরাং এই বিষয় সরকার উদ্দেশ্য সম্বন্ধে একেবারে নীরব। অর্থাৎ বোবার শত্রু নেই এই নীতি তাঁরা নিয়েছেন। সুতরাং এই বিলটা লোকাবর্তে ঘুরতে ঘুরতে যে ডুবে যাবে সে বিষয়ে সন্দেহ নেই এটা আয়রণ সেলফ-এর মধ্যে থাকবে। এই বলে আমি শেষ করছি।

Dr. Srikumar Banerjee: Mr. Deputy Chairman, Sir, I would naturally welcome the laudable motives by which the present Bill has been inspired although I cannot shake off certain lingering doubts as to the anomaly between the finest impulses of human nature and a rigid legal framework. Sir, our mind travels back through distant historical vist as to the old days of Indian civilisation when charity was practised on a very extensive scale, when whole Parganas were donated by kings and emperors for religious and cultural purposes, when copper-plate inscriptions were found in which land donations were made on a very extensive scale and when Buddhism flourished on the donations of kings and emperors of different parts of India. Sir, the efficacy of this measure is not to be judged by the detailed nature of the provisions but by the climate of opinion that prevails in the people of the times. One cannot keep alive charitable sentiments, one cannot keep alive the sprit of service, the spirit of humanitarianism through legislative enactments, and sometimes one feels that a very elaborate precaution taken to put the fine impulses of human nature into the form of a legal framework defeats its very end and makes it too rigid and too inelastic. Sir, in those days there was spontaneous outpouring of gifts from the people and one need not have to pass through legislative enactment in order to give validity to those acts. But we are living in new times where everything must be put into the form of law and so the Minister had to put the charitable impulses of man into the form of law and therefore he had to undergo a difficult task in which perhaps the intention may not be as completely fulfilled as it was his expectation that it should be.

Sir, if we go through the detailed provisions of this Bill we find that the conditions which have been laid down are very difficult to fulfil practically and if we feel that unless all these conditions are practically fulfilled the object of the Bill cannot be given effect to, then one cannot be very optimistic about the ultimate results of this Bill. Because, it pre-supposes a spirit of service, a power of organisation, a spirit of self-help on the part of the people which at the present time does not seem to be very easy of achivement. And moreover the very ingenious framework which has been devised as to how the donated village is to take shape, how the powers are to accrue, how the powers are to be exercised, how the land is to be distributed—all these elaborate arrangements will require a degree of administrative efficiency which may not be within the competence of the rural people always to possess. Therefore, Sir, it seems to me that the Minister should also consider how

far the conditions which he has laid down in the Bill would be actually capable of being fulfilled and how far these conditions will be as a matter of fact, capable of being realised by the individual initiative and the power of leadership on the part of the rural people.

[3-50—4 p.m.]

Sir, this Bill has been made the lever of giving a permanent shape to the charitable impulses of the people because a pool is going to set apart for the benefit of the landless people. If voluntary gift of land is not possible for the benefit of the landless people, if the amount of land which has accrued to the Government as a result of the Land Reforms Act is not enough to satisfy the land hunger on the part of the people and as I emphatically protested against expropriretory measures which are recommended by some of our friend on the other side, I sholud have thought that that is the only method which may be adopted for making compulsory some kind of service, some kind of donation to the landless people on the part of those villagers who have made their gift to the gramdan movement. Sir, compulsory methods have got to be adopted where certain impulses have long been in a process of discontinuance. Sir, you know when we cease to breathe on account of being drowned for some time artificial respiration has got to be resorted in order that the breathing function may again be restored. Similarly, certain amount of compulsion may be necessary in order to revive the dormant faculties of charity which are in the mind of people here and therefore if there is a pool in the gramdan village out of which land has to be distributed to the landless people then that might offer some incentive to the practice of charity on the part of local people and by habit this practice may be natural and charity begun in compulsion may end in voluntary action. At any rate example is better than precept and if we start showing good example then it can be expected that these examples will be more widely followed and might release dormant springs of activity in order to better human nature.

Sir, coming to the details of the settlement of land, one might make a few suggestions to the Minister—one can very well understand that the suggestion would have no effect upon him because he has already passed the stormy ocean of the Legislative Assembly and I do not think that at the stagnant puddle of the Council he would stand deterred by any objection emanating not from the storm but stagnant puddle of the Council. At any rate, Sir, it is our duty as members of the Council to offer to him best advice that we can because we pin all our faith not in the success of the moment but in the long term results of the century. Future, Sir, alone will decide which laws will stand the wear and tear of time, which laws will have the approval of the conscience of our future generation and which laws might have their temporary blaze of popularity and will be extinguished without claiming kinship with the stars and planets. Therefore, Sir, I think we may be justified at any rate to our conscience in offering some suggestions to the Minister. I know, Sir, that this Bill we have not seen the like of it before.

Sir, there will be cases against this Bill, as has been threatened by my friends opposite and, in spite of our Minister's confidence in the infallibility of the draftsmen of the Bill, holes are bound to be picked up and he may again have to approach the Assembly and the Council for effective amendments in the Bill and then these suggestions might be borne in mind so that future amendments of the Bill might take shape accordingly.

Sir, it seems that this Bill combines in a rather incongruous manner charitable purposes and economic purposes. Sir, if you analyse section 20, you will find that it seems to act upon the principle that from him who has little,

the little that he has, will be taken away and to him who has more, more shall be allotted, in settling the amount of contribution to each allottee. The man who cultivates the land personally and, therefore, who evidently makes more profit out of the land, will have to contribute only one-fortieth while the unfortunate man who employs a bargadar or the services of another person, is mulcted to the tune of one-thirtieth. So, it is quite evident that the net profit of the man who employs the bargadar—because a part of his profit will be taken away by the bargadar—will be reduced accordingly. Thus he is made to contribute one-thirtieth portion whereas the man who gets the whole profit—undivided and total profit—he is made to contribute one-fortieth. This, I think, is an incongruous mixture of the charitable motive, the religious motive and the economic motive. Sir, in a Bill you must follow one of these principles either the economic motive or the religious motive. If you blend the two in the same provision, then, Sir, you are employing a paradoxical remedy which may sometimes defeat its own object. Sir, economically, it does not seem justifiable that the man who derives less income from the landed property will have to make a greater share of contribution and the man who derives more profit will have to make a lesser contribution.

Then, Sir, certain very pertinent observations were made by my friends on the other side which also should be borne in mind by the Hon'ble Minister. We have already organised our villages on the basis of the Gram Panchayat and the Anchal Panchayat and this year on the birthday of Mahatma Gandhi the whole State is to be covered with a network of Gram Panchayats and Anchal Panchayats. The Anchal Parishads and Zilla Parishads have already come into being and their formal inauguration is being solemnised in most of the districts of West Bengal. Now, here in the case of Gram Parishads we are introducing a third class of villages which does not come within the category of Gram Panchayats and it is not quite clear what additional advantages the Gram Parishads will enjoy in comparison with the liabilities and advantages which are to be shared by other kinds of villages which come under the Gram Panchayat system. The Hon'ble Minister has also thrown out inducements that they may remit taxes or they may remit other kinds of dues to the villages which come to be organised in the shape of Gram Parishads. Sir, I do not know whether this will lead to further complications or further testing of the legality of the measures and further invocation of section 226 as involving discrimination between villages of different kinds. At any rate, that is the danger which we have got to guard against because some villages might naturally protest that because those villages did not come under the Gramdan project, so they have been subjected to greater disabilities than those villages which have been so fortunate as to come under the Gram Parishad. So, it is for the Hon'ble Minister to consider whether it is desirable or expedient or in consonance with the uniform policy that we have adopted, to set apart another kind of villages enjoying different advantages and different liabilities from the villages which have been already organised under the Gram Panchayats and the Auchal Panchayats and the Tilla Parishads. Let everyone be put on a par, and the only advantage to be enjoyed by the Gram Parishads should be that they be allowed to manage their own affairs.

[4—4-10 p.m.]

Then about the administrative framework of these villages, the example of the Secretariat has perhaps influenced the Minister and he thinks of Presidents and Secretaries and other administrative paraphernalia in respect of a single village or a village which has been cut into two, because he has already stipulated that 51 per cent. of the total area of land in village would entitle it to

be constituted as a separate village under the Gram Parishad system. Whether it is possible for an isolated village or part of a village cut off from the rest of the community, cut off from communication with the other villages of the Anchal Parishad—whether it is possible for that one village or part of a village to put up with an elaborate administrative framework consisting of the President and the Secretary and the Adalat and all that sort of thing—whether that is a practical proposition and a paying proposition—and whether either the administrative experience of the villagers or their material resources would enable them to put up with such an administrative framework, I would leave it to the Minister to think about them. Second thoughts are sometimes wiser than the first. I think that the time for second thoughts is not yet over. At any rate let us think in terms of ideal villages, villages which can nurture ideal leaders of the future, villages which shall be inspired by the noblest ideals, villages which came into being on the basis of sacrifice and which will nurse and develop that feeling of sacrifice and which will be like a burning torch to the other villages round about them and set aloft this torch of noble example for the regeneration of the other villages in the neighbourhood.

There is another danger to which I would invite the attention of the Minister. I am only talking in reference to the Practicability of the proposal. I do not object to the measures nor am I unduly enthusiastic over them. I hold a position intermediate between undue elation and undue despondency—the mediocre position of wise and passive philosophy. I should ask him to bear in mind, as I have said already, that the spirit which underlies the inauguration of this Bill, the spirit which ensures the success of this measure can only spring from a climate of public opinion in the country. It cannot be artificially manufactured; it cannot be stimulated by artificial means; you cannot by Government assistance, by legal framework contribute to the growth of this spirit. Are we just now in a position, when conditions of difficulty stalk the land, when black-marketing is on the increase, when people have been suffering very greatly for want of the fulfilment of the minimum needs of life, when callousness and greed or profit have swallowed up the higher idealistic considerations,—or whether this is an appropriate moment for launching such a noble experiment. When the whole world is under a flood of corruption, can Gideon's fleece be kept dry?

Can we find a single spot of land where Gideon's fleece can be kept dry? Therefore, Sir, we must be particularly cautious that our Bill, our cherished Bill, the cherished ideals underlying this Bill, do not suffer a premature eclipse because of the inauspicious moment of its birth. Let us choose an auspicious moment for the birth of the child, for sending the child into this world, let us send the child into the world under the most favourable auspices.

Sir, before concluding I shall think of two historical parallels—one is to compare great things with small. Sir, you have visited the ruins of Fatehpur Sikri, the noble architectural specimen built by emperor Akbar. Why had this to be abandoned? Not for lack of architectural skill, not for lack of resources, not for the decadence of the Mughal Empire, not for lack of inspiration on the part of the builders but for the slight consideration that there was no drinking water in the neighbourhood. They tried to find drinking water, they searched for drinking water and because they found that there was no drinking water in the neighbourhood, so such a magnificent piece of architecture had to be left incomplete and it stands there as the wonder of all posterity, the wonder of all visitors, a spectre splendid desolation. Let us hope, Sir, that this scheme will not fare the fate of Fatehpur Sikri. Then Sir, to speek of a more homely parallel which you can come across if you visit the countryside. You come across several derelict tubewells littering the countryside which are fitted with pumps and all machineries but however vigorously we work the

water does not come out. So, here you have the legal machinery with all its provisions duly organised, with all its Adalats, with all its Parishads duly, organised, but unless the water of the heart is there, unless charitable feelings of the human heart can be stepped up, unless there is a perennial flow of that feeling of generosity and fellow feeling and charity for all and sundry, unless that is kept alive, your elaborate arrangements, your elaborate legal enactments, your elaborate provisions for working machinery of the law will not automatically ensure the emergence of refreshing drinking water. And, Sir, I would appeal to the Minister to see that the flow of drinking water is not prematurely checked.

Shri Mohitosh Rai Chaudhuri: Mr. Deputy Chairman, Sir, after the eloquent speech which has been delivered by my friend Dr. Srikumar Banerjee, my contribution to the debate wil be just like

ঢাকের বাজনার প.শে টিমটিমি

Still, as I have got to say something, I hope—even though my voice will hear somewhat incongruous after the eloquent speech of Dr. Banerjee—whatever observations I am going to make will be taken note of by my friend, the Minister for Land Revenue, and also I hope that he will relieve me of some of the doubts which I have been suffering from. I need not say that I wholeheartedly support the principle behind the Bill and that I do not agree with some of my friends who see ghost in every bush, who therefore think that the Bill has been brought forward with some ulterior political motive. I do not agree with them. But, Sir, one thing passes my understanding. The Bill is going to be passed on the assumption that a very large amount of land has been donated and has been made available to the country for which elaborate arrangement for distribution has become necessary. But I regret very much that before introducing the Bill the Minister has not enlightened us as to what amount of land has been donated, and he did not say a word about the complexity of the problem which has been created. Sir, a law is enacted when certain problems become acute. Now when this law has been proposed and has been brought on the legislative anvil, there must have been some definite reason for it. I cannot understand this reason.

[4-10—4-20 p.m.]

Sir, some of my friends on the opposition have pointed out that very small amount of land has reached the hands of Government as a result of Vinobhaji's pada jatra. No one is a greater admirer of that great man than myself. He is the only man after Mahatma Gandhi who has kept the lamp of idealism burning in this desolate land of greed, selfishness and corruption. I have the highest admiration for him. The Minister, I hope, will enlighten us as to the total quantity of land received so far as a result of this pada jatra. That will explain the necessity and the complexity of the problem which have been created by the donation of the land. Unless we know that we cannot understand the necessity of bringing in this legislation. It the Government find any difficulty in distributing the land among the people the Minister should give that information also.

About the detailed provisions it is not necessary for me to say anything. Many of the points which I had in mind have been elaborately dwelt upon by my friends here. Therefore it would be unnecessary waste of your time and of the House if I repeat them. But one thing I cannot understand. Some of my friends in the opposition have pointed out that at the time of the distribution land preference would be given to the persons who have donated the

land and that the donors will enjoy the land as heritable for generations. In the original Bill this provision was not present.

Sir, in this provision, the clause 18(b) says: "the interest of the allottee in the land allotted shall be heritable in the same manner as other immovable property....." It means that if one makes donation of a portion of his land that will go to the general pool, and those who will make arrangements for the distribution of the total amount of land in the pool, will have to give a portion of his own land to the same person and he will be allowed to enjoy it not only by himself but through his descendants also. Sir, this does not seem to be a very good idea. Possibly, the Land Revenue Minister, under pressure of opinion from the members of the Joint Select Committee, has provided for this charge for in the original Bill as I have already said I do not find this provision. However, that is a minor matter. To sum up my observations. If the problem of distribution has been acute, then the introduction of this Bill has been justified. But up to this time I am not convinced that there is any rational necessity for introducing this elaborate procedure for distribution of the lands received as a result of Vinoba Bhave's padajatra —that great man's padajatra. I hope the Hon'ble Minister will enlighten us on this point namely the complexity of the problem to grapple with which this Bill has been introduced. So far it seems to me that we are making a fuss over a very small thing and that there was really no necessity for bringing forward such a Bill. However, if he can convince us that there is necessity for such a Bill by reason of the enormity and complexity of the problem which has been created as a result of the large quantities of land which have been donated; there will certainly be justification for such a Bill. I hope he will be good enough to enlighten us on this point, specially because the original Bill has not been made available to us—at least I have not been supplied with the Bill, as was gazetted and so we have not got to know the Objects and Reasons of the Bill.

Sir, with these words, I give my support to the Bill which though defective is like a beam in darkness, so 'let it grow', to quote from Tennyson's "In Memoriam". It is a good Bill deserving support although, I think, it is not very necessary. At the same time, I hope the Hon'ble Minister will explain the necessity for the Bill.

Shri Syamadas Bhattacharyya :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মহীতোষবাবু এই বিধেয়ক সমর্থন করে একটা প্রশ্ন উত্থাপন করেছেন। তিনি এই প্রসঙ্গে জানতে চেয়েছেন যে এ ধরণের বিধেয়ক আনবার কি প্রয়োজন ছিল। এখানে আনবার কি প্রয়োজন ছিল তা মূল বিধেয়ক উপস্থিত করবার সময় তার মধ্যে স্পষ্ট করে বলা হয়েছে, তা ছাড়া যখন এই মূল বিধেয়ক প্রথম উপস্থিত করা হয় এবং জয়েন্ট সিলেক্ট কমিটিতে রেফার করা হয় তখন সংক্ষেপে আমাদের বক্তব্য নিবেদন করেছিলাম। আমি সে কথা বলেছিলাম যে বিনোভাজী এখানে ভ্রমণ করতে করতে বহু গ্রাম গ্রামদান হিসাবে পেয়েছেন। যখন তিনি পশ্চিমবাংলা পরিত্যাগ করে যান আমি তখন তাঁর সঙ্গে আলাপ আলোচনা করেছিলাম।

[4-20—4-30 p.m.]

তাঁর কথাতে আমি বলতে পারি সেজন্য আমি প্রথমে বলেছি এই বিলের প্রিয়েম্বল-এ বিনোবাজীর নাম উল্লেখ করা দরকার কেন সেটা বলছি—এই যে তাঁরই জন্য তাঁর পরামর্শে তাঁর প্রতি শ্রদ্ধা ও সমর্থন জানাবার জন্য এই বিল আনবো বলে মনে করেছিলাম, যখন তিন শতাধিক গ্রামদানের সংবাদ পাওয়া গেল, তখন একথা আমি ভাবলাম যে এই গ্রামদানের আইনগত স্বীকৃতি দেওয়া দরকার। যদিও গ্রামদানের মূল কথাটা হচ্ছে সম্পূর্ণ ভাবে স্বেচ্ছা

উপর নির্ভর করে--এর মধ্যে জোর জবরদস্তি কিছু নাই, এমন কি আইনের ভীতি প্রদর্শন কিছু নাই। কিন্তু যেখানে কতকগুলি লোক একটা নূতন সমাজ গঠন করবার জন্য প্রস্তু হচ্ছেন, গ্রামদানের নীতির উপর ভিত্তি করে নূতন সমাজ রচনা করতে যাচ্ছেন, সেখানে আমরা আইন প্রণয়ন করে সেই সমাজ বা গ্রামকে আইনের স্বীকৃতি দিতে কার্পন্য করে কেন? এই আন্দোলনের যিনি পুরোহিত বিশেষ করে আচার্য্য বিনোবাভাবে যখন চাইলেন তখন আমরা কেন পিছিয়ে থাকবো এই আইনের স্বীকৃতি দিতে এটা আমি বুঝতে পারি না। শ্রীনরেন দাস মহাশয় বললেন যে বিনোবাভাবে নাকি তাঁকে বলেছেন

All legislation is violence.

Shri Narendra Nath Das:

বিনোবাজী নয়, গান্ধীয়ান লিটারেচার-এ আছে।

Shri Syamadas Bhattacharyya:

সে সম্বন্ধে আপনি ভাল জানেন। তবে আমার কথাটা যদি শোনেন তাহলে বুঝতে পারবেন এই যে আইনটা আনা হয়েছে এ সম্পূর্ণই বিনোবাজীর অনুসরণে, এর ক্লজ, সাব ক্লজ তাঁর সম্মতি নিয়ে, তাঁর কাছে পড়ে—শেষপর্যন্ত তাঁর সংশোধন নিয়ে এখানে উপস্থিত করেছি মাননীয় সদস্যের যদি বিন্দুমাত্র সন্দেহ থাকে এবং বিন্দুমাত্র বিনোবাজীর প্রতি শ্রদ্ধা থাকে তাহলে অনায়াসে তিনি গিয়ে খোঁজ নিয়ে আসতে পারেন। অল লেজিসলেশান ইজ ভায়োলেন্স এই যে বলা হয়, বিনোবাজী এর আগে আসামে গিয়েছিলেন, সেখানে তাঁর উপস্থিতিতে তাঁর পরামর্শক্রমে একটা আইন করা হয়েছিল

If all legislation is violence, then Gramdan Legislation is based on violence

তা সত্বেও বিনোবাজী এই প্রকার আইন করবার প্রয়োজনীয়তা স্বীকার করেছেন এবং পরামর্শ দিয়েছেন। তিনি যেখানে গিয়েছেন সেখানকার নেতৃবৃন্দকে এবং সেখানকার আইন সভার সদস্যবৃন্দকে তিনি পরামর্শ দিয়েছেন এটা।

দ্বিতীয় কথা এই প্রসঙ্গে আমি বলি। মাননীয় নির্মাল্য বাগচী মহাশয় অনেকগুলি কথা বলেছেন তিনি বিশেষ করে পঞ্চবার্ষিক পরিকল্পনার রিপোর্ট থেকে উদ্ধৃতি দিয়ে দেখালেন যে আমাদের এখানে সিলিং বড্ড বেশী আছে। সিলিং কমালে ভাল ছিল। মণবাষ্ট্রে কত কম। আমার প্রশ্ন হলো সেই সিলিং করার জন্য সেখানে কত জমি পাওয়া গেছে? সেখানকার মাথাপিছু জমির পরিমাণ কত এবং সিলিং কম করা সত্বেও জমি পাওয়া গিয়েছে কিনা—তার তুলনামূলক বিচার করে তিনি যদি বলতেন আমাকে এবং এই পঞ্চবার্ষিক পরিকল্পনার রিপোর্ট গুলি উদ্ধৃত করে যে আমাদের এখানে এই সিলিংএ কত জমি পাওয়া গিয়েছে এবং অন্য ভারতের এর চেয়ে কম সিলিংএ কত জমি পাওয়া গিয়েছে—বেশী জমি থাকা সত্বেও তাহলে আমরা বুঝতাম তাঁর তথ্যের প্রতি নিষ্ঠা রয়েছে। তিনি বলেছেন বর্গাদারদের উচ্ছেদ করার ব্যবস্থা রয়েছে এই আইনের মধ্যে। আমি তাঁকে বলছি বর্গাদারদের উচ্ছেদ করা হবেনা। মাননীয় সদস্য মহাশয় যদি অনুগ্রহ করে বিলটা পড়েন, তাহলে বুঝতে পারবেন বিলে ঠিক এর উল্টো কথা আছে। তিনি ক্লজ ১৭ পড়েছেন।

Shri Nirmalya Bagchi:

ক্লজ ১৮টা দেখুন, এটা অরিজিন্যাল-এ বা সিলেক্ট কমিটির রেকমেণ্ডেসান-এ ছিলনা।

Shri Syamadas Bhattacharyya:

মাননীয় সদস্য দয়াকরে পড়ুন এখানে আছে

Provided further that if at the time of the allotment the land has been under cultivation by a bargadar, whether he is a resident of the gramdan village or not, his cultivation shall not be terminated by the allottee except on the grounds and in the manner mentioned in section 17 of the West Bengal Land Reforms Act, 1955.

এর মানে হচ্ছে বর্তমানে যে আইন রয়েছে তাতে ল্যাণ্ড রিফরমস-এর ২৭ ধারার বিধান ছাড়া ইচ্ছামত কোন বর্গাদারকে উচ্ছেদ করতে পারব না। এই আইনের বলে উচ্ছেদের কোন কথা নেই কোন জায়গায়। কিন্তু আরও সুস্পষ্ট করে দেবার জন্য... (শ্রীনির্মালা বাগচী: উচ্ছেদের জন্য কোথায় য়্যাপিল করবে?) আমি বুঝতে পারছি না মাননীয় সদস্য সাধারণ আইনের জ্ঞান সম্পর্কে এত অজ্ঞতা প্রকাশ করছেন কেন? ল্যাণ্ড রিফরমস অ্যাক্টএ ঠিক যেভাবে আছে পুরাপুরি সেইভাবেই প্রয়োগ করা হবে। মাননীয় সদস্য আইনের কথা বলেছেন বলে আমাকে এ সব কথা বলতে হচ্ছে। (শ্রীনির্মালা বাগচী: গ্রাম আদালতে কি সে যেতে পারবে?) আশ্চর্য্য কথা, গ্রাম আদালত সম্বন্ধে সমস্ত কথা লেখা আছে সেটা যদি পড়েন তাহলে বুঝতে পারবেন। ল্যাণ্ড রিফরমস য়্যাক্ট অনুযায়ী গ্রাম আদালতে এ বিষয়ে যাওয়া যাবেনা। কাজেই ল্যাণ্ড রিফরমস এ্যাক্ট-এ যে ধারা রয়েছে সেই ধারাতে গ্রামের যারা বর্গাদার রয়েছে তাদের সুযোগ সুবিধা দেবার জন্য এবং অধিকার প্রতিষ্ঠিত ও সুরক্ষিত করার জন্য ব্যবস্থা আছে তাদের কোন অধিকার বিন্দুমাত্র ক্ষুণ্ণ করা হবে না। একথা বলা সত্বেও মাননীয় নির্মালা বাবু অনেকক্ষণ ধরে বললেন যে এখানে বর্গাদারদের অধিকার ক্ষুণ্ণ করা হচ্ছে। সেজন্য আমি ঠিক আমার কানকে বিশ্বাস করতে পারলাম না যে আমি ঠিক শুনেছি কিনা? এই কারণে তিনি যখন একথা বললেন তখন আমাকে আবার পড়তে হল। আমার কথা হচ্ছে এই বিলটি অনেকে পড়েননি। মাননীয় সদস্যগণ কিছু মনে করবেন না, আপনারা পড়েছেন ভাষাভাষা এবং বিলের কোন কথা কেউ কোন দিন পড়েছেন বলে মনে হয় না। আর একটা কথা, মাননীয় সদস্য নির্মলাবাবু বললেন যে বর্গাদারদের পুরো ক্ষমতা দেওয়া হয়নি। পুরো ক্ষমতা ল্যাণ্ড রিফরমস য়্যাক্ট-এ নিশ্চয় দেওয়া যেতে পারে। সিলিং কমিয়ে দেওয়া যেতে পারে এ্যাকুইজিসান এ্যাকুইজিসান অ্যাক্ট সংশোধন করে নিশ্চয় করা যেতে পারে। কিন্তু আমি জিজ্ঞাসা করছি আমরা কোনটা বিচার করছি? আমরা গ্রামদান বিলের ধারাগুলো বিচার করছি না এ্যাকুইজিসান অ্যাক্ট বিচার করছি, না ল্যাণ্ড রিফরমস য়্যাক্ট বিচার করছি? আমরা যখন বিচার্য্য বিষয় থেকে অনেকদূর চলে যাই, অন্যান্য বিষয় আলোচনা করতে চাই তাহলে মূল আলোচনা থেকে আমরা এতদূর গিয়ে ডিগ্রেসান-এর মধ্যে গিয়ে চলে যাই যাতে আলোচ্য বস্তু আমরা হারিয়ে ফেলি। থার্ড ফাইভ ইয়ার প্ল্যান-এর রিপোর্ট-এর একটা কথা যদি বলি তাহলে মাননীয় সদস্যগণ নিশ্চয় আমার দোষ নেবেন না। এতে ভূদান ও গ্রামদান আন্দোলন সম্পর্কে একথা বলা হয়েছে।

The Bhudan and Gramdan movements have greatly helped to create a favourable atmosphere for implementing progressive measures of land reforms.

অর্থাৎ আমরা এটার মধ্যে একথা চেয়েছি ইমপ্লিমেণ্টেসান অব দি প্রোগ্রেসিভ মেজার্স অব ল্যাণ্ড রিফরমস এটাই হল উদ্দেশ্য এবং এই উদ্দেশ্যের জন্য অনুকূল আবহাওয়া সৃষ্টি করবে আমাদের ভূদান ও গ্রামদান আন্দোলন। মাননীয় সদস্যগণের কেউ কেউ সমাজবাদের কথা বলেছেন। মাননীয় জানকীবাবুকে দেখতে পাচ্ছিনা তিনি বললেন এই আইনের মধ্য দিয়ে সমাজবাদ প্রতিষ্ঠিত হবে না। সমাজবাদ প্রতিষ্ঠা করার জন্য এই আইন আনিনি—আমরা বিনোবাজীর অভিপ্রায় অনুসারে এই আইন এনেছি এবং সেকথা আমার বক্তৃতাতে বলা আছে। তিনি নিশ্চয় খুশী হবেন যদি আমি তাঁকে নাম্বুদ্রীপাদের একটা বক্তৃতা উল্লেখ করে এখানে কিছু পড়ি

on my own behalf and on behalf of the Cabinet which I represint, I welcome you to Kerala.

এসব কথা নাম্বুদ্রীপাদ বলেছেন, কংগ্রেসের মন্ত্রীরা কেউনা। তিনি সেখানে আরও বলেছেন

At this stage when our Cabinet has taken responsibility to govern the State your presence in our midst is a great significance. Our Cabinet has decided to tackle the land problem first to find out a broad-based solution of the problem which is our aim and objective. Your tour in this State at this juncture will be of great help to change the mental attitude and approach of the people as far as the land problem is concerned.

সুতরাং আমরা কি ভুল করেছি তা বুঝতে পারছি না। মাননীয় সদস্যগণ এতক্ষণ ধরে যেসব কথা বললেন সেই বলার মধ্যে একটা কথা বারবার বললেন যে এই বিল অত্যন্ত প্রতিক্রিয়াশীল

বিল এবং এই বিলে বিনোবাজীর নাম করা খুব অন্যায় হয়েছে। কারণ যীশু, গান্ধী, বুদ্ধের নামে কোন বিল নেই। নিশ্চয় নেই। গান্ধীজী যদি বলতেন তার নামে একটা বিল করা দরকার তাঁর অনুবর্তীরা নিশ্চয় বিল করতেন।

[4-30—4-40 p.m.]

এখানে বিনোবাজী বলেছেন এবং বিনোবাজীর ইচ্ছানুসারে এই বিল হয়েছে তিনি বলেছিলেন এরূপ বিল হলে ভাল হয়। (এ ভয়েস: তিনি কি নাম দিতে বলেছিলেন) নাম দিতে নিশ্চয়ই বলেননি কিন্তু আমরা ইচ্ছে করেই সেটা দিয়েছি এটা আমাদের নিজেদের রিক্রিয়েসন। আমি এ সম্পর্কে একটা কথা বলেছি যা আমাদের কমিউনিস্ট লিডার নাম্বুদ্রিপাদ বলেছিলেন আমি সেই কথাটাই এখানে একবার বলছি। তিনি বলেছিলেন

I may tell very frankly just as Shri Nambudripad said his presence in the State of Kerala and his tour throughout Kerala will bring about a very favourable atmosphere for implementation of the progressive land reforms in the State of Kerala in the same way we tell our friends here that we all owe a great deal of gratitude to Vinobhaji.

এখন কথা হচ্ছে যে কথা এখানে বলা হয়েছে সে কথা বলার প্রয়োজন ছিল না আমি আশা করেছিলাম যে কনস্ট্রাকটিভ আলোচনা হবে কিন্তু আলোচনাটা বহু কথিত বিষয়ের পুনরাবৃত্তি ছাড়া আর কিছুই হয়নি যার সঙ্গে এই বিলের কোন সম্পর্ক নেই বা কোন সম্পর্ক দেখা যায় না সেই সব জিনিষ এখানে আলোচনা হয়েছে, মাননীয় উপাধ্যক্ষ মহাশয় একটা কথা বলা হয়েছে যে গ্রাম পরিষদকে গ্রাম পঞ্চায়েতের ক্ষমতা যদি দেওয়া হয় তা হলে বিকল্প প্রতিষ্ঠান একটা গড়ে উঠবে, মাননীয় সদস্য নরেনবাবু বলেছেন যে একটা রাইভেল অর্গেনাইজেশান গড়ে উঠবে। রাইভেল অর্গেনাইজেসান এই ইংরাজী কথাটা অনেক সময় উনি ব্যবহার করেন এবং এখানেও তিনি রাইভেল অর্গানাইজেসান কথা ব্যবহার করলেন। তিনি বললেন এই ভাবে অর্গানাইজেশন গড়ে উঠলে [illegible] কি হবে না এক্সিস্টিং পঞ্চায়েত [illegible] সঙ্গে। [illegible] করে দিতে— আর মাননীয় জানকীবাবু বললেন যে সমাজ বিরোধী লোকেরা গ্রাম পঞ্চায়েত দখল করবে। গ্রামের সাধারণ লোকের সম্পর্কে এই রকম অশ্রদ্ধা উক্তি আমি এর আগে শুনিনি, এই জন্য আমি বলবো যে গ্রাম পরিষদ যে গঠিত হবে তার মধ্যে বেছে বেছে সমাজ বিরোধী লোকেরাই ঢুকবেন কেন? গ্রাম পরিষদত সবাইকে নিয়ে গঠিত হবে সেখানে শুধু সমাজ বিরোধী লোকেরই স্থান পাবে যেখানে সমস্ত লোকের থাকার কথা, যখন গ্রাম সভা গঠিত হয় যখন সমস্তপ্রাপ্ত বয়স্ক লোকদের নিয়ে গঠিত হয়, আমি ত কখনও একথা শুনিনি যে গ্রাম সভার মধ্যে কেবল সমাজ বিরোধী লোকেরাই স্থান পাবে। এই ধরণের কথার দ্বারা আমাদের মনে সন্দেহ হয় যে ভালভাবে বোধ হয় পর্যালোচনা করা হয়নি। দ্বিতীয় কথা হচ্ছে এই যে তিনি বলেছেন যে দুটার মধ্যে সংঘাত উপস্থিত হবে। সে সম্বন্ধে একটা কথা বলতে চাই যে ক্লজ ৩১টা দেখা যায় তা হলে এইটুকু দেখতে পাই যে ক্লজ ৩১এ বলা হয়েছে।

State Government may at the request of a Gram Parishad and after consultation with the Gram Panchayat having jurisdiction over the gramdan village of the Gram Parishad concerned, declare by notification in the Official Gazette that the Gram Parishad shall exercise all the powers and perform all the duties and functions of the Gram Panchayat under the West Bengal Panchayat Act, 1957.

এখানে দুটা রাইভেল অর্গানাইজ কি করে হবে তা বুঝতে পারছি না। একটার বদলে আর একটা হবে এটাই বলতে পারি রাইভেল মানে হলো দুটা পাশাপাশি হবে এবং একটা আর একটার প্রতিদ্বন্দ্বী হবে তবেই আমরা তা রাইভেল অর্গানাইজেসান এটা বলতে পারি আমরা এটা বলতে পারি যে অর্গানাইজেসান হবে সেটা হয়ত খারাপ হবে বা নিকৃষ্টতর হবে কিন্তু আমি আগেই বলেছি আমাদের গ্রাম পরিষদ গঠন করবার কথা এবং আমরা ভাবছি যে এর

ফলে গ্রামের মনের মধ্যে এক নূতন ভিত্তিতে সমাজ গঠিত হবে। এবং আমরা তারই দু একটা পদক্ষেপের দৃষ্টির চেষ্টা করছি। আমরা এখানে আইনের দ্বারা একটা স্বীকৃতি দিচ্ছি যে সমস্ত ভার তার উপর নির্ভর করবে। মাননীয় সদস্য ডাঃ শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় বলেছেন যে আমাদের সে সময় এখনও হয়নি। এখনও আমাদের হৃদয়ের পরিবর্তন হয়নি। আমাদের দেশে দুর্নীতির প্রাবল্য রয়েছে কাজেই অনেক ভাল জিনিষ যা আমরা করতে চাই কিন্তু শেষ পর্যন্ত তাহা হয়না। আমি মাননীয় শ্রীকুমারবাবুও আশা করছেন যে ঐ আসল জিনিষটা আমি সরবরাহ করতে পারি। আমি সবিনয়ে এই কথা বলবো হৃদয়ের পরিবর্তন বলে যে একটা জিনিষ সেটা অত্যন্ত কঠিন এবং দুর্লভ জিনিষ এবং সেটা কারুর একার দ্বারা সম্ভব নয় এমন কি বিনোবাজীর দ্বারা সম্ভব নয় এবং কারুর দ্বারা হয়েছে কিনা এটাও সন্দেহ। কিন্তু কথা হচ্ছে সমাজের কিছু পরিবেশ পরিবর্তন দরকার হবে আইনের এমন কিছু ব্যবস্থা করার দরকার হবে যাতে হৃদয়ের পরিবর্তন সম্ভব হতে পারে। তা না হলে শুধু শুধু আশা করবো যে আগে হৃদয়ের পরিবর্তন হবে বা আগে অনুকূল অবস্থার সৃষ্টি হবে তারপর একটা আমরা আইন নিয়ে আসবো এবং সমস্ত জিনিষ তৈরী হবে। এই ভাবে তিনি টিউবওয়েল-এর সঙ্গে যে তুলনা করেছেন আমার মনে হয় তুলনাটা ঠিক তিনি বিচার করতে পারেননি।

মাননীয় অধ্যক্ষ মহাশয়, ডোনার এবং ডোনি সম্বন্ধে বলেছি। অবশ্য ডোনার যদি হলো, ডোনি কে হবে? মাননীয় সদস্য নরেনবাবু যা বলছেন আমি এর কী উত্তর দেব! এখানে প্রথম উল্লেখ আছে প্রথম কিভাবে অর্পণপত্র লেখা হবে এবং কিভাবে সেগুলিকে বাতিল করা যেতে পারবে; কোন্ পদ্ধতির দ্বারা সেগুলিকে গ্রহণযোগ্য বলে সিদ্ধান্ত করা যেতে পারে—সেগুলি পূর্বেকার চার-পাঁচ ক্লজের মধ্যে রয়েছে। ছয় নম্বর ক্লজের মধ্যে রয়েছে—

'Clause 6 : With effect from the date from which a village or a part of a village is declared to be a gramdan village by notification under sub-section (1) of section 5—

(1) All rights, title and interests of persons whose declarations have been confirmed under section 4 in respect of the lands covered by such declarations shall stand transferred to and vest in the Gram Parishad established for the gramdan village.'

কাজেই যে সমস্ত জমি আছে তার স্বত্ব-স্বামিত্ব সমস্তটা বর্তাবে গ্রামবাসীদের উপর। ব্যক্তিগতভাবে যে সম্পত্তির মালিকানা ছিল, সেদিন তা বিলুপ্ত হবে, ব্যক্তিগত মালিকানা থাকবে না। যদি মাননীয় সদস্য ব্যক্তিগত মালিকানা বিলোপের পক্ষে হন তাহলে দেখতে পাবেন একেবারে ব্যক্তিগত মালিকানা বিলোপ করা যেতে পারে ঠিকই। কিন্তু এখানে বিনোবাজী বলেছেন একটা কথা সেটা ঠিক নিশ্চয়ই অনেকে জানেন যে দই তাঁর সহ্য হয় না। তিনি বলেছেন দই আমি ঘোল করে খাই। তেমনি একেবারে স্ট্রং ডোস দেওয়া যেতে পারে যার স্থাবর-অস্থাবর সম্পত্তি সম্পর্কে মালিকানা একটা আইনের দ্বারা বিলোপ করে দেওয়া যেতে পারে। কিন্তু তিনি বলেছেন একথা—আমি সমাজকে যা পেয়েছি, দেশের লোককে যা পেয়েছি এবং লোক যেভাবে বুঝেছি তাতে ঐ দিকে পদক্ষেপ করতে হবে, ঐ আমার আদর্শ হবে। ভূমি সম্পর্কে কোন ব্যক্তিগত মালিকানা থাকবে না এটাই করতে হবে। কিন্তু আমি সেদিকে যেতে পারছি না। দই যখন খেতে পারি না, তা আমি ঘোল করে খাই। ঠিক তেমনিভাবে আমার ডোজটা কম করে দিয়েছি।

(এ ভয়েসঃ আপনি আর আমাদের ঘোল খাওয়াবেন না।)

আপনারা আমাকে ব্যঙ্গ করতে পারেন এই ঘোলের কথা শুনে; কিন্তু আমি বিনোবাজীর নাম করে বলছি, আমি অন্য কারো নাম করতে চাই না—বুদ্ধ, যীশুর নাম করছি না—বিনোবাজী যেভাবে বলেছেন বর্ণনা দিয়েছেন, তাতে আপনাদের হাসির উদ্রেক করতে পারে কিন্তু তিনি বলছেন এই ব্যক্তিগত মালিকানা ভূমির উপর কারো থাকা উচিত নয়, ভূমি সম্পর্কে কারো ব্যক্তিগত মালিকানা থাকবে না, ভূমি সকলের পক্ষে সমানভাবে লভ্য হবে, সকলের সমান অধিকার থাকবে ভূমির উপর। বাতাসের উপর যেমন সকলের অধিকার আছে, সূর্যের আলোর উপরও যেমন সকলের সমান অধিকার আছে, কোন ভেস্টেড ইন্টারেস্ট তাকে কেড়ে নিয়ে আলাদা করে

লুকিয়ে রাখতে পারবে না, তেমনি ভূমির উপরও সকলের সমান অধিকার দিতে হবে। এই হচ্ছে তাঁর কথা। তেমনি ব্যক্তিগত মালিকানা বোধ লোপ করবার পথে প্রথম পদক্ষেপ হিসেবে তিনি বলছেন গ্রামপরিষদে সমস্ত

rights, title and interests in respect of the lands so donated will vest.

কিন্তু তারপরের কথা হলো তাহলে ওঁদের কাছে দেওয়া হচ্ছে কেন? না দিলে ভাল হতো। আমিও ব্যক্তিগতভাবে বলি তা না দিলেই ভাল ছিল। কিন্তু আমি তাঁর ব্যক্তিগত অভিজ্ঞতা ফেলতে পারিনি, আমি তাঁর ভূয়োদর্শন উপেক্ষা করতে পারিনি, এবং তাঁর পরামর্শও অগ্রাহ্য করতে পারিনি। তাই আমি মনে করি যেভাবে বিলটি এনেছি সেইভাবে গ্রহণ করলে আমাদের পক্ষে কাজ হতে পারে। এটা একটা খুব ভাল আইডিয়েল, খুব উচ্চ আদর্শে পরিপূর্ণ ছিল।

[4-40—4-46 p.m.]

হেরিটেবল সম্পর্কে সেই একই কথা। প্রথম যখন বিল ছিল তার মধ্যে হেরিটেবল কথা ছিল না। তারপর তাঁর সঙ্গে পরামর্শ করে আমরা এটা পরিবর্তন করেছি। মাননীয় নির্মলবাবু বললেন যে অন্ততঃপক্ষে চারুবাবুর পরামর্শ নেওয়া উচিৎ ছিল। আমি একথা বলতে পারি যে বিল রচনাকালে চারুবাবুর পরামর্শ আমরা প্রতিদিন নিয়েছি। এই বিল জয়েন্ট সিলেক্ট কমিটি-তে উত্থাপন করে পাশ করার পর আমি আবার চারুবাবুর কাছে ছুটে গিয়েছিলাম। আমি এজন্য গিয়েছিলাম চারুবাবু বিনোবাজীর সঙ্গে কথাবার্তা বলে দেখবেন যে শেষ অবস্থায় তিনি কোন পরিবর্তন মনে করেন কি না। আমি অত্যন্ত নম্রভাবে মাননীয় সদস্যদের কাছে যাচাই করে বলব আমাদের পরিবর্তন এনেছি, এনেছি এজন্য যে চারুবাবু বিনোবাজীর সঙ্গে পরামর্শ করে আমাকে এই রকমভাবে পরিবর্তন করার উপদেশ দিয়েছেন এবং আমরাও সেই ভাবে করেছি। মাননীয় সদস্য শ্রীকুমারবাবু বললেন ক্লজ ২০-তে আছে

every allottee shall contribute annually to the Gram Parishad one-fortieth part of the produce of the land allotted to him, if such land is cultivated by him personally, or one-thirtieth part of his share of such produce, if such land is cultivated through a bargadar.

এবং এটা তিনি যুক্তিপূর্ণ মনে করছেন না। কারণ যে লোক বর্গা চাষ করছে তাকে বেশী দিতে হচ্ছে, আর যে লোক নিজে চাষ করছে তাকে কম দিতে হচ্ছে। আমি বলছিলাম আমাদের উদ্দেশ্যের সঙ্গে এটা সম্পূর্ণ খাপ খায়। যে লোক বর্গা চাষ করছে আপনি জানেন যে তাদের ক্ষমতা ক্রমশঃ সংকুচিত হচ্ছে এবং ভবিষ্যতে যে আরও বেশী হবে সেটা আমার বোধ হয় না। কারণ গতি ও প্রকৃতি যখন আমরা দেখি আইনগুলি ক্ষেত্রে এবং যখন আমরা জনসাধারণের মতামতগুলি বোঝবার চেষ্টা করি তখন একথা বুঝি বর্গাদারদের অধিকার আরও প্রতিষ্ঠা করতে পারব এবং তাদের মর্যাদায় প্রতিষ্ঠিত করবার জন্য একটা ভাবাবেগ সৃষ্টি হচ্ছে, অনুকূল অবস্থা সৃষ্টি হচ্ছে। এই অবস্থাতে বর্গাদার যে চাষ করেন তাঁদের বেশী সুযোগ সুবিধা দেওয়া হবে এইরকম কোন আইন আমরা করবার অনুকূল মত পোষণ করতে পারিনা। আমি যেটা বলছিলাম সেটা হচ্ছে যে ব্যক্তিগত মালিকানা সম্বন্ধে পূর্বেকার বোধ যেটা ছিল সেটা বদলে গেছে। ভূমি সম্পর্কে কেউ বলতে পারেনা যে এমন যার আছে তার এবশোলিউট রাইট আছে যে সে ইচ্ছা করলে জমি ফেলে রাখতে পারবে, ইচ্ছা করলে জমি নষ্ট করতে পারবে, ইচ্ছা করলে জমি যেমন তেমন খুশী বিক্রি করতে পারবে হস্তান্তর করতে পারবে। আমাদের মালিকানা বোধ যেটা আগে যা ছিল সেটা আস্তে আস্তে বদলে গেছে এবং এটা ক্রমশঃ ক্রমশঃ সভ্যতার বিকাশের সঙ্গে সঙ্গে নূতন ভাবে রূপ নেবে। এটাই আমাদের সম্পত্তি সম্পর্কিত ধারণা। কাজেই এইপথে আমরা বলতে চাই এই যে গ্রামদানী বিল আমরা এনেছি এটা খুব বিপ্লববাদী এমন কিছু নয়, বা আমরা অকুণ্ঠচিত্তে বলি যে এটার জন্য আমরা কোন ক্রেডিট ক্লেইম করতে পারি না। অবশ্য সমস্ত দোষ নিতে আমরা রাজী আছি। মাননীয় সদস্যগণ প্রথমেই যেরকম বিরোধীতা দেখাচ্ছেন সহযোগীতার বদলে তাতে এটা কতখানি কার্যকরী হতে পারবে তাতে আমাদের সন্দেহ রয়েছে। কিন্তু আমরা আশা করি যে এই ক্ষেত্রে গ্রামদানী ও ভূদানের ক্ষেত্রে যেসব কর্মী কাজ করছেন তাঁদের মধ্যে চারু ভাণ্ডারী, উড়িষ্যার প্রাক্তন মুখ্যমন্ত্রী নবকৃষ্ণ চৌধুরীর মত লোক

আমাদের কমিটির সদস্য হিসাবে কাজ করছেন এবং অন্যান্য অনেক লোক যাঁরা শাসন ব্যবস্থার মধ্যে এক সময় উচ্চপদ অধিকার করতেন, যাঁরা বিভিন্ন অভিজ্ঞতার মধ্য দিয়ে জীবনের নানাদিক দেখেছেন তাঁদের সমবেত প্রচেষ্টায় এই গ্রামদানী বিলের মধ্য দিয়ে নূতন গ্রাম রচনার একটা দিক আমরা সৃষ্টি করতে পারব এবং এই প্রচেষ্টা সম্পূর্ণভাবে ব্যর্থ হবেনা। আরও অনেক-গুলি কথা কেউ কেউ বলেছেন, আমার মনে হয়না সবগুলি প্রয়োজন আছে উত্তর দেবার। কারণ শুধু কতকগুলি ক্লজ আছে, কতকগুলি ডিটেলস-এর কথা আছে। অবশ্য সাধারণ আলোচনার মধ্যে আমরা এটা লাভ করতে পারি—যদি প্রয়োজন হয় যখন ক্লজ ডিসকাশনএর সময় বা দফাওয়ারী আলোচনার সময় সেগুলির উত্তর দেবার প্রয়োজন হতে পারে।

The motion of the Hon'ble Syamadas Bhattacharyya that the West Bengal Gramdan Bill, 1964, as passed by the Assembly, be taken into consideration, was then put and agreed to.

Clauses 2 to 34

The question that clauses 2 to 34 do stand part of the Bill was then put and agreed to.

Clause 1, Preamble and Title

The question that clause 1, the Preamble and the Title do stand part of the Bill was then put and agreed to.

The Hon'ble Syamadas Bhattacharyya: Sir, I beg to move that the West Bengal Gramdan Bill, 1964, as settled in the Council, be passed.

The motion was then put and agreed to.

Adjournment

The Council was adjourned at 4-46 p.m. till 2-30 p.m. on Thursday, the 8th October, 1964, in the Legislative Buildings, Calcutta.

Member's Absent

Shri Abdullah Rasul
Shri Snehangshu Kanta Acharyya
Shri Dhirendra Nath Bhattacharya
Shri Promotho Nath Bisi
Shri Amar Prasad Chakrabarty
Shri Byomkesh Chakravarty
Dr. Suniti Kumar Chatterji
Shrimati Anila Debi
Shri Bibhuti Bhusan Ghatak
Shri Kali Charan Ghose
Shri Ashutosh Ghosh
Shri Nar Bahadur Gurung
Shri Pashupati Jha
Shri G. N. Khaitan
Shri Rajendranath Majumdar
Shri Pashupati Nath Malik
Shaikh Mohammad Jan
Shri R. S. Prasad
Shri Lakshman Prodhan
Shri Satya Priya Ray
Shri Sasanka Sekhar Sanyal
Shri Subodh Sen
Shri Ram Lagan Singha
Shri Rabindralal Sinha.

COUNCIL DEBATES

Thursday, the 8th October, 1964.

THE COUNCIL met in the Legislative Council Chamber of the Legislative Buildings, Calcutta, on Thursday, the 8th October, 1964, at 2-30 p.m. being the Twenty-fifth day of the Thirty-fourth session, under the Constitution of India.

Mr. Deputy Chairman (Dr. PRATAP CHANDRA GUHA RAY) was in the Chair.

STARRED QUESTIONS

(to which oral answers were given)

[2-30—2-40 p.m.]

Alleged killing of five migrants at Tiruvally Railway Platform

***118. Shri Narendra Nath Das:** Will the Hon'ble Minister-in-charge of the Refugee Relief and Rehabilitation Department be pleased to state—

(a) whether the Government have any information that five migrantrs from East Pakistan were killed by police on the Tiruvally Railway Platform in Orissa in May last; and

(b) if so—

(i) whether the State Government have ascertained the causes leading to firing;

(ii) whether they had any correspondence with the Union and the Orissa Governments in this regard; and

(iii) if so, the result of the correspondence?

Shrimati Abha Maiti: (a) Yes.

(b) (i) Yes.

(ii) Yes, with Orissa Government.

(iii) The State Government of Orissa was satisfied that the firing became inescapable. The State Government of West Bengal, however, feels that the use of tear gas much earlier would have probably brought the majority of the demonstrators, who got under undue influence, to a reasonable frame of mind.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহোদয় কি জানাবেন যে কি কারণে বা কি অবস্থায় এইগুলি ওখানে চলেছিল?

Shrimati Abha Maiti:

মাননীয় ডেপুটি চেয়ারম্যান স্যার, আমরা এ বিষয়ে একটি বড় রিপোর্ট কোরাপুটের জেলা ম্যাজিস্ট্রেটের কাছ থেকে পেয়েছিলাম উড়িষ্যা সরকারের মারফৎ। রিপোর্টটি প্রায় পাঁচ পৃষ্ঠা ব্যাপী। আপনি সেটা যদি পড়ার অনুমতি দেন কিংবা আপনার টেবিলের উপর দিয়ে দিতে দেন তাহলে বোধ হয় আর বেশী সাপ্লিমেণ্টারীর প্রয়োজন হত না। আমি দশ বারো মিনিট সময় পেলে সেটা পড়ে দিতে পারি।

ঘটনাটা এই হয়েছিল আপনারা সকলে জানেন তিরুভেলী ষ্টেশনে গুলি হয়েছিল রিফিউজিদের উপর। আমরা প্রথম রেলের মাধ্যমে গুলি হওয়ার অব্যাহতি পরে জানতে

পারি এবং পরে আমরা ভারত সরকারকে সঙ্গে সঙ্গে টেলিফোন যোগে জানাই। তখন মিঃ খান্না রিহেবিলিটেশন মিনিষ্টার ছিলেন এবং সেই সময় আমাদের শ্রদ্ধাস্পদ মুখ্যমন্ত্রী মহাশয়ও দিল্লীতে ছিলেন তিনিও তাঁদের সঙ্গে কথা বলেন। তারপরে আমরা সঙ্গে সঙ্গে উড়িষ্যার মুখ্যমন্ত্রীর কাছ থেকেও টেলিফোনযোগে খবর পাই যে এই রকম ঘটনা ঘটেছে সেইদিন কয়েক ঘণ্টার মধ্যে। তারপর আমাদের মুখ্যমন্ত্রী মহাশয় উড়িষ্যার মুখ্যমন্ত্রী মহাশয়কে একটা পত্র লেখেন এবং সেই পত্রের উত্তরে তিনি একটা রিপোর্ট পাঠিয়ে দেন ২২এ মে তারিখে, আর ১৯এ মে সেখানে গুলি হয়েছিল। আমি সেই রিপোর্টটা এখানে পড়ে দিচ্ছি। তাহলে আমার মনে হয় সমস্ত বিবরণটা মাননীয় সদস্যরা জানতে পারবেন। এই রিপোর্টটা হচ্ছে কোরাপুটের জেলা ম্যাজিস্ট্রেটের।

The circumstances leading to the police firing on the displaced persons of the Tiruvalli Camp at the Tiruvalli Railway Station at about 11-40 a.m. on the 19th May, 1964, are as follows:—

Out of 597 refugee families in Tiruvalli Camp about 375 families desearted on the 17th and 18th May, 1964, after receiving their second fortnightly doles. Since their arrival in the Camp, they had been persistently demanding settlement on agricultural land. They were advised to avail of employment opportunities in non-agricultural work which had been arranged near the Camp for all adult males in the Camp. They were told that the Orissa Government did not have any agricultural land for their resettlement and, as per the rehabilitation programme, they will be given employment in industrial units for which necessary training will be provided, and, further, that their demand for agricultural land had been referred to the Government for consideration. The employment opportunities were explained to the D.Ps. in the Camp every day. Even so, a large majority of them continued to press for land and refused to accept any employment.

On the 16th May, they gave an ultimatum to the Rehabilitation Officer of the Camp that unless the Government decide to provide them land within 24 hours, they would get this demand fulfilled by resorting to other means.

It is significant in this connection that on the 16th May, 1964, 52 families deserted Sunabeda Camp and in the same evening while I was persuading them against desertion some of them told me that if Government failed to give land soon, they would forcibly occupy land of the Muslims, the members of which community and usurped their land in East Pakistan.

At Teruvally Camp on the 16th May, 1964, at 6-40 a.m. about 200 D. Ps. in a body laid by Hemanta Kumar Das, Gouranga Saha and Ganesh Chakrabarti, threatened the Camp officer that he must intimate Government decision regarding allotment of land immediately since the period of notice had expired. They theatened to cause disturbances in the camp and also to stop trains and other vehicular traffic.

On the 17th May, 1964, about 300 families left the Camp early in the morning and walked to the Teruvally Railwal Station nearby with a view to proceed to Mana and did not return to the Camp in spite of repeated persuasions by Camp officers. They did not pay any head to the Sub-Collector and Additional Superintendent of Police, Koraput, who also went to assess the situation and bring them back by persuasion.

On the 18th May, 1964, further 75 families left the Camp in the morning and joined the first batch of deserters at the Teruvally Railway Station. At 3 a.m. on the 18th, they threatened the Assistant Station Master, Teruvally, with serious consequences if he failed to arrange special train within one hour for their going to Mana. They also warned him that they would squat on the

Railway track and stop all running trains. At 8 a.m. on the 18th, Deputy Rehabilitation Commissioner, Additional Superintendent of Police and Sub-Collector, Raygada, requested the gathering not to attempt squatting on the railway track and not to disturb peace and tranquillity. Minister, Tribal and Rural Welfare also reached Teruvally station by car at 9.30 a.m. and advised them to return to the Camp and engage themselves in the avilable employment and await Government of India's decision regarding agricultural land. All these had no effect on the displaced persons. About 200 persons including women and children squatted on the railway track after the Minister left at about 10.15 a.m. Consequently, the departure of the Waltair-Raipur Passenger was delayed at the station. To avoid the situation from deteriorating further, Sub-Collector, Rayagada, told the squatters and other displaced persons that he would immediately ascertain from the authorities whether a special train could be arranged for the D. Ps. With this assurance, but after considerable argument, the D. Ps. were persuaded to leave the track. They, however, refused to vacate the railway platform where they stayed on with all their belongings. They kept on demanding that the special train must reach by 7 a.m. on the 19th May, 1964, in spite of the fact that the Sub-Collcetor explained to them the difficulties of arranging a special train at such short notice. Sub-Collector suggested that they must wait for 3 days during which time he would ascertain the decision of the aothorities regarding the availability of train. They, however, threatened to squat again on the railway track after 7 a.m. next morning and resort to other means, if necessary.

Immediately thereafter the Additional Superintendent of Police, the Deputy Rehabilitation Commissioner and the Sub-Collector, Raygada, sent me wireless messages intimating me about the situation. The latter two officers also spoke to me on the telephone at about 7 p.m. to my residence at Koraput regarding the situation. I consulted the Superintendent of Police at Koraput immediately thereafter, and took steps to send Police reinforcement to the Teruvally Railway Station and Transit Camp. I also discussed about the situation with the Rehabilitation Commissioner at about 1 a.m. after his arrival from Bhubaneswar via Sunabeda Camp. Both S. P. and myself left Koraput at 3 a.m. after despatching Police reinforcement and reached Rayagada at 6 a.m.

A message was received at 7 a.m. over the railway telephone from Teruvally that the D. Ps. had started squatting on the railway track and were in a violent mood and threatening to kill the railway and other Government officers.

[2-40—2-50 p.m.]

Thereupon, after consulting the Superintendent of Police and taking full stock of the situation, both of us proceeded to Teruvally Railway Station and reached there at 9 a.m. On our arrival, we found that the Railway platform was full of D. Ps. who were in an agaitated mood about non-arrival of the special train. They were making violent gestures and some of them were also standing or sitting or sitting on the railway track. I was informed that the Circle Inspector of Police, Rayagada, who persuading the D. Ps. had been surrounded at the rear of the crowd. On checking up, I found that one platoon of A. P. Special Police and two platoons of the Madras Special Police were present waiting at a distance of about 300 yards away from the Railway Station under a mango tope. As we did not like to take the force near the agaitated D. Ps., we took a circuitous route across the railway line and went along with the force near the Railway Staff quarter, opposite the Assistant Station Master's Office. From there, I and the Deputy Rehabilitation Commissioner entreated the D. Ps. over the microphone in Oriya and in Bengali languages not to violate the law. They were requested to clear the railway track and railway platform and to return to

the Camp where all their grievances will be duly considered. Thereafter I al asked them over the microphone to send me two of their representatives f discussion of their grievances with me there. This was replied to by viole gestures and slogans demanding immediate provision of special train faili which they will stop all railway communication. Some more D. I thereupon jumped down on the railway track. Seeing their threatening attitu and tendency to take law into their own hands, I immediately promulgat orders under section 144 Cr. P. C. against 14 persons who were report to be the main instigators of the mob to violence. The D. Ps. we warned over microphones in Bengali, Oriya and Hindi that their assemb had just been declared 'Unlawful' under the law and accordingly they mu disperse as their continuance on the platform and the railway track wou constitute violation of law and apprehension of breach of peace for whi legal consequences will accrue. On hearing this, a few families started leavi the platform with their luggage, but they were again brought back unc threats by some instigators against whom the order under section 144 C P. C. had been specifically promulgated. I, therefore, ordered for i.. diate arrest of those leading agitators and requested the Superintendent Police to send requisite Police force to secure their arrest.

Meanwhile, I was informed that a goods train had been held up on t down outer signal and the Waltair-Raipur Passenger was shortly to arri at Teruveli from the opposite side. Thereafter, the Police party consisting the S. D. P. O., Rayagada, G. R. P., S. I., Rayagada, Junior S. I. of Rayagac 5 O. R. Constables and one section of M. S. A. P. with short lathis und the Additional Superintendent of Police was sent towards the mob to effe the arrest of the leading agitators. The Additional Superintendent of Poli was specially assigned with this job as he could identify most of them. Th party made two arrests when the Additional Superintendent of Police, t Subdivisional Police Officer and the G. R. P. Sub-Inspector were sudden surrounded by a section of the mob and one of the arrested persons w also snatched away from the Police custody by the mob. The situatio therefore, demanded immediate use of the force to disperse the mob ai rescue the officers surrounded by them. The possibility of tear-smoke w considered, but due to unfavourable conditions, it could not be used in -tantly and two sections of the A. P. S. P. and one section of the M. S. A. under the Command of the Assistant Commandant of the A. P. S. P. was se to disperse the mob by lathi charge. The rifle party was called and directe to line on the off-side platform opposite the mob.

No sooner this lathi charge started, throwing of big stones from the re aimed at the encircled Police party by the mob continued incessantly. I al noticed that several agitated D. Ps. also suddenly took out Tangia lathis, knives, and started brandishing and using some of these weapons c the encircled Police party. I saw the G. R. P., S. I. being struck on the hea by a bik stone and another big stone hitting on the chest of another constabl I saw the Assistant Commandant, A. P. S. P. reaching towards the Addition Superintendent of Police to rescue him but he was floored by the mob ar belaboured. One person was also seen rushing towards the Additional S. with a Tangi in a hand and was prevented by a Havildar from dealing th blow on the Additional Superintendent of Police. The Havildar got the blo himself.

I was satisfied that no time could be wasted in further lathi charge ar firing was the only alternative to disperse the violent mob to have the liv of the police officers and men who were being subjected to brutal attack t the mob.

I, therefore, ordered dispersal of the mob by fire. The firing was done under the control of the Superintendent of Police, Koraput, who commanded one section of the M. S. A. P. and one section of the A. P. S. P. Before opening fire, a final warning was given over the microphone. Twelve rounds were fired exercising due control and firing was stopped as soon as the mob showed signs of dispersal. I could see two bodies dropping on the platform and some others staggering with bullet injuries. Immediately, a strong police reinforcement was sent out to rescue the Circle Inspector of Police, to take charge of the dead and injured and effect arrests from the fleeing mob. I took steps to provide prompt medical attention to the injured who were transferred to Rayagada hospital after being given first aid at the spot Two of the persons hit by bullets were found to be dead, injured persons were removed to Rayagada hospital out of which three were declared dead on arrival at the hospital. From police side, 7 persons received serious injuries and many others received minor injuries as a result of pelting of stones and boulders and use of lathi and tangis by rioters. Among the Police party Mohammad Hussain, Assistant Commandant of the Andhra Pradesh Special Police received fracture of the left forearm besides other arm besides other minor injuries, Havildar Munuswami of M. S. A. P. received compound fracture on his left knee with opening of the joint caused by sharp-edged weapon probably by axe, Sub-Inspector S. N. Misra of G. R. P., Rayagada, received head iniury caused by stone and other injuries by stones B. Raman, constable M. S. A. P. received stone injury on chest suspect to be rib fracture, constable N. Veersheb of A. P. S. P. received head injury by Tangi and multiple stone injuries all over body; Constable P. Krishnachari of A. P. S. P. received stone injuries on face and hand and V. Sriramulu of A. P. S. P.—a stone injury on knee and head. Besides, Additional S. P. Shri C. Chakrabarti, S. Ramanujam, Assistant Commandant, M. S. A. P., Shri S. C. Patnaik, Subdivisional Police Officer, Rayagada, Havildar S. Challayya of M. S. A. P., Havildar Kurup of M. S. A. P., Constable K. Mani of M.S.A.P., Constable Jankirama of M.S.A.P., and Jamadar Yuvaraj of M.S.A.P. and a few others received minor injuries resulting from stone throwing. Steps were taken by me to give prompt medical attention to the injured police officers who are now being treated in Rayagada Hospital.

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি বলবেন এই রিপোর্টটা আপনি কবে পেয়েছেন•

Shrimati Abha Maiti:

ওখানে তারা পোষ্ট করেছে ২২এ মে, আমরা পেয়েছি ২৩এ/২৪এ মে তারিখ

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনার বক্তব্যের ভেতর একটা অন্ধ্রের পুলিসের কথা উল্লেখ করেছেন। কোরাপুট হচ্ছে উড়িষ্যার একটা জেলা ; রিপোর্ট টি পড়ায় আমার এই মনে হলো অন্ধ্র পুলিশ উড়িষ্যার কোরাপুট ডিস্ট্রিক্টে এলো, তাহলে অন্ধ্র পুলিস কি আগে থেকে সেখানে যথেষ্ট ব্যবস্থা করেছিল যে কায়ারিং হলেও হতে পারে? অন্ধ্র স্টেটের পুলিস সেখানে কেন এলো ?

Shrimati Abha Maiti:

স্যার, তিরুভেলী উড়িষ্যার হেড কোয়াটার্স থেকে যতদূর তার থেকে সেটা অন্ধ্র অনেক কাছে এবং এই তিরুভেলী ষ্টেশন হচ্ছে উড়িষ্যার ভেতরে কিন্তু অন্ধ্রের ভেতর দিয়ে এখানে আসতে হয়। সিচুয়েসনটা তিন দিন ধরে খারাপ চলছিল সেই জন্য সম্ভবতঃ অন্ধ্র সরকারের একটি পুলিশ প্লেটুনকে তারা ডাকে।

Shri Narendra Nath Das :

টিয়ার গ্যাস ছাড়া সম্পর্কে আপনার জবাবে বিপোর্টে যে টিয়ার গ্যাস তারা ব্যবহার করেন নি তার কোন কারণ কি বলেন নি।

Shri Prafulla Chandra Sen :

কারণ এটা ওখানে বলেছেন যে টিয়ার গ্যাস যদি ব্যবহার আপনাদের উপর করতে যাই আর হাওয়া যদি আমার দিকে হয় তাহলে আপনাদের তো কিছু হবে না ; কাজে কাজেই ঐ রিপোর্টে তাঁরা বলে দিয়েছেন যে সিচুয়েশনটা সেখানে এমন ছিল যে টিয়ার গ্যাস ব্যবহার করার পক্ষে আদৌ ফেভারেবল নয়।

[2-50—3 p.m.]

Shri Raj Kumar Chakraverty :

রিপোর্ট পড়ে মনে হয়েছে এই সব উদ্বাস্তরা সব চাষীর ছেলে, তাদের চাষের কাজে না লাগিয়ে অন্য কাজে লাগানোর চেষ্টা হচ্ছিল কেন ?

Shri Prafulla Chandra Sen :

যে সমস্ত লোক গিয়েছিল তারা সকলেই যে চাষী তা নয়। আমাদের এখানে যত লোক এসেছে তাদের মধ্যে যদিও চাষী আছে, কিন্তু সকলেই চাষী নয়। একথা মাননীয় সদস্যকে স্বীকার করতে হবে যে আমাদের দেশে চাষীর সংখ্যা কমিয়ে শিল্পে যাতে বেশী লোককে নিয়োগ করতে পারি তার ব্যবস্থা করতে হবে।

Shri Narendra Nath Das :

রিপোর্ট শুনে মনে হল প্রথম ডেডবডি যেটা সেটা প্ল্যাটফর্ম-এর উপর পরেছিল, প্ল্যাটফর্ম-এর উপর লোকটা মারা গেল, অতএব তারা তো ট্র্যাক-এ বসে ছিল না ?

Shri Prafulla Chandra Sen :

গুলি যখন চালান হয় তখন প্ল্যাটফর্ম ও রেলওয়ে ট্র্যাক-এর উপর উত্তেজিত জনতা ছিল। কাজেই প্ল্যাটফর্মএ যে পুলিশ অফিসার ছিল তাকে ঘেরাও করা হয়েছিল। অতএব গুলি যখন চলে তখন তা প্ল্যাটফর্ম-এর উপর পড়বে কি ট্র্যাক-এর উপর পড়বে তার তো কোন ঠিক থাকে না।

Shri Narendra Nath Das :

ট্র্যাক আটকেছে বলে, রায়পুর ওয়ালটেয়ার প্যাসেনজার আটকেছে বলে তাদের পরিস্কার করা দরকার এবং ট্র্যাক-এ বসেছে বলে তাদের উপর গুলি চলল। কিন্তু গুলি গিয়ে প্ল্যাটফর্ম-এর উপর পড়ল কেন ?

Shri Prafulla Chandra Sen :

এটা হতে পারে। আমরা কোন নিশ্চয় আদালতের সামনে উপস্থিত হইনি। এই ব্যাপারটি হচ্ছে উড়িষ্যা গভর্নমেন্টের। এখানে ক্রস একজামিন করে কোন লাভ নেই। জনতা যখন উত্তেজিত হয় তখন প্ল্যাটফর্ম ও ট্র্যাক-এর জনতা উত্তেজিত হয়েছিল।

Cases under section 5A of the West Bengal Estates Acquisition Act

***143. Shri Hansadhwaj Dhara:** Will the Hon'ble Minister-in-charge of the Land and Land Revenue Department be pleased to state—

(a) the number of cases heard and decided under section 5A of the Estates Acquisition Act between 1960 and 1964, districtwise, and the number of cases under that section pending before the High Court districtwise on the 30th September, 1964 ;

(b) the area of land so far declared to be mala fide districtwise; and

(c) if it is a fact that the Hon'ble High Court has recently held in a case that the section 5A of the Estates Acquisition Act is ultra vires?

Shri Syamadas Bhattacharyya: (a) and (b) As the materials are to be collected from the districts, it is not possible to furnish the information within such short time.

(c) No.

Shri Hansadhwaj Dhara :

যদি জেলাওয়ারী সমস্ত জায়গা থেকে কেসগুলো সংগ্রহ করা সম্ভব না হয়, তবে মন্ত্রী মহাশয় কি জানাবেন মোটামুটি ভাবে কত কেস ম্যালাফাইড ডিক্লেয়ার্ড হয়েছে ?

Shri Syamadas Bhattacharyya :

আমরা গত বছর পর্যন্ত যে হিসাব পেয়েছি তাতে ৫ হাজার ৬৪৪টি কেসেস ম্যালাফাইড বলে ঘোষণা করা হয়েছে এবং এর ফলে আমরা ৩৯ হাজার ২৩৭ একর জমি উদ্ধার করেছি।

Shri Hansadhwaj Dhara :

আমার (সি) প্রশ্নোত্তরে আপনি বলেছেন নো, কিন্তু আপনি কি জানেন ১৯৬৩ সালের আগষ্ট মাসে খবরের কাগজে একটা সংবাদ বেরিয়েছিল যে সেকসন ৫এ-কে হাই কোর্ট আলট্রা ভায়ার্স বলে ডিক্লেয়ার করেছেন ?

Shri Syamadas Bhattacharyya :

হ্যাঁ খবরের কাগজে দেখেছি।

Shri Hansadhwaj Dhara :

তারপর সে সম্বন্ধে সম্যক অবহিত হবার কি চেষ্টা করেছেন ? অর্থাৎ সেকসন ৫এ অথবা তার [illegible] যদি আলট্রা ভায়ার্স হয়ে যায় তার

repurcussions—Land Reforms Act

-এ যেটা ভাল করবার চেষ্টা হচ্ছে সমস্ত রাজ্যে যে হতে পারে এটা কি মনে করেন ?

Shri Syamadas Bhattacharyya :

ব্যাপারটা সত্যিই একটু গোলমেলে এবং আমাদের পক্ষে খানিকটা এমব্যারাসিং হয়েছে। শ্রীঅম্বুজাক্ষ ব্যানার্জি ভার্সাস স্টেট অব ওয়েস্ট বেঙ্গল বলে একটা মামলা হাইকোর্টে চলছিল। ৫এ-এর উপর হাইকোর্ট থেকে সিভিল রুল জারী হয়। ১৯৬২ সালে অনুরূপ আরও ১২।১৪টা মামলা ঐ সময়ে হাইকোর্টে দায়ের করা হয়। সমস্ত মামলাগুলির গত বছর বিচার হয়েছিল। মিঃ জাসটিস পি. বি. মুখার্জী য়্যাণ্ড মিঃ জাসটিস লাইক এই মামলা গুলির নিষ্পত্তি করেছিলেন।

জাজমেণ্ট যেটা হয়েছে সেটা মুখে দেওয়া হয়েছে গত বছর ১৩ই আগষ্ট দুঃখের সঙ্গে বলছি যে আজ পর্যন্ত সেই মামলার রায়ের কপি আমরা সংগ্রহ করতে পারিনি।

Shri Hansadhwaj Dhara :

এতবড় একটা ব্যাপার যেখানে এক বছর হয়ে গেল সেখানে ল্যাণ্ড রেভিনিউ ডিপার্টমেণ্ট থেকে এই রায়ের কপি সংগ্রহ করা হল না কেন?

Shri Syamadas Bhattacharyya :

এটা দুঃখের কথা। গতকাল প্রশ্ন পাবার পর আমাদের সরকারী পক্ষের উকিলকে লিখেছি যে তিনি রায়ের কপির জন্য যেন দরখাস্ত করেন ও আবেদন জানান, কারণ এটা আমাদের পক্ষে খুব বেশী দরকার। কিন্তু তিনি আমাকে জানিয়েছেন যে গতকাল চেষ্টা করেও তিনি পান নি, কারণ সেই রায় নাকি এ পর্যন্ত জজ সাহেবদের সাক্ষর লাভ করতে পারে নি।

Shri Hansadhwaj Dhara :

আমি প্রশ্ন করেছি দেখেই বোধ হয় কাল পাঠিয়েছেন, কিন্তু এই এক বছরের মধ্যে কি কোন চেষ্টা করেন নি?

Shri Syamadas Bhattacharyya :

আমরা বারবার লোক পাঠিয়েছি, বোধ হয় মাসের মধ্যে গড়ে ২ বার করে সরকারী উকিলকে অনুরোধ জানিয়েছি যে তিনি যেন জাজমেণ্টএর কপি সংগ্রহ করেন।

Shri Hansadhwaj Dhara :

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটি অতিরিক্ত প্রশ্ন করতে চাই সেটা হল এই যে এক বৎসর ক মাস রায় পাওয়া গেল না, এবং ৫ (ক) ধারার মালাফাইড আলট্রা ফায়ার্স ডিকলেয়ার হয়ে গেছে। এই কথা সংবাদ পত্রে প্রকাশিত হওয়ার পর এর বাকী যে সমস্ত লোকেরা মোকদ্দমায় আসেন না সরকারী আইনকে অচল করবার জন্য তার ফলে তারা সহজে টেম্পটেড হবে কিনা যাতে নাকি আর জমি না দিতে হয়। এবং তারা সকলে এসে কোর্টে হাজির হবে একটা করে কেস দিয়ে এইরূপ সমস্ত জমি আটক করে ফেলবার জন্য?

Shri Syamadas Bhattacharyya :

এটা মতামতের প্রশ্ন কিন্তু আমাদেরও সেই ধারণা যে সেকসন ফাইভ (এ) এর মত গুরুত্বপূর্ণ ধারায় যদি বিচার হবার পরেও এক বৎসর অতিক্রান্ত হয় অথচ জাজমেণ্টের কপি যদি না পাওয়া যায় তা হলে যারা জমি জায়গা লুকিয়ে ফেলবার চেষ্টা করছে তারা উৎসাহ বোধ করতে পারে।

Shri Hansadhwaj Dhara :

হাইকোর্টকে আমরা সকলে সম্মান দিতে চাই এই বিষয়ে কোনো সন্দেহ নাই। কিন্তু এক বৎসর ক মাস হল এইরূপ একটা গুরুত্বপূর্ণ রায় যদি সংগ্রহ করতে না পারেন তার জন্য সরকারী দপ্তরের পক্ষ থেকে কি চিন্তা করা হয়েছে, হাইকোর্টের কাছে কোন পথে এটা উপস্থিত করা যায় বা কি করলে এই রায় নেওয়া সম্ভব হয়?

Shri Syamadas Bhattacharyya :

আমি আমাদের আইন বিভাগের পরামর্শদাতাকে এ সম্বন্ধে বিবেচনা করতে বলেছি। বলেছি যেভাবে হোক হাইকোর্টের কাছে মুভ করে আমাদের শীঘ্র এই জাজমেণ্টের কপি পাওয়া দরকার এবং সে সম্বন্ধে যাতে শীঘ্র ব্যবস্থা অবলম্বন করা যায় তা বলা হয়েছে, তাঁরা বারে বারে আবেদন জানিয়েছেন হাইকোর্টের কাছে।

Shri Nirmalya Bagchi:

মাননীয় মন্ত্রিমহাশয় কি বলবেন প্রথমে কবে এই রায়ের নকলের জন্য দরখাস্ত করেছিলেন ?

Shri Syamadas Bhattacharyya:

কোন তারিখ তা ঠিক দিতে পারবো না, তবে গত বছর অর্থাৎ ১৯৬৩ সালের আগষ্ট মাসে একদিন খবরের কাগজে এর সম্বন্ধে যে সংক্ষিপ্ত বিবরণ দেখেছিলাম, আমার মনে হয় ঠিক তার পর দিনই বোধ হয় জাজমেণ্টের কপির জন্য আমি সরকারী উকিলকে বলেছিলাম।

Shri Nirmalya Bagchi:

আমরা সাধারণতঃ জানি যে প্রাইভেট পারসনের ব্যাপারে আর্জেণ্ট ফিস দিয়ে দরখাস্ত করলে পরে মাস খানেকের মধ্যে রায়ের নকল পাওয়া যায়। গভর্নমেণ্টের পক্ষে কি ব্যাপার হয়েছে ?

Shri Syamadas Bhattacharyya:

অত্যন্ত দুঃখের কথা যে মাননীয় সদস্য বোধ হয় ঠিকমত আমার কথা শোনেন নি। আমি বলেছি যে জাজমেণ্টের যেটা দিয়েছেন সেটা মিয়ারলি এন 'ওরাল প্রনাউন্সমেণ্ট সে জাজমেণ্ট স্বাক্ষর লাভ করতে না পারায় তারা সেটা দিতে পারেন নি।

Shri Mohitosh Rai Chowdhury:

এটা কি গভর্নমেণ্টের কাছ থেকে চীফ জাস্টিসের কাছে জানান হয়েছিল। এই একটা Scandalous state of things. With our highest respect to the High Court it is a scandalous thing.
এটা কি চীফ জাস্টিসকে জানিয়েছেন ?

Shri Syamadas Bhattacharyya:

আমি অবশ্য মহামান্য হাইকোর্টের সম্মান হানি না করে বলতে পারি যে আমরা খুবই দুঃখিত হয়েছি এবং আমরা বারে বারে হাইকোর্টের কাছে আবেদন করেছি যাতে কপি পেতে পারি।

Shri Nirmal Chandra Bhattacharyya:

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি একটা অতিরিক্ত প্রশ্ন করতে চাই, আজকে এই বিধান পরিষদে যে প্রশ্নোত্তর হল তার পুরো একটা কপি মাননীয় মন্ত্রী মহাশয় কি মহামান্য হাইকোর্টের কাছে পাঠাতে প্রস্তুত আছেন ?

Shri Syamadas Bhattacharyya:

আমাদের পক্ষ থেকে কোন আপত্তি নেই। আমরা খুবই আনন্দিত হব, যদি বিধান পরিষদের মাননীয় সদস্যদের অভিমতকে লক্ষ্য করে মাননীয় হাইকোর্ট তাদের এক বৎসরেরও অধিক আগেকার দেওয়া জাজমেণ্টটা সই করে আমাদের হাতে দেন।

Shri Narendra Nath Das:

মাননীয় মন্ত্রী মহাশয় কি জানাবেন যে আপনি কি কালই কেবল শুনতে পেরেছেন যে জাজমেণ্ট সই করা হয়নি ? এখন কি ভাবে তাড়াতাড়ি সই করানো যেতে পারে সে বিষয়ে সুপারিশ করবেন কি ?

Shri Syamadas Bhattacharyya:

মুস্কিল হচ্ছে এই বিধান পরিষদ ত জোর করে মহামান্য হাইকোর্টের জজের সই করাতে পারেন না।

Shri Narendra Nath Das :

পশ্চিমবঙ্গ সরকারের তরফ থেকে বা আপনার রেভেনিউ ডিপার্টমেণ্টের তরফ থেকে এ সম্বন্ধে কি তাগিদ দেওয়া যায় না ?

Shri Syamadas Bhattacharyya :

আমি তো বললাম। নেসেসারি একসান হ্যাজ বিন টেকেন।

Shri Nirmal Chandra Bhattacharyya :

মাননীয় মন্ত্রী মহাশয়কে আমি অনুরোধ করেছিলাম যে, এখানকার যে প্রশ্নোত্তর আজকে হল সে প্রশ্নোত্তরের পুরা একটা কপি তিনি মাননীয় প্রধান বিচারপতির কাছে পাঠাতে প্রস্তুত আছেন কিনা ?

Shri Syamadas Bhattacharyya :

আমি প্রস্তুত আছি। আমি অত্যন্ত সম্ভ্রমের সঙ্গে ও খুবই বিনয়ের সঙ্গে মহামান্য বিচারপতির কাছে নিশ্চয়ই সমস্ত প্রশ্নোত্তরের একটা কপি করে পাঠিয়ে দেবো।

[3—3-10 p.m.]

Shri Narendra Nath Das :

মাননীয় মন্ত্রিমহাশয় কি জানাবেন যখন সই করা হয় নাই, দ্রুত সই করা সম্পর্কে আপনারা এখান থেকে তাদের কাছে কোনকিছু লিখবেন কিনা ?

(নো রিপ্লাই)

Shri Upendra Nath Barman :

মন্ত্রিমহোদয় বললেন যে হাইকোর্ট ওরাল জাজমেণ্ট দিয়েছেন; কিন্তু যেহেতু তাতে জজের সই হয় নাই, তার জন্য তার নকল পাওয়া যাচেছ না। আমার প্রশ্ন হচেছ হাইকোর্ট জজ যে ডেটে ওর‍্যাল জাজমেণ্ট দিলেন, সে কি ফাইনাল জাজমেণ্ট এবং তা যদি হয়ে থাকে ফ্রম ১৯৬৩ আপ টিল নাউ কি ভাবে তার ডিপার্টমেণ্টকে সো ফার য়্যাজ সেকসান ৫এ অব দি য়্যাক্ট ইজ কনসার্নড তিনি ওয়ার্ক করতে বলছেন ?

Shri Syamadas Bhattacharyya :

সত্যি কথা হচেছ

We have not taken any notice of this reported judgement—judgement as reported in the newspapers. We have completely ignored this.

Shri Satya Priya Roy :

কিন্তু আমাদের দেশে আমরা জানি অন্য রাষ্ট্র দিল্লী, পাঞ্জাব বা ইউ, পি, এ বিষয়ে এগিয়ে যাচ্ছে আর একটা কথা ইনস্পেকসান সম্বন্ধে বলতে চাই। এটা অত্যন্ত অসন্তোষজনকভাবে হয়ে থাকে। বোর্ডের নিজের কোন ইনস্পেকটর নেই। বোর্ড নিজেই ইনস্পেকসন পরিচালিত করে সরকারের ইনস্পেকটর-এর দ্বারা। কিন্তু অধিকাংশ স্কুল ইনস্পেকসন বছরে একবার হয় কিনা সন্দেহ যাও হয় তাও নাম মাত্র। একদিনের জন্য পরিদর্শক ইনস্পেকশন-এ গেলে তিনি ২।৩ ঘণ্টার জন্য যান এবং একবার করে ক্লাস ঘুরে দেখেন। কিন্তু আমরা জানি যে দিল্লী বা উড়িষ্যা বা অন্যান্য রাষ্ট্র ৪।৫।৬ দিন ধরে ইনস্পেকসন হয়—প্রত্যেক শিক্ষককে যে খাতাপত্র দেওয়া হয়েছে সেগুলি পর্যন্ত দেখে থাকেন। তার ফলে সব সময় তাঁদের একটা শঙ্কা ভাব থাকে। অর্থাৎ ইনস্পেকসন হলে ষ্টাফ-এর মধ্যে একটা শঙ্কা ভাব থাকে। কিন্তু আমাদের এখানে ইনস্পেকটর আছে সেটা নাম মাত্র। দিল্লীতে ইনস্পেকটর-এর কথা বলন যে সেখানে সংখ্যা অপ্রচুর বলে সেখানে তাঁরা অনারেরী মানে বেতনভুক নয়। কলেজ এর প্রফেসর নিয়ে তাদের সহায়তা নিয়ে ইনস্পেকসন করে থাকেন। সেইরকম ব্যবস্থা আমাদের এখানে কখ অসম্ভব নয়। প্রত্যেক জেলাতে কলেজ আছে, কোলকাতায় কলেজ আছে, সাবডিভিসানএ কলেজ আছে সেখানকার প্রফেসার প্রিনসিপাল কিম্বা স্কুলের প্রধান শিক্ষকদের সহায়তায় ইনস্পেকসান সুচারুভাবে সম্পন্ন করা যায়। ইনস্পেকসন যদি না হয় তাহলে স্কুলের কাজের গলদ দূর হতে পারে না। প্রত্যেক স্কুলের আভ্যন্তরীণ অনেক গলদ আছে। এরপর আমি ট্রেনিং বিষয়ে বলতে চাই আমরা ট্রেনিং এর জন্য লক্ষ লক্ষ টাকা খরচ করছি। ট্রেণ্ড টিচার যাঁরা ট্রেনিং পেয়ে আসছেন তাঁরা যে শিক্ষা পেয়ে আসছেন তারা কি সেভাবে কাজ করছেন? স্কুলের আভ্যন্তরীণ অবস্থা এত খারাপ এবং ষ্টাফ-এর সংখ্যা এত অপ্রচুর একজন এবসেন্ট হলে আর কোন লোক পাওয়া যায় না। সুতরাং ছাত্রদের প্রতি ব্যক্তিগত দৃষ্টি দেওয়া কিছুতেই সম্ভব নয়। সেজন্য এই যে ট্রেনিং দেওয়া হচ্ছে এর প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি যে কেবল টাকাগুলো অপব্যয় হচ্ছে। আমার মনে হয় যদি আভ্যন্তরীণ অবস্থার উন্নতি না করতে পারা যায় তাহলে কিছুই হবে না। আর একটা বিষয়ে আমি দৃষ্টি আকর্ষণ করছি যে বোর্ডের হাত থেকে শিক্ষকদের বেতন দেবার ভার সরকার যেখানে গ্রহণ করেছেন সেখানে এই কাজ সুষ্ঠুভাবে যাতে হয় সেটা দেখা দরকার। কারণ সময় মত বেতন যদি না পাওয়া যায় তাহলে কাজ করতে কারুর ইচ্ছা হয় না। এ সব দিক থেকে আমি চাচ্ছি বোর্ডের কাজ যদি সুষ্ঠুভাবে সম্পন্ন হয় তাহলে ছাত্রগুলি মানুষ হতে পারে, প্রকৃত শিক্ষা পেতে পারে, স্বাস্থ্য ভাল হতে পারে। এতে সকলের স্বার্থ নিহিত রয়েছে এই বোর্ডের কাজ কি ভাবে সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায় সে বিষয়ে উপায় নির্দ্ধারণ করে মাধ্যমিক শিক্ষাকে আসন্ন বিপদ হতে উদ্ধার করুন এটাই আমার নিবেদন।

Shri Satya Priya Roy:

স্যার, আমি খালি কয়েকটা প্রশ্ন করছি। পর্ষদের দেখছি উদ্বৃত্ত আয় আছে, কিন্তু তা সত্ত্বেও কর্মচারীদের সকলেই অস্থায়ী। আমি ক্লারিফিকেশান-এর জন্য উত্তর চাই। ওঁদের পরীক্ষা বিভাগে মাত্র ৩ জন কর্মচারী স্থায়ী আর সমস্ত কর্মচারী যাঁরা ১ লক্ষ ৬০ হাজার ছেলে মেয়ের পরীক্ষা নিচ্ছে তাঁরা সকলেই অস্থায়ী।

[4-10—4-40 p.m. including adpournment]

দ্বিতীয় কথা নুতন আইন হবার পরে তাদের বর্তমান অবস্থাটা কি হল সেটা দেখা দরকার অবশ্য আইনের ধারা অনুসারে তাদের চাকরী থেকে যাচ্ছে অথচ অন্য দিকে নূতন আইন বোধ হয় ১ বৎসর হলো হয়েছে কিন্তু তাদের যেসমস্ত অসুবিধা সে সম্বন্ধে কিছুই বিচার বিবেচনা করেন নি। ফলে দেখা যাচ্ছে শতকরা ৯০ জন অস্থায়ী। সেখানে স্থায়ী পদ থাকা সত্ত্বেও সে সমস্ত লোকেদের স্থায়ীভাবে নিযোগ করা হচ্ছে না। তাদের প্রভিডেণ্ট ফাণ্ড সম্বন্ধেও অভিযোগ আছে। তাদের বেতনের হার নূতন আইন হবার পর নির্দ্ধারণ হয় নি।

Shri Mohitosh Rai Chourdhuri:

অন এ পয়েণ্ট অব অর্ডার স্যার আমার বক্তব্য হল যে আমাদেরও তাহলে এ্যালাউ করতে হবে কারণ আমাদেরও বলবার আছে।

Mr. Deputy Chairman:

আমার মনে হয় ম্যানসার দেওয়ার সুবিধা হবে মন্ত্রী মহাশয়ের।

Shri Satya Priya Roy:

বিশেষ করে সেক্রেটারী এবং ডেপুটি সেক্রেটারী এদের যোগ্যতা সম্বন্ধে বিচার করেছেন কিনা ও সেক্রেটারীর শিক্ষাগত যোগ্যতা সম্বন্ধে বিচার করেছেন কিনা? আমার আরও জিজ্ঞাস্য আপনারা সেক্রেটারী শিক্ষকতার যোগ্যতা জানেন কিন্তু তা সত্ত্বেও তার সে পদ স্থায়ী করেছেন কিনা? আমার মনে হয় ওখানে দুজন প্রকৃত শিক্ষিত লোক নেওয়া উচিত যাঁরা ঐ দায়িত্ব পালন করতে পারবেন। কাজেই এই সমস্ত পরিপ্রেক্ষিতে যাঁরা তিন চার বছরে বি, এ পাস করেছেন তাঁদের স্থায়ীভাবে নিয়োগ করবেন কিনা? সেক্রেটারী নিয়োগ হওয়ার যে আইন তা ঠিকভাবে মানা হয়েছে কিনা? আমি জানি আপনারা ডেপুটি সেক্রেটারীকে এভাবে কিছু করতে পারেন না। আপনারা ডেপুটি সেক্রেটারী (একজামিনেশান) না করে সেখানে কণ্ট্রোলার অব একজামিনেসান একজন যোগ্য লোক নিয়ে সেক্রেটারীরএর ন্যায় কো-অর্ডিনেটিং পাওয়ার্স থাকবে এরূপ লোক নিতে রাজী আছেন কিনা? আমার শেষ কথা হল ঐ যেসমস্ত কর্মচারীরা অনশন করছেন তাদের সংবাদ আপনারা জানেন কিনা এবং তাদের সঙ্গে দেখা সাক্ষাৎ করে তাদের অভিযোগগুলি কি তা জানবার চেষ্টা সরকার পক্ষ থেকে হবে কিনা? মাননীয় মন্ত্রী মহাশয় এই প্রশ্নগুলির উত্তর পরিষ্কারভাবে দেবেন বলে আশা করি।

Shri Sowrindra Mohan Misra:

মাননীয় ডেপুটি চেয়ারম্যান মহোদয়, মনোরঞ্জন বাবু শ্রদ্ধেয়ব্যক্তি এবং তিনি আজীবন শিক্ষা জগতের সঙ্গে জড়িত আছেন এইজন্য শিক্ষা সম্বন্ধে কিছু বলবার সুযোগ পেলে কি করে দেশের শিক্ষা ব্যবস্থার উন্নতি হবে তার বিস্তৃত বিবরণ দেবার তিনি চেষ্টা করেন এবং আজকেও তিনি সেই চেষ্টাই করেছেন। কিন্তু দুঃখের বিষয় আজকে যে প্রশ্ন নিয়ে আলোচনা হচ্ছে তার সঙ্গে স্পোর্টস ও ইনসপেকসান বা ডাক্তারের কোন সংশ্রব নেই। তিনি শিক্ষা ব্রতী তাই এ সব বিষয় নিয়ে আলোচনা করেছেন। কিন্তু দুঃখের বিষয় এই যে, যে প্রশ্ন নিয়ে আজকে এখানে আলোচনা হচ্ছে তার সঙ্গে স্পোর্টস বা ইনসপেকসন-এর কোনো সংশ্রব নেই কিন্তু যেহেতু তিনি শিক্ষাব্রতী তাই তিনি এ ধরণের নানা বিষয় নিয়ে আলোচনা করেছেন। যে সমস্ত বিষয়ের সঙ্গে আজকে এ আলোচনার কোনো সংশ্রব নেই আমি তার কোনো উত্তর না দিয়ে যে প্রশ্নটি আজ আলোচনার বিষয়বস্তু আমি তার জবাব দেবো।

Mr. Deputy Chairman: The subject is alleged mismanagement of the West Bengal Board of Secondary Education.

Shri Sowrindra Mohan Misra:

শুধু এটুকু নয় আরও আছে,

It is mismangement of the affairs of the West Bengal Board of Secondary Education with reference to the result of the School Final.

পরীক্ষা বিভ্রাটের যে কথা তা নিয়ে আজকে আলোচনার কথা বলেছেন। আগে এই ব্যাপারে মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয় যে উত্তর দিয়েছিলেন তারপরে আমি এখন যা উত্তর দিচ্ছি এতেই মনে হয় সমস্ত কিছু বোঝা যাবে। একটা কথা আপনারা সকলেই জানেন যে এক লক্ষ ষাট হাজার ছেলে এবারে পরীক্ষা দিয়েছিল এবং তারমধ্যে ৫৭টি ক্ষেত্রে পরীক্ষার ফলাফল নিয়ে গোলোযোগ উঠেছে, সত্যপ্রিয়বাবু একটু আগে বলেছেন যে ষ্টাফএর জন্য এটা হয়েছে, কিন্তু এটা বোর্ড ষ্টাফএর জন্য নয় টেবুলেসান করবার একটু অসুবিধা ঘটেছিল তাই ঐ ধরণের জিনিষ হয়েছে। একথা সত্য যে যেটা মনোরঞ্জনবাবুও বলেছেন যে পরীক্ষার ফলাফল নিয়ে গোলোযোগ উপস্থিত হলে সকলেরই মন চঞ্চল হয়ে উঠে। একথা খুবই সত্য যে এর

প্রতিকার করা খুবই প্রয়োজন। কিন্তু এর কি প্রতিকার হয়েছে এটাই সকলের জিজ্ঞাস্য? যদি এই কথাই মনে করেন যে বোর্ড-এর পরীক্ষার ফলাফল যে টেবুলেটররা কয়েকটা ভুল করেছেন তাহলে আমি বলবো যে এই টেবুলেসান যারা করেন তারা অত্যন্ত শ্রদ্ধেয় ব্যক্তি এবং তারা বোর্ড-এর কর্মচারী নন। যদি মহলানবীশের মত শ্রদ্ধেয় কোনো ব্যক্তি তিনি হন এবং তার যদি কিছু ভুল হয়ে থাকে তাহলে আমি মনে করি না যে এই নবগঠিত বোর্ডকে এখুনি উঠিয়ে দিতে হবে এবং আমি বোধ করি বোধ হয় কেহই এ ধরণের চিন্তা করেন না।

বোর্ড গঠিত হয়েছে অল্প কয়েক দিন এবং সত্যি কথা বলতে গেলে বোর্ডের সমস্ত কমিটি এখনো গঠিত হয়ে যায়নি। বোর্ডের কমিটি গুলি গঠিত হবে; তার জন্য ডীনদের সকলে আসেন নি। আমরা খবর পেয়েছি যে কল্যাণী ইউনিভার্সিটি বাদ দিয়ে আর সব জায়গার সভ্য চলে এসেছেন এবং কল্যাণী ইউনিভার্সিটির ডীন যিনি আসবেন সভ্য হয়ে, তিনি পূজার মধ্যে চলে আসবেন। এবং পূজার পরে কমিটি করে তাঁর কার্যনির্বাহ করবেন।

অতএব যে বোর্ড সবেমাত্র গঠিত হয়েছে, এখনও ভালকমে কাজ কর্ম তারা আরম্ভ করে নাই। আর সেই বোর্ডের প্রতিটি কর্মে সরকার হস্তক্ষেপ করবেন এটা বোধ হয় এখনই ভেবে নেওয়া বাঞ্ছনীয় নয়। আমার তো মনে হয় আজ যদি হস্তক্ষেপ আমরা করতে যাই তাহলে ঐ পক্ষ থেকে কথা উঠবে যে সমস্ত সরকার কুক্ষিগত করে রাখবার জন্য চেষ্টা করছেন। অবশ্য একথা ঠিক নয়। যখন পরীক্ষায় গোলমাল হয়েছে, তখন নাকে সরষের তেল দিয়ে আর সরকার নিদ্রা দিচ্ছেন না। পরীক্ষায় এই যে গোলমাল হয়েছে এটা কোনস্তরে গোলমাল হয়েছে, কোন স্তরে গলদ হয়েছে এই সমস্ত কিছু দেখবার জন্য একটি কমিটি করা হয়েছে। সেই কমিটির প্রেসিডেণ্ট আছেন ডাঃ ত্রিগুণা সেন, যাদবপুর ইউনিভার্সিটির ডি, পি আই আছেন, চীফ ইনস্পেক্টার অব সেকেণ্ডারী এডুকেশন আছেন ধরণীধর মুখার্জি, সুতৃপ্তি সান্যাল আছেন, ভূপাল গুপ্ত আছেন। এঁরা শুধু যে অতীতে যে ভুল হয়েছে তা নয়, কোন স্তরে কি ভাবে ভুল হয়েছে সেটাও যেমন দেখবেন, সেই সঙ্গে মূল যেখানে দোষ তা নির্ণয় করে ভবিষ্যতে আর যাতে এরকম ভুল ত্রুটি না হয় তার জন্যও তাঁরা ব্যবস্থা করবেন দুটি কাজের জন্য একটি কমিটি গঠিত হয়েছে। যখন করেছেন এবং তাঁরাই যখন কাজে এগিয়ে গেছেন, তখন আবো যে প্রশ্ন ছিল এ সম্বন্ধে একটি কমিটি করা সরকার এর প্রয়োজন মনে করেন না। আমি আশা করি যে যা হয়েছে, তার পুনরাবৃত্তি যাতে আর না হয় তারজন্য এই যে কমিটি বোর্ডের গঠন করা হয়েছে, তাঁরা নিশ্চয়ই সতর্কতা অবলম্বন করবেন।

আর একটি কথা আপনাদের কাছে বলি যেটা মনোরঞ্জনবাবু বললেন যে প্রতি জেলা জেলায় কেন্দ্রের কি হবে তা আমার মাথায় ঠিক ঢুকলো না। প্রতি জেলায় জেলা এক্‌জামিনেসান বোর্ড হবে তাঁরা সেখানকার পরীক্ষার খাতাপত্র স্থানীয় লোকদের দিয়ে পরীক্ষা করাবেন এবং টেবুলেট করে ফল ওখানে আউট করবেন। এটা করা সরকারের পক্ষে সম্ভবপর হবে বলে আমার মনে হয় না। উনি যে সাজেসান রাখলেন, তাতে সমস্যার সমাধান হবে বলে আমি মনে করতে পারছি না। আর যদি মনে করে থাকেন প্রতি জেলায় পরীক্ষার কেন্দ্র থাকবে সেটা তো প্রতি জেলায় দু তিন চারটি করে এক্‌জামিনেসান সেণ্টার রয়েছে ছেলেদের সুবিধার জন্য। কাজেই তিনি ঠিক কি মনে করেছেন আমি বুঝতে পারছি না। তবে এটুকু আমি মনে করি যে বিশিষ্ট শিক্ষাব্রতী হিসেবে মনোরঞ্জনবাবু ছেলেদের মঙ্গলের কথা চিন্তা করেছেন এবং সেকথা আজকে তিনি প্রকাশ করেছেন। আমি তাঁকে জানাচ্ছি যে তাদের যাতে অসুবিধা না হয় তার জন্য এই নবগঠিত বোর্ড এই কাজ করেছেন।

মাননীয় সত্যপ্রিয়বাবু কতকগুলি প্রশ্ন রেখেছেন। আমি দুঃখের সঙ্গে জানাচ্ছি তার সঙ্গে এর কোন সম্বন্ধ নাই। বোর্ডের এমপ্লয়িজদের কি কি সুবিধা অসুবিধা তা যখন এই প্রশ্নের এক্তিয়ারভুক্ত নয়, তখন তার উত্তর আজকে দিতে আমি সমর্থ নই।

এইটুকু বলেই আমি আমার বক্তব্য শেষ করছি।

(At this stage the House was adjourned for twenty minutes).

(After adjournment)

[4-40—4-50 p.m.]

Non-Official Resolution

Shri Monoranjan Sen Gupta :

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, আমার রেজলেসন হচ্ছে

This Council is of opinion that "Sal" leaves which are extensively used by shopkeepers especially confectioners to supply edibles should be disinfected, at the places where they are collected, by Government machinery before they are allowed to be used by the shopkeepers in the interest of public health.

আমি যে প্রস্তাব এনেছি এটা অনেকের কাছে অদ্ভুত বলে মনে হচেছ্। বিধান পরিষদে এই রকম প্রস্তাব আলোচনায় যোগ্য নয় বলে মনে হচেছ। কিন্তু আমি তা মনে করি না। এজন্য আমি মনে করি না যখন দেখি এই সব শালপাতা যেখান থেকে সংগৃহীত হয় সেখানে সেইসব কি অবস্থায় পড়ে আছে। আমি জানি বাঁকুড়া, ঘাটশীলা, ময়ূরভঞ্জ, উড়িষ্যা ইত্যাদি জায়গায় ধূলোবালি, মলমূত্র ইত্যাদির মধ্যে পড়ে থাকে বা উপর থেকে পেড়ে ফেলে। এমন কি আমি যখন বাঁকুড়া জেলায় ছিলাম তখন দেখেছি কু ব্যাধিগ্রস্থ লোকেরা যা ফেলে গেছে সেখান থেকেই পাতা নিয়ে আসছে। এইসব শালপাতা ট্রেণ, নৌকা বা ষ্টিমার-এ করে কোলকাতা শহরে আসে এবং আরও ধূলোবালির মধ্যে দিয়ে এই সব আসার পর এগুলি দোকানে দেওয়া হয়। দোকানদারেরা এই পাতা না ধূয়ে কোনরকম স্বাস্থ্যের ব্যবস্থা না করে তা দিয়েই লোককে খাবার দেয়। ছেলেপিলেরাও মহানন্দে সেই ঠোঙা করে খাবার নিয়ে আসে। সেই পাতায় রসগোল্লা বা পান্তয়ার রস লেগে থাকে সেই সব তারা চাটে। এটার গুরুত্ব কতখানি স্বাস্থ্যের দিক থেকে সেটাই অনুধাবনযোগ্য, আমরা বাঙালীরা স্বাস্থ্য বিষয়ে একেবারে উদাসীন। বাঙালীদের মধ্যে যক্ষ্মা রোগীর সংখ্যা খুব বেশী। এখন না কি ভারতবর্ষের মধ্যে ৫ লক্ষ ৫৯ হাজার জন যক্ষ্মা রোগী আছে। কিন্তু আমার মনে হয় আরও অনেক রুগী আছে যারা হাঁসপাতালে যায় না। যক্ষ্মা রোগ বিস্তারের এই শালপাতাও একটা কারণ। আগে একরকম ব্রাউন পেপার প্রস্তুত হোত তা দিয়ে খাবার দেওয়া হোত। এখন রাস্তাঘাটে যে সমস্ত কাগজ পড়ে থাকে, লোকের বাড়ীতে যেসমস্ত কাগজ থাকে সেই সমস্ত কাগজ সংগ্রহ করে যারা বিক্রি করে তা দিয়ে ঠোঙা তৈরী হয়। এই ঠোঙা করে খাবার, মুড়ি, মুড়কী ইত্যাদি নানা রকম খাবার ছেলেপিলেদের দেওয়া হয়। এই সবের মধ্য দিয়ে নানান রোগের বীজানু সঞ্চারিত হয়। কিন্তু এসব বিষয়ে আমরা সম্পূর্ণ উদাসীন। তারপর আমরা দেখতে পাই কাটা শশা, তরমুজ ইত্যাদি সমস্ত ফল এই সব পাতায় করে বিক্রি হচেছ্ এবং আমরাও তাই অবাধে গলাধঃকরণ করছি, জানি না, কি বীজ ; বীজাণু গ্রহণ করছি। আমরা হাইজিন সম্বন্ধে বই পড়ি, কিন্তু কোন হাইজিনিক প্রিন্‌সিপাল অবলম্বন করি না। দোকানে যেসব খাবার থাকে সেই সবের অধিকাংশতেই ধূলোবালি পড়ে থাকে সুতরাং এই দিকে আমি মাননীয়া স্বাস্থ্যমন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করছি। বাঙালী জাতি স্বাস্থ্যের দিক থেকে সর্বাপেক্ষা অবনত। আমরা কোন কঠিন কাজ করতে পারি না। আমি টাটা কোম্পানীর একটা স্টেটিসটিক পেয়েছিলাম তাতে দেখেছি সেখানে তাঁরা লিখেছিলেন কোন জাতি কি ভাবে শারীরিক পরিশ্রম করতে পারে আগুনের তাতে। এতে দেখা গেছে যে পাঞ্জাবীরা ৮ ঘণ্টার মধ্যে ৫ ঘণ্টা কাজ করতে পারে, অন্যান্য জাতি ৩।৪ ঘণ্টা করতে পারে এবং বাঙালী মাত্র ২ ঘণ্টা করতে পারে। অর্থাৎ শ্রমসাধ্য যে সমস্ত কাজ আছে তাতে বাঙালী জাত পিছিয়ে আছে। আজ কোলকাতা শহরের মধ্যে দেখতে পাই যে শ্রমিক জাতির মধ্যে অধিকাংশই অবাঙালী। কঠোর কাজ করতে বাঙালী যুবক এগিয়ে আসার জন্য সক্ষম নয়—তাদের শরীরে এই কাজ করতে দেয় না। সুতরাং আমাদের স্বাস্থ্য সম্বন্ধে বিশেষভাবে ভাবতে হবে। স্বাস্থ্য যদি চলে যায় ভাইটালিটিও চলে যায় তাহলে মানুষ কি নিয়ে কাজ করবে। আজ শিক্ষা বিষয়ে আমরা অনগ্রসর হয়ে পড়ায় যে সমস্ত পরীক্ষা গৃহীত হচেছ তাতে বাঙালী জাত পিছিয়ে যাচেছ্।

সুতরাং আজকে দেখা যাচ্ছে কি চাকুরীর দিক থেকে কি অন্য দিক থেকে সমস্ত দিক থেকেই বাঙ্গালী পিছিয়ে যাচ্ছে। তারা কোনো কঠোর কাজ করতে পারছে না। আজকে দেখা যাচ্ছে শিল্পের দিকেও অবনতি ঘটছে এবং বাঙ্গলাদেশ থেকেও বহু টাকাই আজকে বাইরে চলে যাচ্ছে। এ টাকা কারা নিয়ে যাচ্ছে না যারা কঠোর পরিশ্রম করতে পারে। আমরা চাই এই শালপাতার ব্যবহার হোক

(এ ভয়েস : পাঞ্জাবীরা কি শালপাতা ব্যবহার করে না ?)

আমার মনে হয় না যে পাঞ্জাবীরা শালপাতা ব্যবহার করে। আমার জানা আছে যে দিল্লীতে শালপাতার ব্যবহার হয় না এবং বৃন্দাবনে কাঁচা শাল পাতা ব্যবহার হয়। বোধ হয় বাংলা দেশ ছাড়া আর কোথাও খাবার দ্রব্যে শালপাতা ব্যবহার করা হয় এটা আমার জানা নেই, আমরা বহু দিন ধরেই এইভাবে শালপাতা ব্যবহার করে আসছি। আপনারা শালপাতা ব্যবহার করুন তাতে আমার আপত্তি নেই তা ডিসইনফেক্ট করুন বা তা ধোবার ব্যবস্থা করুন, আজকাল স্বাস্থ্য সম্মত উপায়ে বা বৈজ্ঞানিক উপায়ে কি ভাবে এটা রক্ষা করা যায় সেটা দেখুন। আজকাল মেডিক্যাল কলেজ এবং অন্যান্য কলেজ-এর মাধ্যমে এ ধরণের শিক্ষা অনেকেই লাভ করছে কিন্তু সেগুলি তারা পালন করে না। আজকে স্বাস্থ্য বিভাগ থেকে স্বাস্থ্য রক্ষার বিভিন্ন উপায় বা স্বাস্থ্য উন্নত করবার বিভিন্ন পদ্ধতি সম্বন্ধে কোনো প্রকার প্রচার কার্য্য বা তাদের কর্তব্য কিছুই পালন করা হয় না। যাতে বাঙ্গালীর প্রাণশক্তি বাড়ে এবং পুষ্টিকর খাদ্য খেয়ে যাতে বাঙ্গালীর শক্তি বৃদ্ধি হয় ও যাতে বল বাড়ে সেদিকে লক্ষ্য রাখা উচিত। আমি যে কথা বলতে চাই

practically we are a class of sick people

বাঙ্গালী একটি পীড়িত জাতিতে পরিণত হয়ে গেছে. আজকে যদি আমাদের ছেলেদের স্বাস্থ্য পরীক্ষা করে দেখেন তা হলে দেখবেন যে অন্যান্য জাতির ছেলেদের চেয়ে বাঙ্গালী জাতির ছেলেদের স্বাস্থ্য খারাপ, ছাত্রদের যে মেডিক্যাল পরীক্ষা হয় তাতে দেখা গেছে ৭০ পারসেণ্ট ছেলেদের স্বাস্থ্য খারাপ। আজকে তারা খাবার ব্যাপারে কোনো বাদবিচার করে না। আজকে তারা শালপাতার ঠোঙায় খায়। এই শালপাতা জীবাণু বিস্তারের একটা প্রধান সূত্র সেটা আপনারা অস্বীকার করতে পারবেন না। সুতরাং এটা আজ আমাদের দেখা উচিত। এটা আমি কোন রকমেই হাসবার বিষয়বস্তু বলে মনে করি না এটা আমি গুরুতর কাজ বলে মনে করি। আজ বাঙ্গালার ঘরে ঘরে দেখা যাচ্ছে যে বহু লোকই টি বি রোগে ভুগছে এবং টি বি রোগ বিস্তারের যে একটা পথ সেটাও একথা অস্বীকার করতে পারবে না। সুতরাং সব দিক দিয়েই এটা আজ আমাদের দেখা উচিত। আজ স্বাধীনতা যখন আমরা পেয়েছি তখন সে স্বাধীনতাকে রক্ষা করা আমাদের উচিত। মাননীয় স্বাস্থ্যমন্ত্রী মহাশয়া বাঁকুড়া থেকে এসেছেন। সেই বাঁকুড়ায় প্রচুর শালপাতা পাওয়া যায়। তিনি নিশ্চয়ই এটা জানেন যে সে শালপাতা কি ভাবে সংগ্রহ করা হয়। রুচির দিক থেকে এটা খুবই অস্পৃশ্য বলে মনে হয়। আমি আগেও বলেছি এবং পুনরায় সেই কথাই বলছি যে শালপাতা আমরা ব্যবহার করতে চাই তবে তা উপযুক্ত উপায়ে ডিসইনফেক্ট করে ব্যবহার করা উচিত। দোকানদার যাতে ধুয়ে শালপাতা ব্যবহার করে সেই ভাবে ব্যবস্থা করা উচিত। বাঙ্গালী জাতির স্বাস্থ্যের অবনতি যে ভাবে হচ্ছে সেটা আমাদের লক্ষ্য করা উচিত। আপনারা এ বিষয়ে বৈজ্ঞানিক পদ্ধতিতে চিন্তা করুন। আমরা বৈজ্ঞানিক শিক্ষালাভ করছি বটে কিন্তু তার ব্যবহার ঠিকমত করছি না।

এই পরিপ্রেক্ষিতে বলতে চাই যে আপনারা এ বিষয়ে চিন্তা করে এ বিষয়ে একটা ব্যবস্থা অবলম্বন করুন। এই কথা বলেই আপনাদের কথার পরিপ্রেক্ষিতে আমার মোশান উইথড্র করে নিচ্ছি।

The motion of Shri Manoranjan Sen Gupta that this Council is of opinion that "Sal" leaves which are extensively used by shopkeepers especially confectioners to supply edibles should be disinfected, at the places where they are collected, by Government machinery before they are allowed to be used by the shopkeepers, was then, by leave of the House, withdrawn.

Mr. Deputy Chairman: Now the next resolution.

Shri Nirmal Bose: Sir, I beg to move that this Council is of opinion that the Government of West Bengal should take immediate steps for the formation of a State University Grants Committee in the interest of a just and fair distribution of State grants to the different Universities in West Bengal and the colleges affiliated to them.

মাননীয় উপপরিষদপাল মহাশয়, আমি সে প্রস্তাব উত্থাপন করছি এর মধ্যে উত্তেজনার কিছু নেই বা দলীয় ব্যাপার বা রাজনৈতিক ব্যাপার নয়। আমি যেটা বলছি শিক্ষার স্বার্থে সেটা খুবই গুরুত্বপূর্ণ বলে মনে করি। রাজ্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিটি গঠনের জন্য এ প্রস্তাব আমি এনেছি। বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে এ কমিটি গঠন করা হোক। এ কমিটির কাজ হবে রাজ্য সরকার বিশ্ববিদ্যালয়ের জন্য যে অর্থ বরাদ্দ করবেন যে কোন বিশ্ববিদ্যালয়কে কি পরিমাণ দেওয়া হবে সে কাজটি এ কমিটি করবেন। তা ছাড়া পশ্চিমবাংলায় যে সমস্ত বিশ্ববিদ্যালয় হয়েছে সেগুলির মধ্যে বিভিন্ন বিষয়ে সমন্বয় সাধন করা কোঅর্ডিনেটের কাজ এই কমিটি করবেন। তাছাড়া নূতন নতন যে সমস্ত বিশ্ববিদ্যালয় হয়েছে এবং হবে সেগুলির বিশেষ কি প্রয়োজন রয়েছে তা বিবেচনা করে কি সাহায্য তাদের প্রয়োজন এবং কি নির্দেশ দেওয়া দরকার এ বিষয় তাঁরা ভাববেন।

[4-50—5 p.m.]

তাছাড়া শিক্ষার মান বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে কেমন হচ্ছে সে বিষয়ে চিন্তা করবেন, তাঁরা গবেষণা করবেন, পরামর্শ দেবেন। তাছাড়াও শিক্ষা সম্পর্কিত অন্যান্য বিষয়েও তাদের কিছু যদি বিবেচনা করা দরকার হয়, সে বিষয়েও তাঁরা বিবেচনা করতে পারবেন। কেবল মাত্র অর্থ মঞ্জুরী করাই এই কমিটির কাজ হবে না। কেন্দ্রে যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন ইউ, জি সি গঠন করা হয়েছে, তার কাজও কেবলমাত্র বিশ্ববিদ্যালয়কে টাকা দেওয়া নয়, বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও উচচ শিক্ষা সংক্রান্ত যাবতীয় বিষয়ের ব্যবস্থাপনা করা, সমন্বয় সাধন করা, উন্নতি করা তা, কাজ। কেন্দ্রীয় যে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন রয়েছে, তারও কাজ কেন্দ্রীয় সরকার যে অর্থ বরাদ্দ করেন বিশ্ববিদ্যালয়ের জন্য, যে অর্থ তাঁরা দিতে চান, তা ৫৪টি বিশ্ববিদ্যালয়ের মধ্যে কিভাবে ভাগ করা হবে, কোন নীতিতে কাকে কি পরিমাণ দেওয়া হবে সেগুলি তাঁরা করেন। রাজ্যে যদি আমরা এই রকম বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন করতে পারি তাহলে রাজ্য সরকারের যে দেয় অর্থ সেটাও তাঁরা দিতে পারবেন। এই কমিটি করবার প্রয়োজন কেন এ কথা যদি আমরা বিবেচনা করি তাহলে দেখতে পাব সর্ব প্রথম দরকার বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র্য অটোনমি রক্ষা করবার জন্য। তার কারণ বর্তমানে কি ব্যবস্থা রয়েছে? আমাদের যে শিক্ষা দপ্তর........

Shri Nirmal Chandra Bhattacharyya:

অধ্যাপক বোস কি কলেজগুলিকে এর পরিপ্রেক্ষী থেকে বাদ দিচ্ছেন?

Shri Nirmal Bose:

না, তা দিচ্ছি না। বিশ্ববিদ্যালয় এবং কলেজ আমার প্রস্তাবে সেটা আছে।

Shri Nirmal Chandra Bhattacharyya:

কিন্তু আপনার বক্তৃতায় আপনি কলেজের কোন কথা উল্লেখ করেন নাই বলে আমার এ সন্দেহ হচ্ছিল।

Shri Nirmal Bose: University group Commission

যে ভাবে কাজ করে যে বিভিন্ন কলেজকে তাদের গবেষণার জন্য টাকা দেন বিভিন্ন কাজের জন্য টাকা দেন। কিন্তু এই টাকাটা বিশ্ববিদ্যালয় মারফৎ দেওয়া হয়। বিশ্ববিদ্যালয় অনেকটা

পোষ্ট অফিসের মত কাজ করে। রাজ্যেও ইউ, জি সি এইভাবে কাজ করতে পারবে। তাঁরা এফিলিয়েটেড কলেজগুলিতে বিভিন্ন কারণে সাহায্য ও অর্থ মঞ্জুরী করতে পারবেন। তবে স্বাভাবিকভাবে বিশ্ববিদ্যালয় মারফৎ এই জিনিষগুলি হবে। ঠিক কেন্দ্রের মতই এখানে কাজ করা যেতে পারবে।

যে কথা আমি বলছিলাম যে বিশ্ববিদ্যালয়ের স্বাতন্ত্র্য রক্ষা করার জন্য প্রয়োজন সরকারী নিয়ন্ত্রণ, সরকারী নিয়ন্ত্রণ বর্তমানে যেটা রয়েছে তার কারণ অর্থের উপর সব কিছু নির্ভর করে। বিশ্ববিদ্যালয়ের পক্ষে সরকারী অর্থ তাদের একটা প্রধান উৎস কাজ পরিচালনা করার তাদের আয়ের প্রধান উৎস। আমাদের শিক্ষা দপ্তর তাদের পছন্দমত বিভিন্ন বিশ্ববিদ্যালয়কে অর্থ দেন। এই অর্থ কাকে কি পরিমাণ দিতে হবে, তার জন্য আলাদা কোন প্রতিষ্ঠান নাই। তাতে কি হচ্ছে? তার ফলে কোন বিশ্ববিদ্যালয় বেশী পাচ্ছে, কোন বিশ্ববিদ্যালয় কম পাচ্ছে। যে বিশ্ববিদ্যালয় সরকারকে বেশী খোসামোদ করতে পারবে, নির্দেশ বেশী পালন করতে পারবে, সরকারের কথা শুনে চলবে তাকে বেশী অর্থ দেওয়া হবে। আমি দেখছি বাংলাদেশে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের জন্য বিভিন্ন আইন আছে। কোন বিশ্ববিদ্যালয়ের উপর সরকারী নিয়ন্ত্রণ বেশী, আবার কোন বিশ্ববিদ্যালয়ের উপর কম। যেখানে সরকারী নিয়ন্ত্রণ বেশী, স্বাভাবিকভাবেই সরকারী অর্থ সেখানে বেশী পরিমাণে চলে যাবার আশঙ্কা আছে। তাই সরকারের এই অর্থ যদি একটা বিশেষজ্ঞ কমিটির হাতে দেওয়া হয় যাঁরা এটাকে বণ্টন করবেন, তাহলে বিশ্ববিদ্যালয় তার স্বাতন্ত্র্য রক্ষা করে শিক্ষা ক্ষেত্রে তার দায়িত্ব পালন করতে পারবেন বলে আমি মনে করি।

দ্বিতীয় কথা এই সম্পর্কে রাধা কৃষ্ণান কমিশনের চেয়ে আর কোন কমিশনই উচ্চতর শিক্ষার কথা অত ভালভাবে বিবেচনা করেছেন বলে আমাদের জানা নাই তাঁরা যখন কেন্দ্রে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গঠন করবার কথা বলেছিলেন তাঁরা এই কথাই তখন বলেছিলেন যে যাতে সরকারী নিয়ন্ত্রণের মধ্যে না থেকে কেন্দ্রে বিশ্ববিদ্যালয় শিক্ষার স্বাতন্ত্র্য রক্ষিত হয় তার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি গঠন করা উচিত রাধাকৃষ্ণান কমিশন বলেছেন

In a democratic country the decision of how much public money can be spent for Universities can be made and ought to be made by the Government.

কি অর্থ দেওয়া হবে সেটা স্থির করবেন সরকার কিন্তু

It is a political decision and a part of their yearly proposal, but once that decision is made, the detailed allocation of the money must be left to an expert body, not merely non-political but as rigidly protected from political or personal lobbying and pressure as the Constitution of the country can make them. Otherwise, if the decision—whether this or that new Department or new Research Laboratory would be allotted to X University or Y University—rests with any Minister, the way is opened for pressure groups to exert political influence on what should be a purely educational question.

রাধাকৃষ্ণান কমিশন পরিস্কার করে বলেছেন টাকা কি পরিমাণ দেওয়া হবে এটা সরকার স্থির করবেন গণতান্ত্রিক রাষ্ট্রের। কিন্তু টাকার পরিমাণ ঠিক করে দেবার পর সেটা কাকে কি ভাবে দেওয়া হবে—এটা রাজনৈতিক নিয়ন্ত্রণ নিরপেক্ষ একটা বিশেষজ্ঞ কমিটির হাতে থাকবে। তা না হলে প্রেসার গ্রুপস সৃষ্টি হবে এবং বিশ্ববিদ্যালয়গুলি সরকারের তাবেদারে পরিণত হবে। এ বিষয়ে রাধাকৃষ্ণান কমিশনের চেয়ে আর কেউ ভাল ভাবে বলেন নি। এই স্বাতন্ত্র্য রক্ষা করবার জন্য সরকারের যে প্রত্যক্ষ নিয়ন্ত্রণ তার হাত থেকে বিশ্ববিদ্যালয়কে মুক্ত করবার জন্য এই ধরণের কমিটি দরকার।

বর্তমানে বিশ্বভারতী ছাড়া আরও ৬টা বিশ্ববিদ্যালয় রয়েছে, আরও একটি বিশ্ববিদ্যালয়ের কথা আমরা শুনছি। এত বিশ্ববিদ্যালয় হবার ফলে এদের মধ্যে একটা সমন্বয় সাধন হওয়া দরকার। বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে সিলেবাস-এর ব্যাপার রয়েছে, পরীক্ষার ব্যাপার রয়েছে, জ্ঞানের ব্যাপার রয়েছে, কিন্তু এদের মধ্যে সমন্বয় সাধনের বর্তমানে কোন ব্যবস্থার কথা নেই, কোন সেমিনারী নেই। ইতিমধ্যে পরীক্ষার ব্যাপার নিয়ে যে দুর্নীতি দেখা দিয়েছে সেকথা আপনারা সবাই জানেন। উত্তর বঙ্গ বিশ্ববিদ্যালয়ের এখন পার্ট ওয়ান পরীক্ষার ফল বেরোয়নি। কলিকাতা বিশ্ববিদ্যালয়ে

যে মাসে পরীক্ষা হয়েছে জুন মাসের অল্প মাঝামাঝি ফল বের করে দিত। কিন্তু উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ে আজও বেরুল না, অথচ সেখানে নামে মাত্র ছাত্র। এজন্য তারা কোথাও ভর্তি হতে পারছে না—কোলকাতা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারছে না। এদের যখন বি. এ. এর রেজাল্ট বেরুল তখন এসব জায়গায় ভর্তি বন্ধ হয়ে গেল। এই সমস্ত বিশ্ববিদ্যালয়ের মধ্যে পরীক্ষার ব্যাপারে, যোগাযোগ গবেষণার ব্যাপারে যোগাযোগ, মানের ব্যাপারে যোগাযোগ, সিলেবাস এর ব্যাপারে যোগাযোগ ইত্যাদি কিছু নেই। সরকারী কর্মচারীর যদি কোলকাতায় ট্রান্সফার হয় তাহলে তাদের ছেলেমেয়েরা কোলকাতায় কোন কলেজে পড়তে পারে না। সুতরাং এমন একটা সংস্থার দরকার যা এদের মধ্যে সমন্বয়সাধনের চেষ্টা করব, কোর্ডিনেশান এর ব্যবস্থা করবে। নতুন নতুন বিশ্ববিদ্যালয় করা দরকার এবং তাদের কাজ ঠিক করা দরকার। পশ্চিমবঙ্গ শিক্ষা সমৃদ্ধ দেশ, অনেক শিক্ষা এখানে রয়েছে এবং শিল্পে আমরা ভারতবর্ষের মধ্যে একটা অগ্রগর রাজ্য। কিন্তু এখানে শিল্পের উপর গুরুত্ব দিয়ে বিশ্ববিদ্যালয়ের শিক্ষা আমরা এখনও গড়ে তুলতে পারিনি। যাদবপুর বিশ্ববিদ্যালয় আগে থেকে ছিল। বর্দ্ধমান বিশ্ববিদ্যালয় যখন তৈরী হল তখন আমরা শুনেছিলাম এখানে শিল্পের উপর জোর দেওয়া হবে কিন্তু এখনও পর্যন্ত সেটা করা হয়নি। অন্যান্য জায়গায় ইনজিনিয়ারিং ইউনিভারসিটি তৈরী হয়েছে। যেমন রুরকীতে হয়েছে সেইরকম ইনজিনিয়ারিং ইউনিভারসিটি আমরা করতে পারিনি। কৃষির ব্যাপারে কল্যাণী করেছি। কিন্তু কৃষির চেয়ে অন্যান্য বিষয়গুলোর যে গুরুত্ব দেওয়া হচ্ছে বলে তা জানি না। উত্তরবঙ্গ বিশ্ববিদ্যালয়ের অবস্থা বিবেচনা করে সেখানে কোন বিভাগ খোলা উচিত তা দেখা উচিত। জিওলজি উত্তরবঙ্গে বিরাট সম্ভাবনা রয়েছে। এ বিষয়ে ভালভাবে গবেষণা করার জন্য ওখানে জিওলজি বিভাগ খোলা দরকার। কিন্তু সেরকম কিছু খোলা হয়নি। তাই কোন বিশ্ববিদ্যালয়ে কোন বিভাগ খোলা উচিত সেটা দেখা দরকার। অর্থাৎ যাতে একই জিনিষ সব জায়গায় না হয় এ নিয়ে কাজের মধ্যে বণ্টন করে দিয়ে একমত ব্যবস্থা করা দরকার এবং তার জন্য একটা বিশেষজ্ঞ কমিটি করা দরকার। এটা না করলে আমরা বিশ্ববিদ্যালয় বাড়াব, কিন্তু তাতে শিক্ষার প্রসার হবে না। অনেকগুলো বিশ্ববিদ্যালয় আমরা করেছি। কিন্তু কোন বিশ্ববিদ্যালয়ের কি মান সেটা আমরা জানি। যেমন পাশাপাশি যাদবপুর ও কোলকাতার মধ্যে যাদবপুর বিশ্ববিদ্যালয় থেকে একজন এম. এ. পাশ করা লোক কলেজে দরখাস্ত করলে চাকরী পায়না, কেননা বিভিন্ন অধ্যাপকদের ধারণা যে কোলকাতা বিশ্ববিদ্যালয় পড়ান ভাল হয় সেখানকার ছাত্র গেলে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের নেয় না। তাই সমস্ত বিশ্ববিদ্যালয়ের পড়ানোর মান যাতে ভাল হয় সেটা দেখা উচিত। আমরা চাই না উপর থেকে নীচে নাবানো হোক। কিন্তু পড়াশুনার মান যাতে একরকম হয় তার জন্য সেই রকম ধরণের একটা সমন্বয় কমিটি করলে তাঁরা কাজ করতে পারবেন। কোন জায়গায় যদি এই রকম ধরণের মানের মধ্যে উঁচুনীচু থাকে সেটা কি ভাবে ঠিক করা যাবে এবং সে বিষয়ে তাঁরা ভাবতে পারবেন। তা ছাড়া কেন্দ্রে যে, বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশন রয়েছে তাঁরা কেবলমাত্র বিশ্ববিদ্যালয়ের মধ্যে যোগাযোগ ও অর্থমঞ্জুরী ব্যাপার আলোচনা করেন নি, শিক্ষা সংক্রান্ত ব্যাপার ইত্যাদ অনেক বিষয় আলোচনা করেছেন। ইতিমধ্যে তাঁরা ছাত্রদের মধ্যে শৃঙ্খলা বোধের অভাব ইত্যাদি বিষয়েও তাঁরা গবেষণা করেছেন। অনেক রিপোর্ট তাঁরা বার করেছেন। পশ্চিমবঙ্গ উচ্চতম শিক্ষা সম্পর্কে যেখানে বিশেষ বিশেষ সমস্যা রয়েছে সেখানে তাঁরা সে বিষয়ে ভাবতে পারবেন এবং যাঁর সমস্যা দিতে পারবেন। কিভাবে আমাদের দেশে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন এল এবং কেন আমরা এটা রাজ্যে দাবী করছি সেটা বলা দরকার। রাধাকৃষ্ণ কমিশন সুপারিশ করেছিলেন যে বিশ্ববিদ্যালয়ের শিক্ষার উন্নতির জন্য কেন্দ্র এইরকম ধরণের কমিশন করা উচিত এবং সেই কমিশনেও বলা হয়েছে রাজ্য দপ্তরেও যাতে হয় সেবিষয়ে ভাবা দরকার। ১৯৫৬ সালে যখন লোকসভায় এই বিল উত্থাপন করা হয় তখন তদানীন্তন শিক্ষামন্ত্রী আবুল কালাম আজাদ এই আশা প্রকাশ করেছিলেন যে কেন্দ্রের জন্য তাঁরা এটা করলেন কেন্দ্রের অর্থবরাদ্দ করার ব্যাপারে এবং তিনি এই আশা করেছিলেন যে রাজ্যেও ধীরে ধীরে এইরকম ধরণের মঞ্জুরী কমিশন গঠন করা হবে

University Grants Commission Bill এ Model University Act Committee

মত একটা কমিটি কেন্দ্রীয় সরকারের পক্ষ থেকে করা হয়েছিল ইউ. জি সি—র চেয়ারম্যান ডাঃ ডি এস. কোথারীকে সভাপতি করে। ১৯৬২ সালের শেষের দিকে তাঁর রিপোর্ট সংবাদপত্রে বেরিয়েছিল, সরকারীভাবে সেই রিপোর্ট বেরোয়নি। আমরা দেখলাম মডেল ইউনিভারসিটি

অ্যাক্ট কমিটি এই সুপারিশ করেছেন যে প্রত্যেক রাজ্যস্তরে এই ধরণের কমিটি হওয়া উচিত। সর্বভারতীয় যে শিক্ষা সংস্থা অল ইণ্ডিয়া ফেডারেসান অব এডুকেশন্যাল এসোসিয়েসন যার মধ্যে ভারতের সব রকমের শিক্ষক সংস্থা রয়েছে কেন্দ্রীয় লোকসভার বিশিষ্ট সভ্য মিঃ দেওয়ানচাঁদ শর্মা যার সভাপতি সেই এ. আই. এফ. ই. এ. এই প্রস্তাব সর্বসম্মতিক্রমে সমর্থন করেছে।

[5—5-10 p. m.]

আমাদের পশ্চিমবঙ্গে কলেজ এবং অধ্যাপক সমিতির পক্ষ থেকে বৎসরে বৎসরে এই দাবী জানিয়ে আসছি। আমাদের কলেজ এবং বিশ্ববিদ্যালয় সর্বভারতীয় সংখ্যা অনুসারে আমরা দাবী করছি। এই বিধান পরিষদেও এই দাবী বিভিন্ন সময়ে উপস্থিত করা হয়েছে অধ্যাপক নির্মল ভট্টাচার্য্য মহাশয়ও বারবার এই দাবী আমাদের এ বিরোধী পক্ষের তরফ থেকে করেছেন যে এটা হওয়া উচিত। বিধান মণ্ডলী ১৯৬২ সালের বাজেট অধিবেশনে তদানীন্তন মুখ্যমন্ত্রী স্বগতঃ ডাঃ বিধান চন্দ্র রায় এই বিষয়ে প্রতিশ্রুতি দিয়েছিলেন। তিনি শ্রীমতী অনিলাদেবীর একটি বক্তৃতার উত্তরে যা বলেছিলেন আমি তা কিছুটা পড়ে শোনাচ্ছি (কাউনসিল ডিবেট ভলিউম ২৬ পেজ ২৬৪ থেকে) তিনি এটা বলেছেন টুয়েণ্টি থার্ড মার্চ, ১৯৬২তে

There is another question which my friend Rai Harendra Nath Chaudhuri was going to say but could not say. The other one is the suggestion of Shrimati Anila Debi about the Inter-University Board within the University which appeals to me, and I have told the Education Minister to look into it. It is that Board also which may consider the question of distribution of funds as between different Universities. It is obvious that if there are 5 or 6 Universities, or more, then certain common points may be discussed, certain outlook may be determined, and the way in which migration, etc. may take place from one University to another may also be considered by this Board.

তাই আমরা বলছি যা তিনি বলেছিলেন যে, ইট ইজ এ গুড সাজেসান এই কথা মৃত্যুর অল্পদিন পূর্বে ডাঃ বিধান চন্দ্র রায় এই কথা বলেছিলেন যে এটা বিবেচনা করা উচিত। যেগুলি বিশ্ববিদ্যালয় একত্র কমিশান-এর মাধ্যমে আনলে কাজের বা যোগাযোগের সুবিধা হবে এবং যোগাযোগের এটার করার প্রয়োজন আছে। আজকে পশ্চিমবাংলায় উচচ শিক্ষার উন্নতির জন্য বিশ্ববিদ্যালয়ের সংখ্যা বেড়েছে এবং ছাত্রের সংখ্যাও অনেক বেড়েছে, আজ এসব কারণের জন্য এটা করার বিশেষ দরকার। ১৯৪৮ সাল থেকে এই প্রস্তাবের উপর বিভিন্ন সময় বলা হয়েছে এবং দাবী উত্থাপিত হয়েছে, আমার এই যে প্রস্তাব এদিকে শিক্ষার স্বার্থে এটার প্রস্তাব গ্রহণ করা উচিত। আপত্তির হয়ত একটা কারণ হতে পারে যে, আমাদের কেন্দ্রীয় সরকার বা রাজ্য সরকার সকলেই সাধারণ ভোটে নির্বাচিত সরকার এবং আইন সভার কাছে তারা সকলেই দায়ী। তারা ট্যাক্সপেয়ার-এর যে অর্থ সে অর্থ বিশ্ববিদ্যালয়ের কাছে বণ্টন করবেন এবং সে কাজের জন্য তারা এখানে আলোচনা করতে পারবেন, সুতরাং এর জন্য আলাদা প্রতিষ্ঠানের কি প্রয়োজন হতে পারে এই কথা হয়ত আপনারা বলবেন। কিন্তু আমার কথা হচ্ছে সেই একই যুক্তির কথা তো কেন্দ্রীয় সরকারের বেলায়ও বলা যেতে পারে তারা লোকসভার এবং রাজ্যসভাতে সাধারণ ভোটারের দ্বারা এবং রাজ্যসভার রাজ্যবিধান সভার দ্বারা নির্বাচিত হন। সে ক্ষেত্রে দেখা যায় যে কেন্দ্রীয় সরকার অর্থ বণ্টনের ভার নিজের হাতে রাখেন নি বিশেষজ্ঞ কমিটি করে তার হাতে দিয়েছেন যাতে নাকি আমাদের বিভিন্ন শিক্ষাবিদরা রয়েছেন সে কারণে আমি বলছি যে রাজ্যস্তরেও এটা হতে পারে। এ ছাড়া এ ধরণের যে কাজ সে কাজগুলির কথা আমি বলেছি। রাজ্য বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিটি এর হাতে এই অর্থ দিয়ে তারা কোন বিশ্ববিদ্যালয়কে কি পরিমাণ টাকা দিতে হবে এবং কি করলে শিক্ষার উন্নতি হবে, বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের মধ্যে যোগাযোগ হবে ও কোন বিশ্ববিদ্যালয়ের বিশেষ কি প্রয়োজন ইত্যাদি বিভিন্ন সমস্যাগুলি দেখা তার দ্বারাই সম্ভব। এই সমস্ত বিভিন্ন যোগ্যতার ইত্যাদি সময় কি আমাদের ডাইরেকটোরেট-এর আছে? আমার কথা হল সেখানে কি এ ধরণের বিশেষজ্ঞরা বসে আছেন যাদের দ্বারা এই সমস্ত কাজ করা সম্ভব? কেন তাদের দ্বারা সম্ভব নয় তার কারণ হচ্ছে এই ধরণের মেসিনারী বা সংস্থা তাদের নেই তাদের সে সময়ও নেই, যোগ্যতাও নেই বা করবার ইচ্ছাও নেই, সেই কারণেই আমি বলছি যে এটা আলাদাভাবে

করা দরকার ও আমলাতন্ত্রের চাপে যেন এটা চাপা না পড়ে এটাই আমার আবেদন। আপনারা এটা বিশেষজ্ঞদের হাতে ছেড়ে দিন বিশেষজ্ঞ কমিটিতে কারা থাকবেন বা কারা সদস্য হবেন সেটা দেখুন, বিশেষজ্ঞ কমিটিতে এই সব বিভিন্ন শিক্ষাবিদদের নিয়ে তৈরী করা হয়, আমি বিশ্ববিদ্যালয়েয় মঞ্জুরী কমিশনএর কথা বলেছি এবং সেখানে কি ধরণের কমিটি হয়েছে তা আমরা দেখেছি আমরা দেখেছি সেখানে আছেন

D. S. Kothari, Chairman, Dewan Anand Kumar, S. Bhoothalingam, S. R. Das, A. C. Joshi, P. N. Kripal, H. N. Kunzru, D. C. Pavate, A. R. Wadia.

এদের দ্বারা এই কমিটি করা হয়েছে। ওরা বিবেচনা করে কোনো বিশ্ববিদ্যালয় সম্বন্ধে যে কথা বলবেন সাধারণ লোক অত্যন্ত মর্য্যাদার সঙ্গে সেটা গ্রহন করবেন রাইটার্স বিল্ডিংএ বসে যদি আপনারা এ ধরণের কাজ করে যান তা হলে বৈষম্য থামবেনা। এটা দেখা যাচ্ছে বিভিন্ন ক্ষেত্রে এ ধরণের বৈষম্য এবং কারুর প্রতি বিশেষ রকমের আনুকূল্য করা হচ্ছে। তাই আমি বলছি আপনারা এই ধরণের উপাচার্য্য এবং বিশিষ্ট শিক্ষাবিদদের নিয়ে এরূপ কমিটি করুন এবং তাতে সরকারী শিক্ষা বিভাগের কর্মীও থাকুন যেরূপ নাকি বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের আছেন। এ ধরণের কমিটি সরকারই নিয়োগ করবেন এবং সরকারের প্রতিনিধিও থাকবেন। বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরী কমিশনের মত এই কমিটি আইন সভার কাছে তার রিপোর্ট দেবেন এবং আইনসভা সে বিষয় আলোচনা করবেন। এই আলোচনায় তারা তাদের বক্তব্য রাখবেন। সুতরাং এটা কোনরকমেই গণতন্ত্র বিরোধী নয়।

এটা তো গণতন্ত্র বিরোধী নয়। গণতন্ত্রের সঙ্গে যে দক্ষতার একটা সামঞ্জস্য বিধান করা দরকার। আমরা যোগ্য দক্ষ লোকের হাতে কাজের দায়িত্ব দিতে চাই। কিন্তু সেজন্য সরকারের নিয়ন্ত্রণ থাকবে, আইন সভার নিয়ন্ত্রণ থাকবে এর মধ্যে আপত্তি করবার কী আছে?

ইতিমধ্যে বিহারে এই কমিটি গঠিত হয়েছে, বিহারে বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন গঠিত হয়েছে। অধ্যাপক নির্মল ভট্টাচার্য্য মহাশয় জানেন পাটনা বিশ্ববিদ্যালয়ের রাষ্ট্র বিজ্ঞানের প্রাক্তন অধ্যাপক আমাদের বন্ধু ডাঃ তারাভূষণ মুখোপাধ্যায় সেই কমিটির সেক্রেটারী হয়েছেন। তিনি সেখানে যোগ্যতার সঙ্গে ভালভাবে কাজ করছেন। আমরা এখানে যদি তেমনি একটি কমিটি করতে পারি তাহলে আমাদের এখানে কাজ ভাল হবে। শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশের সর্বদা অগ্রণী। আর আজ বিহার এগিয়ে গেছে। আমরা কেন পিছিয়ে পড়ে থাকবো? আমলাতন্ত্রের বাধা কি এতই বড়? শিক্ষার ক্ষেত্রে যেটা অত্যন্ত প্রয়োজন, যে কথা রাধাকৃষ্ণান কমিশন থেকে আরম্ভ করে সকল বিশেষজ্ঞ কমিটি বলেছেন, ভারতবর্ষের সকল শিক্ষাবিদের যে দাবী, যে দাবীর বিরুদ্ধে বলবার মত কিছুই নাই, যে দাবী মাননীয় মুখ্যমন্ত্রী মহাশয় পর্যন্ত স্বীকার করেছেন এই পরিষদে সেই দাবী মেনে নেওয়া হোক। আমাদের রাষ্ট্র মন্ত্রী সৌরীণ মিশ্র মহাশয় এখানে আছেন, তাঁর কাছে অনুরোধ করছি যে এই প্রস্তাব তিনি গ্রহণ করুন এবং এই কমিটি গঠন করুন। উচ্চ শিক্ষার ক্ষেত্রে বিশ্ববিদ্যালয় ও কলেজী শিক্ষার ক্ষেত্রে বাংলাদেশে শিক্ষাকে আরো আমরা উন্নত করতে পারবো।

এই বলে আমি আমার প্রস্তাব উথাপন করছি।

Shri Rajkumar Chakraverty: Mr. Deputy Chairman, Sir, I rise to support the motion moved so ably by my friend, Professor Nirmal Bose. This has been a long standing grievance of the educated public in this province, and I am glad that this resolution has come not a day too soon for discussion and for acceptance by the State Government. Sir, the object of this State Grants Committee is three-fold. First of all, it will fairly and equitably distribute grants to the different Universities and Colleges. Secondly, it will standardise the quality of education imparted in different Universities with the help of a set of eminent educationists. Thirdly, it will co-ordinate the educational activities of the different Universities and Colleges. Sir, speaking on the first point regarding equitable and fair distribution of allotments to different Universities it is our painful experience that some Universities get more money

than they deserve. This point should be considered from different points of view. It depends upon the quality of work done by the University, it depends upon the number of research work done by the Professors of Universities, it depends upon the number of student and it depends upon the number of teachers imparting education in a University, but neither quality nor the quantity of education is taken into consideration in awarding grant to different Universities, and we find that a University with a handful of boys is getting a larger amount from the State Government than what the oldest University of great fame is getting. This is very unfair and unjust. Sir, there was only one University here but now have sprung up six Universities. At one time there were about 50 thousand students reading in Colleges but in its place the number of students have gone up—now it is more than one lakh—and there are so many departments in the Universities now. I submit, Sir, it is not possible for the gentleman at the Secretariat to properly assess the quality of work done by the different Universities. After all, what is the method to be followed now?

[5-10—5-20 p.m.]

Some Universities may requisition for grants or some colleges may requisition for grants. Now, these are considered practically by one Assistant Director of Public Instruction who is in charge of grants to be awarded to Universities and colleges. I submit that he is not a man competent enough to make proper assessment of the needs of different Universities or different colleges and to judge the quality of the work done in a particular University or college. It is not one man's work. In view of the number of students, in view of the strength of the staff, in view of the number of colleges and Universities which are increasing every day, it is not really one man's work, but still we know that these institutions are in charge of one A. D. P. I.—the colleges are in charge of one A. D. P. I. and the Universities are in charge of one A. D. P. I. Of course, for overall supervision, there is the Secretary for Education who looks after everything. Even he alone is not competent to look after so many colleges and so many Universities. The Universities are developing every day—their departments are developing—and a proper assessment of their needs is necessary. That cannot be done by one A. D. P. I. who is in charge of these things.

Sir, the allotment of grants is very unfair. We find that those Principals of colleges and those authorities of Universities who can go very often to the Secretariat and who can dance attendance upon certain persons get more money whereas other institutions which are more deserving—if their authorities have not the knack of flattering these people—get scant justice from the hands of the Secretariat officials.

Sir, that is the most painful thing. This was not the state of things in old days, but recently such a state of affairs has developed. If a particular University or a particular college wants to have a Building Grant, sometimes there is an attempt to enter into an understanding that the construction of the building will be given to a particular contractor and unless that particular contractor is engaged for the construction of the building, the Building Grant, even though sanctioned, is not often released. Sir, this is the state of things to which we have come at the present moment. Therefore, I would suggest that an independent body, a statutory body, which is very competent to judge everything in its proper perspective should be appointed to make allotments to Universities and colleges.

Sir, with regard to standardisation of the quality of education, I think for all-India matters we have got the Central Advisory Board of Education. For

West Bengal also, I think, there should be a statutory body called the Grants Commission. There must be the same high standard of education in different Universities. Today, what do we find? A student passing from a particular University does not get a chance so far as appointment in a college is concerned because he comes from a particular University which may be of recent origin and which may not yet have established a good name. So, we must do something to have the same standard, the same level of education in all the Universities so that nobody can say that this University is better and that University is worse. The M.As of this University are better than the M.As of another University. For standardising the quality of Sir, that is the most painful think. This was not the state of things in old days, but recently such a state of affairs has developed. If a particular University or a particular college wants to have a Building Grant, sometimes there is an attempt to enter into an understanding that the construction of the building will be given to a particular contractor and unless that particular contractor is engaged for the construction of the building, the Building Grant, even though sanctioned, is not often released. Sir, this is the state of things to which we have come at the present moment. Therefore, I would suggest that an independent body, a statutory body, which is very competent to judge everything in its proper prospective should be appointed to make allotments to Universities and colleges.

Sir, with regard to standardisation of the quality of education, I think for all-India matters we have got the Central Advisory Board of Education. For West Bengal also, I think, there should be a statutory body called the Grants Commission. There must be the same high standard of education in different Universities. Today, what do we find? A student passing from a particular University does not get a chance so far as appointment in a college is concerned because he comes from a particular University which may be of recent origin and which may not yet have established a good name. So, we must do something to have the same standard, the same level of education in all the Universities so that nobody can say that this University is better and that University is worse. The M.As of this University are better than the M.As of another University. For standardising the quality of education in different colleges and Universities, a competent body of educationists is necessary. This cannot be done by the A. D. P. I. who is really in charge of this thing at present. Sir, I do not blame the Hon'ble Minister for this. He cannot be expected to look after these things personally. He has to sign files in a blindfolded manner. Whatever he gets from his officers, he has to sign.

Sir, the next point is co-ordination of activities of different Universities. In these days, we find there is a craze for all Universities to start all sorts of subjects, whether there are facilities for imparting education in all those subjects or not. If every University wants to start the Faculty of Agriculture, the Faculty of Medicine, the Faculty of Chemistry, the Faculty of Physics and all the other various subjects, it is not a pracitcable proposition. So, I think, in these days there should be specialisation of particular subjects in different Universities. If Kalyani University can specialise in imparting education in agriculture, other Universities should not undertake that subject with levity. All the Universities cannot start agricultural faculty and they cannot do justice to that subject. Because our resources are not very large, we must fairly distribute our resources among the different Universities, and some Universities, must be allowed to specialise in certain subjects. For .the co-ordination of such activities, I think an independent statutory body is necessary. That has been mentioned by my friend Shri Nirmal Bose and I need not repeat his arguments. The purpose is very high; it will make the profession of education noble. There is demoralisation among

certain authorities of Universities and Colleges. They go to the Secretariat very often and dance attendance there and they get money according as the Secretariat authorities get pleased or otherwise. From my experience I can say that some institutions get larger money than others because the latter cannot satisfy the bosses of the Secretariat.

With these words, I commend the resolution for the acceptance of the House.

Shri Sowrindra Mohan Misra :

মাননীয় চেয়ারম্যান স্যার, এই প্রস্তাব যিনি এনেছেন তিনি রাধাকৃষ্ণাণ কমিশান-এর কথা বলেছেন। আমি প্রথমেই তাঁকে মনে করেছি যে তার পরে বর্ত্তমানে যিনি কেন্দ্রের শিক্ষামন্ত্রী মিঃ চাগলা তিনি একটা কমিশন নিযুক্ত করেছেন, যদি রাধা কৃষ্ণাণ কমিশনএর কথা বেদবাক্য হয় তা হলেও নিশ্চয়ই আমাদের একটু অপেক্ষা করা উচিত কারণ যে নূতন কমিশন বসেছেন তারা এ বিষয়ে কিছু বলছেন কিনা সেটা দেখা উচিত এবং আমার মনে হয় যে সেটা দেখে কোনরকম মতামত প্রকাশ করাই বোধ হয় বাঞ্চনীয় হবে। আমি আরও বলতে চাই যে স্বগত ডাঃ রায়ের কথা এইখানে উল্লেখ করা হয়েছে। ডাঃ রায় শিক্ষা বিভাগকে কি বলেছিলেন সেটা সমস্তটা আরও ভালভাবে পড়লে বোঝা যাবে। সেটা পড়লে দেখবেন যে ডাঃ রায় যে সময় শিক্ষা বিভাগকে বিশেষভাবে বিবেচনা করে দেখার জন্য বলেছিলেন। আমি নথিপত্র থেকে যা দেখতে পাচ্ছি তাতে আমি এই কথা বলতে পারি যে শিক্ষা বিভাগ এই বিষয়ে বিশেষভাবে আলোচনা করেছিলেন এবং বিবেচনাও করেছিলেন। তাদের বক্তব্য হল এই যে ইউনিভারসিটি গ্র্যাণ্টস কমিশান যখন কেন্দ্রে আছে এবং তাঁরাই এই অর্থের বেশীর ভাগ দেন এবং আমরা যে অর্থ দিতে পারি এবং কলেজ এডুকেসান এর জন্য তার তার পরিমাণ এতই নগণ্য যে তার জন্য কোনো কমিশন বা কমিটি করার কোনো স্বার্থকতা নেই। সে সময় তাঁরা এই অভিমত শিক্ষা দপ্তরের কাছে প্রকাশ করেছিলেন বলে এটা কিছু করা হয়নি। আমি একজন কর্মচারীর নাম করতে পারি যদিও তিনি আমাদের বর্ত্তমানে কর্মচারী নন তবুও আমি বলছি যে ভবতোষ দত্ত মহাশয়ও এই কথাই বলেছিলেন। আমি এই সভায় বসে সেই পুরান ফাইলটা পড়ছিলাম এবং তাঁর মতামতটা লক্ষ্য করছিলাম। শ্রীদত্ত মহাশয় পরিস্কার করে বলে দিয়েছিলেন যে এটা করার কোনো স্বার্থকতা নেই। মাননীয় সদস্য নির্মল বোস মহাশয় আর একটা কথা বলেছেন যে দুটো তিনটে বা ছটা ইউনিভারসিটি হলে তাদের মধ্যে মানের ঠিক থাকে না। স্যার, আমি অত্যন্ত বিনয়ের সঙ্গে একটা কথা বলতে চাই সকলেই বোধ হয় জানেন যে ক্যামব্রিজ ও অক্সফোর্ড ইউনিভারসিটি দুটোই খুব নামজাদা ইউনিভারসিটি। ওদের ছাত্রদের কাছ থেকে যদি শুনেন যা নাকি আমি নিজেই শুনেছি যে ঐ ক্যামব্রিজ-এর লোকেরা বলবে যে অক্সফোর্ড-এর লোকেরা কিছুই জানেন না আবার অনুরূপ অক্সফোর্ড-এর লোকেরাও ক্যামব্রিজ-এর লোকদের এইরূপ বলে থাকে। আমি হারবার্ড ইউনিরসিটি অ্যামেরিকা দেখেছি যে একই ধরণের গোলমাল হচ্ছে। এটা যদি আপনারা মনে করেন যে এরূপ একটা কমিটি বা কমিসান বসিয়ে দিলেই ৬।৭টা ইউনিভারসিটি-এর মান এক হয়ে যাবে তাহলে আমি বলবো যে আপনাদের সে মত পোষণ করতে পারছি না। আর একটা কথা বলা হয়েছে যে পাটনা ইউনিভারসিটি নাকি এরূপ একটা কমিটি করেছে এবং সে কমিটি কাজে অগ্রসর হচেছ, আমি কাগজপত্র যা দেখলাম তাতে এরূপ কমিটি হয়েছে কিনা বা তারা কাজে অগ্রসর হতে পেরেছে কিনা তার কোন তথ্য কাগজে এখানে পেলাম না। সেজন্য আমি মনে করি যেকথা আমি মাননীয় শিক্ষামন্ত্রী মহাশয়কে বলেছি তিনি বর্তমানে বাঙ্গালোরে সেণ্ট্রাল এডভাইসরি বোর্ড অব এডুকেসান-এর মিটিংএ গিয়েছেন সেখানে অন্যান্য সকলের সঙ্গে এ বিষয়ে একটু পরামর্শ করবেন।

[5-20—5-27 p.m.]

কারণ সত্যি যদি শিক্ষার মান তাতে উন্নতি করা সম্ভবপর হয়, তাহলে কেন আমরা তা করবো না? তাতে আপত্তি করার কিছু নাই। কিন্তু সত্যিকার সার্থকতা তাতে আছে কিনা সেটা, একটু

ভালভাবে বিচার করে দেখবেন। বিশেষ করে যখন বলেছেন আমাদের প্রফেসর নির্মল ভট্টাচার্য্য মহাশয় যে পাটনায় হয়েছে। তাঁর কথাশুনে বলেছি, শিক্ষামন্ত্রী মহাশয়কে বলেছি সেটা দেখে আসতে। আমি আজকে অন্ততঃ ওঁকে বলবো আজকে যদি ভোট করাতে চান তাহলে আমাকে এর বিরুদ্ধে বলতেই হবে আর প্রস্তাবটা যদি আপনি তুলে নেন, এখন উইথড্র করে নেন নিশ্চয়ই শিক্ষামন্ত্রী যেটা বিবেচনা করে আসছেন, সকলের সঙ্গে আলাপ আলোচনা করে আসছেন, আমরা সেটা নিয়ে বিবেচনা করে দেখব, চিন্তা করে দেখব।

শেষে একটা কথা বলার প্রয়োজন আছে। প্রফেসর রাজকুমার চক্রবর্তী মহাশয় হঠাৎ জানিনা কেন এই ধারনা নিয়ে আছেন যে রাইটার্স বিল্ডিংসে না ঘুরলে টাকা পাওয়া যায় না। যদিও তিনি বলছেন তাঁর নিজের অভিজ্ঞতা থেকে একথা বলছেন তবু আমার মনে হয় না যে তাঁর নিজের অভিজ্ঞতাথেকে বলছেন। কারণ আমি তাঁকে বহুদিন থেকে জানি, তিনি আমার শিক্ষক মহাশয়, শুধু কলেজে পড়েছি তা নয়, আমার রাজনৈতিক শিক্ষাও তাঁর কাছে গ্রহণ করেছি। আমি সেই সময় দেখেছি আমরা পার্টির লোকেরা যা বলতাম উনি মিটিংএ গিয়ে খুব জোর গলায় সেই কথা বলে আসতেন। জানিনা ওঁর দলের কোন লোক তাঁকে এখবর দিয়েছে কিনা। তা না হলে কোন কন্ট্রাক্টরের নাম না জানলে ইউনিভার্সিটিকে টাকা দেওয়া হবেনা কোনখানে তিনি এর নিদর্শন পেলেন? তা যদি তিনি বলেন নিশ্চয়ই আমি তা ভাল করে লক্ষ্য করবো। আজকে ইউনিভার্সিটি বা কলেজগুলিতে যে টাকা দেওয়া হয় তার শতকরা ৯০ ভাগ ইউনিভারসিটি গ্র্যান্টস কমিশন থেকে মঞ্জুর হয়ে আসে। তবে আমরা ম্যাচিং গ্র্যান্ট দেই অতএব মঞ্জুরী অমঞ্জুরীর কোন কথাই নাই যে কারণে আমি বলছিলাম এখানে সরকারের হাতে এত টাকা থাকে না যে টাকাকে ভালভাবে বণ্টন করবার জন্য একটি কমিটি করার প্রয়োজন। তাই আমি প্রফেসর চক্রবর্তীকে বলবো যে এরকম দলের কথা শুনে উল্টো কথা না বলে, তাঁর যদি কোন অভিযোগ থাকে, আমি জোর গলায় বলছি, যে এই কলেজকে সরকার থেকে টাকা দেওয়া হয়েছে তদ্বীর করার জন্য কন্ট্রাক্টর দেখে যদি অভিযোগটি তিনি লিখে পাঠান তাহলে আমি প্রতিশ্রুতি দিচ্ছি তাঁর প্রত্যেকটা অভিযোগের আমি তদন্তের ব্যবস্থা করবো।

এই কথা বলে আমি এই প্রস্তাবের প্রস্তাবককে তাঁর প্রস্তাবটা উইড্র করবার জন্য অনুরোধ জানাচ্ছি।

Shri Nirmal Bose:

মাননীয় উপাধ্যক্ষ মহাশয়, মাননীয় রাষ্ট্রমন্ত্রী মহাশয়, যেকথা বললেন, আমি তাঁর বক্তৃতার মধ্যে থেকে সরকারের নীতিটা ঠিক বুঝে উঠতে পারলাম না। কেন না তিনি বললেন যে ডাঃ রায় প্রস্তাব বিবেচনা করতে বলেছিলেন মার্চ মাসে ১৯৬২ সালে। তারপর শিক্ষাদপ্তর সেটা বিবেচনা করেছেন এবং আজকে তাঁরা বলছেন যে তা দরকার নাই। এরা তিনি পরিষ্কার করে বললেন। তারপরে তিনি এখন বলছেন প্রস্তাবটা উত্থাপন করা হয়েছে বলে কিনা আমি জানি না যে নিশ্চয়ই এটা বিবেচনা করতে হবে এবং.....

Shri *Sowrindra* Mohan Misra:

শুধু প্রস্তাবটা উত্থাপন হয়েছে বলে নয়, কালকে প্রফেসর নির্মল ভট্টাচার্য্য মহাশয় পাটনাতে এই রকম কমিটি করা হয়েছে বলেছেন। আপনি শোনেন নাই বোধ হয়। তাঁর কথা শুনে

(এ ভয়েস: না, শুনেছি।)

